বামনপুরাণং।

অষ্টাদশ পুরাণান্তর্গতং

মহর্ষি বেদব্যাস প্রণীতং।

৪১ নং শ্যামপুষ্করিণী ইষ্ট্রীট

শ্রীঠাকুরদাস চূড়ামণিনা প্রকাশিতং

অনুবাদিতঞ্চ।

ভ্রমপ্রমাদোপহতেন দৃষ্টং, যদত্র বা মুদ্রণদোষনষ্টং।

তথ সুধীভিঃ সুকৃপাবিধেয়া, যথা নিবেশ্যামনশোধনীয়া॥

কলিকাতা

শ্রীঅক্ষয়গোবিন্দ ঘোষদ্বারা অপার চিৎপুররোড ২৮৫ সংখ্যক
ভবনে বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিতং।

১২৯৩ সাল।

বিজ্ঞাপন।

অধুনা পাশ্চাত্য শিক্ষাপ্রভাবে সনাতন হিন্দুধর্ম্ম যে নিতান্ত বিকলাঙ্গ হইয়া উঠিতেছে, তাহা আর বলিবার আবশ্যকতা নাই, সকলেরই প্রত্যক্ষ। অনুসন্ধান করিতে গেলে সংস্কৃত ভাষার অভাবকেই তাহার অদ্বিতীয় কারণ বলিয়া অনুমান হয়, অস্মদ্দেশীয় সমস্ত ধর্ম্মশাস্ত্র বেদ, স্মৃতি, পুরাণ, তন্ত্রপ্রভৃতি সকল গুলিই সংস্কৃত ভাষায় লিখিত। সুতরাং সংস্কৃত ভাষায় বিশেষ অভিজ্ঞতা না থাকিলে কোন ধর্ম্মগ্রন্থেরই মর্ম্মভেদ করা সহজ নহে। অতএব তাহার প্রকৃতার্থ অবগত না হইয়া লোকের অন্তঃকরণ হইতে ক্রমশঃ ধর্ম্মভাব বিচলিত হইতেছে। কিন্তু সম্প্রতি দয়াবান গবর্ণমেণ্ট সহৃদয়তা গুণেই হউক বা অস্মদ্দেশীয়দিগের প্রতি কৃপাপরতা হেতুই হউক বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত অধ্যয়ন প্রথা প্রচলিত করাতে সেই বিলুপ্ত প্রায় আর্য্যভাষাসংস্কৃত আবার দ্বিতীয়া চন্দ্রের ন্যায় ভারতগগনে উদিত হইতে চলিল, সত্য, কিন্তু দীর্ঘকাল চর্চ্চারাহিত্য ও দুর্দ্দান্ত যবনগণের ভীষণ অত্যাচারে অবশ্য পাঠ্যগ্রন্থ সমস্ত দুর্লভপ্রচার হইয়া উঠিয়াছে। এক্ষণে অনেক মহাত্মা বহুকষ্ট ও ব্যয় স্বীকার করিয়া তাহা পুনর্মুদ্রিত ও সুলভপ্রচার করাতে যে সাধারণকে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন, তাহার সন্দেহ নাই। পুরাণ শাস্ত্র যে অস্মদ্দেশীয় চিরন্তনী প্রথা ও রীতি নীতির এক মাত্র প্রদর্শক তাহা বলিলে অত্যুক্তি হয় না। সুতরাং যত অধিক পরিমাণে পুরাণ শাস্ত্র সুলভপ্রচার হয়, ততই মঙ্গল সন্দেহ নাই। এই কর্ত্তব্যতা আমার হৃদয়ে উদিত হওয়াতে আমি আমার কয়েক জন কৃতবিদ্য আত্মীয় মহোদয়ের নিকট পরামর্শ জিজ্ঞাসা করায় তাঁহারা উৎসাহ ও যত্নের সহিত আমার মতের অনুমোদন করিলেন, এবং পুরাণপ্রচারে অনুরোধ করিলেন। আমি সহৃদয়োত্থিত কর্ত্তব্যতা ও আত্মীয়গণের উৎসাহ ও সাহসে প্রোৎসাহিত হইয়া এই প্রাচীনতম উপদেশগর্ভ (বামনপুরাণ) অনুবাদের সহিত মুদ্রাঙ্কণ করিতে প্রবৃত্ত হইয়া বিস্তর যত্ন ও পরিশ্রম সহকারে সম্পূর্ণ করিলাম। এই গ্রন্থ ত্রুটিবিহীন হওয়া অসম্ভব অতএব বিচক্ষণ পাঠকগণ হংসের ন্যায় সারভাগ গ্রহণপূর্ব্বক ত্রুটি পরিহার করিয়া উৎসাহ বর্দ্ধন করিলে পরমোৎসাহিত হইব কিমধিকমিতি।

শ্রী[illegible] চূড়ামণিঃ।

নির্ঘণ্ট পত্র।

বামনপুরাণং

প্রথমাধ্যায়ঃ।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমং।
দেবীং সরস্বতীং ব্যাসং ততোজয়মুদীরয়েৎ॥
পুলস্ত্যমৃষিমাসীনমাশ্রমে বাগ্বিদাম্বরং।
নারদঃ পর্য্যপৃচ্ছত্তং পুরাণং বামনাশ্রয়ং॥
কথং ভগবতা ব্রহ্মন্ বিষ্ণুনা প্রভবিষ্ণুনা।
বামনত্বং ধৃতং পূর্ব্বস্তন্মমাচক্ষপৃচ্ছতঃ॥

অনুবাদ।

নারায়ণকে নরোত্তমকে সরস্বতী দেবীকে এবং বেদব্যাসকে নমস্কার করিয়া (জয়) শব্দ উচ্চারণ করিতে হয়। ভবিষ্যপুরাণে বর্ণিত আছে অষ্টাদশপুরাণ, শ্রীরামচরিত, বৈষ্ণবধর্ম্ম, শৈবধর্ম্ম, সৌরধর্ম্ম, মানবোক্তধর্ম্ম এবং পঞ্চমবেদ মহাভারত এই সমস্ত বিষয় জয় শব্দে উপলব্ধি হয়। একদা দেবর্ষি নারদ, পুলস্ত্যপ্রভৃতি তাপসগণের সহিত আশ্রমে উপবেশন করিয়া নানা কথা প্রসঙ্গে সর্ব্বশাস্ত্রপারদর্শী সাতিশয় বাক্‌পটুসম্পান্ন ঋষিপুঙ্গব পুলস্ত্যকে বামনপুরাণের বিষয় জিজ্ঞাসা করিলেন। ব্রহ্মন্! আপনি ত্রিকালজ্ঞ, তপোবলে ভূতভবিষ্যৎ, বর্ত্তমানের ন্যায় নয়নগোচর করিতেছেন। সৃষ্টিসংহারকর্ত্তা ভগবান বৈকুণ্ঠনাথ কি নিমিত্ত বামনরূপ ধারণ করিয়াছিলেন, আপনি তদ্বিষয় বিশেষরূপে কীর্ত্তন করুন।

কথঞ্চ বৈষ্ণবো ভূত্বা প্রহ্লাদো দৈত্যসত্তমঃ।
ত্রিদশৈর্যুযুধে সার্দ্ধমত্র মে সংশয়ো মহান্॥
শ্রূয়তে চ দ্বিজশ্রেষ্ঠ দক্ষস্য দুহিতা সতী।
শঙ্করস্য প্রিয়া ভার্য্যা বভূব বরবর্ণিনী॥
কিমর্থং সংপরিত্যজ্য স্বশরীরং বরাননা।
পুনশ্চ দেবদেবস্য পত্নীত্বমগমচ্ছুভা॥
জাতা হিমবতো গেহে গিরীন্দ্রস্য মহাত্মনঃ।
ত্রৈলোক্যরাজ্যমাচ্ছিদ্য বলেরিন্দ্রায় যো দদৌ॥
নমস্তস্মৈ সুরেশায় ছদ্মবামনরূপিণে।
এতস্মে সংশয়ং ছিন্ধি সর্ব্ববিত্ত্বমতো হি বৈ॥
তীর্থানাঞ্চৈব মাহাত্ম্যং দানানাঞ্চৈব সত্তম।
ব্রতানাং বিবিধানাঞ্চ বিধিমাচক্ষ মে দ্বিজ॥

অনুবাদ।

এবং কি কারণে কৃষ্ণপরায়ণ, পরমবৈষ্ণব, দৈত্যকুলতিলক প্রহ্লাদ, নরনারায়ণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, এই বিষয়ে আমার বিশেষ সন্দেহ হইয়াছে। হে দ্বিজবর! আমি শ্রুত আছি দক্ষতনয়া—সতী শঙ্কর মহাদেবের প্রিয়তমা রমণী, তবে কি নিমিত্ত স্বীয় কলেবর পরিত্যাগ করিয়া গিরিবর হিমালয়ের ভবনে জন্ম গ্রহণ করতঃ পুনর্ব্বার ভূতভাবন ত্রিশূলপাণি মহাদেবের প্রিয়তমা রমণী হইলেন। যে মহাত্মা, বলির ত্রিলোকের আধিপত্য হরণ করিয়া ইন্দ্রকে প্রদান করিয়াছিলেন, এবম্বিধছদ্মবামনরূপী ভগবানকে আমি নমস্কার করি। মহাশয় এই সকল বিষয়ে আমার বিশেষ সন্দেহ হইয়াছে আপনি সবিশেষ কীর্ত্তন করিয়া আমার সন্দেহ দূরীকরণ করিলে পরম পরিতোষ প্রাপ্ত হই। এবং দান ও ব্রতের বিশেষ বিধি ও ভিন্ন ভিন্ন মাহাত্ম্য কীর্ত্তন করুন।

এবমুক্তো নারদেন পুলস্ত্য ঋষিসত্তমঃ।
প্রোবাচ বদতাং শ্রেষ্ঠো নারদং তপসো নিধিং ॥

পুলস্ত্য উবাচ।

পুরাণং বামনং বক্ষ্যে ক্রমান্নিখিলমাদিতঃ।
অবধানং দৃঢ়ং কৃত্বা শৃণুষ্ব মুনিসত্তম ॥
পুরা কিল সতী দেবী মন্দরস্থং মহেশ্বরং।
উবাচ বচনং দৃষ্ট্বা গ্রীষ্মকালমুপস্থিতং ॥
গ্রীষ্মঃ প্রবৃত্তো দেবেশ নচ তে বর্ত্ততে গৃহং।
যত্র বাতাতপৌ গ্রীষ্মে স্থিতায়া মে গমিষ্যতঃ ॥
এবমুক্তো ভবান্যা তাং শঙ্করো বাক্যমব্রবীৎ।
নিরাশ্রয়োহহং সুদতি সদারণ্যচরঃ শুভে ॥
ইত্যুক্তা শঙ্করেণাথ বৃক্ষচ্ছায়াসু নারদ।
নিদাঘকালমনয়ৎ সমং সর্ব্বেণ সা সতী ॥

অনুবাদ।

দেবর্ষি নারদ, তপোবল সম্পন্ন পুলস্ত্যকে এবম্বিধ জিজ্ঞাসা করিলে সাতিশয় বাক্‌পটুতা সম্পন্ন তপোধন বলিলেন। নারদ, আমি তোমাকে বামনপুরাণের বিষয় আদ্যোপান্ত কীর্ত্তন করিতেছি, তুমি বিশেষ মনোনিবেশ পূর্ব্বক শ্রবণ কর। একদা গ্রীষ্মকালে মন্দর পর্ব্বতে সতীদেবী শঙ্করের সহিত উপবেশন করিয়া নানা কথা প্রসঙ্গে দেবাদিদেব মহাদেবকে বলিলেন, হে দেব! উপস্থিত গ্রীষ্মকাল, আমাদিগের গৃহ নাই, গ্রীষ্মকালে এই পর্ব্বতে অবস্থিতি করিয়া প্রবল বায়ুপ্রবাহ ও প্রচণ্ড আতপ কিরণ কি রূপে সহ্য করিব। ভবানী এই কথা দেবাদিদেব শঙ্করকে বলিলে মহাদেব কহিলেন, সতী! আমি নিরাশ্রয়ী সর্ব্বদা অরণ্যে পর্য্যটন করিয়া কালযাপন করি, এই কথা বলিয়া ভার্য্যার সহিত পরিহাসচ্ছলে কথোপকথনে বৃক্ষমূলে উপবেশন করিয়া গ্রীষ্মকাল অতিবাহিত করিলেন।

ঘনান্ধকারিতা শশ্বৎ প্রাবৃটকালো তিবেগবান্।
তং দৃষ্ট্বা দক্ষতনুজা প্রাবৃটকালমুপস্থিতং।
প্রোবাচ বাক্যং দেবেশং সতী সপ্রণয়ং তদা॥

সত্যুবাচ।

বিবান্তি বাতা হৃদয়াবিদারণা
গর্জ্জন্ত্যমী তোয়ধরা মহেশ্বর।
স্ফুরন্তি নীলাম্বুধরেষু বিদ্যুতো
বাসন্তি কেকারবমেব বর্হিণঃ॥
পতন্তি ধারা গগনাৎ পরিচ্যুতা
বকা বলাকাশ্চ বিশন্তি তোয়দান্।
কদম্বসর্জ্জার্জ্জুনকেতকীনাং
পুষ্পাণি মুঞ্চন্তি চ মারুতাদ্ধি॥
নীচোন্নতান্ সৎপুরুষা যথাশ্রয়ান্
প্রবৃদ্ধমূলানপি সংত্যজন্তি।

অনুবাদ।

তদনন্তর অতি বেগশালী বর্ষাকাল উপস্থিত হইল, বর্ষাকালে আকাশমণ্ডল জলদপটলে সমাকীর্ণ দেখিয়া দক্ষতনয়া শঙ্করকে অতি কোমলবাক্যে বলিলেন। হে দেব! বর্ষাকালে প্রবল ঝটিকাতে ও মেঘের গভীর গর্জনে, নীলী মেঘে সৌদামিনীমালা সংলগ্ন থাকাতে এবং ময়ূরগণের কেকারবে আমার হৃদয় বিদীর্ণ হইতেছে। এই বর্ষাকালে গগনমণ্ডল হইতে প্রচ্যুত বারিধারা পতিত হয়, বক, হংস-প্রভৃতি বিমানচারী পক্ষিগণ কাদম্বিনীসমীপে গমন করিয়া আকাশ-মণ্ডল সুশোভিত করে। কদম্ব, সাল, অর্জ্জুন এবং কেতকী বৃক্ষের পুষ্পরাজি সুকঠিনবৃন্ত হইলে, প্রফুল্ল হইয়া প্রবল বায়ুসঞ্চারে পতিত হয়। এই বর্ষাকালে সৎপুরুষগণ নিম্ন, উন্নত, আশ্রিত প্রবৃদ্ধ বৃক্ষ-মূল পরিত্যাগ করিয়া স্থানান্তরে আবৃত স্থান অবলম্বন করেন।

শ্রুত্বৈব মেঘস্য দৃঢ়ন্তু গর্জ্জিতং
ত্যজন্তি হংসাঃ সরসাংসি তে ক্ষণং ॥
ইমানি যূথানি তথা মৃগাণাং
ধাবন্তি বানং বিবশঙ্ক শম্ভো।
উদ্ভূতবেগাঃ সহসৈব নিম্নগাঃ
জাতাঃ শশাঙ্কাঙ্কিতচারুমৌলে ॥
কিমত্র চিত্রং যদি দুর্জ্জনং জনং
নিষেব্য যোষিৎ ভবতি ত্বশীলা।
নীলেষু মেঘেষু সমাশ্রিতং নভঃ
পুষ্পেষু সর্জ্জা মুকুলেষু নীপাঃ ॥
ফলেষু চ শ্রীঃ পয়সা তথাপগাঃ
পত্রৈশ্চ পদ্মৈশ্চ মহাসরাংসি।
ইতীদৃশে শঙ্কর দুঃসহেঽদ্ভুতে
কালে চ রৌদ্রেণ ভুতে ব্রবীমি ॥

অনুবাদ।

এবং মেঘের গভীর গর্জ্জনে হংসগণ সরোবর পরিত্যাগ করিয়া স্থানান্তরে গমন করে। হে দেব! দেখ, কুরঙ্গযূথ সকল ভীত হইয়া বিষাদে আশ্রয়ান্বেষণে ধাবমান হয় এবং স্রোতস্বতী সহসা প্রভূত-বেগে বর্দ্ধিত হয়। অতএব হে দেব! দুর্জ্জন ব্যক্তিকে সেবা করিয়া অবলাগণ যে দুঃশীলা হইবে ইহার আশ্চর্য্য কি। অতএব হে শশাঙ্কশেখর! হে দেব! এই সময় অতি ক্লেশকর, এই কালে সর্ব্বদা মনে চাঞ্চল্য জন্মে, বর্ষাকালে সুখসেব্য বস্তু কিছু নাই, দেখ এই-কালে সর্ব্বদা নীল মেঘে আকাশমণ্ডল পরিপূর্ণ, পুষ্পের মধ্যে সাল-বৃক্ষের পুষ্প, মুকুলের মধ্যে কদম্বতরুর মুকুল, ফলের মধ্যে শ্রীফল ফল ও স্রোতস্বতীর জল এবং সরোবরে পদ্মপত্র এই সমস্ত বস্তু ভিন্ন অন্য সুখসেব্য বস্তু অতি দুর্ল্লভ। বিশেষতঃ এবম্বিধ ক্লেশ-কর অদ্ভুত বর্ষাকালে রৌদ্রের অতিশয় তীক্ষ্ণ কিরণ হয়, এজন্য তোমাকে বলিতেছি।

গৃহং কুরুষ্বাত্র মহাচলোত্তমে
সুনির্বৃতা যেন ভবামি শম্ভো॥
ইত্থং ত্রিনেত্রঃ শ্রুতিরামণীয়ং
শ্রুত্বা বচো বাক্যমিদং বভাষে।
ন মেঽস্তি বিত্তং গৃহসঞ্চয়ার্থে
মৃগারিচর্ম্মাবৃতদেহকঃ প্রিয়ে॥
মমোপবীতং ভুজগেশ্বরঃ শুভে
কর্ণে হি পদ্মশ্চ তথৈব পিঙ্গলঃ।
কেয়ূরমেকং মম কম্বলস্ত্বহি-
র্দ্বিতীয়মন্যো ভুজগো ধনঞ্জয়ঃ॥
নাগস্তথৈবাশ্বতরো হি কঙ্কণঃ
সব্যেতরে তক্ষক মুত্তমন্তথা।
নীলোঽপি নীলাঞ্জনতুল্যবর্ণঃ
শ্রোণীতটে রাজতি সুপ্রতিষ্ঠঃ॥

অনুবাদ।

হে দেব! এই গিরিবর মন্দর পর্ব্বতে গৃহ নির্ম্মাণ কর, তাহাতে অবস্থিতি করিয়া ক্লেশ পরিহার পূর্ব্বক নিশ্চিন্ত হই। শঙ্কর সতীর এইরূপ অমৃতায়মান বাক্য শ্রবণে প্রফুল্ল হৃদয়ে পরিহাসচ্ছলে বলিলেন, প্রিয়ে! গৃহ প্রস্তুত করিবার নিমিত্ত আমার সঞ্চিত ধন কিছুই নাই, দেখ বস্ত্রাভাবে শার্দ্দূলচর্ম্ম পরিধান করি। সর্পরাজ আমার যজ্ঞোপবীত, পদ্ম ও পিঙ্গল নামে বিষধর আমার কর্ণকুণ্ডল, কম্বল ও ভুজগেশ্বর ধনঞ্জয় আমার বাহুযুগলে কেয়ূররূপে শোভা পাইতেছে। বামহস্তে অশ্বতর, দক্ষে তক্ষক নামে ভুজঙ্গম, আমার কঙ্কণ; নীলাঞ্জন সদৃশ বিষধর, আমার শ্রোণীতটে শোভা পাইতেছে। অতএব হে প্রিয়ে। আমি কিরূপে বিত্তাভাবে গৃহ প্রস্তুত করিব।

পুলস্ত্য উবাচ।

ইতি বচনমথোগ্রং শঙ্করাৎ সা মৃড়ানী
কৃতমপি তদসত্যং শ্রীমদাকর্ণ্য ভীতা।
অবনীতলমবেক্ষ্য স্বামিবাক্যং সক্রুদ্ধ্যাৎ
পরিবদতি সরোষং লজ্জয়োচ্ছ্বস্য বোষ্ণং॥

দেব্যুবাচ।

কিং মে বৈ সংস্থিতায়াস্তু প্রাবৃট্‌কালো গমিষ্যতি।
বৃক্ষমূলস্থিতায়াস্তু সুতুষ্টেন বদাব্যয়॥

শঙ্কর উবাচ।

ততো হরস্তদ্‌ঘনখণ্ডমণ্ডল-
মাশ্রিত্য তস্থৌ সহ দক্ষকন্যয়া।
ততোঽভবন্নাম তদেশ্বরস্য
জীমূতকেতুস্থিতিবিশ্রুতং ভুবি॥

ইতি বামনপুরাণে হরললিতে পারমহংস্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং প্রথমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

পুলস্ত্য কহিলেন। শঙ্কররমণী সতী ভগবান্ শঙ্করের এইরূপ অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া ভয়প্রযুক্ত সাতিশয় কষ্টে ও লজ্জাতে ধরাতল অবলোকন করতঃ ক্রোধে উষ্ণ নিশ্বাস পরিত্যাগপূর্ব্বক স্বামিবাক্যে প্রত্যুত্তর করিলেন। হে অব্যয়! হে দেব! এই বৃক্ষমূলে হৃষ্টচিত্তে তোমার সহিত অবস্থিতি করিয়া বর্ষাকাল কি অতিবাহিত হইবে, তুমি বল। শঙ্কর সতীর এইরূপ বাক্য শ্রবণ করিয়া কদম্বতরুমণ্ডিত রমণীয় মন্দরপর্ব্বতে দক্ষতনয়ার সহিত অবস্থিতি করিলেন। তদবধি ভগবান্ শঙ্কর জগতে জীমূতকেতু নামে বিখ্যাত হইলেন।

ইতি বামনপুরাণে প্রথমোঽধ্যায়।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততস্ত্রিনেত্রস্য গতঃ প্রাবৃট্কালো ঘনোদয়ঃ।
লোকানন্দকরী রম্যা শরৎ সমভবন্মুনে॥

ত্যজন্তি নীলাম্বুধরা নভস্তলং
বৃক্ষাংশ্চ কঙ্কাঃ সরিতস্তটানি।
পদ্মাঃ সুগন্ধং নিলয়ানি বায়সা
রুরুর্বিষাণং কলুষং জলাশয়াঃ॥

বিকাশমায়ান্তি চ পঙ্কজানি
চন্দ্রাংশবো ভান্তি লতাঃ সপুষ্পাঃ।
নদন্তি হৃষ্টান্যপি গোকুলানি
সন্তশ্চ সন্তোষমনুব্রজন্তি॥

সরঃ সপদ্মং গগনে চ তারকা
জলাশয়েষ্বেব তথা পয়াংসি।
সতাঞ্চ চিত্তং হি দিশাং মুখৈঃ সমং
বৈমল্যমায়ান্তি শশাঙ্ককান্তয়ঃ॥

অনুবাদ।

এইরূপে পার্ব্বতীনাথ ভগবান্ দক্ষতনয়ার সহিত মেঘযুক্ত বর্ষাকাল অতিবাহিত করিলে নেত্রানন্দবর্দ্ধক রমণীয় শরৎকাল সমাগত হইল। শরৎকালে আকাশমণ্ডলের মেঘমালা তিরোহিত হইল, তরুগণ ফলপুষ্পভরে অবনত হইল, নদীর বেলাভূমি শুষ্ক হইল, গোকুল সকল হৃষ্টচিত্তে ধ্বনি করিতে লাগিল, সাধুগণ হৃষ্টচিত্তে পর্য্যটন করিতে লাগিলেন। শরৎপ্রসূন সকল প্রস্ফুটিত হইতে লাগিল, তারকাগণ গগনে উদয় হইল, জলাশয়ের জল শুষ্ক হইতে লাগিল, এবং সাধুদিগের হৃদয় দিগন্তরের ন্যায় নির্ম্মল হইল।

এতাদৃশে হরঃ কালে মেঘপৃষ্ঠ্যাধিবাসিনীং।
সতীমাদায় শৈলেন্দ্রং মন্দরং সমুপায়যৌ ॥
ততো মন্দরপৃষ্ঠেঽসৌ স্থিতঃ সমশিলাতলে।
ররাম শম্ভুর্ভগবান্ সত্যা সহ মহাদ্যুতিঃ ॥
ততো ব্যতীতে শরদি প্রতিবুদ্ধে চ কেশবে।
দক্ষঃ প্রজাপতিঃ শ্রেষ্ঠো যষ্টুমারভত ক্রতুং ॥
দ্বাদশৈব স চাদিত্যান্ শক্রাদীন্ সুরসত্তমান্।
সকশ্যপান্ সমামন্ত্র্য সদস্যান্ সমচীকরৎ ॥
অরুন্ধত্যা চ সহিতং বশিষ্ঠং সংশিতব্রতং।
সহানুসূয়য়া চাত্রিং সহ ধৃত্যা চ কৌশিকং ॥
অহল্যয়া গৌতমঞ্চ ভারদ্বাজঞ্চ মায়য়া।
চন্দ্রয়া সহিতং ব্রহ্মন্ ঋষিমঙ্গিরসং তথা ॥

অনুবাদ।

শরৎকাল এতাদৃশ রমণীয় কান্তি ধারণ করিলে পার্ব্বতীনাথ, সতীর সহিত মন্দরপর্ব্বতে গমন করিয়া পর্ব্বতপৃষ্ঠে সমতল শীলাভূমিতে পরমসুখে ক্রীড়া করতঃ শরৎকাল অতিবাহিত করিলেন। পরে যে সময়ে বৈকুণ্ঠনাথ কেশব, সুপ্তোত্থিত হইলেন, এমত সময়ে মহাত্মা প্রজাপতি দক্ষ, এক যজ্ঞের অনুষ্ঠান করিয়া দ্বাদশ আদিত্য, ইন্দ্রাদি দেবগণ এবং কশ্যপ প্রভৃতি ঋষিগণের আহ্বান করিয়া সদস্যাদিকার্য্যে ব্রতী করিলেন। অরুন্ধতির সহিত অতি দৃঢ়ব্রত বশিষ্ঠকে, অনুসূয়ার সহিত অত্রিকে, ধৃতির সহিত কৌশিককে, অহল্যার সহিত গৌতমকে এবং মায়ার সহিত তপসাগ্রগণ্য ভারদ্বাজকে, চন্দ্রার সহিত অঙ্গিরা ঋষিকে আহ্বান করিয়া যজ্ঞে সদস্যাদি কার্য্যে ব্রতী করিলেন।

আমন্ত্র্য কৃতবান্ দক্ষঃ সদস্যান্ যজ্ঞকর্ম্মণি।
সদস্যান্ গুণসম্পন্নান্ বেদবেদাঙ্গপারগান্॥
ধর্ম্মঞ্চ সমমাহূয় ভার্য্যয়া হেময়া সহ।
নিমন্ত্র্য যজ্ঞবাটস্য দ্বারপালস্তমাদিশৎ॥
অরিষ্টনেমিনং চক্রে ইধ্মাহরণকারণং।
মিষ্টান্নপানসংস্কারে সম্যগ্‌দক্ষঃ প্রযুক্তবান্॥
ভৃগুঞ্চ মন্ত্রসংস্কারে সম্যগদক্ষঃ প্রযুক্তবান্॥
তথা চন্দ্রমসং দেবং রোহিণ্যা সংযুতং শুচিঃ॥
ধনানামধিপত্যেশং যুক্তবান্ হি প্রজাপতিঃ।
জামাতৃন্ দুহিতৃংশ্চৈব দৌহিত্রাংশ্চ প্রজাপতিঃ॥
সশঙ্করাং সতীং ত্যক্ত্বা মখে সর্ব্বান্ নিমন্ত্রয়েৎ॥

নারদ উবাচ।

কিমর্থং লোকপতিনা প্রজাধ্যক্ষো মহেশ্বরঃ।
জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠো বরিষ্ঠোঽপি আদ্যোঽপি ন নিমন্ত্রিতঃ॥

অনুবাদ।

এইরূপে বেদবেদাঙ্গপারদর্শী সাতিশয় গুণসম্পন্ন ঋষিগণকে সদস্যাদিকার্য্যে, ও ভার্য্যার সহিত ধর্ম্মকে আহ্বান করিয়া যজ্ঞভূমির দ্বার রক্ষার্থে, কাহাকে বা যজ্ঞকাষ্ঠ শমিন্ড প্রভৃতি আয়োজনের নিমিত্ত, কাহাকেও মিষ্টান্ন ও পানীয়বস্তু পরিষ্কাররূপে প্রস্তুত করিবার জন্য আদেশ করিলেন। মহাত্মা ভৃগুকে মন্ত্রসংস্কারের নিমিত্ত নিযুক্ত করিলেন। রোহিণীর সহিত চন্দ্রকে ধনাধিপতিত্বে বরণ করিলেন। দেবাদিদেব শঙ্করজামাতা ও সতীনাম্নী কন্যাকে পরিত্যাগ করিয়া অন্যান্য জামাতা, কন্যা এবং দৌহিত্র সকলকে যজ্ঞে নিমন্ত্রণ করিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন, মহানুভব! প্রজাপতি লোকনাথ, অতিপ্রধান বিচক্ষণ জ্যেষ্ঠ জামাতা মহেশ্বরকে নিমন্ত্রণ না করিয়া দক্ষের যজ্ঞানুষ্ঠান করিবার কারণ কি?

পুলস্ত্য উবাচ।

জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠো বরিষ্ঠোঽপি আদ্যোঽপি ভগবান্ শিবঃ
কপালীতি বিদিত্বাসৌ দক্ষেণ ন নিমন্ত্রিতঃ॥

নারদ উবাচ।

কিমর্থং দেবতাশ্রেষ্ঠঃ শূলপাণিস্ত্রিলোচনঃ।
কপালী ভগবান্ জাতঃ কর্ম্মণা কেন শঙ্করঃ॥

পুলস্ত্য উবাচ।

শৃণুষ্বাবহিতো ভূত্বা কথামেতাং পুরাতনীং।
প্রোক্তামাদিপুরাণে যাং ব্রহ্মণাব্যক্তযোনিনা॥
পুরাত্ত্বেকার্ণবং সর্ব্বং জগৎ স্থাবরজঙ্গমং।
নষ্টচন্দ্রার্কনক্ষত্রং প্রনষ্টং পবনানলং॥

অনুবাদ।

পুলস্ত্য কহিলেন, প্রজাপতি দক্ষ, শ্রেষ্ঠ দেবাগ্রগণ্য পিনাকী ভগবান্ রুদ্রকে কপালী জানিয়া যজ্ঞে নিমন্ত্রণ করিলেন না। নারদ জিজ্ঞাসা করিলেন, ভগবন্! দেবাদিদেব মহাদেব কি কার্য্য করিয়া কপালী হইয়াছিলেন, তদ্বিষয় সবিশেষ বর্ণন করিয়া চরিতার্থ করুন্। পুলস্ত্য বলিলেন, অব্যক্তযোনি ব্রহ্মা, আদিপুরাণে যাহা বলিয়াছেন অতি পুরাতনী গুপ্ত কথা আমি বলিতেছি তুমি সাবধানে শ্রবণ কর। পূর্ব্বকালে যে সময়ে সমস্ত জগৎ একার্ণবে জলমগ্ন হইয়া স্থাবর, জঙ্গম, চন্দ্র, সূর্য্য, নক্ষত্র, অনল, অনিল প্রভৃতি বিনষ্ট হইয়াছিল। তৎকালে অপ্রতর্ক্য, অজ্ঞেয়, ভাব, অভাব, কিছুই ছিল না, বৃক্ষ লতাপ্রভৃতি সমস্ত বস্তু সলিলে নিমগ্ন হইল, কেবলমাত্র তমসাচ্ছন্ন জলময় জগৎ ছিল।

অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং ভাবাভাববিবর্জ্জিতং।
নিমগ্নং বিশ্বং স ভূণং তমোভূতং সুদুর্দ্দৃশং॥
তস্মিন্ স শেতে ভগবান্ নিদ্রাং বর্ষসহস্রিকাং।
রাত্র্যন্তে সৃজতে লোকান্ রাজসং লোকমাস্থিতঃ॥
রাজসঃ পঞ্চবদনো বেদবেদাঙ্গপারগঃ।
স্রষ্টা চরাচরস্যাস্য জগতোঽদ্ভুতদর্শনঃ॥
তমোময়স্তথৈবান্যঃ সমুদ্ভূতস্ত্রিলোচনঃ।
শূলপাণিঃ কপর্দ্দী চ অক্ষমালাঞ্চ দর্শয়ন্॥
ততো মহাত্মা হ্যসৃজদহঙ্কারং সুদারুণং।
যেনাক্রান্তাবুভৌ দেবৌ তাবেব ব্রহ্মশঙ্করৌ॥
অহঙ্করাবৃতো রুদ্রঃ প্রত্যুবাচ পিতামহং।
কো ভবানিহ সংপ্রাপ্তঃ কেন সৃষ্টোঽসি মাং বদ॥

অনুবাদ।

সেই কারণসলিলে অর্ণবশায়ী ভগবান্ শয়ন করিয়া দেবপরিমাণে সহস্র বর্ষ পর্য্যন্ত গাঢ়নিদ্রায় কালাতিপাত করিলেন। নিদ্রাবসানে সমস্ত জগৎ জলমগ্ন দেখিয়া রজোগুণে বেদবেদাঙ্গপারদর্শী পঞ্চবদন ব্রহ্মাকে সৃজন করিলেন। ব্রহ্মা সমস্ত জগৎ এককালে সলিলে নিমগ্ন দেখিয়া চরাচর জগৎ সৃষ্টি আরম্ভ করিলেন। অনন্তর অর্ণবশায়ী ভগবান্ তমোগুণে শঙ্করকে সৃষ্টি করিলেন। শূলপাণি কপর্দ্দী ভগবান্ রুদ্র, অক্ষমালা গ্রহণ করতঃ যোগারম্ভ করিলেন। তদনন্তর মহাত্মা কারণার্ণবশায়ী ভগবান্ ভয়ঙ্কর অহঙ্কারের সৃষ্টি করিলেন। ব্রহ্মা শঙ্কর উভয়ে সেই সুদারুণ অহঙ্কারের বশীভূত হইলেন। শঙ্কর তমোগুণে স্পর্দ্ধান্বিত হইয়া ব্রহ্মাকে বলিলেন, তুমি কে, এস্থানে তোমাকে কে আনিয়াছে। ব্রহ্মা তমোগুণে আক্রান্ত হইয়া সক্রোধে বলিলেন; তুমি কে, তোমার জনক কে, জননী বা কে, আমাকে বল।

পিতামহোঽপ্যহঙ্করাৎ প্রত্যুবাচাথ কো ভবান্।
ভবতো জনকঃ কোঽত্র জননী বা তদুচ্যতাং॥
ইত্যন্যোন্যং পুরা তাভ্যাং ব্রহ্মেশাভ্যাং কলিপ্রিয়ঃ।
পরিবাদো ভবত্তত্রুৎপত্তির্ভবতোঽভবৎ।
ধারয়ন্ স তু তাং বীণাং কুর্ব্বন্ কিলকিলাধ্বনিং॥
ততো বিনির্জ্জিতঃ শম্ভুর্মানিনা পদ্মযোনিনা।
তস্থাবধোমুখো দীনো গ্রহাক্রান্তো যথা শশী॥
পরাজিতে লোকপতৌ দেবেন পরমেষ্ঠিনা।
ক্রোধান্ধকারিতং রুদ্রমথ পঞ্চমুখোঽব্রবীৎ॥
অহন্তে প্রতিজানামি তমোমূর্ত্তে ত্রিলোচন।
দিগ্বাসা বৃষভারূঢ়ো লোকক্ষয়করো ভবান্॥
ইত্যুক্তঃ শঙ্করঃ ক্রুদ্ধো বদনং ঘোরচক্ষুষা।
নির্দগ্ধকঃ প্রত্যনিশং দদর্শ ভগবানজঃ॥

অনুবাদ।

এইরূপে ব্রহ্মা শঙ্করের পরস্পর জন্ম কোথায়, জনক কে, জননী কে এই কথা প্রসঙ্গে বিষম বিসম্বাদ উপস্থিত হইল। ভগবান্ শম্ভু, এক অপূর্ব্ব বীণা ধারণ করিয়া ধ্বনি করিতে লাগিলেন। তদনন্তর ভগবান্ শম্ভু, পদ্মযোনি ব্রহ্মার নিকটে পরাজিত হইয়া রাহুগ্রস্ত শশির ন্যায় স্থিরভাবে অধোমুখে ক্ষণকাল অবস্থিতি করিলেন। পিতামহ ব্রহ্মা সাতিশয় ক্রোধকারী পঞ্চানন রুদ্রকে বলিলেন আমি তোমাকে জানি, তুমি তমোমূর্ত্তি, দিগম্বর, বৃষারোহী লোকসংহারকর্ত্তা। এইরূপ ব্রহ্মা ত্রিলোচনকে বলিলে, শঙ্কর অতিশয় ক্রোধে আরক্ত লোচনে জগৎ দগ্ধ করিবার ন্যায় বারম্বার ব্রহ্মাকে অবলোকন করিতে লাগিলেন।

ততস্ত্রিনেত্রস্য সমুদ্ভবন্তি চ
বক্ত্রাণি পঞ্চাথ সুদুর্দর্শানি।
সিতঞ্চবক্ত্রং কনকাবদাতং
নীলং তথাপিঙ্গটঞ্চ রৌদ্রং॥
বক্ত্রানি দৃষ্ট্বার্কমুখানি সদ্যঃ
পিতামহো বাক্যমুবাচ রৌদ্রং।
সমাহিতস্যাথ জড়স্তবুদ্ধ্যাদাশ্বন্তি
কিং তেহত্র পরাক্রমোঽস্তি॥
তচ্ছ্রুত্বা ক্রোধযুক্তেন শঙ্করেণ মহাত্মনা।
নখাগ্রেণ শিরশ্ছিন্নং ব্রহ্মা পরুষবাদিনঃ॥
তচ্ছিন্নং শঙ্করস্যৈব সব্যে করতলে পতৎ।
পততে ন কদাচিচ্চ তদা করতলাচ্ছিরঃ॥
অতিক্রোধবৃতেনাপি ব্রহ্মণাদ্ভুতকর্ম্মণা।
সৃষ্টস্তু পুরুষো ধীমান্ কবচী কুণ্ডলীশরী॥

অনুবাদ।

তাঁহার পঞ্চবক্ত্রে, প্রত্যেক বক্ত্রে তিন তিন নেত্র, ঐ নেত্র রক্তিমাবর্ণ হওয়াতে তাঁহার বদন ভয়ঙ্কর দুর্দ্দর্শ হইল, শ্বেতবক্ত্র কনকের ন্যায় রক্তাক্ত হইল; শঙ্কর এবম্বিধ ভয়ঙ্কর মূর্ত্তি ধারণ করিলে ব্রহ্মা তাঁহার ভয়ঙ্কর দুর্দর্শ বদন অবলোকন করিয়া জড়-বুদ্ধিতে অবিলম্বে রুদ্রকে বলিলেন; তোমার কি পরাক্রম আছে দেখাও। শঙ্কর ব্রহ্মার এবংবিধ রূঢ় বাক্য শ্রবণ করিয়া অতিশয় ক্রোধে কটুভাষী ব্রহ্মার নখাগ্রে শিরশ্ছেদন করিলেন তদ-বধি ব্রহ্মা চতুরানন হইলেন। ঐ ছিন্ন মস্তক শঙ্করের বামহস্ত-তলে সংলগ্ন হইল বিবিধ প্রকার চেষ্টা করিলেন তথাপি মস্তক হস্ত হইতে স্খলিত হইল না। অনন্তর অদ্ভুতকর্ম্মা ব্রহ্মা, অতিশয় ক্রোধে কবচ শর ও কুণ্ডলধারী রণপণ্ডিত কার্ম্মুকধারী

ধনুষ্পাণির্ম্মহাবাহু রণশক্তিধরোহব্যয়ঃ।
চতুর্ভুজো মহোৎসাহী আদিত্যসমদর্শনঃ॥
সপ্রাহ গচ্ছ দুর্ব্বুদ্ধে মা ত্বং শূলী নিপাতয়ে।
হিত্বা যুক্তো জগন্নাথ রুদ্রো বদরিকাশ্রমং।
নরনারায়ণস্থানং বর্ত্ততে হি হিমাশ্রমে।
সরস্বতী যত্র পুণ্যা স্পন্দতে সরিতাং বরা॥
তত্র গত্বা চ তং দৃষ্ট্বা নারায়ণমুবাচহ।
ভিক্ষাং প্রযচ্ছ ভগবান্ মহাকাপালিকো শিবঃ॥
ইত্যুক্ত্বা ধর্ম্মপুত্রস্তু রুদ্রং বচনমব্রবীৎ।
সব্যং ভুজং তাড়য়স্ব ত্রিশূলেন মহেশ্বর॥
সব্যং নারায়ণভুজং তাড়য়ামাস বেগবান্।
ত্রিশূলেন হতা মার্গাস্ত্রিস্রো ধারা বিনির্যযুঃ॥

অনুবাদ।

ও চতুর্ব্বাহু, উৎসাহী, আদিত্যসম বীর্য্যবন্ত এক বীরপুরুষ সৃষ্টি করিয়া তাহাকে বলিলেন। রে দুর্ব্বুদ্ধে! তুমি শূলপাণি রুদ্রকে বিনাশ করিতে গমন করিও না, অবিলম্বে বদরিকাশ্রমে যে স্থানে নরনারায়ণ যোগযুক্ত আছেন, তাঁহার আশ্রম সন্নিধানে সরস্বতী নদী বেগবতী হইয়া প্রবাহিত হইতেছেন। সেই ভগবান্ নরনারায়ণের আশ্রমে গমন করিয়া তাঁহাকে বল, ভগবান্ আমাকে রক্ষা কর; সদাশিব রুদ্র, অতি ক্রোধে সংহার মূর্ত্তি ধারণ করিয়া নখাগ্রে ব্রহ্মার শিরশ্ছেদন করিয়া কপালী হইয়াছেন। ধর্ম্মপুত্র, নারায়ণের নিকট এইরূপ বলিলে নরনারায়ণ রুদ্রকে বলিলেন তুমি ত্রিশূল দ্বারা আমার বামহস্তে আঘাত কর। ভগবান্ রুদ্র অবিলম্বে নারায়ণের বামহস্তে অতিবেগে ত্রিশূলের আঘাত করিলেন। অনন্তর নারায়ণের বামহস্তের আহত স্থান হইতে তিনটি

একা গগণমাশ্রিত্য স্থিতা তারাভিমণ্ডিতা।
দ্বিতীয়াপাপতদ্ভূমৌ তাং জগ্রাহ তপোধনঃ ॥
অত্রিস্তস্মাৎ সমুদ্ভূতো দুর্ব্বাসা শঙ্করাংশতঃ।
তৃতীয়ান্যাপতদ্ধারা কপালে রৌদ্রদর্শনে ॥
তস্মাচ্ছিশুঃ সমভবৎ সন্নদ্ধকবচো যুবা।
শ্যামাবদাতঃ শরচাপপাণিং
গর্জ্জন্যথা প্রাবৃষি তোয়দেহসৌ।
ইত্থং ব্রুবন্ কস্য বিনাশয়ামি
কণ্ঠং স্থিতং তালফলং যথৈব ॥
তংশঙ্করোভ্যেত্য বচোবভাষে
নরংহি নারায়ণবাহুজাতং ॥
নিপাতয়ৈনং নরদৃষ্টবাক্যং
ব্রহ্মাত্মজং সূর্য্যশতপ্রকাশং ॥

অনুবাদ।

শোণিতধারা উত্থিত হইল। এক ধারা ঊর্দ্ধভাগে নক্ষত্রমণ্ডল পর্য্যন্তগমন করিল, দ্বিতীয় ধারা পৃথিবীতে পতিত হইল, তাহা ঋষিগণ গ্রহণ করিলেন। তাহাতে অত্রিঋষি সমুদ্ভূত হইলেন। এই কালে শঙ্করের অংশ হইতে দুর্ব্বাশা সমুদ্ভূত হইলেন। তৃতীয় ধারা শূলপাণি মহাদেবের কপালনেত্রে পতিত হইয়া শ্যাম শ্বেত ও গৌর বর্ণমিশ্রিত কায়, অক্ষয় কবচ ধনুঃ শরধারী এক বীরপুরুষ সমুদ্ভূত হইয়া বর্ষাকালীন জলদের ন্যায় অতি গভীর গর্জ্জন করতঃ শঙ্করকে বলিল, তালফলের ন্যায় কাহার মস্তক চূর্ণ করিব। দেবাদিদেব শঙ্কর, সেই বীরপুরুষের নিকট গমন করিয়া বলিলেন, নারায়ণের বাহুসম্ভূত শতসূর্য্যসদৃশ দেদীপ্যমান এই নরকে তুমি বিনাশ কর।

ইত্যেবমুক্তঃ স তু শঙ্করেণ
ধ্বাংধং ধনুস্ত্বাজগবং প্রসিদ্ধং।
জগ্রাহ বাণানি তথাক্ষয়ানি
যুদ্ধায়বীরঃ স মতিংচকার॥
ততঃ প্রযুদ্ধৌ সুভৃশং মহাবলৌ
ব্রহ্মাত্মজো বাহুভবশ্চ শার্ব্বঃ।
দিব্যংসহস্রং পরিবৎসরাণাং
ততো হরোঽভ্যেত্য চ বৃক্ষমূলে॥
জিতস্ত্বদীয়ঃ পুরুষঃ পিতামহঃ
শরেণ দিব্যাদ্ভুতকর্ম্মণা বলী।
মহাপৃষৎক্রে রভিপাত্য তাড়িত
স্তদদ্ভুত ক্রেহ দিশোদশৈব॥
ব্রহ্মা তমীশং বচনং বভাষে
নেহাস্য জন্মন্যজিতশ্চ শম্ভো।
পরাজিতশ্চেষ্যতে কিং ত্বদীয়ো
নরোমদীয়ঃ পুরুষোমহাত্মা॥

অনুবাদ।

শঙ্কর,এইরূপ বলিলে তৎক্ষণাৎ ধনুতে জ্যারোপন করতঃ ধ্বাংধং শব্দ করিয়া তূণীর হইতে অক্ষয়শর ধনুতে যোজনা করিলেন। অনন্তর ব্রহ্মার নন্দন ও নারায়ণের বাহুজাত দুই মহাবল পরাক্রান্ত বীরপুরুষে পরস্পর দিব্যপরিমাণে সহস্রবৎসর পর্য্যন্ত অতিভয়ঙ্কর সংগ্রাম করতঃ অদ্ভুতকর্ম্মা ব্রহ্মারনন্দন, নারায়ণের বাহুজাত বীরপুরুষকে পরাজয় করিয়া অতিবীর্য্য সম্পন্ন নারাচ দ্বারা তাড়িত করিলেন, তৎকালে ব্রহ্মা, অজেয়, মহাত্মা ভগবান্ শম্ভুকে বলিলেন আমার বীরপুরুষের নিকট তোমার বীরপুরুষ পরাজিত হই-

ইত্যেবমুক্ত্বা বচনং ত্রিনেত্রং
চিক্ষেপ স্কন্ধে পুরুষং বিরিঞ্চিঃ।
নবং নরং তস্য তদা স বিগ্রহে
বিক্ষেপ ধর্ম্মপ্রভবস্তু দেবঃ॥

ইতি বামনপুরাণে হরললিতে নরোৎপত্তি
প্রলয়োনাম দ্বিতীয়োধ্যায়ঃ।

অনুবাদ।

য়াছে। এই কথা বলিয়া, ব্রহ্মা স্বীয় পুরুষকে ধারণ পূর্ব্বক মহাদে-
বের স্কন্ধে নিক্ষেপ করিয়া তিরোহিত হইলেন।

ইতি বামনপুরাণে দ্বিতীয়োধ্যায়।

পুলস্ত্য উবাচ।

ততঃ করতলেরুদ্রঃ কপালং দারুণংস্থিতং।
সন্তাপমগমৎ ব্রহ্মন্ চিন্তয়া ব্যাকুলেন্দ্রিয়ঃ॥
ততঃ সমাগতা রৌদ্রে নীলাঞ্জনচয়প্রভা।
সংরক্তমূর্দ্ধজা ভীমা ব্রহ্মহত্যা হরান্তিকং।
তামাগতাং হরোদৃষ্ট্বা পপ্রচ্ছ বিকরালিনীং।
কাসি ত্ব মাগতা রৌদ্রে কেনাপ্যর্থেন তদ্বদ॥
কপালিন মথোবাচ ব্রহ্মাহত্যা সুদারুণা।
ব্রহ্মবধ্যাস্মি সংপ্রাপ্তা মাং প্রতীচ্ছ ত্রিলোচন॥
ইত্যেবমুক্ত্বাবচনং ব্রহ্মহত্যা বিবেশ তং।
ত্রিশূলপাণিনং রুদ্রং সম্প্রভাপিত বিগ্রহং।
ব্রহ্মহত্যাভিভূতশ্চ শর্ব্বো বদরিকাশ্রমং।
সগচ্ছ ন্নদদর্শাথ নরনারায়ণাবৃষী॥

অনুবাদ।

পুলস্ত্য কহিলেন। তদবধি রুদ্রের হস্ততলে নর কপাল সংলগ্ন হওয়াতে মহাদেব চিন্তায় সাতিশয় কাতর হইলেন। তৎপরে নীলাচলের ন্যায় অতি বৃহৎ কলেবর, আরক্ত কেশকলাপ, ভয়ঙ্কর ব্রহ্মহত্যা. শঙ্করের সমীপে উপস্থিত হইল, সদাশিব তাহাকে সম্মুখে দণ্ডায়মানা দেখিয়া জিজ্ঞাসা করিলেন, ভয়ঙ্করে! তুমি কে, আমাকে বল, তখন সে বলিল আমি ব্রহ্মহত্যা, তুমি আমাকে গ্রহণ করিতে অভিলাষ করিয়াছ আমি তোমাকে আশ্রয় করিব এই কথা বলিয়া সেই ভয়ঙ্করী ব্রহ্মহত্যা মহাদেবের কলেবরে প্রবিষ্ট হইল, তদবধি তাঁহার শরীরের তেজরাশি বিলুপ্ত প্রায় হইল, তখন দেবাদিদেব শূলপাণি সাতিশয় শোকাকুলিত চিত্তে বদরিকাশ্রমে গমন করতঃ ধর্ম্মনন্দন নরনারায়ণ ঋষিদ্বয়কে দর্শন করিয়া চিত্তসন্তাপ হারিণী শুভ্রসলিলা যমুনা নদীতে

অদৃষ্টা ধর্ম্মতনয়ৌ চিন্তাশোক সমন্বিতঃ।
জগামযমুনাং স্নাতুং সাপিশুষ্কজলা ভবৎ॥
কালিন্দীং শুষ্কসলিলাং নিরীক্ষ্য বৃষকেতনঃ।
প্লক্ষজাং স্নাতুমগম দন্তর্দ্ধানঞ্চ সাগতা।
ততোথ পুষ্করারণ্যং মাগধারণ্য মেবচ।
সৈন্ধবারণ্য মেবাসৌ গত্বাস্নাতো যথেচ্ছয়া।
তথৈব নৈমিষারণ্যং ধর্ম্মারণ্যং তথেশ্বরঃ।
স্নাতো নৈব চ সা রৌদ্রা ব্রহ্মহত্যা ব্যমুঞ্চত।

সরিৎসু তীর্থেষু তথাশ্রমেষু
পুণ্যেষু দেবায়তনেষু শর্ব্বঃ।
সমাপ্লুতো যোগযুতোপিপাপা
ন্নাবাপমোক্ষং বৃষধ্বজোসৌ॥

অনুবাদ।

স্নান করিতে গমন করিলেন পরে সেস্থান হইতে কালিন্দী নদীতে গমন করিয়া দেখিলেন কালিন্দী নদীর সলিল অতি মনোহর শ্বেত-বর্ণ, অনন্তর প্লক্ষজা নদীতে গমন করিয়া অবগাহন করিলে ব্রহ্ম-হত্যা অন্তর্হিতা হইল। সে স্থান হইতে পুষ্করারণ্যে গমন করিলেন তথাহইতে মগধারণ্যে পরে সৈন্ধবারণ্যে গমন করিয়া স্নান তর্পনাদি করিলেন সে স্থান হইতে নৈমিষারণ্যে ও ধর্ম্মারণ্যে গমন করিয়া স্নানাদি করিলেন কিন্তু তাহাতে তাঁহার হস্তহইতে নরকপাল স্খলিত হইল না এজন্য তিনি অন্যান্য যে সকল নদী, তীর্থ, আশ্রম ও দেবা-লয় আছে সকল স্থানে ক্রমে গমন করিলেন তথাপি তিনি ব্রহ্মহত্যা ভয়ঙ্কর পাপহইতে মুক্তিলাভ করিলেন না, পরে সাতিশয় চিন্তান্বিত

তং দৃষ্ট্বা পুণ্ডরীকাক্ষং শঙ্খ চক্র গদাধরং।
কৃতাঞ্জলিপুটোভূত্বা হর স্তোত্রমুদীরয়ৎ।

হর উবাচ।

নমস্তে দেবতানাথ নমস্তে গরুড়ধ্বজ।
শঙ্খ চক্র গদাপাণে বাসুদেব নমোস্তুতে॥
নমস্তে নির্গুণাতীত অপ্রতর্ক্যায় বেধসে।
জ্ঞানাজ্ঞান নিরালম্ব সর্ব্বালম্ব নমোস্তুতে॥
রজোযুক্ত নমস্তেস্তু ব্রহ্মমুর্ত্তে সনাতন।
ত্বয়া সর্ব্বমিদং নাথ জগৎ সৃষ্টং চরাচরং।
সত্ত্বাধিষ্ঠিত লোকেশ বিষ্ণুমূর্ত্তে অধোক্ষজ।
প্রজাপাল মহাদেব জনার্দ্দন নমোস্তুতে।
গুণাভিযুক্তোদেবেশ সর্ব্বব্যাপিন্ নমোস্তুতে।
ভূরিয়ং ত্বং জগন্নাথ জলাম্বর হুতাশনাঃ।

অনুবাদ।

হইয়া কুরুজাঙ্গলে গমনপূর্ব্বক পুণ্ডরীকাক্ষ নারায়ণকে দর্শন করিয়া কৃতাঞ্জলিপুটে ভক্তিভাবে স্তব করিলেন। হে দেবতানাথ! হে গরুড়ধ্বজ! তুমি শঙ্খচক্র, গদা ও পদ্ম হস্তে ধারণ করিয়াছ। হে বাসুদেব! তোমাকে আমি নমস্কার করি। তুমি সত্ত্ব রজ তমগুণাতীত কিন্তু মায়ার বশবর্ত্তী হইয়া দেহ ধারণ করিয়াছ তোমার অন্ত নাই, তুমি সর্ব্বান্তর্যামি, তুমি বিধাতা, তুমি জ্ঞান-রূপী, তুমি অজ্ঞানরূপী, তুমি নিরাশ্রয়ী, সমস্ত জগৎ তোমাতে আশ্রয় করিয়াছে তোমাকে আমি নমস্কার করি। তুমি পৃথিবী, তুমি জগতের নাথ; জল আকাশ এবং অনলরূপে তুমি অব-স্থিতি করিতেছ, তুমি রজোগুণযুক্ত, তুমি ব্রহ্ম, তোমার বিনাশ

বায়ু র্বুদ্ধি র্মনশ্চাপি সর্ব্বরীত্বং নমোস্তুতে।
ধর্ম্মোযজ্ঞস্তপঃ সত্যমহিংসাশৌচ মার্জ্জবং।
ক্ষমাদান দয়া লজ্জা ব্রহ্মচর্য্যস্ত্বমীশ্বরঃ।
ত্বং সাঙ্গাশ্চতুরোবেদা ত্বং বেদ্যোবেদপারগঃ।
উপবেদো ভবানীশ সর্ব্বো সি ত্বং নমোস্তুতে।

নমো নমোস্তেঽচ্যুত চক্রপাণে
নমোস্তুতেমাধব মীনমূর্ত্তে।
লোকেভবান্ কারুণিকোপ্যতো মে
ত্রায়স্ব মাং কেশব পাপবন্ধাৎ ॥
মমাশুভং নাশয় বিগ্রহ ত্বং
যদ্ব্রহ্মহত্যাভিভবংবভূব।
দগ্ধোস্মি নষ্টোস্ম্য সমীক্ষকারী
পুণীহি নাথোসি নমো নমোস্তুতে ॥

অনুবাদ।

নাই, তুমি বায়ু, তুমি বুদ্ধি ও মনরূপে সমস্ত প্রাণিকে আশ্রয় করিতেছ অতএব তোমাকে আমি নমস্কার করি, এবং জপ, যজ্ঞ, তপস্যা, সত্যতা, অহিংসা, শৌচ, সরলতা, ক্ষমা, দয়া, দান, লজ্জা এবং ব্রহ্মচার্য্যার ঈশ্বরও তুমি, তুমি অঙ্গের সহিত ঋক যজু সাম অথর্ব্ব প্রভৃতি চারিবেদ, তুমি বেদপ্রতিপাদ্যবস্তু, তুমি বেদ পারদর্শী এবং উপবেদ যে সকল আছে তাহাও তুমি, তোমাকে আমি নমস্কার করি। হে চক্রপাণি! হে মীনবপু! হে মাধব! ভবসংসারে অন্ধীকৃত প্রাণিগণের নির্ম্মল চক্ষুরূপে তুমি অবস্থিতি করিতেছ, অতএব হে কেশব! আমাকে পাপবন্ধন হইতে মুক্তকর, হে নাথ! আমি ব্রহ্মহত্যা মহাপাপে মগ্ন হইয়াছি, আমি মহাপাপে দগ্ধ হইতেছি, অতএব আমার অশুভ বিনাশ করিয়া পবিত্রাণ কর!

পুলস্ত্য উবাচ।

ইত্থং স্তুত শ্চক্রধরঃ শঙ্করেণ মহাত্মনা।
প্রোবাচ বাক্যং ভগবান্ ব্রহ্মহত্যা ক্ষয়ায় হি॥

হরিরুবাচ।

মহেশ্বর শৃণু ত্বমাং মমবাচং কলস্বনাং।
ব্রহ্মহত্যা ক্ষয়করীং শুভদাং পুণ্যবর্দ্ধিনীং॥
যো সৌ প্রাঙ্মণ্ডলে পুণ্যে মদংশপ্রভবোব্যয়ঃ।
প্রয়াগে বসতে নিত্যং যোগশায়ীতি বিশ্রুতঃ॥
বরুণাদ্দক্ষিণাওস্ত বিনির্যাতা সরিৎবরা।
বিশ্রুতা বরুণেত্যেবং সর্ব্বপাপহরা শুভা॥
সব্যাদন্যা দ্বিতীয়া চ অসিরিত্যেব বিশ্রুতা।
তে উভেতু সরিৎশ্রেষ্ঠে লোকপূজ্যে বভুবতুঃ॥
তয়োর্মধ্যেতু যোদেশ স্তৎ ক্ষেত্রং যোগশায়িনঃ।

অনুবাদ।

পুলস্ত্য কহিলেন, এই রূপ শঙ্কর ব্রহ্মহত্যা মহাপাপে অভিভূত হইয়া কাতরস্বরে চক্রপাণি নারায়ণকে স্তবে সন্তুষ্ট করিলে নারায়ণ তাঁহার ব্রহ্মহত্যা মহাপাপ হইতে বিমুক্তি হইবার উপায় বলিলেন, মহেশ্বর আমার বাক্য শ্রবণ কর, অনতি বিলম্বে ব্রহ্মহত্যা মহাপাপ হইতে মুক্তিলাভ করিবে এবং তোমার পুণ্যসঞ্চয় বর্দ্ধিত হইবে। তুমি পূর্ব্বদিকে মদংশ সম্ভূত প্রয়াগ নামে যে প্রদেশ আছে ঐ প্রদেশে যোগসায়ী ভগবান সর্ব্বদা অবস্থিতি করেন, বরুণার দক্ষিণ হইতে শুভদা সর্ব্বপাপহারিণী যে নদী বহির্গতা হইয়াছে, তাহার নাম বরুণা, দক্ষিণভাগে দ্বিতীয়া যে নদী তাহার নাম অসি, এই দুই নদী অতি শ্রেষ্ঠা সর্ব্বজন পূজনীয়া, এই উভয় নদীর মধ্য স্থলে যোগশায়ী ভগবান অবস্থিতি করেন ত্রিলোক মধ্যে

ত্রৈলোক্যপ্রবরং তীর্থং সর্ব্বপাপ প্রমোচনং।
ন তাদৃশোস্তি গগণে ন ভূম্যাং ন রসাতলে॥
তত্রাস্তি নগরী পুণ্যা খ্যাতা বারাণসী শুভা।
যস্যাংহি ভোগিনোপীশ প্রযান্তি ভবতোলয়ং॥
বিলাসিনীনাং রসতা স্বনেন
শ্রুতিস্বনৈর্ব্রাহ্মণ পুঙ্গবানাং।
শ্রুতিস্বরত্বং গুরবো নিশম্য
হাস্যাদনং গত্ত মুহুর্মুহুস্তাং॥
ব্রজৎসু যোষিৎসু চতুষ্পথেষু
পদান্যলক্তোঙ্কণিতানি দৃষ্ট্বা।
যযৌশশী বিস্ময় মেবযস্যাং
কিঞ্চিৎ প্রযাতা স্থলপদ্মিণীয়ং॥
তুঙ্গানি যস্যাং সুরমন্দিরাণি
রুন্দন্তিচন্দ্রং রজনী মুখেষু।

অনুবাদ।

সর্ব্বপাপ বিনাশকারিণী এই নদী অতি প্রধান, ইহার সদৃশ তীর্থ গগণমণ্ডলে রসাতলে এবং অবনীতলে কুত্রাপি নাই। এই তীর্থের নিকটবর্ত্তী বারাণসী নামে পুণ্যনগরী আছে, হে শশাঙ্কশেখর! যে স্থানবাসী জনগণ দেহাবসানে তোমাতে লীন হয়, যে স্থানে বিলাসিনীদিগের মধুর কণ্ঠস্বর এবং বেদবেদাঙ্গ পারদর্শী দ্বিজেন্দ্রগণের অত্যুচ্চগীয়মান বেদধ্বনি শ্রবণ করিয়া সাতিশয় আনন্দ জন্মে, যে স্থানে গমনকারিণী রমণীগণের নূপুরধ্বনি ও রাজপথে অলক্ত চিহ্ন দেখিয়া শশধর স্থলপদ্ম ভ্রম বিস্মৃত হইয়া গমন করিয়াছিলেন, যে স্থানে দেবালয়ের প্রাসাদ শিখর সায়ং কালে চন্দ্রাংশুর ন্যায়

ভৃঙ্গাশ্চ যস্যাং শশিকান্তভিত্তৌ
প্রলোভ্যমানাঃ প্রতিবিম্বিতেষু।
পরিভ্রমন্তশ্চ পরাজিতানাং
ন স্ত্রীমুশন্তো গৃহদীর্ঘিকাষু॥
নচৈব কশ্চিৎ পরমন্দিরাণি
রুন্ধন্তি শম্ভো সহসা সিতেক্ষণাঃ।
নচাবলানা ন্তরসা পরাক্রমং
কুর্ব্বন্তি যস্যাং সুরতং হি যুক্তাঃ॥
ভুবিলুব্ধা বিলাসিন্যো ভুজঙ্গ পরিবারিতাঃ।
চন্দ্রভুষিতদেহাশ্চ যস্যাং ত্বমিব শঙ্কর॥
ঈদৃশয়াং সুরেশান বারাণস্যাং মহাশ্রমে।
বসতে ভগবান্ ব্যোমঃ সর্ব্বপাপ হরো বিভুঃ॥
দশাশ্বমেধং যত্রোক্তং মদংশে যত্র কেশব।
তত্র গত্বা সুরশ্রেষ্ঠ পাপমোক্ষ মবাপ্স্যসি॥

অনুবাদ।

বায়ু সঞ্চালনে সুদীর্ঘপতাকা সকল প্রাসাদ শিখরে সুশোভিত হয় যে স্থানে ভ্রমরগণ সুধাংশুজাল সদৃশ সৌধশিখরে প্রফুল্ল প্রসূন ভ্রমে পরিভ্রমণ করতঃ শোভিত করে, হে বৃষকেতন! যেস্থানে রমণীগণে ও গৃহদীর্ঘিকাতে সর্ব্বদা ভ্রম জন্মে, এবং এই স্থানে যুবকগণ সুরতান্বেষণে সর্ব্বদা ভ্রমণ করতঃ অবলাগণের বলপূর্ব্বক বলক্ষয় করে না এতাদৃশী প্রাসাদমণ্ডলী পুণ্যনগরী কুত্রাপি নাই। হে শঙ্কর! যেস্থানে লুব্ধবিলাসিনীগণ তোমার ন্যায় চন্দ্রভূষিত দেহ লাভ করে, বারাণসী এতাদৃশী পুণ্যনগরী, হে শশাঙ্কশেখর! হেদেব আপনি যেস্থানে সর্ব্বদা অবস্থিতি করেন এই নগরীতে গমন করিলে দশাশ্বমেধসম্ভুত ফললাভ হয়, হে দেববর! সেই নগরীতে তুমি গমন করিয়া ব্রহ্মহত্যা

ইত্যেব মুক্তো গরুড়ধ্বজেন
বৃষধ্বজস্তং শিরসাপ্রণম্য।
জগাম বেগাৎ গরুড়ো যথোসৌ।
বারাণসীং পাপবিমোচনায়॥
গত্বা সুপুণ্যাং নগরীং সুরম্যাং
দৃষ্ট্বা চ লোলং স দশাশ্বমেধং।
স্নাত্বা চ তীর্থেষু বিমুক্তপাপঃ
স কেশবং দ্রষ্টুমুপাজগাম॥
কেশবং শঙ্করোদৃষ্ট্বা প্রণিপত্যেদ মব্রবীৎ।
ত্বৎপ্রসাদাৎ হৃষীকেশ ব্রহ্মহত্যা ক্ষয়ংগতা॥
নেদংকপালং দেবেশ মদ্ধস্তং পরিমুঞ্চতি।
কারণং বেদ ন চ ত দেতস্মৈ বক্তুমর্হসি॥

পুলস্ত্য উবাচ।

মহাদেব বচঃশ্রুত্বা কেশবোবাক্য মব্রবীৎ।
বিদ্যতে কারণং রুদ্র তৎসর্ব্বং কথয়ামিতে॥

অনুবাদ।

মহাপাপ হইতে মুক্তিলাভ কর। ভগবান বৈকুণ্ঠনাথ এই কথা শঙ্করকে বলিলে বৃষকেতন ভগবান, দামোদরকে নমস্কার করিয়া ব্রহ্মহত্যা মহাপাপ হইতে বিমুক্তি লাভের জন্য পতঙ্গরাজ গরুড়ের ন্যায় বেগে বারাণসীতে গমন করিলেন,সেই পুণ্যনগরী দর্শন পূর্ব্বক অসিবরুণার মধ্যে অবগাহন করিয়া ব্রহ্মহত্যা মহাপাপ হইতে বিমুক্তি লাভ করিয়া ভগবান্ কেশবের দর্শন লালসায় গমন করিয়া কেশবকে দর্শন ও নমস্কার করতঃ হৃষীকেশকে বলিলেন, হে হৃষীকেশ! তোমার অনুগ্রহে আমি ব্রহ্মহত্যা মহাপাপ হইতে মুক্তিলাভ করিয়াছি কিন্তু আমার হস্ত হইতে নরকপাল স্খলিত হয় নাই ইহার কারণ কি, পুলস্ত্য বলিলেন। কেশব মহাদেবের বাক্য শ্রবণ করিয়া কহিলেন রুদ্র, ইহার কারণ আছে তোমাকে বলিতেছি আমার সম্মুখে পাপ

যোসৌমমাগ্রতো দিব্যো হ্রদঃ পদ্মোৎপলৈর্যুতঃ।
এষস্তীর্থবরঃ পুণ্যো দেবগন্ধর্ব্ব পূজিতঃ॥
এতস্মিন্ প্রবরেতীর্থে স্নানং শোভন মাচর।
স্নাতমাত্রস্য চা দ্যৈব কপালং পরিমোক্ষ্যতি॥
ততঃ কপালী লোকেশঃ খ্যাতো রুদ্রো ভবিষ্যতি॥

পুলস্ত্য উবাচ।

এমুবক্তঃ সুরেশেন কেশবেন মহাত্মনা।
কপালমোচনে সস্নৌ বেদোক্ত বিধিনামুনে।
স্নাতস্যতীর্থে ত্রিরান্তকস্য
পরিচ্যুতং হস্ততলাৎ কপালং।
নাম্নাবভূবাথ কপালমোচনং
তত্তীর্থবর্য্যং ভগবৎ প্রসাদাৎ॥

ইতি বামনপুরাণে হরললিতে তৃতীয়োধ্যায়ঃ।

অনুবাদ।

কহ্লার সুশোভিত, পরম পবিত্র দেবগন্ধর্ব্বগণ সেবিত, সর্ব্বতীর্থা গ্রগণ্য যে হ্রদ দেখিতেছ এই তীর্থে তুমি অবগাহন কর, তোমার হস্ত হইতে কপালমোচন হইবে। এই পর্য্যন্ত রুদ্রের একটি নাম কপালী হইল। পুলস্ত্য কহিলেন, সুররাজ কেশব, মহেশ্বরকে এই কথা বলিলে মহেশ্বর তৎক্ষণাৎ বেদোক্ত বিধিদ্বারা সেই কপাল-মোচন তীর্থে স্নান করিলেন স্নান মাত্রেই তাহার হস্ত হইতে কপাল মোচন হইল, তদবধি ভগবান কেশবের অনুগ্রহে ঐ তীর্থবর, কপালমোচন নামে বিখ্যাত হইল।

ইতি বামনপুরাণে তৃতীয় অধ্যায়।

চতুর্থোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

এবং কপালী সংজাতো দেবর্ষে ভগবান হরঃ।
অনেন কারণেনাসৌ দক্ষেণ ন নিমন্ত্রিতঃ॥
কপালীজায়েতি সতী বিজ্ঞায়াথ প্রজাপতিঃ।
যজ্ঞেবার্হাপি দুহিতা দক্ষেণ ন নিমন্ত্রিতা॥
এতস্মিন্নন্তরে দেবীং দ্রষ্টুং গৌতমনন্দিনী।
জয়াজগাম শৈলেন্দ্রং মন্দরং চারুকন্দরং॥
তামাগতাং সতী দৃষ্ট্বা জয়ামেকামুবাচ হ।
কিমর্থং বিজয়া নাগা জয়ন্তী চাপরাজিতা॥
সা দেব্যাবচনং শ্রুত্বা উবাচ পরমেশ্বরীং।
গতা নিমন্ত্রিতাঃ সর্ব্বাঃ মখে মাতামহস্য তাঃ॥
সমংপিত্রা গৌতমেন মাত্রাচৈবাপ্যহল্যয়া।
অহং সমাগতাদ্রষ্টুং ত্বাং তত্র গমনোৎসুকাং॥

অনুবাদ।

পুলস্ত্য কহিলেন নারদ, ভগনেত্রহা ! ভগবান শূলপাণি ত্রিলোক মধ্যে কপালী নামে বিখ্যাত হইলেন এই সমস্ত কারণ বশতঃ প্রজাপতি দক্ষ ব্রহ্মহত্যাকারী ! শঙ্করকে জানিয়া শঙ্করের ভার্য্যা সতী এই কারণে সতী নাম্নী কন্যাকে ও মহাদেব শঙ্কর জামাতাকে যজ্ঞে নিমন্ত্রণ করিলেন না। এই সময়ে ঐ মনোহর শৈলশিখরে সতীর আবাসে গৌতমনন্দিনী জয়া সতীকে দেখিবার জন্য সমাগতা হইলে সতী জয়াকে জিজ্ঞাসা করিলেন, কি নিমিত্ত বিজয়া, জয়ন্তী, অপরাজিতা আইসে নাই, জয়া সতীর কথা শুনিয়া বলিল, বিজয়া প্রভৃতি সকলে জনক জননীর সহিত মাতামহের যজ্ঞে নিমন্ত্রণে গিয়াছে, তুমি যজ্ঞে গমন করিবে আমি তোমাকে দেখিতে আসিয়াছি, কি আশ্চর্য্য, তোমার ও

কিং ত্বং ন ব্রজসে তত্র তথা দেবো মহেশ্বরঃ।
নামন্ত্রিতাসি তাতেন তন্তাহোস্বি দ্বক্ষ্যসি॥
গতাস্তু ঋষয়ঃ সর্ব্বে ঋষিপত্ন্যঃ সুরাস্তথা।
মাতৃস্বসঃ শশাঙ্কশ্চ সপত্নীকো গতঃক্রতুং॥
চতুর্দ্দশেষু লোকেষু জন্তবো যে চরাচরাঃ।
নিমন্ত্রিতাঃ ক্রতৌসর্ব্বে কিন্নাসি ত্বং নিমন্ত্রিতা॥

পুলস্ত্য উবাচ।

জয়ায়াস্তদ্বচঃ শ্রুত্বা বজ্রপাত সমংসতী।
মন্যুনাভিপ্লুতা ব্রহ্মন্ পঞ্চত্বমগমত্তদা॥
জয়ামৃতাং সতীংদৃষ্ট্বা ক্রোধ শোক পরিপ্লুতা।
মুঞ্চতি বারিনেত্রাভ্যাং সুস্বরং বিললাপ হ॥
আক্রন্দিত ধ্বনিং শ্রুত্বা শূলপাণি স্ত্রিলোচনঃ।
আঃকিমেত দিতীত্যুক্ত্বা জয়াভ্যাস মুপাগতঃ॥

অনুবাদ।

মহেশ্বরের কি নিমন্ত্রণ হয় নাই, তোমরা কি যাইবে না, সমস্ত ঋষিগণ ও ঋষিপত্নীগণ, অমরগণ, এবং মাতৃস্বসা সকলে চন্দ্রের সহিত যজ্ঞে গমন করিয়াছেন। চতুর্দ্দশ ভুবনে যে সকল প্রাণি আছে সকলেরই নিমন্ত্রণ হইয়াছে। . পুলস্ত্য কহিলেন ব্রাহ্মন্, বজ্রপাত সদৃশ জয়ার এতাদৃশ বাক্য শ্রবণে অতিশয় মর্ম্মদুঃখে দুঃখিত হইয়া সতী কলেবর পরিত্যাগ করিলেন। সহসা সতীর এতাদৃশী ভয়াবহ দুর অবস্থা দর্শনে জয়াক্রোধ ও শোকে আক্রান্তহইয়া মুক্তকণ্ঠে রোদন করতঃ অশ্রু বিসর্জন করিতে লাগিলেন। শঙ্কর শৈলপৃষ্ঠে সহসা রোদনধ্বনি শ্রবণে বিস্মিত হইয়া কি, এ, এ, কি, এই কথা বলিয়া দ্রুতবেগে গমন করতঃ ছিন্ন লতারন্যায় পতিতা

আগতোদদৃশে দেবীং লতামিব বনস্পতেঃ।
কৃত্তাং পরশুনাভূমৌ শ্লথাঙ্গীং পতিতাং সতীং॥
দেবীং নিপতিতাং দৃষ্ট্বা জয়াং পপ্রচ্ছ শঙ্করঃ।
কিমিয়ং পতিতাং ভূমৌ নিকৃত্তেব লতা সতী।
সা শঙ্করবচঃশ্রুত্বা জয়াবচন মব্রবীৎ।
শ্রুত্বামখে স্বা মবজ্ঞাং ভগিন্যঃ পতিভিঃসহ॥
আদিত্যাদ্যা স্ত্রিলোকেশ সমং শক্রাদিভিঃস্নুরৈঃ।
মাতৃস্বসা বিপন্নেয় মন্তর্দ্দুঃখেন দহ্যতী॥

পুলস্ত্য উবাচ।

এতচ্ছ্রুত্বা বচোরৌদ্রং রুদ্রঃ ক্রোধাপ্লুতোবভৌ।
ক্রুদ্ধস্য সর্ব্বগাত্রেভ্যো নিশ্চেরুঃ সহস্রার্চ্চিষঃ।
ততঃ ক্রোধাত্রিনেত্রস্য গাত্ররোমভবান্মুনে।
গণাঃ সিংহমুখা জাতা বীরভদ্র পুরোগমাঃ॥

অনুবাদ।

দেবীকে এবং সম্মুখে জয়াকে উপস্থিত দেখিয়া জিজ্ঞাসা করিলেন ছিন্নলতারন্যায় শৈলপৃষ্ঠে দেবী পতিতা রহিয়াছেন দেবীর এতাদৃশী দুরবস্থা কি নিমিত্ত হইল, শঙ্করের বাক্য শ্রবণ করিয়া জয়া বলিলেন অন্য কিছুই কারণ নাই, বোধ হয় দক্ষপ্রজাপতির যজ্ঞে ভগিনীগণ পতির সহিত এবং আদিত্যাদি লোকপাল গণ, ইন্দ্রপ্রভৃতি অমরগণ নিমন্ত্রণে গিয়াছেন আপনার নিমন্ত্রণ হয় নাই এই কারণে অতিশয় দুঃখে দুঃখিতা হইয়া জীবন বিসর্জ্জন করিয়াছেন। পুলস্ত্য কহিলেন জয়ার এই কথা শ্রবণে রুদ্র অতিশয় ক্রোধে উগ্রমূর্ত্তি ধারণপূর্ব্বক বলিলেন। এবং তৎক্ষণাৎ তাহার গাত্ররোমাবলি হইতে তেজোরাশি বহির্গত হইল সেই তেজোরাশি হইতে মৃগেন্দ্রবদন গণনায়ক স্বগণ পরিবেষ্টিত মহাবীর বীরভদ্র সমুদ্ভূত হইয়া

গণৈঃ পরিবৃতস্তস্মান্মন্দরাদ্ধিমসাহ্বয়ং।
ততঃ কনখনংতস্মাৎ যত্রদক্ষোযজৎক্রতুং॥
ততো গণনামধিপো বীরভদ্রো মহাবলঃ।
দিশিপ্রত্যুত্তরায়াঞ্চতস্থৌ শূলধরোমুনে।
জয়াক্রোধাৎ গদাংগৃহ্য পূর্ব্বদক্ষিণতঃ স্থিতা॥
মধ্যেত্রিশূলভৃচ্ছর্ব্বঃ তস্থৌক্রুদ্ধোমহাক্রতৌ।
মৃগারিবদনংদৃষ্ট্বা দেবাঃশক্র পুরোগমাঃ॥
ঋষয়োযত্রগন্ধর্ব্বাঃ কিমিদং হি ব্যচিন্তয়ৎ।
ততস্তুধনুরাদায় শরা নাশীবিষোপমান্॥
দ্বারপাল স্তদাধর্ম্মো বীরভদ্রমুপাদ্রবৎ।
তমাপতন্তং সহসাধর্ম্মংদৃষ্ট্বা গণেশ্বরঃ॥
করেণৈকেনজগ্রাহ ত্রিশূলং বহ্নিসন্নিভং।

অনুবাদ।

মন্দর পর্ব্বত হইতে হিমালয়ে তথা হইতে দক্ষযজ্ঞে গমন করিলেন, মহাবীর বীরভদ্র হস্তে ভয়ঙ্কর ত্রিশূল ধারণ পূর্ব্বক অতি উগ্রভবেগে উত্তরভাগে দণ্ডায়মান হইল, জয়া অতিরোষে ভয়ঙ্করী গদা হস্তে ধারণ করতঃ শঙ্করের পূর্ব্ব দক্ষিণ ভাগে দণ্ডায়মানা হইলেন মধ্যে, ত্রিশূলপাণি মহাদেব হস্তে ত্রিশূল ধারণ করতঃ সরোষে দক্ষযজ্ঞে গমন করিলেন। ইন্দ্রাদি দেবগণ ও ঋষিগণ গন্ধর্ব্বগণ সকলেই স্বগণ পরিবৃত মৃগেন্দ্রবদন বীরভদ্রকে দেখিয়া সবিস্ময়ে একি, এই কথা বলিয়া চিন্তা করিতে লাগিলেন। দ্বারপাল ধর্ম্ম, বিষধর সদৃশ ধনুঃশর গ্রহণ পূর্ব্বক মহাবীর বীরভদ্রের প্রতি ধাবমান হইলেন, গণনায়ক বীরভদ্র, ধনুর্দ্ধর ধর্ম্মরাজাকে বেগে ধাবমান দেখিয়া একহস্তে জ্বলন্তহুতাশন সদৃশ দেদীপ্যমান ত্রিশূল,

কার্ম্মুকঞ্চ দ্বিতীয়েন তৃতীয়েনাথ মার্দ্দণান্ ॥
চতুর্থেন গদাংগৃহ্য ধর্ম্মমভ্যদ্রবদ্‌গণঃ।
ততশ্চতুর্ভুজং দৃষ্ট্বা ধর্ম্মরাজোগণেশ্বরং ॥
তাস্থাবষ্টভুজোভূত্বা নানাযুধ ধরোব্যয়ঃ।
খড়্গচর্ম্মগদাপ্রাস পরশ্বধবরাঙ্কুশৈঃ ॥
চাপমার্গণভৃৎস্থৌ হন্তুকামোগণেশ্বরং।
গণেশ্বরোপিসংক্রুদ্ধোহন্তুংধর্ম্মং সনাতনং ॥
ববর্ষমার্গণাংস্তীক্ষ্নান্ যথা প্রাবৃষিতোয়দঃ।
তাবন্যোন্যং মহাত্মানৌ শরচাপধরৌমুনে ॥
রুধিরারুণ সিক্তাঙ্গৌ কিংশুকাবিবরেজতু।
ততোবরাস্ত্রৈ র্গণনায়কেন জিতঃ সধর্ম্মস্তরসাপ্রগৃহ্য ॥
পরাঙ্মুখোভূদ্বিমনামুনীন্দ্র স বীরভদ্রঃ প্রবিবেশযজ্ঞং

অনুবাদ।

দ্বিতীয় হস্তে ধনুঃ, তৃতীয় হস্তে মার্দ্দণ, চতুর্থ হস্তে গদা গ্রহণ করতঃ দ্বারপাল ধর্ম্মরাজের প্রতি ধাবমান হইলেন। ধর্ম্মরাজ, মহাবীর চতুর্ভুজ গণনায়কে দেখিয়া অষ্ট হস্তে বিবিধ অস্ত্র শস্ত্র গ্রহণ পূর্ব্বক তাঁহার এক হস্তে খড়্গ, দ্বিতীয় হস্তে চর্ম্ম, তৃতীয় হস্তে গদা চতুর্থ হস্তে প্রাস, পঞ্চম হস্তে পরশু, ষষ্ঠ হস্তে অঙ্কুশ, সপ্তম হস্তে ধনুঃ অষ্টম হস্তে মার্দ্দণ এবং সরোষে গণনায়ককে বিনাশ করিতে বেগে ধাবমান হইলেন। গণেশ্বর অতি ক্রোধে বর্ষা-কালীন বারিবর্ষণ সদৃশ শানিত শরবর্ষণ করিতে লাগি-লেন। মহাবল পরাক্রান্ত দুই বীরপুরুষে পরস্পর বিবিধ অস্ত্র বর্ষণ করতঃ শোণিতাক্ত কলেবরে বিকশিত কিংশুক কুসুমের ন্যায় শোভমান হইলেন। পরে গণনায়ক বীরভদ্র শানিতাস্ত্র বর্ষণ করতঃ ধর্ম্মরাজকে পরাজয় করিয়া বেগে যজ্ঞভূমিতে

যজ্ঞবাটং প্রবিষ্টন্তু বীরভদ্রং গণেশ্বরং ॥
দৃষ্ট্বা তু সহসা দেবা উত্তস্থুঃ সায়ুধা মুনে।
বসবোঽষ্টৌ মহাভাগা গ্রহানব সুদরুণাঃ ॥
ইন্দ্রাদ্যা দ্বাদশাদিত্যা রুদ্রাস্ত্বেকাদশৈব তু।
বিশ্বেদেবাশ্চ সাধ্যাশ্চ সিদ্ধগন্ধর্ব্বপন্নগাঃ ॥
যক্ষাঃ কিংপুরুষাশ্চৈব খগাশ্চক্রধরাস্তথা।
রাজা বৈবস্বতাদ্বংশাৎ ধর্ম্মকীর্ত্তিরিতি শ্রুতঃ ॥
সোমবংশোদ্ভবাশ্চান্যে ভোজকীর্ত্তির্মহাভুজঃ।
দিতিজা দানবাশ্চান্যে যেঽন্যে তত্র সমাগতাঃ ॥
তে সর্ব্বেঽপ্যদ্রবন্ রৌদ্রং বীরভদ্রমুদায়ুধাঃ।
তানাপতত এবাশু চাপবাণধরো গণঃ ॥
অভিদুদ্রাব বেগেন সর্ব্বানেব শরোৎকরৈঃ।

অনুবাদ।

গমন করিলেন। ধর্ম্মরাজ পরাজিত হইয়া উদ্বিগ্নচিত্তে গমন করিলেন। যজ্ঞভূমিতে গণবেষ্টিত মহাবীর বীরভদ্রকে দেখিয়া অষ্টাবসু, গ্রহগণ, ইন্দ্রাদিনির্জ্জরগণ, দ্বাদশ আদিত্য, একাদশ রুদ্র, বিশ্বেদেব, সাধ্যগণ, সিদ্ধগণ, গন্ধর্ব্বগণ, পন্নগগণ, যক্ষগণ, কিম্পুরুষগণ, চক্রধর প্রভৃতি পক্ষিগণ, বৈবস্বত মনুর বংশসম্ভূত রাজা ধর্ম্মকীর্ত্তি, চন্দ্রবংশসম্ভূত রাজা সকল, উগ্রবংশীয় রাজা, ভোজবংশীয় মহাবল পরাক্রান্ত রাজা সকল, দানবগণ, এবং যজ্ঞভূমিতে যে সকল প্রাণিগণ উপস্থিত ছিল সকলেই বীরভদ্রের প্রতিধাবমান হইল। অমর, কিন্নর, যক্ষ, রক্ষ, গন্ধর্ব্ব, দানব সকলেই বিবিধায়ুধ গ্রহণ পূর্ব্বক বেগে ধাবিত হইতে দেখিয়া গণেশ্বর মহাবীর চাপ গ্রহণ পূর্ব্বক তাহাদিগকে শরনিকরে সমাচ্ছন্ন করিলেন

তেশস্ত্রবর্ষমতুলং গণেশায় সমুৎসৃজন্ ॥
গণেশোঽপি বরাস্ত্রৈস্তান্ চিচ্ছেদ চ বিভেদ চ।
শরৈঃ শস্ত্রৈশ্চ সততং বধ্যমানা মহাত্মনা ॥
বীরভদ্রেণ দেবাদ্যাস্ত্বহ্বায় মশঙ্কবন্।
ততো বিবেশ গণপো যজ্ঞমধ্যং সুবিস্তৃতং ॥
জুহ্বানা ঋষয়ো যত্র হবীংষি প্রাক্তিজন্মকে।
ততো মহর্ষয়ো দৃষ্ট্বা মৃগেন্দ্রবদনং গণং ॥
ভীতাহোত্রং পরিত্যজ্য জগ্মুঃ শরণমচ্যুতং।
তানার্ত্তাং শ্চক্রভৃদ্দৃষ্ট্বা মহর্ষীংস্ত্রস্তমানসান্ ॥
নভেতব্য মিতীত্যুক্ত্বা সমুত্তস্থৌ বরায়ুধঃ।
সমানম্য ততঃ শার্ঙ্গং শরানগ্নি শিখোপমান্ ॥

অনুবাদ।

পরে দেবগণ, গণেশ্বরের প্রতি বিবিধাস্ত্র নিক্ষেপ করিলে মহাবীর বীরভদ্র, তীক্ষ্ণাস্ত্রদ্বারা দেবগণের অস্ত্র নিবারণ করিয়া তাহাদিগের সকলের বিদ্ধ করিলেন। দেবগণ, বীরভদ্রকে পরাজয় করা অসাধ্য বিবেচনা করিয়া পলায়ন করিলেন। পরে গণেশ্বর অতি বিস্তৃত যজ্ঞমধ্যে যে স্থানে ঋষিগণ মন্ত্রোচ্চারণ পূর্ব্বক জাতবেদমুখে আহুতি প্রদান করিতেছেন সেই স্থানে প্রবেশ করিলেন ঋষিগণ, মৃগেন্দ্রবদন গণনায়কে দেখিয়া সভয়ে আহুতি পরিত্যাগ করতঃ ভগবান বৈকুণ্ঠনাথের শরণাগত হইলেন। ভগবান্ চক্রধারী হৃষীকেশ, ঋষিগণকে অতিশয় কাতর এবং উদ্বিগ্নচিত্ত দেখিয়া 'তোমাদিগের ভয় নাই' এই কথা বলিয়া অস্ত্রধারণ পূর্ব্বক সরোষে গাত্রোত্থান করিলেন। এবং তৎক্ষণাৎ শার্ঙ্গধনুতে জ্যারোপন করতঃ প্রজ্বলিত হুতাশন সদৃশ তীক্ষ্ণবাণ সকল বীরভদ্রের

মুমোচ বীরভদ্রায় কায়াবরণদারণান্ ।
তে তস্য কায়মাসাদ্য অমোঘাবৈ হরেঃ শরাঃ ॥
নিপেতুর্ভুবি ভগ্নাশা নাস্তিকাদিব যাচকাঃ ।
শরাংস্ত্বমোঘান্মোঘত্ব মাপন্নান্ বীক্ষ্য কেশবঃ ॥
দিব্যৈরস্ত্রৈর্বীরভদ্রং প্রচ্ছাদয়িতুমুদ্যতঃ ।
তানস্ত্রান্ বাসুদেবেন প্রক্ষিপ্তান্ গণনায়কঃ ॥
বারয়ামাস শূলেন গদয়া মার্গণৈস্তথা ।
দৃষ্ট্বা বিপন্নান্যস্ত্রাণি গদাং চিক্ষেপ মাধবঃ ॥
শূলেন স সমাহত্য পাতয়ামাস ভূতলে ।
তাং গদাং বিফলাং দৃষ্ট্বা লাঙ্গলং প্রাক্ষিপদ্ধরিঃ ॥
লাঙ্গলঙ্গণেশোপি গদয়া প্রত্যবারয়ৎ ।

অনুবাদ।

প্রতি নিক্ষেপ করিয়া তাহার বর্ম্মভেদ করিলেন। কিন্তু বীরভদ্রের কলেবরে চক্রপাণিনিক্ষিপ্ত অমোঘ নারাচ সকল নাস্তিকের নিকট যাচকের যাদৃশ ভগ্নাভিপ্রায় হয় তাদৃশ বিফল হইয়া অবনীতলে পতিত হইল। শার্ঙ্গপাণি কেশব, অমোঘ বাণ সকল ব্যর্থ দেখিয়া শাণিতাস্ত্র দ্বারা বীরভদ্রকে সমাচ্ছন্ন করিতে উদ্যত হইলেন। বীরভদ্র ত্রিশূল, গদা, বিশিখ দ্বারা বাসুদেবের অস্ত্র সকল নিবারণ করিলেন ভগবান্ কেশব, সেই অস্ত্র সকল বিফল দেখিয়া বীরভদ্রের প্রতি গদা নিক্ষেপ করিলেন, গণনায়ক বীরভদ্র, ত্রিশূলাঘাতে ঐ গদাকে ভূমিতলে পাতিত করিলেন। গদা বিফল দেখিয়া হলায়ুধ লাঙ্গল ও মুষল বীরভদ্রের প্রতি নিক্ষেপ করিলেন। বীরভদ্র অবিলম্বে গদাঘাতে লাঙ্গল

মুষলং সংহতং দৃষ্ট্বা লাঙ্গলঞ্চ নিবারিতং।
বীরভদ্রায় চিক্ষেপ চক্রং ক্রোধাৎ খগধ্বজঃ॥
তমাপতন্তং শতসূর্য্য সন্নিভং
সুদর্শনং বীরগণেশ্বরস্তু।
শূলং পরিত্যজ্য জহার চক্রং
যথা মধুং মীনবপুঃ সুরেন্দ্রঃ।
চক্রে নিগীর্ণে গণনায়কেন
ক্রোধাভিরক্তোগিস্ত চারুনেত্রঃ॥
মুরারিরভ্যেত্য গণাধিপেন্দ্র-
মুৎক্ষিপ্য বেগাদ্ভুবি নিষ্পিপেষ।
হরির্বাহূরু বেগেন নিষ্পিষ্টস্তু ভূতলে॥
সহিতং রুধিরোদ্গারৈ মুর্খাচ্চক্রং বিনির্গতং।
ততোনিঃসৃতমালোক্য চক্রং কৈটভনাশনঃ।

অনুবাদ।

ও মুষল নিবারণ করিলেন। তৎপরে খগেন্দ্রবাহন ভগবান লাঙ্গল ও মুষল সংহত দেখিয়া ক্রোধভরে ভয়ঙ্কর চক্র নিক্ষেপ করিলেন। ঐ সুদর্শনচক্র শতসূর্য্য সদৃশ দেদীপ্যমান হইয়া আসিতেছে দেখিয়া গণনায়ক বীরভদ্র, ত্রিশূলাঘাতে মীনরূপী ভগবান যাদৃশ মধুনামা দৈত্যকে সংহার করিয়াছিলেন তাদৃশ ঐ চক্র, সংহার করিলেন, চক্র বিফল হইল দেখিয়া ভগবান মুরারি শ্রীকৃষ্ণ, অতি-ক্রোধে রক্তাক্তলোচনে বেগে লম্ফ প্রদান পূর্ব্বক গণেশ্বরকে ধারণ করিয়া মহীতলে পাতিত করিলেন এবং বাহু উরু দ্বারা ভূমিতলে অতিশয় পেষণ করিলেন। পরস্পর মল্লযুদ্ধে বিমর্দ্দিত হইলে বীরভদ্রের বদন হইতে রুধির নির্গত হইতে লাগিল এবং ঐ রুধিরের সহিত একচক্র বহির্গত হইল, কৈটভারি ভগবান,

সমাদায় হৃষীকেশো বীরভদ্রং মুমোচহ ॥
হৃষীকেশেন মুক্তস্তু বীরভদ্রো জটাধরং।
গত্বা নিবেদয়ামাস বাসুদেবাৎ পরাজয়ং ॥
ততো জটাধরোদৃষ্ট্বা গণেন্দ্রং শোণিতাপ্লুতং।
নিঃশ্বসন্তং যথা নাগং ক্রোধঞ্চক্রে তদাব্যয়ঃ।
ততঃ ক্রোধাভিভূতেন বীরভদ্রোঽথশম্ভুনা ॥
পূর্ব্বোদ্দিষ্টে তথাস্থানে সায়ুধস্তু নিবেশিতঃ।
বীরভদ্রমথাদিশ্য ভদ্রকালীঞ্চ শঙ্করঃ ॥
বিবেশ ক্রোধতাম্রাক্ষো যজ্ঞবাটস্ত্রিশূলভৃৎ।
ততস্তু দেবপ্রবরে জটাধরে
ত্রিশূলপাণৌ ত্রিপুরান্তকারিণি ॥
দক্ষস্য যজ্ঞং বিশতি ক্ষয়ংকরে
জাতোমুনীনাং প্রবরোহি সাধ্বসঃ।

ইতি বামনপুরাণে হরললিতে পারমহংস্য সংহিতায়াং বৈয়াসিক্যাং গণোৎপত্তির্নাম চতুর্থোঽধ্যায়ঃ।

অনুবাদ।

তৎক্ষণাৎ ঐচক্র গ্রহণ করিয়া বীরভদ্রের প্রতি নিক্ষেপ করিলেন বীরভদ্র, চক্র সমাগত দেখিয়া জটাধারী রুদ্রের নিকট গমন করিয়া বলিল, আমি বাসুদেবের নিকট পরাজিত হইয়াছি, জটাধারী, গণ নায়ককে শোণিতাক্ত কলেবর দেখিয়া কালভুজঙ্গের ন্যায় নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক অতিশয় ক্রোধ করিলেন। পরে অতিশয় ক্রুদ্ধ কলেবর জটাধারী রুদ্র এবং বীরভদ্র উভয়ে অস্ত্রধারণ পূর্ব্বক সংগ্রাম স্থলে উপস্থিত হইলেন। অনন্তর ত্রিশূলপাণি ভগবান অতিশয় ক্রোধদৃষ্টে আরক্তলোচনে বীরভদ্র এবং ভদ্রকালীকে বলিলেন তোমরা যজ্ঞস্থানে প্রবেশ কর এই কথা বলিয়া দেবাদিদেব ত্রিশূলপাণি ভগবান জটাধর, দক্ষযজ্ঞ বিনাশ করিতে উদ্যত হইলে মুনিগণের শঙ্কা হইতে লাগিল।

ইতি বামনপুরাণে চতুর্থোধ্যায়ঃ।

পঞ্চমোঽধ্যায়ঃ।

জটাধরং হরির্দৃষ্ট্বা ক্রোধাদারক্তলোচনং।
তস্মাৎ স্থানাদপাক্রম্য কুব্জাম্রেন্তর্হিতঃ স্থিতঃ॥
বসবোষ্টৌ হরির্দৃষ্ট্বা স জগ্মুর্বেগতোমুনে।
সা তু জাতা সরিৎ শ্রেষ্ঠাসীতানাম সরিদ্বতী॥
একাদশ তথারুদ্রা স্ত্রিনেত্রা বৃষকেতনাঃ।
কান্দিশীং কালয়ংজগ্মুঃ সমভ্যেত্যেব শঙ্করং॥
বিশ্বেশ্বিনৌচ সাধ্যাশ্চ মারুতো নলভাস্করাঃ।
সমাসাদ্য পুরোড়াশং ভক্ষয়ন্তো মহামুনে॥
চন্দ্রঃ সমমৃক্ষগণৈর্নিশাংসমুপদর্শয়ন্।
উৎপাত্যারুহ্যগগণং স্বমধিষ্ঠান মাস্থিতঃ॥
কশ্যপাদ্যাশ্চ মুনয়ো জপন্তঃ শতরুদ্রীয়ং।
কৃতাঞ্জলি পুটোভূত্বা প্রণতাঃ সংস্থিতামুনে।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। ভগবান্ বৈকুণ্ঠনাথ ক্রোধে রক্তাক্তলোচনে সংগ্রামস্থলে বীরভদ্রকে দেখিয়া তথা হইতে প্রত্যাবর্ত্তন করতঃ ক্রমে অদৃশ্য হইলেন। অষ্টাবসু, গণনায়ককে অবলোকন করিয়া অতি-বেগে পলায়ন পূর্ব্বক সীতানামে স্রোতস্বতী নদীরূপ ধারণ করিলেন। ত্রিনেত্র বৃষভধ্বজ রুদ্রগণ, শঙ্করকে অবলোকন করিয়া আত্মাভিমুখে গমন করিলেন। বিশ্বেদেব, অশ্বিনীকুমারদ্বয়, সাধ্যগণ, মরুৎগণ, এবং আদিত্যগণ যজ্ঞে হবণীয় হব্য ভোজন করতঃ পলায়ন করিলেন। নিশাপতি চন্দ্র, নক্ষত্রগণের সহিত আকাশ-মার্গে আরোহন পূর্ব্বক স্বস্থানে অবস্থিতি করিলেন। কশ্যপ প্রভৃতি তাপসগণ শতরুদ্রীয় মন্ত্র জপ করতঃ কৃতাঞ্জলিপুটে

অসকৃৎ দক্ষদয়িতা দৃষ্ট্বা রুদ্রং বলাধিকং ॥
শক্রাদীনাং সুরেশানাং করুণং বিললাপহ।
ততঃ ক্রোধাভিভূতেন শঙ্করেণ মহাত্মনা ॥
করপ্রহারৈ রমরা বহবো বিনিপাতিতাঃ।
পাদপ্রহারৈরপরে ত্রিশূলেনাপরে মুনে।
দৃষ্ট্যগ্নিনা তথৈবান্যে দেবাদ্যাঃ প্রলয়ীগতাঃ ॥
ততঃ পূষা হরং বীক্ষ্য বিনিঘ্নন্তং সুরাসুরান্।
ক্রোধাৎ বাহুপ্রসর্য্যাথ প্রদুদ্রাব মহেশ্বরং।
তমাপতন্তং ভগবান্ সন্নিরীক্ষ্য মহেশ্বরঃ।
বাহুভ্যাং প্রতিজগ্রাহ করেণৈকেন শঙ্করঃ।
করাভ্যাং প্রগ্রহীতস্য শম্ভুনাংশুমতোপি হি।
করাঙ্গুলীভ্যো নিশ্চেরু রহগ্ধারাঃ সমন্ততঃ।

অনুবাদ।

দণ্ডায়মান হইলেন। দক্ষবনিতা বারম্বার গণবেষ্টিত রুদ্রকে দর্শন করিয়া ইন্দ্রাদিদেবগণের নাম কীর্ত্তন করতঃ করুণস্বরে বিলাপ করিতে লাগিলেন। অনন্তর দেবাদিদেব শঙ্কর, অতিশয় ক্রোধে করপ্রহার দ্বারা বহুতর অমরগণের প্রাণসংহার করিলেন। তদ্প্রহারে ও ত্রিশূলাঘাতে কাহার জীবন বিনাশ করিলেন, দর্শনমাত্রে কাহাকেও বা ভস্মীভূত করিলেন। অনন্তর দিবাকর, ত্রিপুরান্তকারীকে অবলোকন করিয়া অতি ক্রোধে সুরাসুর বিনাশ করতঃ হস্তপ্রসারণপূর্ব্বক শঙ্করের প্রতি ধাবমান হইলেন। শঙ্কর দিবাকরকে যুদ্ধার্থ সমাগত দেখিয়া একহস্ত দ্বারা তাঁহার হস্তদ্বয় গ্রহণ করিয়া আকর্ষণ করিলেন, তাহাতে তাঁহার হস্তদ্বয়ের অঙ্গুলি হইতে শোণিতধারা পতিত হইতে লাগিল। পুনর্ব্বার শঙ্কর দিবাকরকে

ততো বেগেন মহতা গৃহীত্বা তং দিবাকরং।
ভ্রাময়ামাস সততং সিংহঃ শিশুমৃগং যথা॥
ভ্রমিতস্যাতি বেগেন নারদাংশুমতোপিহি।
ভুজৌ হ্রস্বত্ব মাপন্নৌ ত্রুটিত স্নায়ুবন্ধনৌ।
রুধিরারুণসর্ব্বাঙ্গ মশুমন্তং মহেশ্বরঃ।
সন্নিবীক্ষ্যাৎ সসর্জ্জেন মন্যতো দ্বিজগামহ।
ততস্তুপূষাবিহসন্ দশনানি ব্যদর্শয়ন্।
প্রোবাচেহ্যেহি কাপালীন্ পুনঃ পুনঃ রথেশ্বরং।
ততঃ ক্রোধাভি ভূতেন পূষ্টো বেগেন শম্ভুনা।
মুষ্টিনাহত্য দশনাঃ পাতিতা ধরণীতলে।
ভগ্নদন্ত স্তথা পূষা শোণিতা ভিপ্লুতাননঃ।
পপাত ভুবিনিঃসংজ্ঞো বজ্রাহত ইবাচলঃ।

অনুবাদ।

ধারণ করিয়া অতিবেগে সিংহ যেরূপ মৃগশিশুকে ধারণ করিয়া ঘূর্ণিত করিয়া থাকে তাদৃশ ঘূর্ণায়মান করিতে লাগিলেন। শঙ্কর দিবাকরকে অতিবেগে ঘূর্ণিত করিলে তাঁহার হস্তদ্বয়ের শিরা সকল ছিন্ন হইয়া শোণিতাক্ত কলেবর হইল, তদ্দৃষ্টে তাহাকে পরিত্যাগপূর্ব্বক অন্যান্য যোদ্ধৃগণের প্রতি ধাবমান হইলেন। অনন্তর দিবাকর শঙ্করের প্রতি অবলোকন পূর্ব্বক হাস্য করিয়া মহেশ্বরকে বারম্বার বলিলেন কপালী তুমি পুনর্ব্বার আমার সহিত যুদ্ধার্থ সমাগত হও দিবাকর মহেশ্বরকে এই কথা বলাতে তাঁহার দন্তপংক্তি বহির্গত হইল। তদ্দৃষ্টে মহেশ্বর সক্রোধে মুষ্ট্যাঘাত দ্বারা তাঁহার দশনপঙ্ক্তি ভগ্ন করিয়া ফেলিলেন। দিবাকর ভগ্নদন্ত ও শোণিতাক্ত কলেবর নিঃসংজ্ঞ হইয়া বজ্রাহত অচলের ন্যায় পতিত হইলেন। ভগ্নদন্ত

ভগোপিবীক্ষ্যপতিতং পূষাণং রুধিরোক্ষিতং।
নেত্রাভ্যাং ঘোর রূপাভ্যাং বৃষভধ্বজ মৈক্ষত।
ত্রিপুরঘ্নস্ততঃ ক্রুদ্ধস্তলেনাহত্যচক্ষুষী।
নিপাতয়ামাস ভুবি ক্ষোভয়ন্ সর্ব্বদেবতাঃ।
ততোদিবাকরাঃ সর্ব্বে পুরস্কৃত্য শতক্রতুং।
মরুদ্ভিশ্চ হুতাশৈশ্চ ভয়াজ্জগ্মুর্দ্দিশোদশ।
প্রতিযাতেষু দেবেষু প্রহ্লাদাদ্যাঃ দিতীশ্বরাঃ।
নমস্কৃত্য ততঃ শম্ভুং তস্থুঃ প্রাঞ্জলয়োমুনে।
ততস্তু যজ্ঞবাটন্তু শঙ্করো ঘোর চক্ষুষা।
দদর্শ দগ্ধুং কোপেন সর্ব্বাংশ্চৈব সুরাসুরান্।
ততো লিলিম্পিরে বীরাঃ প্রণেমু র্দ্রুবুস্তথা।
ভয়াদন্যে হরং দৃষ্ট্বা গতা বৈবস্বতক্ষয়ং।

অনুবাদ।

পূষাকে শোণিতাক্ত কলেবরে পতিত হইতে দেখিয়া ভগ, অতিশয় ক্রোধদৃষ্টি দ্বারা বারম্বার বৃষভধ্বজকে অবলোকন করিতে লাগিল। ত্রিপুরান্তকারী মহাদেব ক্রোধভরে চপেটাঘাতে ভগনামধারী দিবাকরের নয়নদ্বয় বিনষ্ট করিয়া যুদ্ধার্থ সমাগত দেবগণকে বিক্ষোভিত করিলেন। পরে অন্যান্য দিবাকরগণ অতিশয় ভীত হইয়া সুররাজকে অগ্রে লইয়া মরুৎগণ ও অনলগণের সহিত দশদিকে ধাবমান হইলেন। দেবগণ ভয়ে পলায়ন করিলে প্রহ্লাদ প্রভৃতি দানবগণ শঙ্করকে নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইলেন। তদন্তর শঙ্কর যজ্ঞস্থানে গমনপূর্ব্বক অতিশয় ক্রোধভরে সুরাসুরজগৎ দগ্ধ করিবার ন্যায় ভয়ঙ্কর দৃষ্টিনিক্ষেপ করিতেলাগিলেন। তখন বীরগণ ভয়ে শঙ্করকে নমস্কার করিয়া পলায়ন করিতে লাগিল। অন্যান্য বীরগণ শঙ্করকে দেখিয়া ভয়ে যমসদনে

ত্রয়োগ্নয় স্ত্রিভি র্নেত্রৈঃ দুঃসমং সমবৈক্ষত।
দৃষ্টমাত্রা ত্রিনেত্রেণ ভস্মীভূতা ভবৎক্ষণাৎ।
অগ্নৌ প্রণষ্টে যজ্ঞোপি ভূত্বা দিব্যবপুর্ম্মৃগঃ।
দুদ্রাব বিক্লবগাতৈর্দ্দক্ষিণাসহিতোম্বরে।
তমেবানুসসারেশশ্চাপমানম্য বেগবান্।
শরং পাশুপতং ধৃত্বা কালরূপী মহেশ্বরঃ।
অর্দ্ধেন যজ্ঞবাটান্তে জটাধর ইতিশ্রুতঃ।
অর্দ্ধেন গগণে শর্ব্বঃ কালরূপীচ কথ্যতে।

পুলস্ত্য উবাচ।

স্বরূপং ত্রিপুরঘ্নস্য গদিষ্যে কালরূপিণঃ।
যেনাম্বরং মুনিশ্রেষ্ঠ ব্যাপ্তং লোকহিতেচ্ছুনা॥

অনুবাদ।

গমন করিল। অনলগণ ত্রিনেত্রদ্বারা শঙ্করকে অবলোকন করিয়া আপনাদিগের দুঃসময় চিন্তা করতঃ গমন করিতে করিতে শঙ্করের দৃষ্টিপথে পতিত হইয়া তৎক্ষণাৎ ভস্মীভূত হইল। অনলগণ বিনষ্ট হইলে, যজ্ঞপুরুষ অপূর্ব্ব মৃগরূপ ধারণ করতঃ লম্ফ-প্রদান পূর্ব্বক দক্ষিণার সহিত আকাশমার্গে উত্থিত হইয়া পলায়ন করিলেন। মহেশ্বর কালরূপ ধারণ পূর্ব্বক ধনুতে জ্যারোপণ করতঃ পাশুপত অস্ত্র সংযোজিত করিয়া তাহার পশ্চাৎ ধাবমান হইলেন। তাঁহার কলেবর দুই অংশে বিভক্ত হইল। অর্দ্ধকলেবর যজ্ঞভূমিতে জটাধরমূর্ত্তি ধারণকরতঃ দক্ষযজ্ঞ বিনাশ করিলেন। অপরার্দ্ধ কলেবর কালরূপ ধারণ পূর্ব্বক গগনমার্গে অবস্থিতি করিলেন। পুলস্ত্যবলিলেন, ত্রিপুরান্তকারী মহেশ্বর লোকহিতার্থে কালরূপ ধারণ পূর্ব্বক যেরূপে গগনমার্গে অবস্থিতি করিয়া-ছিলেন তদ্বিষয় আমি সবিশেষ কীর্ত্তন করিব। অশ্বিনী, ভরণী,

যত্রাশ্বিনীচ ভরণী কৃত্তিকাদ্যা স্তথাংশকাঃ।
মেষরাশিঃ কুজক্ষেত্রং তচ্ছিরঃ কালরূপিণঃ।
আগ্নেয়াংশা স্ত্রয়োব্রহ্মন্ প্রাজাপত্যং কবে গৃহং।
সৌম্যার্দ্ধং বৃষনামেদং বদনম্পরিকীর্ত্তিতং।
মৃগার্দ্ধমার্দ্রাদিত্যাং শাস্ত্রয়ঃ সৌম্যগ্রহং ত্বিদং।
মিথুনংভুজয়োস্তস্যগগণস্থস্য শূলিনঃ॥
আদিত্যাংশশ্চ পুষ্যাচ অশ্লেষা শশিনোগৃহম্।
রাশিঃ কর্কটকোনাম পার্শ্বে মখবিনাশিনঃ॥
পিত্র্যর্ক্ষং ভগদৈবত্যং উত্তরাংশশ্চ কেশরী।
সূর্য্যক্ষেত্রং বিভোব্রহ্মন্ হৃদয়ং পরিগীয়তে॥
উত্তরাংশস্ত্রয়ঃ পাণিশ্চিত্রার্দ্ধং কন্যকাহ্বয়ম্।
সোমপুত্রস্য সদ্মৈতৎ দ্বিতীয়ং জঠরং বিভোঃ॥
চিত্রাংশদ্বিতীয়ং স্বাতী বিশাখাংয়াস্ত্রয়াংশকা।
দ্বিতীয়ং শুক্রসদনং তুলানাভিরুদাহৃতা॥

অনুবাদ।

কৃত্তিকার একপাদ মেষরাশি, মঙ্গলের গৃহ, এই রাশি কালরূপী মহেশ্বরের মস্তক। কৃত্তিকার তিনপাদ, রোহিণী এবং মৃগশিরার পূর্ব্বার্দ্ধ বৃষরাশি, শুক্রাচার্য্যের গৃহ, শঙ্করের বদন। মৃগশিরার অপরার্দ্ধ আর্দ্রা, পুনর্ব্বসু নক্ষত্রের তিনপাদ মিথুনরাশি চন্দ্রাত্মজের গৃহ, মহেশ্বরের বাহুযুগল। পুনর্ব্বসুর একপাদ পুষ্যা এবং অশ্লেষানক্ষত্র সম্পূর্ণ কর্কটরাশি চন্দ্রের গৃহ, মখবিনাশী মহেশ্বরের পার্শ্বদ্বয়। মঘা পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনীর একচরণ সিংহরাশি, সূর্য্যের গৃহ শঙ্করের হৃদয়। উত্তরফল্গুনীর তিনচরণ হস্তা ও চিত্রার অর্দ্ধভাগ কন্যারাশি বুধের ক্ষেত্র, কালরূপী মহেশ্বরের জঠর। চিত্রার অপরার্দ্ধ স্বাতী এবং, বিশাখার তিনপাদ তুলারাশি দানবাচার্য্যের

বিশাখাং শমনুরাধা জ্যেষ্ঠাভৌম গৃহং দ্বিদম্।
দ্বিতীয়ং বৃশ্চিকোরাশি মেঢ্রং কাল স্বরূপিণঃ॥
মূলং পূর্ব্বোত্তরাং শঙ্ক দেবাচার্য্যগৃহং ধনুঃ।
উরুযুগল মীশস্য চাপরার্দ্ধং প্রগীয়তে॥
উত্তরাংশাস্ত্রয়ো প্যৃক্ষং শ্রবণা মকরোমুনে।
ধনিষ্ঠার্দ্ধং শনেঃ ক্ষেত্রং জঘনং পরমেষ্ঠিনঃ॥
ধনিষ্ঠার্দ্ধং শতভিষা প্রোষ্ঠপদ্যাং শকত্রয়ম্।
শৌরেঃ সদ্মাপরমিদং কুম্ভোজঙ্ঘেচ বিশ্রুতঃ॥
প্রোষ্ঠপদ্যাংশমেকন্তু উত্তরা রেবতী তথা।
দ্বিতীয়ং জীবসদনং মীনস্তু চরণাবুভৌ॥

এবং কৃত্বা কালরূপং ত্রিনেত্রোয়জ্ঞং কোপান্মার্গণৈ রাজঘান।
বিতুশ্চাসৌ বেদনা বুদ্ধিযুক্তঃ খে সন্তস্থৌতারকাভির্শ্চিতাঙ্গঃ॥

অনুবাদ।

ক্ষেত্র শঙ্করের নাভি। বিশাখার একচরণ অনুরাধা এবং জ্যেষ্ঠানক্ষত্র সম্পূর্ণ বৃশ্চিকরাশি মঙ্গলের গৃহ, কালরূপী শঙ্করের মেঢ্র। মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ার একচরণ ধনুরাশি, বৃহস্পতির ক্ষেত্র, শঙ্করের উরুযুগল। উত্তরাষাঢ়ার তিনচরণ শ্রবণা ও ধনিষ্ঠার পূর্ব্বার্দ্ধ মকররাশি, শনির ক্ষেত্র ভগবানের জঘনদেশ। ধনিষ্ঠার অপরার্দ্ধ শতভিষা পূর্ব্বভাদ্রপদনক্ষত্রের তিনচরণ কুম্ভরাশি শঙ্করের জঙ্ঘা। পূর্ব্বভাদ্রপদের একচরণ উত্তরভাদ্রপদ ও রেবতীনক্ষত্র মীনরাশি বৃহস্পতির দ্বিতীয় গৃহ এই রাশি কালরূপী মহেশ্বরের চরণদ্বয়। এইরূপে ত্রিনেত্র ভগবান রুদ্র কালরূপ ধারণ করিয়া সাতিশয় ক্রোধে অস্ত্রশস্ত্র দ্বারা দক্ষযজ্ঞ বিনাশ করতঃ লোকহিতার্থে তারকা কল্পিত কলেবর ধারণ পূর্ব্বক আকাশমার্গে অবস্থিতি করিয়াছিলেন।

নারদ উবাচ।

রাশয়োগদিতা ব্রহ্মন্ ত্বয়াদ্বাদশবৈমুনেঃ।
তেষাং বিশেষতোব্রূহি লক্ষণানি স্বরূপতঃ॥

পুলস্ত্য উবাচ।

স্বরূপং তববক্ষ্যামি রাশীনাং শৃণুনারদ।
যাদৃশায়ত্র সঞ্চারা যস্মিনস্থানে বসন্তি চ॥
নরশার্দ্দূল সংচ্ছন্ন বসুধায়াঞ্চ সর্ব্বশঃ।
নিত্যং চরন্তি খলেষু সরসাং পুলিনেষু চ।
মেষঃ সমান মূর্ত্তিশ্চ অজাবিকধনাদিষু।
সঞ্চারস্থান মেবাস্য ধান্য রত্নাকরাদিষু॥
বৃষঃ সদৃশরূপোপি চরতে গোকুলাদিষু।
তস্যাধিবাস ভূমিস্তু কৃষীবল ধরাশ্রয়ঃ॥
স্ত্রীপুংসয়োঃ সমংরূপং শয্যাসন পরিগ্রহঃ।
বীণানিনাদং মিথুনং গীতি নর্ত্তক শিল্পিষু॥

অনুবাদ।

নারদ বলিলেন। ব্রহ্মন্ আপনি দ্বাদশরাশি বলিলেন কিন্তু রাশিদিগের বিশেষ বিশেষ লক্ষণ স্বরূপ বর্ণনা করিলে পরম সন্তোষলাভ করি। পুলস্ত্য বলিলেন। নারদ আমি দ্বাদশ রাশির স্বরূপ বলিতেছি তুমি শ্রবণ কর। হে নরশার্দ্দূল রাশিসকল এই অবনী মধ্যে যেরূপে গমনাগমন করে এবং যে যে স্থানে অবস্থিতি করে তাহা বিশেষ নির্ণয় করিতেছি। মেষাকৃতি মেষরাশির নামচর, ইহাদিগের গমনাগমন জলাশয়ের তটে, অবস্থিতি ধান্যরত্ন প্রভৃতি উত্তম বস্তুতে। • স্থিরসংজ্ঞক বৃষাকৃতি বৃষরাশির সঞ্চরন্ গোষ্ঠে, অবস্থিতি শস্যক্ষেত্রে। দ্ব্যাত্মকনামধারী বীণাবাদ্যকারী স্ত্রীপুরুষ সদৃশ মিথুনরাশির সঞ্চরন গীত নৃত্য ও শিল্পকার্য্যে, অবস্থিতি

স্থিতি ক্রীড়ারতি র্নিত্যং বিহার বনিতাসু চ।
মিথুনং নাম বিখ্যাতং রাশির্দ্ধোত্মকং শিব ॥
কর্কির্কঃ কুলীরেণ সমঃ সলিলস্থঃ প্রকীর্ত্তিতঃ।
কেদারবাপী পুলিন বিবিক্তাবনিরেবচ ॥
সিংহস্তুপর্ব্বতারণ্যে দুর্গকন্দরভূমিষু।
বসতে ব্য ধপল্লীষু গহ্বরেষু গুহাসু চ ॥
ব্রীহিপ্রদীপিককরা নবারূঢ়া চ কন্যকা।
চরতেস্ত্রী রতিস্থানে বসতেশাদ্বলেষু চ ॥
তুলাপাণিশ্চ পুরুষোবীথ্যাপন বিচারকঃ।
নগরাধ্বান শালাসু বসতে তত্র নারদ ॥
শ্বভ্রবল্মীক সঞ্চারী বৃশ্চিকো বৃশ্চিকাকৃতিঃ।
বৃষ গোময় কীটাদি পাষাণাদিষু সংস্থিতঃ ॥
নর স্তুরঙ্গজঘনো দীপ্যমানো ধনুর্দ্ধরঃ।
বাজীশূরাস্ত্রবিদ্বীরঃ স্থায়ীযজ্ঞরাথাদিষু ॥

অনুবাদ।

ক্রীড়ারতি বিহার ও বনিতাতে। এবিম্বিধ কর্কটাকৃতি কর্কটরাশিচর, গমনাগমন সলিলে। নদী তড়াগ বাপী পুলিন প্রভৃতি স্থানে অবস্থিতি। সিংহাকৃতি সিংহরাশি স্থির, পর্ব্বত অরণ্য দুর্গ ও গুহা প্রভৃতি স্থানে গমন, ব্যাধপল্লী পর্ব্বতগুহা ও গহ্বরস্থানে অবস্থিতি। শস্ত ও প্রদীপ হস্তে নৌকারূঢ়া কন্যাকৃতি কন্যারাশি দ্ব্যাত্মক, রমণী ও ক্রীড়া স্থানে সঞ্চরন, হরিতবর্ণ ও তৃণাবৃত স্থানে অবস্থিতি। মানদণ্ডধারী পুরুষাকৃতি তুলারাশিচর, ক্রয় বিক্রয় স্থানে সঞ্চরন, নগর রাজপথ ও গৃহে অবস্থিতি। বৃশ্চিক সদৃশ বৃশ্চিকরাশি স্থির, গর্ত্ত ও বল্মীক স্থানে গমনাগমন, বৃষগোময় কীট ও প্রস্তরে অবস্থিতি। মস্তক প্রভৃতি অর্দ্ধাঙ্গ নরাকৃতি অপরার্দ্ধাঙ্গ

মৃগাস্তোমকরো ব্রহ্মন্ বৃষস্কন্ধেক্ষণোগজঃ।
মকরোসৌ নদীচারী বসতে চ মহোদধৌ।
রিক্তকুম্ভশ্চ পুরুষঃ স্কন্ধধারী জলাপ্লুতঃ।
দ্যূতশালাচরঃ কুম্ভঃ স্থায়ীকৌণ্ডিক সদ্মসু॥
লক্ষণাগদিতা ভুভ্যং মেষাদীনাং মহামুনে।
নকস্যচিৎ ত্বয়াখ্যেয়ং গুহ্যমেতৎ পুরাতনম্॥
এতন্ময়া তেকথিতং সুরর্ষে যথাত্রিনেত্রঃ প্রমমাথযজ্ঞং।
পুণ্যং পুরাণং পরমং পবিত্রমাখ্যাতবান্ পাপহরং শিবঞ্চ॥

ইতি বামনপুরাণে হরললিতে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং কালরূপ
গ্রহণং নাম পঞ্চমোধ্যায়ঃ॥

অনুবাদ।

ঘোটকাকৃতি ধনুর্দ্ধারি ধনুরাশি দ্ব্যাত্মক, ঘোটক বীরপুরুষ ও অস্ত্র প্রভৃতিতে পর্য্যটন, যজ্ঞ রথাদিতে অবস্থিতি। মৃগাস্য বৃষস্কন্ধ গজনেত্র সদৃশ মকররাশিচর, নদীতে সঞ্চরন, সমুদ্রে অবস্থিতি। শূন্য কুম্ভ স্কন্ধধারী জলস্থ পুরুষ সদৃশ কুম্ভরাশি স্থির, দূতশালা সঞ্চারী, শৌণ্ডিকগৃহে অবস্থিতি। মৎস্যদ্বয় সমান মীনরাশি দ্ব্যাত্মক, তীর্থ সঞ্চারক, পবিত্র স্থানে এবং দেব ও ব্রাহ্মণগৃহে অবস্থিতি। নারদ তোমাকে আমি রাশিদিগের এবম্বিধ বিশেষ বিশেষ লক্ষণ ও সঞ্চরন্ বলিলাম তুমি কাহাকেও বলিও না। এ অতি গোপনীয় কথা এবং ত্রিনেত্র ভগবান্ শম্ভু যেরূপে দক্ষযজ্ঞ বিনাশ করিয়াছিলেন এ অতিপবিত্র পাপনাশক ও পুণ্যবর্দ্ধক প্রাচীন ইতিহাস তোমাকে বলিলাম তুমি প্রকাশকরিও না।

ইতি বামনপুরাণে পঞ্চমোঽধ্যায়।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

—০০—

পুলস্ত্য উবাচ।

বহ্বৃচো ব্রাহ্মণো যোসৌ ধর্ম্মো দিব্যবপুর্ম্মুনে।
দাক্ষায়ণী তস্য ভার্য্যা তস্যামজনয়ৎ সুতান্॥
হরিং কৃষ্ণঞ্চ দেবর্ষে নারায়ণনরৌ তথা।
যোগাভ্যাসরতো নিত্যং হরিকৃষ্ণৌ বভূবতু॥
নরনারায়ণৌ চৈব জগতো হিতকাম্যয়া।
তপ্তপ্যেতাং তপঃ সৌম্যৌ পুরাণাবৃষিসত্তমৌ॥
প্রালেয়াদ্রিং সমাসাদ্য তীর্থে বদরিকাশ্রমে।
গৃণন্তৌ তৎ পরং ব্রহ্মন্ গঙ্গায়া বিপুলে তটে॥
নরনারায়ণাভ্যাঞ্চ জগদেতচ্চরাচরং।
তাপিতং তপসা ব্রহ্মন্ সংক্ষোভং পরমং যযৌ॥
সংক্ষুব্ধ স্তপসা তাভ্যাং ক্ষোভনায় শতক্রতুঃ।
রম্ভাদ্যপ্সরসঃ শ্রেষ্ঠাঃ প্রেষয়ত্তন্মহাশ্রমং॥

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। দেবর্ষে! অমর সদৃশ বেদবেদাঙ্গবেত্তা অতি ধার্ম্মিক বহ্বৃচ নামে এক ব্রাহ্মণ ছিলেন। দাক্ষায়ণী নাম্নী তাঁহার বনিতা ঐ বনিতার গর্ব্ভে হরি, কৃষ্ণ, নারায়ণ ও নর প্রভৃতি চতুষ্টয় পুত্র জন্মে। তন্মধ্যে হরি ও কৃষ্ণ দুই পুত্র যোগাভ্যাসে নিরন্তর রত থাকিলেন। নর ও নারায়ণ দুই পুত্র জগতের হিতার্থে প্রালেয়াচলে বদরিকাশ্রমে গমনপূর্ব্বক অতি কঠোর তপস্যায় মনোনিবেশ করিলেন। তদনন্তর গঙ্গার বিপুল পুলিনে অত্যুগ্র তপস্যা করতঃ চরাচর জগৎকে সন্তাপিত করিলেন। তাহাতে শতক্রতু ইন্দ্র, অতিশয় ক্ষুব্ধ ও সন্ত্রাসিত হইয়া রম্ভাপ্রভৃতি অপ্সরাকে

কন্দর্পশ্চ সুদুর্দ্ধর্ষ শ্চূতাঙ্কুরমহায়ুধঃ।
সমং সহচরেণৈব বসন্তেনাশ্রমংগতঃ॥
ততো মাধব কন্দর্পো তাশ্চৈবাপ্সরসঃ শুভাঃ।
বদর্য্যাশ্রম মাগম্য প্রীত্যাক্রীড়ূর্যথেচ্ছয়া॥
ততোবসন্তেসংপ্রাপ্তে কিংশুকাজ্বলনপ্রভাঃ।
নিষ্পন্নাঃ শতশং রেজুঃ শোভয়ন্তো ধরাতলম্॥
শিশিরং নামমাতঙ্গং বিদার্য্য নখরৈরিব।
বসন্তঃকেসরীপ্রাপ্তঃ পলাশ কুসুমৈর্ম্মুনে॥
ময়াতুষার করীনি নির্জ্জিতস্তত্রতেজসা।
তমেব সহতে নোচ্চৈর্ব্বসন্তঃ কুন্দকুট্মলৈঃ॥
বনানিকর্ণিকারাণাং পুষ্পিতানি বিরেজিরে।
যথা নরেন্দ্রপুত্রাণি কনকাভরণানিবৈ॥

অনুবাদ।

এবং অতি দুর্দ্ধর্ষ চূতাঙ্কুর আয়ুধ কন্দর্প সহচর বসন্তের সহিত সেই আশ্রমে তাঁহার তপস্যার বিঘ্ন জন্মাইতে অনুগতি করিলেন। মাধব বসন্ত ও অপ্সরাগণ সেই আশ্রমে গমন করিয়া স্বেচ্ছা-পূর্ব্বক নানাবিধ ক্রীড়া ও কৌতুক করিতে লাগিল। সেই আশ্রমে বসন্তের সমাগম হইলে প্রদীপ্ত অনল সদৃশ কিংশুক কুসুমাবলী প্রফুল্ল হইয়া ধরাতলের অপূর্ব্ব শোভাধারণ করিল। কেশরীসদৃশ বসন্ত, মত্তমাতঙ্গতুল্য শিশিরকে পলাশকুসুমরূপ নখর দ্বারা বিদারণ করিয়া হস্তিকে পরাজিত করিল। অনন্তর কুন্দ ও কুট্মলপুষ্প সকল প্রফুল্ল হইয়া বোধ হয় বসন্তরাজার সহিত অত্যুচ্চ হাস্য করিতে লাগিল। যেরূপ রাজতনয় স্বর্ণা-লঙ্কারে বিভূষিত হইলে অনুচরগণ তাহার পশ্চাৎধাবমান হয়, কানন মধ্যে সেইরূপ উৎকৃষ্ট পুষ্পসকল প্রফুল্ল হইলে কিঙ্কর স্বরূপ কদম্ব

তেষু মনুভথা নীপাঃ কিঙ্করাইববেজিরে।
স্বামিসংলব্ধ সংমানা ভৃত্যা রাজসুতানিব ॥
রক্তাশোকবনা ভান্তিপুষ্পিতাঃ সহসোজ্জলাঃ।
ভৃত্যা বসন্তনৃপতেঃ সংগ্রামাসৃক ক্ষতাইব ॥
মৃগবৃন্দাপিঞ্জরিতা রাজন্তে গহনেবনে।
পুলকাভি বৃতায়দ্বৎ সুজনাসুহৃদাগমে ॥
মঞ্জরীভির্ব্বিরাজন্ত নদীকুলেষু বেতসা।
রক্ত শোককরাতন্বী দেবর্ষেকিংশুকাঙ্ঘ্রিকা।
নীলাশোককচশ্রী মবিকাসি কমলাননা ॥
নীলেন্দীবরনেত্রাভা ব্রহ্মন্ বিল্বফলস্তনী।
প্রফুল্লকুন্দদশনা মঞ্জরীকরশোভিতাঃ ॥
বন্ধুজীরাধরাশুভ্রা সিন্দুরাবর্ণগাত্রতা।
পুংস্কোকিলস্বনাদিব্যা অঙ্কোল বসনাশুভা ॥

অনুবাদ।

প্রভৃতি পুষ্পরাজি সহসা প্রস্ফোটিত হইল। ভৃত্যগণের সহসা স্বামি সংলব্ধ হইলে যাদৃশ আনন্দবর্দ্ধন হয় কানন মধ্যে সহসা বসন্তের সমাগম হওয়াতে ভৃত্যসহ বসন্তরাজের সংগ্রাম ক্ষতশোণিতে অভিষিক্ত কলেবরের ন্যায় রক্তবর্ণ অশোকপুষ্প প্রস্ফোটিত হইয়া বনরাজি সুশোভিত করিল। সজ্জনব্যক্তির সুহৃদাগমে যেরূপ আনন্দবর্দ্ধন হয় কানন মধ্যে সেইরূপ মৃগবৃন্দসকল সানন্দে বিচরণ করিতে লাগিল এবং নদীকূলবর্ত্তিণী লতাসকল মঞ্জরী-দ্বারা নদীর অপূর্ব্ব শোভা বিস্তার করিল। বদরিকাশ্রমে সেই কানন বসন্তের রমণীয় শোভায় বিরাজিত হইল। হে নারদ! তাঁহার নয়নরঞ্জিকা রক্তবর্ণ অশোক কুসুমের ন্যায় ক্ষীণ দেহ, কিংশুক কুসুমের ন্যায় রক্তবর্ণ চরণ, নীলবর্ণ অশোকের

বর্হিবৃন্দ কলাপাচসারসস্বননূপুরা।
প্রাগ্‌বংশ রসনা ব্রহ্মন্ মত্তহংসগতিস্তথা॥
পুত্রজীবাংশুকাসঙ্গ রোমরাজিবিরাজিতা।
বসন্তলক্ষ্মীং সংপ্রাপ্তাং ব্রহ্মন্ বদরিকাশ্রমে॥
কোহসাবনঙ্গো ব্রহ্মর্ষে তস্মিন্ বদরিকাশ্রমে।
যং দদর্শ জগন্নাথো দেবো নারায়ণোঽব্যয়॥

পুলস্ত্য উবাচ।

কন্দর্পোহর্যতনবো যোহসৌ কামো নিগদ্যতে।
শঙ্করেণ স দগ্ধস্তু হ্যনঙ্গত্বমুপাগতঃ॥

নারদ উবাচ।

কিমর্থং কামদেবোহসৌ দেবদেবেন শম্ভুনা।
দগ্ধস্তু কারণে কস্মিন্ নেতদ্ব্যাখ্যাতু মর্হসি॥

অনুবাদ।

ন্যায় শ্যামবর্ণ কেশকলাপ, প্রফুল্ল কমলের ন্যায় বদন, নীলবর্ণ ইন্দীবরের ন্যায় নয়নযুগল, হে ব্রহ্মন্! বিল্বফলের ন্যায় স্তনদ্বয়, প্রফুল্ল কুন্দকুসুমের ন্যায় দন্তপাক্তি মুক্তরাজি সদৃশ সুশোভিত, বন্ধুলীপুষ্পের ন্যায় অধর শোভা, সিন্দূরের ন্যায় উজ্বল নখপ্রভা, পুংস্কোকিলের ন্যায় কণ্ঠস্বর, অঙ্কোলের ন্যায় উজ্বল রক্তিমা-বর্ণ বস্ত্র, অনলবর্ণ উজ্বল কাঁচুলী, সারস স্বরের ন্যায় নূপুরধ্বনি, হে ব্রহ্মন্! প্রাগবংশতুল্য রসনা, মত্তহংসের ন্যায় গমন, পুত্রজীব সদৃশ অতি উজ্জ্বল রোমরাজিদ্বারা বিরাজিত, বসন্ত লক্ষ্মীর এতাদৃশী রমণীয় শোভা। নারদ বলিলেন ব্রাহ্মন্ বদরিকাশ্রমে নরনারায়ণ যে কন্দর্পকে দেখিলেন তিনি কে। পুলস্ত্য বলিলেন চরাচরজগতে যিনি কাম নামে বিখ্যাত তিনি অতি প্রফুল্লিতকায় তাহার নাম কন্দর্প। শঙ্কর কোপানলে তাহাকে দগ্ধ করিয়াছিলেন এজন্য তদবধি তাহার নাম অনঙ্গ হইল। নারদ জিজ্ঞাসা করিলেন। কি নিমিত্ত দেবাদিদেব মহাদেব তাহাকে দগ্ধ করিয়াছিলেন তদ্বিষয় বর্ণন করিয়া আমার শ্রবণে-

পুলস্ত্য উবাচ।

যদাদক্ষসুতাব্রহ্মন্ সতীযাতাযমক্ষয়ম্।
বিনাশ্যদক্ষযজ্ঞন্তু বিচচার ত্রিলোচনঃ॥
ততোবৃষধ্বজং দৃষ্ট্বা কন্দর্পকুসুমায়ুধঃ।
অপত্নীকং তদাস্ত্রেণ ঔন্মাদেনাভ্যতাড়য়ৎ॥
ততোহরঃ শরেণাথ উন্মাদেনাথ তাড়িতঃ।
বিচচার তদোন্মত্তঃ কাননানি সরাংসিচ॥
স্মরন্ সতীং মহাদেবস্তথোন্মাদেন তাড়িতঃ।
নশর্ম্মলেভে দেবর্ষে বাণবিদ্ধইব দ্বীপঃ॥
ততঃ পপাত দেবেশঃ কালিন্দীসরিতং মুনে।
নিমগ্নেশঙ্করেতোয়ে দগ্ধাক্লৃষ্ণত্বমাগতা॥

অনুবাদ।

ন্দ্রিয় চরিতার্থ করুন্। পুলস্ত্য বলিলেন, ব্রহ্মন্ যে সময়ে মন্দর-পর্ব্বতে দক্ষতনয়া সতী দক্ষযজ্ঞে শিবের নিমন্ত্রণ হইল না বলিয়া অতি বিষাদে কলেবর পরিত্যাগ করিয়াছিলেন সেই কালে শঙ্কর মহাদেব অতিক্রোধে দক্ষযজ্ঞ বিনাশ করিয়া সতীর বিরহে কাতর হইয়া অরণ্যে ভ্রমণ করিতেছেন এমত সময়ে কুসুমায়ুধ কন্দর্প, শঙ্করকে একাকী পত্নীবিরহে অতি কাতর দেখিয়া উন্মাদ অস্ত্রদ্বারা তাড়িত করিলেন। মহাদেব উন্মাদঅস্ত্রদ্বারা তাড়িত হইয়া সতীর বিরহরূপ যন্ত্রণায় অতিশয় কাতর হইয়া সতীকে বারম্বার স্মরণ পূর্ব্বক উন্মত্তরূপে কানন সরোবর প্রভৃতি সকল স্থানে ভ্রমণ করিয়াছিলেন। হে নারদ! মহাদেব উন্মাদ অস্ত্রে তাড়িত হইয়া সতীকে স্মরণ পূর্ব্বক ভ্রমণ করতঃ বাণবিদ্ধ শার্দ্দূলের ন্যায় অতিশয় ব্যথিত হৃদয়ে গমন পূর্ব্বক কালিন্দী-তোয়ে পতিত হইলেন। শঙ্কর মহাদেব কালিন্দীতোয়ে পতিত

তদা প্রভৃতি কালিন্দী ভৃঙ্গাঞ্জননিভং জলম্।
আস্পদং পুণ্যতীর্থানাং কেশপাশ মিবাঽবনেঃ॥
ততো নদীষু পুণ্যাসু সরঃসু চ নদীষুচ।
পুলিনেষু চ রম্যেষু বাপীষু নলিনীষু চ॥
পর্ব্বতেষুচরন্যেষু কাননেষুচসানুষু।
বিচরন্ স্বেচ্ছয়ানৈব শর্ম্মলেভে মহেশ্বরঃ॥
ক্ষণং গায়তিদেবর্ষেক্ষণং রোদিতিশঙ্করঃ।
ক্ষণং ধ্যায়তিতন্বঙ্গীং দক্ষকন্যাং মনোরমাম্॥
ধ্যাত্বাক্ষণং প্রস্বপিতি ক্ষণং স্বপ্নায়তে হরঃ।
স্বপ্নেতথেদং গদতি তাং দৃষ্ট্বা দক্ষকন্যকাং॥
নির্ঘৃণে তিষ্ঠ কিংমূঢ়েত্যজসে মা মনিন্দিতে।
মুগ্ধেত্বয়াবিরহিতোদগ্ধোঽস্মি মদনাগ্নিনা॥

অনুবাদ।

হইলে কালিন্দী দগ্ধ হইয়া কৃষ্ণবর্ণা হইলেন। তদবধি কালিন্দী সলিল অঞ্জন সদৃশ কৃষ্ণবর্ণ, এজন্য অবনীর কেশপাশ বলিয়া বর্ণিত আছে, এবং এই নদী পুণ্যতীর্থ মধ্যে পরিগণিত অনন্তর মহেশ্বর নদী পুণ্যস্থান সরোবর রমণীয় নদীপুলিন দীর্ঘ-সরোবর এবং সানুপ্রভৃতিস্থানে ইচ্ছাপূর্ব্বক ভ্রমণ করিয়া সুখ-লাভ করিলেন না। হে নারদ! মহেশ্বর মনোরমা কোমালাঙ্গী দক্ষতনয়াকে ক্ষণকাল চিন্তা করিয়া কখন গান করিতে লাগিলেন, কখন বা বিলাপ করিতে লাগিলেন, কখন বা প্রিয়াকে স্মরণ করিয়া নিদ্রিত হইলেন, কখনবা স্বপ্নে দক্ষকন্যাকে দর্শন করিয়া বলিলেন। হে নির্দ্দয়ে! হে মূঢ়ে! হে অনিন্দিতে! তুমি আমাকে কি পরিত্যাগ করিয়াছ হে মুগ্ধে! তোমার বিরহে আমি মদনাগ্নিতে

সতি সত্যং প্রকুপিতামাকোপং কুরুসুন্দরি।
পাদপ্রণামাবনত মভিভাষিত্ত মর্হসি॥
শ্রুয়সে দৃশ্যসে নিত্যং স্পৃশ্যসে বন্ধসে প্রিয়ে।
আলিঙ্গ্যসে চ সততং কিমর্থং নাভিভাষসে॥
বিলপন্তং জনং দৃষ্ট্বা কৃপা কস্য নজায়তে।
বিশেষতঃ পতিং বালে নত্বর্হামতি নির্ঘৃণা।
ত্বয়োক্তানিবচাংস্যেবং স্মৃত্বা মম কৃশোদরি॥
বিনা ত্বয়া ন জীবেয়ং তদসত্যং ত্বয়াকৃতম্।
ত্রহ্যেহিকামসন্তপ্তং পরিস্বজ সুলোচনে॥
নান্যথা নশ্যতে তাপঃ সত্যেনাভিশপে প্রিয়ে।
ইত্থং বিলপ্য স্বপ্নান্তে প্রতিবুদ্ধস্ত তৎক্ষণাৎ॥

অনুবাদ।

নিরন্তর দগ্ধ হইতেছি। হে সতি হে সুন্দরী! তুমি ক্রোধ করিয়াছ সত্য, কিন্তু আমার প্রতি ক্রোধ করিও না। আমি তোমার পাদ-পদ্মে অবনত হইয়া নমস্কার পূর্ব্বক বলিতেছি। তুমি শ্রবণ কর, আমার প্রতি কটাক্ষ নিক্ষেপ কর, হে প্রিয়ে তুমি আমাকে স্পর্শ কর, সর্ব্বদা আমাকে ভুজপাশে বন্ধন কর, এবং আলিঙ্গন কর, কি নিমিত্ত আমার কথায় প্রত্যুত্তর প্রদান করিতেছ না। এতাদৃশ বিলাপকারী ব্যক্তিকে দৃষ্ট করিয়া কাহার হৃদয়ে দয়ার সঞ্চার না হয়। বিশেষতঃ পতি অতি পূজ্য পতিকে সামান্য জ্ঞান করা কর্ত্তব্য নহে। হে কৃশোদরি! তুমি পূর্ব্বে যাহা বলিয়াছিলে সেই সমস্ত কথা আমার স্মৃতিপথে উদয় হওয়াতে বলিতেছি তুমি পূর্ব্বে সত্য করিয়াছিলে যে তোমা ব্যতীত আমি কখনই জীবন ধারণ করিব না। এক্ষণে সে সমস্ত কথা মিথ্যা হইল, হে সুলোচনে! তুমি আইস আমাকে আলিঙ্গন কর। হে প্রিয়ে! আমি সত্য বলিতেছি তোমার বিরহ ক্লেশ আমার হৃদয় হইতে দুরীকৃত হইবেক না। স্বপ্নাবস্থায় এইরূপ বিলাপ করিতে

উৎকূজতিতদারণ্যেমুক্তকণ্ঠং পুনঃ পুনঃ।
বিব্যাধ চাপং তরসাবিনাশ্য সন্তাপনাস্ত্রেণ শরেণ ভূয়ঃ ॥
সন্তাপনাস্ত্রেণ তদা সবিদ্ধো ভূয়ঃ স সন্তপ্ততরো বভূব।
সন্তাপিতশ্চাপি জগৎসমগ্রং
ফুৎকৃত্য ফুৎকৃত্য বিবাসিতেস্ম ॥
তঞ্চাপিভূয়ো মদনোজঘান
বিজৃম্ভনাস্ত্রেণ ততো জজৃম্ভে।
ততোভৃশং কামশরৈর্ব্বিরুগ্নো
বিজৃম্ভমাণঃ পরিতোভ্রমংশ্চ ॥
দদর্শ জক্ষাধিপতেস্তনূজং
পাঞ্চালিকং নাম জগৎপ্রধানম্।
দৃষ্ট্বাত্রিনেত্রোধনদস্যপুত্রং
পার্শ্বং সমভ্যেত্য বচোবভাসে ॥

অনুবাদ।

করিতে নিদ্রাভঙ্গ হইলে পর সেই অরণ্যমধ্যে মুক্তকণ্ঠে বারম্বার রোদন করিতে লাগিলেন। সতীর বিরহে সেই অরণ্যমধ্যে শঙ্করকে বিলাপ করিতে দেখিয়া কন্দর্প পুষ্পধনুতে জ্যারোপন পূর্ব্বক সন্তাপনাশক অস্ত্রদ্বারা অতি বেগে পুনর্ব্বার বিদ্ধ করিলেন। শঙ্কর মহাদেব সন্তাপন অস্ত্রে বিদ্ধ হইয়া অতিশয় সন্তাপিত হইলেন শঙ্কর অতি সন্তাপিত হইলে সমস্ত জগৎ অতিশয় শোকাকুলিত হইয়া শোকসূচক ধ্বনি করিতে লাগিল। কন্দর্প পুনর্ব্বার বিজৃম্ভন অস্ত্রদ্বারা শঙ্করকে বিদ্ধ করিলেন তাহাতে শঙ্কর অতিশয় কাতর হইয়া ভ্রমণ করিতে করিতে সম্মুখে যক্ষাধিপতি কুবেরের পুত্র পাঞ্চালিককে দেখিয়া বলিলেন। ভ্রাতঃ আমি তোমাকে একটি কথা বলিব, তুমি অতি বলবান, অদ্য সেই কার্য্য নির্ব্বাহ কর

ভ্রাতুর্ব্যবক্ষ্যামি বচোযদদ্য
তত্ত্বং কুরু স্বামিতবিক্রমোসি।
পাঞ্চালিক উবাচ।
যন্নাথমাং বক্ষ্যসিতৎ করিষ্যে
যদ্দুষ্করং যদ্যপি দেবশম্ভো।
আজ্ঞাপয়স্বাতুলবীর্য্যশম্ভো
দাসোস্মি তে ভক্তিযুত স্তথেশ॥
ঈশ্বর উবাচ।
নাশাঙ্গতায়াং বরদাম্বিকায়াং
কামাগ্নিনাপ্লুষ্ট সুবিগ্রহোস্মি।
বিজৃম্ভনোন্মাদশরৈর্বিভিন্নো
ধৃতিং নবিন্দামি রতিং সুখং বা॥
বিজৃম্ভনং পুত্র তথৈব তাপং
উন্মাদমুগ্রং মদনপ্রশন্নং।
নান্যপুমান্ধারয়িতুং হিশক্তো
মুক্তোভবন্তং হি ততঃ প্রতীচ্ছ॥

অনুবাদ।

পাঞ্চালিক বলিল। হে দেবশম্ভো হে নাথ আপনি আমাকে যাহা আজ্ঞা করিবেন তাহা যদি আমার পক্ষে অতিশয় দুষ্কর হয় তথাপি নির্ব্বাহ করিব। হে পরাক্রমশালি হে শম্ভো হে প্রভু আপনি দাসের প্রতি অনুমতি করুন্। শঙ্কর বলিলেন। হে বরদ, আমি অম্বিকা ভগবতীর বিরহে মদনের বিজৃম্ভনাস্ত্রদ্বারা ব্যথিত হইয়া কামানলে কলেবর দগ্ধ হইতেছে সহ্য কিম্বা সচ্ছন্দলাভ করিতে সমর্থ হইতেছি না। হে পুত্র, কন্দর্প নিহিত বিজৃম্ভন ও উন্মাদ অস্ত্র অতি ভয়ঙ্কর ও উগ্রপ্রভাব অন্যপুরুষ তাহা ধারণ করিতে সমর্থ হয় না, তুমি সেই উগ্রপ্রভাব অস্ত্র হইতে মুক্তিলাভ করিতে

পুলস্ত্য উবাচ।

ইত্যেবমুক্তো বৃষভধ্বজেন-
যক্ষঃ প্রতীক্ষন্ স বিজৃম্ভনাদীন্।
তোষং জগামাশু ততস্ত্রিশূলী-
স্তুষ্টস্তদৈবং বচনং বভাষে॥

হর উবাচ।

যস্মাত্ত্বয়া পূর্ব্বসুদুর্দ্ধরাণি-
বিজৃম্ভনাদীনি প্রতিষ্ঠিতানি।
তস্মাদ্বরং ত্বাং প্রতিপূজনায়-
দাস্যামি লোকস্য চ হাস্যকারি।
যস্ত্বাং যদা পশ্যতি চৈত্রমাসে
স্পৃশেন্নরো বার্চ্চয়তে চ ভক্ত্যা।
বৃদ্ধোঽথ বালোঽথ যুবা চ যোষিৎ
সর্ব্বে তদোন্মাদধরা ভবন্তি॥
গায়ন্তি নৃত্যন্তি রমন্তি যক্ষ
বাদ্যানি যত্নাদপি বাদয়ন্তি।

অনুবাদ।

ইচ্ছাকর। পুলস্ত্য বলিলেন, শঙ্কর এইরূপ বলিলে যক্ষাধিপতি পাঞ্চালি বিজৃম্ভন প্রভৃতি কন্দর্পের অস্ত্র সকল দর্শন করিয়া সন্তোষ লাভ করিলেন। পরে শঙ্কর তুষ্ট হইয়া পাঞ্চালিককে এই কথা বলিলেন। যেহেতু তুমি পূর্ব্বে দুর্দ্ধর্ষ বিজৃম্ভনাদি অস্ত্র দর্শন করিয়াছ এই কারণ তোমার পূজার নিমিত্ত সকললোকের আনন্দবর্দ্ধন করিব। যে ব্যক্তি চৈত্রমাসে তোমাকে দর্শন ও ভক্তিপূর্ব্বক পূজা করিবেক সে বালক, যুবা, বৃদ্ধ কিম্বা নারী হইলেও সকলে উন্মত্ত হইবেক। হে যক্ষ, যে ব্যক্তি গান নৃত্য আনন্দ ও যত্নপূর্ব্বক বাদ্যধ্বণি এবং তোমার অগ্রে

তবাগ্রতোহহাস্যবচোভিরক্তা
ভবন্তি চ যোগরতাস্তু তে স্যুঃ।
মমৈব নাম্না ভবিতাসিপূজ্যঃ
পাঞ্চালিকেশঃ প্রথিতঃ পৃথিব্যাম ॥
মমপ্রসাদাদ্বরদো নরাণাং
ভবিষ্যসে পূজ্যতমোভিগচ্ছ।
ইত্যেবমুক্তো বিভুনা স যক্ষো-
জগামদেশান্ সহসৈব সর্ব্বান্ ॥
কালিঞ্জরস্যোত্তরতঃ সুপুণ্যো
দেশো হিমাদ্রেরপি দক্ষিণস্থঃ।
তস্মিন্ সুপুণ্যে বিষয়োনিবিষ্টো
রুদ্রপ্রসাদাদপি পূজ্যতে সৌ ॥
তস্মিন্ প্রয়াতে ভগবান্ ত্রিনেত্রো
দেবোপি বিন্ধ্যং গিরিমভ্যগচ্ছৎ।

অনুবাদ।

পরিহাস সূচক বাক্যে সর্ব্বদা আনন্দবর্দ্ধন করিবেক সে যোগী হইবে। আমার নামে তুমি পূজিত হইবে এবং আমার প্রসাদে পৃথিবীতে পাঞ্চালিক নামে তুমি বিখ্যাত এবং জনসমাজে পূজ্যতম হইয়া সকলের বরদাতা হইবে এক্ষণে তুমি সকলদেশে গমন কর। কালিঞ্জরের উত্তর হিমালয়ের দক্ষিণ অতি পবিত্রস্থান, সেই পুণ্যস্থানে গমনপূর্ব্বক বিষয়াসক্ত হইয়া আমার প্রসাদে পূজ্য হইবে। তদনন্তর যক্ষাধিপতি পাঞ্চালি সেই স্থানে গমন করিলে ভগবান রুদ্র বিন্ধ্যাচলের মধ্যে প্রবেশ করিলেন। সেই বিন্ধ্যাচলমধ্যে কন্দর্প গমন

তত্রাপিমদনোগত্বা দদর্শ বৃষকেতনম্ ॥
দৃষ্টঃ প্রফুল্লকামঞ্চ ততঃ প্রাদুদ্রুবদ্ধরঃ।
ততোদারুবনং ঘোরং মদনাভিসৃতো হরঃ ॥
বিবেশ ঋনয়ো যত্র সপত্নীকা ব্যবস্থিতাঃ।
তে চাপি ঋষয়ঃ সর্ব্বে দৃষ্ট্বা মূর্দ্ধানতাভবন্ ॥
ততস্তান্ প্রাহ ভগবান্ ভিক্ষাং মে প্রতিদীয়তাং।
ততস্তে মৌনিনস্তস্থুঃ সর্ব্বএবমহর্ষয়ঃ ॥
তদাশ্রমাণি পুণ্যানি পরিচক্রাম নারদ।
তং প্রবিষ্টন্তদা দৃষ্ট্বা ভার্গবাত্রেয়যোষিতঃ ॥
প্রক্ষোভমগমৎ সর্ব্বাঃ হীনসত্বাঃ সমন্ততঃ।
ঋতেত্বরুন্ধতী মেকা মনুস্য়াঞ্চ তাং সতীম্ ॥

অনুবাদ।

করিয়া শঙ্করকে দেখিলেন, শঙ্কর কন্দর্পকে সম্মুখে দেখিয়া তথা হইতে প্রস্থানপূর্ব্বক অতিভয়ঙ্কর দারু অরণ্যমধ্যে প্রবেশ করিলেন কিন্তু পশ্চাৎভাগে কন্দর্পকে অবলোকন করিয়া যেস্থানে ঋষিপত্নীগণ অবস্থিতি করিতেছেন সেই স্থানে গমন করিলেন ঋষি ও ঋষিপত্নীগণ শঙ্করকে অবলোকন করিয়া সকলেই মস্তকনত করিলেন। ভগবান শঙ্কর তাহাদিগকে বলিলেন আমাকে ভিক্ষা প্রদান কর। শঙ্করের এই কথা শ্রবণ করিয়া ঋষিগণ মৌনাবস্থায় রহিলেন। ভগবান শঙ্কর তখন ঋষিগণকে মৌনাবস্থ দেখিয়া ঋষিগণের অতিপবিত্র আশ্রমে ভ্রমণ করিতে লাগিলেন। নারদ বলিলেন, শঙ্করকে আশ্রমে প্রবিষ্ট হইতে দেখিয়া ভার্গব ও আত্রেয় ঋষিপত্নী, সতী, অরুন্ধতী ও অনুসূয়া ভিন্ন অন্য কাহাকেও আশ্রমের চতুর্দ্দিকে দেখিতে না পাইয়া মদন অতিশয় ক্ষুব্ধ চিত্ত হইলেন। কারণ ইঁহারা

এতাভ্যাং ভর্ত্তৃপুজাসু তচ্চিত্তা সুস্থিতং মনঃ।
ততঃ সংক্ষুভিতাঃ সর্ব্বা যত্র যাতি মহেশ্বরঃ॥
তত্র প্রয়ান্তি কামার্ত্তাঃ মদবিকলিতেন্দ্রিয়াঃ।
ত্যক্ত্বাশ্রমাণি পুণ্যানি স্বানি তা মুনিযোষিতঃ॥
অনুজগ্মুর্যথামত্তং করেনুরিব কুঞ্জরম্।
ততস্তু ঋষয়ো দৃষ্ট্বা ভার্গবাঙ্গিরসোমুনে॥
ক্রোধান্বিতা ব্রুবন্ সর্ব্বে লিঙ্গমাপততাং ভুবি।
ততঃ পপাত দেবস্যলিঙ্গং পৃথ্বীং বিদারয়ন্॥
অন্তর্দ্ধানং জগামাথ ত্রিশূলী নীললোহিতঃ।
ততস্তৎ পতিতং লিঙ্গং বিভিদ্য বসুধাতলম্॥
রসাতলং বিবেশাশু ব্রহ্মাণ্ডং চোর্দ্ধতোভিনৎ।
ততশ্চচাল পৃথিবী গিরয়ঃ সরিতোনগাঃ॥

অনুবাদ।

সাধ্বী পতিপ্রাণা ও তদ্গতচিত্তা পতিপূজায় নিরতাএবং পতির প্রতি একাত্মমনে চিত্তার্পণ করিয়াছেন অন্য কাহার প্রতি দৃষ্টিপাত করেন না। অনন্তর ঋষিপত্নীগণ কামপীড়িতা ও উন্মত্তা হইয়া আপনাদি-গের পবিত্র আশ্রমসকল পরিত্যাগ পূর্ব্বক সংক্ষুব্ধচিত্তে মহেশ্বর যে স্থানে গমন করিলেন সেই স্থানে হস্তিনী যেরূপ মত্তহস্তির অনুসরণ করে তাদৃশ মহেশ্বরের পশ্চাৎ পশ্চাৎ ধাবমানা হইলেন। হে নারদ! ভার্গব অঙ্গিরা প্রভৃতি ঋষিগণ এবম্বিধ কামতাপিত শঙ্করকে দেখিয়া সক্রোধে বলিলেন হে শঙ্কর! তোমার লিঙ্গ অবনীতে পতিত হউক। তাপসগণ এই কথা বলিলে শঙ্করের লিঙ্গ ধরণী-তলে পতিত হইয়া পৃথ্বীভেদ করিল এবং তথা হইতে শঙ্কর অন্ত-র্হিত হইলেন। তদনন্তর ঐ লিঙ্গ পৃথিবী ভেদ করিয়া রসাতলে গমন করিল। তথা হইতে সমস্ত ব্রহ্মাণ্ড ভেদ করিয়া ঊর্দ্ধভাগে

পাতালাভুবনাঃ সর্ব্বে জঙ্গমা জঙ্গমৈর্ব্বৃতাঃ।
সংক্ষুব্ধান্ ভুবনান্ দৃষ্ট্বা ভূর্লোকাদীন্ পিতামহঃ॥
জগাম মাধবং দ্রষ্টুং ক্ষীরোদং নামসাগরম্।
তত্র দৃষ্ট্বা হৃষীকেশং প্রণিপত্য চ ভক্তিতঃ॥
উবাচদেবভুবনাঃ কিমর্থং ক্ষোভিতাবিভো।
অথোবাচ হরির্ব্রহ্মন্ শর্ব্বো লিঙ্গো মহর্ষিভিঃ॥
পাতিতস্তস্য ভারার্ত্তা সংচচাল বসুন্ধরা।
ততস্তদদ্ভুততমং শ্রুত্বা দেবপিতামহঃ॥
তত্র গচ্ছাম দেবেশ এবমাহ পুনঃ পুনঃ।
ততঃ পিতামহোদেবং কেশবঞ্চ জগৎপতিং॥
আজগ্মতুস্তমুদ্দেশং যত্রলিঙ্গং ভবস্য তৎ।
ততোঽনন্তং হরির্লিঙ্গং দৃষ্ট্বারুহ্য খগেশ্বরম্॥

অনুবাদ।

উত্থিত হইল। অনন্তর সচরাচর পৃথিবী, পর্ব্বত, নদ, নদী, পাতাল ও চতুর্দ্দশভুবন প্রভৃতি সকলস্থান চঞ্চল হইল। তাহাতে পিতামহ ব্রহ্মা, চতুর্দ্দশ ভুবন ও ভূর্লোক প্রভৃতি চঞ্চল ও সংক্ষুব্ধ দেখিয়া মাধবকে দেখিতে ক্ষীরোদসাগরে গমন করিলেন। তথায় হৃষীকেশ মাধবকে দর্শন পূর্ব্বক ভক্তি সহকারে প্রণতভাবে নমস্কার করিয়া বলিলেন হে দেব! হে বিভো! কিনিমিত্ত সমস্তজগৎ সংক্ষুব্ধ দেখিতেছি। হরি ব্রহ্মাকে বলিলেন, ব্রহ্মন্ শঙ্করের লিঙ্গ ঋষিগণ ভারাক্রান্ত হইয়া পৃথিবীতে নিক্ষিপ্ত করিয়াছেন তাহাতে সেই লিঙ্গ সমস্ত পৃথিবী ও চরাচর জগৎকে সঞ্চালিত করিয়াছে। মাধবের এতাদৃশ অদ্ভুত বাক্যশ্রবণে ব্রহ্মা বিস্মিত হইয়া মাধবকে বলিলেন। হে দেবেশ আমি সেইস্থানে গমন করিব, এই কথা বারম্বার মাধবকে বলিলেন। তদনন্তর খগেন্দ্রবাহনে জগৎপাতা মাধব এবং পদ্মবিমানে পিতামহ ব্রহ্মা

পাতালং প্রবিবেশাথ বিস্ময়াস্তরিতো বিভুঃ ॥
ব্রহ্মা পদ্মবিমানেন ঊর্দ্ধমাক্রম্য সর্ব্বতঃ।
নৈবান্তমলভদ্ধ্যন্ বিস্মিতঃ পুনরাগতঃ ॥
বিষ্ণুর্গত্বাথ পাতালান্ সপ্তলোক পরায়ণঃ।
চক্রপাণির্ব্বিনিষ্ক্রান্তো লেভেন্তং ন মহামুনে ॥
বিষ্ণুঃ পিতামহশ্চোভৌ হরলিঙ্গং সমেত্যহ।
কৃতাঞ্জলিপুটৌভূত্বা স্তোত্তুং দেবং প্রচক্রমুঃ ॥

হরিব্রহ্মাণাবূচতুঃ

নমেঽস্তুতে শূলপাণে নমস্তে বৃষভধ্বজঃ।
জীমূতবাহনকবে শর্ব্বত্র্যম্বক শঙ্কর ॥
মহেশ্বর হরেশান সুবর্ণাক্ষ বৃষাকপে।
দক্ষযজ্ঞক্ষয়কর কালরূপ নমোঽস্তুতে ॥

অনুবাদ।

উভয়ে যেস্থানে শিবলিঙ্গ ব্রহ্মাণ্ডভেদ করিয়াছে সেই স্থানে গমন পূর্ব্বক ভবলিঙ্গ দর্শন করিলেন মাধব সে স্থান হইতে পাতালে গমন করিলেন তথায় ঐ লিঙ্গ দর্শন পূর্ব্বক অতিশয় বিস্মিত হইলেন এবং ব্রহ্মা তথাহইতে পদ্মবিমানে গগণমার্গে উত্থিত হইয়া ঐ লিঙ্গের অন্ত না পাইয়া অতিশয় বিস্মিত মনে পুনর্ব্বার স্বস্থানে প্রত্যাগত হইলেন চক্রপাণি মাধব নাগলোকে ঐ লিঙ্গের অন্ত না পাইয়া ক্রমশঃ সপ্ত পাতালে গমনকরিলেন তথায় তাহার অন্ত নাপাইয়া স্বধামে প্রত্যাবর্ত্তন হইলেন পরে চক্রপাণি ও পিতামহ উভয়ে কৃতাঞ্জলিপুটে ঐ হর-লিঙ্গসন্নিধানে স্তব করিতে লাগিলেন। হে শঙ্কর! তুমি ত্রিশূলধারী তোমাকে আমরা নমস্কার করি,হে ত্র্যম্বক তুমি বৃষভধ্বজ তুমি জীমূত বাহন তুমি কবি তুমি শর্ব্ব তোমাকে আমরা নমস্কার করি। হে মহে-শ্বর! তুমিঈশান তুমি ভুবনাক্ষ তুমি বৃষাকপি তুমিদক্ষযজ্ঞ বিনাশ

ত্বমাদি রন্ত্য জগত স্ত্বংমধ্যং পরমেশ্বর।
ভবানন্তশ্চ ভগবান্ সর্ব্বগস্ত্ব নমোঽস্তুতে ॥

পুলস্ত্য উবাচ।

এবং সংস্তূয়মানস্তু তস্মিন্ দারুবনে হরঃ।
স্বরূপত ইদং বাক্যং প্রোবাচ বদতাম্বর ॥

হর উবাচ।

কিমর্থং দেবতানাথৌ পরিভূতক্রমংত্বিহ।
মাস্তুবাতে বৃথা চোক্তং কামতাপিত বিগ্রহং ॥

দেবাবূচতুঃ।

ভবতঃ পাতিতং লিঙ্গং যদেতদ্ভুবি শঙ্কর।
এতৎ প্রগৃহ্যতাং ভূয়ো যতোদেবস্তু বৈ বিভো ॥

হরউবাচ।

যদ্যর্চ্চয়ন্তি ত্রিদশা মম লিঙ্গং সুরোত্তমাঃ।
তদেতচ্চ প্রগৃহ্ণীয়াং নান্যথেতি কথঞ্চন ॥

অনুবাদ।

করিয়াছ তুমি কালরূপে গগণমার্গে বিরাজ করিয়াছিলে তোমার আদি নাই, অনন্ত জগতের তুমি মধ্য, হে পরমেশ্বর তুমি ভব তুমি আনন্দরূপে প্রাণিগণের আনন্দপ্রদান করিতেছ, তুমি ভগবান এবং তুমি সর্ব্বত্রগামী তোমাকে আমরা নমস্কার করি। পুলস্ত্য বলিলেন। এক দিবস শঙ্কর দারুবনে ভ্রমণ করিতেছেন এমত সময়ে চক্রপাণি কেশব ও জগৎকর্ত্তা পিতামহ ব্রহ্মা উভয়ে সেই স্থানে উপস্থিত হইলেন শঙ্কর তাহাদিগকে দেখিয়া বলিলেন। হে দেবতানাথ! তোমরা কি নিমিত্ত পরিভ্রমণ করিতেছ? আমার কামতাপিত দেহ, অতএব তোমরা আমাকে বৃথা বলিতেছ। দেবগণ বলিলেন, হে শঙ্কর! তোমার এই যে লিঙ্গ অবনীতে পতিত হইয়াছে, এই লিঙ্গে দেবত্ব হইবে; অতএব এক্ষণে সম্বরণ কর। শঙ্কর বলিলেন, আমার এই লিঙ্গ যদি দেবগণ

ততঃ প্রোবাচ ভগবানেবমস্ত্বিতি শঙ্করঃ।
ব্রহ্মা স্বয়ঞ্চ জগ্রাহ লিঙ্গং কনকপিঙ্গলং॥
ততশ্চকার ভগবান্ চাতুর্ব্বর্ণ্যং হরার্চ্চণে।
লিঙ্গানি চৈষাং মুখ্যানি নামোক্তি বিহিতানি চ॥
আদ্যং শৈবং পরিখ্যাতমন্যৎ পাশুপতন্তথা।
তৃতীয়ং কালবদনং চতুর্থঞ্চ কপালিনং॥
শৈবশ্চাসীৎ স্বয়ং শক্তির্বাশিষ্ঠস্য প্রিয়ঃ সুতঃ।
তস্য শিষ্যো বভূবাথ গোপায়ন ইতিশ্রুতঃ।
মহাপাশুপতশ্চাসীৎ ভরদ্বাজ স্তপোধনঃ।
তস্য শিষ্যোপ্যভূদ্রাজা ঋষভঃ সোমকেশ্বরঃ।
কালাস্যো ভগবানাসী দাপস্তম্ব স্তপোধনঃ।
তস্য শিষ্যো ভবেদ্বৈশ্যো নাম্না কাপালিকো মুনে।

অনুবাদ।

পূজা করেন তবে আমি এই লিঙ্গ পরিহার করিব, যদি দেবগণ অর্চ্চনা না করেন তবে কখনই পরিহার করিব না। অনন্তর ভগবান কেশব ও প্রজাপতি ব্রহ্মা, উভয়ে বলিলেন আপনি যাহা অনুমতি করিলেন আমরা তদনুসারে কার্য্য করিব কদাচ অন্যথা করিব না। এই কথা বলিয়া ব্রহ্মা কনক পিঙ্গলবর্ণ লিঙ্গ গ্রহণ করিয়া ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রদিগের শিবলিঙ্গ পূজার বিধি ও নিয়ম সংস্থাপন করিলেন। তন্মধ্যে এই চারিটি লিঙ্গ প্রধান, আদ্য শিবলিঙ্গ, দ্বিতীয় পাশুপত, তৃতীয় কাল-বদন, চতুর্থ কপালী। শৈব স্বয়ং শক্তি বশিষ্ঠের প্রিয়সন্তানের গোপায়ন নামে বিখ্যাত ব্রাহ্মণ শিষ্য তাহার সেব্য। মহা-পাশুপত লিঙ্গ ভরদ্বাজ ঋষির শিষ্য ঋষভ ও সৌমকেশ্বর নামে বিখ্যাত ক্ষত্রিয়রাজা তাহার সেব্য। তৃতীয় কালবদন নামে বিখ্যাত লিঙ্গ আপস্তম্ব তপোধনের শিষ্য কাপালি নামে বৈশ্য তাহার সেব্য,

মহাব্রতী চ ধনদ স্তস্য শিষ্যস্য বীর্য্যবান্।
উর্দ্ধোদর ইতিখ্যাতো জাত্যা শূদ্রো মহাতপাঃ।
এবং স ভগবান্ ব্রহ্মা পুজনীয় শিবস্য তৎ।
কৃত্বাতু চাতুরাশ্রম্যং স্বমেব ভবনং গতঃ।
গতে ব্রহ্মণি শর্ব্বোপি উপসংহৃত্য তত্তদা।
লিঙ্গং চিত্রবনে সূক্ষ্মং প্রতিষ্ঠাপ্য চচার হ।
বিচরন্তং তদাভূয়ো মহেশং কুসুমায়ুধঃ।
আরাচ্চিত্রাগ্রতো ধন্বী সম্পাতয়িতু মুদ্যতঃ।
তত স্তমগ্রতো দৃষ্ট্বা ক্রোধাধ্মাতদৃশা হরঃ।
স্মর মালোকয়ামাস শিখাগ্রাচ্চরণান্তিকং।
আলোকিত স্ত্রিনেত্রেণ মদনো দ্যুতিমানপি।
প্রাদহ্যত তদা ব্রহ্মন্ পাদাদারভ্য কক্ষবৎ।

অনুবাদ।

মহাব্রতী ধনদাতা তাহার শিষ্য অতি বীর্য্যবন্ত ঊর্দ্ধোদর নামে বিখ্যাত শূদ্র মহাতপস্বী চতুর্থলিঙ্গ তাহার সেব্য। ভগবান প্রজাপতি ব্রহ্মা, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রজাতি বিশেষে শিবলিঙ্গ পূজার বিশেষ বিধি নির্ণয় করিয়া আপনি স্বধামে প্রস্থান করিলেন। ব্রহ্মা স্বধামে গমন করিলে শঙ্কর মহাদেব ক্রমশঃ লিঙ্গ উপসংহার করিয়া রমণীয় চিত্রকাননে সূক্ষ্মরূপে লিঙ্গ সংস্থাপন করিয়া সেই কাননে বিচরণ করিতে লাগিলেন। মহেশ্বর সেই কাননে ভ্রমণ করিতে করিতে সম্মুখে কুসুমায়ুধ কন্দর্পকে ধনুতে শর যোজিত করিয়া নিক্ষেপ করিবার উদ্যত দেখিয়া অতিশয় ক্রোধে গর্জ্জন করতঃ তীক্ষ্ণদৃষ্টিদ্বারা কন্দর্পের মস্তক হইতে চরণপর্য্যন্ত অবলোকন করিতে লাগিলেন। শঙ্করের সেই তীক্ষ্ণদৃষ্টি দ্বারা কন্দর্পের চরণ

প্রাদহ্যমানৌ চরণৌ দৃষ্ট্বা সৌ কুসুমায়ুধঃ।
উৎসসর্জ্জ ধনুঃ শ্রেষ্ঠং তজ্জগামাথ পঞ্চধা।
যদাসীন্মুষ্টিবন্ধন্তু রুক্মপৃষ্ঠং মহাপ্রভং।
স চম্পকতরুর্জ্জাতঃ সুগন্ধাঢ্যো মহাকৃতিঃ।
নাভিস্থানং শুভাকারং যদাসীদ্বজ্রভূষিতং।
তজ্জাতং কেশরারণ্যং বকুলং নামতো মুনে।
পাঞ্চকোটী শুভাহ্যাসী দিন্দ্রনীলবিভূষিতা।
জাতা সা পাটলা রম্যা ভৃঙ্গরাজি বিভূষিতা।
অধোপরি তথা মুষ্টৌ স্থানং চন্দ্রমণিপ্রভং।
পঞ্চগুল্মা ভবজ্জাতি শশাঙ্ককিরণোজ্জ্বলা।
ঊর্দ্ধমুষ্ট্যাস্ত্বধঃ কোট্যাং স্থানং বিদ্রুম ভূষিতং।
তস্মা দ্বহুপটা মল্লী সংজাতা বিবিধা মুনে।

অনুবাদ।

হইতে মস্তক পর্য্যন্ত দগ্ধ হইতে লাগিল। কন্দর্প আপনার শরীর দগ্ধ হইতে দেখিয়া হস্ত হইতে ধনু পরিত্যাগ করিলেন ঐ ধনু পতিত হইয়া পঞ্চ খণ্ড হইল, স্বর্ণপৃষ্ঠ অতি শোভমান যে স্থানে তাহার মুষ্টিবন্ধ ছিল তাহাতে অতি সুগন্ধ শোভনাকৃতি চম্পক-বৃক্ষ সম্ভূত হইল। তাহার নাভিস্থান শোভনাকৃতি মধ্যস্থান বজ্রবিভূষিত কেশরারণ্যে বকুলবৃক্ষরূপে সম্ভূত হইল। পাঞ্চকোটী অতি শুভাকার ইন্দ্রনীলমণি অতি রমণীয় ও ভৃঙ্গরাজ বিভূষিত পাটলাবৃক্ষের জন্ম হইল। মুষ্টির অধোভাগের উপরিস্থান পঞ্চ-গুল্মা চন্দ্রমণি প্রভাবিশিষ্ট এবং শশাঙ্ক কিরণ সদৃশ উজ্জ্বল জাতি বৃক্ষ জন্মগ্রহণ করিল, মুষ্টিবন্ধস্থানের ঊর্দ্ধভাগে বিদ্রুমবিভূষিত বহুপটা মণি প্রভৃতি বিবিধ প্রকার বৃক্ষরূপে জন্ম গ্রহণ করিল।

পুষ্পোপগানি রম্যাণি সুরভীনিচ নারদ।
জাতিযুক্তানি দেবেন স্বয়মাচরিতানি চ।
হরপ্রসাদাজ্জাতানি ভোজ্যানি চ সুরোত্তমৈঃ।
এবং দগ্ধবা স্মরং রুদ্রঃ সংযম্য স্বতনুং বিভুঃ।
পুণ্যার্থী শিশিরাদ্রিং স জগাম তপসেঽব্যয়ঃ।
এবং পুরা দেববরেণ শম্ভুনা কামস্তু দগ্ধঃ সশরং সচাপঃ।
ততস্ত্বনঙ্গেতি মহাধনুর্দ্ধরো দেবৈঃ স্তুতো দেববরেষু পুজিতঃ॥

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নারদসংবাদে বামনপ্রাদুর্ভাবে কামদাহো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ॥

অনুবাদ।

হে নারদ! শঙ্করের প্রসাদে অতি রমণীয় সুগন্ধি জাতি প্রভৃতি পুষ্প সকল দেবগণের ভোগ্য হইল। এই প্রকার মহাদেব কন্দর্পকে দগ্ধ করিয়া আপনার মূর্ত্তি সম্বরণ করিলেন। তদবধি সেই হিমালয় পর্ব্বত পুণ্যার্থীদিগের তপস্যার স্থান হইল। এইরূপে দেবাদিদেব শঙ্কর ধনু ও শরের সহিত কন্দর্পকে দগ্ধ করিলে মহাধনুর্দ্ধর কন্দর্প অনঙ্গ হইয়া দেবগণ কর্ত্তৃক পূজিত হইলেন।

ইতি বামনপুরাণে ষষ্ঠোঽধ্যায়ঃ।

—০০—

সপ্তমোঽধ্যায়।

—•০—

পুলস্ত্য উবাচ।

ততোনঙ্গং বিভুর্দৃষ্ট্বা ব্রহ্মন্নারায়ণোমুনিঃ।
প্রহৈস্যৈববচঃ শ্রুত্বাকন্দর্প মিহচাস্যতাং।
তদক্ষুব্ধত্ব মীক্ষ্যাস্যকামো বিস্ময়মাগতঃ।
বসন্তো পিমহাচিন্তাং জগামাস্ত মহামুনে।
ততশ্চাপ্সরসো দৃষ্ট্বা স্বাগতেনাভ্যপূজ্য চ।
বসন্ত মাহ ভগবানেহ্যেহি স্থীয়তামিতঃ।
ততো বিহস্য ভগবান্ মঞ্জরীকুসুমাবৃতাং।
আদায় কুসুমাঙ্গীংতামুর্ব্বোর্ম্মালাং বিনির্ম্মমে।
উরুভবাং সকন্দর্পো দৃষ্ট্বা সর্ব্বাঙ্গসুন্দরীং।
অমন্যত তদানঙ্গ কিমিয়ং সা প্রিয়া রতিঃ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। ব্রহ্মন্! তদনন্তর নরনারায়ণ সেই আশ্রমে কন্দর্পকে দেখিয়া এবং সহাস্য বাক্য শ্রবণ করিয়া নিকটে আসিতে অনুমতি করিলেন। তাহাতে ধর্ম্মপুত্রের প্রফুল্লচিত্ত দেখিয়া বসন্ত সবিস্ময়ে চিন্তা করিতে লাগিলেন এবং অপ্সরাগণকে দেখিয়া সমাদর না করিয়া বসন্তকে বলিলেন, বসন্ত আইস আইস, এই স্থানে অবস্থিতি কর। অনন্তর বসন্ত হাস্য করতঃ মঞ্জরী কুসুম ও পত্র গ্রহণ করিয়া অপূর্ব্ব মালা প্রস্তুত করিলেন। কন্দর্প সেই উরুবিরাজিতা পরমসৌগন্ধযুক্তা অতিসৌন্দর্য্যশালিনী মালা দেখিয়া এ কি এই কথা বলিয়া রতি ও কন্দর্প উভয়ে সন্তোষলাভ

তদেব বচনং চারু স্বাক্ষভ্রূকুটীলালকাং।
সুনাসাৰং সাধরৌষ্ঠ মালোকন পরায়ণং।
তাবেব চাপ্য বিমলৌ পীবরৌ মগ্নচুচুকৌ।
রাজেতেস্যাঃ কুচৌ পীনৌ সজ্জনা বিবসংহতৌ।
তদেব তনু চার্ব্বঙ্গ্যা বলিত্রয় বিভূষিতং।
উদরং রাজতেশ্লক্ষ্ণং রোমাবলি বিভূষিতং।
রোমাবলী চ জঘনাদ্যান্তী স্তনতটস্ত্রিষং।
রাজতে ভৃঙ্গমালেব পুলিনা কমলাকরং।
জঘনং ত্বতিবিস্তীর্ণং ভাত্যস্যা বসনাবৃতং।
কদলীস্তম্ভসদৃশো রূর্দ্ধমূলৈ রথো রুভিঃ।
বিভাতি সা সুচার্ব্বঙ্গী পদ্মকিঞ্জল্ক সন্নিভা।

অনুবাদ।

করিলেন না। তখন সুন্দরী উর্ব্বশী অতি অপূর্ব্ব মনোহর বেশ ধারণ করিয়া মহাত্মা ভগবানের হৃদয়ে অনুরাগ জন্মাইবার চেষ্টা করিতে লাগিল। কন্দর্প তাহার সুমধুর বাক্য ও মনোহর চক্ষু ভ্রূভঙ্গি- দ্বারা অলকার বক্রভাব হওয়াতে নাসিকা বাহুমূল অধর ওষ্ঠ একদৃষ্টে নিরীক্ষণ করিতে লাগিলেন। তাহার অতি বিমল পীন পয়োধরের অগ্রভাগ তাহাতেই মগ্ন থাকাতে অতি অপূর্ব্ব শোভা ধারণ করিল এবং তাহার অতি মনোহর ক্ষীণ কলেবর বলিত্রয় বিভূষিত, উদর অতি শ্লক্ষ রোমাবলীতে ভূষিত এবং পুলিন হইতে পদ্মকানন ভৃঙ্গমালার দ্বারা যেরূপ শোভিত হয় সেইরূপ রোমাবলী জঘনদেশ হইতে স্তনের নিম্নদেশ পর্য্যন্ত ব্যাপৃত থাকাতে অতিশয় শোভমান হইল। জঘনদেশ অতিশয় বিস্তীর্ণ এবং বস্ত্রাবৃত। উরুদ্বয়, ঊর্দ্ধমূল কদলীবৃক্ষ সদৃশ, ক্রমশঃ উপরিভাগ স্থূল। তাহার কলেবরে পদ্মকিঞ্জল্কসদৃশী শোভা, গুল্ফদেশ অতিশয় গূঢ়,

জানুনী গূঢ় গুল্‌ফৌচ জংঘে শুভ্রে ত্বলোমশে।
বিভাত্যস্যা স্তথা পাদাবলক্তকসমত্বিষৌ।
ইতি সঞ্চিন্তয়ন্ কাম স্তামনিন্দিত লোচনাং।
কামাতুরোসৌ সঞ্জাতঃ কিমুতান্যোজনো মুনে।
মাধবো পুর্ব্বশীং দৃষ্ট্বা সঞ্চিন্তয়তি নারদ।
কিং স্বিৎ কাম নরেন্দ্রস্য রাজধানীং স্বয়ংস্থিতা।
আয়াতা শশিনো নূন মিয়ং কান্তি র্নিশাক্ষয়ে।
রবিরশ্মি প্রতাপার্ত্তি র্ভীতা শরণমাগতা।
ইত্থং সঞ্চিন্তয়ন্নেব অবষ্ঠভ্যাপ্সরোগণং।
তস্থৌ মুনিরিব ধ্যান মাস্থিতঃ সতু মাধবঃ।
ততঃ সবিস্মিতান্ সর্ব্বান্ কন্দর্প্যাদীন্ মহামুনে।
দৃষ্ট্বাপ্রোবাচ বচনং স্মিতং কৃত্বা শুভব্রতঃ।

অনুবাদ।

জানুদ্বয় মনোহর, জঙ্ঘাদেশ লোমবিহীন, পাদদ্বয়ে অলক্তকের ন্যায় কিরণ থাকাতে তাহার কলেবর অতিশয় মনোহর হইয়াছে। এবম্বিধ সর্ব্বাঙ্গ সুন্দরী উর্ব্বশীকে দেখিয়া কন্দর্প মনে মনে চিন্তা করিলেন এবম্বিধ রূপযৌবনশালিনী রমণীকে দেখিয়া ভগবান্ নিশ্চয়ই কামপীড়িত হইয়াছেন। পুলস্ত্য বলিলেন হে নারদ! মাধব উর্ব্বশীকে দেখিয়া চিন্তা করিলেন, কি নিশাবসানে কান্তিবিহীন শশধর সূর্য্যের তীক্ষ্ণ রশ্মিতে কাতর ও ভীত হইয়াই কি শরণাগত হইয়াছে। এবম্বিধ চিন্তা করিয়া মাধব অপ্সরাগণের সহিত ইন্দ্রিয় স্তম্ভন করিয়া যোগীর ন্যায় উপবেশন করিলেন, হে নারদ! মাধবপ্রভৃতি সকলকে ধ্যানাবস্থিত দেখিয়া দৃঢ়ব্রতধারী নারায়ণ ঈষৎ হাস্য করিয়া বলিলেন কন্দর্প, আমার উরুসম্ভূতা অপ্সরা ও মাধবীকে দেবলোকে লইয়া যাও এবং ইন্দ্রকে প্রদান

ইয়ং মমোরুসংভূতা কামাপ্সরসমাধবী।
নীয়তাং সুরলোকায় দীয়তাং বাসবায় চ।
ইত্যুক্তা কম্পমানাস্তে জগৃহোর্ব্বশীন্দিবং।
সহস্রাক্ষায় তে প্রোচু রূপযৌবন শালিনীং।
আচখ্যু শ্চরিতং তাভ্যাং ধর্ম্মজাভ্যাং মহামুনে।
দেবরাজায় কামাদ্যা স্ততো ভূদ্বিস্ময়ঃ পরঃ।
এতাদৃশং হি চরিতং খ্যাতি মগ্র্যাং জগাম হ।
পাতালেষু তথামর্ত্ত্যে দিক্ষ্বষ্টাসু জগাম চ।
একদা নিহতে রৌদ্রে হিরণ্যকশিপৌ মুনে।
অভিষিক্ত স্তদারাজ্যে প্রহ্লাদো নাম দানবঃ।
তস্মিন্ শাসতি দৈত্যেন্দ্রে দেব ব্রাহ্মণপূজকে।
মখান্ ভূম্যাং নৃপতয়ো যজন্তে বিধিবত্তদা।
ব্রাহ্মণাশ্চ তপোধর্ম্মং তীর্থযাত্রাশ্চ কুর্ব্বতে।
বৈশ্যাশ্চ পশুবৃত্তিস্থাঃ শূদ্রাঃ সুশ্রুষণেরতাঃ।

অনুবাদ।

কর। অনন্তর সেই দৃঢ়ব্রতধারী ভগবান কর্ত্তৃক এবম্বিধ কথিতা হইলে অপ্সরাপ্রভৃতি সকলে কম্পিত কলেবরে উর্ব্বশীকে লইয়া দেবলোকে গমন করিল। সেই লোক সুন্দরী উর্ব্বশীর রূপলাবণ্যের বিষয় এবং ধার্ম্মিক তাপসদ্বয়ের আচরণ বিশেষ করিয়া দেবরাজকে বলিলেন। দেবরাজ ইন্দ্র এবং কন্দর্প প্রভৃতি সকলে অতিশয় বিস্মিত হইলেন। এবম্বিধ চরিত্র সম্পন্ন বলিয়াই এস্থানে, মর্ত্ত্যলোকে, রসাতলে, এবং অষ্টাদিগে বিখ্যাত হইয়াছেন। একদা অতি ভয়ঙ্কর হিরণ্যকশিপুর রাজ্যে তাহার পুত্র প্রহ্লাদ নামক দানব অভিষিক্ত হইলে ক্ষত্রিয়গণ নানাবিধ যাগ যজ্ঞপ্রভৃতি ধর্ম্মাবলম্বন করিলেন এবং ব্রাহ্মণগণ তপস্যা ধর্ম্মকার্য্য এবং তীর্থ-পর্য্যটনে কালাতিপাত করিতে লাগিলেন। বৈশ্যগণ পশুপালন

চাতুর্বর্ণ্য স্ততঃ স্বে স্বে আশ্রমে ধর্ম্মকর্ম্মণি।
অবর্ত্তস্ত ততো দেবা বৃদ্ধিযুক্তা স্তবন্মুনে।
ততস্তু চ্যবনো নাম ভার্গবেন্দ্রো মহাতপাঃ।
জগামনর্ম্মদাং স্নাতুং তীর্থঞ্চৈবাকুলীশ্বরং।
তত্রদৃষ্ট্বা মহাদেবং নদীং স্নাতু মবাতবৎ।
অবতীর্ণং প্রজগ্রাহ নাগঃকেকরকস্ততঃ।
গ্রহীতাস্তেন নাগেন সস্মার মনসাহরিং।
সংস্মৃতে পুণ্ডরীকাক্ষে নির্ব্বিষোভু মহোরগঃ।
নীতস্তেনা তিরৌদ্রেণ পন্নগেন রসাতলং।
নির্ব্বিষশ্চাপি তত্যাজ চ্যবনং ভুজগোত্তমং।

অনুবাদ।

অবলম্বন করিল। শূদ্রগণ ব্রাহ্মণ শুশ্রূষায়নিরত থাকিল। এই রূপ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রগণ স্বকীয় আশ্রমে স্বধর্ম্মাবলম্বন করিয়া কালাতিপাত করিতে লাগিল, হে নারদ! দেবগণ জগতের হিতার্থে বৃদ্ধিযুক্ত হইলেন। তদনন্তর ভৃগুবংশীয় মহাতপা চ্যবন নামধারী মহাত্মা তপোধন নর্ম্মদানদীতে স্নানার্থ গমন করিয়া সেইস্থানে দেবাগ্রগণ্য আকুলীশ্বর মহাদেবকে দর্শন করিয়া নর্ম্মদানদীতে স্নানার্থ অবতরণ হইলে পর কেকরাখ্য বিষধর তাঁহাকে গ্রহণ করিয়া নাগলোকে গমন করিল। মহাত্মা চ্যবন সহসা মহাবল বিষধর কর্ত্তৃক গ্রহীত হইয়া একান্তচিত্তে হরিকে স্মরণ করিতে লাগিলেন তাহাতে হরির স্মরণ মাত্রেই ঐ বিষধর নির্ব্বিষ হইল। তখন মহাবল বিষধর নির্ব্বিষ হইয়া নাগলোকে গমন করতঃ মহাত্মা চ্যবনকে পরিত্যাগ করিল। মহাত্মা তপোধন ভুজগেশ্বর কর্ত্তৃক

সন্ত্যক্ত স্তেননাগেন চ্যবনোভার্গবোত্তমঃ।
চচার নাগকন্যাভিঃ পূজ্যমানঃ সমন্ততঃ॥
বিচরন্ প্রবিবেশাথ দানবানাং মহৎপুরং।
সংপূজ্যমানো দৈত্যেন্দ্রৈঃ প্রহ্লাদোঽথ দদর্শ তং॥
ভৃগুপুত্রোমহাতেজাঃ পূজাঞ্চক্রে যথার্হ তং।
সংপূজিতোপবিষ্টশ্চ পৃষ্ট শ্চাগমনম্প্রতি।
সচোবাচ মহারাজ মহাতীর্থং মহাফলং॥
স্নাতুমেবা গতো নদ্যং দ্রষ্টুঞ্চৈবাকুলীশ্বরং।
নদ্যামেবা বতীর্ণোস্মি গৃহীত শ্চাহিনা বলাৎ॥
সমানীতোস্মি পাতালে দৃষ্টশ্চাত্র ভবানপি।
এতচ্ছ্রুত্বাতু বচনং চ্যবনস্য দিতীশ্বরঃ॥
প্রোবাচ ধর্ম্মসংযুক্তং স বাক্যং বাক্যকোবিদঃ।

অনুবাদ।

পরিত্যক্ত হইয়া নাগলোকে বিচরণ করিতেছেন এই সময়ে চতুর্দ্দিক হইতে বিবিধ উপচারদ্বারা নাগকন্যাগণ তাহাকে পূজা করিতে লাগিল। তপোধন ক্রমশঃ গমন করিয়া নাগলোকাধিপতি দানবেন্দ্রগণের অতি মহৎ পুরে প্রবেশ করিলেন। তথায় দানব গণপূজিত দৈত্যশ্বর প্রহ্লাদ, অতিতেজস্বী তাপসাগ্রগণ্য মহাত্মা ভৃগুর পুত্র চ্যবন ঋষিকে দর্শনকরিয়া যথাবিধানে পূজাকরিলেন। তপোধন তথায় পূজিত হইয়া উপবেশন করিলে দানবেন্দ্র তাঁহাকে নাগলোকে আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন। তপোধন বলিলেন, রাজন্ নর্ম্মদানদী অতিমহাতীর্থ, সেইতীর্থে অবগাহন করিতে এবং আকুলীশ্বরমহাদেবকে দর্শন করিতে আসিয়াছিলাম, কিন্তু ঐ নদীতে স্নানার্থ অবতরণ হইলে কেকরনামে বিষধর বলপূর্ব্বক আমাকে গ্রহণ করিয়া এই নাগলোকে আনিয়াছে তাহাতে মহারাজকে আমি দর্শন করিলাম। দানবেন্দ্র প্রহ্লাদ ভার্গববংশীয় মহাত্মা চ্যবনের

প্রহ্লাদ উবাচ।

ভগবন্ কানি তীর্থানি পৃথিব্যাং কানি বা মুনে।
রসাতলেচ কানিস্যুরেতদ্বক্তুং মমার্হসি ॥

চ্যবন উবাচ।

পৃথিব্যাং নৈমিষং তীর্থ মন্তরীক্ষেচ পুষ্করং।
চক্রতীর্থং মহাবাহো রসাতলেচ বাব্যয়ঃ ॥

পুলস্ত্য উবাচ।

শ্রুত্বাতদ্ভার্গববচো দৈত্যরাজো মহামুনে।
নৈমিষে গন্তুকামস্তু দানবা নিদমব্রবীৎ ॥

প্রহ্লাদ উবাচ।

উত্তিষ্ঠধ্বং গমিষ্যামঃ স্নাতুং তীর্থং হিনৈমিষং।
দ্রক্ষ্যামঃ পুণ্ডরীকাক্ষং পীতবাসস মচ্যুতং ॥

অনুবাদ।

এইরূপ প্রিয়বাক্য শ্রবণ করিয়া ধর্ম্ম সংযুক্ত বাক্য বলিলেন। ভগবন্, পৃথিবীতে কয়েকটী তীর্থআছে এবং রসাতলে কয়েকটী তীর্থ আছে তাহা বর্ণন করিয়া আমার চিত্তে আনন্দবর্দ্ধন করুন। চ্যবন বলিলেন হে মহাবাহো! পৃথিবীতে নৈমিষারণ্য তীর্থ, গগণমণ্ডলে পুষ্করতীর্থ এবং রসাতলে চক্রতীর্থ নামে অতিপ্রসিদ্ধতীর্থ আছে। পুলস্ত্য বলিলেন। মহাত্মা চ্যবনের এইরূপ তীর্থ বর্ণন শ্রবণ করিয়া দানবরাজ নৈমিষারণ্যে গমনেচ্ছুক হইয়া দানবগণকে বলিলেন। ভো দানবগণ সকলে উত্থিত হও, আমরা নৈমিষারণ্য তীর্থে গমন করিব এবং তথায় পুণ্ডরীকাক্ষ পীতাম্বর অচ্যুত শ্রীকৃষ্ণকে

পুলস্ত্য উবাচ।

ইত্যুক্ত্বা দানবেন্দ্রেণ সর্ব্বে তে দৈত্যদানবাঃ।
তত স্তেহৃষ্টমনসো নির্জ্জগ্মুশ্চ রসাতলাৎ।
তে সমভ্যেত্য দৈতেয়াঃ দানবাশ্চ মহাবলাঃ।
নৈমিষারণ্য মাসাদ্য স্নানঞ্চক্রু র্মুদান্বিতাঃ॥
ততো দিতীশ্বরঃ শ্রীমান্ মৃগব্যায়াং চচার হ।
চরন্ সরস্বতীপুণ্যাং দদর্শ বিমলোদকাং॥
তস্যাদূরে মহাশাখং শালবৃক্ষং শরৈশ্চিতং।
দদর্শ বাণান পরান্ মুখেলগ্নান্ পরস্পরং।
তত স্তানদ্ভুতাকারান্ নাগান্ নাগোপবীতিকান্।
দৃষ্ট্বা তুল স্তদাচক্রে ক্রোধং দৈত্যেশ্বরঃ কিল।
স দদর্শ ততোদূরাৎ কৃষ্ণাজিনধরৌ মুনী॥
তপস্যাশক্তহৃদয়ৌ সমুন্নতজটাধরৌ।
তয়োশ্চপার্শ্বয়োর্দ্দিব্যেধনুষী লক্ষণান্বিতে।

অনুবাদ।

দর্শন করিব। পুলস্ত্য বলিলেন। দানবেন্দ্র প্রহ্লাদ দানবগণকে এই কথা বলিলে দৈত্যগণ হৃষ্টচিত্তে রসাতল হইতে নির্গত হইল। তথা হইতে নৈমিষারণ্যে গমন পূর্ব্বক নর্ম্মদা নদীতে স্নান করিয়া অতিশয় হৃষ্টচিত্ত হইলেন। দৈত্যেশ্বর প্রহ্লাদ যথাবিধানে নর্ম্মদা-নদীতে অবগাহন পূর্ব্বক মৃগয়ার্থ গমন করিয়া সরস্বতী নদীর বিমল-জলদর্শন করিলেন। তাহার অদূরে অতি বৃহৎ শাখাবিশিষ্ট শালবৃক্ষ অবলোকন করিলেন। তৎপরে বাণের অগ্রভাগে সংলগ্ন বাণ এবং সর্পোপবীতি সংযুক্ত সর্প, এবম্বিধ তুলনা রহিত আশ্চর্য্য দর্শন করিয়া দৈতেশ্বর অতিশয় ক্রোধ করিলেন। তৎপরে তাহার নিকট-বর্ত্তী কৃষ্ণাজিনধারী, তপস্যাশক্তচিত্ত উন্নতজটা, ঋষিদ্বয় অবস্থিতি করিতেছেন সেই দুই মহাত্মার পার্শ্বদ্বয়ে সুলক্ষান্বিত দিব্যধনু এবং

সার্দ্ধমাজগরঞ্চৈব অক্ষয়ৌ চ মহেষুধী।
তৌ দৃষ্ট্বা মন্যত তদা দাম্ভিকাবিতি দানবঃ॥
ততঃ প্রোবাচ বচনস্তাবুভৌ পুরুষোত্তমৌ।
কিং ভবদ্ভ্যাং সমাবদ্ধং দম্ভং ধর্ম্মবিনাশনং॥
ক্ব তপঃ ক্ব জটাভারঃ ক্বচেমৌ প্রবরায়ুধৌ।
অথোবাচ নরো দৈত্যং কা তে চিন্তা দিতীশ্বর॥
সামর্থ্যেসতি যঃ কুর্য্যা ন্নসম্পদ্যেত তস্য হি।
অথোবাচ দিতীশস্তৌ কাশক্তি র্যুবয়ো রিহ॥
ময়িতিষ্ঠতি দৈত্যেন্দ্রে ধর্ম্মসেতুপ্রবর্ত্তকে।
নর স্তং প্রত্যুবাচাথ আবাভ্যাং শক্তিরুজ্ঝিতা॥
ন কশ্চিচ্ছক্তুয়াযোদ্ধুং নরনারায়ণৌযুধি।
দৈত্যেশ্বরস্ততক্রুদ্ধঃ প্রতিজ্ঞামারুরোহ চ॥

অনুবাদ।

সহিত অক্ষয় তুনীর সংস্থাপিত আছে দেখিয়া দানবরাজ ঐ ঋষিদ্বয়কে দাম্ভিক বিবেচনা করিয়া সংবর্দ্ধনা করিলেন না, অনন্তর দানবেশ্বর প্রহ্লাদ সেই তাপসদ্বয়কে বলিলেন তোমরা ধর্ম্মবিনাশকারী দম্ভকে কি আশ্রয় করিয়াছ, তোমাদিগের তপস্যা কিনিমিত্ত এবং কিনিমিত্তই বা জটাভারবহন করিতেছ,ধনুঃশর কি নিমিত্ত রহিয়াছে। এইকথা শ্রবণ করিয়া নর বলিলেন হে দানবেন্দ্র তোমার চিন্তা কি। যাহার সামর্থ্য নাথাকে তাহার এইরূপ চিন্তা। নরের এইরূপ বাক্য শ্রবণে দিতীশ্বর বলিলেন ধর্ম্মসেতুপ্রবর্ত্তক দৈত্যাধিপতি আমি এই স্থানে থাকিতে তোমাদিগের কি শক্তি। অনন্তর নর, দৈত্যনাথকে বলিলেন, বলপূর্ব্বক সংগ্রামকরিয়া আমাদিগের দুইজনকে পরাজয় করিতে কোনজন শক্তহয়। নরের এইকথা শ্রবণ মাত্র দৈত্যপতি প্রহ্লাদ অতিক্রোধে প্রতিজ্ঞা করিলেন

যথাকথঞ্চিৎ জেষ্যামি নরনারায়ণৌ রণে।
ইত্যেব মুক্ত্বা বচনং স মহাত্মা দৈতীশ্বরঃ।
ততঃ স সংস্থাপ্যবনং বনান্তে
বিতজ্যচাপং গুণমাবিকৃষ্য।
তলধ্বণিং ঘোরতরং চকার
জ্যায়ামসংখ্যাশ্চ শরান্ স্বযোজ হ॥
ততো নরস্ত্বাজগরং হি চাপ
মানম্য চাপান্ সুবহূন্ শিলাগ্রান্।
মুমোচ তানপ্রতিমৈঃ পৃষক্তৈ
শ্চিচ্ছেদ দৈত্য স্তপনীয় পুংখৈঃ॥
ছিন্নান্ সমীক্ষ্যাথ নরঃ পৃষক্তান্
দৈত্যেশ্বরেণা প্রতিমেন সংখ্যে।
ক্রুদ্ধঃ সমানম্য মহাধনুস্ততো
মুমোচ চান্যান্ বিবিধান্ পৃষক্তান্॥

অনুবাদ।

যে কোন উপায়ে এই ছদ্মবেশী তাপস দুই জনকে যুদ্ধে পরাজয় করিব। এইকথা বলিয়া সেই মহাত্মা দিতীশ্বর, ধনুতে জ্যারোপন পূর্ব্বক অতি ভয়ঙ্করতলধ্বনি করতঃ ধনুতে অসংখ্য বাণ যোজনা করিলেন। তদনন্তর তাপসাগ্রগণ্য মহাত্মা নর, আজগরধনু আকর্ষণ করিয়া জ্যারোপনপূর্ব্বক অসংখ্যবাণ সংযোজিত করতঃ দৈত্যেশ্বরের প্রতি নিক্ষেপকরিলেন। দানবেন্দ্র তৎক্ষণাৎ সেই মহাত্মা নরনিহত বাণসকল ছেদন করিলেন। দৈত্যনাথ কর্ত্তৃক বাণ সকল ছিন্ন হইতে দেখিয়া, ধর্ম্মপুত্র নর মহাক্রোধে অন্য ধনুতে জ্যারোপন পূর্ব্বক বিবিধঅস্ত্রসকল নিক্ষেপ করিলেন। তৎপরে

একং নরো দ্বৌ দিতিজেশ্বরস্তু
তান্ ধর্ম্মপুত্র শ্চতুরোদিতীশঃ ॥
নরস্তু বাণান্ প্রমুমোচ পঞ্চ
ষড়্দৈত্যনাথো নিশিতান্ পৃষৎকান্।
স চর্ষিমুখ্যো দ্বিতনুশ্চ দৈত্যো
নরস্তু ষট্ত্রীণি চ দৈত্যমুখ্যঃ ॥
ষট্ত্রীণিচৈকং দিতিজেশ্বরেণ
মুক্তানি বাণানি নরায় বিপ্র।
একং ষট্পঞ্চ চ নরেণ মুক্তা
স্ত্বষ্টৌশরাঃ পঞ্চ চ দানবেন ॥
ষট্সপ্তচাষ্টৌ নবষট্ নরেণ
দ্বিসপ্ততিং দৈত্যপতিঃ সসর্জ্জ।
শতং নরস্ত্রীণি শতানি দৈত্যঃ
ষট্ ধর্ম্মপুত্রো দশ দৈত্যরাজঃ।

অনুবাদ।

নরনারায়ণ দুইজনের সহিত একাকী দৈত্যনাথের মহাযুদ্ধ, পরে ধর্ম্মপুত্র কৃষ্ণ বিষ্ণু নর ও নারায়ণ চারিজন ও নয়জন দৈত্যের সহিত অতিভয়ঙ্করযুদ্ধ হইয়াছিল, ঋষিদ্বয় পঞ্চবাণ নিক্ষেপ করিলে দৈত্যনাথ ষড়্বাণদ্বারা নিবারণ করিলেন, হে বিপ্র! ঋষিপ্রবর মহাত্মা দুই জন, দৈত্যনাথ একাকী, নর, দৈত্যনাথের প্রতি অষ্টাদশবাণ নিহিত করিলে দানবেশ্বর নরেরপ্রতি একোনবিংশতিবাণ নিক্ষেপ করিলেন। পরে মহাত্মা নর দৈত্যের প্রতি একাদশ শর নিহিত করিলে দানবেশ্বর নরেরপ্রতি ত্রয়োদশবাণ নিক্ষেপ করিলেন। নরনারায়ণ উভয়ে পঞ্চত্রিংশৎ শরনিক্ষেপ করিলে দৈত্যপতি দ্বিসপ্ততি বাণ নিক্ষেপ করিলেন। পরে নর একশত বাণ নিক্ষেপ করিলে

দ্বাসপ্ততিং দৈত্যপতিঃ সসর্জ্জ
শতং নরস্ত্রীণি শতানি দৈত্যঃ।
ততোঽপ্যসংখ্যে জিতবান্ হি বাণান্
মুমুঞ্চ তস্মৌ সুভৃশং হি কোপাৎ॥
ততো নরো বাণগণৈ রসংখ্যৈ
রবাস্তরদ্ভূমিমথো দিশংখং।
সচাপি দৈত্যপ্রবর পৃষক্তে
শ্চিচ্ছেদ বেগাত্ত্বপনীয় সংখ্যে॥
ততঃ পতত্রিভির্বীরৌ সুভৃশং নরদানবৌ।
তদাবরাস্ত্রে র্যুধ্যতাং ঘোররূপৈঃ পরস্পরং॥
ততস্তু দৈত্যেন বরাস্ত্রপাণিনা
চাপে নিযুক্তস্তু পিতামহাস্ত্রং।

অনুবাদ।

দৈত্যনাথ তিনশত, বাণত্যাগ করিলেন। ধর্ম্মপুত্র ষট্‌বাণ পরিত্যাগ করিলে দৈত্যরাজ দশ বাণত্যাগ করিলেন। দৈত্যনাথ শতাধিকদ্বাসপ্ততিবাণ পরিত্যাগকরিলে ধর্ম্মতনয় তিনশতবাণ নিক্ষেপ করিলেন। পরস্পর এইরূপ যুদ্ধকরিয়া দৈত্যনাথ ধর্ম্মতনয়ের বাণসকল সংহার করতঃ অতিরোষে সেই সংগ্রামে ধর্ম্মতনয়েরপ্রতি অসংখ্য বাণ নিক্ষেপ করিলেন। তাহাতে ধর্ম্মপুত্র সেই বাণদ্বারা সংগ্রামস্থান, দশদিক, গগণমার্গ এবং পৃথ্বীতল সমাচ্ছন্ন করিলেন। পরে দৈত্যপ্রবর প্রহ্লাদ অতিবেগে সেই ধর্ম্মতনয়ের বাণ সকল চ্ছেদন করিয়া সংগ্রামভূমিতে পাতিত করিলেন। অনন্তর সেই সংগ্রামস্থানে মহাবল পরাক্রান্ত দুই নর দানবে পরস্পর বাণ এবং অন্যান্যবিবিধঅস্ত্রশস্ত্রবর্ষণদ্বারা অতিভয়ঙ্কর যুদ্ধকরতঃ দৈত্যাধিপতি প্রহ্লাদ ধনুতে ব্রহ্মাস্ত্রসংজোজিত করিয়া

নরন্তু চাপে পরমায়ুধে পুন
যুর্জোজ নারায়ণ শস্ত্রমুগ্রং ॥
মহেশ্বরাস্ত্রং পুরুষোত্তমেন
সমং সমাহত্য নিপেততু স্তৌ।
ব্রহ্মাস্ত্রেতু প্রশমিতে প্রহ্লাদঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥
গদাং প্রগৃহ্যতরসা প্রচস্কন্দ রথোত্তমাৎ।
গদাপাণিনমায়ান্তং দৈত্যং নারায়ণস্তদা।
দৃষ্ট্বা তং পৃষ্ঠতশ্চক্রে নরং যোদ্ধুমনাঃ স্বয়ং ॥
ততোদিতীশঃ সগদঃ সমাদ্রবৎ
সশার্ঙ্গ বাণং তপসাং নিধানং।
খ্যাতং পুরাণর্ষিমুদার বিক্রমং
নারায়ণং নারদ লোকপালং ॥

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
প্রহ্লাদযুদ্ধবর্ণনং নাম সপ্তমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

নিক্ষেপ করিলেন তাহা দেখিয়া নারায়ণ ধনুতে অতিভয়ঙ্কর পাশুপত অস্ত্র যোজিত করিয়া পরিত্যাগপূর্ব্বক দানবেন্দ্রনিহিত ব্রহ্মাস্ত্র সম্বরণ করিলেন, দৈত্যনাথ তাহা অবলোকন করিয়া অতিক্রোধে এক ভয়ঙ্কর গদা গ্রহণপূর্ব্বক অতি বেগে রথহইতে অবতরণ হইয়া ধর্ম্মতনয়ের প্রতি ধাবমান হইলেন। ধর্ম্মপুত্র দানবনাথকে গদাহস্তে বেগে ধাবমান হইতে দেখিয়া নারায়ন সংগ্রামে নরকে পশ্চাৎভাগে করিলেন। তৎপরে গদাহস্তে দিতীশ্বর এবং শার্ঙ্গ ও বাণধারী তাপসাগ্রগণ্য পুরাণঋষি নামে বিখ্যাত অদ্ভুত বিক্রমশালী ত্রিলোকপালক নারায়ণের প্রতি ধাবমান হইলেন।

ইতিবামনপুরাণে সপ্তমোঽধ্যায়ঃ।

———

অষ্টমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

শার্ঙ্গপাণিন মায়ান্তং দৃষ্ট্বাগ্রে দানবেশ্বরঃ।
পরিভ্রাম্য গদাং বেগাৎ মূর্দ্ধ্নি সাধ্য মতাড়য়ৎ॥
তাড়িতস্যাথ গদয়া ধর্ম্মপুত্রস্য নারদ।
নেত্রাভ্যা মপতৎ বারি বহ্নিবর্ষনিভং ভুবি।
মূর্দ্ধ্নি নারায়ণস্যাপি সা গদা দানবার্পিতা।
জগাম শতধা ব্রহ্মন্ শৈলশৃঙ্গে যথাশনিঃ॥
ততোনিবৃত্য দৈত্যেন্দ্রঃ সমাস্থায় রথঙ্ততঃ।
আদায় কার্ম্মুকং বীর স্তূণাধানং সমাদদে॥
আনম্য চাপং বেগেন গার্দ্ধ্রপত্রাঙ্কিতান্ শিতান্।
মুমোচ সাধ্যায় তদা ক্রোধান্ধীকৃতমানসঃ॥

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন, শার্ঙ্গহস্ত মহাত্মা নরকে সমাগত হইতে দেখিয়া দৈত্যাধিপতিপ্রহ্লাদ অতিবেগে ভয়ঙ্করীগদা ঘূর্ণিত করিয়া নরের মস্তকে আঘাত করিলেন। হে নারদ! সেই দানবেন্দ্রের গদা প্রহারদ্বারা ধর্ম্মপুত্রনরের নেত্রদ্বয় হইতে অনল বর্ষণ সদৃশ অবনীতলে বারিবর্ষণ হইতে লাগিল। দৈত্যনাথের গদা, নারায়ণের মস্তকে পতিত হইয়া শৈলশৃঙ্গে বজ্র পতিত হইলে যাদৃশ শত-খণ্ডে বিভক্ত হয় তাদৃশ ঐ গদা শতখণ্ড হইয়া ভূমিতলে পতিত হইল। অনন্তর দানবনাথ গদাযুদ্ধ হইতে নিবৃত্য হইয়া রথোপরি উত্থিত হইয়া কার্ম্মুক গ্রহণপূর্ব্বক তূণীর হইতে বাণ গ্রহণ করিলেন। এবং ঐ কার্ম্মুকবেগে আকর্ষণ করতঃ অতিশয় ক্রোধে গৃধ্র পত্রাবৃত শাণিত শরনিকর ধর্ম্মপুত্রের প্রতি

তানাপতত এবাশু বাণাংশ্চন্দ্রার্দ্ধ সন্নিভান্।
চিচ্ছেদ বাণৈ রপরৈ র্নাবিভেদচ দানবম্ ॥
ততোনারায়ণং দৈত্যো দৈত্যং নারায়ণঃ শরৈঃ।
আবিধ্যেতাং তদান্যোন্যং মর্ম্মভিদ্ভিরজিহ্মগৈঃ ॥
ততোঽম্বরে সন্নিপাতো দেবানা মভব ন্মুনে।
দিদৃক্ষূণাং তদাচিত্রং যুদ্ধংচিত্রঞ্চ সুব্রত ॥
ততঃ সুরাণাং দুন্দুভ্য স্তে বাদ্যন্ত মহাসুরাঃ।
পুষ্পবর্ষ মনৌপম্যং মুমুচুঃ সাধ্য দৈত্যয়োঃ ॥
ততোপশ্যৎসু দেবেষু গগণস্থেষু তাবুভৌ।
অযুধ্যতাং মহেষ্বাসৌ প্রেক্ষকপ্রীতিবর্দ্ধনং ॥
ববন্ধতু স্তদাকাশং তাবুভৌ শরবৃষ্টিভিঃ।
দিশশ্চ বিদিশশ্চৈব ছাদযেতাং শরোৎকরৈঃ ॥

অনুবাদ।

নিক্ষেপ করিলেন। ধর্ম্মপুত্র সেই অর্দ্ধচন্দ্রাকৃতি বাণসকল পতিত হইতে দেখিয়া অন্যান্যতীক্ষ্ণশরসমূহদ্বারা ঐ বাণসকল ছেদন করিলেন, কিন্তু দানবেশ্বরকে বিদ্ধ করিলেন না। অনন্তর কখন নারায়ণ দৈত্যেশ্বরের, কখন বা দৈত্যেশ্বর নারায়ণের, মর্ম্মভিৎ শাণিত বাণদ্বারা পরস্পরের কলেবর বিদ্ধ করিয়াছিলেন। তদনন্তর দর্শনেচ্ছুক দেবগণ গগণমণ্ডলে অবস্থিতি করিয়া অতি আশ্চর্য্য যুদ্ধ দেখিতে লাগিলেন। এবং দুন্দুভিধ্বনি করতঃ আকাশমণ্ডল হইতে দৈত্য ও নারায়ণের প্রতি অতিঅনুপম পুষ্পবর্ষণ করিতে লাগিলেন। পরে সেই বলবান দৈত্য ও নারায়ণের অতি ভয়ঙ্কর যুদ্ধ দর্শনকারি দেবগণের অতি অনুপম প্রীতি বর্দ্ধন হইল। তাহাদিগের এতাদৃশ ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল, যে পরস্পরের শরনিক্ষেপদ্বারা আকাশমণ্ডল, দিক, বিদিক, এককালে সমাচ্ছন্ন হইল।

ততোনারায়ণশ্চাপং সমাকৃষ্য মহামুনে।
বিভেদ মার্গণৈস্তীক্ষ্ণৈ প্রহ্লাদং সর্ব্ববর্ম্মসু॥
তথা দৈত্যেশ্বরঃ ক্রুদ্ধ শ্চাপমানম্য বেগবান্।
বিভেদ হৃদয়েবাহ্বো র্বদনে চ নরোত্তমম্॥
ততোঽস্য বৈ দৈত্যপতেঃ কার্ম্মুকং মুষ্টিবন্ধনাৎ।
বিচ্ছেদৈকেন বাণেন চন্দ্রার্দ্ধাকারবর্চ্চসা॥
অপশ্যত ধনুশ্ছিন্নং চাপমাদায় চাপরম্।
অধিজ্যং লাঘবাৎ কৃত্বা ববর্ষ নিশিতান্ শরান্॥
তানপাস্য শরান্ সাধ্যশ্ছিন্নবাণৈ রবারয়ৎ।
কার্ম্মুকঞ্চ ক্ষুরপ্রেণ চিচ্ছেদ পুরুষোত্তমঃ॥
ছিন্নং ছিন্নং ধনুর্দ্দৈত্য স্ত্বন্যদন্যৎ সমাদদে।
সমাদত্তং তদা সাধ্যো মুনেচিচ্ছেদ লাঘবাৎ॥

অনুবাদ।

হে নারদ! তৎপরে নারায়ন এক ভয়ঙ্করধনু আকর্ষণ পূর্ব্বক মার্গণ ও তীক্ষ্ণবাণ নিক্ষেপ করতঃ দানবাধিপতি প্রহ্লাদের গাত্রবর্ম্ম ভেদ করিলেন। দানবেশ্বর অতিক্রোধে অন্যচাপ আকর্ষণ পূর্ব্বক অতিশয়বেগে নারায়ণের হৃদয়, বাহু ও বদন ভেদ করিলেন। অনন্তর ধর্ম্মপুত্র অতিশয় বীর্য্যসম্পন্ন অর্দ্ধচন্দ্রাকৃতি একটি তীক্ষ্ণ বাণদ্বারা দৈত্যপতির হস্তহইতে ধনু ছেদন করিয়া ভূমিতলে পাতিত করিলেন। দানবেন্দ্রপ্রহ্লাদ ছিন্ন ধনু হইয়াই তৎক্ষণাৎ অন্যধনুতে জ্যারোপণ পূর্ব্বক নারায়ণের প্রতি শাণিত শরনিকর বর্ষণ করিতে লাগিলেন। ধর্ম্মতনয় তাহার নিক্ষিপ্তশরনিকর, ছিন্নশরবর্ষণে নিবারণ করিয়া ক্ষুরপ্র অস্ত্রদ্বারা তাঁহার কার্ম্মুক ছেদন করিলেন। দৈত্যপতি

বিছিন্নে প্যথচাপেষু জগ্রাহ দিতিজেশ্বরঃ।
পরিঘং দারুণং দীর্ঘং সর্ব্বলৌহময়ং দৃঢ়ং॥
পরিগৃহ্যাথ পরিঘং ভ্রাময়ামাস দানবঃ।
ভ্রাম্যমানং স চিচ্ছেদ নারাচেন মহামুনিঃ॥
ছিন্নেচ পরিঘে শ্রীমান্ প্রহ্লাদো দানবেশ্বরঃ।
মুদ্গরং ভ্রাময়ামাস প্রচিক্ষেপ নরাগ্রজে॥
তমাপতন্তং বলবান্ মার্গণৈর্দশভি র্মুনে।
চিচ্ছেদ দশধা সাধ্যঃ স চ্ছিন্নো ন্যপতদ্ভুবি॥
মুদ্গরে বিতথে জাতে প্রাসমাদায় বেগবান্।
প্রচিক্ষেপ নরাগ্রায় তঞ্চচিচ্ছেদ ধর্ম্মজ॥
প্রাসে চ্ছিন্নে ততোদৈত্যো শক্তি মাদায়চাক্ষিপৎ।
তাঞ্চ চিচ্ছেদ বলবান্ ক্ষুরপ্রেণ মহাতপাঃ॥

অনুবাদ।

যতবার ধনু গ্রহণ করিলেন, ধর্ম্মতনয় ততবার ঐ ধনু ছেদন করিলেন। বারম্বার ধনু ছিন্ন হইলে সুদৃঢ় অতিদীর্ঘ ভয়ঙ্করী লৌহময়ী গদা গ্রহণ করিয়া ঘূর্ণিত করিতে লাগিলেন। ধর্ম্মতনয় শাণিত শরদ্বারা দৈত্যপতির গদা ছেদন করিয়া পাতিত করিলেন। অনন্তর দৈত্যপতি ছিন্ন গদা হইয়া অতিভয়ঙ্করমুদ্গার গ্রহণপূর্ব্বকবেগে সঞ্চালিত করিয়া নারায়ণেরপ্রতি নিক্ষেপকরিলেন। হে নারদ! দৈত্যপতির মুদ্গার বেগেপতিত হইতে দেখিয়া ঋষিতনয় দশশরদ্বারা ঐ মুদ্গাকে দশখণ্ডে বিভক্ত করিয়া ভূমিতলে পাতিত করিলেন। মুদ্গার খণ্ড খণ্ড হইয়া পতিতহইতে দেখিয়া দানব,প্রাসঅস্ত্র ধর্ম্মতনয়ের প্রতি নিক্ষেপ করিলেন। ধর্ম্মতনয় তৎক্ষণাৎ নিশিত শরদ্বারা তাহার প্রাসঅস্ত্র ছেদন করিলেন। প্রাসঅস্ত্র ছিন্ন হইলে দানবেন্দ্র শক্তিঅস্ত্র গ্রহণপূর্ব্বক তাপসবরেরপ্রতি নিক্ষেপ করিলেন। তাপসবর ক্ষুরপ্র অস্ত্রদ্বারা

চিন্নেষু তেষু শস্ত্রেষু দানবো হ্যন্যন্মহাধনুঃ।
সমাদায় ততোবাণৈ রবতস্তার নারদ॥
ততোনারায়ণো দেবো দৈত্যনাথং জগদ্‌গুরুঃ।
নারাচেণ জঘানাথ হৃদয়ে সুরতাপসঃ॥
সম্ভিন্নহৃদয়ো ব্রহ্মন্ দেবেনাদ্ভূতকর্ম্মণা।
নিপপাত রথোপস্থে ত মপোবাহ সারথিঃ॥
স সংজ্ঞাং সুচিরেণৈব প্রতিলভ্য দিতীশ্বরঃ।
সুদৃঢ়ং চাপমাদায় ভূয়ো যোদ্ধুমুপাগতঃ॥
ত মাগতং সংনিরীক্ষ্য প্রত্যুবাচ নরাগ্রজঃ।
গচ্ছদৈত্যেন্দ্র যোৎস্যামঃ প্রাতরাহ্নিকমাচর॥
এবমুক্তো দিতীশস্তু সাধ্যে নাদ্ভূতকর্ম্মণা।
জগাম নৈমিষারণ্যে ক্রিয়াঞ্চক্রে তদাহ্নিকীং॥

অনুবাদ।

তাঁহার শক্তিচ্ছেদন করিয়া পাতিত করিলেন। দৈত্যপতির সমস্ত-শস্ত্র ছিন্নহইলে এক ভয়ঙ্কর ধনু গ্রহণপূর্ব্বক অনবরত শরবর্ষণকরিতে লাগিলেন। অনন্তর জগদ্গুরু নারায়ণ শরসমূহদ্বারা দৈত্যপতির বাণসকল ছিন্নকরিয়া তাহার হৃদয়ে আঘাত করিলেন। হে ব্রহ্মন্ অদ্ভূতকর্ম্মা নারায়ণ কর্ত্তৃক দানবনাথ সম্ভিন্নহৃদয় হইয়া রথোপরি মুর্চ্ছিত ও পতিত হইলে রথবাহক তাঁহাকে তথাহইতে অপসৃত করিলেন। পরে দিতীশ্বর অনতিবিলম্বে সংজ্ঞা লাভ করিয়া অতিদৃঢ়তর চাপ গ্রহণপূর্ব্বক পুনর্ব্বার যুদ্ধার্থ সমাগত হইলেন, ঋষিতনয় তাঁহাকে দেখিয়া বলিলেন,দৈত্যনাথ? এক্ষণে স্বস্থানে গমন কর, তোমার সহিত পরে যুদ্ধ করিব, আপাততঃ প্রাতঃকাল, আহ্নিকের সময় উপস্থিত হইয়াছে,আহ্নিক কর। অদ্ভূতকর্ম্মা নারায়ণ,দৈত্যনাথকে এই কথা বলিলে দানবনাথ তথা হইতে নৈমিষারণ্যে আহ্নিকীক্রিয়া করিতে

এবং যুধ্যন্তি দেবেন প্রহ্লাদোথাস্থরো মুনে।
রাত্রৌ চিন্তয়তে যুদ্ধে কথং জেষ্যামি দাম্ভিকান॥
এবং নারায়ণেনাসৌ সদাযুধ্যন্তি নারদ।
দিব্যং বর্ষসহস্রস্তু দৈত্যদেবঞ্চ জায়তে॥
ততোবর্ষ সহস্রান্তে হ্যজিতে পুরুষোত্তমে।
পীতবাসস মভ্যেত্য দানবো বাক্য মব্রবীৎ॥
কিমর্থং দেবদেবেশ সাধ্যং নারায়ণং হরিং।
বিজেতুং নাদ্যশক্নোমি এতন্মেকারণং বদ॥

পীতবাসা উবাচ।

দুর্জ্জয়োসৌ মহাবাহো ত্বয়াপ্রহ্লাদ ধর্ম্মজঃ।
সাধ্যোথ প্রবরো ধীমান্ মৃধে দেবাসুরৈরপি॥

অনুবাদ।

গমনকরিলেন। হে নারদ! ঋষিতনয়ের সহিত দৈত্যপতিপ্রহ্লাদ এইরূপে দিবাভাগে যুদ্ধকরিয়া রজনীতে চিন্তা করিতেন। কিরূপে এই দাম্ভিককে যুদ্ধে পরাজয় করিব। দৈত্যপতি দিবাভাগে ভগবানের সহিত যুদ্ধ করিতেন এবং রজনীতে সংগ্রাম হইতে বিশ্রাম করিয়া চিন্তা করিতেন। এই রূপে দেব পরিমাণে সহস্রবর্ষ পর্য্যন্ত দৈত্য নারায়ণের পরস্পর যুদ্ধ হইয়াছিল। সেই যুদ্ধে পুরুষোত্তম ভগবান অজেয় হইলে দৈত্যপতির সম্মুখে ভগবান পীতাম্বর শ্রীকৃষ্ণ সহসা উপস্থিত হইলেন, দানবেন্দ্র সম্মুখে ভগবানকে দর্শন করিয়া জিজ্ঞাসা করিলেন। হে দেববর! এই ঋষিতনয় নারায়ণকে অদ্যাবধি যুদ্ধে জয় করিতে শক্ত হইলাম না, ইহার কারণ কি, বল? পীতাম্বর বলিলেন। হে মহাবাহো প্রহ্লাদ! ধর্ম্মতনয় তোমার নিকটে পরাজয় হইবেন না, এবং সংগ্রামে দেবতা ও অসুরগণ ইহার

প্রহ্লাদ উবাচ।

যদ্যসৌ দুর্জ্জয়ো দেব ময়া সাধ্যোরণাজিরে।
তৎকথং যৎপ্রতিজ্ঞাতং তদসত্যং ভবিষ্যতি ॥
হীনপ্রতিজ্ঞো দেবেশ কথং জীবেত মাদৃশঃ।
তস্মাৎ তবাগ্রতো বিষ্ণো করিষ্যে কায়শোধনং ॥

পুলস্ত্য উবাচ।

এবমুক্ত্বাতু বচনং দেবাগ্রে দানবেশ্বরঃ।
শিরস্নাত স্তদাতস্থৌ শৃণ্বন্ ব্রহ্মসনাতনং ॥
ততোদৈত্যপতিং বিষ্ণুঃ পীতবাসা ব্রবীদ্বচঃ।
গচ্ছজেষ্যসি ভক্ত্যা তং নযুদ্ধেন কদাচন ॥

প্রহ্লাদ উবাচ।

অসৌ যদ্যজয়ো দেব ত্রৈলোক্যেনাপি সুব্রত।
নস্থাতুং তৎপ্রসাদেন শক্ত্যাকিমুত রোষতঃ ॥

অনুবাদ।

নিকটে পরাজয় হয়। প্রহ্লাদ বলিলেন হে দেব! এই ঋষিতনয়কে যুদ্ধে পরাজয় করিতে না পারিলে আমার প্রতিজ্ঞা মিথ্যা হইবেক, হে দেববর! মাদৃশ জনগণ হীনপ্রতিজ্ঞ হইয়া কি রূপে জীবন ধারণ করিবে। অতএব হে নারায়ণ! আমি তোমার অগ্রে দেহ পরিত্যাগ করিব। পুলস্ত্য বলিলেন দানবেশ্বরের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া পীতাম্বর দানবনাথকে বলিলেন, দানবনাথ তুমি শির-স্নাত কর, দানবেশ্বর ভগবানের এবম্বিধ বাক্য শ্রবণকরতঃ তৎক্ষণাৎ তাহার অগ্রে মস্তকমুণ্ডন করিয়া সনাতন ভগবানের নিকট অবস্থিতি করিলেন। অনন্তর পীতাম্বর ভগবান দানবনাথকে বলিলেন ঋষিতনয়কে তুমি ভক্তিতে জয় করিতে পারিবে, যুদ্ধে কখন জয় করিতে পারিবে না। প্রহ্লাদ বলিলেন। হে দেব! হে সুব্রত! যদি এই ধর্ম্মতনয় ত্রৈলোক্যে অজেয় হন, তবে তাঁহাকে

ময়া জিতং দেবদেব ত্রৈলোক্য মপি সুব্রত।
জিতোহয়ং তৎপ্রসাদেন শক্তঃ কিমুত ধর্ম্মজঃ॥

পীতবাসা উবাচ।

সোহং দানবশার্দ্দূল লোকানামনুকম্পয়া।
ধর্ম্মপ্রবর্ত্তাপয়িতুং তপশ্চর্য্যং সমাস্থিতঃ॥
তস্মাৎ যদীচ্ছসিজ্জয়ং তমারাধয় দানব।
তং পরাজেষ্যসে ভক্ত্যা তস্মা চ্ছুশ্রূষ ধর্ম্মজং॥

পুলস্ত্য উবাচ।

ইত্যুক্তঃ পীতবাসেন দানবেন্দ্রো মহাত্মনা।
অব্রবীদ্বচনং হৃষ্টঃ সমাহূয়ান্ধকং মুনে॥

প্রহ্লাদ উবাচ।

দৈত্যাশ্চ দানবাশ্চৈব পরিপাল্যা ত্বয়ান্ধক।
ময়াসৃষ্টমিদং রাজ্যপ্রতীচ্ছত্বং মহাভুজ॥

অনুবাদ।

শক্তিতে কিম্বা ক্রোধে কিম্বা বলপূর্ব্বক জয় করিতে যদি না পারি তবে কিরূপে অবস্থিতি করিব। হে দেববর! তোমার অনুগ্রহে আমি ত্রিলোক জয় করিয়াছি কিন্তু ধর্ম্মতনয়ের নিকট পরাজয় হইয়াছি। পীতাম্বর বলিলেন। হে দানববর! তুমি ত্রিলোকের হিতের নিমিত্ত ধর্ম্ম প্রবর্ত্তক তপস্যা আশ্রয় কর, এবং যদি সেই ধর্ম্মতনয়কে জয় করিতে ইচ্ছা কর, তবে তাঁহাকে আরাধনা কর, তিনি ভক্তিতে পরাজয় হন, অতএব তাঁহার শুশ্রুষা করিতে প্রবর্ত্ত হও। পুলস্ত্য বলিলেন। মহাত্মা ভগবান পীতাম্বর এই কথা দানবনাথকে বলিলে তিনি সন্তোষ চিত্তে অন্ধককে আহ্বান করিয়া বলিলেন। হে অন্ধক! হে মহাবাহো! দেবদানব সকলকে তুমি প্রতিপালন করিয়াছ, আমার এই রাজ্য, এক্ষণে তুমি এই রাজ্যগ্রহণ কর। হিরণ্যাক্ষতনয় প্রহ্লাদ অন্ধককে এই কথা বলিলে অন্ধক

ইত্যেবমুক্তো জগ্রাহ রাজ্যং হৈরণ্যলোচনিঃ।
প্রহ্লাদো'পি তদাগচ্ছৎ পুণ্যং বদরিকাশ্রমং॥
দৃষ্ট্বা নারায়ণং দেবং নরঞ্চ দিতিজেশ্বরঃ।
কৃতাঞ্জলিপুটো ভূত্বা ববন্দ চরণৌ তয়োঃ॥
তমুবাচ মহাতেজা বাক্যং নারায়ণোঽব্যয়ঃ।
কিমর্থং প্রণতো সীহ মামজিত্বা মহাসুর॥

প্রহ্লাদ উবাচ।

কস্ত্বাং জেতুং প্রভো শক্তঃ কস্তত্ত্বঃ পুরুষোঽধিকঃ।
ত্বং হি নারায়ণোনন্তঃ পীতবাসা জনার্দ্দন॥
ত্বং দেবঃ পুণ্ডরীকাক্ষ ত্বং বিষ্ণুঃ শার্ঙ্গচাপধৃক্।
ত্বমব্যয়ো মহেশানঃ শাশ্বতঃ পুরুষোত্তমঃ॥

অনুবাদ।

ভারগ্রহণ করিলেন এবং দৈত্যনাথ প্রহ্লাদ তথাহইতে পুণ্যতীর্থে বদরিকাশ্রমে তপস্যা চরণের নিমিত্ত গমন করিলেন। দানবেশ্বর সেই পুণ্যাশ্রমে নরনারায়ণকে স্বচক্ষে অবলোকন করিয়া কৃতাঞ্জলিপুটে তাহাদিগের চরণ গ্রহণ পূর্ব্বক স্তব করিতে লাগিলেন। নারায়ণ তখন দানবেশ্বরকে আশ্রমে উপস্থিত দেখিয়া বলিলেন হে দানবনাথ! আমাকে জয় না করিয়া কি নিমিত্ত প্রণত হইয়াছ। প্রহ্লাদ বলিলেন। হে প্রভো! তোমাকে জয় করিতে কে শক্ত হইবে এবং কোন ব্যক্তি তোমার তত্ত্ব জানিতে পারে। তুমি নারায়ণ তোমার অন্ত নাই, তুমি পীতাম্বরধারী, তুমি জনার্দ্দন, তুমি দেব, তুমি পুণ্ডরীকাক্ষ, তুমি বিষ্ণু এবং তুমি শার্ঙ্গধনু ধারণ করিয়াছ। তোমার বিনাশ নাই, তুমি ঈশান, তুমি নিত্য, তুমি পুরুষোত্তম। যোগীগণ তোমাকেই চিন্তা করেন, মুনিঋষিগণ তোমাকেই পূজা

ত্বাং যোগিনশ্চিন্তয়ন্তি চার্চ্চয়ন্তি মনীষিণঃ।
জপন্তি স্নাতকা ত্বাঞ্চ যজন্তি ত্বাঞ্চ যাজ্ঞিকাঃ॥
ত্বমচ্যুতো হৃষীকেশ শ্চক্রপাণি র্ধরাধরঃ।
মহামীনো হয়শিরা ত্বমেব বরকচ্ছপঃ॥
হিরণ্যাক্ষরিপুঃ শ্রীমান্ ভগবান্ কব্যশূকরঃ।
মৎপিতুর্নাশমকরোৎ ভবানপি হি কেশরী॥
ব্রহ্মা ত্রিনেত্রো ভগবান্ হুতাশঃ
প্রেতাধিপো নীরপতিঃ সমীরঃ।
সূর্য্যোমৃগাঙ্কো চলজঙ্গমাদ্যো
ভবান্ বিভোনাথ খগেন্দ্রকেতো॥

অনুবাদ।

করেন, স্নাতকব্রতধারী তাপসগণ তোমার নাম জপ করেন এবং যাজ্ঞিকগণ তোমার নিমিত্ত যাগযজ্ঞ করেন, তুমি অচ্যুত, তুমি হৃষীকেশ এবং তুমি স্বহস্তে চক্র ধারণ করিয়াছ। তুমি ধরাধর, এবং তুমি মহামীনরূপ ধারণ করিয়াছিলে, তুমি হয়শিরা এবং তুমি কচ্ছপরূপ ধারণ করিয়াছিলে। তুমি হিরণ্যাক্ষের শত্রু, তুমি শ্রীমান তুমি ভগবান্, তুমি কব্য তুমি বরাহমূর্ত্তি ধারণ করিয়াছিলে এবং তুমি আমার পিতাকে বিনাশ করিয়াছ, তুমি ভগবান তুমি নৃসিংহ মুর্ত্তি ধারণ করিয়াছিলে। তুমি সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা, বিনাশকারী মহাদেব, পালনকর্ত্তা ভগবান্ শ্রীকৃষ্ণ, এবং অগ্নি, প্রেতাধিপতি যম, জলাধিপতি বরুণ, ও সমীরণও তুমি। হে বিভো! তুমি সূর্য্য, তুমি চন্দ্র হে খগেন্দ্রকেতো, অচলজঙ্গমপ্রভৃতি যেসকল পদার্থ আছে সেসকলই তুমি। তুমি পৃথ্বী তুমি জ্যোতি তুমি আকাশ তুমি জল, এবং তুমি আকাশরূপে সমস্তজগৎ ব্যাপ্তআছ, অতএব হে মাধব, তোমাকে

ত্বং পৃথ্বীজ্যোতিরাকাশ জলং ভূত্বাঃ সহস্রশঃ।
ত্বয়াব্যাপ্তং জগৎসর্ব্বং কস্ত্বাং জেষ্যতি মাধব॥
ভক্ত্যাযদি হৃষীকেশ স্তোষমেতি জগৎগুরো।
নান্যথা ত্বাং প্রবক্ষ্যামি জেতুং সর্ব্বগতাব্যয়॥

ভগবানুবাচ।

তুষ্টোস্মি তে দৈত্য স্তবে নানেন সুব্রত।
ভক্ত্যা ত্বনন্যয়া চাহং ত্বয়া দৈত্য পরাজিতঃ॥
পরাজিতশ্চ পুরুষো দৈত্য দণ্ডং প্রযচ্ছতি।
দণ্ডার্থন্তে প্রদাস্যামি বরং বৃণু যমিচ্ছসি॥

প্রহ্লাদ উবাচ।

নারায়ণ বরং যাচে যত্ত্বং মে দাতুমর্হসি।
তন্মেপাপং লয়ং যাতু শারীরং মানসং তথা॥

অনুবাদ।

জয় করিতে কে সমর্থ হইবে। হে জগৎগুরো,ভক্তিতেই তুমি সন্তোষ লাভ কর। হে সর্ব্বগত হে অব্যয়! ভক্তিব্যতীত তোমাকে কে পরাজয় করিবে? ভগবান্ বলিলেন। হে সুব্রত দানবরাজ! তোমার স্তবে আমি সন্তুষ্ট হইয়াছি অতএব হে দানবরাজ! তোমার ভক্তিতেই আমি পরাজয় হইলাম। হে দৈত্য যেব্যক্তি পরাজিত হয় সে কর প্রদান করে। অতএব তোমার যাহা ইচ্ছা হয় বর প্রার্থনা কর, তোমাকে করের পরিবর্ত্তে বর প্রদান করিব। প্রহ্লাদ বলিলেন, হে নারায়ণ, যদি আপনি সন্তোষ হইয়া থাকেন তবে আমি প্রার্থনা করি আমাকে বর প্রদান কর, আমার শারীরিক ও মানসিক যে পাপ হইয়াছে তাহা ক্ষয়প্রাপ্ত হউক। হে জগন্নাথ!

বাচিকঞ্চ জগন্নাথ যত্ত্বয়া সহযুধ্যতঃ।
নরেণ যচ্চাপ্যভবৎ বরমেতৎ প্রযচ্ছমে॥

নারায়ণ উবাচ।

এবং ভবতু দৈত্যেন্দ্র পাপন্তে যাতু সংক্ষয়ং।
দ্বিতীয়ং প্রার্থয় বরং যত্তে মনসি বর্ত্ততে॥

প্রহ্লাদ উবাচ।

যা যা জায়েত মেবুদ্ধিঃ সা সা বিষ্ণো ত্বদাশ্রয়া।
দেবার্চ্চনেচ নিরতা ত্বচ্চিন্তা ত্বৎপরায়ণা॥

নারায়ণ উবাচ।

এবং ভবিষ্যত্যপরং বরমন্যং যমিচ্ছসি।
ত্বং বৃণীষ্ব মহাবাহো প্রদাস্যা ম্যবিচারয়ন্॥

প্রহ্লাদ উবাচ।

সর্ব্বমেব ময়ালব্ধং ত্বৎপ্রসাদাদধোক্ষজ।
ত্বৎপাদ পঙ্কজাভ্যাং হি খ্যাতিরস্তু সদামম॥

অনুবাদ।

তোমার সহিত যুদ্ধে আমার যে বাচিক পাপ হইয়াছিল, তাহাও ক্ষয় হউক। এবং মহাত্মা নরের সহিত যুদ্ধে আমার মানসিক বাচনিক ও কায়িক যে পাপ হইয়াছিল,তাহাও ক্ষয়প্রাপ্ত হউক। নারায়ণ বলিলেন, হে দৈত্যনাথ! তোমাকে আমি বর দিতেছি তোমার কায়িক বাচনিক ও মানসিক যে পাপ হইয়াছে, তাহা ক্ষয় হউক এবং তোমার অভিলাষ রূপ অন্য বর প্রার্থনা কর। প্রহ্লাদ বলিলেন, হে বিষ্ণো! আমার বুদ্ধি তোমার কার্য্যে ও দেবার্চ্চনে সর্ব্বদা রত থাকে এবং তোমার চিন্তায় আমার মন সর্ব্বদা আসক্ত থাকে। নারায়ণ বলিলেন, তুমি আমার নিকট যাহা অভিলাষ করিয়াছ সিদ্ধ হউক। হে মহা-বাহো! তুমি অন্য বর অভিলাষ কর, প্রদান করিব। প্রহ্লাদ বলি-

নারায়ণ উবাচ।

এবমস্তু পরঞ্চাস্তু নিত্য মেবাক্ষয়ো ব্যয়ঃ।
অজর শ্চামরশ্চাপি মৎপ্রসাদাৎ ভবিষ্যতি॥
গচ্ছত্বং দৈত্যশার্দ্দূল স্বমাবাসং ক্রিয়ারতঃ।
ন কর্ম্মবন্ধো ভবতো মচ্চিত্তস্য ভবিষ্যতি॥
প্রশাস যন্নূন্ দৈত্যান্ রাজ্যং পালয় শাশ্বতং।
স্বজাতিসদৃশং দৈত্য কুরু ধর্ম্ম মনুত্তমং॥

পুলস্ত্য উবাচ।

ইত্যুক্তো লোকনাথেন প্রহ্লাদো দেব মব্রবীৎ।
কথং রাজ্যং সমাদাস্যে পরিত্যক্তং জগদ্গুরো॥
তমুবাচ জগৎ স্বামী গচ্ছত্বং নিজমাশ্রমং।
হিতোপদেষ্টা দৈত্যানাং দানবানাং তথা ভব॥

অনুবাদ।

লেন, হে নারায়ণ! তোমার প্রসাদে আমি সমস্ত লাভ করিয়াছিলাম, এক্ষণে তোমার পাদপদ্মে যেন আমার খ্যাতি থাকে। নারায়ণ বলিলেন, এইরূপ অপর বর যাহা প্রার্থনা করিলে তাহা সিদ্ধ হউক। এবং আমার প্রসাদে তুমি অক্ষয়, অজর, অমর হইবে। হে দৈত্যবর! এক্ষণে তুমি স্বীয় আবাসে গমন করিয়া ধর্ম্মকার্য্যে রত হও এবং তোমার কর্ম্মবন্ধ হইবে না, কেবল মদীয় চিন্তাতে সর্ব্বদা আসক্ত থাকিবে। স্বধামে গমন করিয়া রাজ্য ও দুর্ব্বল দৈত্যগণকে পালন এবং স্বজাতি সদৃশ ধর্ম্মকার্য্য কর। পুলস্ত্য বলিলেন, লোকাধ্যক্ষ ভগবান্ এই কথা বলিলে, প্রহ্লাদ নারায়ণকে বলিলেন, হে জগদ্গুরো! আমি রাজ্য পরিত্যাগ করিয়াছি, কি নিমিত্ত পুনর্ব্বার আমাকে রাজ্যপ্রদান করিতেছেন। জগৎস্বামী নারায়ণ দানবনাথের এবম্বিধ বাক্যশ্রবণে সন্তুষ্ট হইয়া বলিলেন। তুমি

নারায়ণে নৈবমুক্তঃ স তদা দৈত্যনায়কঃ।
প্রণিপত্য বিভুং তুষ্টো জগাম নগরং নিজং ॥
হৃষ্টঃ সভাজিতশ্চাপি দানবৈ রন্ধকেন বা।
নির্ম্মন্ত্রিতঃ স্বরাজ্যায় ন প্রৈত্যেচ্ছত নারদ ॥
রাজ্যং পরিত্যজ্য মহাসুরেন্দ্রো
নিষোজয়ৎ সৎপতি দানবেন্দ্রান্।
ধ্যায়ন্ স্মরন্ কেশব মপ্রমেয়ং
তস্থৌ তদা যোগবিশুদ্ধ দেহঃ ॥
এবং পুরা নারদ দানবেন্দ্রো
নারায়ণেনোত্তম পুরুষেণ।
পরাজিতশ্চাপি বিমুচ্য রাজ্যং
তস্থৌ মনো ধাতরি সন্নিবেশ্য ॥

ইতি বামনপুরাণে প্রহ্লাদবরপ্রদানং নামাষ্টমোধ্যায়ঃ।

অনুবাদ।

নিজাশ্রমে গমনপূর্ব্বক দানবগণের হিতোপদেষ্টা হও। নারায়ণ এই কথা বলিলে সেই দানবনাথ প্রহ্লাদ বিভুকে নমস্কার করিয়া সন্তুষ্টচিত্তে স্বীয় নগরে গমন করিলেন। প্রহ্লাদ নগরে প্রবেশ করিলে অন্ধকরাজ এবং অন্যান্য দানবগণ সকলে হৃষ্টচিত্তে প্রহ্লাদকে আহ্বান করিলেন, প্রহ্লাদ রাজ্যগ্রহণের নিমিত্ত পুনর্ব্বার ইচ্ছা করিলেন না। দানবেন্দ্র প্রহ্লাদ রাজ্য পরিত্যাগপূর্ব্বক অন্যান্য সাধু সচ্চরিত্র দানবগণকে রাজ্যে নিযুক্ত করিয়া অপ্রমেয় নারায়ণকে চিন্তা ও স্মরণপূর্ব্বক যোগবিশুদ্ধ দেহে অবস্থিতি করিলেন। হে নারদ! এই প্রকার অসুরাধিপতি প্রহ্লাদ, পুরুষোত্তম নারায়ণের নিকট পরাজিত হইয়া রাজ্য পরিত্যাগপূর্ব্বক জগৎবিধানকর্ত্তা ভগবানেতে মনোনিবেশ করিয়া অবস্থিতি করিলেন।

ইতি বামন-পুরাণে প্রহ্লাদের বর প্রদাননামক
অষ্টমোঽধ্যায়।

———

অথ নবমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

নেত্রহীনং কথং রাজ্যে প্রহ্লাদেনান্ধকো মুনে।
অভিষিক্তো জানতাপি রাজধর্ম্মং সনাতনং॥

পুলস্ত্য উবাচ।

লব্ধচক্ষু রসৌ ভূয়ো হিরণ্যাক্ষেপি জীবতি।
ততোভিষিক্তো দৈত্যেন প্রহ্লাদেন নিজেপদে॥

নারদ উবাচ।

রাজ্যেন্ধকো ভিষিক্তস্তু কি মাচারত সুব্রতঃ।
দেবাদিভিঃ সহকথং সমাস্তেতদ্বদস্বমে॥

পুলস্ত্য উবাচ।

রাজ্যেভিষিক্তো দৈত্যেন্দ্রো হিরণ্যাক্ষসুতোঽন্ধকঃ।
তপসারাধ্য দেবেশং শূলপাণিং ত্রিলোচনং॥

অনুবাদ।

নারদ বলিলেন, হে মহাত্মন্! রাজা প্রহ্লাদ রাজধর্ম্মজ্ঞ হইয়া কিরূপে নেত্রহীন অন্ধকে স্বরাজ্যে অভিষিক্ত করিলেন। পুলস্ত্য বলিলেন। হিরণ্যাক্ষ জীবিত থাকিতে উহার চক্ষু ছিল, এই নিমিত্ত দৈত্যনাথ প্রহ্লাদ তাহাকে স্বীয় পদে অভিষিক্ত করিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। অন্ধক রাজ্যে অভিষিক্ত হইয়া দেবতাদিগের সহিত কিরূপ ব্যবহার করিয়াছিলেন তাহা বর্ণন কর। পুলস্ত্য, বলিলেন, হিরণ্যাক্ষের পুত্র অন্ধক রাজ্যে অভিষিক্ত হইয়া অতিশয় কঠোর তপস্যাদ্বারা শূলপাণি-মহাদেবের উপাসনা করিতে লাগিলেন, তাহাতে শূলপাণি সন্তুষ্ট হইয়া অন্ধককে বর দিয়াছিলেন যে তুমি দেবতাগণ সিদ্ধগণ ঋষি

অজেয়ত্ত্ব মমধ্যত্বং সুরসিদ্ধর্ষিপন্নগৈঃ।
অদাহ্যত্ত্বং হুতাশেন অক্লেধত্বং জলেনচ॥
এবং স বরলব্ধস্তু দৈত্যরাজ্যম পালয়ৎ।
শুক্রং পুরোহিতং কৃত্বা সমধ্যাস্তে ততোন্ধকঃ॥
তত শ্চক্রে সমুদ্যোগং দেবানা মন্ধকোঽসুরঃ।
আক্রম্য বসুধাং সর্ব্বাং মনুজেন্দ্রান্ পরাজয়ন্॥
পরাজিত্য মহীপালান্ সহায়ার্থে নিয়োজ্য চ।
ততস্তু মেরুশিখরং জগামাদ্ভুতদর্শনং॥
শুক্রোঽপি সুরসৈন্যানি সমুদ্যোজ্য মহাগজং।
সমারুহ্যা মরাবত্যাং গুপ্তিং কৃত্বা পুনর্যযৌ॥
শুক্রস্যানু তথৈবান্যে লোকপালা মহৌজসঃ।
আরুহ্যবাহনং স্বং স্বং সায়ুধা নির্যযু র্বহি॥

অনুবাদ।

ও পন্নগগণ কর্ত্তৃক অজেয় ও অবধ্য এবং অগ্নিতে অদাহ্য জলেতে অক্লেধত্ব হইবে। এই প্রকার দানবরাজ শঙ্করের নিকট বর পাইয়া রাজ্য পালন করিতে লাগিল। শুক্রকে পুরোহিত-করিয়া রাজ্যরক্ষা করিতেছেন এই সময়ে সমস্ত পৃথিবীরআধি-পত্যের নিমিত্ত দেবগণের সহিত দানবেশ্বরের বিষম সংগ্রামউপ-স্থিত হইল, সেই সংগ্রামে দানবগণের নিকট দেবগণ পরাজিত হইয়া অতি রমণীয় মেরুশিখরে গমন পূর্ব্বক সাহায্যার্থে শুক্রাচার্য্যের নিকট উপস্থিত হইলেন। তাহাতে শুক্রাচার্য্য দেবগণের অনুরোধ-বশবর্ত্তী হইয়া দেবসৈন্যগণের যুদ্ধার্থ উদ্যোগী করিয়া অতিবৃহৎ হস্তীতে আরোহণপূর্ব্বক মন্ত্রণা করিবার জন্য ইন্দ্রলোকে গমন করিলেন, সেস্থান হইতে প্রত্যাবর্ত্তন করিলে তাহার পশ্চাৎ পশ্চাৎ অন্যান্য দেবগণ এবং বলবন্ত লোকপালগণ স্বীয় স্বীয় বাহনে

দেবসেনাপিচ সমং শুক্রে নাদ্ভূতকর্ম্মণা।
নিজগামাতি বেগেন গজবাজিরথাদিভিঃ॥
অগ্রতো দ্বাদশাদিত্যাঃ পৃষ্ঠতশ্চ ত্রিলোচনঃ।
মধ্যেঽষ্টৌবসবো বিশ্বে সাধ্যাশ্চ মরুতাঙ্গণাঃ॥
যক্ষবিদ্যাধরাদ্যাশ্চ স্বং স্বং বাহনমাস্থিতাঃ॥

নারদ উবাচ।

রুদ্রাদীনাং বদস্বেহ বাহনানিচ সর্ব্বশঃ।
একৈকস্যাপি ধর্ম্মজ্ঞ পরং কৌতুহলং মম॥

পুলস্ত্য উবাচ।

শৃণুস্ব কথয়িষ্যামি সর্ব্বেষা মপিনারদ।
বাহনানি সমাসেন একৈকস্যা নুপূর্ব্বশঃ॥

অনুবাদ।

আরোহণ করিয়া অস্ত্রশস্ত্র গ্রহণ পূর্ব্বক বহির্গত হইল। অদ্ভুতকর্ম্মা শুক্রাচার্য্যের সহিত দেবসেনা এবং অশ্ব, হস্তী, রথ প্রভৃতি সমস্ত অতিবেগে বহির্গত হইল। তাঁহার অগ্রভাগে দ্বাদশ আদিত্য, পৃষ্ঠদেশে ত্রিলোচন, মধ্যভাগে অষ্টাবসু, বিশ্বেদেব, সাধ্যগণ, মরুৎ-গণ এবং যক্ষবিদ্যাধরগণ স্বীয় স্বীয় বাহনে আরোহণ পূর্ব্বক যুদ্ধার্থ সংগ্রামস্থলে উপস্থিত হইল। নারদ জিজ্ঞাসা করিলেন। হে ধর্ম্মজ্ঞ! রুদ্রপ্রভৃতি দেবগণের প্রত্যেকের যে সমস্ত বাহন আছে তাহা-দিগের নাম কি? কাহার কএকটি বাহন এবং ঐ সকল বাহন কিরূপে জন্মিয়াছে তাহা বর্ণন করিয়া আমার আনন্দ বর্দ্ধন করুন্। পুলস্ত্য বলিলেন। হে নারদ! তুমি শ্রবণ কর, আমি রুদ্র প্রভৃতি দেবগণের প্রত্যেকের বাহন সকল কিরূপে জন্মি-

দন্নুহস্ততলোৎপন্নং মহাসত্বং মহাগজং।
শ্বেতবর্ণং মহাবীর্য্যং দেবরাজস্য বাহনং ॥
রৌদ্রাংশসম্ভবং ভীমং কৃষ্ণবর্ণং মহাজবং।
পৌণ্ড্রকং নামমহিষং ধর্ম্মরাজস্য নারদ ॥
রুদ্রকর্ণমলোদ্ভূতং শ্যামং জলধিসংজ্ঞকং।
শিশুমারং দিব্যগতিং বাহনং বরুণস্যচ ॥
রৌদ্রং শকট চক্রাক্ষং শৈলাকারং নরোত্তমং।
অম্বিকাপাদসম্ভূতং বাহনং ধনদস্য তু ॥
একাদশানাং রুদ্রানাং বাহনানি মহামুনে।
গন্ধর্ব্বাশ্চ মহাবীর্য্যা ভুজগেন্দ্রাঃ সুদারুণাঃ ॥
শ্বেতানি সৌরভেয়ানি বৃষান্যুগ্রজবানিচ।
রথশ্চন্দ্রমসশ্চার্দ্ধং হয় সাহস্রবাহনং ॥

অনুবাদ।

য়াছে এবং তাহাদিগের বিশেষ বিশেষ নাম তোমাকে সংক্ষেপে বর্ণন করিতেছি। মহাবলবান্ দন্নুরহস্ততলোৎপন্ন অতি বৃহদাকার সম্পন্ন শ্বেতবর্ণ বলবান্ হস্তী দেবরাজ ইন্দ্রের বাহন। রুদ্রাংশসম্ভূত অতি ভয়ঙ্কর, কৃষ্ণবর্ণ, অতি বেগশালী, পৌণ্ড্রকনামে মহিষ ধর্ম্মরাজ যমের বাহন। রুদ্রের কর্ণমলসম্ভূত শ্যামবর্ণ উৎকৃষ্ট গমনশালী শিশুমার ও জলধিসংজ্ঞক বরুণের বাহন। অম্বিকাপাদসম্ভূত অতি ভয়ঙ্কর শকটচক্রসদৃশ চক্ষু পর্ব্বতের ন্যায় অতি বৃহৎ কলেবর কুবেরের বাহন। হে মহামুনে! একাদশরুদ্রের বাহন কীর্ত্তন করিয়া চরিতার্থ করুন্। অতি বীর্য্যশালী গন্ধর্ব্ব ও ভয়ঙ্কর বিষধর এবং শ্বেতবর্ণ সুরভিবংশসম্ভূত অত্যুগ্র বেগশালী বৃষ ও চন্দ্রমার ঘোটক সহস্র

হয়ৌঘ রথবাহাশ্চ আদিত্যা মুনিসত্তম।
কুঞ্জর শ্চাষ্টা বসবো যক্ষাশ্চ নরবাহনাঃ॥
কিন্নরা ভুজগারূঢ়া হয়ারূঢ়া তথাশ্বিনৌ।
শারঙ্গাধিষ্ঠিতা ব্রহ্মণ মরুতোঘোরদর্শনাঃ॥
শুকারূঢ়াশ্চ কবয়ো গন্ধর্ব্বাশ্চ পতত্রিণঃ।
আরুহ্য বাহনান্যেবং স্বানি হৃষ্টা নরোত্তমাঃ॥
সংনদ্য নির্যযুর্দৃষ্ট্বা যুদ্ধায় সুমহৌজসঃ।

নারদ উবাচ।

গদিতানি সুরাদীনাং বাহনানি মহামুনে।
দৈত্যানাং দানবানাঞ্চ যথাবদ্বক্তু মর্হসি॥

পুলস্ত্য উবাচ।

শৃণুস্ব দানবাদীনাং বাহনানি দ্বিজোত্তম।
কথয়িষ্যামি তত্ত্বেন যথাবৎ শ্রোতুমর্হসি॥

অনুবাদ।

যোজিত অর্দ্ধরথ। হে মুনিসত্তম! দিবাকরের সপ্ত ঘোটকযুক্ত রথ, অষ্টাবসুর হস্তিবাহন, যক্ষগণের নরবাহন, কিন্নরগণ সর্পারূঢ়, অশ্বিনী-কুমার ঘোটকারূঢ়, মরুদ্গণের বাহনমৃগ, গন্ধর্ব্বগণের বাহনপক্ষী, হে ব্রহ্মন্! কবিগণ শুকারূঢ়, এই সকল দেব, গন্ধর্ব্ব, কিন্নর, যক্ষ প্রভৃতি স্বীয় স্বীয় বাহনে হৃষ্টচিত্তে কোলাহল করতঃ যুদ্ধার্থ অতিবেগে নির্গত হইল। নারদ বলিলেন হে মহাত্মন্! আপনি দেবগণের বাহন সকল নির্ণয় করিয়া বলিলেন কিন্তু দৈত্যদানব-গণের বাহন নির্ণয় করিয়া বলিলে পরম সন্তোষলাভ করিব। পুলস্ত্য বলিলেন হে দ্বিজবর নারদ! দানবগণের বাহন ক্রমশঃ বর্ণন

অন্ধকস্য রথোদিব্যোযুক্তঃ পরমবাজিভিঃ।
কৃষ্ণবর্ণঃ সহস্রার স্ত্রীনল্ব পরিমানবান্॥
প্রহ্লাদস্য রথোদিব্য শ্চন্দ্রবর্ণৈ র্হয়োত্তমৈঃ।
উহ্যমান স্তথাষ্টাভিঃ শ্বেতরত্নময়ঃ শুভঃ॥
বিবোচনস্যচ গজঃ কুম্ভজস্য তুরঙ্গমঃ।
জম্ভস্য তু রথোদিব্যোহয়ৈঃ কাঞ্চনসন্নিভৈঃ॥
শঙ্কুকর্ণস্য তুরগো হয়গ্রীবস্য কুঞ্জরঃ।
রথোময়স্য বিখ্যাতো দুন্দুভেশ্চ মহোরগঃ॥
শম্বরস্য বিমানোভূ দয়ঃ শঙ্কোর্মৃগাধিপঃ।
বলিবৃত্তৌচ বলিনৌ গদামুষলধারিণৌ॥
পদ্ভ্যাং দৈবত সৈন্যানি অভিদ্রবিতু মুদ্যতৌ।
ততো রণোভূ ত্তুমুলঃ শঙ্কুলোতি ভয়ঙ্করঃ॥
রজসা সাংবৃতোলোকঃ পাংশুবর্ণেন নারদ।
নাজ্ঞাসীচ্চ পিতাপুত্রং ন পুত্রঃ পিতরং তথা॥

অনুবাদ।

করিব তুমি শ্রবণ কর। অন্ধকের রথ অতি উত্তম, ধাতুময় সহস্র চূড়া ছয়ক্রোশ পরিমাণ এবং বহুসংখ্যক অতি সুদৃশ্য কৃষ্ণবর্ণ বীর্য্যবন্ত ঘোটক সংযুক্ত প্রহ্লাদের রথ অতি সুন্দর রত্নময় শ্বেত-বর্ণ বেগশালী অষ্ট ঘোটক সংযুক্ত শঙ্কুকর্ণের বাহন ঘোটক, হয়গ্রীবের বাহন হস্তী। ময়দানবের রথ, দুন্দুভির ঘোটক, শম্বরের লৌহময় রথ, শঙ্কুদানবের মৃগ, এবম্বিধ রথ বাহনারূঢ় অতি বলবান গদামুসলধারী দানব সৈন্য ও দেবসৈন্যগণের পরস্পর বিবাদ উপস্থিত হইল। তাহাতে দানবসৈন্যগণ দেবসৈন্যগণের প্রতি যুদ্ধার্থ বেগে ধাবমান হইলে ক্রমশঃ পরস্পরের অতি ভয়ঙ্কর তুমুল সংগ্রামহইল। সেই সংগ্রামে এরূপ ধূলো উত্থিত হইয়াছিল যে তাহাতে জগৎ ধূলীময় ও অন্ধকারাবৃত হইল। অধিক

স্বান্যেবান্যে নিজঘ্নুর্বৈ পরানন্যেচ সুব্রত।
অভিদ্রুতো মহাবেগো রথোপরি রথ স্তদা ॥
গজমত্তং গজেন্দ্রঞ্চ সাদীসাদিন মন্বগাৎ।
পদাতিরথসংক্রুদ্ধঃ পদাতিনমথোল্বনং ॥
পরস্পরঞ্চ প্রত্যঘ্নন্নন্যোন্য জয়কাঙ্ক্ষিণঃ।
ততস্তু শঙ্কুলেতস্মিন যুদ্ধে দেবাসুরে মুনে ॥
প্রাবর্ত্তত নদীঘোরাসময়ন্তী রণাগ্রজঃ।
অসৃক্ তোয়ারথাবর্ত্তা যোধ সংঘান্তবাহিনী ॥
গজকুম্ভ মহাকূর্ম্মা শরমীনদুরত্যয়া।
তীক্ষ্ণোগ্রপ্রাসমকরা মহাসি গ্রাহবাহিনী ॥

অনুবাদ।

কি পিতাপুত্রকে জানিতে পারে নাই, এবং পুত্র পিতাকে জানিতে পারে নাই। পরস্পর আত্মপর বিবেচনায় অসমর্থ হইয়া স্বীয় স্বীয় সৈন্য বিনাশ করিতে লাগিল। রথ সকল বেগে রথোপরি পতিত হইয়া বিনাশ হইতে লাগিল। মাতঙ্গগণ মাতঙ্গের উপর পতিত হইল। এবং অশ্বারোহী অশ্বারোহীর উপর গজারোহী গজারোহীর উপর পতিতহইতে লাগিল। রথদ্বারা রথ এবং পদাতিকদ্বারা পদাতিক বিনাশ করিতে লাগিল। পরস্পর জয়াকাংক্ষী হইয়া পরস্পরের সৈন্য সংহার করিতে লাগিল। হে নারদ! এবম্বিধ দেব দানবের ভয়ঙ্কর, সংগ্রাম হইয়াছিল যে ঐ যুদ্ধের শোণিতধারা নদীর ন্যায় বেগবতী হইয়া রথ চক্র, রথ,পদাতিক,হয়, হস্তী প্রভৃতি প্রবল স্রোতে সঞ্চালিত হইয়াছিল। সেই নদীতে গজকুম্ভ বৃহৎকূর্ম্ম। বাণসকল মৎস্য, তীক্ষ্ণ ভয়ঙ্কর প্রাস সকল মকর, অতি বৃহৎ খড়্গ

অস্ত্রশৈবাল সংকীর্ণা পতাকাফেণমালিনী।
গৃধ্রকঙ্ক মহাহংসশ্যেন চক্রার্দ্ধমণ্ডিতা॥
বনবায়স কাদম্বা গোমায়ুশ্বাপদাকুলা।
পিশাচ মুনিসংকীর্ণা তুস্তরাপ্রাকৃতৈর্জনৈঃ॥
রথপ্লবৈঃ সন্তরন্তঃ শূরাস্তাং প্রজগাহিরে।
আগুল্‌ফোদরমজ্জন্তঃ সূদয়ন্তঃপরস্পরং।
সমুত্তরন্তোবেগেন যোধাজয় ধনেপ্সবঃ।
ততস্তু দৈত্যঃসুরসিদ্ধসাধনৈ
র্মহাহবেভীরু ভয়ঙ্করেহথ।
রক্ষাংসি যক্ষাশ্চ সুসংপ্রহৃষ্টাঃ
পিশাচ যুথাস্ত্বভিরে মিরেচ॥
পিবন্ত্যসৃক্‌গাঢ়তরং তটানা
মালিঙ্গ্য মাংসানিচ ভক্ষয়ন্তি।
বসাং বিলুম্পন্তি চ বিস্ফুরন্তি
গর্জ্জন্ত্যথান্যোন্যমথো বয়াংসি॥

অনুবাদ।

সমস্ত কুম্ভীর, অন্যান অস্ত্রসকল শৈবাল, পতাকাসকল ফেণা, এবং সেই সংগ্রামস্থান গৃধ্র, কঙ্ক, মহাহংস, শ্যেনপক্ষী, বনকাক, কাদম্ব, শৃগালে পরিপূর্ণ। হে নারদ! সেই সংগ্রামস্থান পিশাচ পরিপূর্ণ থাকায় অতি ভয়ঙ্কর দুর্গম হইয়াছিল। রথ সমূহপতিত হওয়াতে বীরগণের অতি অগম্য হইয়াছিল। কাহার বা পাদ হইতে উদর পর্য্যন্ত পোথিত করিয়াছে, অন্যান্য জয়াকাংক্ষী যোদ্ধাগণবেগে উত্থিত হইয়া পরস্পরের সৈন্য সংহার করিতেছে। অনন্তর সেই সংগ্রাম স্থান দেবদানব ও সিদ্ধগণের বিনাশে অতি ভয়ঙ্কর হইল। এবং তাহাতে যক্ষ রক্ষ পিশাচগণ হৃষ্টচিত্তে ক্রীড়া করিতে লাগিল। পক্ষিগণ গাঢ়তর শোণিতপান করিতে লাগিল। এবং মাংসবসা ভক্ষণে লোলুপ হইয়া পরস্পর উৎসাহে গর্জ্জন করিতে লাগিল।

মুঞ্চন্তিফেৎকার রবান্ শিবাশ্চ
ক্রন্দন্তিযোধাভুবি বেদনার্ত্তাঃ।
শস্ত্রপ্রতপ্তা নিপতন্তি চান্যে
যুদ্ধং শ্মশান প্রতিমং বভুব॥
তস্মিন শিবাঘোরতরে প্রবৃত্তে
সুরাসুরাণাং সুভয়ঙ্করেহি।
যুদ্ধেবভৌ প্রাণপণোপবিদ্ধং
দ্বন্দ্বেতি শস্ত্রাক্ষগতো দুরোদরঃ॥
হিরণ্যচক্ষু স্তনয়োরণেহন্ধকে
রথেস্থিতো বাহুসহস্রযোজিতে।
মত্তেভপৃষ্ঠস্থিত মুগ্রতেজসং
সমেয়িবান্ দেবপতিং শতক্রতুং॥
সমাপতন্তং মহিষাধিরূঢ়ং
যমং প্রতীচ্ছদ্বলবান্ দিতীশঃ।
প্রহ্লাদনামা তুবগাষ্টযুক্তং
রথং সমাস্থায় সমুদ্যতাস্ত্রং॥

অনুবাদ।

ফেৎকারীগণ শিবাকে পরিত্যাগ করিল, যোদ্ধাগণ অস্ত্রাঘাতে বেদনায় কাতরস্বরে রোদন করতঃ পতিত হইতে লাগিল। অন্যান্য যোদ্ধাগণ সংগ্রামশায়ী হওয়াতে সংগ্রামস্থান শ্মশান সদৃশ হইল। শিবাগণের ঘোরতর নিনাদে দেবাসুরের ভয়জনক সেই শ্মশান সদৃশ সংগ্রাম ভূমিতে শস্ত্রাক্ষ ও দূরোদর নামক মহাবল পরাক্রান্ত দুই মহাসুর প্রাণপণে যুদ্ধ করিয়া তথায় উপস্থিত হইল। সহস্রাশ্বযোজিত রথ আরোহণে হিরণ্যাক্ষতনয় অন্ধক এবং মত্তঐরাবত মাতঙ্গারোহী অতি উগ্রতেজস্বী দেবরাজ ইন্দ্রের সহিত। মহিষারোহণে প্রেতাধিপতি যম, তুরগাষ্টসংযুক্ত রথারোহী উদ্যতাস্ত্র প্রহ্লাদ

বিরোচনশ্চাপি জলেশ্বরং ত্বগা
জ্জম্ভস্তথাগান্ধনদং বলাঢ্যং।
বায়ুং সমভ্যর্চ্চ্যত সম্বরোথ
ময়োহুতাশং যুযুধেমুনীন্দ্র ॥
অন্যেহয়গ্রীবমুখা মহাবলা
দিতেস্তনুজা দনু পুঙ্গবাশ্চ।
সুরাহুতাশার্ক বসূরগেশ্বরান্
দ্বন্দ্বং সমাসাদ্য মহাবলান্বিতাঃ ॥
গর্জ্জন্ত্যথান্যোন্য মুপেত্যযুদ্ধং
বচোনিকর্ষন্ত্যতি বেগিতাশ্চ।
মুঞ্চন্তিনারাচ গণান্ সহস্রশঃ
আগচ্ছ হেতিষ্ঠসি কিং বিভেষি ॥
নরৈস্তু তীক্ষ্ণৈরভিতাড়য়ন্তঃ
অস্ত্রৈরমোঘৈরভিতাড়য়ন্তঃ।
মন্দাকিনীবেগনিভাং বহন্তীং
প্রবর্ত্তয়ন্তো ভয়দাং নদীঞ্চ ॥

অনুবাদ।

নামক দৈত্যের সহিত, বিরোচন্ নামক অসুর বরুণের সহিত, জম্ভনামক দৈত্য কুবেরের সহিত,সম্বর দৈত্য পবনের সহিত,ময়দৈত্য অগ্নির সহিত ভয়ঙ্কর সংগ্রাম করিতে লাগিল। এবং হয়গ্রীব মুখ প্রভৃতি অতি ভয়ঙ্কর দানবগণের সহিত অন্যান্য দেবগণ, অগ্নিগণ, দ্বাদশার্ক, অষ্টাবসু ও নাগেশ্বরগণ উভয়ে মিলিত হইয়া পরস্পর গর্জ্জন পূর্ব্বক বাক্যুদ্ধ হইতে লাগিল। পরে সমরস্থানে ভয়ঙ্কর যুদ্ধে প্রবৃত্ত হইয়া সহস্র সহস্র বাণ পরিত্যাগপূর্ব্বক বলিতে লাগিল তুমি এস্থানে আইস, এই সংগ্রামে অবস্থিতি কর, তুমি কি ভয় পাইয়াছ। অনন্তর দানবগণ দেবগণের প্রতি তীক্ষ্ণাস্ত্র বর্ষণ করিলে দেবগণ তাহাদিগের অমোঘ অস্ত্রদ্বারা তাড়িত করিতে লাগিলেন বোধ হয় প্রলয়কালীন মন্দাকিনীনদী অত্যুগ্র ভয়ঙ্কর প্রবাহদ্বারা

ত্রৈলোক্যমাকাঙ্ক্ষিভি রুগ্রবেগৈঃ
সুরাসুরৈর্নারদ সংপ্রবৃদ্ধৈঃ।
পিশাচ রক্ষোগণ পুষ্টিবর্দ্ধনী
মুহূর্ত্ত মিচ্ছন্তি রসৃগ্নদীবভৌ॥
বাদ্যন্তি তূর্য্যানি সুরাসুরাণাং
পশ্যন্তি খস্থা মুনিসিদ্ধসংঘাঃ।
নৃত্যন্তিতানপ্সরসো রণাগ্রাং
হতা রণে যে ভিমুখা স্বসুরাঃ॥

ইতি বামনপুরাণে দেবাসুর যুদ্ধবর্ণনংনাম নবমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

ত্রিলোক প্লাবনের ন্যায় দেবাসুরের অতি প্রবল ভয়াবহ সংগ্রাম হইয়াছিল। তাহাতে মুহূর্ত্তকাল মধ্যে পিশাচ ও রাক্ষসগণের পুষ্টি-বর্দ্ধিনী শোণিত নদী প্রবাহিত হইতে লাগিল। এবং সেই সমর-ক্ষেত্রে দেবতা ও অসুরগণের বাদ্যধ্বনি হইতে লাগিল। মুনি ও সিদ্ধগণ গগণমার্গে অবস্থিতি করিয়া দর্শন করিতে লাগিলেন। সংগ্রাম সম্মুখে অপ্সরাগণ নৃত্য করিতে লাগিল এবং অসুরগণ সংগ্রামে পরাজিত ও বিনষ্ট হইল।

ইতি বামনপুরাণে নবমোঽধ্যায়।

———

দশমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততঃ প্রবৃত্তে সংগ্রামে ভীরূণাং ভয়বর্দ্ধনে।
সহস্রাক্ষো মহচ্চাপ মাদায় ব্যসৃজচ্ছরান্॥
অন্ধকোপি মহাবেগং ধনুরাকৃষ্য ভাস্বরং।
পুরন্দরায় চিক্ষেপ শরান্ বর্হিণবাসসঃ।
তাবন্যোন্যং সুতীক্ষ্ণাগ্রৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
রুক্মপুংখৈ র্মহাবেগৈ রাজঘ্নতু রুভাবপি॥
ততঃ ক্রুদ্ধঃ শতমখঃ কুলিশং ভ্রাম্যপাণিনা।
চিক্ষেপ দৈত্যরাজায় তং দদর্শ তথান্ধকঃ॥
আজঘান চ বাণৌঘৈ রস্ত্রৈঃ শস্ত্রৈশ্চ নারদ।
তান্ ভস্মসাৎ তদাচক্রে নগানিব হুতাশনঃ॥

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। অনন্তর ভয়শীল জনগণের অতি ভয়ঙ্কর তুমুলসংগ্রাম আরম্ভ হইলে দেবরাজ ইন্দ্র অতি বৃহৎ ধনু গ্রহণ পূর্ব্বক অন্ধকের প্রতি শরবর্ষণ করিতে লাগিলেন। দানবেশ্বর অন্ধক অতি বেগে এক ভয়ঙ্কর ধনু আকর্ষণ পূর্ব্বক দেবরাজের উপর শর নিকরনিক্ষেপ করিতে লাগিল। অনন্তর দুই মহাবল পরাক্রান্ত বীরপুরুষ অতিবেগে নিরন্তর স্বর্ণপুংখ শাণিত তীক্ষ্ণশর দ্বারা পরস্পরের বিনাশ করিতে চেষ্টিত হইল। পরে দেবরাজ ইন্দ্র অতিশয় ক্রোধে স্বীয় বজ্র হস্তে ধারণ পূর্ব্বক ঘূর্ণিত করিয়া দানবনাথের প্রতি নিক্ষেপ করিলেন। দানবরাজ বজ্র সমাগত দেখিয়া বিবিধ বাণ ও অস্ত্রশস্ত্র বর্ষণ দ্বারা ঐ বজ্র নিবারণ করিতে চেষ্টা করিলেন তাহাতে ঐ বজ্র প্রবলতেজে দানবের অস্ত্রশস্ত্র সমস্ত হুতাশন যাদৃশ পর্ব্বত রাশিকে ভস্মসাৎ করেন, তাদৃশ

ততোঽতিবেগিনং শক্রং দৃষ্ট্বা বলবতাম্বরঃ।
সমাপ্লুত্য রথাত্তস্থৌভুবি বাহু সহায়বান্॥
রথং সারথিনাসার্দ্ধং সার্দ্ধধ্বজ স কুবরং।
ভস্মকৃত্বাথ কুলিশ মন্ধকং সমুপাযযৌ॥
তমাপতন্তং বেগেন মুষ্টিনাহত্য ভূতলে।
পাতয়ামাস বলবান্ জগর্জ্জ চ তথান্ধকঃ॥
তং গর্জ্জমানং বীক্ষ্যাথ বাসবং সায়কৈর্দৃঢ়ং।
ববর্ষ তান্ বারয়িতু মভ্যয়া স্তং শতক্রতুং॥
আজঘান তলেনেভং কুম্ভমধ্যে যদাকরং।
জানুনা চ সমাহত্য বিষাণং প্রবভঞ্জ চ॥
বামমুষ্ট্যা তথাপার্শ্বে সমাহত্যান্ধকশ্চরন্।
গজেন্দ্রং পাতয়ামাস প্রহারৈর্জ্জর্জ্জরীকৃতং॥

অনুবাদ।

ভস্মীভূত করিয়া ভূমিতলে পতিত করিল। অস্ত্র শস্ত্র সমস্ত বিফল করিয়া অতিবেগে বজ্র সমাগত হইতেছে দেখিয়া দানবেশ্বর তৎক্ষণাৎ হস্তমাত্র সহায় অবলম্বন করিয়া লম্ফ প্রদানে রথহইতে অবতরণ পূর্ব্বক সমরক্ষেত্রে অবস্থিতি করিল। দেবরাজেরবজ্র তৎক্ষণাৎ অন্ধকের সারথি ধ্বজা ও ঘোটকের সহিত রথকে ভস্মসাৎ করিয়া অন্ধকের নিকট উপস্থিত হইল। অন্ধকরাজ দেবরাজেরবজ্র সম্মুখে সমুপস্থিত দেখিয়া অতিবেগে মুষ্ট্যাঘাতদ্বারা মহীতলে পাতিত করিয়া অতিশয় গর্জ্জন করিতে লাগিল। দেবরাজ ইন্দ্র দানবেশ্বরকে অতিশয় গর্জ্জন করিতে দেখিয়া সুতীক্ষ্ণ শরনিকর বর্ষণ করিতে লাগিলেন। দানবরাজ ঐ শরসমূহ নিবারণ করিবার জন্য অতিবেগে দেবরাজের নিকট গমন করিয়া দেবরাজের করিকুম্ভে চপেটাঘাত পূর্ব্বক জানুদ্বারা আঘাত করিয়া হস্তীশুণ্ড ভঙ্গকরিয়া ফেলিল। এবং তাহার পার্শ্বে মুষ্ট্যাঘাত করিয়া হস্তীকে

গজেন্দ্রাৎ পতমানাচ্চ অবপ্লুত্য শতক্রতুঃ।
পাণিনা বজ্রমাদায় প্রবিবেশা মরাবতীং ॥
পরাজিতে সহস্রাক্ষে তদৈবং তদ্বলং মহৎ।
পাতয়ামাস দৈত্যেন্দ্রঃ পাদমুষ্টিতলাদিভিঃ ॥
ততো বৈবস্বতো দণ্ডং পরিভ্রাম্য দ্বিজোত্তম।
তমভ্যধাবৎ প্রহ্লাদং হন্তুকামো সুরোত্তমং ॥
তমাপতন্তং বাণৌঘৈর্ব্ববর্ষ রবিনন্দনং।
হিরণ্যকশিপোঃ পুত্র শ্চাপমালম্ব্য বেগবান্।
তাং বাণবৃষ্টিমতুলাং দণ্ডেনাহত্য ভাস্করিঃ।
শান্তয়িত্বা প্রচিক্ষেপ দণ্ডং লোকভয়ঙ্করং ॥
স বায়ুপথমাস্থায় ধর্ম্মরাজকরে স্থিতঃ।
জজ্বাল কালাগ্নিনিভো যদ্বদগ্ধুং জগত্রয়ং ॥

অনুবাদ।

ধরাশায়ী করিল। গজেন্দ্র অতিশয় প্রহার দ্বারা জর্জ্জরীকৃত হইয়া পতিত হইলে দেবরাজ গজেন্দ্র হইতে অবতরণ পূর্ব্বক বজ্র হস্তে গ্রহণ করিয়া অমরাবতীতে পলায়ন করিলেন। দেবরাজ পরাজিত হইলে দানবরাজ তাঁহার সৈন্যসকল, কাহাকে পদাঘাতে কাহাকে মুষ্ট্যাঘাতে কাহাকে চপেটাঘাতে বিনাশ করিল। হে দ্বিজোত্তম! পরে ধর্ম্মরাজ যমদণ্ড ঘূর্ণিত করিয়া অসুরবর প্রহ্লাদকে বিনাশ করিতে ধাবমান হইলেন দানব দণ্ডহস্ত যমকে সমাগত দেখিয়া তাহার প্রতি বাণবর্ষণ করিতে লাগিল। বলবান হিরণ্যকশিপুর তনয় প্রহ্লাদ অতি বেগে এক ধনুগ্রহণ পূর্ব্বক ধর্ম্মরাজের প্রতি বাণবৃষ্টি করিলেন ধর্ম্মরাজ দণ্ড দ্বারা ঐ বাণসকল নিবারণ পূর্ব্বক সর্ব্বলোক ভয়ঙ্কর সেইদণ্ড দানবের প্রতি নিক্ষেপ করিলেন। প্রলয়কালে ত্রিলোক দগ্ধ করিবার জন্য কালাগ্নি যাদৃশ প্রজ্বলিত হয় তাঁদৃশ

জাজ্জ্বল্যমানমায়ান্তং দণ্ডং দৃষ্ট্বাদিতেঃ সুতাঃ।
প্রাক্রোশন্তি হতঃ কষ্টং প্রহ্লাদোহয়ং যমেন হি॥
ত মাক্রন্দিত মাকর্ণ্য হিরণ্যাক্ষসুতোঽন্ধকঃ।
প্রোবাচ মাভৈশ্চ ময়ি স্থিতে কোঽয়ং সুরাধমঃ॥
ইত্যেবমুক্ত্বা বচনং বেগেনাভি সসার চ।
জগ্রাহ পাণিনাদণ্ডং হসন্ সব্যেন নারদ॥
তমাদায় ততো বেগাৎ ভ্রাময়ামাস চান্ধকঃ।
জগর্জ্জ চ মহানাদং যথা প্রাবৃষি তোয়দঃ॥
প্রহ্লাদং রক্ষিতং দৃষ্ট্বা দণ্ডা দৈত্যেশ্বরেন হি।
সাধুবাদং তদা চক্রু দৈত্যদানব যূথপাঃ॥

অনুবাদ।

ধর্ম্মরাজের করস্থিত ঐ দণ্ড প্রজ্বলিত হইয়া দানবের প্রতি সমাগত হইল, দানবগণ ঐ দণ্ড অবলোকন করিয়া যমকর্ত্তৃক প্রহ্লাদ বিনষ্ট হইল এই মহৎ কষ্টে সকলেই অতিশয় ক্রুদ্ধ হইল এবং প্রহ্লাদ তাহা দেখিয়া ক্রন্দন করিতে লাগিল। দানবেশ্বর অন্ধক তাহার ক্রন্দনধ্বণি শ্রবণ করিয়া উচ্চৈঃস্বরে বলিল ভয় নাই, আমি এই সমরক্ষেত্রে থাকিতে সুরাধম তুইকে? এই কথা বলিয়া অতি-বেগে তথায় উপস্থিত হইল এবং ধর্ম্মরাজের দণ্ড বামহস্তে গ্রহণ পূর্ব্বক হাস্য করিতে লাগিল। হে নারদ! সেই হিরণ্যাক্ষেরপুত্র অন্ধক ধর্ম্মরাজের দণ্ড গ্রহণপূর্ব্বক ঘূর্ণিত করিয়া বর্ষাকালে বারিদ যাদৃশ গর্জ্জন করে তাদৃশ গর্জ্জন করিতে লাগিল। ধর্ম্মরাজের দণ্ড হইতে প্রহ্লাদকে রক্ষা করিতে দেখিয়া অন্যান্য দানবগণ সকল দৈত্যেশ্বরকে সাধুবাদ করিতে লাগিল। দানবরাজ ঐ দণ্ড অতি

ভ্রাময়ন্তং মহাদণ্ডং দৃষ্ট্বা ভানুসুতো মুনে।
দুঃসহং দুর্দ্ধরং মত্বা অন্তর্দ্ধান মগাৎ যমঃ ॥
অন্তর্হিতে ধর্ম্মরাজে প্রহ্লাদোপি মহামুনে।
দারয়ামাস বলবান্ দেবসৈন্যং সমন্ততঃ ॥
বরুণঃ শিশুমারস্থো বদ্ধা পাশৈ র্মহাসুরান্।
গদয়া দারয়ামাস ত মভ্যগা দ্বিরোচনঃ ॥
তোমরৈ র্বজ্রসংস্পর্শৈঃ শক্তিভি র্মাগ্‌র্গলৈ রপি।
জলেশং তাড়য়ামাস মুদ্গরৈ র্বজ্রসন্নিভৈঃ ॥
ততস্তং গদয়াভ্যেত্য পাতয়িত্বা ধরাতলে।
অভিদ্রুত ববন্ধা থ পাশৈর্মত্তগজং বলী ॥
তান্ পাশান্ শতধা চক্রে বেগা দনুগজেশ্বরঃ।
বরুণঞ্চ সমভ্যেত্য মধ্যে জগ্রাহ নারদ ॥

অনুবাদ।

বেগে ঘূর্ণিত করিতে লাগিল তদ্দর্শনে রবিনন্দন যম দানবেশ্বরকে দুর্দ্ধর ও দুঃসহ বিবেচনা করিয়া তথা হইতে পলায়ন করিলেন। হে নারদ! ধর্ম্মরাজ পলায়ন করিলে অতি বলবান দানবেশ্বর অন্ধক যমের সৈন্যসকল ক্ষণকাল মধ্যে বিনষ্ট করিলেন, জলাধিপতি বরুণ শিশুমারে আরোহণপূর্ব্বক দানবগণকে পাশদ্বারা বদ্ধকরিয়া গদাঘাতে বিনাশ করিতে লাগিলেন। বিরোচন তাহা অবলোকন করিয়া বরুণের প্রতি ধাবমান হইল। এবং বজ্র সন্নিভ তোমর, মুদ্গর, শক্তি ও মাগ্‌র্গলদ্বারা বরুণকে আঘাত করিতে লাগিল। বরুণ সেই দানবকে গদাপ্রহার দ্বারা ভূমিতলে পতিত করিয়া মত্তহস্তীরন্যায় তাহাকে পাশদ্বারা বন্ধন করিলেন। তদনন্তর গজেশ্বর দানব সেই পাশকে শত খণ্ডে বিভক্ত করিয়া বরুণেরপ্রতি বেগে গমনপূর্ব্বক তাহাকে ধৃত করিলেন। হে নারদ, তৎপরে হস্তীদণ্ড

ততো দন্তীরদন্তাভ্যাং প্রচিক্ষেপ তদাব্যয়ঃ ।
মমর্দ্দ চ তথাপন্ভ্যাং সগদং সলিলেশ্বরং ॥
তং মর্দ্দমাণং বীক্ষ্যাথ শশাঙ্কঃ শিশিরাংশুমান্ ।
অভ্যেত্য তাড়য়ামাস মার্দ্দনৈঃ কায়দারনৈঃ ॥

সংতাড্যমানঃ শিশিরাংশুজালৈ-
রবাপ্য পীড়াং পরমাং গজেন্দ্রঃ ।
শ্লিষ্টশ্চ বেগাৎ পয়সামধীশং
মুহুর্মুহুঃ পাদতলৈর্মমর্দ্দ ॥
সংমর্দ্দ্যমাণোবরুণো গজেন্দ্রং
পদ্ভ্যাং সুগাঢ়ং জগৃহে মহর্ষে ।
পাদেষু ভূমিং করয়োঃ স্পৃশংশ্চ
মুর্দ্ধাণ মূলাম্পবলান্ মহাত্মা ॥
গৃহ্যাঙ্গুলীভিশ্চ গজস্য পুচ্ছং
কৃত্বেহ বন্ধঞ্চ জলেশ্বরেণ ।
উৎপাট্য চিক্ষেপ বিরেচনং হি
সকুঞ্জরং খে সনিয়ন্তুবাহং ॥

অনুবাদ ।

দ্বারা তাহাকে আঘাত করিয়া গদার সহিত জলেশ্বরকে পাদদ্বারা মর্দ্দন করিতে লাগিল । জলেশ্বরকে গাঢ়তর মর্দ্দন করিতে দেখিয়া শিশিরাংশুমান চন্দ্র সেই গজেশ্বর দানবের প্রতি ধাবিত হইয়া মার্দ্দনদ্বারা তাড়িত করিলেন । গজেশ্বর শশাঙ্ক কর্ত্তৃক অতিশয় সংতাড়িত হইয়া অতিশয় বেগে জলেশ্বরকে পাদদ্বারা বারম্বার গাঢ়তর মর্দ্দন করিতে লাগিল । জলেশ্বর হস্ত ও পদেতে মহীতলস্পর্শ করিয়া দানবকে উৎপতনপূর্ব্বক অঙ্গুলিদ্বারা হস্তীপুচ্ছধারণ করিলেন । এবং অতিবেগে হস্তী ও হস্তীবাহকের সহিত বিরোচনকে উত্থিত করিয়া দূরে নিক্ষেপ করিল, দানববর তৎক্ষণাৎ মহীতলে পতিত হইল ।

ক্ষিপ্তোজলেশেন বিরোচনস্তু
সকুঞ্জরো ভূমিতলে পপাত।
ততো জলেশঃ সগদঃ সপাশঃ
সমভ্যধাব দ্দিতিজং নিহন্তু॥
ততঃ সমাক্রন্দ মনুত্তমং হি
মুক্তস্তু দৈত্যৈ র্ঘনরাবতুল্যং।
হাহা হতোসৌ বরুণেন বীরো
বীরোচন দানব সৈন্যপালঃ॥
প্রহ্লাদ হে জম্ভ কুজম্ভকাদ্যা
রক্ষধ্ব মভ্যেত্য সহান্ধকেন।
অসৌ মহাত্মা বলবান্ জলেশঃ
সংচূর্ণয়ন্ দৈত্যভটান্ সবাহান্॥
পাশেন বদ্ধা গদয়ানিহন্তি
যথা পশূন্ বাজিমখে মহেন্দ্রঃ।
শ্রুত্বাতুশব্দং দিতিজৈঃ সমীরিতং
জম্ভপ্রধানা দিতিজেশ্বরাস্ততঃ॥

অনুবাদ।

অনন্তর জলেশ্বরবরুণ পাশ ও গদা গ্রহণ পূর্ব্বক দানবের প্রতি ধাবমান হইল। তাহা দেখিয়া দানবগণ উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে লাগিল। হা হতো জলেশ্বর কর্ত্তৃক সৈন্যগণের সহিত বীরোচন দানব বিনষ্ট হইল। হে প্রহ্লাদ! হে জম্ভ! হে কুজম্ভ! অন্ধকরাজের সহিত এস্থানে আসিয়া রক্ষা কর। এই বলবান জলেশ্বর পাশদ্বারা বদ্ধকরিয়া গদাপ্রহারে অশ্বমেধ যজ্ঞে ইন্দ্র যেরূপ পশু বিনাশ করিয়া ছিলেন তাদৃশ বাহনের সহিত দানবগণকে বিনাশ করিতেছে। এইরূপ দানবগণের ক্রন্দনধ্বণি শ্রবণ করিয়া দৈত্যবর

সমভ্যধাবন্ ত্বরিতা জলেশ্বরং
যথা পতঙ্গা জ্বলিতং হুতাশনং।
তমাপতন্তং প্রসমীক্ষ্য দেবঃ
প্রহ্লাদ মুৎসৃজ্য বিতত্য পাশান্॥
গদাং পরিভ্রাম্য জলেশ্বরস্তু
দুদ্রাব তানুজ্জম্ভমুখা নরাতীন্।
জম্ভঞ্চ পাশেন তথা বিহত্য
তাবত্তলে নাশনি সন্নিভেন॥
পাদেন বৃত্রং তরসা কুজম্ভং
নিপাতয়ামাস বলঞ্চমুষ্ট্যা।
তেনার্দ্দিতা দেববরেণ দৈত্যাঃ
সংপ্রাদ্রবন্ দিক্ষু বিমুক্তশস্ত্রাঃ॥

অনুবাদ।

পতঙ্গ যাদৃশ প্রজ্জ্বলিত হুতাশনে পতিত হইবার নিমিত্ত ধাবিত হয়, জম্ভ অতিবেগে তাদৃশ জলেশ্বরের প্রতি ধাবমান হইল। সেই দানবকে অতিবেগে সমাগত হইতে দেখিয়া জলেশ্বর প্রহ্লাদের প্রতি পাশঅস্ত্র নিক্ষেপ করিলেন এবং গদা ঘূর্ণিত করিয়া জম্ভপ্রভৃতি শত্রুগণের প্রতিধাবমান হইয়া পাশদ্বারা জম্ভাসুরকে বন্ধন করতঃ বজ্রপাত সদৃশ চপেটাঘাত প্রহার করিলেন। অতিবেগে পদাঘাতে বৃত্রাসুর ও কুজম্ভাসুরকে এবং মুষ্ট্যাঘাতে অন্যান্য সৈন্যগণকে বিনাশ করিলেন। এইরূপে জলেশ্বরকর্ত্তৃক দানবগণ বিমর্দ্দিত হইয়া

ততোন্ধকঃ সংত্বরিতো ভুপায়া
দ্রণায় যোদ্ধুং জলনায়কেন।
তমাপতন্তং গদয়া জঘান
পাশেনবদ্ধা বরুণো সুবেশঃ॥
তং পাশ মাবিধ্য গদাং প্রগৃহ্য
চিক্ষেপদৈত্যঃ স জলেশ্বরায়।
তমাপতন্তং প্রসমীক্ষ্য পাশং
গদাঞ্চ দাক্ষায়ণী নন্দনস্তু॥
বিবেশ বেগাৎ পয়সাং নিধানং
ততোন্ধকো দেববলং মমর্দ্দ।
ততোহুতাশঃ সুরশত্রুসৈন্যং
দদাহ রোষাৎ পবনাবধূতঃ॥

অনুবাদ।

অস্ত্র শস্ত্র পরিত্যাগ পূর্ব্বক পলায়ন করিল। অনন্তর অন্ধকরাজ জলাধিপের সহিত সংগ্রামকরিবার জন্য দ্রুতবেগে ধাবমান হইল। অন্ধককে যুদ্ধার্থসমাগত দেখিয়া জলেশ্বর পাশদ্বারা সুবেশ দানবকে বন্ধন করিয়া গদাপ্রহার করিতে লাগিলেন। পাশবদ্ধ দৈত্য নায়ক সুবেশক এক ভয়ঙ্করী গদাগ্রহণপূর্ব্বক জলেশ্বরের প্রতি নিক্ষেপ করিল সেই গদা বেগে পতিত হইতে দেখিয়া দাক্ষায়ণীনন্দন দৈত্যবর সুবেশ জলাধিপের প্রতি বেগে ধাবমান হইল, জলাধিপ তাহাকে অবলোকন করিয়া ভয়ে পলায়ন করিল। অনন্তর অন্ধক ক্রমশঃ রোষবশবর্ত্তী হইয়া দেবসৈন্য বিনাশকরিতে লাগিল। পরে অনল ও পবন অতিক্রোধে দেবশত্রু দানবগণকে দগ্ধ করিতে

তমভ্যয়াৎ দানব বিশ্বকর্ম্মা-
ময়ো মহাত্মাস্ত্রবি তুগ্রবীর্য্যঃ।
তমাপতন্তং সহসম্বরেণ
সমীক্ষ্য বহ্নিঃ পবনেন সার্দ্ধং॥
শক্ত্যাময়ং শম্বরমেত্যকণ্ঠে
সংতাড্য জগ্রাহ বলান্মহর্ষে।
শক্ত্যা স কায়াবরণে বিদারিতে
সম্ভিন্নদেহো ন্যপতৎ পৃথিব্যাম্॥
ময়ঃ প্রজজ্বালচ শম্বরোপি
কণ্ঠে বিলগ্নে জ্বলনে প্রদীপ্তে।
স দহ্যমানো দিতিজোহথ বহ্নিনা
সুবিস্তরং ঘোরতরং ররাব॥
সিংহাভিপন্নো বিপিনে যথৈব
মতঙ্গজঃ ক্রন্দান্তি বেদনার্ত্তঃ।
তং শব্দ মাকর্ণ্য চ শম্বরস্য
দৈত্যেশ্বরঃ ক্রোধবিরক্ত দৃষ্টিঃ॥

অনুবাদ।

লাগিলেন ভদ্দৃষ্টে অতি বলবান বিশ্বকর্ম্মা ও ময়দানব উভয়ে সম্বরের সহিত অগ্নিরপ্রতি ধাবমান হইল। পবনের সহিত অগ্নি বলপূর্ব্বক ময় ও সম্বর অসুরকে আঘাত করিয়া কণ্ঠদেশ গ্রহণ করিলেন। হে মহর্ষে! বলপূর্ব্বক তাহাদিগের কায়াবরণ ভেদ করিয়া দেহদগ্ধ করিলে দানব অবনীতলে পতিত হইল। ময় ও শম্বর দানবের কণ্ঠদেশ অনল সংলগ্ন হইয়া প্রজ্জ্বলিত হইলে দানবদ্বয় অগ্নিতে দগ্ধহইয়া করীন্দ্র সম্মুখে মাতঙ্গ পতিত হইলে যে রূপ কাতরস্বরে রোদন করে তাদৃশ ঘোরতর রোদন করিতে

তৎ কিং কিমেতন্নন্নু কেনযুদ্ধে
জিতোময়ঃ শম্বরদানবশ্চ।
ততোব্রুবন্ দৈত্যভটা দিতীশং
প্রদহ্যতেনেন হুতাশনেন।
রক্ষস্ব চাভ্যেত্য নশক্যতেন্যৈ
র্হুতাশনো বারয়িতুং রণাগ্রে॥
ইত্থং স দৈত্যৈরভি চোদিতস্তু
হিরণ্য চক্ষুস্তনয়ো মহর্ষে।
উদ্যম্যবেগাৎ পরিঘং হুতাশনং
সমাদ্রব তিষ্ঠতিষ্ঠেব্রুবনহি॥
শ্রুত্বান্ধকশ্চাপিবচোব্যয়ান্ বা
সংক্ষুব্ধ চিত্ত স্ত্বরিতো হি দৈত্যঃ।
উদ্যম্যভূম্যামপি নিষ্পিপেষ
ততোন্ধকঃ পাবক মাসসাদ॥

অনুবাদ।

লাগিল। শম্বর ও ময়দানবের আর্ত্তনাদ শ্রবণ করিয়া দৈত্য-নাথ অন্ধক সক্রোধে শোণিত নেত্রে কি এ, একি, ময় ও শম্বরকে যুদ্ধে কে পরাজয় করিল, এবম্বিধ বিবেচনা করিতেছে এমত সময়ে দানবগণ ঘোরতর উচ্চৈঃস্বরে চিৎকার করিয়া বলিল। হে দৈত্যবর হিরণ্যাক্ষ তনয়! হে অন্ধক! শীঘ্র এস্থানে আগমন করিয়া আমাদিগের রক্ষা কর। হুতাশন আমাদিগকে দগ্ধ করি-তেছে, এই বলবান হুতাশন অন্য দানবকর্ত্তৃক নিবারিত হইবে না। এবম্বিধ আর্ত্তনাদ শ্রবণমাত্র দানবরাজ তৎক্ষণাৎ অস্ত্র উত্তোলন পূর্ব্বক তিষ্ঠ তিষ্ঠ এই কথা অনলকে বলিয়া বেগে ধাবমান হইল। দানবরাজ অন্ধক দৈত্যগণের রোদনধ্বনি শ্রবণকরিয়া ক্ষুব্ধচিত্তে

সমাজঘানাথ হুতাশনং হি
বরায়ুধেনাথ বরাঙ্গমধ্যে।
সমাহতোগ্নিঃ পরিমুচ্য সম্বরং
তথান্ধকং সত্বরিতো ভ্যধাবৎ ॥
সমাপতস্তং পরিঘেনভূয়ঃ
সমাহনন্ মূর্দ্ধ্নি তথান্ধকোপি।
স তাড়িতোগ্নি র্দ্দিতীজেশ্বরেণ-
ভয়াৎ প্রদুদ্রাব রণাজিরেহি ॥
ততো হন্ধকো মারুতচন্দ্রভাস্করান
সাধ্যান্ সরুদ্রান্ সবসূন্ মহোরগান্।
যান্যান্ শরেণ স্পৃশতে পরাক্রমী
পরাঙ্মুখাং স্তান্ কৃতবান্ রণাজিরাৎ ॥
ততোবিজিত্যামরসৈন্য মুগ্রং
সেন্দ্রং সরুদ্রং সযমং সসোমম্।
সংপূজ্যমানোদনুপুঙ্গবৈশ্চ
তদান্ধকো ভূমি মুপাজগাম ॥

অনুবাদ।

দ্রুতবেগে অস্ত্র উত্তোলন করিয়া অনলের নিকট উপস্থিত হইয়া শাণিত তীক্ষ্ণাস্ত্র দ্বারা অনলকে প্রহার করিল। অনল সেই দানবকে তীক্ষ্ণশরদ্বারা আঘাত করিয়া অতিবেগে তাহার প্রতি ধাবমান হইল। অনলকে বেগে ধাবিত হইতে দেখিয়া দানবরাজ অন্ধক তাহার মস্তকে তীক্ষ্ণ শরদ্বারা বারম্বার আঘাত করিল। অনল দানবরাজ কর্তৃক তাড়িত হইয়া সংগ্রামস্থান হইতে ভয়ে পলায়ন করিলেন। অনন্তর চন্দ্র সূর্য্য, সাধ্যগণ, রুদ্রগণ, অষ্টাবসু, বিষধরগণ, সকলে দানবরাজের শরস্পৃষ্ট হইয়া সেই রণস্থান হইতে

আশাস্য ভূমিং করদান্ নরেন্দ্রান্
কৃত্বাবশে স্থাপ্য চরাচরঞ্চ।
জগৎ সমগ্রং প্রবিবেশ ধীমান্
পাতালমগ্র্যং পুরমন্মকাদ্ধং॥
তত্রস্থিতস্যাপি মহাসুরস্য-
গন্ধর্ব্ববিদ্যাধরসিদ্ধসংঘাঃ।
সহাপ্সরোভিঃ পরিচারণায়
পাতালমভ্যেত্য সমাবিবেশ॥

ইতি বামনপুরাণে হস্ককবিজয়োনাম দশমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

দ্রুতবেগে পালয়ন করিল। অনন্তর দানবরাজ সেই সংগ্রামে অমর সৈন্যগণের সহিত ইন্দ্র, রুদ্র যম, চন্দ্র, প্রভৃতি সমস্ত দেবগণকে পরাজয় করিয়া দানবগণ কর্ত্তৃক পূজিত হইয়া তথায় উপবেশন করিলেন। পৃথিকে আশ্বাস পূর্ব্বক চরাচর সমস্ত করদ নৃপাতি-গণকে আত্মবশে আনিলেন। এবং পাতালপর্য্যন্ত জগৎ সমস্ত বশে আনিয়া দানবগণের পরিচর্য্যার নিমিত্ত গন্ধর্ব্ব, বিদ্যাধর, সিদ্ধ ও অপ্সরাগণের সহিত সুকেশির পাতাল পুরীতে প্রবেশ করিলেন।

ইতি বামনপুরাণেহস্ককবিজয়োনাম দশমোঽধ্যায়ঃ।

একাদশোঽধ্যায়ঃ ।

নারদ উবাচ ।

যদেতদ্ভবতাপ্রোক্তং সুকেশিপুরমম্বরাৎ ।
পাতিতং ভুবিসূর্য্যেণ তদাচক্ষ্ব দ্বিজোত্তম ॥
সুকেশীতিচ কশ্চাসৌ কেন দত্তবরশ্চ সঃ ।
কিমর্থং পাতিতোভূম্যা মাকাশা ভাস্করেণহি ॥

পুলস্ত্য উবাচ ।

শৃণুস্বাবহিতোভূত্বা কথামেতাং পুরাতনীম্ ।
যথা শ্রুতা ময়াপূর্ব্বং কথ্যমানা মহামুনে ॥
আসী ন্নিশাচরপতি র্ব্বিদ্যুৎকেশীতি বিশ্রুতঃ ।
তস্যপুত্রোগুণজ্যেষ্ঠঃ সুকেশি রভবৎ সুতঃ ॥
তঞ্চ তুষ্ঠ স্তথেশানঃ পুনমাকাশ চারিণং ।
প্রাদাদজেয়ত্ব মিতি শক্রভিশ্চাপ্যবধ্যতাম ॥

অনুবাদ ।

নারদ জিজ্ঞাসা করিলেন। ভগবন্! আপনি বলিলেন যে ভগবান সূর্য্য আকাশমণ্ডল হইতে মর্ত্ত্যলোকে সুকেশিপুরপতিত করিয়াছিলেন তদ্বিষয় আমাকে বিশেষরূপে বর্ণন করুন্। হে দ্বিজোত্তম! সুকেশি কে, এবং তাহাকে কে বরদিয়াছিল, এবং কিনিমিত্ত ভগবান সূর্য্য আকাশ মণ্ডল হইতে মহীতলে পতিত করিয়াছিলেন। পুলস্ত্য বলিলেন। হে মহামুনে! তুমি যাহা জিজ্ঞাসা করিলে এ অতি পুরাতনীকথা আমি পূর্ব্বে যেরূপ শ্রবণকরিয়া ছিলাম তদনুরূপ বলিতেছি তুমি সাবধানে শ্রবণ কর। পূর্ব্বকালে বিদ্যুৎকেশী নামে এক নিশাচরপতি বাস করিত তাহার পুত্র অতি গুণবান্ সুকেশীনামে বিখ্যাত। ঐ সুকেশী নিশাচর বিস্তর তপস্যাদ্বারা শঙ্করকে সন্তুষ্ট করিলে শঙ্কর তাহারকে গগণ চারিত্ব শত্রুকর্ত্তৃক

স চাপিশঙ্করাৎ প্রাপ্যবরং গগণগংবরম্।
রেমে নিশাচরৈঃ সার্দ্ধং সদাধর্ম্মপথিস্থিতঃ॥
সকদাচিৎ গতোঽরণ্যং মাগধং দানবেশ্বরঃ।
তত্রাশ্রমাং স্তু দদৃশে ঋষীণাং ভাবিতাত্মনাম্॥
মহর্ষীন্ স তদাদৃষ্ট্বা প্রণিপত্যাভিবাদ্যচ।
প্রত্যুবাচ ঋষীন্ সর্ব্বান্ কৃতাসনপরিগ্রহঃ॥

সুকেশিরুবাচ।

প্রষ্টুমিচ্ছামি ভবতঃ সংশয়োঽয়ং হৃদিস্থিতঃ।
কথয়ন্তু ভবন্তো মে ন চৈবাজ্ঞাপয়াম্যহম্॥
কিং স্বিৎশ্রেয়ঃ পরেলোকে কি মুচেহ্ দ্বিজোত্তমাঃ।
কেনপূজ্য স্তথাসৎমু কেনাসৌ সুখমেধতে॥

অনুবাদ।

অজেয়ত্ব ও অবধ্যত্ব বরদিয়াছিলেন। ঐ নিশাচর শঙ্করের নিকট আকাশ চারিত্ব বরপাইয়া অন্যান্য নিশাচরের সহিত ধর্ম্মপথে অবস্থিতি পূর্ব্বক ক্রীড়াকরিত। একদা ঐ নিশাচর মাগধারণ্যে গমন পূর্ব্বক ঋষিগণের পবিত্রাশ্রম দেখিয়াছিল। এবং তথায় তাপসগণকে প্রণিপাত পূর্ব্বক অভিবাদন ও আসনগ্রহণ করিয়া জিজ্ঞাসা করিল। হে ভগবন্ত! তাপসগণ আমার হৃদয়ে যে সকল সন্দেহ আছে সে সমস্ত আপনাদিগকে জিজ্ঞাসা করিতেছি কৃপাপ্রদর্শন পূর্ব্বক বলিয়া আমার সংতয় চ্ছেদন করুন্। হে দ্বিজোত্তম! পরকালের শ্রেয় কি, এবং ইহকালেই বা কি শ্রেয়, কোন কার্য্যদ্বারা সাধুগণ পূজ্য হন, এবং কোনকার্য্যে সুখলাভ হয়। পুলস্ত্য

পুলস্ত্য উবাচ।

ইত্থং সুকেশিবচনং নিশম্য পরমর্ষয়ঃ।
প্রাহুর্বিমৃষ্য শ্রেয়োঽর্থমিহলোকে পরত্র চ॥

ঋষয় ঊচুঃ।

শ্রূয়তাং কথয়িষ্যাম স্তব রাক্ষসপুঙ্গব।
যদ্ধি শ্রেয়ো ভবেদ্বীর ইহ চামুত্র চাব্যয়ং॥
শ্রেয়োধর্ম্মঃ পরে লোকে ইহ চ ক্ষণদাচর।
তস্মিন্ সমাশ্রিতে সৎসু পূজ্যস্তেন সুখীভবেৎ॥

সুকেশিরুবাচ।

কিং লক্ষণো ভবেদ্ধর্ম্মঃ কিমাচরণ সৎক্রিয়ঃ।
সমাশ্রিত্য ন সীদন্তি দেবাদ্যাস্তু তদুচ্যতাং॥

ঋষয় ঊচুঃ।

দেবানাং হি পরোধর্ম্মঃ সদা যজ্ঞাদিকাঃ ক্রিয়াঃ।
স্বাধ্যায় তত্ত্ববেদিত্বং বিষ্ণুপূজারতিঃ স্তুতিঃ॥

অনুবাদ।

বলিলেন। ঋষিগণ সুকেশির এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া বিমর্ষ হৃদয়ে বলিলেন ইহকালে এবং পরকালে অর্থই শ্রেয়ঃ। পরে ঋষিগণ বলিলেন, হে ক্ষণদাচর! আমরা তোমাকে ইহকালে ও পরকালে যে অক্ষয় শ্রেয়ঃ তাহা বলিতেছি তুমি শ্রবণ কর। ইহকালে ও পরকালে ধর্ম্মই শ্রেয়ঃ সাধুগণ সেই অক্ষয় ধর্ম্ম আশ্রয় করেন বলিয়াই জগতে পূজ্য এবং ধর্ম্ম পথ অবলম্বন করিলে সকলেই সুখী হয়। সুকেশি জিজ্ঞাসাকরিল। হে তাপসগণ! ধর্ম্মের লক্ষণ কি, সৎক্রিয়াব আচরণ কি, এবং দেবতাগণ কোন্ কার্য্য অবলম্বন করিয়া অবসন্ন হন্ নাই এই সকল বিষয় সবিস্তাররূপে বর্ণন করিয়া সন্তোষ করুন।

ঋষিগণ বলিলেন। যাগযজ্ঞাদি ক্রিয়া, স্বাধ্যায়, তত্ত্ববিজ্ঞান, বিষ্ণু পূজনে রতি এবং বিষ্ণুর স্তুতি প্রভৃতি দেবতাদিগের পরম

দৈত্যানাং বাহুশালিত্বমাশ্চর্য্যং যুদ্ধসৎক্রিয়াং।
নিন্দনং নীতিশাস্ত্রাণাং হরভক্তিরুদাহৃতা ॥
সিদ্ধানামুদিতো ধর্ম্মো যোগযুক্তিরনুত্তমা।
স্বাধ্যায়ং ব্রহ্মবিজ্ঞানং ভক্তির্ব্বিষ্ণৌ হরে তথা ॥
উক্তাষ্টোপাসনং জ্ঞেয়ং নৃত্যবাদ্যেষু বেদিতা।
সরস্বত্যাং স্থিরা ভক্তির্গান্ধর্ব্বো ধর্ম্ম উচ্যতে ॥
বিদ্যাধরত্ব মতুলং বিজ্ঞানং পৌরুষে মতিঃ।
বিদ্যাধরাণাং ধর্ম্মোঽয়ং ভবান্যাং ভক্তিরেব চ।
গন্ধর্ব্ববিদ্যাবেদিত্বং ভক্তির্ভানৌ তথা স্থিরা।
কৌশলং সর্ব্বশল্যানাং ধর্ম্মঃ কিংপুরুষঃ স্মৃতঃ ॥
ব্রহ্মচর্য্য মমানিত্বং যোগাভ্যাসরতির্দৃঢ়া।
সর্ব্বত্র কামচারিত্বং ধর্ম্মোঽয়ং পৈতৃকঃ স্মৃতঃ ॥
ব্রহ্মচর্য্যং তথা নিত্যং জপ্যং জ্ঞানঞ্চ রাক্ষস।
নিয়মাদ্ধর্ম্মবেদিত্ব মার্ষোধর্ম্মঃ প্রচক্ষ্যতে ॥

অনুবাদ।

ধর্ম্ম। বাহুপরাক্রম ও সংগ্রাম রূপ সৎকার্য্য, নীতিশাস্ত্রের নিন্দা হরিভক্তি, দৈত্যগণের পরম ধর্ম্ম। যোগযুক্ত,সম্মানরাহিত্য, স্বাধ্যায়, ব্রহ্মবিজ্ঞান, বিষ্ণু ও শঙ্করে ভক্তি সিদ্ধগণের ধর্ম্ম এবম্বিধ দেবতা দৈত্য ও সিদ্ধগণের অষ্টবিধ ধর্ম্ম বলিয়া গান্ধর্ব্ব প্রভৃতি কয়েকটি ধর্ম্ম বলিতেছি। নৃত্য ও বাদ্যবেত্তা এবং সরস্বতীতে স্থিরাভক্তি গান্ধর্ব্ব ধর্ম্ম, পৌরুষ কার্য্যে অভিলাষ ভবাণী ও ভগবান্ সূর্য্যের প্রতি স্থিরাভক্তি এবং গান্ধর্ব্ব বিদ্যা বেদিত্ব বিদ্যাধরগণের ধর্ম্ম। সমস্ত অস্ত্র শস্ত্র বিদ্যায় নিপুনতা কিংপুরুষগণের ধর্ম্ম। হে নিশাচর ব্রহ্মচর্য্য ও যোগাভ্যাসে স্থিরা মতি, সর্ব্বস্থানে ইচ্ছা মত গমনশালিত্ব, নিত্য ব্রহ্মচর্য্য ও জপ সম্বন্ধীজ্ঞান, পিতৃগণের ধর্ম্ম।

স্বাধ্যায়ং ব্রহ্মচর্য্যঞ্চ দা ংনযজনমেব চ।
অকার্পণ্যমনায়াসং দয়াহিংসাক্ষমাদয়ঃ॥
জিতেন্দ্রিয়ত্বং শৌচঞ্চ মাঙ্গল্যং ভক্তিরুচ্যতে।
শঙ্করে ভাস্করে দেব্যাং ধর্ম্মোহয়ং মানবঃ স্মৃতঃ॥
ধনাধিপত্যং ভোগাশ্চ স্বাধ্যায়ং শঙ্করার্চ্চনং।
অহঙ্কার মশৌণ্ডীয়ং ধর্ম্মোহয়ং গুহ্যকেষ্বিতি॥
পরদারাবমর্ষিত্বং পারক্যার্থে চ লোলুপঃ।
স্বাধ্যায়ং ত্র্যম্বকে ভক্তির্ধর্ম্মোহয়ং রাক্ষসঃ স্মৃতঃ॥
অবিবেক মথাজ্ঞানং শৌচহানি রসত্যতা।
পিশাচানাময়ং ধর্ম্মঃ সদা চামিষগৃধ্নুতা॥
যোনয়ো দ্বাদশৈবৈতাস্তাসু ধর্ম্মাশ্চ রাক্ষস।
ব্রহ্মণাঃ কথিতাঃ পুণ্যাঃ দ্বাদশৈব গতিপ্রদাঃ॥

সুকেশিরুবাচ।

ভবদ্ভিরুক্তা যে ধর্ম্মা ভবন্তি দ্বাদশাব্যয়াঃ।
তত্র যে মানবা ধর্ম্মাস্তান্ ভূয়ো বক্তু মর্হথ॥

অনুবাদ।

যথা ধর্ম্মজ্ঞান, আর্যধর্ম্ম। স্বাধ্যায়, ব্রহ্মচর্য্য, দান, যজন, সারল্য, দয়া, হিংসা, ক্ষমা জিতেন্দ্রিয়ত্ব, শৌচত্ব, মঙ্গল কার্য্যে শ্রদ্ধা, শঙ্করে সূর্য্যে ও ভগবতীতে ভক্তি মানব ধর্ম্ম। ধনাধিপতিত্ব ভোগ, স্বাধ্যায়, শঙ্করোপাসনা অহঙ্কার ও মত্তা রাহিত্ব গুহ্যকগণের ধর্ম্ম। পরভার্য্যাতে অভিলাষ পরকীয় অর্থে লোলুপ, বেদাভ্যাস শঙ্করে ভক্তি নৈকসীয় ধর্ম্ম। অবিবেকতা, অজ্ঞান, অশুচি, মিথ্যাবাদী এবং আমিষ ভক্ষণে লুব্ধ পৈশাচীয় ধর্ম্ম। সুকেশী বলিল হে ভগবন্তঃ! তাপসগণ আপনারা দ্বাদশবিধ যে অক্ষয় ধর্ম্ম বলিলেন তন্মধ্যে যে মানব ধর্ম্ম বর্ণিত হইয়াছে তাহা পুনর্ব্বার

ঋষয় উচুঃ।

শৃণুধ্বং মনুজাদীনাং ধর্ম্মাংস্তু ক্ষণদাচর।
যে বসন্তি মহীপৃষ্ঠে নরা দ্বীপেষু সপ্তসু॥
যোজনানাং প্রমাণেন পঞ্চাশৎ কোটিরায়তা।
জলোপরি মহীয়ং হি নৌরিবাস্তে সরিজ্জলে॥
তস্যোপরি চ দেবেশো ব্রহ্মা শৈলেন্দ্র মুত্তমং।
সকর্ণিকারা মত্যুচ্চং স্থাপয়ামাস সত্তম॥
তস্যেমাং নির্ম্মমে পুণ্যাং প্রজাং দেবচতুর্দ্দশং।
স্থানানি দ্বীপসংজ্ঞানি কৃতবাংশ্চ প্রজাপতিঃ॥
তত্র মধ্যে চ কৃতবান্ জম্বূদ্বীপ মিতি শ্রুতং।
তল্লক্ষং যোজনানাঞ্চ প্রমাণেন নিগদ্যতে॥
ততো জলনিধি রৌদ্রো বাহ্যতো দ্বিগুণঃ স্থিতঃ।
তস্যাপি দ্বিগুণঃ প্লক্ষো বাহ্যতঃ সংপ্রতিষ্ঠিতঃ॥

অনুবাদ।

বিশেষরূপে বর্ণন করিয়া সন্তোষ করুন্। ঋষিগণ বলিলেন, হে ক্ষণদাচর! মানবগণের ধর্ম্ম বলিতেছি শ্রবণ কর। এই অবনী মণ্ডলে সপ্তদ্বীপ আছে তাহাতে প্রাণিগণ বাস করে। এই দ্বীপ সকল প্রত্যেকে পঞ্চাশত কোটি যোজন বিস্তৃত, কিন্তু এই অবনী মণ্ডল জলোপরি নৌকার ন্যায় ভাসমান আছে। তাহার উপরে দেবেশ ব্রহ্মা অত্যুচ্চ কর্ণিকার সহিত শৈল সকল সৃজন করিয়া সেই শৈলোপরি প্রজাগণ ও চতুর্দ্দশলোক সৃজন করিয়াছেন এবং সপ্তদ্বীপ পৃথক্পৃথক্ সৃষ্টি করিলেন। সেই দ্বীপমালার মধ্যে লক্ষ যোজন পরিমাণ জম্বুদ্বীপ, তাহার চতুর্দ্দিকে তাহার দ্বিগুণ পরিমাণ সমুদ্র। জম্বূদ্বীপের পর জম্বুদ্বীপ হইতে দ্বিগুণ পরিমাণ প্লক্ষদ্বীপ তাহার

ততশ্চেক্ষুরসোদশ্চ বাহ্যতো বলয়াকৃতিঃ।
দ্বিগুণঃ শাল্মলীদ্বীপো দ্বিগুণোঽস্য মহোদধিঃ॥
সুরোদো দ্বিগুণস্তস্য তস্মাচ্চ দ্বিগুণঃকুশঃ।
ঘৃতোদো দ্বিগুণঃ ক্রৌঞ্চো দধ্যোদো দ্বিগুণস্ততঃ॥
সমুদ্রো দ্বিগুণঃ শাকঃ শাকাদ্দগ্ধাব্ধিরুত্তমঃ।
দ্বিগুণঃ সংস্থিতো যত্র শেষপর্য্যঙ্কগো হরিঃ॥
তস্মাচ্চ পুষ্করদ্বীপঃ স্বাদূদকমনন্তরং।
এতে চ দ্বিগুণাঃ সর্ব্বে পরস্পরমবস্থিতাঃ॥
চত্বারিংশদিমাঃ কোট্যো লক্ষাশ্চ নবতিঃ স্থিতাঃ।
যোজনানাং রাক্ষসেন্দ্র পঞ্চ চাতি সুবিস্তৃতাঃ॥
জম্বুদ্বীপান্ সমারভ্য যাবৎ ক্ষীরাব্ধি রন্ততঃ।
কোট্যশ্চতস্রোলক্ষাণাং দ্বৌপঞ্চাশচ্চ রাক্ষস।

অনুবাদ।

চতুর্দ্দিকে বলয়াকৃতি ইক্ষু সমুদ্র। প্লক্ষদ্বীপ হইতে দ্বিগুণ শাল্মলী-দ্বীপ তাহার চতুর্দ্দিক ঘৃত সমুদ্র বেষ্টিত। শাল্মলীদ্বীপ হইতে দ্বিগুণ ক্রৌঞ্চদ্বীপ তাহার দ্বিগুণ পরিমিত দধি সমুদ্র বলয়াকারে বেষ্টিত। ক্রৌঞ্চদ্বীপ হইতে দ্বিগুণ পরিমাণ শাকদ্বীপ ত্রিগুণ পরিমিত দুগ্ধ সমুদ্রদ্বারা বেষ্টিত, তাহাতে অনন্তশয্যাশায়ী ভগবান্ অবস্থিতি করিতেছেন। তাহা হইতে দ্বিগুণ পুষ্করদ্বীপ তাহার চতুর্দ্দিক বলয়াকারে সুস্বাদু জলধি সমুদ্র বেষ্টিত। এই সকল দ্বীপ পরস্পর দ্বিগুণ পরিমাণে অবস্থিত আছে। সমস্ত দ্বীপ চত্বারিংশত নবতি কোটি যোজন পরিমাণ। হে নিশাচর! তন্মধ্যে পঞ্চ যোজন অতি বিস্তার। হে রাক্ষস! জম্বুদ্বীপ হইতে ক্ষীর সমুদ্র পর্য্যন্ত দ্বিপঞ্চাশৎ লক্ষ কোটি যোজন চতুরস্র পরিমাণ

পুষ্করদ্বীপমানোঽয়ং তাবদস্তং মহোদধিঃ।
লক্ষমণ্ডকটাহেন সমন্তাদভিপূরিতং॥
এবং দ্বীপাস্ত্বিমে সপ্ত পৃথক্ধর্ম্মাঃ পৃথক্‌ক্রিয়াঃ।
গদিষ্যাম স্ত্ববয়বং শৃণুষ্বত্বং নিশাচর॥
প্লক্ষাদিষুনরা বীর যে বসন্তি সনাতনাঃ।
শাকান্তেষু নতেষ্বাস্তে যুগাবস্থা কথঞ্চন॥
মোদন্তে দেববত্তেষাং দিব্যোধর্ম্ম উদাহৃতঃ।
কল্পান্তে প্রলয়স্তেষাং নিগদ্যেত মহাভুজ।
যে জনাঃ পুষ্করদ্বীপে বসন্তি রৌদ্রদর্শনে।
পিশাচ মাশ্রিতং ধর্ম্মং ধর্ম্মান্তে তে বিনাশিনঃ॥

সুকেশিরুবাচ।

কিমর্থং পুষ্করোদ্বীপো ভবদ্ভিঃ সমুদাহৃতঃ।
দুর্দ্দর্শঃ শৌচরহিতো ঘোরকর্ম্মার্থ নাশকৃৎ॥

অনুবাদ।

হে নিশাচর! পুষ্করদ্বীপ সমুদ্র পর্য্যন্ত চতুর্দ্দিক্ অণ্ডকটাহ দ্বারা পরিপূর্ণ। এই প্রকার সপ্তদ্বীপ সংখ্যা বলিলাম। এইসকল দ্বীপে ধর্ম্ম ভিন্ন এবং কার্য্যও ভিন্ন ভিন্ন। হে নিশাচর! এই সকল দ্বীপে মানবগণের আকার ভিন্ন ভিন্ন তাহা আমরা বলিতেছি তুমি শ্রবণ কর। হে বীর! প্লক্ষদ্বীপে যে সকল মনুষ্য বাসকরে তাহাদিগের অমরসদৃশ সনাতন ধর্ম্ম, তাহারা কখনই যুগ পরি বর্ত্তনের মধ্যে শাকদ্বীপে গমনকরে না। হে মহাবাহো! কল্পান্তে তাহাদিগের বিনাশ হইবে এবং যাহারা পুষ্করদ্বীপে বাস করে তাহার দিগের চক্ষু অতি ভয়ঙ্কর এবং ধর্ম্ম পৈশাচিক ঐ ধর্ম্ম পরিবর্ত্তনে তাহারা বিনষ্ট হইবে। সুকেশি বলিল। হে ভগবন্তঃ! আপনারা কিনিমিত্ত বলিলেন পুষ্করদ্বীপের মানবগণের নয়ন অতি ভয়ঙ্কর, শৌচবিহীন,

ঋষয়ঃউচুঃ।

তস্মিন্ নিশাচর দ্বীপে নরকাঃ সন্তিদারুণাঃ ॥
রৌরবাদ্যাস্ততোরৌদ্রঃ পুষ্করো ঘোরদর্শনঃ ॥

সুকেশি রুবাচ।

কিয়ন্ত্যেতানি রৌদ্রাণি নরকানি তপোধনাঃ।
কিয়ন্মাত্রাণি মার্গেণ কাচতেষু স্বরূপতা ॥

ঋষয়ঃ উচুঃ।

শৃণুত্বং রাক্ষসশ্রেষ্ঠ প্রমাণং লক্ষণন্তথা।
সর্ব্বেষাং রৌরবাদীনাং সংখ্যয়াত্বেক বিংশতিঃ ॥
দ্বেসহস্র যোজনানাং জ্বলিতাঙ্গার বিস্তৃতে।
রৌরবোনাম নরকঃ প্রথমঃ পরিকীর্ত্তিতঃ ॥
তপ্তমাত্রময়ীভূমি রধস্তাদ্বহ্নিতাপিতা।
দ্বিতীয়া দ্বিগুণস্তস্মাৎ মহারৌরব উচ্যতে ॥

অনুবাদ।

ও ভয়ঙ্কর এবং কর্ম্ম ও অর্থ বিনাশকারী। ঋষিগণ বলিলেন। হে নিশাচর! পুষ্করদ্বীপে অতি সুদারুণ ভয়ঙ্কর দুর্দ্দর্শ, রৌরব প্রভৃতি নরক আছে। সুকেশি বলিল। হে তাপসগণ! পুষ্করদ্বীপে ভয়ঙ্কর কত নরক আছে। সে সমস্ত নরক কিপ্রকার এবং তাহার পথ কিপ্রকার কৃপাপ্রদর্শনপূর্ব্বক বর্ণন করিলে সন্তোষলাভ করিব। তাপসগণ বলিলেন হে রাক্ষসবর॥ পুষ্করদ্বীপে রৌরব প্রভৃতি একবিংশতি প্রকার নরক আছে ঐ সকল নরক কিপ্রকার তাহার লক্ষণ বলিতেছি শ্রবণ কর। দুই সহস্র যোজন পরিমিত জ্বলিত অঙ্গার সদৃশ ভয়ঙ্কর রৌরব নামে প্রথম নরক, চারিসহস্রযোজন পর্য্যন্ত বিস্তৃত মহা রৌরব দ্বিতীয় নরক, তাহার অত্যুষ্ণ তাম্রসদৃশ ভূমিভাগ নিম্নদেশ প্রজ্বলিত বহ্নিদ্বারা তাপিত। মহারৌরব হইতে

ততোতি বিস্তৃতশ্চান্য স্তামিশ্রোনরকঃ স্মৃতঃ।
অন্ধতামিশ্রকোনাম চতুর্থোদ্বিগুণঃ পরঃ॥
ততস্তুকালচক্রেতি পঞ্চমঃ পরিগীয়তে।
অপ্রতিষ্ঠঞ্চ নরকং ঘটীযন্ত্রঞ্চ সপ্তমং॥
অসিপত্রবনঞ্চান্যৎ সহস্রাণি দ্বিসপ্ততি।
যোজনানাং পরিখ্যাতমষ্টমং নরকোত্তমং।
নবমংতপ্তকুম্ভঞ্চ দশমং কুটশাল্মলিঃ।
করপত্রস্তথৈবোক্ত স্তথান্যৎ শ্বানভোজনঃ॥
সংদংশং লৌহপিণ্ডঞ্চ করম্ভসিকতাতথা।
ঘোরাক্ষারনদী চান্যান্ তথান্যঃ কৃমিভোজনঃ।
ক্ষুরাগ্রধারো নিশিতশ্চচক্রস্তথাসিপত্রাক্ষরণংসুবিস্তরং।
সংশোষণং নামতথাপ্যনন্তঃ প্রোক্তাস্তথৈতেনরকাঃসুকেশি॥

ইতিবামনপুরাণে ভুবন কোষোপুষ্করদ্বীপ
বর্ণনং নামৈকাদশোধ্যায়ঃ।

অনুবাদ।

অধিকতর বিস্তৃত তামিশ্র তৃতীয় নরক। তামিশ্র হইতে দ্বিগুণ অন্ধতামিশ্র চতুর্থ নরক। কালচক্র পঞ্চম অপ্রতিষ্ঠ, ঘটীযন্ত্র ষষ্ঠ, দ্বিসপ্ততি সহস্রযোজন পরিমিত অসিপত্রবন নামে সপ্তম, তপ্তকুম্ভ অষ্টম, কূটশাল্মলি নবম। কর পত্র দশম, শ্বান ভোজন একাদশ, সংদংশ দ্বাদশ, করম্ভ ত্রয়োদশ, সিক্তাময় চতুর্দ্দশ, অতি ভয়ঙ্কর ক্ষারনদী পঞ্চদশ, কৃমিভোজন ষোড়শ, ক্ষুরাগ্রধার সপ্তদশ, শাণিতচক্র অষ্টাদশ, অতি বিস্তার অসি পত্র ঊনবিংশ, ক্ষরণ বিংশ এবং সংশোষণ একবিংশ। হে সুকেশি এবম্বিধ ও অন্যান্য অসংখ্য নরক আছে।

ইতিবামন পুরাণে ভুবনকোষো পুষ্কর দ্বীপবর্ণনম্
একাদশোহধ্যায়ঃ।

দ্বাদশোঽধ্যায়ঃ।

সুকেশিরুবাচ।

কর্ম্মণা নরকানেতান কেনগচ্ছন্তিবৈকথং।
এতদ্বদন্ত বিপ্রেন্দ্রাঃ পরং কোতুহলং মম॥

ঋষয়ঊচুঃ।

কর্ম্মণা যেনযেনেহ যান্তিশালকটংকট।
স্বকর্ম্ম ফলভোগার্থং নরকান্মে শৃণুস্বতৎ॥
বেদদেব দ্বিজাতীনাং যৈর্নিন্দাসততং কৃতা।
যে পুরাণেতিহাসার্থা নাভিনন্দতি পাপিনঃ॥
গুরুনিন্দাকরা যেচ মখবিঘ্নকরাশ্চ যে।
দাতুর্নিবারকা যেচ তেহ্যেতে নিপতন্তি হি॥
সুহৃদ্দয়িত সৌন্দর্য্য স্বামিভৃত্য পিতাসুতান্।
যাজ্যা ধ্যাপকয়োশ্চৈব কৃতো ভেদোধনৈর্ম্মিথঃ॥

অনুবাদ।

সুকেশি জিজ্ঞাসা করিল। হে দ্বিজেন্দ্রগণ! কোন কর্ম্মদ্বারা এই সকল নরক হয় তাহা বর্ণনকরুন্ এই সকল বিষয় শ্রবণের জন্য আমার অতিশয় কৌতুক জন্মিয়াছে। ঋষিগণ বলিলেন। হে নিশাচর! স্বকর্ম্মফলভোগের নিমিত্ত যে যে কর্ম্মদ্বারা নরক হয় তাহা আমার নিকটে শ্রবণ কর। যাহারা দেবতা বেদ ও ব্রাহ্মণগণকে এবং মহর্ষি প্রণীত পুরাণ ইতিহাস প্রভৃতি শাস্ত্রকে সর্ব্বদা নিন্দা করে তাহারা পাপী ও নারকী হয়। যাহারা পূজ্যপাদ গুরুজনের নিন্দা, যজ্ঞের বিঘ্ন, এবং দাতাকে নিবারণ করে, তাহারা এইসকল নরকে পতিতহয়। যাহারা বন্ধু ও বন্ধুরমণীর, প্রভু ভৃত্যের, পিতাপুত্রের, যাজ্যযাজকের ধনদ্বারা পরস্পরের ভেদ জন্মায়

কন্যামেকস্য দত্ত্বাচ দদত্যন্যস্য যেঽধমাঃ।
করপত্রেণ পাদ্যন্তে তেদ্বিধা যমকিঙ্করৈঃ॥
পরোপতাপজনকাঃ চন্দনোশীর হারিণঃ।
বালব্যজন হর্ত্তারঃ করম্ভসিকতা শ্রিতাঃ॥
নিমন্ত্রিতোঽন্যতো ভুঙ্‌ক্তেশ্রাদ্ধে দৈবেথ পৈতৃকে।
সদ্বিধাকৃষ্যতে মর্ত্যস্তীক্ষ্ণতুণ্ডৈঃ খগোত্তমৈঃ॥
মর্ম্মাণি যস্তু সাধূনাং তুদন্ বাগ্‌ভির্নিকৃন্ততিঃ।
তস্যোপরিরুদন্তস্তু তুণ্ডৈস্তিষ্ঠন্তি পত্রিণঃ॥
যঃ করোতিচ পৈশুন্যং সাধুনা মন্যথামতিঃ।
বক্তু তুণ্ডনখাজ্জিহ্বা মাকর্ষন্তেচ বায়সাঃ॥
মাতাপিতৃগুরূণাঞ্চ যেঽবজ্ঞাঞ্চক্রুরুদ্ধতাঃ।
মজ্জন্তিপূয়বিন্মূত্রে ত্বপ্রতিষ্ঠে হ্যধোমুখাঃ॥

অনুবাদ।

এবং কন্যাদাতা এক পাত্রে কন্যাদানের অঙ্গীকার করিলে যাহারা তাহার প্রতিবন্ধক জন্মাইয়া অন্য পাত্রে ঐ কন্যা দান করায় তাহাদিগকে যমকিঙ্করগণ করপত্র নরকে ফেলিয়া দ্বিখণ্ডকরে। যে অন্যের উপতাপ জন্মায় এবং চন্দন, ব্যানারমূল ও চামর অপহরণ করে সে করম্ভসিকতা নরকে পতিত হয়। যে ব্যক্তি দৈবকার্য্যে কিম্বা পিতৃকার্য্যে নিমন্ত্রিত হইয়া অন্য গৃহে ভোজন করে তাহাকে পতঙ্গরাজ খরধার তীক্ষ্ণ তুণ্ডদ্বারা দ্বিখণ্ডকরে। যেব্যক্তি সাধুগণের হৃদয়ে ব্যথা জন্মাইয়া মর্ম্মচ্ছেদ করে পক্ষিগণ তাহারপ্রতি আক্ষেপ করতঃ তুণ্ডদ্বারা বিনাশ করে। যে ব্যক্তি সাধুগণের দ্বেষ ও অবজ্ঞা করে বায়সগণ তাহার বক্তু, তুণ্ড, নখ, জিহ্বা আকর্ষণ করে। যাহারা মাতা পিতা গুরু প্রভৃতি গুরুজনকে ক্রোধবশতঃ অবজ্ঞা করে তাহারা অধোমুখে বিষ্ঠাপূয় ও মূত্র নরকে নিমগ্ন হয়। দেবতা

দেবতাতিথিভৃত্যেষু ভূতেষ্বভ্যাগতেষুচ।
অভুক্তবস্তু যেশ্নন্তিবালপিত্রগ্নিমাতৃষু॥
দ্রষ্টারঃপূয়নির্য্যাসং ভুঞ্জন্তে ত্বধমা ইমে।
সূচীমুখাশ্চ জায়ন্তে ক্ষুধার্ত্তাগিরি বিগ্রহাঃ॥
একপঙ্ক্ত্যুপবিষ্টানাং বিষমং ভোজয়ন্তি যে।
বিট্‌ভোজনং রাক্ষসেন্দ্র নরকস্তে ব্রজন্তিচ॥
একসার্থ প্রয়াতাশ্চ পশ্যন্তশ্চার্থিনং নরাঃ।
অসংবিভজ্য ভুঞ্জন্তে তে যান্তি শ্লেষ্মভোজনং॥
গোব্রহ্মণাগ্নয়ঃ স্পৃষ্টা যৈরুচ্ছিষ্টৈঃ ক্ষপাচর।
ক্ষিপ্যন্তে হি করাস্তেষাং তপ্তকুম্ভে সুদারুণে॥
সূর্য্যেন্দু তারকান্ দৃষ্ট্বা যৈরুচ্ছিষ্টৈস্তু কামতঃ।
তেষাং নেত্রগতোবহ্নি র্বর্দ্ধতে যমকিঙ্করৈঃ॥

অনুবাদ।

অতিথি ভৃত্য ও অন্যান্যপ্রাণিগণ এবং অভ্যাগতব্যক্তি বালক পিতা মাতা ও অগ্নি অভুক্ত থাকিতে যে স্বয়ং ভোজন করে এবং এই রূপ যাহারা দর্শন করে তাহারা অধম ও পূয় নির্য্যাস ভক্ষণ করে। এবং তাহাদিগের পর্ব্বত সদৃশ কলেবর সূচ্যগ্রের ন্যায় বদন হয় এবং আহারে অসমর্থ হইয়া ক্ষুধায় কাতর হয়। হে রাক্ষসেন্দ্র! এক পঙ্ক্তিতে ভোজনার্থ উপবিষ্ট ব্যক্তিগণকে যাহারা ব্যক্তি বিশেষে ভিন্ন ভিন্নরূপে ভোজন করায় তাহারা বিট্‌ভোজন নাম নরকে গমন করে। একত্রগমনকারি ব্যক্তিগণের মধ্যে অর্থবান ব্যক্তিকে দৃষ্ট করতঃ ভিন্নস্থানে ভোজন করায় তাহারা শ্লেষ্মভোজন নামে নরকে গমনকরে। হে নিশাচর! যাহারা উচ্ছিষ্ট হস্তে ব্রাহ্মণ, গো, অগ্নি স্পর্শ করে যমদূতগণ তাহাদিগের হস্ত অতিসুদারুণ তপ্তকুম্ভে নিক্ষিপ্ত করে। যাহারা ইচ্ছাপূর্ব্বক উচ্ছিষ্ট স্পর্শ করিয়া সূর্য্য, চন্দ্র, নক্ষত্র, দর্শনকরে যমকিঙ্করগণ তাহাদিগের নেত্রে প্রজ্ব-

মিত্রং জায়াথ জননী জ্যেষ্ঠভ্রাতা পিতাস্বসা।
জামাতা গুরবো বৃদ্ধা যৈঃ সংস্পৃষ্টাঃ পদানৃভিঃ॥
বদ্ধাঙ্ঘ্রয়স্তে নিগড়ৈর্লৌহৈর্বহ্নি প্রতাপিতৈঃ।
ক্ষিপ্যন্তে রৌরবে ঘোরে আজানুপরি বাহিনঃ॥
পায়সংকৃশরং মাংসং বৃথাভুক্তানি যৈর্নরৈঃ।
তেষাময়োগুড়াস্তপ্তাঃ ক্ষিপ্যন্তে বদনেষ্বতাঃ॥
গুরুদেব দ্বিজাতীনাং বেদানাঞ্চ নরাধমৈঃ।
নিন্দা নিশামিতা যৈস্তু পাপানামভি কুর্ব্বতাং॥
তেষাং লৌহময়াকীর্ণা বহ্নিবর্ণাঃ পুনঃ পুনঃ।
শ্রবণেষু নিখন্যন্তে ধর্ম্মরাজস্য কিঙ্করৈঃ॥
প্রপাদেব কুলারাম বিপ্রবেশ্মসভামঠান্।
কূপবাপীতড়াগাংশ্চ ভঙ্‌ক্ত্বা বিধ্বংসয়ন্তি যে॥
তেষাং বিলপতাঞ্চর্ম্ম দেহতঃ ক্রিয়তে পৃথক্।
কর্ত্তিকাভিঃ সুতীক্ষ্ণাভিঃ সুরৌদ্রৈর্যমকিঙ্করৈঃ॥

অনুবাদ।

লিত বহ্নি প্রদান করে। যাহারা মিত্র, ভার্য্যা, মাতা, জ্যেষ্ঠভ্রাতা, পিতা, ভগিনী,জামাতা, গুরুজন এবং বৃদ্ধজনগণকে পাদদ্বারা স্পর্শ করে যমদূতগণ তাহাদিগের চরণদ্বয় উত্তপ্ত লৌহময় নিগড় দ্বারা বন্ধন করিয়া ভয়ঙ্কর রৌরব নরকে নিক্ষেপ করে। যাহারা পায়স কৃসর মাংস প্রভৃতি উৎসর্গ কিম্বা অন্যকে না দিয়া ভোজন করে যমকিঙ্করগণ তাহাদিগের বদনে অতি উষ্ণ লৌহময় মুদ্গারের আঘাত করে। যাহারা গুরু দেবতা ব্রাহ্মণ এবং বেদ নিন্দা শ্রবণ করে যমকিঙ্করগণ তাহাদিগের কর্ণে অগ্নিবর্ণ লৌহময় শঙ্কু পোথিত করে। যাহারা প্রপা দেবগৃহ উপবন ব্রাহ্মণের গৃহ সভাগৃহ মঠ দীর্ঘিকা কূপ সরোবরপ্রভৃতি ভঙ্গকরিয়া বিনষ্টকরে তাহারা রোদন করিলেও যমদুতগণ অতি সুতীক্ষ্ণ কর্ত্তরিকাদ্বারা তাহাদিগের

গোব্রহ্মণার্কমগ্নিঞ্চ যে বৈ মেহন্তি মানবাঃ।
তেষাং গুদেষু চর্ম্মাণি বিনিষ্ক্রামন্তি বায়সাঃ ॥
স্বপোষণ পরোযস্তু পরিত্যজতি মানবঃ।
পুত্রভৃত্যকলত্রাদিবন্ধুবর্গামকিঞ্চন ॥
দুর্ভিক্ষেসংভ্রমে বাপি সঃশ্বযৌনৌ নিপাত্যতে।
শরণাগতং ত্যজন্তীতি যেচ বন্ধনপালকাঃ ॥
পতন্তি যন্ত্রপীঠৈবৈ তাড্যমানাস্ত কিঙ্করৈঃ।
ক্লেশয়ন্তিহি বিপ্রাদীন তেজ্যকর্ম্মসু পাপিনঃ ॥
তে পিষ্যন্তেশিলায়াং বৈ শোষ্যন্তে পি চ শোষকৈঃ।
ন্যাসাপহারিণঃ পাপা বধ্যন্তে নিগড়ৈরপি ॥
ক্ষুৎক্ষামাঃশুষ্ক বদনা পাত্যন্তে বৃশ্চিকাসনে।
পর্ব্বমৈথুনিনঃ পাপাঃ পরদাররতাশ্চয়ে ॥

অনুবাদ।

গাত্রহইতে চর্ম্ম পৃথক করে। গো ব্রাহ্মণ অর্ক ও অগ্নি দেখিয়া যে জন প্রস্রাব ত্যাগকরে বায়সগণ তাহাদিগের গুহ্যদেশ হইতে চর্ম্ম কর্ত্তন করে। যে মানব আত্ম প্রতিপাল্য পুত্র ভৃত্য ভার্য্যা ও বন্ধু প্রভৃতি আত্মগণকে দুর্ভিক্ষ কিম্বা ভ্রমাবস্থায় পরিত্যাগ করে সে কুক্কুরযোনি প্রাপ্ত হয়। যাহারা শরণাগত ও বন্ধনমোচনকর্ত্তাকে পরিত্যাগ করে তাহারা যন্ত্রপীঠে পতিত হইয়া যমকিঙ্কর কর্ত্তৃক সংতাড়িত হয়। যাহারা বৃথাকার্য্যে ব্রাহ্মণদিগকে পরিশ্রম করায় তাহারা পাপী এবং তাহাদিগকে যমদূতগণ শিলাযন্ত্রে পেষণ করিয়া শোষণ যন্ত্রদ্বারা শোষণ করে। যাহারা ন্যস্তধন অপহরণ করে তাহারা পাশবদ্ধ হইয়া ক্ষুধায় ক্ষীণ ও শুষ্কবদন হইলে বৃশ্চিক দংশন নাম নরকে যমদূত কর্ত্তৃক পাতিত হয়। যাহারা চতুর্দ্দশী অষ্টমী অমাবস্তা পুর্ণিমা এবং সংক্রান্তিতে স্ত্রীসংসর্গ করে কিম্বা সর্ব্বদা

তেবহ্নিকূটং তপ্তাগ্রামালিঙ্গ্যন্তেচ শাল্মলীং।
উপাধ্যায়মধঃ কৃত্বা যৈ রধীতং দ্বিজোত্তমৈঃ॥
তেষামধ্যাপকো যশ্চ স শিলাং শিরসাবহেৎ।
মূত্রশ্লেষ্ম পুরীষাণি যৈরুচ্ছিষ্টানি বারিণি॥
তেপদ্যন্তেহি বিন্মূত্রে দুর্গন্ধে পুযপূরিতে।
শ্রাদ্ধেহতিথেয মন্যোন্যং যৈর্ভুক্তং ভুবিমানবৈঃ।
পরস্পরং ভক্ষয়ন্তে মাংসানি স্বানি বায়সাঃ॥
বেদবহ্নি গুরুত্যাগী ভার্য্যা পিত্রোস্তথৈবচ।
গিরিশৃঙ্গাদধঃ পাতং পাত্যন্তে যমকিঙ্করৈঃ॥
পুনর্ভূপতয়োযেচ কন্যাবিধ্বং সকাশ্চয়ে।
তদ্গার্ভ শ্রাদ্ধভুক্ যস্তু কৃমীন্ ভক্ষেৎ পিপীলিকান্॥
চাণ্ডালাদন্ত্যজাদ্বাপি প্রতিগৃহ্লাতি দক্ষিণাং।
যাজকো যজমানশ্চ স স্যাদশ্মনি কীটকঃ॥

অনুবাদ।

পরদারাশক্ত হয় তাহারা অতিশয় বহ্নিতপ্ত শাল্মলীবৃক্ষ আলিঙ্গন করে। যাহারা শিক্ষককে নিম্নস্থানে বসাইয়া আপনি শিক্ষা গ্রহণ-করে তাহার শিক্ষাদাতা মস্তকে শিলা বহন করে। মূত্রশ্লেষ্মা, বিষ্ঠা ও উচ্ছিষ্টজল কিম্বা বিষ্ঠা মূত্র পূয় ও দুর্গন্ধযুক্তজল শ্রাদ্ধে কিম্বা অতিথি সৎকারের নিমিত্ত দেয় কিম্বা ভোজন করায় তাহা-দিগের গাত্রমাংস বায়সগণ ভক্ষণকরে। বেদ, অগ্নি, গুরু, ভার্য্যা ও পিতা মাতাকে যাহারা পরিত্যাগ করে যমকিঙ্করগণ তাহাদি-গকে পর্ব্বত শৃঙ্গহইতে নিক্ষেপকরে। পুন র্ভূপতি ও কন্যাবিনাশ-কারী এবং তদ্গর্ভসম্ভূত ও শ্রাদ্ধভূক্ যে মানব সে কৃমি ও পিপী লিকা ভক্ষণ করে। যে মানব চণ্ডাল ও অন্ত্যজাতির নিকট হইতে দক্ষিণা গ্রহণ করে সেই যাজক ও যজমান উভয়ে পর্ব্বতে কীটরূপে জন্মগ্রহণ করে। হে নিশাচর! যাহারা অনিবেদিত মাংস ভক্ষণ ও

বৃথামাংসাশিনোমূঢ়া স্তথৈবোৎকোচ জীবিনঃ।
ক্ষিপ্যন্তে বৃকভক্ষে তে নরকে রজনীচর ॥
স্বর্ণস্তেয়ীচ বিপ্রঘ্নঃ সুরাপোগুরু তল্পগঃ।
তথাগো ভূমিহর্ত্তারো গৌস্ত্রীবাল হতাশ্চ যে ॥
এতে নরা দ্বিজা যেচ গোষ্ঠবিক্রয়িণ স্তথা।
সোমবিক্রয়িণো যেচ বেদবিক্রয়িণ স্তথা ॥
কূটসজ্যা স্ত্বশৌচাশ্চ নিত্যনৈমিত্তনাশকাঃ।
কূটসাক্ষ্যপ্রদা যেচ তে মহারৌরবে স্থিতাঃ ॥
দশবর্ষ সহস্রাণি তাবত্তামিশ্রকে স্থিতাঃ।
তাবত্তে চান্ধতামিস্রে ত্বসিপত্রবনে ততঃ ॥
তাবন্ত্যেব ঘটীযন্ত্রে তপ্তকুম্ভে ততঃ পরং।
প্রজাতো ভবতেতেষাং যৈরিমে দুষ্কৃতাঃ কৃতাঃ ॥
যেত্বেতে নরকাঘোরা রৌরবাদ্যা স্তবোদিতাঃ।
তেসর্ব্বে ক্রমশঃ প্রোক্তাঃ কৃতঘ্নে লোকনিন্দিতে ॥

অনুবাদ।

উৎকোচ গ্রহণ করে তাহারা বৃকভক্ষ নরকে পতিত হয়। স্বর্ণাপহারী ব্রহ্মঘাতী সুরাপী গুরুসয্যাশায়ী গো ভূমি অপহরণকারী এবং গো স্ত্রী বালকবিনাশকারী সোমবিক্রয়ী, ও বেদবিক্রয়ী, কূটসয্যাশায়ী, অশুচী, নিত্যনৈমিত্তক বিনাশকারী, মিথ্যাসাক্ষ্যদাতা এই সকলমানবগণ দশসহস্রবর্ষপর্য্যন্ত মহারৌরবনরকে অবস্থিতি করিয়া দশসহস্রবর্ষ তামিশ্রনরকে এবং দশসহস্রবর্ষ অন্ধতামিশ্রনরকে দশ সহস্র বর্ষ' অসিপত্রবন নরকে সেই পরিমাণ বৎসর ঘটীযন্ত্র ও তপ্ত কুম্ভ নরকে অবস্থিতি করে তৎপরে সেই দুষ্কৃতিকারীজনগণ মুক্ত হইয়া জন্মগ্রহণ করে, তোমাকে এই সকল যে অতি ভয়ঙ্কর রৌরবাদি নরক বলিলাম কৃতঘ্ন ও লোকনিন্দিত জনগণের প্রতি ক্রমশঃ

যথাসুরাণাং প্রবরো জনার্দ্দনো
যথাগিরীণা মপিশৈশিরাদ্রিঃ।
যথাযুধানাং প্রবরং সুদর্শনং
যথা খগানাং বিনতাতনূজঃ॥
মহোরগানাং প্রবরো প্যনন্তো
যথা চ ভুতেষু মহীপ্রধানা।
নদীষু গঙ্গা জলজেষু পদ্মং
সুরারি মুখ্যেষু হরাঙ্‌ঘ্রিভক্তঃ॥
ক্ষেত্রেষু যদ্বৎ কুরুজাঙ্গলং বরং
তীর্থেষু যদ্বৎ প্রবরং পৃথূদকং।
সরঃসু চৈবোত্তর মানসং যথা
বনেষু পুণ্যেষুচ নন্দনং যথা॥
লোকেষু যদ্বৎ সদনং বিরিঞ্চেঃ
সত্যং যথা ধর্ম্ম বিধি ক্রিয়াসু।
যথাশ্বমেধঃ প্রবরঃ ক্রতূনাং
পুত্রো যথা স্পর্শবতাং বশিষ্ঠঃ॥

অনুবাদ।

বর্ণিত হইবে। যাদৃশ দেবতা প্রধান ভগবান জনার্দ্দন, পর্ব্বতের শ্রেষ্ঠ হিমালয়, অস্ত্রের মধ্যে সুদর্শনচক্র, পক্ষিগণের মধ্যে বিনতানন্দন গরুড়, সর্পের মধ্যে অনন্ত, পঞ্চভূতের মধ্যে ক্ষিতি, নদীর মধ্যে গঙ্গা, জলজ পুষ্পের মধ্যে পদ্ম, দৈত্যগণের মধ্যে ভগবান ভক্ত, পৃথিবীর মধ্যে কুরুজাঙ্গল, তীর্থমধ্যে গঙ্গা, সরোবরের মধ্যে মানসসরোবর, উপবনের মধ্যে নন্দনবন, ত্রিভুবনের মধ্যে ব্রহ্মার সদন, ধর্ম্মকার্য্যের মধ্যে সত্যধর্ম্ম, যজ্ঞমধ্যে অশ্বমেধ, স্পর্শবস্তুমধ্যে বশিষ্ঠপুত্রগাত্রস্পর্শ, তাপসগণের মধ্যে অগস্ত্য, শ্রুতির মধ্যে

তপোধনানামপিকুম্ভযোনিঃ
শ্রুতির্ব্বরাযদ্বদিহাগমেষু।
মুখ্যপুরাণেষু যথৈবমাৎস্যং
স্বায়ম্ভুবোক্তিস্ত্বপিসংহিতাসু॥
মনুঃ স্মৃতীনাং প্রবরোয়থৈব-
তিথিষুদর্শোবিষুবেষুদানম্।
তেজস্বিনাঞ্চপ্রবরোঽর্কউক্তঃ
ঋক্ষেষু চান্দ্রোজলধির্হ্রদেষু॥
ভবান্ যথারাক্ষসপুঙ্গবেষু
পাশেষু নাগস্তিমিতেষু বন্ধো।
ধান্যেষু শালির্দ্বিপদেষু বিপ্র-
শ্চতুষ্পদাং গৌশ্চতথামৃগেন্দ্রঃ॥
পুষ্পেষু জাতী নগরেষু কাঞ্চী
নারীষু রম্ভাশ্রমিষু গৃহস্থঃ।
কুশস্থলীশ্রেষ্ঠতমা পুরেষু
দেশেষুসর্ব্বেষুচ মধ্যদেশঃ॥

অনুবাদ।

আগম, পুরাণের মধ্যে মাৎস্যপুরাণ, স্বয়ম্ভুসংহিতা, ও স্মৃতির মধ্যে মনুসংহিতা, তিথির মধ্যে পৌর্ণমাসী, বিষুবের মধ্যে মহাবিষুব, তেজস্বী মধ্যে রবি, নক্ষত্রমধ্যে মৃগশিরা হ্রদের মধ্যে সমুদ্র, নিশাচর মধ্যে তুমি, পাশাস্ত্র মধ্যে নাগপাশ, ধান্যমধ্যে সালিধান্য, দ্বিপদের মধ্যে ব্রাহ্মণ, চতুষ্পদ মধ্যে গো কিম্বা সিংহ। পুষ্প মধ্যে জাতিপুষ্প নগর মধ্যে কাঞ্চীনগর, রমণীর মধ্যে রম্ভা, আশ্রমীর মধ্যে গৃহস্থ, দেশের মধ্যে কুশস্থলী দেশ এবং সকল দেশের মধ্যে মধ্যদেশ,

ফলেষুচূতোমুকুলেষ্বশোকঃ
সর্ব্বৌষধীনাং প্রবরাচপথ্যা।
মূলেষুস্কন্দঃ প্রবরোযথোক্তো
ব্যাধীষুজীর্ণঃ ক্ষণদাচরেন্দ্র॥
শ্বেতেষুদুগ্ধং প্রবরং যথৈব-
কার্পাসিকং প্রাবরণেহিযদ্বৎ।
কলাসুমুখ্যাগণিতজ্ঞতাচ
বিজ্ঞানমুখ্যেষুযথেন্দ্রজালঃ॥
শাকেষুমুখ্যাত্বপিকাকমাচী
রসেষুমুখ্যং লবণং যথৈব।
ফলেষু তালো নলিনীষু চম্পা-
বনৌকসেষ্বেবচ ঋক্ষরাজঃ।
মহীরুহেষ্বেব যথাবটশ্চ
যথাহরেজ্ঞানবতাং বরিষ্ঠঃ॥
যথাসতীনাং হিমবৎ সুতাহি
যথাগবীনাং কপিলাবরিষ্ঠঃ।
যথা বৃষানামপিনীলবর্ণ
স্তথৈব সর্ব্বেষ্বপি দুঃসহেষু॥

অনুবাদ।

ফলের মধ্যে আম্র, মুকুলের মধ্যে অশোক, ঔষধীর মধ্যে খাদ্যবস্তু, মূলমধ্যে ওল, রোগের মধ্যে জীর্ণরোগ। হে নিশাচর! শুক্লবর্ণ বস্তুর মধ্যে দুগ্ধ, কার্পাসিক মধ্যে প্রবরণ, কলারমধ্যে গণিতজ্ঞতা, বিজ্ঞান-শাস্ত্রমধ্যে ইন্দ্রজাল, শাকের মধ্যে কাকমাচী, রসের মধ্যে লবণ, ফলের মধ্যে তাল, নলিনীমধ্যে চম্পাক, বন্য পশুর মধ্যে ভল্লুক, বৃক্ষমধ্যে টবৃক্ষ, জ্ঞানীর মধ্যে হরিভক্তিজ্ঞানবান্, সতীর মধ্যে গৌরী, গাভীর

দুর্গেষু রৌদ্রেষু নিশাচরেশ
নৃপার্চ্চনং বৈতরণী প্রধানা।
পাপীয়সাং তদ্বদিহক্লতম্নঃ
সর্ব্বেষু পাপেষু নিশাচরেন্দ্র॥
ব্রহ্মঘ্ন গোঘ্নাদিষু নিষ্কৃতির্হি
বিদ্যেত নৈবাস্যচ দুষ্টচারিণঃ।
ননিষ্কৃতিশ্চাস্তি কৃতঘ্নবৃত্তেঃ
সুহৃৎকৃতং নাশয়তেহব্দকোটিভিঃ॥

ইতিবামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভুবনকোষে পুষ্করদ্বীপবর্ণনং নাম দ্বাদশোধ্যায়ঃ।

অনুবাদ।

মধ্যে কপিলা। বৃষের মধ্যে নীলবর্ণবৃষ, এবং সকল দুঃসহ ভয়ঙ্কর দুর্গমধ্যে বৈতরণী। হে নিশাচর! সেইরূপ সকল ব্রহ্মঘ্নগোঘ্ন মধ্যে কৃতঘ্ন ও দুষ্টচারি এই সকল পাপীগণের নিষ্কৃতি নাই। যে মানব বান্ধবগণের উপকার স্বীকার করে না তাহারা কোটি বৎসরেও নিষ্কৃতি হইতে পারে না।

ইতি বামনপুরাণে পুষ্করদ্বীপবর্ণন দ্বাদশাধ্যায়।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—০:০—

সুকেশিরুবাচ।

ভবদ্ভিঃ কথিতা ঘোরাঃ পুষ্করদ্বীপসংস্থিতিঃ।
জম্বুদ্বীপস্যসংস্থানং কথয়স্ব মহর্ষয়ঃ॥

ঋষয় ঊচুঃ।

জম্বুদ্বীপস্যসংস্থানং কথ্যমানং নিশাময়।
নবভেদং সুবিস্তীর্ণং স্বর্গমোক্ষফলপ্রদম্॥
মধ্যেত্বিলাবৃতোবর্ষো ভদ্রাশ্বঃ পর্ব্বতোদভূতঃ।
পূর্ব্বদক্ষিণতোবর্ষো হিরণ্বান্ রাক্ষসেশ্বর॥
ভবতোদক্ষিণেপ্রোক্তো হরির্দ্দক্ষিণ পশ্চিমে।
পশ্চিমে কেতুমানশ্চ চম্পকঃ পশ্চিমোত্তরে॥
উত্তরেচ কুরোর্ব্বর্ষঃ কল্পবৃক্ষসমাবৃতঃ।
পূর্ব্বেচোত্তরতোরম্যোবর্ষঃ কিং পুরুষঃ স্মৃতঃ॥

অনুবাদ।

সুকেশি বলিল। হে তাপসগণ! আপনারা পুষ্করদ্বীপ মাহাত্ম্য অতি ভয়ঙ্কর বর্ণন করিলেন কিন্তু জম্বুদ্বীপের কিরূপ সংস্থিতি তাহা বর্ণন করিয়া সন্তোষ করুন্। ঋষিগণ বলিলেন। জম্বুদ্বীপের সংস্থান বলিতেছি তুমি শ্রবণকর। হে রাক্ষসবর! স্বর্গমোক্ষ ফলদাতা জম্বুদ্বীপ অতি বিস্তার নবভাগে বিভক্ত ঐ দ্বীপের মধ্যে ইলাবৃতোবর্ষ। তাহারপর ভদ্রাশ্ববর্ষ ইহাতে অতি অপূর্ব্ব পর্ব্বত আছে হে রাক্ষসেশ্বর! ভদ্রাশ্ববর্ষের পূর্ব্ব দক্ষিণভাগে এবং তোমার দক্ষিণে ও হরির দক্ষিণ পশ্চিমেই হিরণ্বান্ বর্ষ, পশ্চিমে কেতুমান বার্ষ, উত্তরে কুরুবর্ষ, এই বর্ষে কল্পবৃক্ষ আছে। পূর্ব্বউত্তরভগা

পুণ্যারম্যা নবৈবৈতে বর্ষাঃ শালকটং কট।
ইলাবৃতাদ্যা যে চাষ্টৌবর্ষা উক্তেবভারতম্॥
নতেষ্বস্তি যুগাবস্থা জরামৃত্যুভয়ং নচ।
তেষাং স্বাভাবিকীসিদ্ধিঃ সুখপ্রায়াহ্যশেষতঃ॥
বিপর্য্যয়ো নতেষ্বস্তি চোত্তমাধমমধ্যমাঃ।
যদেতদ্ভারতং বর্ষং নবদ্বীপং নিশাময়॥
সাগরান্তরিতাঃ সর্ব্বে অগম্যাশ্চপরস্পরম্।
ইন্দ্রদ্বীপঃ কশেরুণাং স্তাম্রবর্ণোগভস্তিমান্॥
নাগদ্বীপ কটাহাশ্চ সৈংহলোদারুণস্তথা।
অয়ন্তু নবমস্তেষাং দ্বীপঃ সাগরসংবৃতঃ॥
কুমারাখ্যঃ পরিখ্যাতো দ্বীপোঽয়ং দক্ষিণোত্তরঃ।
পূর্ব্বেকিরাতা যস্যান্তে পশ্চিমেযবনাঃ স্থিতাঃ॥

অনুবাদ।

অতি রমনীয় কিম্পুরুষবর্ষ। হে নিশাচর! এই নবভাগে নববর্ষ অতি পুণ্যজনক ও রমনীয়। ইলাবৃত প্রভৃতি যে আটটি বর্ষ বলিলাম উহার নাম ভারত। এই বর্ষে যুগপরি বর্ত্তন জরা ও মৃত্যুর ভয় থাকে না। এই বর্ষের অশেষ প্রকার সুখদায়িনী স্বাভাবিকী শক্তি আছে। এবং এইবর্ষে উত্তম মধ্যম ও অধমের বিপর্য্যয় হয় না। এই ভারতবর্ষে নবদ্বীপ আছে তাহা শ্রবণ কর। প্রত্যেক দ্বীপ অগম্য জলধি বেষ্টিত ইন্দ্রদ্বীপ তাম্রবর্ণ কিরণশালী। তদনন্তর নাগদ্বীপ কটাহদ্বীপ ও অতি ভয়ঙ্কর সিংহলদ্বীপ এই দ্বীপ নবভাগে বিভক্ত কিন্তু প্রত্যেক দ্বীপ সাগরবেষ্টিত দক্ষিণোত্তরে কুমারদ্বীপ এই দ্বীপের পূর্ব্বভাগে কিরাতগণ পশ্চিমে যবনগণ বাস করে।

অস্মাদ্দক্ষিণতোবীর তুরুষ্কাত্ত্বপিচোত্তরে।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াঃ বৈশ্যাঃ শূদ্রাশ্চান্তরবাসিনঃ॥
ইজ্যাযুদ্ধং বণিজ্যাদৈঃ কর্ম্মভিঃ কৃতপাবনাঃ।
তেষাং বৈ ব্যবহারশ্চএভিঃ কর্ম্মভি রিষ্যতে॥
স্বর্গাপবর্গপ্রাপ্তিশ্চ পুণ্যং পাপং তথৈবচ।
মহেন্দ্রোমলয়ঃ সদ্যঃ শুক্তিমানৃক্ষপর্ব্বতঃ॥
বিন্ধ্যশ্চ পারিপাত্রশ্চ সপ্তাত্র কুলপর্ব্বতাঃ।
তথান্যেশতসাহস্রা ভূধরামধ্যবাসিনঃ॥
বিস্তারোচ্ছ্রায়িনোরম্যা বিপুলা শুভসানবঃ।
কোলাহলঃ সবৈভ্রাজো মন্দরোভূৎকুলাচলঃ॥
বাতধূমোবৈদ্যুতশ্চ মৈনাকঃ সরসস্তথা।
তুঙ্গপ্রস্থোনাগগিরি স্তথা গোবর্দ্ধনাচলঃ॥

অনুবাদ।

এই দ্বীপের দক্ষিণে ও তুরস্কের উত্তরে যে দ্বীপ আছে তাহাতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র প্রভৃতি নানাবিধ জাতি বাস করে এবং মানবগণ যজ্ঞ যুদ্ধ বাণিজ্য প্রভৃতি কার্য্য দ্বারা এই স্থান পবিত্র করে। ইহাদিগের ব্যবহার এই সমস্ত কার্য্য দ্বারা অবগত হও। স্বর্গ মোক্ষ পুণ্য ও পাপ এই স্থানেই আছে। মহেন্দ্র, মলয়, শুক্তিমান ঋক্ষপর্ব্বত, বিন্ধ্য, পারিপাত্র ও কুল পর্ব্বত এই সাতটি পর্ব্বত প্রধান অন্যান্য লক্ষ লক্ষ পর্ব্বত ও পর্ব্বতবাসি জনগণ আছে এবং অতি বিস্তার ও অতি উচ্চ মনোহর অতি বৃহৎ শুভসানু ও কোলাহলপূর্ণ শোভমান দৈবতাগণের আবাস স্থান মন্দরাচল নামে পর্ব্বত আছে। প্রবল বায়ু ধূম বিদ্যুত ও জলাশয়পূর্ণ মৈনাক পর্ব্বত। অতি উচ্চ শৃঙ্গ নাগগিরি ও গোবর্দ্ধন পর্ব্বত, অতি উচ্চ পুষ্পগিরি, অর্ব্বুদ, রৈবত, ঋষ্যমূক, গোমন্ত,

উজ্জয়ন্তঃ পুষ্পগিরি রর্ব্বুদো রৈবতস্তথা।
ঋষ্যমূকঃ সগোমন্ত শ্চিত্রকূটকৃতং পরঃ॥
শ্রীপর্ব্বতঃ কোকণকঃ শতশোন্যেপি পর্ব্বতাঃ।
তৈর্ব্বিমিশ্রা জনপদা ম্লেচ্ছা শ্চার্য্যাশ্চভাগশঃ॥
তৈঃ পীয়ন্তে সরিৎ শ্রেষ্ঠা যা স্তাঃ সম্যক্ নিশাময়।
সরস্বতী পঞ্চরূপা কালিন্দী চ হিরণ্বতী॥
শতদ্রু শ্চন্দ্রিকা নীলা বিতস্তৈরাবতী কুরুঃ।
মধুরাহাররাবীচ উসীরা ধাতুকীরসা॥
গোমতী ধুতপাপাচ রাহুদাশা দৃশদ্বতী।
নিশ্চীরা গণ্ডকী চিত্রা কৌশিকী চ বধূসরা॥
সরযুশ্চ সলৌহিত্যা হিমবৎ পাদনিঃ সৃতাঃ।
বেদস্মৃতি র্বেদসিনী বৃত্রঘ্নী সিন্ধুরেবচ॥
পর্ণাসা নন্দিনীচৈব পাবনীচ মহীতথা।
শরা চর্ম্মবতী লুপী বিদিশা বেণুমত্যপি॥

অনুবাদ।

চিত্রকূট, শ্রীপর্ব্বত ও কোকনক পর্ব্বত এবং অন্যান্য শত শত পর্ব্বত আছে। এই সকল পর্ব্বত দ্বারা সংলগ্ন জনপদ থাকাতে স্থানে স্থানে ম্লেচ্ছ ও আর্য্যজাতি ভিন্ন ভিন্নরূপে বাস করে। ঐ সকল মানবগণ যে সকল নদীর জল পান করে তাহা বিশেষরূপে বর্ণন করিতেছি তুমি শ্রবণ কর। সরস্বতী, পঞ্চরূপা, কালিন্দী, হিরণ্বতী, শতদ্রু, চন্দ্রিকা, নীলা, বিতস্তা, ইরাবতী, কুরু, মধুরা, হাররাবী, উসীরা, ধাতুকী, রসা, গোমতী, ধূতপাপা, রাহু, দা আশা, দৃশদ্বতী, নিশ্চিরা, গণ্ডকী, চিত্রা, কৌশিকী, বধূসরা, সরযূ এবং লোহিত প্রভৃতি কয়েকটী নদী হিমালয় পর্ব্বত হইতে বহির্গতা। বেদস্মৃতি, বৈদসিনী, বৃত্রঘ্নী, সিন্ধু, পর্ণাসী নন্দিনী, পাবনী, মহী, শরা, চর্ম্মবতী, লুপী,

চিপ্রা হ্যবন্তী চ তথা পারিপাত্রাশ্রয়াঃ স্মৃতাঃ।
শোণো মহানদীচৈব নর্ম্মদা সুরসা ক্রিয়া॥
মন্দাকিনী দশার্ণা চ চিত্রকূটা হি বেদিকা।
চিত্রোৎপলা বৈতমসা করতোয়া পিশাচিকা॥
তথান্যাপিপ্পলা শ্বোণী বিপাশা বঞ্জুলাবতী।
সৎ মন্তজা শুক্তিমতী সংকুলা ক্বত্তিকা বসু॥
অক্ষপাদ প্রসূতাশ্চ তথান্যাবলবাহিনী।
শিবামেয়োষ্ঠীনি বিন্ধ্যা তাপী সনিষধাবতী।
বেত্রা বৈতরণী চৈব সিনীবাহু কুমুদ্বতী॥
তোয়ারেবা মহাগৌরী দুর্গন্ধা সুশিলা তথা।
বিন্ধ্যপাদ প্রসূতাশ্চ নদ্যঃ পুণ্যজলাঃ শুভাঃ॥
গোদাবরী ভীমরথী কৃষ্ণবল্যা তরস্বিনী।
তুঙ্গভদ্রা সুপ্রয়োগা বাহ্যা কাবেরিরেব চ॥

অনুবাদ।

বিদিশা, বেণুমতী, চিপ্রা, অবন্তী প্রভৃতি কয়েকটি নদী পারিপাত্র পর্ব্বত হইতে বহির্গতা। শোন, মহানদী, নর্ম্মদা, সুরসা, মন্দাকিনী, দশার্ণা, চিত্রকূটা, বেদিকা, চিত্রোৎপল, তমসা, করতোয়া, পিশাচিকা, পিপ্পলা, শ্বোণী, বিপাশা, বঞ্জুলা, সৎমন্তজা, শুক্তিমতী, সংকুলা, ক্বত্তিকা, বসু প্রভৃতি কয়েকটি নদী অতি বেগশালী এবং দক্ষপর্ব্বত হইতে বহির্গতা। শিবাময়া, ওষ্ঠিনী, বিন্ধ্যা, তাপী, নিষধাবতী, বেত্রা, বৈতরণী, সিনী, বাহু, কুমুদ্বতী, তোয়া, রেবা, দুর্গন্ধা, সুশিলা এবং অন্যান্য বিন্ধ্যপর্ব্বত হইতে বিনির্গতা। পুণ্যতোয়া নদী সকল, গোদাবরী, ভীমরথী, কৃষ্ণবল্যা, তরস্বিনী, তুঙ্গভদ্রা, সুপ্রয়োগা, বাহ্যা, কাবেরী, দুগ্ধোদা, নলিনী, বারিসেনা, কলস্বন,

দুগ্ধোদা নলিনীচৈব বারিনেত্রা কলস্বনা।
এতাশ্চাপি মহানদ্যঃ সহ্যপাদ বিনির্গতাঃ ॥
কৃতমালা তাম্রবর্ণা বঞ্জুলাপ্যুৎপলাবতী।
সিনীচৈব সুদামাচ শুক্তিমৎ প্রভবাস্ত্বিমাঃ ॥
সর্ব্বাঃ পুণ্যাঃ সরস্বত্যঃ পাপপ্রশমনা স্তথা।
জগতো মাতরঃ সর্ব্বাঃ সর্ব্বাঃ সাগর যোষিতঃ ॥
অন্যাঃ সহস্রশশ্চাত্র ক্ষুদ্রনদ্যো হি রাক্ষস।
সদা কালবহাশ্চান্যাঃ প্রাবৃটকালবলাস্তথা ॥
এতে মধ্যোদ্ভবাদেশাঃ পিবন্তি স্বেচ্ছয়াশুভাঃ।

মৎস্যাঃ কুমুদ্বাঃ কিলকুণ্ডলাশ্চ
পাঞ্চালকাস্যাঃ সহকৌশিনৈশ্চ।
বৃকাঃ শকাবর্ব্বর কৌরবাশ্চ
কলিঙ্গ বঙ্গাঙ্গ জলাস্তথৈব ॥

মর্ম্মকা মধ্যদেশা বা অভীরা শাট্যধানকাঃ।
বাহ্লীকা বাটধানাশ্চ আভীরাঃ কালতোয়দাঃ ॥

অনুবাদ।

এই কয়েকটি সহ্যপাদ বিনির্গতা মহানদী। কৃতমালা, তাম্রবর্ণা, বাঞ্জুলা এবং উৎপল বিশিষ্টা সিনী, সুদামা প্রভৃতি কয়েকটি নদী শুক্তিমৎ প্রভবা এই সকল নদী পুণ্যজলা এবং পাপবিনাশিনী জগতের মাতা মহাসাগরের পত্নী। হে নিশাচর! অন্যান্য সহস্র ক্ষুদ্র নদী আছে এবং অন্যান্য কালবহা ও প্রাবৃটকালবহা। মধ্যদেশে কতকগুলিন নদী আছে, তাহার জল প্রাণিগণ ইচ্ছামতে পান করে। কুমুদ্বা, কুণ্ডলা, পাঞ্চালকা, কৌশিলা, বৃকা, শকা, বর্ব্বর, কৌরবা, কলিঙ্গা, বঙ্গা, অঙ্গজনা, মর্ম্মকা, মধ্যদেশা, অভীরা, শাট্যধানকা, বাহ্লীকা, বাটধানা, আভীরা ইহারা কালতোয়া

অপরান্তা সুদা ক্ষুদ্রাঃ পহ্লবাশ্চ সখেটকাঃ।
গন্ধর্ব্ব যবনাশ্চৈব সিন্ধু সৌবীর মদ্রকাঃ॥
সাতদ্রবা নলিঙ্গাশ্চ পারাবত সমুষকাঃ।
মাঠরোদকধারাশ্চ কৈকেয়া দশমাস্থিতাঃ॥
ক্ষত্রিয়ঃ প্রতি বৈশ্যাশ্চ তথা শূদ্রকুলানিচ।
কাম্বোজাদরদাশ্চৈব বর্ব্বরাহ্যঙ্গলৌকিকাঃ॥
চীনাশ্চৈব তুষারাশ্চ বহুধা বাহ্যতোধরাঃ।
আত্রেয়াঃ সভরদ্বাজাঃ পুষ্করাশ্চ সবীরকাঃ॥
লেপকাস্তারকারামা সূতিকা অঙ্গনৈঃ সহ।
উর্ব্বশা শ্চালিমন্ত্রাশ্চ কিরাতানাঞ্চজাতয়ঃ॥
তামসাঃ কর্ম্মমার্গাশ্চ স্বপার্শ্বা পণকা স্তথা।
কুমৃতাঃ কুহকাশ্চূর্ণা শ্চূর্ণপাদাঃ সকুক্কুটাঃ॥
মাণ্ডব্যাঃ পাণবীব্যাশ্চ উত্তরাপথবাসিনঃ।
অঙ্গাবঙ্গা মদ্গুরব শ্চান্তর্গিরি বহির্গিরঃ॥

অনুবাদ।

অন্যান্য ক্ষুদ্রনদী এবং পহ্লবা, খেটকা, গন্ধর্ব্বা, যবনা, সিন্ধু, সৌবীরা, মদ্রকা, সাতদ্রবা, নলিঙ্গা, পারাবত, মুষকা, মাঠরা, উদকধারা, কৈকেয়া, দশমা, ক্ষত্রিয়া প্রভিবৈশ্যা, শূদ্রকুলা, কাম্বোজা, উদরদা, বর্ব্বরা, অঙ্গলৌকিকা, চীনা, তুষারা প্রভৃতি বহুবিধা নদী পৃথিবীর বাহ্যদেশে। আত্রেয়া ভরদ্বাজা, পুষ্করা, সবীরকা, লেপকা, তারকা, রামা অঙ্গনা সূতিকা, উর্ব্বশা অলিমান্দ্রা, এবং কিরাতজাতীয়া নদী, তামসা, কর্ম্মমার্গা, স্বপার্শ্বা পণকা, কুমৃতা, কুহিকা, চূর্ণা, চূর্ণপাদা, কুক্কুটা, মাণ্ডব্যা, পাণবীব্যা, উত্তরাপথবাসিনা, অঙ্গা, বঙ্গা, এবং মদ্গুরু প্রভৃতি কয়েকটি নদী আছে। এই সকল নদীর মধ্যে কোন নদী পর্ব্বত মধ্যে প্রবাহিতা কোন নদী পর্ব্বতের বহি-

তথা প্রবঙ্গা বাঙ্গেয়া মাংসদানব দন্তিকাঃ।
ব্রহ্মোত্তরা প্রাবিজয়া মার্গাবাঙ্গেয় মর্ষকাঃ॥
প্রাগ্‌জ্যোতিষাঃ পুবষ্নাশ্চ বিদেহাশ্চামালপ্তকাঃ।
মালামগধমানন্দাঃ প্রাচ্যাজন পদাস্ত্বিমে॥
পুণ্ড্রাশ্চ কেবলাশ্চৈব পাডাকুল্যাশ্চ রাক্ষস।
জালুকা মুষকাদাশ্চ কুমারাদা মহাশকাঃ॥
দাক্ষিণাত্যা জনপদাস্ত্বিমে শালকটঙ্কট।
সূর্য্যারকা বারিধানা দুর্গাশ্চালিকটৈঃ সহ॥
পুলীয়াশ্চসিনীলাশ্চ তাপসাস্তামসাঃস্মৃতাঃ।
কাস্করাস্তু লমিনো নাসিকান্তাশ্চ সুনর্ম্মদাঃ॥
দারুকশ্চ সম্যাহেয়াঃ সহসারস্বতৈরপি।
বাত্মীয়াশ্চ সুরাষ্ট্রাশ্চ আবন্ত্যাশ্চার্ব্বুদৈঃসহ॥
ইত্যেতে পশ্চিমাংশাশ্চ স্থিতা জানপদাজন ঃ।
কারুষাশ্চৈকলব্যাশ্চ মেকলাশ্চোৎকলৈঃ সহ॥

অনুবাদ।

ভাগে প্রবাহিতা। প্রবঙ্গা, বাঙ্গেয়া, মাংসদা, নবদন্তিকা, ব্রহ্মোত্তরা, প্রাবিজয়া, মার্গা, বাঙ্গেয়, মর্ষকা, প্রাগ্‌জ্যোতিষা পুষঘ্না, বিদেহা, আমলিপ্তকা, মালা, মাগধা, মানন্দা, প্রভৃতি এই সকল দেশ এই দ্বীপের পূর্ব্বভাগে। হে নিশাচর! পুণ্ড্র,কেবলা, পাডাকুল্যা,জালুকা, মুষকাদা, কুমারাদা, মহাশকা প্রভৃতি কয়েকটি দেশ দক্ষিণ-ভাগে। হে রজনীচর! সূর্য্যারকা, বারিধানা, অলিকটের সহিত দুর্গা, পুলিয়া, সিনীলা, তাপসা, তামসা, কাস্করাক্ষ, লমিন, নাসিকান্তা, সুনর্ম্মদা, দারুক, সমাহেয়া সারস্বত, বাত্মীয়া, সুরাষ্ট্রা, অর্ব্বুদ এবং অবন্তী প্রভৃতি কয়েকটি দেশ পশ্চিম প্রদেশে। কারুষা, চৈকলব্যা, উৎকল মেকলা, উত্তমার্ণা,

উত্তমার্ণা দশার্ণাশ্চ ভোজা কিংকরবৈঃসহ।
তোষণাঃ কোশলাশ্চৈব ত্রৈপুরাঃ খেলিশাস্তথা ॥
তুরগা স্তুম্বরাশ্চৈব বহেলা নৈষধৈঃ সহ।
অসূতা স্তুণ্ডিকেরাশ্চ বীতিহোত্রা স্ত্ববন্তয়ঃ ॥
সুকেশে বিন্ধ্যমূলস্থা স্তিমে জনপদাঃস্মৃতাঃ।
অাদ্যান্ দেশান প্রবক্ষ্যামঃ পর্ব্বতাশ্রয়িনশ্চয়ে ॥
নিরাহারা হংসমার্গা কুপথাস্ত্বঙ্গনাঃ খশাঃ।
কুথপ্রাবরণাশ্চৈব উর্ণাঃস্তুষ্টাঃ সুহৃৎকুকাঃ ॥
ত্রিগর্ত্তাশ্চ কিরাতাশ্চ তোমরা শিশিরাদ্রিকাঃ।
ইমে তবোক্তাবিষয়াঃ সুবিস্তরা
দ্বীপে কুমারে রজনীচরেশ।
এতেষু দেশেষু চ ধর্ম্মদেশান্
সংকীর্ণমানান্ শৃণুতত্ত্বতোমে ॥

ইতি বামনপুরাণে ভুবনকোষে ত্রয়োদশাধ্যায়ঃ।

অনুবাদ।

দশর্ণা, কিঙ্কর ভোজা, তোষলা, কোষলা, ত্রৈপুরা, খেলিশা, তুরগা, তুম্বরা, নিষধ বহেলা, অসুতা, তুণ্ডিকেরা, বীতিহোত্রা, এবং অবন্তি প্রভৃতি দেশসকল বিন্ধ্যপর্ব্বতের নিম্নভাগে। হে নিশাচর! প্রধান দেশ ও পর্ব্বতাশ্রয় দেশ আমি বলিব। নিরাহারা, হংসমার্গা, কুপথা, অঙ্গলা, খশা, কুথপ্রাবরনা, উর্ণা, তুষ্টা, সুহৃৎকুকা, ত্রিগর্ত্ত, কিরাত, তোমর এই কয়েকটি দেশ হিমালয়পর্ব্বতের আসন্নপ্রদেশে হে রাক্ষসেশ্বর! তোমার জিজ্ঞাসিত এই সকল বিষয় ও দেশ অতি বিস্তৃত কুমারদ্বীপে আছে। এই সকল দেশে যেরূপ ধর্ম্ম প্রচলিত আছে তাহা বলিতেছি তুমি শ্রবণ কর।

ইতি বামনপুরাণীয় ত্রয়োদশ অধ্যায়ঃ।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

ঋষিউবাচ।

অহিংসা সত্যমস্তেয়ং দানং ক্ষান্তির্দমঃ শমঃ।
অকার্পণ্যঞ্চ শৌচঞ্চ তপশ্চ রজনীচর॥
দশাঙ্গো রাক্ষসশ্রেষ্ঠ ধর্ম্মোঽসৌ সার্ব্ববর্ণিকঃ।
ব্রাহ্মণস্যাপি বিহিতা চতুরাশ্রম কল্পনা॥

সুকেশিরুবাচ।

বিপ্রাণাঞ্চাতুরাশ্রম্যং বিস্তরান্মে তপোধনাঃ।
আচক্ষতং নমেতৃপ্তিঃ শৃণ্বতঃ প্রতিপদ্যতে॥

ঋষয়ঃউচুঃ।

কৃতোপনয়নঃ সম্যক্ ব্রহ্মচারী গুরৌবসেৎ।
তত্র ধর্ম্মোঽস্য যস্তত্বং কথ্যমানং নিশাময়॥

অনুবাদ।

ঋষিগণ বলিলেন। হে নিশাচর! অহিংসা, সত্য, অস্তেয়, দান, ক্ষান্তি ইন্দ্রিয়নিগ্রহ, শম, অকৃপণতা, পবিত্রতা, হে রাক্ষসবর! ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের এই দশবিধ ধর্ম্ম এবং শূদ্র প্রভৃতি সকল বর্ণের অবশ্য কর্ত্তব্য। কিন্তু ব্রাহ্মণের চতুর্ব্বিধ আশ্রম বিহিত। সুকেশি জিজ্ঞাসা করিল। হে তাপসগণ! আপনারা ব্রাহ্মণের যে চতুর্ব্বিধ আশ্রম বলিলেন তাহা বিস্তারপূর্ব্বক কীর্ত্তন করুন। আপনি যাহা বলিলেন তাহাতে আমার তৃপ্তি জন্মে নাই। ঋষিগণ বলিলেন। ব্রাহ্মণতনয়ের উপনয়ন হইলে ব্রহ্মচর্য্যাশ্রম অবলম্বন করিয়া গুরুর নিকটে বাস করিতে হয়। তাহাতে যে সকল ধর্ম্ম আচরণ করা কর্ত্তব্য তাহা বলিতেছি

স্বাধ্যায়োঽথাগ্নি শুশ্রূষা স্নানং ভিক্ষাটনং তথা।
গুরোঃকর্ম্মাণি সোদ্‌যোগঃ সম্যক্ প্রীত্যুপপাদনং॥
তেনাকৃত পতেচ্চৈব তৎপরো নান্য মানসঃ।
একং দ্বৌ সকলান্‌বাপি বেদান্‌প্রাপ্য গুরোর্মুখাৎ॥
অনুজ্ঞাতো ধনং দত্ত্বা গুরবে দক্ষিণান্ততঃ।
গার্হস্থ্যাশ্রম কামস্তু গার্হস্থ্যাশ্রমমাবসেৎ॥
বানপ্রস্থাশ্রমং বাপি চতুর্থঞ্চেচ্ছয়াত্মনঃ।
তত্রৈবচ গুরোর্গেহে দ্বিজো নিষ্ঠা মবাপ্নুয়াৎ॥
গুরোরভাবে তৎ পুত্রে তচ্ছিষ্যে তৎসুতং বিনা।
শুশ্রূষন্নিরভিমানো ব্রহ্মচর্য্যাশ্রমং বসেৎ॥

অনুবাদ।

শ্রবণ কর। বেদাধ্যয়ন, অগ্নিশুশ্রুষা স্নান ভিক্ষার্থ ভ্রমণ। এবং বাহ্যিক ও আন্তরিক সমস্ত কার্য্য সর্ব্বদা গুরুকে অর্পণ করিবে। এবং গুরুর কর্ত্তব্য কার্য্যের আয়োজন করিয়া গুরুর সন্তোষ জন্মাইবেক গুরুর সমস্ত কার্য্য নিষ্পন্ন না হইলে অন্য কার্য্যে মন নিবেশ করিবেক না। এক দুই প্রভৃতি চারি বেদ গুরুবক্ত্র হইতে লাভ করিবেক এবং তাঁহার অনুমতি গ্রহণপূর্ব্বক দক্ষিণার স্বরূপ ধন গুরুকে অর্পণ করিয়া পরে গার্হস্থ্য আশ্রমে ইচ্ছাপূর্ব্বক নিবিষ্ট হইবেক কিম্বা বাণ-প্রস্থাশ্রমে অথবা অন্যান্য যে চতুর্ব্বিধ আশ্রম আছে তন্মধ্যে যে কোন আশ্রমে প্রবিষ্ট হইবেক। কিন্তু এই সমস্ত আশ্রমে প্রবিষ্ট হইয়া গুরুগৃহে অবস্থিতি পূর্ব্বক সম্পূর্ণ করিতে হইবেক। গুরু অবিদ্য-মানে গুরুপুত্রের তাহার বিদ্যমানে তচ্ছিষ্যের আশ্রমে অবস্থান পূর্ব্বক অভিমান পরিত্যাগ করতঃ তাঁহার শুশ্রূষা করিয়া ব্রহ্মচর্য্যা-শ্রমে অবস্থিতি করিবেক। হে নিশাচর! ব্রাহ্মণগণ এই রূপ

এবং জয়তি মৃত্যুং স দ্বিজঃ শালকটংকট।
উপাবৃত্য তত স্তস্মাৎ গৃহস্থাশ্রম কাম্যয়া॥
অসমানর্ষিকুলাং কন্যা মুদ্বহেদ্ধি নিশাচর।
স্বকর্ম্মণা ধনং লব্ধা পিতৃদেবাতিথী নপি॥
সম্যক্‌ তং প্রীণয়েদ্ভক্ত্যা সদাচাররতো নরঃ।

সুকেশি রুবাচ।

সদাচারেতি গদিত স্তবযোঽস্মাভি রাদরাৎ।
লক্ষণং তস্য বক্ষ্যামস্তচ্ছৃণুষ্ব নিশাচর॥
গৃহস্থেন সদা কার্য্যমাচার পরিপালনং।
নহ্যাচার বিহীনস্য ভদ্রমত্র পরত্র বা॥
যজ্ঞদান তপাংসীহ পুরুষস্য ন ভূতয়ে।
ভবন্তি যঃ সমুল্লঙ্ঘ্য সদাচারং প্রবর্ত্ততে॥

অনুবাদ।

কার্য্য মৃত্যুকে পরাজয় করতঃ সেই আশ্রম হইতে নিবৃত্ত হইয়া ইচ্ছা পূর্ব্বক গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হইবেন। গৃহস্থাশ্রমে পদার্পণ করিয়া অসমান গোত্রপ্রবরা কন্যাকে বিবাহ করিবেন। এবং গার্হস্থ্যাশ্রমবিহিত কার্য্যদ্বারা অর্থোপার্জ্জনপূর্ব্বক পিতৃ দেবতা অতিথিকে ভক্তিপূর্ব্বক সন্তোষ করিয়া সদাচাররত হইবেন। তোমার সন্তোষের নিমিত্ত যে সদাচার বলিলাম তাহার লক্ষণ তোমাকে বলিতেছি শ্রবণ কর। গার্হস্থ্য আশ্রম অবলম্বন করিয়া সর্ব্বদা আচার পরিপালন করিতে হয়। যে মানব আচার বিহীন হয় তাহার ইহকালে কিম্বা পরকালে মঙ্গল হয় না। যজ্ঞ দান ও তপস্যা করিলে ইহকালে শ্রেয়স্কর হয় না। কিন্তু যে মানব সদাচারবিহীন হইয়া যজ্ঞ দান প্রভৃতি কার্য্য করেন

দুরাচারোঽপি পুরুষো নেহ না মূত্রনন্দতে।
কার্য্যো যত্নো সদাচারে আচারোহন্ত্যলক্ষণং ॥
তস্য স্বরূপং বক্ষ্যামিঃ সদাচারস্য রাক্ষস।
শৃণুম্বেক মনাস্তচ্চ যদি শ্রেয়ো ভিবাঞ্ছসি ॥
ধর্ম্মোহস্য মূলং ধনমেব শাখা
পুষ্পঞ্চ কামঃ ফলমস্য মোক্ষঃ।
অসৌ সদাচারতরুঃ সুকেশে
সংসেবিতো যেন স পুণ্যভোক্তা ॥
ব্রাহ্মো মুহূর্ত্তে প্রথমং বিবুদ্ধো
দনুস্মরে দ্দেববরং মহর্ষীন।
প্রাভাতিকং মঙ্গল মেববাক্যং
যদুক্ত বান্ দেবপাতিস্ত্রিনেত্র ॥

সুকেশি রুবাচ।

কিন্তদুক্তং সুপ্রভাতং শঙ্করেণ মহাত্মনা।
প্রভাতে যঃ পঠেৎ মর্ত্ত্যো মুচ্যতে পাপবন্ধনাৎ ॥

অনুবাদ।

তিনি দুরাচারী ইহকালে ও পরকালে সুখলাভ করিতে পারেন না। হে নিশাচর! যদি তুমি শ্রেয় অভিলাষ কর তবে মনোনিবেশ পূর্ব্বক শ্রবণ কর। সদাচাররূপ বৃক্ষ, ইহার মূল ধর্ম্ম, শাখা অর্থ, পুষ্প অভিলাষ, ফল মোক্ষ। হে সুকেশে! যে ব্যক্তি এই বৃক্ষ সেবা করেন তিনি পুণ্যভাগী। ইহার নিয়ম শ্রবণ কর, অতি প্রত্যূষে জাগরিত হইয়া দেববর নারায়ণকে ও ঋষিগণকে স্মরণপূর্ব্বক প্রভাত সম্বন্ধি মঙ্গলজনক মহাত্মা শঙ্কর যাহা বলিয়াছিলেন সেই প্রসিদ্ধ বাক্যসকল স্মরণ করিতে হয়। সুকেশি জিজ্ঞাসা করিল। মহাত্মা শঙ্কর প্রভাতসম্বন্ধি যে সকল নাম কীর্ত্তন করিয়াছিলেন সেই সমস্ত নাম প্রভাতকালে যে মানব পাঠ করে সে পাপবন্ধন

ঋষয়ঃ ঊচুঃ।

শ্রুয়তাং রাক্ষসশ্রেষ্ঠ সুপ্রভাতং হরোদিতং।
শ্রুত্বা স্মৃত্বা পঠিত্বা চ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

ব্রহ্মামুরারি স্ত্রিপুরান্তকারী ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ সহ ভানুজেন দদন্তু সর্ব্বে মম সুপ্রভাতং॥
ভৃগুর্ব্বশিষ্ঠঃ ক্রতুরঙ্গিরাশ্চ মনুঃ পুলস্ত্যঃ পুলহঃ সগৌতমঃ।
ধৌম্যো মরীচি শ্চ্যবনোঽথ সদ্‌গুরুঃ কুর্ব্বন্তু সর্ব্বে মমসুপ্রভাতং
সনৎকুমারঃ সনকঃ সনন্দঃ সনাতনো প্যাসুরিপিঙ্গলৌ চ।
সপ্তস্বরাঃ সপ্তরসাতলাশ্চ দদন্তু সর্ব্বে মম সুপ্রভাতং॥
পৃথ্বী সগন্ধাঃ সরসা স্তথাপঃ স্পর্শাশ্চ বায়ু র্জ্বলিতঞ্চ তেজঃ।
নভঃ সশব্দং মহতাসহৈব দদন্তু সর্ব্বে মম সুপ্রভাতং॥

অনুবাদ।

হইতে মুক্ত হয়, সে কি প্রকার? ঋষিগণ বলিলেন। হে রাক্ষসবর! মহাত্মা শঙ্কর সুপ্রভাতসম্বন্ধি যাহা বলিয়াছিলেন, তাহা আমি বলিতেছি শ্রবণ কর। এই সুপ্রভাতসম্বন্ধি নাম সকল শ্রবণ স্মরণ বা কীর্ত্তন করিলে মানবগণ সকল পাপ হইতে মুক্ত হয়।—ব্রহ্মা, মুরারি, ত্রিপুরান্তকারী, ভানু, শশী, ভূমিসুত, বুধ, গুরু, শুক্র এবং শনি সকলে আমার সুপ্রভাত প্রদান কর। ভৃগু, বশিষ্ঠ, ক্রতু, অঙ্গিরা, মনু, পুলস্ত্য, পুলহ, গৌতম, ধৌম্য, মরীচি, চ্যবন, এবং সংগুরু সকলে আমার সুপ্রভাত প্রদান কর। সনৎকুমার, সনক, সনন্দ, সনাতন, আসুরি, পিঙ্গল, সপ্তস্বর, সপ্তরসাতল, সকলে আমার সুপ্রভাত প্রদান কর। গন্ধের সহিত পৃথিবী, রসের সহিত জল, সস্পর্শ বায়ু, উজ্জ্বল তেজের সহিত অনল, শব্দ ও মহত্তের সহিত আকাশ সকলে আমার সুপ্রভাত প্রদান কর।

সপ্তার্ণবাঃ সপ্তকুলাচলাশ্চ সপ্তর্ষয়ো দ্বীপবরাশ্চ সপ্ত।
ভূরাদি কৃত্বা ভুবনানি সপ্ত দদন্তু সর্ব্বে মম সুপ্রভাতং॥
ইত্থং প্রভাতে পরমং পবিত্রং পঠেৎ স্মরেদ্বা শৃণুয়াচ্চ ভক্ত্যা।
দুঃস্বপ্ননাশোঽনঘসুপ্রভাতং ভবেচ্চ সত্যং ভগবৎ প্রসাদাৎ॥
ততঃ সমুত্থায় বিচিন্তয়েত ধর্ম্মং তথার্থঞ্চ বিহায় শয্যাং।
উত্থায় পশ্চাৎ হরিরিত্যুদীর্য্য গচ্ছেত্তদোৎসর্গবিধিং হি কর্ত্তুং।
সদেবগোব্রাহ্মণবহ্নিমার্গে ন রাজমার্গে ন চতুষ্পথে চ।
কুর্য্যাদথোৎসর্গমপীহ গোষ্ঠে পূর্ব্বাং পরাঞ্চৈব সমাশ্রিতাগাং।
ততস্তু শৌচার্থমুপাহরেন্মৃদং গুদে ত্রয়ং পাণিতলে চ সপ্ত।
তথোভয়োঃ পঞ্চ চতুস্তথৈকাং লিঙ্গে তথৈকাং মৃদমাহরেত।

অনুবাদ।

সপ্ত সমুদ্র, সপ্ত অচল, সপ্ত ঋষি, সপ্ত দ্বীপ, ভূর্লোকপ্রভৃতি সপ্তলোক সকলে আমার সুপ্রভাত প্রদান কর।

প্রাতঃকালে এবম্বিধ পবিত্র নাম সকল যে মানব ভক্তিপূর্ব্বক পাঠ কিম্বা স্মরণ অথবা শ্রবণ করে ভগবদনুগ্রহে তাহার দুঃস্বপ্ন ও পাপ বিনাশপূর্ব্বক নিশ্চয়ই সুপ্রভাত হয়। অনন্তর শয্যা পরিত্যাগ পূর্ব্বক উত্থিত হইয়া ধর্ম্ম ও অর্থ উপার্জ্জনের চিন্তা করিবেক। হরিনাম উচ্চারণ পূর্ব্বক উত্থিত হইয়া পুরীষোৎসর্গের নিমিত্ত গমন করিবেক দেবতা, গো, ব্রাহ্মণ ও অগ্নি অভিমুখে, রাজপথে কিম্বা চতুষ্পথে যাইবে না। যে স্থানে পূর্ব্বে কিম্বা পরে ধেনু বিচরণ করিয়াছিল কিম্বা করিবেক এইরূপ ময়দানস্থানে গমনপূর্ব্বক পুরীষত্যাগ করিবেক। পরে শুচির নিমিত্ত মৃত্তিকা গ্রহণ করিয়া গুহ্যদেশে তিন বার, হস্ত-তলে সপ্তবার, উভয় হস্তে দশবার এবং লিঙ্গে একবার মৃত্তিকা ঘর্ষণ করিয়া ধৌত করিবেক। কিন্তু জলের মধ্য হইতে কিম্বা মূষিকগর্ত্ত

অন্তর্জ্জলাদ্রাক্ষস মূষিকস্তলাচ্ছৌচাবশিষ্টাশরণাত্তথান্যা।
বল্মীকমৃচ্চৈব হি শৌচনায় গ্রাহ্যা সদাচারবিদাম্বরেণ।
উদঙ্মুখঃ প্রাঙ্মুখো বাপি বিদ্বান্ প্রক্ষাল্যপাদৌভুবি সংনিবিষ্টঃ
ততঃ স্পৃশেদ্বা নিশিরঃ করেণ সন্ধ্যামুপাসীন ততঃ ক্রমেণ।
কেশানি সংশোধ্য চ দন্তধাবনং কৃত্বা তথা দর্পণদর্শনঞ্চ।
কৃত্বা শিরঃ স্নানমথাহ্নিকম্বা সংপূজ্য তোয়েন পিতৃন্ সদেবান্
হোমঞ্চ কৃত্বা লভনং শুভানাং কৃত্বা বহির্নির্গমনং প্রশস্তং।
দূর্ব্বাদধিসর্পিরথোদকুম্ভং ধেনুং সবৎসাং বৃষভং সুবর্ণং।
মৃদ্গোময়ং স্বস্তিকমক্ষতানি লাজা মধুব্রাহ্মণকন্যকাশ্চ।
শ্বেতানি পুষ্পাণি চ শোভনানি হুতাশনং চন্দনমর্কবিম্বং।
অশ্বত্থবৃক্ষঞ্চ সমালভেত ততস্তু কুর্য্যাৎ নিজজাতিধর্ম্মং।

অনুবাদ।

হইতে মৃত্তিকা গ্রহণ করিয়া হস্তাদি পরিষ্কার করিতে হয়। সদাচাররত যে ধার্ম্মিকগণ তাঁহারা বল্মীকমৃত্তিকাদ্বারা হস্তাদি মার্জ্জন করিয়া থাকেন। পরে উত্তরমুখে বা পূর্ব্বমুখে উপবেশন করিয়া পাদপ্রক্ষালন করিবেন। ফেনবিরহিত জল দ্বারা মুখ ও পাদদ্বয় তিনবার প্রক্ষালন করিতে হয়। অনন্তর হস্তদ্বারা মস্তকে জলস্পর্শ কবিয়া সন্ধ্যা বন্দনাদি করিবেন। এবং কেশ ও দন্ত শোধন করিয়া তর্পণ করিবেন। অথবা স্নানানন্তর আহ্নিককার্য্য করিয়া জলদ্বারা পিতৃগণ ও দেবগণের পূজা করিবেন। অনন্তর অনলে আহুতি প্রদানপূর্ব্বক শুভ লাভার্থ বহির্গমন করিবেন। এবং দূর্ব্বা, দধি, ঘৃত, জলপূর্ণ কুম্ভ, সবৎসা গাভী, বৃষ, সুবর্ণ, মৃত্তিকা, গোময়, স্বস্তিক আতপতণ্ডুল, লাজা (খৈ), মধু ও ব্রাহ্মণকন্যা, শ্বেতপুষ্প, অগ্নি, রক্তচন্দন ও অশ্বত্থবৃক্ষ দর্শন করিয়া স্বজাতীয় কার্য্যসকল করিবেন।

দেশাবশিষ্টং কুলধর্ম্মমগ্রং স্বগোত্রধর্ম্মং ন হি সংত্যজেত।
তেনার্থসিদ্ধিং সমুপাচরেত্তুং নাসৎপ্রলাপং নহি সত্যহীনং॥
ন নিষ্ঠুরং নাগমশাস্ত্রহীনং বাক্যং বদেৎ সাধুজনেন যেন।
নিন্দ্যো ভবেচ্চৈব চ ধর্ম্মভেদী সঙ্গং ন চাসৎসু নরেষু কুর্য্যাৎ
সন্ধ্যাসু বর্জ্জ্যং সুরতং দিবাসু সর্ব্বাসু যোনিষু পরাবলাসু।
সর্ব্বাসুযোনিষ্বপরাবলাস্থ রজস্বলাস্বেব জলেষু বীর।

বৃথাটনং বৃথাদানং বৃথাচ পশুমারণং।
ন কর্ত্তব্যং গৃহস্থেন বৃথাদারপরিগ্রহং॥
বৃথাটনান্নিত্যহানির্বৃথাদানাদ্ধনক্ষয়ঃ।
বৃথাপশুঘ্নঃ প্রাপ্নোতি ঘাতকং নরকং হি যৎ॥
সন্তত্যাহানিরশ্লাঘ্যা বর্ণশঙ্করতোভয়ং।
ভেতব্যঞ্চ ভবেল্লোকে বৃথাদোষপরিগ্রহাৎ॥

অনুবাদ।

দেশাচার, কুলাচার ও স্বগোত্রবিহিত ধর্ম্ম পরিত্যাগ না করিয়া স্বাভিলাস সিদ্ধিরজন্য কার্য্য করিবেন এবং নিষ্কারণে মিথ্যা বাক্য প্রয়োগে বিরত, অসত্য ও নিষ্ঠুরতা বিহীন হইবে। সাধুজনের সহিত আগমশাস্ত্রবিহীন বাক্য প্রয়োগ করিবে না। নিন্দনীয় ও ধর্ম্মভেদী কদাচ হইবে না। এবং অসৎ লোকের সহিত সহবাস পরিত্যাগ করিবে সন্ধ্যাকালে দিবাভাগে অপর নারীতে ও রজস্বলা নারীতে এবং জলেতে সকল যোনিতে রতি পরিত্যাগ করিবে। বৃথা পর্য্যটন, বৃথা দান ও বৃথা পশু হিংসা করিবেক না এবং বৃথা দারপরিগ্রহ পরিত্যাগ করিবেক। কারণ বৃথা পর্য্যটনে নিত্যকার্য্যের হানি জন্মে। অযোগ্যপাত্রে দান করিলে ধনক্ষয় হয়। বৃথাপশুহিংসা করিলে ঘাতকের নরক সন্ততিহানি ও আত্মশ্লাঘ্য হয় এবং বৃথারেরোগ্রহণে বর্ণশঙ্কর হয় অতএব তাহা হইতে শঙ্কিত হইবে।

পরস্বে পরদারেচ নকার্য্যা বুদ্ধিরুত্তমৈঃ।
পরস্বং নরকায়ৈব পরদারাশ্চ মৃত্যবে।
নেক্ষেৎ পরস্ত্রিয়ং নগ্নাং নসংভাষেত তস্করাৎ॥
উদক্যাদর্শনং স্পর্শং সংভাষঞ্চ বিবর্জ্জয়েৎ।
নৈকাসনং তথাস্থেয়ং সোদর্য্যা পরজায়য়া॥
তথৈবাস্থ্যা ন্ন মাতুশ্চ তথা স্বদুহিতুস্ত্বপি।
ন চ স্নায়ীত বৈ নগ্নো ন শয়ীত কদাচন॥
দিগ্বাসসোপি ন তথা পবিত্রমনমিষ্যতে।
ভিন্নাংশ্চ শয্যাসনভাজনাদীন্ সুদূরতঃ সংপরিবর্জ্জয়েত্তান্।
নন্দাসু নাভ্যঙ্গমুপাচরেত ক্ষৌরঞ্চ রিক্তাসু জয়াসু মাংসং॥
পুর্নাসু যোষিৎ পরিবর্জ্জনীয়া ভদ্রাসু সর্ব্বাণি সমাচরেত।
নাভ্যঙ্গমর্কে ন চ ভূমিপুত্রে ক্ষারঞ্চ শুক্রে রবিজে চ মাংসং॥

অনুবাদ

অতএব ইহলোকে বৃথা দোষ হইতে ভীত হইবে। পরধন ও পরনারীতে অভিলাস পরিত্যাগ করিবেক। পরধনহরণে নরক এবং পরদারাহরণে মৃত্যু হয়। পরনারী নগ্ন দেখিলে সম্ভাষণা না করিয়া তস্করের ন্যায় পলায়ন করিবেক। জলস্থা নারীকে দর্শন স্পর্শন ও তাহার সহিত সম্ভাষণ পরিত্যাগ করিবেক। সোদরা ভাগিনী ও পরনারী এবং মাতা ও বয়স্থা কন্যার সহিত একাসনে একত্র সহবাস পরিত্যাগ করিবেক। নগ্ন হইয়া কখন শয়ন কিম্বা স্নান করিবেক না। এইরূপ নগ্নাবস্থায় ধর্ম্মকার্য্য করিবার অভিলাস ত্যাগ করিবেক। যাঁহারা সাধু বিগর্হিত কার্য্য করেন তাঁহাদিগের সহিত একত্র শয়ন, একত্র উপবেশন একত্র ভোজন সর্ব্বদা পরিত্যাগ করিবেক। নন্দা তিথিতে তৈলমর্দ্দন, রিক্তা তিথিতে ক্ষৌরকর্ম্ম,জয়াতিথিতে মাংসভোজন এবং পূর্ণাতে স্ত্রীসংসর্গ

বুধেচ যোষিৎ ন সমাচরেত শেষেষু সর্ব্বাণি সদৈব কুর্য্যাৎ।
চিত্রাসহস্ত শ্রবণেন তৈলং ক্ষৌরং বিশাখাস্বভিজিৎসু বর্জ্জ্যং॥
মূলেমৃগেভাদ্রপদাসু মাংসং যোষিন্মঘাকৃত্তিক সোত্তরাসু।
সদৈববর্জ্জ্যং শয়নং উদক্‌শিরা স্তথা প্রতীচ্যাং রজনীচরেশ॥
ভুঞ্জীতনৈবেহ চ দক্ষিণামুখো নচ প্রতীচীমথভোজনীয়ং।
দেবালয়ং চৈত্যতরুং চতুষ্পথং বিদ্যাধিকঞ্চাপি গুরুংপ্রদক্ষিণং॥
মাল্যানুপানংবসনানি যত্নতো নান্যৈধৃতাংশ্চাপি চ ধারয়েদ্বুধঃ
স্নায়াচ্ছিরঃস্নানমথাপি নিত্যং নিষ্কারণং চৈব মহানিশাসু॥
গ্রহোপরাগে স্বজনাভিনাশং যুক্ত্বাচ জন্মর্ক্ষগতে শশাঙ্কে।
নাভ্যঙ্গতঃ কায়মুপস্পৃশেচ্চ স্নাতো ন কেশান্ বিধূনীত চাপি

অনুবাদ

পরিত্যাগ করিয়া ভদ্রাতে সকল কার্য্য করিবেক। এবং রবিবারে তৈলমর্দ্দন, মঙ্গলবারে বস্ত্রে ক্ষারসংযোগ, শুক্র ও শনিবারে মাংস ভোজন বুধবারে রমণী সংসর্গ পরিবর্জ্জন করিয়া অবশিষ্ট যে কয়েকটি বার থাকিল তাহাতে সমস্ত কার্য্য করিতে পারে।

চিত্রা, হস্তা ও শ্রবণানক্ষত্রে তৈলমর্দ্দন, বিশাখা ও উত্তরাষাঢ়ার শেষ ও শ্রবণার প্রথমে ক্ষৌরকার্য্য, মূলা মৃগশিরা পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদনক্ষত্রে মাংসভোজন, উত্তরফল্গুণী উত্তরাষাঢ়া উত্তর-ভাদ্রপদ মঘা ও কৃত্তিকানক্ষত্রে স্ত্রীসহবাস পরিত্যাগ করিবেক।

হে রাক্ষসবর! সর্ব্বদা উত্তর ও পশ্চিমশিরাতে শয়ন পরিত্যাগ করিবেক। দক্ষিণ ও পশ্চিমমুখে ভোজন করিবেক না। দেবালয়, চৈত্যবৃক্ষ, চতুষ্পথ, বিদ্বান্ ব্যক্তি ও গুরুগণের প্রদক্ষিণানন্তর মাল্য চন্দন ও বস্ত্র অপর ব্যক্তি ধারণ করাইলে গ্রহণ করা বিধেয়। অবগাহন স্নান কর্ত্তব্য কিন্তু নিষ্প্রয়োজনে মহানিশিতে অবগাহন স্নান করিবে না। চন্দ্রগ্রহণে ও স্বজনবিয়োগে স্নান করিতে হয় তাহাতে তৈলমর্দ্দন

গাত্রাণি নৈবাম্বরপাণিনাচ স্নাতো নিমৃজ্যাদ্রজনীচরেশ।
বসেচ্চ দেশেষু সুরাজকেষু সুসংহিতেষ্বেব জনেষু নিত্যং॥
অক্রোধনা ন্যায়পরা বিমৎসরাঃ কৃষীবলা হ্যৌষধিজাতয়শ্চ।
এতেষু দেশেষু বসেত বুদ্ধিমান্ সদা নৃপোদণ্ডরুচিস্ত্বশাস্ত্রঃ॥
জনোপি নিত্যোৎসববদ্ধবৈরঃ সদা জিগীষুশ্চ নিশাচরেন্দ্র॥

ইতি শ্রীবামণপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভুবনকোষবর্ণনং নামঃ চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

অনুবাদ।

গাত্রমার্জ্জন ও কেশসঞ্চালন পরিত্যাগ করিবেক। হে নিশাচর! স্নান করিয়া পরিধেয় বস্ত্রদ্বারা কিম্বা হস্ত দ্বারা গাত্রমার্জ্জন করিবেক না। হে ক্ষণদাচর! এবংবিধ শুদ্ধাচারী হইয়া সুরাজকরাজ্যে সৎলোকসন্নিধানে অক্রোধ ন্যায়পরায়ণ মাৎসর্য্যবিহীন কৃষীব্যবসায়ী এবং চিকিৎসক, রাজা, যথাবিধি দণ্ড, সর্ব্বদা উৎসাহী, বদ্ধ শক্রজিগীষু যে দেশের মানবগণ সেই দেশে বুদ্ধিমান্ লোক বাস করিবেক।

ইতি শ্রীবামণপুরাণে জম্বুদ্বীপবর্ণন নামক
চতুর্দ্দশ অধ্যায়।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

ঋষয় উচুঃ।

যচ্চ বর্জ্জ্যং মহাবাহো সদা ধর্ম্মস্থিতৈর্নরৈঃ।
তদ্ভোজ্যঞ্চ সমুদ্দিষ্টং স্নেহাক্তং চিরসংধৃতং॥
স্নেহাক্তো ব্রীহয়ঃ শ্লক্ষ্ণা বিকারা পয়সস্তথা।
শশকঃ শল্লকী গোধা সমেষো মৎস্যকচ্ছপৌ॥
তদ্বদ্দ্বিদলকাদীনি ভোজ্যানি মনুরব্রবীৎ।
মণিবস্ত্রপ্রবালানাং তদ্বৎ মুক্তাফলস্য চ॥
শৈল দারুময়ানাঞ্চ তৃণ ভুমৌষধান্যপি।
শূর্পধান্য তৃণানাঞ্চ সংহতানাঞ্চ বাসসাং॥
বল্কলানামশেষ নোমন্বুনা শুদ্ধির্ভবিষ্যতে।
সস্নেহানা মথোষ্ণেন তিলকল্কেন চাবিকং॥
কার্পাসিকানাং বস্ত্রানাং শুদ্ধিঃস্যাৎ বহিরম্বুনা।
নাগদন্তাস্থি শৃঙ্গানাং তক্ষণাৎ শুদ্ধির্ভবিষ্যতে॥

অনুবাদ।

ঋষিগণ বলিলেন। হে মহাবাহো! ধর্ম্মপথাবলম্বী মানবগণের যাহা নিষিদ্ধ করিলাম এবং যাহা ভোজ্য বিহিত করিলাম তাহা স্নেহাক্ত ও চিরসঞ্চিত। স্নেহাক্ত ব্রীহি যব প্রভৃতি ও অল্প বিকার-দুগ্ধ, শশক, সাজারু, গোধিকা, মেষ, মৎস্য, কচ্ছপ এবং দ্বিদল বস্তুসকল ভোজ্য মনু বলিয়াছেন। মণি, বস্ত্র, প্রবাল, মুক্তা, প্রস্তর ও কাষ্ঠনির্ম্মিত বস্তু, তৃণাবৃত স্থান, ওষধি, শূর্প্য, ধান্য, তৃণ ও বস্ত্রনির্ম্মিত বস্তু ও বহুবিধ বল্কল জলদ্বারা ক্ষালন করিলে পবিত্র হয়। উষ্ণ সস্নেহবস্তু তিলকল্ক উর্ণালোম ও কার্পাসনির্ম্মিত বস্ত্র জলপ্রক্ষেপ দ্বারা শুদ্ধি হয়। হস্তিদন্ত, অস্থি ও শৃঙ্গ অস্ত্রদ্বারা

পুনঃ পাকেন ভাণ্ডানাং মৃন্ময়ানাঞ্চ এবতা।
শুচির্ভৈক্ষ্যং কারুহস্তং পণ্যং যোষিন্মুখং তথা॥
রথ্যাগত মবিজ্ঞাতং দাসবর্গেণ যৎ কৃতং।
বাক্যপূতং চিরানীত মনেকান্তরিতং লঘু॥
চেষ্টিতং বালবৃদ্ধানাং বালস্য চ মুখং শুচিঃ।
কর্ম্মান্তাঙ্গারশালাশ্চ স্তনন্ধয় সুতাঃ স্ত্রিয়ঃ॥
বাগ্‌বিভূষো দ্বিজেন্দ্রাণাং সন্তপ্তাশ্চাম্বুবিন্দবঃ।
ভূমির্বিশুদ্ধ্যতে খাতদাহমার্জ্জনগোময়ৈঃ॥
লেপাদুল্লেখনাৎ সেকাদ্বেশ্ম সংমার্জ্জনার্চ্চনাৎ।
কেশকীটাবপন্নেহন্নে গোঘ্রাতে মক্ষিকান্বিতে।
মৃদস্তু ভস্মক্ষারাণি প্রক্ষিপ্তব্যানি শুদ্ধ্যয়ে।
ঔডুম্বরাণাং চাম্লেন ক্ষারেণ ত্রপুসীসয়োঃ॥

অনুবাদ।

সংস্কার করিলে পবিত্র হয়। মৃন্ময় ভাণ্ডসকল অগ্নি সংস্কার করিলে শুদ্ধি হয়। ভিক্ষালব্ধ বস্তু শিল্পকারের হস্ত, পণ্যদ্রব্য যোষিৎ-বদন, রথ্যাগতবস্তু ও অজ্ঞাতবস্তু এবং ভৃত্যবর্গের কৃত ও চিরসঞ্চিত বস্তু একান্তমনে বাক্য দ্বারা পূত হয়। বালক ও বৃদ্ধগণের চেষ্টা ও কার্য্য বালকের মুখ সর্ব্বদা পবিত্র, কর্ম্মাব-সানে রন্ধনশালা, স্তনপায়ী বালক, নারী এবং ব্রাহ্মণগণ ও সন্তপ্তঅম্বুবিন্দুসকল সর্ব্বদা পবিত্র কিন্তু ভূমি খাত, দাহ মর্জ্জন অথবা গোময় দ্বারা পূত হয়। লেপন উল্লেখণ জলসেক অথবা সংমার্জ্জন কিম্বা অর্চ্চনাদ্বারা গৃহ পবিত্র হয়। ভোজ্য-বস্তুতে কেশ, কীট, পতিত হইলে কিম্বা গোঘ্রাত অথবা মক্ষিক পতিত হইলেও মৃত্তিকার ক্ষার এবং ভস্ম পরিত্যাগ করিতে

ভস্মাম্বুভিশ্চ কাংস্যানাং শুদ্ধিঃ প্লাবো দ্রবস্য তু।
অমেধ্যাক্তস্য মৃত্তোয়ৈ র্গন্ধাপহরণেন চ॥
অন্যেষামপি দ্রব্যাণাং শুদ্ধির্গন্ধাপহারতঃ।
মাতুঃ প্রস্রবণেবৎসঃ শকুনিঃ ফলপাতনে॥
গর্দ্দভোভারবাহিত্বে শ্বা মৃগগ্রহণে শুচিঃ।
রথ্যাকর্দ্দমতোয়ানি গাবঃ পথিতৃণানি চ॥
মারুতেনৈব শুদ্ধ্যন্তি পক্কেষ্টকচিতানি চ।
ঘৃতং দ্রোণাচকস্যান্ন মমেধ্যাভিপ্লুতং ভবেৎ।
অগ্রমুদ্ধৃত্য সংত্যাজ্যং শেষস্য প্রোক্ষণং স্মৃতং॥
উপবাসং ত্রিরাত্রং বা দূষিতান্নস্যভোজনে।
অজ্ঞাতেজ্ঞাতে পূর্ব্বে বা নৈব শুদ্ধির্বিধীয়তে॥
উদক্যাশ্চান্ত্যজশ্বাংশ্চ সূতিকান্ত্যবসায়িনঃ।

অনুবাদ।

হয়। তাম্রপাত্র অম্ল দ্বারা লৌহ ও সীসের পাত্র ক্ষারদ্বারা কাংস্য পাত্র ভস্মসংযুক্ত জলদ্বারা অন্যান্য কঠিনবস্তু জলদ্বারা এবং অমেধ্য বস্তু মৃত্তিকা ও জলদ্বারা মার্জ্জন করিয়া পরিষ্কৃত করিলে পবিত্র হয়। অন্যান্য সমস্ত বস্তু গন্ধাপহরণ হইলে পবিত্র হয়। মাতার প্রস্রবনে বৎস, ফলপাতনে শকুনি. ভারবাহিত্বে গর্দ্দভ, কুক্কুর ও মৃগ গ্রহণে পবিত্র হয়। পথকর্দ্দম, জল, গো, পথিতৃণ সকল এবং পক্ক ইষ্টক বায়ুদ্বারা পবিত্র হয়। ঘৃত ও দুগ্ধ পূর্ণদ্রোণ কিম্বা আঢক অমেধ্য স্পর্শ হইলে অগ্রভাগ পরিত্যাগ পূর্ব্বক অবশিষ্ট জলপ্রক্ষেপ দ্বারা পবিত্র হয়। অজ্ঞাতে দূষিতান্ন ভোজন করিলে ত্রিরাত্র উপবাস করিলে পবিত্র হয়। যদি জ্ঞান পূর্ব্বক ভোজন করে তবে তাহার শুদ্ধি হয় না। রজস্বলা সূতিকা স্ত্রী ও

স্পৃষ্ট্বা স্নায়ীতশৌচার্থং তথৈব মৃতহারিণঃ ॥
সস্নেহমস্থি সংস্পৃশ্য সচেলং জলমাচরেৎ।
আচম্যৈব তু নিঃস্নেহং গামালভ্যার্কমীক্ষ্য বা ॥
ন লঙ্ঘয়েৎ পরস্যাসৃক্ শরীরে দ্বর্ত্তনানি চ।
গৃহাদুচ্ছিষ্টবিণ্মূত্রে পাদাম্ভাংসি ক্ষিপেদ্বহিঃ ॥
স্নায়ীত দেবখাতেষু সরোহ্রদসরিৎসু চ ॥
নোদ্যানাদৌ বিকালেষু প্রাজ্ঞস্তিষ্ঠেৎ কদাচন।
নালপেজ্জনবিদ্বিষ্টং বিরহীনাং তথা স্ত্রিয়ং ॥
দেবতা পিতৃগোবিপ্রযজ্ঞসত্রাদি নিন্দকৈঃ।
কৃত্বাত্তু স্পর্শমালাপং শুদ্ধ্যেতার্কাবলোকনাৎ ॥
অভোজ্যাঃ সূতিকাষণ্ড মার্জ্জারাখুসকুক্কুটাঃ।
পতিতাপবিদ্ধাশ্চ চাণ্ডালাদ্যধমাশ্চ যে ॥

অনুবাদ।

অন্ত্যজাতি এবং শববাহক ব্যক্তিকে স্পর্শ করিলে শুদ্ধির নিমিত্ত স্নান করিতে হয়। সরস অস্থিস্পর্শ করিলে তৎক্ষণাৎ স্নান করিলে পবিত্র হয়। অথবা আচমন পূর্ব্বক গোস্পর্শ ও সূর্য্য দর্শনে পবিত্র হয়। পরশোণিত এবং শরীরের মলা লঙ্ঘন করিতে নাই উচ্ছিষ্ট, বিষ্ঠা, মূত্র স্পর্শ করিলে বহ্নি স্পর্শ অথবা জলদ্বারা পাদ ধৌত করিতে হয়। কিন্ত দেবখাতে সরোবরে হ্রদে ও নদীতে স্নান করিবেক। প্রাজ্ঞলোক অপরাহ্নকালে উদ্যানে কখনই অবস্থিতি করিবেন না। নিন্দিত পুরুষ ও বিরহিণী স্ত্রীর সহিত আলাপ করা অবিহিত। দেবতা পিতৃযজ্ঞ গো ব্রাহ্মণ ও যজ্ঞাদি নিন্দকের সহিত আলাপ কিম্বা তাহাকে স্পর্শ করিলে আদিত্য দর্শন করিয়া পবিত্র হইতে হয়। সূতিকা, ষণ্ড, মার্জ্জার, ইন্দুর, কুক্কুট এবং চাণ্ডাল প্রভৃতি

সুকেশিরুবাচ।

ভবদ্ভির্কীর্ত্তিতাভোজ্যা যত্রতে সূতিকাদয়ঃ।
অমীষাং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতোলক্ষণানিহি॥

ঋষয়ঊচুঃ।

ব্রাহ্মণী ব্রাহ্মণশ্চৈব যাবচ্ছেষত্বমাগতৌ।
তাবুভৌ সূতিকেভুক্তৌ তয়োরন্নং বিগর্হিতং॥
ন জুহোত্যুচিতেকালে নস্নাতি নদদাতিচ।
পিতৃদেবার্চ্চনাহীনঃ সষণ্ডঃ পরিগীয়তে॥
দম্ভার্থং যজতে যশ্চ তপ্যতেজপতে তথা।
ন পরত্রার্থমুদ্যুক্তো মার্জ্জারঃ পরিগীয়তে॥
বিভবেসতি নৈবাত্তি নদদাতি জুহোতিচ।
তমাহুরাখুং তস্যান্নং ভুক্ত্বা কৃচ্ছ্রেণ শুদ্ধ্যতি॥

অনুবাদ।

অধম জাতির অন্ন ভোজন করা নিষিদ্ধ। সুকেশি জিজ্ঞাসা করিল মহাশয়! আপনারা সূতিকাদির অন্ন অভোজ্য বলিয়া কীর্ত্তন করিলেন তাহার বিশেষ লক্ষণ শ্রবণ করিতে অভিলাস করি কীর্ত্তন করিয়া শ্রবণেন্দ্রিয় চরিতার্থ করুন্। ঋষিগণ বলিলেন। ব্রাহ্মণী এবং ব্রাহ্মণ যে সময়ে শেষত্ব প্রাপ্ত হন তখন তাহারা সূতিকে ভোজন করেন এজন্য তাহাদিগের অন্ন নিন্দিত। যাহারা যথাকালে অগ্নিতে আহুতি প্রদান করে না সময়ে স্নান ও দান করে না এবং পিতৃ ও দেবতাদিগের পূজায় বিমুখ হন তাহারা ষণ্ড। যে ব্যক্তি দম্ভপ্রযুক্ত দেবপূজা তপস্যা ও জপ করে কিন্তু পারলৌকিক কার্য্যের উদ্যোগ বিহীন হয় সে মার্জ্জার বলিয়া গণ্য। যে ব্যক্তি প্রচুর বিভবসত্ত্বে আপনি ভোগ করে না দারিদ্রকে দান করে না এবং যাগ যজ্ঞ কার্য্যে বিরত হয় সে ব্যক্তি আখু বলিয়া পরিগণিত। তাহার অন্ন

সভাগতানাং যঃ সভ্যঃ পক্ষপাতং সমাশ্রয়েৎ ।
তমাহুঃ কুক্কুটন্দেবাস্তস্যাপ্যন্নং বিগর্হিতং ॥
স্বধর্ম্মং যঃ পরিত্যজ্য পরধর্ম্মং সমাশ্রয়েৎ ।
অনাপদি স বিদ্বদ্ভিঃ পতিতঃ পরিকীর্ত্তিতঃ ।
দেবত্যাগী পিতৃত্যাগী গুরুপত্ন্যর্জক স্তথা ॥
গোব্রাহ্মণ স্ত্রীবধকৃদপবিদ্ধঃ প্রচক্ষ্যতে ।
আশার্ত্তানামদাতাচ দাতুশ্চ প্রতিষেধকঃ ॥
শরণাগতং যস্ত্যজতি স চাণ্ডালো নরাধমঃ ।
যোবান্ধবৈঃ পরিত্যক্তঃ সাধুভির্ব্রাহ্মণৈরপি ॥
কুণ্ডাশী যশ্চ তস্যান্নং ভুক্ত্বাচান্দ্রায়ণং চরেৎ ।

অনুবাদ ।

ভোজন করিলে কৃচ্ছ্র, চান্দ্রায়ণাদি ব্রতদ্বারা পবিত্র হইতে হয় । সভাগত সভ্যগণের মধ্যে যে ব্যক্তি পক্ষপাত করেন তিনি কুক্কুট বলিয়া পরিগণিত তাহার অন্ন অতি নিন্দিত । নিরাপদ কালে যে ব্যক্তি স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া পরকীয় ধর্ম্ম আশ্রয় করে পণ্ডিতগণ তাহাকে পতিত বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছেন । যে ব্যক্তি দেবতা ও পিতা মাতাকে পরিত্যাগ করে গুরু ও পত্নীর উপার্জ্জন গ্রহণ করে এবং গো ব্রাহ্মণ ও অবলাগণকে বিনাশ করে পণ্ডিতগণ তাহাকে অপবিদ্ধ বলিয়াছেন । যে ব্যক্তি আশা প্রদান পূর্ব্বক দানে বিমুখ হয় এবং দাতাকে প্রতিবন্ধক জন্মায় এবং শরণাগত জনগণকে পরিত্যাগ করে সে ব্যক্তি অতি নরাধম চাণ্ডাল । বন্ধুগণ সাধুগণ ও ব্রাহ্মণগণ যাহাকে পরিত্যাগ করিয়াছেন সে কুণ্ডাশী তাহার অন্ন ভোজন করিলে চান্দ্রায়ণব্রত

যো নিত্যকর্ম্মণাং হানিং কুর্য্যান্নৈমিত্তিকস্যচ ॥
ভুক্ত্বান্নং তস্যশুদ্ধ্যেত ত্রিরাত্রো পোষিতো নরঃ।
নিত্যস্য কর্ম্মণো হানিঃ কেবলং মৃতজন্মসু ॥
নতু নৈমিত্তিকোচ্ছেদঃ কর্ত্তব্যো হি কথঞ্চন।
জাতেপুত্রেপিতুঃ স্নানং সচেলন্তু বিধীয়তে ॥
মৃতেচ সর্ব্ববন্ধুনামিত্যাহ ভগবান্ ভৃগুঃ।
প্রেতায় সলিলং দেয়ং শুচির্দগ্ধাত্ত গোত্রজৈঃ ॥
প্রথমে হ্নিচতুর্থেবা সপ্তমে বাস্থিসঞ্চয়ং।
ঊর্দ্ধং সঞ্চয়নাত্তেষাঙ অঙ্গঃ স্পর্শো বিধীয়তে ॥
সোদকৈস্তু ক্রিয়াকার্য্যা অশুদ্ধৈস্তু সপিণ্ডকৈঃ।

অনুবাদ।

করিতে হয়। যে ব্যক্তি নিত্য কার্য্য পরিত্যাগ পূর্ব্বক নৈমিত্তিক কার্য্যের অনুষ্ঠান করে তাহার অন্ন ভোজন করিলে ত্রিরাত্র উপবাস করিয়া শুদ্ধ হইতে হয়। কেবলমাত্র জনন ও মরণাশৌচে নিত্য কর্ম্মের হানি হয় কিন্তু তাহাতে নৈমিত্তিক কার্য্যের হানি হয় না এরূপ সময় কখন উপস্থিত হয়। পুত্রের জন্ম হইলে পিতা যে বস্ত্র পরিধান করিয়া শ্রবণ করেন সেই বস্ত্র পরিধান পূর্ব্বক তৎক্ষণাৎ স্নান করিবেন ভগবান্ ভৃগু এই কথা বলিয়াছেন। মৃত সম্বাদ শ্রবণ করিয়া সমস্ত বন্ধুগণ যে বস্ত্র পরিধান পূর্ব্বক শ্রবণ করেন সেই বস্ত্র সমেত তৎক্ষণাৎ স্নান করিবেন। গোত্রজ বান্ধবগণ মৃতকে দগ্ধ করিয়া সলিলদান করিবেন। প্রথম দিনে কিম্বা চতুর্থ অথবা সপ্তম দিনে অস্থি সঞ্চয় করিবেন। তাহার পর যদি

বিষোদ্বন্ধনশস্ত্রেষু বহ্নিপাতমৃতেষুচ ॥
বালেপ্রব্রাজি সন্ন্যাসে দেশান্তর মৃতেতথা।
সদ্যঃশৌচং ভবেদ্বীর তচ্চাপ্যুক্তং চতুর্বিধং ॥
গর্ভস্রাবে তদেবোক্তং পূর্ণকালে নবৈচরেৎ।
ব্রাহ্মণানামহোরাত্রং ক্ষত্রিয়াণাং দিনদ্বয়ং ॥
ষড়াত্রমথবৈশ্যানাং শূদ্রানাং দ্বাদশাহ্নিকং।
দশদ্বাদশমাসাৰ্দ্ধং মাসসংখ্যৈর্দিনৈর্গতৈঃ ॥
স্বাঃ স্বাঃ কর্ম্মক্রিয়াঃ কুর্য্যুঃ সর্ব্বেবর্ণা যথ ক্রমং।
প্রেতমুদিশ্যকর্ত্তব্য মেকোদ্দিষ্টং বিধানতঃ।
সপিণ্ডীকরণং কার্য্যং প্রেতস্যাব্দাৎপরৈঃ ॥

অনুবাদ।

অস্থি সঞ্চয় করে তবে অঙ্গাস্পৃশ্যাত্ব অশৌচ হইবে সপিণ্ডগণ অশুচি থাকিবেন এজন্য তাহারা উদক দানাদি দ্বারা তাহার ক্রিয়া করিবেন। বিষ ভক্ষণে উদ্বন্ধনে অস্ত্রাঘাতে অগ্নিতে কিম্বা ভৃগু পতনে মৃত্যু হইলে কিম্বা বাল্যকালে প্রব্রজ্যা কিম্বা সন্ন্যাস ধর্ম্ম অবলম্বনে দেশান্তরিত হইয়া মৃত্যু হইলে এক রাত্র অশৌচ গ্রহণ করিতে হয় সেই অশৌচ চতুর্ব্বিধ। গর্ভস্রাবে তাহাই বলিয়াছেন কিন্তু পূর্ণকালে গর্ভস্রাব হইলে সেরূপ নহে। ব্রাহ্মণগণের এক রাত্র ক্ষত্রিয়ের দিনদ্বয় বৈশ্যদিগের ষড়্ দিবস এবং শূদ্রের দ্বাদশ দিন, পূর্ণাশৌচ ব্রাহ্মণ প্রভৃতি চারি বর্ণের ভিন্ন ভিন্ন, ব্রাহ্মণের দশদিন ক্ষত্রিয়ের দ্বাদশ দিন বৈশ্যের পঞ্চদশ দিন শূদ্রের এক মাস সকলে স্বীয় স্বীয় অশৌচান্তে বৈদিক কার্য্যে অধিকারী হন কিন্তু স্বীয় অশৌচান্তে প্রেত উদ্দেশে যথাবিধানে একোদ্দিষ্ট করিবেক। সম্বৎসর অতীত হইলে প্রেতের সপিণ্ডীকরণ

ততঃ পিতৃত্বমাপন্নে দশপূর্ণাদিভির্নরৈঃ।
প্রীণন স্তস্যকর্ত্তব্যং যথাশ্রুতিনিদর্শনাৎ॥
পিত্তরব্দং সমুদ্দিশ্য ভূমিকোষাদিকং স্বয়ং।
দদ্যাৎ শ্রাদ্ধং ততঃ প্রীতাঃ পিতরঃ সন্তি রাক্ষস॥
যমুদ্দিষ্টতমং কিঞ্চিৎ যচ্চাস্যদয়িতং গৃহে।
তত্তদ্গুণবতেদেয়ং তদেবাক্ষয়মিচ্ছতা॥
অধ্যেতব্যা ত্রয়ীনিত্যং বেদাশ্চবিদুষা সদা।
ধর্ম্মতোধন মাহার্য্যং যষ্টব্যঞ্চাপি শক্তিতঃ॥
যচ্চাপিকুর্ব্বতো নাম্না জুগুপ্সামেতি রাক্ষস।
তৎকর্ত্তব্য মশঙ্কেন যন্নগোপ্যং মহাজনৈঃ॥
এবমাচারতো লোকে পুরুষস্য গৃহে সতঃ।
ধর্ম্মার্থকামসংপ্রাপ্তিঃ পরত্রেহ চ শোভনা॥

অনুবাদ।

করিবেক। সপিণ্ডীকরণ হইলে পিতৃগণ প্রেতলোক হইতে মুক্তিলাভ করিয়া পিতৃত্ব প্রাপ্ত হইবেন। বেদবিধানানুসারে পিতৃগণের তর্পণ করিবেক এবং বৎসরান্তে ভূমি কোষাদি দান পূর্ব্বক পিতৃগণের শ্রাদ্ধ করিবেক তাহাতে পিতৃগণ সন্তোষলাভ করেন। হে নিশাচর! যাহাকে উদ্দেশ করিয়া কিঞ্চিৎদান করে তাহাতেই অক্ষয়ফল লাভ হয়। যদি গুণবান ব্রাহ্মণকে দান করিতে অভিলাষ হয় তবে বেদজ্ঞ ব্রাহ্মণকে দান করিবেন। যে ব্যক্তি প্রতিদিন ঋক যজু সাম বেদ অধ্যয়ন করেন এবং ধর্ম্মতঃ ধন উপার্জ্জন করেন এবং যথাশক্তি যাগ করেন তিনি গুণবান। হে নিশাচর! যে কার্য্য করিলে নিন্দিত হয় তাহা কদাচ কর্ত্তব্য নহে। এবং সাধুগণ যে কার্য্য গোপন করেন না সেই কার্য্য নিঃশঙ্কচিত্তে করিলে দোষ হয় না। এবম্বিধ সদাচার সাধুগণের গৃহে সর্ব্বদা কর্ত্তব্য। এই আচার দ্বারা পরকালে এবং ইহ

এষতু দেশতঃ প্রোক্তো গৃহস্থাশ্রম উত্তমঃ।
বাণপ্রস্থাশ্রমং ধর্ম্মং প্রবক্ষ্যামো নিবোধ তৎ॥
অপত্যসন্ততিং দৃষ্ট্বা প্রাজ্ঞো দেহস্য যাতনং।
বাণপ্রস্থাশ্রমং গচ্ছে দাত্মনঃ শুদ্ধিকারণং॥
তত্রারণ্যোপভোগৈশ্চ তপোভি শ্চাত্মকর্ষণং।
ভূমৌ শয্যা ব্রহ্মচর্য্যং পিতৃদেবাতিথিক্রিয়া॥
হোম স্ত্রিসবনং স্নানং জটাবল্কলধারণং।
বন্যস্নেহনিষেবিত্বং বাণপ্রস্থবিধি স্ত্বয়ং॥
সর্ব্বসঙ্গ পরিত্যাগো ব্রহ্মচর্য্য মমানিতা।
জিতেন্দ্রিয়ত্ব মাবাসে নৈকস্মিন বসতে চিরং॥
অনারম্ভ স্তথাহারো ভৈক্ষান্নে নাতিকোপিতা।
আত্মজ্ঞানববোধেচ্ছা তথাচাত্মানশোধনং॥

অনুবাদ।

কালে ধর্ম্ম অর্থ ও কাম লাভ হয়! এবম্বিধ গৃহস্থাশ্রম অতি উত্তম, বাণ প্রস্থাশ্রমের ধর্ম্ম আমি বলিতেছি তুমি শ্রবণ কর। সন্তান সন্ততি অবলোকন করতঃ প্রাজ্ঞব্যক্তি দৈহিক কষ্ট বিহীন হইয়া আত্ম শুদ্ধির কারণ বাণপ্রস্থাশ্রমের নিমিত্ত অরণ্যে গমন পূর্ব্বক অরণ্যের অপূর্ব্ব সুখ উপভোগ এবং তপস্যাদ্বারা আত্ম কর্ষণ ভূমিশয্যায় শয়ন, ব্রহ্মচর্য্য পিতৃদেবতা ও অতিথি সৎক্রিয়া হোম, ত্রিকালীন স্নান জটাবল্কল ধারণ বন্য ফল মূল ও স্নেহ্য দ্রব ভোজন করা প্রভৃতি বাণপ্রস্থাশ্রমের ধর্ম্ম। সঙ্গবিহীন অভিমান বিহীন ও ব্রহ্মচর্য্য এবং ইন্দ্রিয় সংযমন এক স্থানে অহোরাত্র ভিন্ন অবস্থিতি বিহীন আহারে নিরুদ্যোগী, ভিক্ষান্ন গ্রহণে ভোজনে অক্রোধী, এবং সতত আত্মতত্ত্ব জানিতে চেষ্টা ও আত্ম শোধন এবম্বিধ উৎকট কার্য্যদ্বারা ধর্ম্ম উপাসনা করিবে

চতুর্থ স্ত্বাশ্রমো ধর্ম্মো অস্মাভিঃ পরিকীর্ত্তিতঃ।
বর্ণধর্ম্মাণি চান্যানি নিশাময় নিশাচর ॥
গার্হস্থ্যং ব্রহ্মচর্য্যঞ্চ বাণপ্রস্থং ত্রয়োশ্রমাঃ ॥
ক্ষত্রিয়স্যাপি গদিতো য আচারো দ্বিজস্যহি।
বৈখানসত্বং গার্হস্থ্য মাশ্রম দ্বিতীয়ং বিশঃ।
গার্হস্থ্যং চরিতং ত্বেকং শূদ্রস্য ক্ষণদাচর।
স্বানি বর্ণাশ্রমোক্তানি ধর্ম্মানীহ নহাপয়েৎ ॥
যোহাপয়তি তস্যাসৌ পরিকুপ্যতি ভাস্করঃ।
কুপিতঃ কুলনাশায় দেহরোগ বিবৃদ্ধয়ে।
ভানুর্বৈ যততে তস্য নরস্য ক্ষণদাচর।

অনুবাদ।

আমরা এবম্বিধ চতুর্থ আশ্রমের ধর্ম্ম তোমাকে বলিলাম। হে নিশাচর! জাতিভেদে নানাবিধ ধর্ম্ম আছে তোমাকে বলিতেছি শ্রবণ কর। গার্হস্থ্য ব্রহ্মচর্য্য, বাণপ্রস্থ এই ত্রিবিধ রূপ আশ্রম ব্রাহ্মণগণের কর্ত্তব্য এবং ব্রাহ্মণগণের যাহা কথিত হইল ক্ষত্রিয়-গণের ঐ ত্রিবিধ আশ্রম বিহীত। বাণপ্রস্থ ও গার্হস্থ্য এই দ্বিবিধ আশ্রম বৈশ্যের কর্ত্তব্য হে নিশাচর! গার্হস্থ্য এই একটি আশ্রম মাত্র শূদ্রের বিহীত। স্বীয় জাত্যুক্ত আশ্রম কদাচ পরিত্যাগ করিবেক না। যে ব্যক্তি স্বজাতীয় আশ্রম পরিত্যাগ করে তাহার প্রতি ভাস্কর ক্রুদ্ধ হন। দিবাকর ক্রুদ্ধ হইলে তাহার বংশ বিনাশ এবং রোগাভি-ভূত দেহ হয়। দিবাকর এবম্বিধ মনুষ্যের অনিষ্ঠ প্রদান করেন এই নিমিত্ত স্বজাতীয় ধর্ম্ম ও আত্ম বংশ পরিত্যাগ করিবেক না।

তস্মাৎ স্বধর্ম্মং নহি সন্ত্যজেত
নহাপয়েচ্চাপি হি চাত্মবংশং।
যঃ সংত্যজেচ্চাপি নিজং হি ধর্ম্মং
তস্যৈব কুপ্যেত দিবাকরশ্চ॥

পুলস্ত্য উবাচ।

ইত্যেবমুক্তো মুনিভিঃ সুকেশী
প্রণম্য তান্ ব্রহ্মনিধীন্ মহর্ষীন্।
জগাম চোৎপত্য পুরং স্বকীয়ং
মুহুর্মুহুর্ভানু মবেক্ষ্যমাণঃ॥

ইতি বামন-পুরাণে পঞ্চদশোঽধ্যায়ঃ।

অনুবাদ।

অতএব যে ব্যক্তি স্বধর্ম্ম পরিত্যাগ করে দিবাকর তাহার প্রতি ক্রুদ্ধ হন। পুলস্ত্য বলিলেন মুনিগণ এবম্বিধ উপদেশ গর্ভবাক্য বলিলে সুকেশী তাপসগণকে নমস্কার করিয়া উত্থানপূর্ব্বক বার-স্বার দিবাকরকে অবলোকন করতঃ স্বকীয় পুরে গমন করিল।

ইতি বামনপুরাণের পঞ্চদশোঽধ্যায়।

ষোড়শোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততঃ সুকেশী দেবর্ষে গত্বা স্বপুর মুত্তমং।
সমাহূয় ব্রবীৎ সর্ব্বান্ রাক্ষসান্ ধার্ম্মিকং বচঃ ॥
অহিংসাসত্যমস্তেয়ং সত্যমিন্দ্রিয়সংযমং।
দানং দয়াচক্ষান্তিশ্চ ব্রহ্মচর্য্যমমানিতা ॥
শুভাসত্যা চ মধুরাবাগ্ঙ্নিত্যং সৎক্রিয়ারতিঃ।
সদাচার নিষেবিত্বং পরলোক প্রদায়কঃ ॥
ইত্যূচু র্মুনয়োমহ্যং ধর্ম্মমাদ্যং পুরাতনং।
সোহমাজ্ঞাপয়েৎ সর্ব্বান্ ক্রিয়তা মবিকল্পতঃ ॥

পুলস্ত্য উবাচ।

ততঃ সুকেশিবচনাৎ সর্ব্বএব নিশাচরাঃ।
ত্রয়োদশাঙ্গং সতাং ধর্ম্মং চক্রুর্মুদিত মানসাঃ ॥

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। তদনন্তর সুকেশী অতি রমণীয় স্বকীয় ধামে গমনপূর্ব্বক সমস্ত নিশাচরগণকে আহ্বান করিয়া ধর্ম্মোপদেশ সংযুক্ত হিতগর্ভ বাক্য বলিলেন। পারলৌকিক শুভ প্রদায়ক হিংসা বিহীন সত্যতা চৌর্য্য শূন্যতা কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য্য প্রভৃতি দুর্দ্দম ইন্দ্রিয়গণকে আত্ম বশীভূত করা দরিদ্রের দুঃখ মোচন করা এবং পরদুঃখ দূরকরণে অভিলাষ করা, ক্ষমা, ব্রহ্মচর্য্য আত্মাভিমান শূন্যতা এবং হিতগর্ভ সত্য মধুর বাক্য প্রয়োগ করা সৎকার্য্যে আসক্ত থাকা এবম্বিধ সদ্গুণ বিশিষ্ট সদাচার তোমরা অবলম্বন কর। তাপসগণ এবম্বিধ পুরাতন হিতগর্ভ ধর্ম্মোপদেশ আমাকে বলিলেন। আমি তোমাদিগকে বলিতেছি তোমরা বিশুদ্ধ চিত্তে সংশয় পরিত্যাগ পূর্ব্বক সদাচারে রত হও। পুলস্ত্য বলিলেন। অনন্তর সুকেশী এবম্বিধ বলিলেপর

পুত্রপৌত্রার্থসংযুক্তাঃ সদাচার সমন্বিতাঃ।
ততস্তু তেজস স্তেষাং রাক্ষসানাং মহাত্মনাং।
গচ্ছ ন্নাশক্নু বন্ সূর্য্যোনক্ষত্রাণি ন চন্দ্রমাঃ।
তত স্ত্রিভুবনং ব্রহ্মন্ নিশাচর পুরোভবৎ॥
দিবাসূর্য্যস্থ সদৃশং ক্ষণদাপঞ্চ চন্দ্রবৎ।
নজ্জায়তে গতির্ব্যোম্নি ভাস্করস্থ ততোম্বরে॥
শশাঙ্ক মিবতেজস্থা দন্যতঃ পুরুষোত্তম।
স্বং বিকাশং বিমুঞ্চন্তি নিশা মিতিব্যচিন্তয়ন্॥
কমলাকরেষু কমলা মিত্রমিত্যভিগম্য হি।
রাত্রৌ বিকশিতা ব্রহ্মন্ বিভূতিং দাতুমিচ্ছবঃ॥

অনুবাদ।

নিশাচরগণ পুত্র পৌত্র প্রভৃতি আত্ম পরিবারগণের সহিত ত্রয়োদশী তিথিতে স্থির মানসে সাধু সেবিত সদাচার ধর্ম্ম অবলম্বন করিল। এবম্বিধ ধর্ম্মাবলম্বনে কিয়দ্দিবস অতিবাহিত হইলে সদাচার অবলম্বি নিশাচরগণের জ্যোতিতে দিগন্তর পূর্ণ হইল, চন্দ্র সূর্য্য ও নক্ষত্র-গণ সকলে নিশাচরগণের চন্দ্রমা সদৃশ কিরণ অবলোকনে অশক্ত হইয়া ম্লান বদনে দুঃখিত মনে গমন করিলেন হে ব্রহ্মন্! দিবাতে দিবাকরের জ্যোতি বিস্তার হয় এবং রজনীতে পঞ্চ চন্দ্রমা সদৃশ প্রকীর্ণ জ্যোতি বিস্তার হয়। দিবাভাগে সূর্য্যসদৃশ কিরণ বিকীর্ণ হওয়াতে দিবাকর গগণমার্গে গমনে বিরত হইলেন। হে পুরুষোত্তম! নিশাচরগণের কখন সূর্য্যের ন্যায় কখন চন্দ্রের ন্যায় কিরণ বিস্তার হওয়াতে সকলের ভ্রম হইল অধিক কি দিবাকর শশাঙ্কের ন্যায় কিরণ বিস্তার দেখিয়া রজনী বিবেচনায় ভ্রমে গগণমার্গে উদয়ে বিরত হই-লেন। এবং সরোবরে পদ্ম সকল প্রিয় মিত্র আদিত্যের উদয় হইয়াছে

কৌশিকা রাত্রি সময়ং বুদ্ধা নিরগমৎ কিল। ।
তান বায়সাস্তদাজ্ঞাত্বা দিবানিঘ্নন্তি কৌশিকান্ ।
স্নাতকা শ্চর্চকাশ্চৈ স্নান জপ্য পরায়ণাঃ ।
আকণ্ঠমগ্নাস্তিষ্ঠন্তি রাত্রৌ জ্ঞাত্বাথ বায়সং ॥
নব্যমুহূন্তশ্চক্রাশ্চ তদাবৈ পুরদর্শনে ।
মন্যমানাশ্চ দিবস মিদমুচ্চৈ ক্রূর্বন্তি চ ॥
ন্যূনং কান্তাবিহীনেন কেনচি চ্চক্রপত্রিণা।
উৎসৃষ্টং জীবিতং মন্যে প্রোৎকৃত্য সবিতস্তটে ॥
ততোঽনুকম্পয়াবিষ্টো বিবস্বাং স্তীব্ররশ্মিভিঃ ।
সন্তাপয়ন্ জগৎ সর্ব্বং নাস্তমেতি কথঞ্চন ॥

অনুবাদ ।

বিবেচনা করিয়া রজনীতে প্রস্ফুটিত হইয়া পরম সৌগন্ধ ও শোভা প্রদান করিতে লাগিল। পেচকগণ রজনী বিবেচনা করিয়া কুলায় হইতে বহির্গত হইল তখন বায়সগণ দিবা জ্ঞানে তাহাদিগকে দংশন করিতে লাগিল। স্নাতক ব্রতধারী তাপসগণ স্নান ও জপকার্য্যে মনো নিবেশ করিলেন রাত্রি বিচেনায় কণ্ঠা পর্য্যন্ত জলমগ্ন করিয়া অবস্থিতি করিতে লাগিলেন। এবং চক্রবাকগণ বায়স দর্শনে মুগ্ধ না হইয়া দিবস ভ্রমে শীঘ্র গমন করিয়া চক্রবাকীর সহিত মিলনে পরমানন্দ অনুভব করিতে লাগিল। কেহ কেহ বলিতে লাগিল যে কোন ব্যক্তি পত্নী বিরহে অতিশয় কাতর হইয়া নদী-পুলিনে আত্ম জীবন বিসর্জ্জন করিতে ইচ্ছা করিতেছে দেখিয়া দিবাকর তাহার প্রতি অনুকম্পা প্রকাশ পূর্ব্বক অতিশয় তীক্ষ্ণ কিরণজাল বিস্তার পূর্ব্বক সমস্ত জগৎকে সন্তাপিত করিবার জন্য

অন্যো বদন্তি চক্রাঙ্গা নূনং কশ্চিন্মৃতো ভবেৎ।
তৎ কান্তয়া তপস্তপ্তং ভর্তৃশোকার্ত্তয়াচ যৎ॥
আরাধিতশ্চ ভগবান তপসা বৈ দিবাকরঃ।
তে নাসৌ শশি নির্জ্জেতা নাস্তমেতি রবিঃ ধ্রুবং॥
যজ্বানো হোমশালাসু সহর্ত্বিগ্ভ রথাধ্বরে।
প্রাবর্ত্ত যন্ত কর্ম্মাণি রাত্রাবপি মহামুনে॥
মহাভাগবতাঃ পূজাং বিষ্ণোঃ কুর্ব্বন্তি ভক্তিতঃ।
কামিন শ্চাপ্যমন্যন্তঃ সাধুচন্দ্রমসাকৃতং॥
যদীয়ং রজনী রম্যা কৃত্বা সতত কৌমুদী।
অন্যেব্রুবন্ লোকগুরু রস্মাভি শ্চক্রভৃদ্বশী॥

অনুবাদ।

অস্তাচলে গমন করেন নাই। অন্যান্য সকলে বলিতে লাগিল যে কোন সাধ্বী পতিপ্রাণা কামিনী পতি বিরহে শোক সন্তপ্ত হৃদয়ে গভবান্ দিবাকরকে আরাধনা করিয়া তাহাকে সন্তুষ্ট করিয়াছে এজন্য ভগবান ভাস্কর শশাঙ্ককে পরাজয় করিয়া নিরন্তর কিরণ-জাল বিস্তার করিতেছেন অস্তাচল শিখরে পদার্পণ করেন নাই। হে মহামুনে এবং যাজ্ঞিকগণ হোমশালাতে ঋত্বিকগণের সহিত রজনীতে যজ্ঞকার্য্য আরম্ভ করিয়া অধ্বারাগ্নিতে আহুতি প্রদান করতঃ হুতভুককে পরিতৃপ্ত করিতে লাগিল। হরিভক্তি পরায়ণ ধার্ম্মিকগণ ভক্তিপূর্ব্বক দিবাভ্রমে রজনীতে বিষ্ণু আরাধনায় তৎপর হইয়া মনোনিবেশ করিতে লাগিল। বিলাসীগণ মনে করিতে লাগিল চন্দ্রমা তুমি সাধু, এই কৌমুদীবৃতা রমণীয়া রজনী তুমি করিতেছ। অপরাপর সকলে বলিতে লাগিল আমরা জন্মান্তরে নির্জ্জনে অতি সৌগন্ধযুক্ত কুসুমদ্বারা ভাদ্র অবধি চারি মাস মহালক্ষ্মীর সহিত লোকগুরু চক্রধারী ভগবান ত্রিলোকপতি

নির্ব্যাজেন মহাগন্ধৈ রর্চ্চিতঃ কুসুমৈঃ শুভৈঃ।
সহলক্ষ্ম্যা মহাযোগী নভস্যাদি চতুর্ষ্বপি ॥
অশূন্যশয়নানাম দ্বিতীয়া সর্ব্বকামদা।
তে নাসৌ ভগবান প্রীতঃপ্রাদা চ্ছয়নমুত্তমং ॥
অশূন্যঞ্চ মহাভাগৈ রনন্ত মিত শেখরং।
অন্যেত্রুবন্ ধ্রুবং দেব্যা রোহিণ্যা শশিনঃ ক্ষয়ং ॥
দৃষ্ট্বাতপ্তং তপোঘোরং রুদ্রারাধন কাম্যয়া।
পুণ্যায়া মক্ষয়াষ্টম্যাং বেদোক্ত বিধিনাময়ং ॥
তুষ্টেন শম্ভুনাদত্তং বরং চাস্মৈ যদৃচ্ছয়া।
অন্যেত্রুবং শ্চন্দ্রমসা ধ্রুবমারাধিতো হরিঃ ॥
ব্রতেনেহত্বখণ্ডেন তেনাখণ্ডঃ শশী দিবি।
অন্যেত্রুবন্ শশাঙ্কেন ধ্রুবং রক্ষা কৃতাত্মনঃ ॥

অনুবাদ।

নারায়ণকে পূজা করিয়া সর্ব্বকাম প্রদায়ক অশূন্য শয়না নাম্নী ব্রত আরাধনা করিয়া ছিলাম তাহাতে ভগবান বৈকুণ্ঠপতি সন্তুষ্ট হইয়া রজনীতে অতি উত্তম শয়ন প্রদান করিয়াছেন। অন্যান্য জনগণ বলিতে লাগিল যে কৃষ্ণপক্ষের শেষভাগে চন্দ্রমা ক্ষয় প্রাপ্ত হন তাহার প্রিয়তমা ভার্য্যা রোহিণী তদ্দৃষ্টে অতিশয় ক্ষুব্ধচিত্তে ভগবান রুদ্রকে আরাধনায় সন্তুষ্ট করিবার নিমিত্ত অতি পুণ্যশীলা অক্ষয়াষ্টমী তিথিতে বেদোক্ত বিধিদ্বারা সাতিশয় কঠোর তপস্যায় ভগবান্ রুদ্রকে সন্তুষ্ট করিয়াছে তাহাতে ভগবান রুদ্র তাহাকে ইচ্ছানুসারে অক্ষয় চন্দ্রমা লাভ হইবে বর প্রদান করিয়াছেন এজন্য চন্দ্রমার ক্ষয় হয় নাই সতত কিরণ পরিপূর্ণ রহিয়াছে। এবং অন্যান্য জনগণ বলিতে লাগিল যে চন্দ্রমা অখণ্ডব্রত দ্বারা ভগবান হরিকে আরাধনা করিয়াছিল এজন্য ভগবান তাহাকে অখণ্ড শশি হইবে বরপ্রদান করিয়াছেন তজ্জন্য চন্দ্রমার ক্ষয় নাই নিরন্তর

পাদদ্বয়ং সমভ্যর্চ্চ্য বিষ্ণোরমিত তেজসঃ।
তেনাসৌ দিপ্তিমাং শ্চন্দ্রঃ পরিভূয় দিবাকরং ॥
অস্মাকমানন্দকরো দিবাতপাতি সূর্য্যবৎ।
লক্ষ্যতেকারণৈ রন্যৈ বহুভিঃ সত্যমেব হি ॥
শশাঙ্ক নির্জ্জিতঃ সূর্য্যো ন বিভাতি যথাপুরা।
যথাফুল্লনিকা শ্লক্ষাবনভৃঙ্গগণা কৃতাঃ ॥
বিকচাঃ প্রতিভাষস্তে জাতঃ সূর্য্যোদয়ে ধ্রুবং।
যথাচান্যে বিভাষস্তে বিকচাঃ কুমুদাকরাঃ ॥
অতো বৈ জ্ঞায়তে চন্দ্র উদিতশ্চ প্রতাপবান্।
এবং সম্ভাষতাং তত্র সূর্য্যো বাক্যানি নারদ ॥

অনুবাদ।

উদিত রহিয়াছেন। অন্যান্য জনগণ বলিতে লাগিল যে অমিত-তেজসম্পন্ন ভগবান্ বিষ্ণুর পাদদ্বয় অর্চ্চনা করিয়া চন্দ্রমা আত্ম জীবন রক্ষা করিয়াছিলেন এজন্য ভগবান চন্দ্রমা দিবাকরকে পরাভব করিয়া নিরন্তর উদিত থাকিয়া আমাদিগের আনন্দ বর্দ্ধন করিতেছেন এবং দিবাভাগে সূর্য্যের ন্যায় কিরণ বিস্তার করিতেছেন ইহার ঐরূপ কারণ নহে অন্যান্য বহুবিধ কারণ আছে দেখ দিবাকর শশাঙ্ক কর্ত্তৃক পরাজিত হইয়া পূর্ব্বের মত গগণমার্গে উদিত হন নাই। যাদৃশ পুষ্প কানন ভ্রমরগণ কর্ত্তৃক মনোহর হয়। এবং সূর্য্যোদয়ে কেশর বিহীন হইয়া শোভা পায়। যেরূপ অন্যান্য কুমুদ প্রভৃতি পুষ্পকানন সূর্য্যোদয়ে কেশর বিহীন হইয়া শোভা পায়। বোধ হয় এই কারণে চন্দ্রমা উদিত হইয়া কিরণজাল বিস্তার পূর্ব্বক পুষ্পকাননের শোভাবর্দ্ধন করিতেছেন। এইরূপ পরস্পর সকলে কথোপকথন করিতেছে এমত সময়ে দিবাকর তাহা-দিগের অভিপ্রায় অবগত হইয়া মনে মনে বিবেচনা করিলেন

অমন্যত কি মেতঙ্গি লোকো বক্তি শুভাশুভং।
এবং সঞ্চিন্ত্য ভগবান্ দধ্যৌধ্যানং দিবাকরঃ॥
আসমস্তাজ্জগদ্গ্রস্তং ত্রৈলোক্যং রজনীচরৈঃ।
ততস্তু ভগবান্ জ্ঞাত্বা তেজসো প্রসহিষ্ণুতা॥
নিশাচরস্য বুদ্ধিং তা মচিন্তয়ত যোগবিৎ।
ততোজ্ঞাসীচ্চ তান্ সর্ব্বান্ সদাচার রতান্ শুচীন॥
দেবব্রাহ্মণ পূজাসু সংসক্তান্ ধর্ম্মসংযুতান্।
ততস্তু রক্ষঃ ক্ষয়কৃত্তিমির দ্বীপকেশরী॥
মহাংশু নখরঃ সূর্য্যস্তদ্বিঘাত মচিন্তয়ৎ।
জ্ঞাতবাংশ্চ ততঃ ছিদ্রং রাক্ষসানাং দিবাপতিঃ॥
অধর্ম্মবিচ্যুতি র্নাম সর্ব্বধর্ম্ম বিঘাতকৃৎ।
ততঃ ক্রোধাভিভুতেন ভানুনা রিপু ভেদিনা।

অনুবাদ।

একি মানবগণ কি নিমিত্ত এতাদৃশ বিতর্ক করিতেছে এইরূপ চিন্তা করিয়া ধ্যানস্থ হইয়া দেখিলেন সমস্ত জগৎ নিশাচর কর্ত্তৃক গ্রাসিত হইয়াছে। অনন্তর ভগবান সূর্য্য যোগবলে বিদিত হইলেন যে নিশাচরগণ বুদ্ধি কৌশলে কৌমুদী পূর্ণ রজনীর ন্যায় স্বকীয় তেজ বিস্তার করতঃ সমস্ত জগৎ সুশোভিত করিতেছে এবং সেই নিশাচর গণ সদাচারে রত পবিত্রাচারী দেব ব্রাহ্মণ পূজায় সর্ব্বদা নিবিষ্ট এবং ধর্ম্মকার্য্যে সর্ব্বদা তৎপর। তখন রক্ষকুল বিনাশকারী মৃগেন্দ্র সদৃশ ভগবান দিবাকর তিমির রূপ মাতঙ্গতুল্য নিশাচরগণের আত্ম কিরণরূপ নখদ্বারা তাহাদিগের নিধনের চিন্তা করিতে লাগিলেন। দিবাকর কিয়ৎক্ষণ চিন্তা করিয়া রাক্ষসগণের ছিদ্র অবগত হইলেন এবং মনে মনে চিন্তা করিলেন সর্ব্ব ধর্ম্ম বিনাশকারী অধর্ম্ম হইতে অবশ্যই বিচ্যুতি হইবেক। অনন্তর শত্রুবিনাশক ভগবান

ভানুভীরাক্ষসপুরং তন্নষ্টঞ্চ যথেচ্ছয়া ॥
সভানুনা তদা দৃষ্টঃ ক্রোধাধ্মাতেন চক্ষুষা।
নিপপাতাম্বরাকৃষ্টঃ ক্ষীণপুণ্য ইবগ্রহঃ ॥
পতমানং সমালোক্য পুরং শালকটঙ্কট।
নমোহরায় শর্ব্বায় ইদমুচ্চৈ রুদীরয়ৎ ॥
তদা ক্রন্দিতমাকর্ণ্য চারণা গগণেচরাঃ।
হাহেতিচুক্রুশুঃ সর্ব্বে হরভক্তঃ পতত্যসৌ ॥
তচ্চারণবচঃ সর্ব্বং শ্রুতবান্ সর্ব্বগোহব্যয়ঃ ॥
শ্রুত্বা সঞ্চিন্তয়ামাস কেনাসৌপাত্যতে ভুবি।
জ্ঞাতবান দেবপতিনা সহস্রাকিরণে ন তৎ ॥

অনুবাদ।

সূর্য্য অতিশয় ক্রোধেচ্ছা পূর্ব্বক রাক্ষসগণের পুরী বিনষ্ট করিবার উদ্যত হইলেন। দিবাকর অতিশয় ক্রোধদৃষ্টিতে রাক্ষসগণকে অবলোকন করিলে ক্ষীণপুণ্যগ্রহের ন্যায় নিশাচরগণ গগণমার্গ হইতে ধরাতলে পতিত হইল। রাক্ষসগণ গগণমার্গ হইতে স্বকীয় ভবনের সহিত পতিত হইতে দেখিয়া হরায় নমঃ শর্ব্বায় নমঃ উচ্চৈঃস্বরে সকলে বলিতে লাগিল। তৎকালে তাঁহাদিগের ক্রন্দনধ্বনি শ্রবণ করতঃ গগণচারী চারণগণ বিষাদের সহিত রোদন করিয়া বলিতে লাগিল এই সকল হরভক্তগণ গগণমার্গ হইতে পতিত হইল। এইরূপ চারণগণের বাক্য ভগবান্ সর্ব্বান্তর্যামী মহাদেব শ্রবণ করিয়া চিন্তা করিতে লাগিলেন, এই সকল রাক্ষসগণকে স্বর্গলোক হইতে অবনীতলে কে পাতিত করিল। কিয়ৎকাল

পাতিতং রাক্ষসপুরং ততঃ ক্রুদ্ধস্ত্রিলোচনঃ।
ক্রুদ্ধস্তু ভগবান্ শম্ভু র্ভানুমন্ত মপশ্যত ॥
দৃষ্টমাত্রস্ত্রিনেত্রেণ নিপপাত ততোম্বরাৎ।
গগণাৎ সপরিভ্রষ্টঃ পথি বায়ু নিষেবিতে ॥
যদৃচ্ছয়া নিপতিতো যন্ত্রমুক্তো যথোপলঃ।
ততোবায়ু পথান্মুক্তঃ কিংশুকোজ্বল বিগ্রহঃ ॥
নিপপাতান্তরীক্ষান স বৃতঃ কিন্নরচারণৈঃ।
অংশুভি র্বেষ্টিতো ভানুঃ প্রতিভাত্যম্বরাৎ পতন্ ॥
অর্দ্ধপক্কং যথাতালং ফলং কপিভিরাবৃতং।
ততস্তু ঋষয়োভেত্য প্রত্যূচু র্ভানুমালিনং ॥

অনুবাদ।

পরে দেবাদিদেব শঙ্কর জ্ঞাত হইলেন যে সহস্ররশ্মি দিবাকর এবম্বিধ কার্য্য করিয়াছেন। অনন্তর ভগবান রুদ্র স্বর্গলোক হইতে ধরণীতলে নিশাচরপুরী পাতিত হইতে দেখিয়া অতিশয় ক্রোধ-দৃষ্টিতে অংশুমান দিবাকরকে অবলোকন করিলেন। কিন্তু ভগবান রুদ্রের দৃষ্টিমাত্রেই তৎক্ষণাৎ দিবাকর ভস্মীভূত হইয়া গগণমার্গ হইতে পতিত হইল। আকাশমার্গ হইতে পরিভ্রষ্ট হইয়া যন্ত্রমুক্ত উপলখণ্ডের ন্যায় পথিবায়ু সঞ্চালিত হইয়া যদৃচ্ছাক্রমে পতিত হইতে লাগিল। অনন্তর বায়ুপথ হইতে নির্মুক্ত হইয়া প্রফুল্ল কিংশুক কুসুমের ন্যায় কিন্নর ও চারণগণ বেষ্টিত হইয়া অন্তরীক্ষ হইতে বানরাক্রান্ত অর্দ্ধপক্ক তালের ন্যায় পতিত হইতে লাগিল। অনন্তর তাপসগণ সম্মুখে অংশুমালী দিবাকরকে দেখিয়া বলিলেন যদি তুমি

নিপতস্ব হরিক্ষেত্রে যদিশ্রেয়োভি বাঞ্ছিতঃ।
ততো ব্রবীৎ পতন্নেব বিবস্বাং স্তাং স্তপোধনান্॥
কিস্তৎ ক্ষেত্রং হরেঃ পুণ্যং বদন্তং শীঘ্রমেবচ।
তমুচু র্মুনয়ঃ সূর্য্যং শৃণু ক্ষেত্রং মহাফলং॥
সাম্প্রতং বাসুদেবস্য ভাবিতং শঙ্করস্যচ।
যোগশায়িন মারভ্যযাবৎ কেশবদর্শনং॥
এতৎ ক্ষেত্রং হরেঃপুণ্যং নাম্না বারাণসীপুরী।
তচ্ছ্রুত্বা ভগবান্ ভানু র্ভবনেত্রাগ্নি তাপিতঃ॥
বরুণায়া স্তথৈবাস্যাস্ত্বন্তরে নিপপাত হ।
ততঃ প্রদহ্যতিভানৌ নিমজ্যাস্যাং লুলদ্রবিঃ॥
বরুণায়াং সমভেত্য নিমজ্জতি যথেচ্ছয়া।
ভূয়োসিং বরুণাং ভূয়ো ভূয়োপি বরুণামসিং॥

অনুবাদ।

মঙ্গল অভিলাষ কর তবে এই হরিক্ষেত্রে পতিত হও। পরে দিবাকর সেই স্থানে পতিত হইয়া তাপসগণকে বলিলেন। এই স্থান হরির পুণ্যক্ষেত্র ইহার বৃত্তান্ত কি শীঘ্র আমাকে বল। তাপসগণ দিবাকরকে বলিলেন তুমি এই পুণ্যক্ষেত্রের বৃত্তান্ত শ্রবণ কর। এই স্থান অগ্রে ভগবান শঙ্করের ছিল অধুনা বাসুদেবের হইয়াছে। যোগশায়ী অবধি কেশব দর্শন পর্য্যন্ত এই স্থান অতিপবিত্র হরির ক্ষেত্র ইহার নাম বারাণসী পুরী। এই বাক্য শ্রবণ করিয়া ভগবান অংশুমালী দিবাকর শঙ্করের নেত্রাগ্নি সন্তপ্ত হইয়া বরুণা ও অসি ইহার মধ্যস্থানে পতিত হইলেন। দিবাকর ভবকোপানলে দগ্ধ হইয়া সেই পুণ্যক্ষেত্রে পুণ্যসলিলে অসিতে স্নান করিলেন। পরে বরুণাতে যথেচ্ছা পূর্ব্বক স্নান করিলেন। অনন্তর একবার বরুণাতে একবার অসিতে পুনর্ব্বার বরুণাতে এবং পরে অসিতে

শূলং স্ত্রিনেত্র বহ্ন্যার্ত্তো ভ্রমতে বাত চক্রবৎ।
এতস্মিন্নন্তরে ব্রহ্মন্নৃষয়ো যক্ষরাক্ষসাঃ ॥
নাগাবিদ্যাধরাশ্চাপি পক্ষিণোপ্লবগ স্তথা।
যাবন্ত ভাস্কররথে ভূতপ্রেতাদয়ঃ স্থিতাঃ ॥
তাবন্তো ব্রহ্মসদনং গত্বা বেদয়িতুং মুনে।
ততো ব্রহ্মাসুরপতিং সুরৈঃ সার্দ্ধং সমভ্যয়াৎ ॥
রম্যং মহেশ্বরাবাসং মন্দরং রবিকারণাৎ।
গত্বা দৃষ্ট্বাচদেবেশং শঙ্করং শূলপাণিনং ॥
প্রসাদ্য ভাস্করার্থায় বারাণস্যা মুপানয়ৎ।
ততো দিবাকরং ভূয়ঃ পাণিমাদায় শঙ্করঃ ॥
কৃত্বা নামাস্য লোলেতি রথমারোপয়ৎ পুনঃ ॥

অনুবাদ।

বারম্বার অবগাহন করতঃ রুদ্র কোপানলে সন্তপ্ত হইয়া বায়ুচক্রের ন্যায় ভ্রমণ করিতে লাগিলেন। হে ব্রহ্মন্! এই সময়ে ঋষিগণ যক্ষ, রাক্ষস, নাগ, বিদ্যাধর, পক্ষি, অপ্সরা এবং ভূত প্রেত প্রভৃতি যে সমস্ত প্রাণিগণ ভাস্করের রথে অবস্থিতি করিয়াছিল তাহারা সকলে ব্রহ্মার নিকট গমন করিয়া আবেদন করিল। হে নারদ! অনন্তর ব্রহ্মা এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া সুরপতি বাসবের সহিত দিবাকরের নিমিত্ত অতি রমণীয় শঙ্করের আবাস মন্দর পর্ব্বতে গমন করিলেন। তথায় দেবাদিদেব শূলপাণি মহাদেবকে দর্শন করিয়া দিবাকরের নিমিত্ত তাহাকে সন্তোষ করতঃ সঙ্গে লইয়া বারাণসীতে উপস্থিত হইলেন। অনন্তর শঙ্কর দিবাকরের পুনর্ব্বার কর গ্রহণপূর্ব্বক লোল এই নামকরণ করিয়া রথে আরোহণ করাইলেন। দিবাকর রথে আরোহণ করিলে

আরোপিতে দিনকরে ব্রহ্মাভ্যেত্য সুকেশিনং।
সবান্ধবং সনগরং পুনরারোপয়দ্দিবি ॥
সমারোপ্য সুকেশিঞ্চ পরিষ্বজ্যচ শঙ্করং।
প্রণম্য কেশবং দেবং বৈরাজং স্বগৃহং গতঃ ॥
এবং পুরানারদ ভাস্করেণ
পুরং সুকেশে র্ভুবি সন্নিপাতং।
দিবাকরো ভূমিতলেভবেন
ক্ষিপ্তস্তু দৃষ্ট্যানল সংপ্রদগ্ধঃ ॥
আরোপিতো ভূমিতলাদ্ভবেন
ভূয়োপিভানুঃ প্রতিভাষণায়।
স্বয়ম্ভু বাচাপি নিশাচরেন্দ্র
স্ত্বারোপিতঃ খে সপুরঃ সবান্ধবঃ ॥
ইতি বামনপুরাণে ষোড়শোঽধ্যায়ঃ।

অনুবাদ।

ব্রহ্মা সুকেশীকে বলিলেন। তুমি সবান্ধবে পুনর্ব্বার স্বর্গে নগর সংস্থাপন পূর্ব্বক অবস্থিতি কর। সুকেশী স্বর্গপুরে পুনর্ব্বার আরোহণ করিলে ব্রহ্মা শঙ্করকে আলিঙ্গন পূর্ব্বক দেবাগ্রগণ্য কেশবকে নমস্কার করতঃ স্বধামে গমন করিলেন। হে নারদ! এই প্রকার ভাস্কর সুকেশীর পুরী স্বর্গলোক হইতে ভূমিতলে পাতিত করিলেন কিন্তু হরকোপানলে দগ্ধ হইয়া স্বয়ং অবনীতলে পতিত হইলেন। পরে ব্রহ্মা শঙ্করকে সন্তোষ করিলে শঙ্কর দিবাকরকে স্বয়ং রথে আরোহণ করাইলেন এবং ব্রহ্মার বাক্যে সুকেশী প্রভৃতি নিশাচরগণ পুনর্ব্বার সবান্ধবে গগণমার্গে পুরী-নির্ম্মাণ করিয়া বাস করিল।

ইতি বামনপুরাণে ষোড়শোঽধ্যায়।

সপ্তদশোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

যানেতান্ ভগবান্ প্রাহ কামিভিঃ শশিনং প্রতি।
আরাধনায় দেবাভ্যাং হরীশাভ্যাং বদস্বতান্॥

পুলস্ত্য উবাচ।

শৃণুষ্ব কামিভিঃ প্রোক্তান্ ব্রতান্ পুণ্যান্ কলিপ্রিয়।
আরাধনায় সর্ব্বস্য কেশবস্য চ ধীমতঃ॥
যদাষাঢ়ীং রবিঃ প্রাপ্য ব্রজতে চোত্তরায়ণং।
তদাস্বপিতি দেবেশো ভোগি ভোগে শ্রিয়ঃ পতিঃ॥
প্রতিসুপ্তে বিভৌ তস্মিন্ দেবগন্ধর্ব্ব গুহ্যকাঃ।
দেবানাং মাতরশ্চাপি প্রসুপ্তাশ্চাপ্যনুক্রমাৎ॥

অনুবাদ।

নারদ জিজ্ঞাসা করিলেন। ভগবন্ আপনি অভিলাষী জনগণ কর্ত্তৃক চন্দ্রের প্রতি এবং ভগবান লক্ষ্মীপতি ও ভবানীপতির আরাধনের নিমিত্ত যাহা বলিয়াছিলেন এক্ষণে পুনর্ব্বার বিস্তাররূপে কীর্ত্তন করুন। পুলস্ত্য বলিলেন হে কলিপ্রিয়! কেশব ও শঙ্করের আরাধনার নিমিত্ত কামীগণের প্রতি যে সকল পুণ্যজনক ব্রত বলিয়াছি তাহা পুনর্ব্বার বলিতেছি শ্রবণ কর। যে সময়ে আষাঢ়ী পৌর্ণমাসী অবধি ছয়মাস দিবাকর উত্তরায়ণে গমন করেন তৎকালে দেবাগ্রগণ্য কমলাপতি কেশব ফণিফণামণ্ডিত অনন্তশয্যায় শয়ন করতঃ নিদ্রার বশীভূত হন। অনন্তর ক্রমশঃ দেবগণ গন্ধর্ব্বগণ গুহ্যকগণ এবং দেব মাতৃগণ সকলে কেশবের পশ্চাৎ শয়ান হইয়া নিদ্রা-

নারদ উবাচ।

কথয়স্ব সুরাদীনাং স্বপনং বিধিমুত্তমং।
সর্ব্বা নমুক্রমেণৈব পুরস্কৃত্য জনার্দ্দনং ॥

পুলস্ত্য উবাচ।

মিথুনাভিগতে সূর্য্যে শুক্লপক্ষে তপোধন।
একাদশ্যাং জগৎস্বামী শয়নং পরিকল্পয়েৎ ॥
শেষাহি ভোগপর্য্যঙ্কং কৃত্বা সংপূজ্য কেশবং।
কৃত্বোপবীতিকঞ্চৈব সম্যক্ সংপূজ্য চ দ্বিজান্ ॥
অনুজ্ঞাং ব্রাহ্মণেভ্যশ্চ দ্বাদশ্যাং প্রযতঃ শুচিঃ।
লব্ধা পীতাম্বরধরঃ স্ব স্ব নিদ্রাং সমানয়েৎ ॥
ত্রয়োদশ্যাস্ততঃ কামঃ স্বপতে শয়নে শুভে।
কদম্বানাং সুগন্ধানাং কুসুমৈঃ পরিকল্পিতে ॥
চতুর্দ্দশ্যাং তথা যক্ষাঃ স্বপন্তি সুখশীতলে।
সৌবর্ণ পঙ্কজকৃতে সুখাস্তীর্ণোপধানকে ॥

অনুবাদ।

ভিভূত হন। নারদ জিজ্ঞাসা করিলেন। দেবগণ জনার্দ্দনকে আশ্রয় করিয়া যে সময়ে শয়ন করিয়াছিলেন তদ্বিষয় বিশেষ করিয়া কীর্ত্তন করুন্। পুলস্ত্য বলিলেন, মিথুন রাশিতে সূর্য্য গমন করিলে শুক্লপক্ষে একাদশীতে জগৎ স্বামী ভগবান শয়ন করেন। হে তপোধন! যজ্ঞোপবীতি দ্বারা কেশবকে পূজা করিয়া এবং ব্রাহ্মণগণকে বিধিমতে পূজা করতঃ ব্রাহ্মণগণের অনুমতি গ্রহণপূর্ব্বক শুদ্ধ মানসে পীতাম্বরধারী ভগবানকে শেষভোগপর্য্যঙ্কে শয়ন করাইবে। এবং তৎপশ্চাৎ ত্রয়োদশীতে অতি উত্তম সুগন্ধি কদম্ব প্রভৃতি কুসুমদ্বারা শয্যা কল্পনা করিয়া তাহাতে কন্দর্পকে শয়ন করাইবে। চতুর্দ্দশীতে সুবর্ণ পদ্মরাজিত সুখময় শীতল

পৌর্ণমাস্যা মুমানাথঃ স্বপতে চর্ম্মসংস্তরে।
বৈয়াঘ্রে চ জটাভারং সমুদ্গ্রথ্যাস্য চর্ম্মণা॥
ততো দিবাকরো রাশিং সংপ্রযাতি চ কর্কটং।
ততোঽমরাণাং রজনী ভবতে দক্ষিণায়ণং॥
ব্রহ্মা প্রতিপদি তথা নীলোৎপলময়ে হনঘ।
তল্পে স্বপিতি লোকানাং দর্শয়ন্মার্গ মুত্তমং॥
বিশ্বকর্ম্মা দ্বিতীয়ায়াং তৃতীয়ায়াং গিরেঃসুতা।
বিনায়ক শ্চতুর্থ্যান্তু পঞ্চম্যা মপি ধর্ম্মরাট্॥
ষষ্ঠ্যাং স্কন্দঃ স্বপিতি চ সপ্তম্যাং ভগবান্ রবিঃ।
কাত্যায়নী তথাষ্টম্যাং নবম্যাং কমলালয়া॥
দশম্যাং ভুজগেন্দ্রাস্তু স্বপন্তে বায়ুভোজনাঃ।
একাদশ্যান্তু কৃষ্ণায়াং সাধ্যা ব্রহ্মন্ স্বপন্তি চ॥

অনুবাদ।

শয্যাতে যক্ষগণের শয়ন করাইবে। পৌর্ণমাসীতে ব্যাঘ্রচর্ম্ম বিন্যস্ত উত্তম শয্যাতে ব্যাঘ্রচর্ম্মাম্বর ধারী জটাকলাপ মণ্ডিত উমাপতি ভগবান শঙ্করকে শয়ন করাইবে। অনন্তর দিবাকর কর্কটরাশিতে গমন করিলে দক্ষিণায়ন হয় ঐ দক্ষিণায়ণ দেবতাগণের রাত্রি, পরে প্রতিপদ তিথিতে নীলোৎপলময় শয্যাতে লোকগণের উত্তম পথ প্রদর্শক ব্রহ্মা ঐ পঙ্কজ শয্যায় শয়ন করেন দ্বিতীয়া তিথিতে বিশ্বকর্ম্মা শয়ন করেন। তৃতীয়া তিথিতে গিরিবালা, চতুর্থীতে বিনায়ক, পঞ্চমীতে যম, ষষ্ঠীতে কার্ত্তিক, সপ্তমীতে দিবাকর, অষ্টমীতে কাত্যায়ণী, নবমীতে লক্ষ্মী, দশমীতে অনন্ত, একাদশীতে সাধ্যগণ শয়ন করেন। হে ব্রহ্মন্! হে নারদ! দেবগণ ও যক্ষ

এবংক্রম স্তে গদিতো নিশায়াং স্বপতে মুনে।
স্বপস্তু তত্র দেবেষু প্রাবৃটকালঃ সমাযযৌ॥
কঙ্কাঃ সমং বলাকাভি রারোহন্তি নগোত্তমান্।
বায়সাশ্চাপি কুর্ব্বন্তি নীড়ানি ঋষিসত্তমাঃ।
বায়সাশ্চ স্বপন্ত্যেবং ঋতৌ গর্ভভরালসাঃ॥
যস্যাং তিথৌ প্রস্বাপিতি বিশ্বকর্ম্মা প্রজাপতিঃ।
দ্বিতীয়া সা শুভা পুণ্যা সুপুণ্যা শয়নোদিতাঃ॥
তস্যাং তিথাবচ্য হরিং শ্রীবৎসাঙ্কং চতুর্ভুজং।
পর্য্যঙ্কস্থং সমং লক্ষ্ম্যা গন্ধপুষ্পাদিভি র্মুনে।
ততোদেবায় শয্যায়াং ফলানি প্রক্ষিপেৎ ক্রমাৎ।
সুরভীনি নিবেদ্যেত্থং বিজ্ঞাপ্য মধুসূদনং॥
যথা হি লক্ষ্ম্যা ন বিযুজ্যসেত্বং
ত্রিবিক্রমা নন্ত জগন্নিবাস।

অনুবাদ।

গন্ধর্ব্বগণের শয়নের বিধি তোমাকে বলিলাম সকলেই রজনীতে শয়ন করেন। দেবগণ সকলে শয়ন করিলে বর্ষাকাল উপস্থিত হয়। বর্ষকালে কঙ্ক হংসগণের সহিত অত্যুচ্চ পর্ব্বতে আরোহণ করে। বায়সগণ কুলায় অন্বেষণে ভ্রমণ করে। হে তাপসগণ! বায়সগণ এই কালে গর্ভজনিত অলসে সুখে নিদ্রা যায়। যে দ্বিতীয়া তিথিতে প্রজাপতি বিশ্বকর্ম্মা শয়ন করেন। ঐ দ্বিতীয়া অতি পুণ্য জনিকা। হে নারদ! সেই তিথিতে শ্রীবৎসপাদলাঞ্ছিত চতুর্ভুজ ভগবান বাসুদেবকে লক্ষ্মীর সহিত গন্ধ পুষ্পদ্বারা পূজা করিবেক অনন্তর ভগবান মধুসূদনের উদ্দেশে সুগন্ধযুক্ত মনোজ্ঞ ফলসকল নিবেদন করিয়া ভগবানের শয্যাতে নিক্ষেপ করিবেক। এবং ভগবানকে এইরূপ অবগত করাইবেক। হে ত্রিবিক্রম হে অনন্ত হে জগন্নিবাস

তথা ত্বশূন্যং শয়নং সদৈব
ত্বস্মাক মেবেহ তব প্রসাদাৎ।
যথাত্বশূন্যং তবদেবতল্পং
সমংহি লক্ষ্ম্যা শয়নং সুরেশ।
সত্যেন তেনামিতবীর্য্য বিষ্ণো
গার্হস্থ্য নাশো নমমাস্তু দেব॥
ইত্যুচ্চার্য্য প্রণম্যেশং প্রসাদ্যচ পুনঃ পুনঃ।
নক্তং ভুঞ্জীত দেবর্ষে তৈলক্ষার বিবর্জ্জিতং॥
দ্বিতীয়েহ্নি দ্বিজাগ্রায় ফলং দদ্যা দ্বিচক্ষণঃ।
লক্ষ্মীধর প্রীয়তাংমে ইত্যুচ্চার্য্য নিবেদয়েৎ॥
অনেনতু বিধানেন চাতুর্ম্মাস্যং ব্রতঞ্চরেৎ।
যাবৎ বৃশ্চিকরাশিস্থঃ প্রতিভাতি দিবাকরঃ॥

অনুবাদ।

আপনি ভগবতী লক্ষ্মীকে যেরূপ ক্ষণকালের নিমিত্ত পরিত্যাগ করেন নাই। সেইরূপ তোমার অনুগ্রহে আমাদিগের অশূন্য শয়ন হউক। হে সুরেশ। আপনি লক্ষ্মীর সহিত অশূন্য শয়ন শর্য্যাতে শয়ন করেন। হে অমিতবিক্রম হে বিষ্ণো হে দেব। সেই রূপ আমার সত্যধর্ম্ম দ্বারা গার্হস্থ্যধর্ম্ম রক্ষা হউক। এইরূপ বলিয়া দেবেশ ভগবান কেশবকে নমস্কার পূর্ব্বক বারম্বার প্রসন্ন করিয়া রাত্রিতে তৈল ও ক্ষার বর্জ্জিত হবিষ্যান্ন ভোজন করিবেক। দ্বিতীয় দিবসে হে লক্ষ্মীপতি আমার প্রতি প্রসন্ন হও এইকথা বলিয়া সমস্ত ফল লক্ষ্মীপতিকে নিবেদন করতঃ ঐ ফল বিপ্রমুখ্য ব্রাহ্মণকে দান করিবেক। এবম্বিধ নিয়মে চাতুর্ম্মাস্য ব্রত সম্পূর্ণ করিবেক। যে সময়ে বৃশ্চিক রাশিতে দিবাকর গমন করে,

ততো বিবুধ্যন্তি সুরাঃ ক্রমশঃ ক্রমশো মুনে।
তুলাস্থে তু হরিঃ সূর্য্যে কামঃ পক্ষাদ্বিবুধ্যতে॥
তত্রদানং দ্বিতীয়ায়াং মূর্ত্তিং লক্ষ্মীধরস্তত্তু।
সশয্যাস্তরণোপেতাং যথাবিভব মাত্মনঃ॥
এষঃ ব্রতস্তু প্রথমঃ প্রোক্তস্তব মহামুনে।
যস্মিং শ্চীর্ণে বিয়োগস্তু ন ভবেদিহ কস্যচিৎ॥
নভস্যে মাসি হি তথা যা সা কৃষ্ণাষ্টমী শুভা।
যুক্তা মৃগশিরেণৈব সাপি কালাষ্টমী স্মৃতা।
তস্যাং সর্ব্বেষু লিঙ্গেষু তিথৌ স্বপিতি শঙ্করঃ।
বসতে সন্নিধানেতু তত্র পূজাক্ষয়াস্মৃতা॥
তত্রস্নায়ীত বিদ্বস্তি র্গোমূত্রেণ জলেন চ।
স্নাতঃ প্রপূজয়েৎ পুষ্পৈ র্দ্ধূস্তুরস্য ত্রিলোচনং॥

অনুবাদ।

সেই সময়ে দেবগণ ক্রমশঃ সকলে জাগরিত হন। তুলা রাশিতে আদিত্য গমন করিলে কেশব ও কন্দর্প জগরিত হন। সেই সময়ে দ্বিতীয়াতে উপাধানযুক্ত শয্যা এবং শ্রীধরের মূর্ত্তি বৈভবানুসারে দান করিতে হয়। এই ব্রত প্রথম তোমাকে বলিলাম। হে নারদ! এইরূপ বিধানে ব্রত সমাপন করিয়া মানব লীলা সম্বরণ করিলে তাহার কখনই জন্মান্তর ভোগ করিতে হইবেক না। মৃগশিরানক্ষত্রযুক্ত ভাদ্রীয় কৃষ্ণাষ্টমী (কালাষ্টমী) এই তিথিতে দেবাদিদেব শঙ্কর শয়ন করেন এবং সকল লিঙ্গ সন্নিধানে অবস্থিতি করেন এই তিথিতে ভগবান শঙ্করের পূজা করিলে অক্ষয় ফল লাভ হয়। এবং এইকালাষ্টমীতে পণ্ডিতগণ ভগবান শঙ্করের গোমূত্র ও জলদ্বারা স্নান করাইয়া ধুস্তূরপুষ্পদ্বারা পূজা করিয়া

ধূপং কেশর নির্য্যাসং নৈবেদ্যং মধুসর্পিষা।
প্রীয়তাং মে বিরূপাক্ষ স্ত্রিভুচ্চার্য্য চ দক্ষিণাং ॥
বিপ্রায় দদ্যাৎ নৈবেদ্যং সহিরণ্যং দ্বিজোত্তম।
তদ্বদশ্বযুজে মাসি উপবাসী জিতেন্দ্রিয়ঃ ॥
নবম্যাং গোময়ং স্নানং কুর্য্যাৎ পূজাঞ্চ পঙ্কজৈঃ।
ধূপয়েৎ সর্জ্জ নির্য্যাসং নৈবেদ্যং মধুমোদকং ॥
কৃতোপবাস স্ত্বষ্টম্যাং নবম্যাং স্নানমাচরেৎ।
প্রীয়তাং মে হিরণ্যাক্ষো দক্ষিণা সতিলা স্মৃতা ॥
কার্ত্তিকে পয়সাস্নানং করবীরেণ চার্চ্চনং।
ধূপং শ্রীবাস নির্য্যাসং নৈবেদ্যং মধুপায়সং ॥
সনৈবেদ্যঞ্চ রজতং দাতব্যং দানমগ্রজে।
প্রীয়তাং ভগবন্ স্থানো ইতিবাচ্য মনিষ্ঠুরং ॥

অনুবাদ।

কেশর নির্যাস ধূপ ও ঘৃত মধুযুক্ত নৈবেদ্য ভগবান ত্রিলোচনকে প্রদান করিয়া হে বিরূপাক্ষ। আমার প্রতি প্রসন্ন হও এবম্বিধ প্রার্থনা করতঃ সুবর্ণের সহিত নৈবেদ্য এবং দক্ষিণা ব্রাহ্মণকে প্রদান করিবেক। পরে আশ্বিন মাসে ইন্দ্রিয় সংযম ও উপবাস পূর্ব্বক কৃষ্ণানবমীতে গোময়দ্বারা স্নান করাইয়া পদ্মপুষ্প দ্বারা পূজা, সর্জ্জনির্যাস ধূপ, মধু মোদক নৈবেদ্য দ্বারা পূজা করিয়া পূর্ব্ব দিবস অষ্টমীতে উপবাস ও নবমীতে স্নান করিবেক। এবং হে হিরণ্যাক্ষ আমাকে প্রসন্ন হর এবম্বিধ প্রার্থনা করনান্তর ব্রাহ্মণকে তিল দক্ষিণা প্রদান করিবেক। কার্ত্তিকমাসে দুগ্ধদ্বারা স্নান ও করবীর পুষ্পদ্বারা পূজা, শ্রীফল নির্যাস ধূপ, মধু পায়স নৈবেদ্য প্রদানপূর্ব্বক নৈবেদ্যের সহিত রজত ব্রাহ্মণকে দক্ষিণা প্রদান করিয়া হে ভগবন্ হে স্থানো আমাকে প্রসন্ন হও। অষ্টমীতে উপবাস করিয়া নবমীতে

কৃত্বোপবাসমষ্টম্যাং নবম্যাং স্নানমাচরেৎ।
মাসি মার্গশিরে স্নানং দধ্নার্চ্চা তত্র যা স্মৃতা॥
ধূপং শ্রীবৃক্ষ নির্য্যাসং নৈবেদ্যং মধুমোদকং।
সন্নিবেদ্য রক্তশালিং দক্ষিণা পরিকীর্ত্তিতা॥
নমোস্তু প্রীয়তাং শর্ব্ব ইতিবাচ্যঞ্চ পণ্ডিতৈঃ।
পৌষেস্নানঞ্চ হবিষা পূজা স্যাত্তগরেণচ॥
ধূপোমধুকনির্য্যাসো নৈবেদ্যং মধুশক্তুকৈঃ।
সমুদ্গা দাক্ষণা প্রোক্তা প্রীণনায় জগদ্গুরোঃ॥
বাচ্যং নমস্তে দেবেশ ত্র্যম্বকেতি প্রকীর্ত্তয়েৎ।
মাঘে কুশোদক স্নানং মৃগমদেন চার্চ্চনং॥
ধূপঃ কদম্ব নির্য্যাসো নৈবেদ্যং সতিলোদনং।
পয়োভক্তন্তু নৈবেদ্যং দেবায় প্রতিপাদয়েৎ॥

অনুবাদ।

স্নান করিবেক। অগ্রহায়ণ মাসে দধিদ্বারা স্নান এবং পূজা, বিল্ব নির্য্যস ধূপ, মধু মোদক নৈবেদ্য প্রদান করিয়া সেই দৈবেদ্য ও রক্তশালি ব্রাহ্মণকে দক্ষিণার স্বরূপ প্রদান করিবেক। এবং পণ্ডিত গণ প্রার্থনা করিবেন হে শর্ব্ব তুমি আমার প্রতি প্রসন্ন হও। পৌষ মাসে ঘৃতদ্বারা স্নান ও তগরপুষ্প দ্বারা পূজা, মধুক নির্য্যাস ধূপ, মধু শক্তু নৈবেদ্য প্রদান করিয়া মুগ কড়াই দক্ষিণার স্বরূপ প্রদান পূর্ব্বক জগৎগুরু ভগবানের সন্তোষের জন্য এইরূপ প্রার্থনা করিবেক হে দেবেশ হে ত্র্যম্বক তোমাকে আমি নমস্কার করি, তুমি প্রসন্ন হও। মাঘমাসে কুশোদক দ্বারা স্নান মৃগনাভিদ্বারা পূজা, কদম্ব নির্য্যাস ধূপ, তিলোদক ও পয়োভক্ত নৈবেদ্য প্রদান করিয়া

প্রীয়তাং মে মহাদেব উমাপতি রিতীরয়েৎ।
এব মেকং সমুদ্দিষ্টং ষড়্‌ভির্ম্মাসৈস্তু পারণং॥
পারণান্তে ত্রিনেত্রস্য স্নপনং কারয়েৎ ক্রমাৎ।

গোরোচনয়া সহিতা গুড়েন
দেবং সমালভ্য চ পূজয়েচ্চ।
প্রীয়স্ব দীনোঽস্মি ভবন্তমীশ
অশোকনাথ প্রকুরুষ্বযোগ্যং॥

ততস্তু ফাল্গুনেমাসি কৃষ্ণাষ্টম্যাং জিতব্রতৈঃ।
উপবাসং সমুদিতং কর্ত্তব্যং দ্বিজসত্তম॥
দ্বিতীয়েঽহ্নি ততঃস্নানং পঞ্চগব্যেন কারয়েৎ।
পূজয়েৎ কুন্দকুসুমৈ ধূপয়েচ্চন্দনৈরপি॥
নৈবেদ্যং সঘৃতং দদ্যাৎ তাম্রপাত্রে গুড়োদনং।
দক্ষিণাঞ্চ দ্বিজাতিভ্যো নৈবেদ্য সহিতাং মুনে।
বাসোযুগং প্রীণয়েচ্চ রুদ্রমুচ্চার্য্য মানদ।

অনুবাদ।

হে উমাপতি হে মহাদেব তুমি প্রসন্ন হও এইরূপ প্রার্থনা পূর্ব্বক ষড়্‌মাসীয় ব্রত সমাপণ করিয়া পারণ করিবেক। পারণান্তে ভগবান ত্র্যম্বককে গোরোচনার সহিত গুড়দ্বারা স্নান করাইয়া প্রার্থনা করিবেক হে ঈশ হে অশোকনাথ তুমি প্রসন্ন হও আমি অতি দীন। অনন্তর ফাল্গুনমাসে যে কৃষ্ণাষ্টমী তাহার নাম জিতাষ্টমী হে দ্বিজবর এই অষ্টমীতে উপবাসপূর্ব্বক দ্বিতীয় দিনে পঞ্চগব্যদ্বারা স্নান করাইয়া কুন্দকুসুমদ্বারা পূজা, চন্দন ধূপ, সঘৃত তাম্রপাত্রে গুড়োদন নৈবেদ্য প্রদান করিয়া ঐ নৈবেদ্যের সহিত দক্ষিণা ব্রাহ্মণকে প্রদান করিবেক। এবং বস্ত্রযুগল দান করিয়া হে মানদ তুমি সন্তোষ হও

চৈত্রেচোডুম্বরফলৈঃ স্নানং মন্দারকার্চ্চনং ॥
গুগ্গুলং মহিষাখ্যঞ্চ ঘৃতাক্তং ধূপয়েদ্বুধঃ।
সমোদকং তথাসর্পিঃ প্রীণনং বিনিবেদয়েৎ ॥
দক্ষিণা চ সনৈবেদ্যমৃগাজিন মুদাহৃতং।
নাট্যেশ্বর নমস্তেস্তু ইদমুচ্চার্য্য নারদ ॥
প্রীণনং দেবনাথায় কুর্য্যাচ্ছ্রদ্ধা সমন্বিতঃ।
বৈশাখেস্নান মুদিতং সুগন্ধ কুসুমাম্ভসা ॥
পূজনং শঙ্করস্যোক্তং চূতমঞ্জরিভি র্বিভো।
ধূপঃ সর্জ্জস্য নির্য্যাসো নৈবেদ্যং সফলং ঘৃতং ॥
নামজপ্য মপীশস্য কালঘ্নেতি বিপশ্চিতা।
জলকুম্ভান সনৈবেদ্যান্ ব্রাহ্মণায় নিবেদয়েৎ ॥
সোপবীতান্ সহানাদ্যাং সুচিত্তে স্তৎপরায়ণৈঃ।
জ্যৈষ্ঠেস্নানং চামলকৈঃ পূজার্ককুসুমৈ রপি ॥

অনুবাদ।

এইরূপ প্রার্থনা করিবেক। চৈত্র মাসে উডুম্বরফল যুক্ত জল দ্বারা স্নান, মন্দার পুষ্পদ্বারা পূজা, মহিষাখ্য সঘৃত গুগ্গুল ধূপ, সঘৃত মোদক নৈবেদ্য নিবেদন করিয়া নৈবেদ্যের সহিত মৃগচর্ম্ম ব্রাহ্মণকে দক্ষিণা দিয়া ভক্তিভাবে প্রার্থনা করিবেক হে নাট্যেশ্বর! তুমি প্রসন্ন হও। বৈশাখ মাসে সুবাসিত পুষ্প সংযুক্ত জলে স্নান, আম্র মুকুল দ্বারা পূজা, সর্জ্জ ধূপ, সঘৃত ফল নৈবেদ্য এবম্বিধানে শঙ্করের পুজা করিয়া শাস্ত্রবিদ্গণ কালঘ্ন এই নাম জপপূর্ব্বক জলকুম্ভ সহিত সোপবীত নৈবেদ্য তদ্গত চিত্তে ব্রাহ্মণকে প্রদান করিবে। জ্যৈষ্ঠমাসে আমলকীফল যুক্ত জলে স্নান অর্কপুষ্পদ্বারা পুজা, রুদ্রনেত্র ধূপ, দধি শক্তু নৈবেদ্য

ধূপয়ে দ্রুদ্রনেত্রঞ্চ বৃষাঙ্কে পুষ্টিকারকং।
শঙ্কুশ্চ সঘৃতান্দেব দধ্যক্তান্ বিনিবেদয়েৎ॥
উপানৎ যুগলং ছত্রং দানং দদ্যাচ্চ ভক্তিমান্।
নমস্তে ভগনেত্রঘ্ন পুষ্টোদশন নাশন॥
ইদমুচ্চারয়ে ভক্ত্যা প্রীণনায় জগৎপতেঃ।
আষাঢ়েস্নান মুদিতং শ্রীফলৈরর্চ্চনং তথা॥
নৈবেদ্যা সঘৃতা পূপা দক্ষিণা সঘৃতাপরা।
নমস্তেদক্ষযজ্ঞঘ্ন ইদমুচ্চৈরুদীরয়েৎ॥
শ্রাবণে ভৃঙ্গরাজেনস্নানং কৃত্বার্চ্চয়েদ্ধরং।
শ্রীবৃক্ষপত্রৈঃ সফলৈর্ধূপং দদ্যা তথাগুরুং॥
নৈবেদ্যং সঘৃতং দদ্যাদ্দধি পূর্ব্বান্ সমোদকান্।
দধ্যোদনং সকৃশরং মাষধানা চ সশষ্কুলী॥
দক্ষিণাং শ্বেতবৃষভং ধেনুঞ্চকপিলাং শুভাং।
কনকং রক্তবসনং প্রদদ্যাৎ ব্রাহ্মণায়চ॥

অনুবাদ।

এই বিধানে বৃষাঙ্ক মহাদেবকে পুষ্টিবর্দ্ধন নিমিত্ত পূজা করিয়া ভক্তিভাবে উপানৎযুগল ছত্র দানপূর্ব্বক হে ভগনেত্রঘ্ন হে পুষ্টদশননাশন হে জগৎপতে তুমি প্রসন্ন হও। আষাঢ়মাসে শুদ্ধজলে স্নান শ্রীফল কুসুমদ্বারা পূজা, সঘৃত পূপনৈবেদ্য এবং সঘৃত দক্ষিণা প্রদান পূর্ব্বক উচ্চৈঃস্বরে হে দক্ষযজ্ঞঘ্ন তোমাকে আমি নমস্কার করি। শ্রাবণ মাস ভৃঙ্গরাজ যুক্ত জলে স্নান, সফল বিল্বপত্র দ্বারা পূজা, অগুরু ধূপ, দধি মোদক দধ্যোদন কৃশর শষ্কুলী নৈবেদ্য, শ্বেত বৃষ কপিলাধেনু স্বর্ণ, রক্তবস্ত্র দক্ষিণা ব্রাহ্মণকে প্রদান করিয়া

গঙ্গাধরেতি জপ্তব্যং নামশম্ভোশ্চ পণ্ডিতৈঃ।
অমীভিঃ যষ্ঠিরপরৈ র্মাসৈঃ পারণ মুত্তমং ॥
এবং সম্বৎসরং পূর্ণং সংপূজ্য বৃষভধ্বজং।
অক্ষয়ান্ লভতেকামান্ মহেশ্বরবচো যথা ॥
ইদমুক্তং ব্রতং পুণ্যং সর্ব্বাক্ষয়করং শুভং।
স্বয়ং রুদ্রেণ দেবর্ষে তত্তথা নতদন্যথা ॥

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভৈরবপ্রাদুর্ভাবে অশূন্যশয়ন কালাষ্টমীব্রতং নাম ষোড়শোঽধ্যায়ঃ।

অনুবাদ।

পণ্ডিত দ্বারা শঙ্করের গঙ্গাধর নাম জপ করাইবে। অপর ছয় মাস এবম্বিধানে ভক্তিভাবে যথানিয়মে গঙ্গাধরের উপাসনা করিয়া পারণ করিবেক। এইরূপে সম্বৎসর পূর্ণ হইলে মহেশ্বরের বাক্যে সকল অক্ষয় কামনা লাভ হইবে। এ অতি পুণ্যজনক ও অক্ষয় ব্রত হে নারদ! এই কথা স্বয়ং রুদ্র বলিয়াছেন ইহার অন্যথা কদাচ হইবে না।

ইতি বামনপুরাণে ষোড়শোঽধ্যায়ঃ।

সপ্তদশোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

মাসিচাশ্বযুজে ব্রহ্মন্ যদাপদ্মং জগৎপতেঃ।
নাভ্যাং নির্যাতি হিতদা দেবেষ্বেতান্ যথোদ্ভবান্॥
কন্দর্পস্য করাগ্রেতু কদম্বশ্চারুদর্শনঃ।
তেনতস্য পরাপ্রীতিঃ কদম্বেন বিবর্দ্ধতে॥
যক্ষানামধিপস্যাপি মানিভদ্রস্য নারদ।
বটবৃক্ষঃ সমভবত্তস্মিং স্তস্যগতিঃ সদা॥
মহেশ্বরস্য হৃদয়েধুস্তূরবিটপঃ শুভঃ।
সংজাতঃ সচ সর্ব্বস্য রতিকৃত্তস্য নিত্যশঃ॥
ব্রহ্মণো মধ্যতোদেহা জ্জাতোমরকতঃ প্রভোঃ।
খদিরকণ্টকীশ্রেয়া নভবদ্বিশ্বকর্ম্মণঃ॥

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। হে ব্রাহ্মন! আশ্বিনমাসে জগৎপতি ব্রহ্মার নাভিতে পদ্ম জন্মিয়াছিল। এবং অন্যান্য দেবতাতে যে যে পুষ্প জন্মিয়াছিল তাহা বলিতেছি। কন্দর্পের করের অগ্রভাগে অতি মনোহর কদম্বপুষ্প উদ্ভব হয় এজন্য ঐ কদম্বপুষ্পে তাঁহার প্রীতি। হে নারদ! যক্ষাধিপতির হস্তে মানিভদ্র ও বট-বৃক্ষের উৎপত্তি হয়। তাহাতে তাঁহার সর্ব্বদা অবস্থিতি। মহে-শ্বরের হৃদয়ে ধুস্তূর বৃক্ষ জন্মে ঐ বৃক্ষ মহেশ্বরের অতি প্রিয়। ব্রহ্মার মধ্যদেহ হইতে মরকত জন্মে। বিশ্বকর্ম্মা হইতে কণ্টকাকীর্ণ খদির বৃক্ষ জন্মে গিরিজা ভগবতীর করতলে কুন্দপুষ্প তরুজন্মে।

গিরিজায়াঃ করতলে কুন্দগুল্মশ্চজায়তে।
গণাধিপস্য কুম্ভস্থো রাজতে সিন্ধুবারকঃ॥
যমস্য দক্ষিণেপার্শ্বে পলাশো দক্ষিণোত্তরে।
স্কন্দস্য বন্ধুজীবশ্চ রবে রশ্বত্থ এবচ।
কাত্যায়ন্যাঃ সমীজাতাঃ বিল্বভক্ষ্যো ভবৎ করে॥
নাগানাং পতয়েব্রহ্মন্ সরস্তম্বো ব্যজায়ত।
বাসুকে র্বিস্তৃতেপুচ্ছে পৃষ্ঠেদূর্ব্বাসিতাসিতা॥
সাধ্যানাং হৃদয়েজাতো বৃক্ষোহি হরিচন্দনঃ।
এবং সর্ব্বেষু জাতেষু তেনতত্ররতি র্ভবেৎ॥
তত্ররম্যে শুভেকালে যা শুক্লৈকাদশী ভবেৎ।
তস্যাং সংপূজয়েদ্বিষ্ণুং তেনা খণ্ডোস্য পূর্য্যতে॥
পুষ্পৈঃ পত্রৈঃ ফলৈর্বাপি গন্ধবর্ণ রসান্বিতৈঃ।
ওষধীভিশ্চ মুখ্যাভি র্যাবৎ স্যাচ্ছরদাগমঃ॥

অনুবাদ।

গণনায়কের কুম্ভে সিন্ধুবার অর্থাৎ নিসিন্দাবৃক্ষ শোভমান হয়। ধর্ম্মরাজের দক্ষিণে ও দক্ষিনোত্তর পার্শ্বে পলাশ বৃক্ষ সমুদ্ভূত হয়। কার্ত্তিকের বন্ধুজীব, দিবাকরের অশ্বত্থ, কাত্যায়নীর করে সমীবৃক্ষ ও বিল্ববৃক্ষ সমুদ্ভূত হয়। হে ব্রহ্মন্ নাগাধিপতি হইতে শরস্তম্ব শর-বৃক্ষ এবং বাসুকীর বিস্তার পুচ্ছ ও পৃষ্ঠে শুক্ল ও কৃষ্ণবর্ণ দূর্ব্বা জন্মে। সাধ্যগণের হৃদয়ে হরিচন্দনবৃক্ষ সমুদ্ভব হয়। এবম্বিধ যে দেব-তাতে যে বৃক্ষ জন্মিয়াছে সেই বৃক্ষ তাঁহার প্রতিকারক। অনন্তর রমণীয় শুভকালে যে শুক্লএকাদশী তাহাতে বিষ্ণু পূজা করিলে তাহা অখণ্ড হইবে। যে পর্য্যন্ত শরৎকাল অতিবাহিত না হইবে সেই কালমধ্যে পত্র পুষ্প ফল সুগন্ধ বস্তু ও রসালবস্তু এবং প্রধান ওষধি ঘৃত, তিল, যব, ব্রীহি হিরণ্য কনক, মণি, মুক্তা

ঘৃতং তিলান্ যবান্ ব্রীহীন্ হিরণ্যং কনকাদিকং।
মণিমুক্তা প্রবালানি বস্ত্রাণি বিবিধানিচ॥
রসানি স্বাদুকট্বম্ল কষায় লবণানিচ।
তিক্তানিচ নিবেদ্যানি তান্য খণ্ডানি যানিহি॥
তৎ পূজার্থং প্রদাতব্যং কেশবায় মহাত্মনে।
যদা সম্বৎসরং পূর্ণ মখণ্ডং ভবতিগৃহে॥
ততোপবাসো দেবর্ষে দ্বিতীয়েঽহনি সংযতঃ।
স্নানেন তেন স্নায়ীত যেনাখণ্ডং হিবৎসরং॥
সিদ্ধার্থকৈ স্তিলৈর্ব্বাপি তেনৈবোদ্বর্ত্তনং স্মৃতং।
হবিষা পদ্মনাভস্য স্নানমেব সমাচরেৎ॥
হোমস্তেনৈব গদিতো দানেশক্তি র্দ্বিজাদ্বিজাঃ।
পূজয়েদ্বাথ কুসুমৈঃ পাদাদারভ্য কেশবং॥
ধূপয়েদ্বিবিধং ধূপং ভোজ্যানিবৎসরং পরং।
হিরণ্যরত্ন বাসোভিঃ পূজয়েত জগদ্গুরুং॥

অনুবাদ।

প্রবাল নানাবিধ বস্ত্র সুস্বাদু কটু অম্বল কষায় লবণ তিক্ত প্রভৃতি যে সমস্ত রসালবস্তু আছে এই সমস্ত দ্রব্য মহাত্মা কেশবকে প্রদান করতঃ সম্বৎসর পূর্ণ হইলে ব্রত অখণ্ড হইবে। অনন্তর হে নারদ! দ্বিতীয় দিবসে শুদ্ধভাবে উপবাস করিয়া পদ্মনাভকে স্নানীয় দ্রব্য দ্বারা স্নান করাইলে বৎসর অখণ্ড হইবে এবং শ্বেত সর্ষপ তিল দ্বারা উদ্বর্ত্তন করাইয়া গব্যঘৃতদ্বারা কেশবকে স্নান করাইবে। হে দ্বিজ! গব্যঘৃতদ্বারা বৈশ্বানরে আহুতি প্রদানপূর্ব্বক যথাশক্তি দান করিবেক। অনন্তর দ্বিতীয় বৎসর পুষ্পদ্বারা কেশবের পাদদ্বয় হইতে সর্ব্বাঙ্গ অর্চ্চনা করিয়া নানাবিধ ধূপ প্রদান করিবেক। অনন্তর স্বর্ণ রত্ন ও বস্ত্রদ্বারা জগৎগুরুকে পূজা করিবেক। হে ব্রাহ্মণ!

রসান্ খাণ্ডবচোষ্যাণি হবিষ্যাণি নিবেদয়েৎ।
ততঃ সংপূজ্যদেবেশং পদ্মনাভং জগদ্গুরুং॥
বিজ্ঞাপয়েত্তম্মুনিশ্রেষ্ঠ মন্ত্রেণানেন সুব্রতঃ।
নমোস্তুতে পদ্মনাভ পদ্মধর নমোস্তুতে॥
ধর্ম্মার্থকাম মোক্ষাণি ত্বখণ্ডানি ভবন্তমে।
বিকাশি পদ্মপত্রাক্ষং যথা খণ্ডোসি সর্ব্বতঃ॥
তেন সত্যেন ধর্ম্মাদ্যা স্বখণ্ডাঃ সন্তু কেশব।
এবং সম্বৎসরং পূর্ণং সোপবাসো জিতেন্দ্রিয়ঃ॥
অখণ্ডং পারয়ে ব্রহ্মন্ ব্রতং বৈসর্ব্ববস্তুষু।
অস্মিং শ্চীর্ণেব্রতেব্যক্তং পরিতুষ্যন্তি দেবতাঃ॥
ধর্ম্মার্থ কামমোক্ষাদ্যাস্ত্বক্ষয়াঃ সম্ভবন্তিহি।
এতানি তে ময়োক্তানি ব্রতান্যুক্তানি কামিভিঃ॥

অনুবাদ।

ভোজ্য চোষ্য হবিষ্যদ্রব্য সমস্ত নিবেদন করিবেক। হে সুব্রত হে তাপসবর! এই সমস্ত অবগত হইয়া জগদ্গুরুর নিকট প্রার্থনা করিবেক। হে পদ্মনাভ তোমাকে নমস্কার করি হে পদ্মধর আমার ধর্ম্ম অর্থ কাম মোক্ষ অখণ্ড হউক। হে কেশব তুমি পদ্মনেত্র বিকাশ কর তুমি যেরূপ অখণ্ড সেইরূপ সত্যদ্বারা আমার ধর্ম্মাদি সকল অখণ্ড হউক। এইরূপে বৎসর পূর্ণ হইলে হে ব্রহ্মন্ উপবাস সংযত হইয়া সকল বস্তুতে অখণ্ড ব্রতপারণ করিবেক। এইরূপে ব্রত সম্পূর্ণ হইলে দেবতাগণ সন্তুষ্ট হইবেন। ধর্ম্ম অর্থ কাম মোক্ষ প্রভৃতি সমস্ত অক্ষয় হইবে। এই ব্রতকামিগণের প্রতি আমি তোমাকে বলিলাম এক্ষণে অতি পবিত্রজনক বৈষ্ণবপঞ্জর

প্রবক্ষ্যাম্যধুনাত্বেত্ত দ্বৈষ্ণবং পঞ্জরং শুভং।
নমো নমোস্তে গোবিন্দ চক্রং গৃহ্যসুদর্শনং॥
প্রাচ্যাং রক্ষস্ব বিষ্ণোবৈত্বামহং শরণং গতঃ।
গদাং কৌমোদকীং গৃহ্য পদ্মনাভামিতদ্যুতে।
যাম্যাং রক্ষস্ব মাং বিষ্ণো ত্বা মহং শরণং গতঃ॥
পদ্মমাদায় সগদং নমোস্তে পুরুষোত্তম।
প্রতীচ্যাং রক্ষ মে বিষ্ণোভবন্তং শরণং গতঃ॥
মুষলং শোভনং গৃহ্য পুণ্ডরীকাক্ষ রক্ষমাং॥
উত্তরস্যাং জগন্নাথ ভবন্তং শরণং গতঃ।
শার্ঙ্গমাদায় চর্ম্মাণি অস্ত্রং নারায়ণং হরে॥
নমস্তে যক্ষরক্ষঘ্ন ঐশান্যাং শরণং গতঃ।
পাঞ্চজন্যং মহাশঙ্খ মনুবোধ্য চ পঙ্কজং॥

অনুবাদ।

তোমাকে বলিব। হে বিষ্ণো তোমাকে আমি নমস্কার করি তুমি সুদর্শন চক্র গ্রহণ পূর্ব্বক পূর্ব্বদিকে রক্ষাকর, আমি তোমার শরণাগত। হে পদ্মনাভ হে অমিতদ্যুতে। তুমি কৌমোদকী গদা গ্রহণপূর্ব্বক দক্ষিণদিকে আমাকে রক্ষাকর, আমি তোমার শরণাগত। হে পুরুষোত্তম হে বিষ্ণো। তুমি পদ্ম ও গদাগ্রহণ পূর্ব্বক পশ্চিমদিকে আমাকে রক্ষা কর, আমি তোমার শরণাগত। হে পুণ্ডরীকাক্ষ হে জগন্নাথ। তুমি অতি মনোহর মুষল গ্রহণ পূর্ব্বক উত্তরদিকে রক্ষাকর আমি তোমার শরণাগতঃ। হে হরে তুমি শার্ঙ্গ ধনু চর্ম্ম ও অন্যান্য অস্ত্র গ্রহণ পূর্ব্বক ঈশানদিকে আমাকে রক্ষা কর, আমি তোমাকে নমস্কার করি হে যক্ষরক্ষঘ্ন, আমি তোমার

প্রগৃহ্য রক্ষ মাং জিষ্ণো আগ্নেয্যাং যজ্ঞশূকর।
চর্ম্ম সূর্য্যশতং গৃহ্য খড়্গঞ্চন্দ্রমসন্তথা॥
নৈঋর্ত্যাং মাঞ্চ রক্ষস্ব দিব্যমূর্ত্তেচ কেশব।
বৈজয়ন্তী প্রগৃহ্যত্বং শ্রীবৎস কণ্ঠভূষণ।
বায়ব্যাং রক্ষমাং দেব অশ্বশীর্ষ নমোস্তুতে॥
বৈনতেয়ং সমারুহ্য অন্তরীক্ষে জনার্দ্দন।
মাং ত্বং রক্ষাজিত সদা নমোস্তে ত্বপরাজিত॥
বিশালাক্ষং সমারুহ্য রক্ষমাং ত্বং রসাতলে।
অকুপার নমস্তুভ্যং মহামীন নমোস্তুতে॥
করশীর্ষাংঘ্রি সর্ব্বেষু তথাষ্টবাহু পঞ্জরং।
কৃত্বা রক্ষস্ব মাং বিষ্ণো নমোস্তে পুরুষোত্তম॥

অনুবাদ।

শরণাগত। হে জিষ্ণো হে যজ্ঞশূকর তুমি পাঞ্চজন্য শঙ্খের ধ্বনি করতঃ পদ্মগ্রহণ পূর্ব্বক অগ্নিদিকে আমাকে রক্ষাকর, আমি তোমার শরণাগত। হে কেশব হে দিব্যমূর্ত্তে। তুমি শত সূর্য্য সদৃশ উজ্জ্বল চর্ম্ম এবং চন্দ্রমাসদৃশ দেদীপ্যমান খড়্গ গ্রহণপূর্ব্বক নৈর্ঋতদিকে আমাকে রক্ষা কর। হে শ্রীবৎসকণ্ঠভূষণ। তুমি বৈজয়ন্তী গ্রহণপূর্ব্বক বায়ুদিকে আমাকে রক্ষা কর। হে দেব হে হয়গ্রীব আমি তোমাকে নমস্কার করি। হে জনার্দ্দন! তুমি বিনতানন্দনে আরোহণ পূর্ব্বক শূন্যমার্গে আমাকে রক্ষাকর। হে অজিত হে অপরাজিত। আমি তোমাকে নমস্কার করি। হে অকূপার তুমি খগেন্দ্রবাহনে গমনপূর্ব্বক রসাতলে আমাকে রক্ষাকর, হে মহামীনরূপী ভগবান। আমি তোমাকে নমস্কার করি। করমস্তক অঙ্ঘ্রি প্রভৃতি আমার সর্ব্বস্থান রক্ষা কর, হে বিষ্ণো হে পুরুষোত্তম, আমি তোমাকে নমস্কার করি। ভগবান পুলস্ত্য এবম্বিধ

এতদুক্তং ভগবতা বৈষ্ণবং পঞ্জরং মহৎ।
পুরারক্ষার্থমীশেন কাত্যায়ন্যা দ্বিজোত্তম ॥
নাশয়ামাস সা যত্র দানবং মহিষাসুরং।
নমরং রক্তবীজঞ্চ তথান্যান্ সুরকণ্টকান্ ॥

নারদ উবাচ।

কশ্চাসৌ মহিষোনাম কাস্তে যাতস্য কস্য ॥।
কশ্চাসৌ রক্তবীজাখ্যো নমরঃ কস্য বাত্মজঃ ॥
কা সা কাত্যায়নী নাম যা জঘ্নে মহিষাসুরং।
এতদ্বিস্তরত স্তাত যথাবদ্বক্তু মর্হসি ॥

পুলস্ত্য উবাচ।

শ্রূয়তাং সংপ্রবক্ষ্যামি কথাং পাপ প্রনাশিনীং।
সর্ব্বদা বরদাদুর্গা যেয়ং কাত্যায়নী মুনে ॥

অনুবাদ।

বৈষ্ণবপঞ্জর বিস্তাররূপে কীর্ত্তন করিয়া বলিলেন। হে দ্বিজবর! পূর্ব্ব কালে ভগবান শঙ্কর কাত্যায়নী দেবীর রক্ষার নিমিত্ত এই বিষ্ণুপঞ্জর প্রদান করিয়াছিলেন তদ্দ্বারা দেবী কাত্যায়নী মহিষাসুর ও নমর রক্তবীজ দানব ও অন্যান্য সুরমর্দ্দক দানবগণকে বিনাশ করিয়াছিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। মহিষাসুর দানব কে কোথায় জন্মিয়াছিল। এবং নমর ও রক্তবীজ দানব কে ঐ দানব কাহার সন্তান। যিনি এই দুর্দ্দান্ত মহিষাসুর প্রভৃতি দানবগণকে বিনাশ করিয়া জগৎ রক্ষা করিয়াছিলেন সেই কাত্যায়নী কে এবং তাঁহার কিরূপে কোথায় জন্ম হইয়াছিল এই সমস্ত বিষয় বিস্তার পূর্ব্বক বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন। হে নারদ! অতি পুণ্যজনিকা পাপবিনাশিনী পুরাতনী কথা আমি বলিতেছি তুমি শ্রবণ কর। যাহাকে কাত্যায়নী বলিতেছ সেই কাত্যায়নী সর্ব্বদা

পুরা সুরবরৌ রৌদ্রৌ জগৎ ক্ষোভকরৌ বুভৌ ।
রম্ভশ্চৈব করম্ভশ্চ দ্বাবাস্তাং সুমহাবলৌ ॥
তাবপুত্রৌচ দেবর্ষে পুত্রার্থং তেপতু স্তপঃ ।
বহূন্ বর্ষগণান্ দৈত্যৌ স্থিতৌ পঞ্চনদে জলে ॥
তত্রৈকো জলমধ্যস্থো দ্বিতীয়োপ্যগ্নি পঞ্চমী ।
করম্ভশ্চৈব রম্ভশ্চ যক্ষং মালবটং প্রতি ॥
একং নিমগ্নং সলিলে গ্রাহরূপেণ বাসবঃ ।
চরণাভ্যাং সমাদায় নিজঘান যথেচ্ছয়া ॥
ততো ভ্রাতরি নষ্টেচ রম্ভঃ কোপপরিপ্লুতঃ ।
বহ্নৌ স্বশীর্ষং সংছিদ্য হোতুমৈচ্ছ মহাবলঃ ॥
ততঃ প্রগৃহ্য কেশেষু খড়্গঞ্চ রবি সংপ্রভং ।
ছেত্তু কামো নিজং শীর্ষং বহ্নিনা প্রতিষেধিতঃ ।

অনুবাদ ।

বরদাতা তাহার নাম দুর্গা । পূর্ব্বকালে অতি ভয়ঙ্কর রম্ভ ও করম্ভ-নামে দুই দুর্দ্দান্ত বলবান দানব জগৎকে ক্ষুব্ধ করিয়াছিল । ঐ দানবদ্বয়ের অপত্য না হওয়াতে অপুত্রতা রূপ অসহ্য যন্ত্রণায় কাতর হইয়া তপস্যায় মনোনিবেশ করিল । ঐ দানবদ্বয় বহুশত বর্ষ পর্য্যন্ত পঞ্চনদের জলে অবস্থিতি পূর্ব্বক তপস্যা করিল পরে একজন পঞ্চনদের জলমধ্যে অবস্থিতি করিয়া তপস্যা করিতে লাগিল অপর পঞ্চাগ্নি মধ্যে অবস্থিতি পূর্ব্বক অতি ভয়ঙ্কর তপস্যায় মনোনিবেশ করিল । ঐ দানবদ্বয়ের উৎকট তপস্যায় শঙ্কিত হইয়া পুরন্দর কুম্ভীরূপে জলমধ্যে নিমগ্ন হইয়া করম্ভ দানবের চরণদ্বয় গ্রহণপূর্ব্বক ঐ সলিলে নিমগ্ন করিয়া যথেচ্ছাপূর্ব্বক বিনাশ করিলেন । অনন্তর রম্ভদানব ভ্রাতৃবিয়োগে অতিশয় ব্যথিত ও ক্রুদ্ধ হইয়া স্বশীর্ষ ছেদন পূর্ব্বক বৈশ্বানরে আহুতি প্রদান করিবার অভিলাষ করিল তৎ-

উক্তশ্চ মা দৈত্যবর নাশয়াত্মান মাত্মনা।
দুস্করোপর বধোপি স্ববধোপ্যতি দুস্তরঃ॥
গচ্ছ প্রার্থয়সে বীর তদ্দদামি যথেপ্সিতং।
মা অব্রস্থ মৃতস্যৈব নষ্টাভবতি বৈকথা॥
ততো ব্রবীদ্বরো রস্তোবরঞ্চেন্মে দদাসি হি।
ত্রৈলোক্য বিজয়ী পুত্রঃ স্যান্মে ত্বত্তেজসাধিকঃ॥
অজেয়ঃ দৈবতৈঃ সর্ব্বৈ যুধি দৈত্যৈশ্চ পাবক।
মহাবলো বায়ুরিব কামরূপী কৃতাস্ত্রবিৎ॥
তং প্রোবাচ কবির্ব্রহ্মন্ বাঢমেবং ভবিষ্যতি।
যস্যাং চিত্তং সমালম্ব্য করিষ্যতি ততোহসুরঃ॥

অনুবাদ।

পরে একহস্তে আপনার কেশ ধারণ পূর্ব্বক অপর হস্তে দিবাকর সদৃশ দেদীপ্যমান উজ্বল খড়্গ গ্রহণ করিয়া স্বশীর্ষ ছেদন করিবার উদ্যম করিলে বৈশ্বানর দানবরাজকে প্রতিষেধ করিয়া বলিলেন। হে দানববর স্বহস্তে আত্ম জীবন নষ্ট করিও না। পর জীবন নষ্ট করা দুষ্কর পাপ এবং আত্মজীবন নষ্ট করা অতি দুষ্কর পাপ। হে বীর, তুমি স্বধামে গমনকর। এবং তুমি ইচ্ছামত প্রার্থনা কর তোমাকে তাহাই প্রদান করিব। তুমি জীবন পরিত্যাগ করিও না। নির্জীব দেহে কোন বাঞ্ছা পূর্ণ হয় না। বৈশ্বানরের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া দানব বলিল। আপনি যদি অনুকম্পার বশবর্ত্তী হইয়া বর প্রদান করেন তবে তোমাহইতে অধিক বলবান ত্রিলোক বিজয়ী পুত্র হইবেক এবং সংগ্রামে সকল দেবতা ও দানবগণকে জয় করিবেক। সমীরণের সমান বলবান, কামরূপী, অস্ত্র বিদ্যা বিশারদ হইবেক। হে ব্রহ্মন! অগ্নি দানবকে বলিলেন তোমার এই রূপ সন্তান হইবেক। হে দানব তোমার যাহাতে চিত্ত আশক্ত

ইত্যেব মুক্তো দেবেন বহ্নিনা দানবো যযৌ।
দ্রষ্টুং মানবটং যক্ষং যক্ষৈশ্চ পরিচারিতং॥
তেষাং পদ্মনিধি স্তত্র বসতে নান্যচেতনঃ।
গজাশ্ব মহিষাশ্চাশ্ব গাবোজাবিপরিপ্লুতাঃ॥
তান্ দৃষ্ট্বৈব তদাচক্রে ভাবং দানব পার্থিবঃ।
মহিষ্যাং রূপযুক্তায়াং ত্রিহায়ণ্যাং তপোধন॥
সা সমাগাচ্চ দৈত্যেন্দ্রং কাময়ন্তী তরস্বিনী।
সচাপি গমনঞ্চক্রে ভবিতব্য প্রবোধিতঃ॥
তস্যাং সমভবদ্গর্ভ স্তাং প্রগৃহ্যাথ দানবঃ।
পাতালং প্রবিবেশাথ ততঃ স্বভবনং গতঃ॥
দৃষ্টশ্চ দানবৈঃ সর্ব্বৈঃ পরিত্যক্তশ্চ বন্ধুভিঃ।
অকার্য্যকারকেত্যেবং ভূয়ো মানবটঙ্গতঃ॥

অনুবাদ।

হয় তাহাতেই গমন কয়। হুতাশন এবম্বিধ দানবকে বলিলে দানবরাজ তৎক্ষণাৎ তথাহইতে যক্ষগণ পরিবেষ্টিত মানবট যক্ষকে দেখিতে গমন করিল সেইস্থান হস্তি অশ্ব মহিষ গো ছাগ মেষ প্রভৃতি পশুগণে পরিপুর্ণ। ঐ সমস্ত পশুগণ অবলোকন করিয়া দানবরাজের চিত্ত কন্দর্পপীড়ায় অতিশয় চঞ্চল হইল। হে নারদ! তৎকালে তন্মধ্যে ত্রিহায়ন বয়স্কা যুবতী মহিষীকে অভিলাষ করিল। মহিষী তৎক্ষণাৎ দ্রুতবেগে দানবরাজের নিকট গমন করিয়া প্রার্থনা করিল। ভবিতব্যানুসারে দানবরাজ সেই মহিষীতে ইচ্ছানুসারে বিহার করাতে মহিষীর গর্ভ হইল। তখন দানববর মহিষীকে সঙ্গে লইয়া পাতালপুরী প্রবেশ পূর্ব্বক নিজালয়ে গমন করিল। দানবগণ সকলেই এই বৃত্তান্ত অবগত হইয়া আত্মীয়গণ

সাপিতেনৈব পতিনা মহিষী চারুদর্শনা।
সমং জগাম তৎ পুণ্যং যক্ষমণ্ডলমুত্তমং।
ততস্তু বশত স্তস্য শ্যামা সাশুশুভে মুনে।
এতামৃতুমতীং জাতাং মহিষোন্যোদদর্শ তাং।
সা চাভ্যাগাদ্দিতিবরং রক্ষন্তী শীলমাত্মনঃ॥
তচ্ছ্রুত্বা মিতনাশঙ্ক মহিষং বীক্ষ্য দানবঃ।
খড়্গং নিষ্কৃষ্যাতরসা মহিষং তমুপাদ্রবৎ॥
তেনাপি দৈত্যস্তীক্ষ্ণাভ্যাং শৃঙ্গাভ্যাং হৃদিতাড়িতঃ।
নির্ভিন্ন হৃদয়ো ভূমৌ নিপপাত মমারচ॥
মৃতে ভর্ত্তরি সা শ্যামা যক্ষাণাং শরণং গতা।
রক্ষিতা গুহ্যকৈঃ সার্দ্ধং নিবার্য্য মহিষং ততঃ॥

অনুবাদ।

সকলেই রম্ভদানবকে পরিত্যাগ করিল। এবং বলিল তুই অকার্য্যকারক অতএব পুনর্ব্বার যক্ষমণ্ডলে গমনকর। তখন সেই স্বরূপা মহিষী সেই দানব পতির সহিত অতি পবিত্র যক্ষমণ্ডলে গমন করিল। হে নারদ! অনন্তর শ্যামা মহিষী দানব পতির সহিত যক্ষমণ্ডলে গমন করিয়া অতিশয় শোভা পাইতে লাগিল। একদা কামরূপী অপর এক মহিষ ঐ মহিষীকে ঋতুমতী জানিয়া তাহাকে অবলোকন করিতে লাগিল। তখন শ্যামামহিষী আত্মশীলতা রক্ষার জন্য দৈত্যবরের নিকট গমন করিয়া শরণাপন্ন হইল। দানবরাজ এই কথা শ্রবণমাত্র অতিশয় বেগে তীক্ষ্ণধার খড়্গ বহির্গত করিয়া অমিতনামা মহিষের প্রতি ধাবমান হইল। তখন সেই ভয়ঙ্কর মহিষ তীক্ষ্ণশৃঙ্গদ্বারা দৈত্যবরের হৃদয়ে নিদারুণ আঘাত করিল তাহাতে দানববর হৃদয় বিদারিত হইয়া তথায় পতিত হইল এবং তৎক্ষণাৎ পঞ্চত্বপ্রাপ্ত হইল। তখন সেই শ্যামামহিষী পতির বিনাশ অবলোকন করতঃ তৎক্ষণাৎ যক্ষগণের শরণাগত হইল। অনন্তর

ততো নিবারিতো যক্ষৈ র্হয়ারি র্ম্মদনাতুরঃ।
নিপপাত সরোদিব্যং ততোদৈত্যোঽভবন্মৃতঃ॥
নমরো নাম বিখ্যাতো মহাবল পরাক্রমঃ।
যক্ষানাশ্রিত্য তস্থৌসা পালয়ংশ্চ পদাম্মুনে॥
সচ দৈত্যেশ্বরো যক্ষৈর্ম্মানবট পুরঃসরৈঃ।
চিতামারোপিতঃ সাচ শ্যামা তং চারুহৎপতিং॥
ততোগ্নিমধ্যা দুত্তস্থৌ পুরুষো রুদ্র দর্শনঃ।
ব্যদ্রাবয়ন্ সতান্যক্ষান্ খড়্গপাণি র্ভয়ঙ্করঃ॥
ততোহতাস্ত মহিষাঃ সর্ব্বএব মহাত্মনা।
সনামৃতঃ স্মৃতো দৈত্যো রক্তবীজো মহামুনে॥
যেঽজয়ং সর্ব্বতো দেবান্ সেন্দ্ররুদ্রার্ক মারুতান্।

অনুবাদ।

গুহ্যকগণের সহিত যক্ষগণ সেই কামাতুর মহিষীকে প্রতিষেধ করিল তখন সেই কামরূপী ছদ্মবেশী মহিষ অতিশয় কামানলে দগ্ধ হইয়া দিব্য সরোবরে পতিত হইয়া যমসদনে গমন করিল। অনন্তর নমর নামে বিখ্যাত এক মহাবল পরাক্রান্ত দানব যক্ষগণ এবং মানবটকে অগ্রসর করিয়া এক চিতাগ্নি প্রস্তুত করিল তাহাতে ঐ শ্যামা মহিষী পতিকে লইয়া সেই চিতা আরোহন করিবামাত্র তৎক্ষণাৎ সেই চিতাগ্নিমধ্য হইতে এক অতি ভয়ঙ্কর খড়্গধারী মহাবল পরাক্রান্ত পুরুষ উত্থিত হইল। তখন সেই ভীষণ খড়্গধারী মহাবল পুরুষ সকলকে ভয় প্রদর্শন করাইয়া বীরবর তথায় বহুতর মহিষগণকে বিনাশ করিতে লাগিল। হে নারদ! কিন্তু সেই দানববর অমর তাহার নাম রক্তবীজ, যে মহাবল পরাক্রান্ত দানব সর্ব্বদা ইন্দ্র রুদ্র দিবাকর ও মরুৎগণের সহিত

এবং প্রভাবো দনুপুঙ্গবোসৌ
তেজোধিক স্তত্র বভৌ হয়ারিং।
রাজ্যেভিষক্তশ্চ মহাসুরেন্দ্রে
র্বিনির্জিতঃ শম্বরতারকাদ্যৈঃ॥
অশক্নুবদ্ভিঃ সহিতৈশ্চ দেবৈঃ
সলোকপালৈঃ স হুতাশভাস্করৈঃ।
স্থানানিত্যক্তানি শশীন্দ্রভাস্করৈ
স্তমশ্চদূরে প্রতিযোজিতঞ্চ॥

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
রক্তবীজনাম সপ্তদশোহধ্যায়।

অনুবাদ।

অন্যান্য দেবগণকে পরাজয় করিয়াছিল। এবম্বিধ বীর্য্য-শালী মহাবল পরাক্রান্ত দানব সম্বর ও তারকাসুর কর্ত্তৃক পরাজিত মহিষাসুরকে রাজ্যে অভিষিক্ত করিল। সেই দানববরের নিকট লোকপালগণ অগ্নি পুরন্দর চন্দ্র সূর্য্য ও অন্যান্য দেবগণ সংগ্রামে পরাজিত হইয়া স্বস্থান পরিত্যগ পূর্ব্বক দূরে পলায়ন করিলেন।

ইতি বামনপুরাণে সপ্তদশোহধ্যায়।

অষ্টাদশোঽধ্যায়ঃ ।

পুলস্ত্য উবাচ ।

ততস্তু দেবা মহিষেণ নির্জ্জিতাঃ
স্থানানি সংত্যজ্য সবাহনায়ুধাঃ ।
জগ্মুঃ পুরস্কৃত্য পিতামহন্তথা
দ্রষ্টুং তদা চক্রধরং শ্রিয়ঃ পতিং ॥
গত্বা ত্বপশ্যংশ্চ মিথঃ সুরোত্তমৌ
স্থিতৌ খগেন্দ্রাসন শঙ্করোহি ।
দৃষ্ট্বা প্রণম্যৈবচ সিদ্ধি সাধকৌ
নিবেদিতং তন্মহিষারি চেষ্টিতং ॥
প্রভোঽশ্বি সূর্য্যেন্দ্বনলাগ্নি বেধসা
জলেশ শক্রাদিসুরাধিকারান্ ।

অনুবাদ ।

পুলস্ত্য বলিলেন । অনন্তর অমরগণ মহিষাসুরের নিকট পরাজিত হইয়া স্বীয় বাহন ও আয়ুধের সহিত সুরলোক পরিত্যাগ পূর্ব্বক পিতামহ ব্রহ্মাকে অগ্রে লইয়া চক্রধারী কমলাপতি ভগবানকে দেখিবার জন্য বৈকুণ্ঠধামে গমন করিলেন। তথায় ভগবান কমলাপতি ও গিরিজাপতি উভয়ে এক স্থানে অবস্থিতি করিতেছেন দেখিয়া দেবগণ তাহাদিগকে প্রণিপাত পূর্ব্বক মহিষাসুর চেষ্টিত আদ্যোপান্ত সবিশেষ নিবেদন করিল। হে প্রভো! অশ্বিনীকুমার, সূর্য্য, চন্দ্র, পবন, অগ্নি, ব্রহ্মা, বরুণ এবং ইন্দ্র প্রভৃতি

অাক্রম্য নাকান্তু নিরাকৃতাবয়ং
কৃতাবনিস্থাঃ মহিষাসুরেণ ॥
এতদ্ভবন্তৌ শরণং গতানাং
শ্রুত্বা বচো দ্রুতহিতং কুরুতং সুরাণাং ॥
নচেৎ ব্রজামোহদ্য রসাতলং হি
সংকল্যমানা যুধি দানবেন ।
ইত্থং সুরারিঃ সহ শঙ্করেণ
শ্রুত্বা বচো বিপ্লুতচেতসাং হি ।
দৃষ্ট্বাথ চক্রে সহসৈব কোপং
কালাগ্নিকল্পো হরি রবারঃস্থা ॥
ততোনুকোপা মধুসূদনস্য
সশঙ্করস্যাপি পিত্যমহস্য ।

অনুবাদ।

দেবগণের আধিপত্য গ্রহণ পূর্ব্বক মহিষাসুর আমাদিগের স্বর্গলোক হইতে দূরীকৃত করিয়াছে আমরা অবনীচর মানবগণের ন্যায় অবনীমণ্ডলে বিচরণ করিয়া কালাতিপাত করিতেছি। এই সমস্ত বিষয় আপনাদিগকে অবগত করিলাম আমরা আপনার শরণাপন্ন একণে আমাদিগের বাক্য শ্রবণ পূর্ব্বক শীঘ্র যাহাতে আমাদিগের ও অন্যান্য দেবগণের মঙ্গল হয় তাহার বিধান করুন্। নচেৎ আমরা সকলে মহিষাসুরের নিকট যুদ্ধে পরাজিত হইয়া রসাতলে গমন করিব। এবম্বিধ দেবগণের করুণাবাক্য শ্রবণ, ও দুরবস্থা অবলোকন করিয়া কমলাপতি ও ভবানীপতি উভয়ে অতিশয় দুঃখিত হইলেন। এবং শ্রীপতি ও অম্বিকাপতি উভয়ের কালাগ্নি সদৃশ অতিশয় ক্রোধানল প্রজ্জ্বলিত হইল। পরে মধুসূদনের ও

তথৈব শক্রাদিষু দৈবতেষু
মহর্দ্ধি তেজো বদনাদ্বিনিঃসৃতং।
তচ্চৈকশং পর্ব্বতকূটসন্নিভং
জগাম তেজঃ প্রবরাশ্রমে মুনেঃ।
কাত্যায়নস্যাপ্রতি যেন তেজসা
মহর্ষিণা তেজ উপাকৃতঞ্চ।
তেনর্ষিসৃষ্টেন চ তেজসাবৃতং
জ্বলৎ প্রকাশার্কসহস্রতুল্যং।
তস্মাচ্চ জাতা তরলায়তাক্ষী
কাত্যায়নী যোগবিশুদ্ধদেহা।

অনুবাদ।

শঙ্করের ক্রোধ দেখিয়া প্রজাপতির অতিশয় ক্রোধের উদয় হইল। অনন্তর অন্যান্য ইন্দ্র প্রভৃতি দেবগণের তাদৃশ ক্রোধের উদয় হইল। কমলাপতি প্রভৃতি দেবগণের অতিশয় ক্রোধ হওয়াতে তাহাদিগের বদন হইতে অতি ভয়ঙ্কর তেজ বিনিঃসৃত হইতে লাগিল। হে নারদ! দেবগণের বদন হইতে যে সমস্ত তেজ বহির্গত হইল ঐ সকল তেজ একত্রিত হইয়া এক অতি উচ্চতর পর্ব্বত সদৃশ হইয়া শোভা পাইতে লাগিল। কাত্যায়ন মুনির তেজের সদৃশ হওয়াতে তাপসগণ কর্ত্তৃক তেজ গৃহীত হইল। এজন্য ঋষিসৃষ্ট তেজ তাহাতে মিলিত হওয়াতে ঐ তেজ সহস্র সূর্য্য সদৃশ উজ্জ্বল দেদ্দীপ্যমান হইয়া শোভা পাইতে লাগিল। পরে ক্রমশঃ ঐ তেজ হইতে আয়তাক্ষী তরলা যোগবিশুদ্ধ দেহা কাত্যা-য়নী সম্ভূতা হইলেন। তন্মধ্যে শঙ্করের তেজে তাহার বদন, অনলের তেজে ত্রিনয়ন, ধর্ম্মরাজের তেজে কেশকলাপ, কমলা-

মহেশ্বরা দ্বক্ত্রমথো বভূব
নেত্রত্রয়ং পাবকতেজসা চ।
যাম্যেন কেশা হরি তেজসা চ
ভুজাস্তথাষ্টাদশ সংপ্রজাজ্ঞিরে।
সৌম্যেন যুগ্মং স্তনয়োঃ সুসংহিতং
মধ্যং তথৈন্দ্রেণ চ তেজসাভবৎ।
ঊরু চ সংহত্য নিতম্ব সংযুতৌ
জলেশ দেবস্তু তু তেজসা হি।
পাদৌ তু লোক পিতামহস্তু
পদ্মাভিকোষ প্রতিমৌ বভূব তু।
দিবাকরাণামপি তেজসাঙ্গুলীঃ
করাঙ্গুলীর্ব্বাসব তেজসা চ।
প্রজাপতীনাং দশনাশ্চ তেজসা
যক্ষেণ নাসাশ্রবণৌ চ মারুতাৎ।
সন্ধ্যেন চ ভ্রূযুগলং সুকান্তিমৎ
কন্দর্পবাণাসনসন্নিভং বভৌ।

অনুবাদ।

পতির তেজে অষ্টাদশ বাহু, চন্দ্রের তেজে স্তনদ্বয়, ইন্দ্রের তেজে মধ্যদেশ, জলাধিপের তেজে নিতম্ব ও উরুযুগল, ব্রহ্মার তেজে অরবিন্দ সদৃশ পাদযুগল, দিবাকরের তেজে পাদাঙ্গুলিনিচয়, বসুতেজে করাঙ্গুলী সকল, প্রজাপতির তেজে দশনকলাপ, যক্ষের তেজে নাসাদ্বয়, মারুতের তেজে শ্রবণযুগল, সন্ধ্যার তেজে অতি কমনীয় কন্দর্প কার্ম্মুকসদৃশ ভ্রূযুগল এবং উক্ত ঋষিতেজে মহ-

তথর্ষিতেজোত্তমমুত্তমং মহৎ
তত্ত্বং পৃথিব্যামভবৎ প্রসিদ্ধং।
কাত্যায়নীত্যেব তদাবভৌ সা
নাম্না চ তেনৈব জগৎ প্রসিদ্ধা।
দদৌ ত্রিশূলং বরদস্ত্রিশূলী
চক্রং মুরারির্ব্বরুণশ্চ শঙ্খং।
শক্তিং হুতাশঃ শ্বসনশ্চ চাপঃ
তূণৌ তথাক্ষয়শরৌ বিবস্বান্।
বজ্রং তথেন্দ্রঃ সহ ঘণ্টয়া চ
যমোঽথ দণ্ডং ধনদো গদাঞ্চ।
ব্রহ্মাক্ষমালাং সকমণ্ডলুঞ্চ
কালোঽসি মুগ্রং সহ চর্ম্মণা চ।
হারঞ্চ সোমঃ সহ চামরেণ
মালাং সমুদ্রো হিমবান্ মৃগেন্দ্রং।
চূড়ামণিং কুণ্ডলমর্দ্ধচন্দ্রং
প্রাদাৎ কুঠারং বসুঃ শল্যকর্ত্তা।

অনুবাদ।

তৎপরে এবম্বিধ তেজ সম্ভূতা জগৎ প্রসিদ্ধা কাত্যায়নী দেবী পৃথিবীতে আবির্ভূতা হইলেন। পরে ত্রিশূলী তাঁহাকে স্বীয় ত্রিশূল হইতে ত্রিশূল, চক্রধারী চক্র, জলেশ শঙ্খ, অনল শক্তি, পবন চাপ, দিবাকর শরপূর্ণ অক্ষয় তূণীরদ্বয়, পুরন্দর বজ্র ও ঘণ্টা, ধর্ম্মরাজ দণ্ড, কুবের গদা, ব্রহ্মা অক্ষমালা ও কমণ্ডলু, কাল তীক্ষ্ণখড়্গ ও চর্ম্ম, চন্দ্র অমলহার ও চামর, সমুদ্র বিকাশিত পদ্মমালা, হিমালয় সিংহ শিরোভূষা অর্থাৎ মুকুট কর্ণকুণ্ডল অর্দ্ধচন্দ্র

গন্ধর্ব্বরাজো রজতানুলিপ্তং
পানস্য পূর্ণং সহশঙ্খ ভাজনং।
ভুজঙ্গহারো ভুজগেশ্বরোঽপি
অম্লানপুষ্পাং ঋতবঃ স্রজঞ্চ।
তদাভিতুষ্টাসুরসত্তমানা-
মট্টট্টহাসং মুমুচে ত্রিনেত্রা।
তাং তুষ্টুবুর্দ্দেববরাঃ মহেন্দ্রাঃ
সবিষ্ণুরুদ্রেন্দ্বনলাগ্নিভাস্করাঃ।
নমোঽস্তু দেব্যৈ সুরপূজিতায়ৈ
যা সংস্থিতা যোগবিশুদ্ধদেহাঃ।
নিদ্রা স্বরূপেণ মহীং বিচিন্ত্য
তৃষ্ণাত্রপাক্ষুদ্ভয়দাথ কান্তিঃ।
শ্রদ্ধা স্মৃতিঃ পুষ্টিরথো ক্ষমা চ
ছায়াথ শক্তিঃ কমলালয়া চ।

অনুবাদ।

এবং পরশু, বসুগণ শল্য ও ছুরিকা, গন্ধর্ব্বরাজ রজত নির্ম্মিত আশবপূর্ণ পানপাত্র, নাগরাজ ভুজঙ্গহার, ঋতুগণ অম্লান পুষ্প-মালা প্রদান করিলেন। ত্রিনয়না কাত্যায়নী এবম্বিধ দেবগণের ভূষণ আয়ুধ গ্রহণ করিয়া অত্যুচ্চ অট্টহাস করিতে লাগিলেন। তৎকালে ইন্দ্রও বিষ্ণুর সহিত রুদ্র, চন্দ্র, অনল, অনিল ভাস্কর প্রভৃতি দেবগণ সকলে কাত্যায়নীকে স্তব করিতে লাগিলেন। তুমি দেবগণের পূজিতা তোমাকে আমরা নমস্কার করি, তুমি দেবী যোগবিশুদ্ধদেহা তুমি নিদ্রারূপে অবস্থিতি করিতেছ; তুমি তৃষ্ণা, তুমি লজ্জা, তুমি ক্ষুৎভয়দা, তুমি কান্তিরূপা, তুমি শ্রদ্ধারূপা, তুমি স্মৃতিরূপা, তুমি পুষ্টিরূপা, তুমি ক্ষমা, তুমি ছায়ারূপা, তুমি

বৃত্তির্দ্দয়া ভ্রান্তিরথেহ মায়া
নমোঽস্তু দেব্যৈ ভবরূপিকায়ৈ।
তত স্তুতা দেববরৈর্ম্মৃগেন্দ্র-
মারুহ্য দেবী প্রয়তা বনাদ্যং।
বিন্ধ্যং মহাপর্ব্বতমুচ্চশৃঙ্গং
চকার যং নিম্নতরং ত্বগস্ত্যঃ॥

নারদ উবাচ।

কিমর্থমদ্রিং ভগবানগস্ত্য
স্তং নিম্নশৃঙ্গং কৃতবান্ মহর্ষিঃ।
কস্মৈ কৃতে কেন চ কারণেন
এতদ্বদস্বামল সত্ত্ব মূর্ত্তে।

পুলস্ত্য উবাচ।

পুরা হি বিন্ধ্যেন দিবাকরস্য
গতির্নিরুদ্ধা গগনে চরস্য।

অনুবাদ।

শক্তিরূপা, তুমি লক্ষ্মীরূপা, তুমি বৃত্তিরূপা, তুমি ভ্রান্তিরূপা, তুমি মায়ারূপা, তুমি ভয়রূপা, তোমাকে আমরা নমস্কার করি। অনন্তর কাত্যায়নী দেবী বিবুধগণ কর্ত্তৃক বন্দিতা হইয়া অতি বলবান্ মৃগেন্দ্রে আরোহণ পূর্ব্বক মহর্ষি অগস্ত্য বিন্ধ্যপর্ব্বতের যে অতি উচ্চশৃঙ্গ নিম্নতর করিয়াছিলেন সেই মহাপর্ব্বতের উপরিভাগে আরোহণ করিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। হে নির্ম্মল সত্ত্বমূর্ত্তে! হে মহর্ষিন্! মহর্ষি অগস্ত্য কি কারণে কাহার নিমিত্ত এবম্বিধ অত্যুচ্চতর মহাপর্ব্বত বিন্ধ্যকে নিম্নতর করিয়াছিলেন তদ্বিষয় বিশেষ বর্ণন করিয়া চরিতার্থ করুন্। পুলস্ত্য বলিলেন। অতিপূর্ব্বকালে বিন্ধ্যগিরি অতিশয় বর্দ্ধিত হইয়া গগণচারী দিবা-

রবিস্ততঃ কুম্ভভবং সমেত্য
হোমাবসানে বচনং বভাষে।
সমাগতোঽহং দ্বিজদূরতস্ত্বং
কুরুস্ব মামুদ্ধরণং মুনীন্দ্র।
দদস্ব দানং মমযন্মনীষিতং
চরামি যেন ত্রিদিবেষু নির্বৃতঃ।
ইত্থং দিবাকরবচো গুণসঙ্গযোগি
শ্রুত্বা তদা কলসজো বচনং বভাষে।
দানং দদামি তব যন্মনসস্ত্বভীষ্টং
নার্থী প্রয়াতি বিমুখো মম কশ্চিদেব।
শ্রুত্বা বচোমৃতময়ং কলসোদ্ভবস্য
প্রাহ প্রভুঃ করতলং বিনিধায় মূর্দ্ধ্নি।

অনুবাদ।

করের গতিরোধ করিল। দিবাকর তাহাতে অতি শঙ্কিত হৃদয়ে কুম্ভযোনি মহর্ষি অগস্ত্যের নিকট উপস্থিত হইয়া মহর্ষির হোমাবসানে আবেদন করিল। হে দ্বিজশার্দ্দূল! হে মুনীন্দ্র! আমি অধিকতর দূর হইতে আপনার নিকট আসিয়াছি কৃপা প্রদর্শনপূর্ব্বক আমাকে উদ্ধার কর। আমি মহাশয়ের নিকট যাহা প্রার্থনা করিতেছি তাহা আমাকে প্রদান করুন্ আমি আপনার প্রসাদে স্বর্গলোকে নিরাপদে গমনাগমন করি। যোগীবর অগস্ত্য দিবাকরের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া বলিলেন। তোমার যে মনোভীষ্ট অবশ্যই প্রদান করিব, কারণ প্রার্থীগণ আমার নিকট কখনই বিমুখ হয় নাই। তখন দিবাকর মহর্ষি অগস্ত্যের এবম্বিধ অমৃতায়মান আশ্বাস বাক্য শ্রবণ করিয়া, হস্তদ্বয় মস্তকে বিন্যাসপূর্ব্বক নিবে-

এষোহদ্য মে গিরিবরঃ প্ররুণদ্ধি মার্গং
বিন্ধ্যাস্য নিম্নকরণে ভগবান্ যতস্ব।
ইতি রবিবচনাদথ কুম্ভজেন
কৃতমিতি বিদ্ধি মহা হি নীচশৃঙ্গং।
তব কিরণ জিতো ভবিষ্যতি মহীধ্রঃ
মম চরণসমাশ্রিতস্য তে যথা।
ইত্যেবমুক্ত্বা কলসোদ্ভবস্তু
সূর্য্যং হি সংস্তূয় বিনম্রভক্ত্যা।
জগাম সংত্যজ্য চ দণ্ডকং হি
বিন্ধ্যাচলং বৃদ্ধবপু র্মহর্ষিঃ।
গত্বা বচঃ প্রাহ মুনির্মহীধ্রং
যাস্যে মহাতীর্থবরং সুপুণ্যং।
বৃদ্ধোস্ম্যশক্তশ্চ তবাধিরোঢুং
তস্মাদ্ভবা ন্নীচতরো স্থ সদ্যঃ।

অনুবাদ।

দন করিল। এই গিরিবর বিন্ধ্য অদ্য আমার বিমানপথ রোধ করিয়াছে অতএব ভগবান্ এক্ষণে এই গিরিবরের নতশির করণে যত্ন কর। এবম্বিধ দিবাকরের বাক্যে অগস্ত্য বলিলেন তুমি জান আমি অবশ্যই গিরিবরের নিম্নশৃঙ্গ করিব। তুমি আমার চরণে শরণাপন্ন হইয়াছ অতএব মহীধর বিন্ধ্য অবশ্যই তেজহীন হইবে অতিবৃদ্ধতম মহর্ষি অগস্ত্য এবম্বিধ আশ্বাস প্রদানপূর্ব্বক ভক্তি দ্বারা বিনীতভাবে দিবাকরকে শান্ত্বনা করিয়া দণ্ডকারণ্য পরিত্যাগ পূর্ব্বক বিন্ধ্যাচলে গমন করিলেন। তথায় উপস্থিত হইয়া মুনিবর বিন্ধ্যকে বলিলেন আমি অতি পুণ্যতীর্থে গমন করিব কিন্তু আমি অতি বৃদ্ধপ্রযুক্ত গমনে অশক্ত অতএব তুমি এক্ষণে নিম্নশির হও

ইত্যেবমুক্তো মুনিসত্তমেন
সনীচশৃঙ্গ স্ত্বভবন্মহীধ্রঃ।
সমাক্রমচ্চাপি মহর্ষিমুখ্যঃ
প্রোল্লঙ্ঘ্য শৈলং ত্বিদমাহ বিন্ধ্যং।
যাবন্নভূয়ো নিজ মাশ্রমাসি
মহাশ্রমং ধৌতবপুঃ সুতীর্থাৎ।
ত্বয়া ন তাবত্ত্বিহ বর্দ্ধিতব্যং
নোচেদ্বিশপ্স্যেহ মবজ্ঞকার্য্যাৎ।
ইত্যেব মুক্ত্বা ভগবান্ জগাম
দিশং সযাম্যাং সহসান্তরীক্ষং।
আক্রম্যতস্থৌ সহিতাং তদাশাং
কালে ব্রজাম্যত্র যদা মুনীন্দ্রঃ।
তত্রাশ্রমং রম্যতরং হি কৃত্বা
সংশুদ্ধ জাম্বুনদতোরণান্তং।

অনুবাদ।

তোমাতে আরোহণ করিয়া গমন করিব। তাপসাগ্রগণ্য অগস্ত্য এইরূপ বলিলে শৈলবর বিন্ধ্য তৎক্ষণাৎ নীচশৃঙ্গ হইল। মহর্ষি-মুখ্য অগস্ত্য মহীধরে আরোহণ করিয়া তৎক্ষণাৎ তাহাকে উল্লঙ্ঘন পূর্ব্বক বিন্ধ্যকে বলিলেন যে পর্য্যন্ত পুণ্যতীর্থ হইতে স্নান করিয়া স্বীয় আশ্রমে প্রত্যাগমন না করিব তাবৎকাল পর্য্যন্ত তুমি উন্নত শির হইবে না, যদি তুমি মস্তক উত্থিত কর তবে আমাকে অবজ্ঞা-কারিত্ব প্রযুক্ত তোমাকে অভিসম্পাত করিব। এই কথা বলিয়া ভগবান্ অগস্ত্য সহসা দক্ষিণাভিমুখে অন্তরীক্ষে গমন করিলেন। তাপসবর অগস্ত্য বিন্ধ্যকে বলিলেন আমি যথা সময়ে প্রত্যাগমন করিব পরে তিনি সেই দিক্ আশ্রয় করতঃ অবস্থিতি পূর্ব্বক

তত্রাথ নিক্ষিপ্য বিদর্ভপুত্রীং
স্বমাশ্রমং সৌম্য মুপাজগাম।
ঋতাবৃতৌ পর্ব্বকার্য্যেষু নিত্যং
তদম্বরে হ্যাশ্রমমাবসেতসঃ।
শেষং হি কালং সহিদণ্ডকস্থ
স্তপশ্চচারামিত কান্তিমান্ মুনিঃ।
বিন্ধ্যোপি দৃষ্ট্বা গগণে মহাশ্রমং
বৃদ্ধিং নযাত্যেব ভয়ান্মহর্ষে।
নাসৌ নিবৃত্তে চ মতিং বিধায়
সুসংস্থিতো নীচতরাগ্রশৃঙ্গঃ।
এবস্ত্বগস্ত্যেন মহাচলেন্দ্রঃ
সনীচ শৃঙ্গোহি কৃতোমহর্ষে।
তস্যোর্দ্ধ শৃঙ্গে মুনিসংস্তুতাসা
দুর্গাস্থিতাদানব নাশনার্থং।

অনুবাদ।

গগণমার্গে বিশুদ্ধ সুবর্ণ দ্বারা বহির্দ্বারাদি নির্ম্মাণ করতঃ অপূর্ব্ব রমণীয় আশ্রম প্রস্তুত করিলেন। সেই গগণমার্গের আশ্রমে প্রতি ঋতুতে পর্ব্বকার্য্য নির্ব্বাহের ভার বিদর্ভপুত্রীর প্রতি অর্পণ করিয়া স্বয়ং সেই রমণীয় আশ্রমে অবস্থিতি করিলেন। শুভ্রকান্তি সেই মুনিবর কার্য্যাবশেষকাল দণ্ডকারণ্যে তপস্যার্থ মনোনিবেশ করিলেন। গিরিবর গগণমার্গে অগস্ত্যের আশ্রম অবলোকন করিয়া শঙ্কাপ্রযুক্ত বর্দ্ধিত হইলেন না। হে নারদ! নীচতরাগ্রশৃঙ্গ সেই পর্ব্বতবর নিবৃত্ত বিষয়ে মনস্থির করিয়া সুস্থির হইলেন না। হে নারদ! এবম্বিধ ভগবান্ অগস্ত্য অচলবর বিন্ধ্যকে নীচশৃঙ্গ করিলেন। সেই বিশাল পর্ব্বতের ঊর্দ্ধশৃঙ্গে মুনিগণ সংস্তুতা

দেবাশ্চ সিদ্ধাশ্চ মহোরগাশ্চ
বিদ্যাধরা ভূতগণাশ্চ সর্ব্বে।
সর্ব্বাপ্সরোভিঃ প্রতিরাময়ন্তঃ
কাত্যায়নীং তস্তুরপেতশোকাঃ।

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দেবীমাহাত্ম্যে অগস্ত্যেন বিন্ধ্যাচলং নীচবর্ণনং নামাষ্টাদশোঽধ্যায়ঃ।

অনুবাদ।

ভগবতী দুর্গা দানবদলনার্থ অবস্থিতি করিলেন। দেবগণ সিদ্ধগণ উরগগণ বিদ্যাধর ও ভূতগণ প্রভৃতি সকলে অপ্সরাগণ দ্বারা দেবীকে সন্তোষ করাইয়া বিগত শোক প্রফুল্লচিত্তে স্তব করিতে লাগিলেন।

ইতি বামন-পুরাণে অষ্টাদশতমোঽধ্যায়।

ঊনবিংশোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততস্তুতাং তত্রতদা বসন্তীং
কাত্যায়নীং শৈলবরস্য শৃঙ্গে।
অপশ্যতাং দানবসত্তমৌদ্বৌ
চণ্ডশ্চ মুণ্ডশ্চ তপস্বিনীং তাং।
দৃষ্ট্বৈব শৈলাদবতীর্য্য শীঘ্র
মাজগ্মতু স্তৌ ভবনং সুরারী।
দৃষ্ট্বোচতু স্তৌ মহিষাসুরস্য
দূতাবিদং চণ্ডমুণ্ডৌদিতীশং।
স্বস্থোভবান্ শৃণু সুরেন্দ্রসাম্প্রতং
আগচ্ছ পশ্যাম চ তত্রবিন্ধ্যং।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। অনন্তর সেই বিশাল পর্ব্বতশৃঙ্গে কাত্যা-য়নী দেবী দানবগণ সংহারের জন্য অবস্থিতি করিতেছেন এমত সময়ে মহিষাসুরের অনুচর চণ্ড ও মুণ্ড নামে দুই দানব সেই পর্ব্বত-শৃঙ্গে সহসা গমন করিয়া দেবীর মোহিনীমূর্ত্তি অবলোকন পূর্ব্বক তৎক্ষণাৎ তথা হইতে দ্রুতবেগে মহিষাসুরের নিকট গমন করিয়া কাত্যায়নী দেবীর মোহিনীমূর্ত্তি সবিশেষ কীর্ত্তন করিল। হে দানবেন্দ্র! আপনি সুস্থ আছেন তবে এক্ষণে শ্রবণ কর। আমাদিগের সঙ্গে বিন্ধ্যশিখরে আইস আমরা দেখিয়াছি

তত্রাস্তি দেবীসুমহানুভাবা
কন্যাসুরূপা সুরসুন্দরীণাং।
জিতাম্বুরা তোয়ধরোঽলকৈর্হি
জিতং শশাঙ্কো বদনেন তস্যা।
নেত্রৈস্ত্রিভি স্ত্রীণিহুতাশনানি
জিতানি কণ্ঠেন জিতস্তু শঙ্খঃ।
ঘনৌসুবৃত্তাববমগ্নচুচুকৌ
স্থিতৌ বিজিত্যেব গজস্যকুম্ভৌ।
ত্বাং সর্ব্বজেতারমিতি প্রতর্ক্য
কুচৌস্মরেণেব কৃতৌসুদুর্গৌ।
পীনাঃ সশস্ত্রাঃ পরিঘোপমাশ্চ
ভুজাস্তথাষ্টাদশ ভান্তি তস্যাঃ।
পরাক্রমং বৈভবতো বিদিত্বা
কামেন যত্নঃ ইব তে কৃতাস্তু।

অনুবাদ।

এই পর্ব্বতশিখরে এক অতি সুরূপা কামিনী বোধ হয় সুরসুন্দরীগণের মধ্যে এই কামিনী অতি সুন্দরী। তুমি এই সুরূপা কামিনীকে জয় কর। কোমলাঙ্গী সুরূপা এই কামিনীরবদন শোভায় শশাঙ্ক পরাজিত হইয়াছে। অলকাশোভায় মেঘ সকল পরাভূত হইয়াছে। ত্রিনয়ন দ্বারা অনল ত্রয়কে পরাজয় করিয়াছে। কণ্ঠ দ্বারা শঙ্খ তিরস্কৃত হইয়াছে। ঘন সুবৃত্ত স্তনদ্বয় দ্বারা করিকুম্ভকে বিনির্জ্জিত করিয়াছে। আপনাকে সর্ব্ববিজয়ী জানিয়া কন্দর্প এই কামিনীর স্তনদ্বয় অতিশয় উন্নত করিয়াছেন। সেই কামিনী অস্ত্র শস্ত্রযুক্ত অতি কোমল অষ্টাদশ বাহু দ্বারা শোভা পাইতেছে। আপনার পরাক্রম ও বিভব বিশেষ জানিয়া কন্দর্প

মধ্যঞ্চ তস্যাস্ত্রিবলীতরঙ্গং
বিভাতি দৈত্যেন্দ্র সুরোমরাজিঃ।
ভয়াত্তবারোহণ কাতরস্য
কামস্য সোপানমিব প্রযুক্তং।
সরোমরাজী নিতরাং স্থিতস্যা
বিরাজতে পীনকুচাবলগ্না।
আরোহণেত্বস্তুয় কাতরস্য
স্বেদপ্রবাহোঽসুর মন্মথস্য।
নাভির্গভীরা সুতরাং বিভাতি
প্রদক্ষিণস্যা পরিবর্ত্তমানাঃ।
বিভাতিরম্যং জঘনং মৃগাক্ষ্যাঃ
সমন্ততো মেখলয়াবঘৃষ্টং।

অনুবাদ।

যত্নপূর্ব্বক এই সুরূপা কামিনী সৃষ্টি করিয়াছেন। হে দানববর! তাহার মধ্যদেশে যে ত্রিবলীমালা তাহাতে সুন্দর রোমরাজীযুক্ত থাকায় অতিশয় মনোজ্ঞ, কারণ তুমি আরোহণ করিবে যদি তোমার কষ্ট হয় এই শঙ্কাপ্রযুক্ত বোধ হয় কন্দর্প তাহার সোপান সৃষ্টি করিয়াছেন। কাজেই তাহার রোমরাজী পীন পয়োধরের নিম্নদেশ পর্য্যন্ত সংলগ্ন হইয়া শোভমান হইয়াছে। হে দানববর! তুমি আরোহণ করিবে এই ভয় কাতর প্রযুক্ত স্বেদ প্রবাহযুক্ত হইয়াছে। প্রদক্ষিণের অপরিবর্ত্তমানা গভীরা নাভী সুতরাং শোভা হইতেছে। এবং সেই মৃগনয়না কামিনীর জঘনদেশে মেখলা বিন্যস্ত থাকাতে অতিশয় রমণীয় শোভাযুক্ত হইয়াছে।

তজ্জানুযুগ্মং মহিষাসুরেন্দ্র
হ্যনুত্তমং ভাতি তথৈব তস্যাঃ।
সৃষ্ট্বা বিধাতাহি নিরূপমায়
শ্রান্তস্তথাহস্ততলৌদদৌহি।
জঙ্ঘে সুবৃত্তেপি চরো মহীতলে
তস্যাস্তু দৈত্যেশ্বর তে তদীয়ে।
আক্রম্য লোকানিব নির্ম্মিতায়া
রূপং বিজিত্যেব কৃতাবরো হি।
পাদৌচ তস্যাঃ কমলোদরাভৌ
প্রযত্নতস্তৌহি কৃতৌ বিধাত্রা।
আঙ্গুলিয়ি তস্যাঃ নখরক্তমালা
নক্ষত্রমালা গগণে যথৈব।
এবং সুরূপা দনুনাথ কন্যা
মহোগ্র শস্ত্রাণিচ ধারয়ন্তী।

অনুবাদ।

হে অমরেন্দ্র! সেই কামিনীর অনুত্তম জানুযুগল অতিশয় শোভা-যুক্ত হইয়াছে। বোধ হয় বিধাতা এই নিরুপমা কামিনী সৃষ্টি করিয়া শ্রান্ত প্রযুক্ত নির্জ্জনে তাহার হস্তদ্বয় নির্ম্মাণ করিয়াছেন। এবং সেই দেবীর কমলোদরের ন্যায় যে পাদদ্বয় বোধ হয় বিধাতা অতিযত্নপূর্ব্বক নির্ম্মাণ করিয়াছিলেন। তাহার রক্তবর্ণ যে নখর শ্রেণী গগণমার্গে নক্ষত্রমালার ন্যায় শোভা পাইতেছে হে দৈত্যনাথ! সেই কামিনী এবম্বিধা সুরূপা তুমি জান কিন্তু হস্তে অতি ভয়ঙ্কর অস্ত্রশস্ত্র ধারণ করিয়াছে। আমরা বিশেষ নিরীক্ষণ করিয়া দেখিয়াছি

দৃষ্ট্বা যথেষ্টং নচ বেদ্মি কা সা
সুতা তথা কস্যচিদেববালা।
তদ্ভূতলে রত্ন মনুত্তমং স্থিতং
স্বর্গং পরিত্যজ্য মহাসুরেন্দ্র।
গত্বাদ্য বিন্ধ্যং স্বয়মেব পশ্য
কুরুস্ব যত্তেঽভিমতং ক্ষমঞ্চ।
শ্রুত্বৈব তাভ্যাং মহিষাসুরস্তু
দেব্যাঃ প্রবৃত্তিং কমনীয়রূপং।
চক্রে মতিং নাত্র বিচার্য্যমস্তি
ইত্যেবমুক্ত্বা মহিষোঽপি বক্তি।
প্রাগেব পুংসস্তু শুভাশুভানি
স্থানে বিধাত্রা প্রতিপাদিতানি।

অনুবাদ।

কিন্তু জানিতে পারিলাম না সেই সুন্দরী কামিনী কে কাহার তনয়া কাহার কুল উজ্জ্বল করিয়াছে। হে দানবনাথ! সেই অতীব সুন্দরী স্ত্রী-রত্ন ত্রিদশালয় পরিত্যাগপূর্ব্বক অবনীতলে অবস্থিতি করিতেছে। অতএব হে দৈত্যবর! তুমি স্বয়ং বিন্ধ্যাচলে গমনপূর্ব্বক দৃষ্ট কর পরে তোমার যেরূপ অভিপ্রায় হয় তাহার চেষ্টা কর। এবম্বিধ সেই কামিনীর অতি রমণীয় রূপ লাবণ্যের কথা দূত মুখে শ্রবণ করিয়া মহিষাসুর সেই দেবীকে গ্রহণ করিবার অভিলাষ করিয়া বলিলেন এবিষয়ের কোন বিবেচনা করা কর্ত্তব্য নহে কিরূপ বা বিবেচনা করিব যে সময় বিধাতা প্রাণিগণ সৃষ্টি করেন তাহার অগ্রে তাহার শুভাশুভ নির্দ্দিষ্ট করিয়াছেন। প্রাণিগণ যে স্থানে গমন

যস্মিন্ যথা যাতি চ সোঽথ বিপ্র
স নীয়তে বা ব্রজতি স্বয়ঞ্চ।
ততোঽনুমুণ্ডং নমরং সচণ্ডং
বিড়ালনেত্রং কপিলং সবাস্কলং।
উগ্রায়ুধং বীক্ষ্য চ রক্তবীজং
সমাদিদেশাথ মহাসুরেন্দ্রঃ।
আহত্য ভেরীং রণকর্কশাস্তে
স্বর্গং পরিত্যজ্য মহীধরাস্তে।
আগম্য শূলে শিবিরং নিবেশ্য
তস্থুশ্চ সংজ্ঞা দনুপুঙ্গবাস্তে।
ততস্তু দৈত্যা মহিষাসুরেণ
সংপ্রেরিতা দানবযূথপালাঃ।

অনুবাদ।

করুক্ না কেন তাহার যে সুখ দুঃখ ও লাভালাভ সেখানেই হয়। অতএব যদি সুরূপা কন্যা আমার নিকট উপস্থিত হইয়াছে তখন গ্রহণ করা কর্ত্তব্য বোধ হয় বিধাতা আমার নিমিত্তই এখানে পাঠাইয়াছেন। এইরূপ মনে স্থির করিয়া পরে মুণ্ড, নমর, চণ্ড, বিড়ালাক্ষ, কপিল, বাস্কল, উগ্রায়ুধ ও রক্তবীজ প্রভৃতি কতিপয় দানবাগ্রগণ্য দুর্দ্দম দানবের প্রতি আদেশ করিলেন। রণদুর্জ্জয় দানবগণ তোমরা স্বর্গ পরিত্যাগ করিয়া ভেরীর নিনাদপূর্ব্বক বিন্ধ্যাচলের প্রান্তভাগে গমন করিয়া তথায় শূল দ্বারা শিবির নির্ম্মাণপূর্ব্বক সৈন্যগণের সহিত অবস্থিতি কর। মহিষাসুর কর্ত্তৃক প্রেরিত দানবগণ সৈন্যগণ সমভিব্যাহারে সেই

ময়স্য পুত্রো রিপুসৈন্যমর্দ্দী
সদুন্দুভির্দুন্দুভি নিস্বনস্তু।
আগত্য দেবীং গগনস্থিতোহপি
সদুন্দুভির্বাক্যমুবাচ বিপ্র।
কুমারি দূতোহস্মি মহাসুরস্য
রম্ভাত্মজস্যাপ্রতিমস্য যুদ্ধে।
কাত্যায়নীং দুন্দুভি মিত্যুবাচ
এহ্যেহি দৈত্যেন্দ্র ভয়ং বিমুচ্য।
বাক্যঞ্চ যদ্রম্ভসুতো বভাষে
বদস্ব তৎ সত্যমপেত মোহঃ।
তথেত্যু বাক্যং দিতিজঃ শিবায়া
শ্রুত্বাম্বরং ভূমিতলে নিষন্নঃ।
সুখোপবিষ্টঃ পরমাসনে চ
রম্ভাত্মজেনোক্ত মুবাচ বাক্যং।

অনুবাদ।

পর্ব্বতে গমন করিল তথায় গমন করিয়া রিপুদলনকারী ময়দানবের তনয় দুন্দুভি দুন্দুভিধ্বনি করতঃ আকাশমার্গ হইতে দেবীকে বলিল। কুমারি আমি মহিষাসুরের দূত, রম্ভার তনয় সংগ্রামে আমার সদৃশ কেহই নাই। দানবের এই শ্লাঘাবাক্য শ্রবণপূর্ব্বক কাত্যায়নী দানবকে বলিলেন দানববর আইস শঙ্কা পরিত্যাগ কর। তুমি যে বলিলে আমি রম্ভার তনয় এক্ষণে মোহ পরিত্যাগ পূর্ব্বক সত্য বল। দেবীর এইরূপ বাক্য শ্রবণ করিয়া দানব অম্বর পরিত্যাগ-পূর্ব্বক ভূমিতলে অবতরণ হইল। এবং অতি রমণীয় আসনে সুখে উপবেশন পূর্ব্বক দেবীকে বলিল। হে দেবী! অমরারি দৈত্য

দুন্দুভিরুবাচ।

এবং সমাজ্ঞাপয়তে সুরারি
স্ত্বাং দেবি দৈত্যো মহিষাসুরস্তু।
যথামরা হীনবলাঃ পৃথিব্যাং
ভ্রমন্তি যুদ্ধে বিজিতা ময়া তে।
স্বর্গাম্মহীং বায়ুপথাচ্চ বশ্যাঃ
পাতালমন্যে চ মহেশ্বরাদ্যাঃ।
ইন্দ্রোঽস্মি রুদ্রোঽস্মি দিবাকরোঽস্মি
সর্ব্বেষু দেবেষ্বধিপোঽস্মি বালে।
নমোঽস্তি নাকে ন মহীতলে বা
রসাতলে দেবভটোঽসুরো বা।
যো মাং হি সংগ্রামমুপেযিবাংস্তু
যুদ্ধে বিপক্ষো ন জিজীবিষুর্যঃ।
যান্যেব রত্নানি মহীতলে বা
স্বর্গেঽপি পাতালতলেঽথ মুগ্ধে।

অনুবাদ।

বর মহিষাসুর তোমাকে বলিয়াছেন। অমরগণ হীনবল হইয়া আমার নিকট যুদ্ধে পরাজিত হইয়া পৃথিবীতে ভ্রমণ করিতেছে। মহেশ্বর প্রভৃতি দেবগণের মধ্যে কেহ কেহ স্বর্গলোক হইতে পৃথিবীতে কেহ কেহ বা বায়ুপথ হইতে পাতালে বাস করিতেছে। আমি ইন্দ্র, আমি রুদ্র, আমি দিবাকর, হে বালিকে! অধিক কি আমি সকল দেবতার অধিপতি। আমার সমান স্বর্গলোকে, মহীতলে অথবা পাতালে কোন দেবতা বা অসুর কেহই নাই। যে কোন বিপক্ষ আমার সহিত সংগ্রাম করিবার ইচ্ছা করে সে কখনই জীবনের আশা করে না। হে বিশালনেত্রে! পৃথিবীতে স্বর্গে বা রসাতলে যে কিছু

সর্ব্বাণি মামদ্য সমাগতানি
বীর্য্যার্জ্জিতানীহ বিশালনেত্রে।
স্ত্রীরত্নমগ্র্যং ভবতীচ কন্যা
প্রাপ্তোঽস্মি শৈলং তবকারণেন।
তস্মাদ্ভজস্বেহ জগৎপতিং মাং
পতিস্তবাহঞ্চ বিভুঃ প্রভুশ্চ॥

পুলস্ত্য উবাচ।

ইত্যেবমুক্তা দিতিজেন দুর্গা
কাত্যায়নী প্রাহ ময়স্য পুত্রং।

দেব্যুবাচ।

কুলে মদীয়ে শৃণু দৈত্যশুল্কং
কৃতঞ্চ যৎ পূর্ব্বনরৈঃ প্রসহ্য।
যোজেষ্যতে মৎকুলজাং রণাগ্রে
স স্যাঃ সভর্ত্তাপি ভবিষ্যতীতি॥

অনুবাদ।

রত্ন ছিল যুদ্ধে পরাজয় করিয়া অদ্য সমস্তই আমি আনিয়াছি। তুমি স্ত্রীরত্ন তোমাকে আমি গ্রহণ করিব তোমার নিমিত্ত আমি এই শৈল শিখরে আসিয়াছি। আমি স্বর্গ মর্ত্য ও পাতাল ত্রিলোকের পতি তুমি আমাকে ভজনাকর আমি তোমার পতি আমি তোমার বিভু আমি তোমার প্রভু। পুলস্ত্য বলিলেন। রম্ভার তনয় এবম্বিধ বলিলে, কাত্যায়নী তাহাকে বলিলেন। দানবরাজ অতিশয় গুণবান ও ত্রিলোকের অধিপতি সত্য এবং সংগ্রামে সকল দেবগণের পরাজয় করিয়াছেন সত্য কিন্তু হে দনুজবর! আমাদিগের বংশে চিরপ্রসিদ্ধ শুল্করূপ ধর্ম্ম আছে তবে যদি দানবরাজ মহিষ

সত্যং প্রভুর্জ্জানিবরস্মট্ পৃথিব্যাং
সত্যঞ্চ যুদ্ধে বিজিতামরাশ্চ।
কিন্ত্বস্তি দৈত্যেশকুলে মদীয়ে
ধর্ম্মো হি শুল্কাখ্য ইতি প্রসিদ্ধঃ।
তঞ্চেৎ প্রদদ্যান্মহিষো মমাদ্য
ভজামি সত্যেন পতিং হ্যরিং।
শ্রুত্বাথ বাক্যং ময়জো ব্রবীচ্চ
শুল্কং বদস্বাম্বুজপত্রনেত্রে।
দদ্যাং স্বমূর্দ্ধানমপি ত্বদর্থে
কিং নাম শুল্কং যদিহৈবলভ্যং॥

পুলস্ত্য উবাচ।

ইত্যেবমুক্তা দনুনায়কেন
কাত্যায়নী সস্বনমুন্নদন্থা।
বিহস্য চৈতদ্বচনং হিতায়
সর্ব্বস্য দেবস্য চরাচরস্য॥

অনুবাদ।

আমাকে সেই শুল্ক প্রদান করেন তবে আমি সত্যধর্ম্ম রক্ষার জন্য তাঁহাকে পতিত্বে বরণ করিয়া ভজনা করিতে পারি। ময়নন্দন দানব কাত্যায়নীর এবম্বিধ শুল্ক ধর্ম্ম শ্রবণ পূর্ব্বক দেবীকে বলিল হে পদ্মনেত্রে! তোমার বংশের শুল্ক কি বল, যদি তোমার নিমিত্ত আত্মশির প্রদান করিতে হয় তাহাও দিতে পারি সামান্য শুল্ক প্রদান করা অকিঞ্চিৎকর নহে। পুলস্ত্য বলিলেন! দনুজনাথ কাত্যায়নীকে এইরূপ বলিলে কাত্যায়নী ঈষৎ হাস্য করিয়া অমরগণের ও চরাচর সমস্ত প্রাণিগণের হিতের

পুলস্ত্য উবাচ।

তচ্ছ্রুত্বা বচনং দেব্যা দুন্দুভি র্দানবেশ্বরঃ।
গত্বা নিবেদয়ামাস মহিষায় যথাতথং।
স চাভ্যগা মহাতেজাঃ সর্ব্বদৈত্যপুরঃসরঃ।
আবৃত্য বিন্ধ্যশেখরং যোদ্ধুকামঃ সরস্বতীং।
ততঃ সেনাপতি দৈত্য শ্চিক্ষুরো নাম নারদ।
সেনাগ্রগামিনং চক্রে নমরং নাম নারদ।
স চাপি তেনাধিকৃতং চতুরঙ্গসমুর্জ্জিতং।
বনৈকদেশমাস্থায় দুর্গাং দুদ্রাব বেগতঃ।

অনুবাদ।

নিমিত্ত গম্ভীরস্বরে বলিলেন। দনুজনাথ তুমি শ্রবণ কর আমা-দিগের বংশে আমার পূর্ব্বপুরুষগণ সহসা এই শুল্করূপ পণ করিয়া ছিলেন যে ব্যক্তি আমাদিগের কুলজা কামিনীকে সংগ্রামে পরা-জয় করিবেক সেই বীরবর তাহার স্বামী হইবেক। পুলস্ত্য বলি-লেন! দানবনাথ দুন্দুভি দেবীর এবম্বিধ গর্ব্বিত বাক্য শ্রবণ করিয়া তৎক্ষণাৎ সে স্থান হইতে মহিষাসুরের নিকট গমনপূর্ব্বক সমস্ত আদ্যোপান্ত নিবেদন করিল। দানবেশ্বর মহিষ দুন্দুভির এরূপ বাক্য শ্রবণ করিয়া অতিক্রোধে দানব সৈন্য সঙ্গে লইয়া সেই দেবীর সহিত যুদ্ধাভিলাষে বিন্ধ্যশিখরে দ্রুতবেগে গমন করিল। হে নারদ। পরে মহিষাসুরের প্রধান সেনাপতি দানব-বর চিক্ষুর নমর দানবকে সেনার অগ্রে সংস্থাপন করিল। চিক্ষুর দানব কর্ত্তৃক প্রেরিত নমরদানব গজহস্তি রথ পদাতিক চতুরঙ্গদলে বেষ্টিত হইয়া বিন্ধ্যশিখরে বনৈক দেশে বেগে দেবীর প্রতি ধাবমান হইল। চতুরঙ্গদলে বেষ্টিত নমরদানবকে বেগে ধাবমান

সমাপতন্তং বীক্ষ্যাথ দেবা ব্রহ্মপুরো গমাঃ।
ঊচুর্ব্বাক্যং মহাদেবীং বর্ম্মং হ্যাবন্ধ চাম্বিকে।
অথোবাচ সুরান্ দুর্গা নাহং বধ্নামি দেবতাঃ।
কবচং কোত্তমং তিষ্ঠেৎ মমাগ্রে দানবাধমঃ।
যদা ন দেব্যা কবচং কৃতং শস্ত্রং নিবারণং।
তদা রক্ষার্থমস্যাস্তু বিষ্ণোঃ পঞ্জরমুক্তবান্।
সা তেন রক্ষিতা ব্রহ্মন্ দুর্গা দানবমুত্তমং।
অবধ্যং দৈবতৈঃ সর্ব্বৈর্ম্মহিষং প্রত্যবোধয়ৎ।
এবং পুরা দেববরেণ শম্ভুনা
তদ্বৈষ্ণবং পঞ্জরমায়তাক্ষ্যা ঃ।
প্রোক্তং তয়া বাপি হি দেব মুখ্যৈ-
র্নিসূদিতোপৌ মহিষাসুরস্তু।

অনুবাদ।

হইতে দেখিয়া ব্রহ্মা প্রভৃতি দেবগণ দেবীকে বলিলেন অম্বিকে বর্ম্ম বন্ধন কর। দেবগণের বাক্য শ্রবণ করিয়া দেবী বলিলেন দেবগণ আমি বর্ম্ম বন্ধন করিব না। আমার অগ্রে উত্তম কবচ কি আছে এবং আমার অগ্রে কোন দানবাধম স্থিতি করিতে পারিবেক। যেসময়ে দেবী কবচ ধারণ করিলেন না তখন কিরূপে শস্ত্রনিবারণ করিবেন এজন্য দেবীর রক্ষার জন্য শঙ্কর বিষ্ণু পঞ্জকে বলিলেন। হে ব্রহ্মন্! পঞ্জর দেবীকে রক্ষা করিলে দেবী ভগবতী বিবুধগণের অবধ্য মহিষাসুরকে পুনর্ব্বার বিশেষ রূপে জানাইলেন। এই প্রকার পূর্ব্বকালে দেবাদিদেব শঙ্কর দেবীর রক্ষার্থ যে সময়ে বিষ্ণু পঞ্জরকে বলিলেন সেই কালে দেবগণ বলিলেন দেবী ভগবতী এই মহিষাসুর দানবকে অবশ্যই

এবং প্রভাবো দ্বিজ বিষ্ণুপঞ্জরঃ
সর্ব্বাসু রক্ষাস্বধিকো হি গীতঃ।
কস্তস্য কুর্য্যাদ্ভুবি দর্পহানিং
যস্যাং স্থিতে ভক্তৈর্ভাবি চক্রপাণিঃ।

ইতি বামনপুরাণে পরমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দেবীমাহাত্ম্যে মহিষাসুর যুদ্ধবর্ণনং নাম উনবিংশোঽধ্যায়ঃ।

অনুবাদ।

বিনাশ করিলেন। হে নারদ! এই প্রকার বিষ্ণুপঞ্জর অতি প্রভাবান্বিত। বিষ্ণুপঞ্জরের অধিক রক্ষক কিছুই নাই। যেজন চক্রপাণি ভগবানকে ধারণ করে তাহার দর্প হানি কে করিতে পারে।

ইতি বামনপুরাণে দেবীমাহাত্ম্যে উনবিংশোঽধ্যায়।

বিংশোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

কথং কাত্যায়নী দেবী সানুগং মহিষাসুরং।
সবাহনং হতবতী তথা বিস্তরশো বদ।
অয়ঞ্চ সংশয়ং ব্রহ্মন্ হৃদি মে পরিবর্ত্ততে।
বিদ্যমানেষু শস্ত্রেষু যৎ পদ্ভ্যাং মমর্দ্দতৎ॥

পুলস্ত্য উবাচ।

শৃণুষ্বাবহিতো ভূত্বা কথামেতাং পুরাতনীং।
বৃত্তো দেব যুগস্যাদৌ পুণ্যাং পাপভয়াপহাং।
স এবমসুরঃ ক্রুদ্ধঃ সমাপতত বেগবান্।
স গজাশ্বরথো ব্রহ্মন্ দৃষ্টো দেব্যা যথেচ্ছয়া।
ততো বাণগণৈ র্দৈত্যান্ সমাদায়াথ কার্ম্মুকং।
ববর্ষ দেবী বাণৌঘৈর্দ্দিরিবাম্বুদবৃষ্টিভিঃ।

অনুবাদ।

নারদ জিজ্ঞাসা করিলেন। কাত্যায়নী দেবী কিরূপে বাহন ও সৈন্যগণের সহিত মহিষাসুরকে বিনাশ করিলেন তদ্বিষয় বিস্তার পূর্ব্বক বর্ণন করুন্। হে ব্রহ্মন্ আমার মনে একটী সন্দেহ উপস্থিত হইয়াছে যে নানাবিধ অস্ত্র শস্ত্র থাকিতে মহিষাসুরকে পাদদ্বারা আক্রমণ করিবার কারণ কি। পুলস্ত্য বলিলেন! এ অতি পুরাতনী কথা বলিতেছি তুমি মনোযোগপূর্ব্বক শ্রবণ কর। সত্যযুগের প্রথমে এই সংগ্রাম হইয়াছিল এ অতি পুণ্যজনিকা ও পাপ বিনাশিনী কথা। পরে সেই অমরদানব অতিশয় ক্রোধপূর্ব্বক বেগে ধাবমান হইল। দেবী কাত্যায়নী যথেচ্ছাপূর্ব্বক হস্তি অশ্ব রথ ও দানবকে দৃষ্টমাত্র করিলেন। অনন্তর দেবী ভগবতী কার্ম্মুক গ্রহণপূর্ব্বক বারিদ যাদৃশ বৃষ্টিবর্ষণ করে তাদৃশ দৈত্যগণের

তদ্বধূর্দ্দানবে সৈন্যে দুর্গয়া নিহতং বলাৎ।
সুবর্ণপৃষ্ঠং বিরতি বিদ্যুদম্বুধরেম্বিব।
বাণৈঃ সুররিপু নন্যাংস্তাড়য়ামাস সুব্রতা।
গদয়া মুষলেনান্যান্ স্যন্দনেভ্যো ন্যপাতয়ৎ।
একোঽপ্যসৌ বহুন দৈত্যান কেশরি কালসন্নিভঃ।
বিধুন্বন্ কেশরিসটাং নিসূদয়তি দানবান্।
কুলিশাভিহতা দৈত্যাঃ শক্ত্যা নির্ভিন্নবক্ষসঃ।
লাঙ্গলৈর্দ্দারিতাশ্চৈব দ্বিধাকৃতাঃ পরশ্বধৈঃ।
দণ্ডভিন্নশিরসো চক্রভিন্নবক্ষসাঃ।
চেলুঃ পেতুশ্চ চেষ্ঠুস্তত্যজুশ্চাপরে রণং।
তে বধ্যমানা রৌদ্রাশ্চ দুর্গয়া দৈত্যদানবাঃ।
কালরাত্রিং মন্যমানা দুদ্রুবু ভয়পীড়িতাঃ।

অনুবাদ।

রাতি নাশ বর্ষণ করিলেন। দানব সৈন্য মধ্যে দেবী ভগবতী সুবর্ণপৃষ্ঠ এক অপূর্ব্ব ধনু বলপূর্ব্বক আকর্ষণ করিয়া আকাশমার্গে জলদপটলে যাদৃশ সৌদামিনী মালা শোভা পায় দানবগণের প্রতি শাণিতশর নিকর বর্ষণ করাতে তাদৃশ শোভা পাইয়াছিল। গদা ও মুষলাঘাতে অন্যান্য দানবকে রথ হইতে পাতিত করিলেন। সাক্ষাৎ কৃতান্ত সদৃশ সিংহ একাকী এবং দানবগণ অসংখ্য তথাপি কেশরী সটাবিধুনন করতঃ বহুসংখ্যক দানবকে বিনাশ করিল। দানব-সৈন্যগণ বজ্রদ্বারা অভিহত, শক্তিদ্বারা নির্ভিন্ন হৃদয়, লাঙ্গলদ্বারা বিদারিত, পরশুদ্বারা দ্বিখণ্ডিত, দণ্ডদ্বারা ছিন্নমস্তক, চক্রদ্বারা ছিন্ন বক্ষ হইয়া কেহ রুধির বমন করিতে লাগিল কেহবা রণাঙ্গনে পতিত হইল কেহ বা ছিন্ন ভিন্ন হইল অন্যান্য দানবগণ ভয়ে সংগ্রাম পরিত্যাগপূর্ব্বক পলায়ন করিতে লাগিল। অতি দুর্জ্জয় দানব-গণ দুর্গা কর্ত্তৃক সংতাড়িত হইয়া তাঁহাকে কালরাত্রি সমান জ্ঞান

সৈনাগ্রং ভগ্নমালোক্য দুর্গামগ্রে তথা স্থিতাং।
দৃষ্টা জগাম নমরো মত্তদ্বিরদ সংস্থিতঃ।
সমাগম্য চ বেগেন দেব্যাঃ শক্তিং মুমোচ হ।
ত্রিশূলমপি সিংহায় প্রাহিণোদ্দানবো রণে।
তাবায়াস্তৌ ততো দেব্যা হুংকারেণাথ ভস্মসাৎ।
কৃতাবথ মৃগেন্দ্রেণ গৃহীতো দানবাধমঃ।
অথোৎপত্য চ বেগেন তলেনাহত্য দানবং।
গতাসুং কুঞ্জর স্কন্ধাৎ ক্ষিপ্য দেব্যৈ নিবেদিতঃ।
গৃহীত্বা দানবং মধ্যে ব্রহ্মন্ কাত্যায়নী রুষা।
সব্যেন পাণিনোদ্ভ্রাম্য বাদয়ন্ পটহং যথা।
ততোট্টহাসং মুমুচে তাদৃশং বাদ্যতাং গতং।
মুখাৎ সমভবংস্তস্যা ভূতানানাবিধাদ্ভুতাঃ।

অনুবাদ।

করিয়া ভয়ে পলায়ন করিল। সেনাধিপতি অতিশয় শঙ্কিত এবং দুর্গা অগ্রে দণ্ডায়মানা দেখিয়া নমরদানব এক মত্ত হস্তি আরোহণ পূর্ব্বক অতি বেগে রণাঙ্গনে সমাগত হইয়া দেবী কাত্যায়নীর প্রতি এক শক্তি নিক্ষেপ করিল। এবং সিংহের প্রতি এক ত্রিশূল নিক্ষেপ করিল, দানব নিক্ষিপ্ত শক্তি ও ত্রিশূল সমাগত দেখিয়া কাত্যায়নী হুঙ্কার প্রদানে ঐ দুই অস্ত্রকে ভস্মীভূত করিলেন। এবং মৃগেন্দ্র অতি ক্রোধে লম্ফ প্রদান পূর্ব্বক দানবাধমকে বেগে গ্রহণ করিয়া চপেটাঘাতে বিনাশ পূর্ব্বক কুঞ্জরস্কন্ধ হইতে পাতিত করিয়া দেবীকে বলিল। দেবী কাত্যায়নী অতি ক্রোধে দানবের কটীদেশ গ্রহণপূর্ব্বক ঘূর্ণিত করিয়া পটহের ন্যায় বাদ্য করিতে লাগিলেন। এবং অতি উচ্চ অট্টহাস ও বাদ্য ধ্বনি করিতে লাগিলেন। তৎকালে দেবীর বদন হইতে ভয়ঙ্কর নানাবিধ ভূতগণ

কেচিৎ ব্যাঘ্রমুখা রৌদ্রা বৃকাকারাস্তথাপরে।
হয়াস্যা মহিষাস্যাশ্চ বরাহবদনাপরে।
শুককুক্কুটবক্ত্রাশ্চ গোহজাবিকমুখস্তথা।
নানাবক্ত্রাক্ষিচরণা নানায়ুধধরাস্তথা।
গায়ন্ত্যন্যে হসন্ত্যন্যে ক্রীড়ন্ত্যন্যে তু সংঘশঃ।
বাদয়ন্ত্যপরে তত্র স্তুবন্ত্যন্যে তথাম্বিকাং।
সা তৈর্ভূতগণৈর্দ্দেবী সার্দ্ধং তদ্দানবং বলং।
পাতয়ামাস চাক্রম্য যথাশক্ত্যা মহামুনে।
কার্ম্মুকং দৃঢ়মাকর্ণা দাকৃষ্য রথিনাম্বরঃ।
ববর্ষ শরজালানি যথা মেঘো বসুন্ধরাং।

অনুবাদ।

বহির্গত হইতে লাগিল। কাহার ব্যাঘ্রমুখ, কাহার অতি ভয়ঙ্কর বৃকাকৃতি বদন। কাহার মহিষের ন্যায় বদন, কাহার ঘোটকাকৃতি বদন। কাহার বরাহ বদন, কাহার শুকাকৃতি মুখ, কাহার বদন কুক্কুটাকৃতি, কাহার বদন গবাকৃতি কাহার বদন ছাগাকৃতি কাহার বদন মেষাকৃতি এবম্বিধ বিবিধাকৃতি বদন নেত্র ও চরণ ভূতগণ নানাবিধ অস্ত্র ধারণপূর্ব্বক কেহ গান করিতেছে কেহ হাস্য করিতেছে কেহ ক্রীড়াকরিতেছে কেহ বাদ্য করিতেছে কেহ বা অম্বিকাকে স্তব করিতেছে। হে তাপসবর! এবম্বিধ ভূতগণের সহিত দেবী কাত্যায়নী বলপূর্ব্বক দানবসৈন্যগণ আক্রমণ করিয়া বিনাশ করিতে লাগিলেন সেনাধিপতি ও সৈন্যগণ নিধন হইলে দানববর চিক্ষুর সৈন্যগণ লইয়া দেবীর সহিত সংগ্রাম করিতে-ধাবমান হইল। দানবাগ্রগণ্য চিক্ষুর দৃঢ়তর এক কার্ম্মুক গ্রহণ করিয়া অতিক্রোধে আকর্ণ পর্য্যন্ত আকর্ষণ পূর্ব্বক জলদপটল অবনীতলে যাদৃশ বারিবর্ষণ করে তাদৃশ দেবীর প্রতি শর-

তস্য দুর্গা শরান্ ছিত্ত্বা শরসংঘৈঃ সুপর্ব্বভিঃ।
সৌবর্ণপুঙ্খানপরান্ শরান্ জগ্রাহ ষোড়শঃ।
ততশ্চতুর্ভিশ্চতুর স্তুরঙ্গানপি ভামিনী।
নিহত্য সারথিশিরঃ শরেণৈকেন চিচ্ছিদে।
ততস্তু সশরং চাপং চিচ্ছেদৈকেষুনাম্বিকা।
ছিন্নে ধনুষি খড্গং স চর্ম্মবান্ দানবো বলী।
তং খড্গচর্ম্মণা সার্দ্ধং দৈত্যস্যাধুন্বতো বলাৎ।
শরৈঃ পঞ্চভিশ্চিচ্ছেদ ততঃ শূলং সমাদদে।
সমুদ্ভ্রাম্য মহচ্ছূলং সংপ্রাদ্রবদথাম্বিকা।
ক্রোষ্টুভির্মুদিতোরণ্যে মৃগরাজ বধে যথা।
তস্যাভিঃ পততঃ পাদৌ করৌ শীর্ষঞ্চ পঞ্চভিঃ।
শরৈশ্চিচ্ছেদসংক্রুদ্ধান্যপতন্নিহতোঽসুরঃ।

অনুবাদ।

জাল-বর্ষণ করিতে লাগিল। দেবী কাত্যায়নী দানবের শর-জাল ছেদ করিয়া সুবর্ণ পুংখষোড়শশর ধনুতে যোজনা করিয়া দৃঢ়-তর আকর্ষণপূর্ব্বক দানবের প্রতি নিক্ষেপ করিলেন। এবং চারি বাণ নিক্ষেপ করিয়া চারি অশ্ব বিনাশপূর্ব্বক এক বাণে সারথির মস্তক চ্ছেদন করিলেন। অনন্তর দেবী কাত্যায়নী এক বাণদ্বারা দানব-বরের ধনুশর চ্ছেদ করিলেন। দানবের ধনুশর ছিন্ন হইলে দানব তৎক্ষণাৎ এক তীক্ষ্ণ খড্গ ও চর্ম্ম ধারণ করিল। অম্বিকা ভগবতী বলপূর্ব্বক পঞ্চশরদ্বারা দানবের খড্গ চর্ম্ম ছেদ করিলেন। খড্গ চর্ম্ম ছিন্ন হইলে দানববর অতি ক্রোধে এক ভয়ঙ্কর ত্রিশূল গ্রহণ করিল। এবং ঐ ত্রিশূল বেগে ঘুর্ণিত করিয়া অম্বিকার প্রতি ধাব-মান হইল। অরণ্যে মৃগেন্দ্র নিধন হইলে শৃগাল যেরূপ হর্ষিত হয় তাদৃশ হর্ষযুক্ত দানবাধম বেগে ধাবমান হইতে দেখিয়া ভগবতী

তস্মিন্ সৈন্যপতৌ ক্ষুব্ধে তদোগ্রাস্যো মহাসুরঃ ।
সমাদ্রবত বেগেন করালাস্যশ্চ দানবঃ ॥
দুর্দ্ধরো দুর্ম্মুখশ্চৈব বিড়ালনয়নোপরঃ ।
এতেহন্যে চ মহাত্মানো দানবা বলিনাম্বরাঃ ।
কাত্যায়নী মাদ্রবন্ত নানাশস্ত্রাস্ত্রপাণয়ঃ ।
তান্ দৃষ্ট্বা লীলয়া দুর্গা বীণাং জগ্রাহ পাণিনা ।
বাদয়ামাস হসতী তথা ডমরুকং বরং ।
যথাযথা বাদয়তে দেবী বাদ্যানি তানি ভু ।
তথাতথা ভূতগণা নৃত্যন্তি চ হসন্তি চ ।
ততোহসুরাঃ সমভ্যেত্য দেবীং তাস্তু সরস্বতীং ।
অভ্যঘ্নং স্তাংশ্চ জগ্রাহ কেশেষু পরমেশ্বরী ।

অনুবাদ ।

ক্রোধপূর্ব্বক পঞ্চ শর নিক্ষেপ করিয়া তাহার পাদদ্বয় হস্তদ্বয় এবং মস্তক ছেদন করিলেন দানব তাহাতে নিহত হইয়া ধরণীতলে পতিত হইল। সেনাপতি চিক্ষুর নিহত হইলে মহাসুর উগ্রাস্য অতি বেগে দেবীর প্রতি ধাবমান হইল। পরে মহাবলবান করালাস্য বাস্কল উগ্রাস্য উগ্রকার্ম্মুক দুর্মুখ এবং বিড়ালাক্ষ এই সকল মহাবল পরাক্রান্ত দানবগণ নানাবিধ অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক কাত্যায়নীর প্রতি ধাবমান হইল। এই সকল দুর্দ্দম পরাক্রমশালী দানবগণকে বেগে ধাবমান হইতে দেখিয়া কাত্যায়নীদেবী কৌতুক চ্ছলে হস্তে এক অপূর্ব্ব বীণা ও ডমরু গ্রহণপূর্ব্বক সহাস্যবদনে বাদ্য করিতে লাগিলেন। দেবী যে যে স্থানে বাদ্যধ্বনি করিতে লাগিলেন সেই সেই স্থানে ভূতগণ নৃত্য ও হাস্য করিতে লাগিল। দেবী কাত্যায়নী যে স্থানে বীণাধ্বনি করিতে লাগিলেন সেইস্থানে যে সমস্ত দানব দেবীর প্রতি ধাবমান হইয়াছিল পরমেশ্বরী দেবী সেই সকল দানবগণের কেশ ধারণ করিলেন পরে

প্রগৃহ্য কেশেষু মহাসুরাং স্তা-
ন্যুৎপত্য সিংহাত্তু নগস্য সানুং।
ননর্ত্ত বীণাং পরিবাদয়ন্তী
পপৌচ পানং জগতো জনিত্রী।
ততস্তু দেব্যা বলিনো মহাসুরা
দোর্দ্দণ্ড নির্দ্ধূত বিশীর্ণ দর্পাঃ।
বিশস্ত্রবস্ত্রাব্যবসাশ্চ জাতা
স্ততস্তুতান্ বীক্ষ্য মহাসুরেন্দ্রান্।
দেব্যা মহৌজা মহিষাসুরস্তু
বিদ্রাবয়ন্ ভূতগণান্ খুরাগ্রৈঃ।
তুণ্ডেণ পুচ্ছেন তথৌজসান্যান্
নিশ্বাসবাতেন চ ভূতসংঘান্।
বিষাণকোট্যা ত্বপর ন্ প্রমথ্য
দুদ্রাব সিংহং যুধিহন্তু কামঃ।

অনুবাদ।

দানবগণের কেশাকর্ষণ পূর্ব্বক লম্ফ প্রদানে মৃগেন্দ্র পৃষ্ঠ হইতে পর্ব্বতের সানু প্রদেশে উত্থিত হইয়া বীণাধ্বনি ও নৃত্য করতঃ জগৎ-জননী দেবী মধুপান করিতে লাগিলেন। অনন্তর কাত্যায়নী কর্ত্তৃক দোর্দ্দণ্ড প্রতাপান্বিত দানবগণকে বিশস্ত্র অবসাঙ্গ এবং শীর্ণদর্প হইতে দেখিয়া অতি মহাবল পরাক্রমশালী বীর্য্যবন্ত মহিষাসুর খুরাগ্রদ্বারা দেবীর ভূতগণকে বিদ্রাবিত করিতে লাগিল। এবং কাহাকে তুণ্ডাঘাতে কাহাকে পুচ্ছাঘাতে কাহাকে বেগভ্রমণদ্বারা কাহাকে নিশ্বাসবায়ুদ্বারা কাহাকে শৃঙ্গদ্বারা তাড়িত করিয়া সমরাঙ্গণে দেবীর সিংহকে বিনাশ করিবার জন্য বেগে ধাবমান হইল।

ততোম্বিকা ক্রোধবশং জগাম
চিক্ষেপ দৈত্যং সহসৈব লীলয়া।
ততঃ সকোপাদথ তীক্ষ্ণশৃঙ্গৈঃ
ক্ষিপ্রং গিরিং ভূমিমশীর্ণয়চ্চ।
সংক্ষোভয়ং স্তোয়নিধিং ঘনাংশ্চ
বিধ্বংসয়ন্ প্রাদ্রবতাথ দুর্গাং।
সা চাথ পাশেন ববন্ধ দুষ্টং
স চাপ্যভূচ্ছিন্নকটঃ করীন্দ্রঃ।
করং প্রচিচ্ছেদ চ হস্তিনোগ্রং
স চাপি ভূয়ো মহিষোপি জাতঃ।
ততোস্য শূলং ব্যসৃজৎ ভবানী
সশীর্ণশূলোন্যপতৎ পৃথিব্যাং।

অনুবাদ।

অনন্তর অম্বিকা ভগবতী অতিশয় ক্রোধে গমন করতঃ গৃহীত দানবগণকে সহসা অবলীলাক্রমে নিক্ষেপ করিলেন। তদৃষ্টে মহিষাসুর সক্রোধে তীক্ষ্ণ শৃঙ্গদ্বারা গিরি বিদারণ করিয়া নিক্ষেপ করিতে লাগিল। বেগভ্রমণদ্বারা অবনীমণ্ডল বিশীর্ণ করিতে লাগিল। পুচ্ছসঞ্চালনে অম্বুনিধিকে ক্ষুব্ধ করিতে লাগিল। এবং তীক্ষ্ণ উচ্চ বিশাল বিষাণদ্বারা মেঘ সকল ছিন্নভিন্ন করিয়া দেবীর প্রতি ধাবমান হইল। দানবাগ্রগণ্য মহিষকে ক্রোধে ধাবমান হইতে দেখিয়া দেবী পাশদ্বারা দুষ্টকে বন্ধন করিলেন। দানব তৎক্ষণাৎ এক ভয়ঙ্কর হস্তি রূপ ধারণ করিল। দেবী পুনর্ব্বার হস্তির করচ্ছেদ করিলেন দানব পুনর্ব্বার মহিষমূর্ত্তি ধারণ করিল। অনন্তর দেবী কাত্যায়নী অতি ক্রোধে দানবের প্রতি এক শূলনিক্ষেপ করিলেন শূল দানবের দেহে পতিত হইয়া অগ্রভাগ ভিন্ন হইয়া অবনীতলে পতিত হইল। হে মহর্ষে শূল ভিন্ন হইতে দেখিয়া ভবানী অগ্নি

শক্তিং প্রচিক্ষেপ হুতাশদত্তাং
সাকুঞ্চিতাগ্রা ন্যপতৎ মহর্ষে।
চক্রং হরের্দ্দানব পুক্রহস্তঃ
ক্ষিপ্রঞ্চ চক্রং তমুপাগতং হি।
গদাং সমাবিধ্য ধনেশ্বরস্তু
ক্ষিপ্তা তু ভগ্না ন্যপতৎ পৃথিব্যাং।
জলেশপাশোঽপি মহাসুরেণ
বিষাণতুণ্ডাগ্র ক্ষুরপ্রলূনঃ।
নিরস্যতা কোঽপি ভয়া চ মুক্তো
দণ্ডস্তু যাম্যো বহুখণ্ডতাং গতঃ।

অনুবাদ।

দত্তাশক্তি দানবের প্রতি নিক্ষেপ করিলেন। শক্তি দানবের শরীরে পতিত হইয়া অগ্রভাগ বক্র হইয়া পতিত হইল। পরে দেবী দানবারি প্রদত্ত চক্র দানবের প্রতি নিক্ষেপ করিলেন চক্র দানবের শরীর স্পর্শ না করিয়া তৎক্ষণাৎ প্রত্যাগত হইল। অনন্তর দেবী কুবের দত্তা গদা গ্রহণপূর্ব্বক দানবের প্রতি নিক্ষেপ করিলেন গদা দানবের শরীর স্পর্শে খণ্ড খণ্ড হইয়া অবনীতলে পতিত হইল। দেবী কাত্যায়নী অসুরের প্রতি জলেশদত্ত পাশ নিক্ষেপ করিলেন দানবাগ্রগণ্য মহিষ তৎক্ষণাৎ শৃঙ্গ তুণ্ডাগ্র ক্ষুর দ্বারা ছিন্ন ভিন্ন করিয়া মহীতলে পাতিত কারিল পরে দেবী ধর্ম্মরাজ প্রদত্ত দণ্ড দানবের প্রতি নিক্ষেপ করিলেন দণ্ড তৎক্ষণাৎ খণ্ড খণ্ড হইয়া পতিত হইল। তখন দেবী অতি ক্রোধে মহেন্দ্র

বজ্রং সুরেন্দ্রস্য চ বিগ্রহেঽস্য
মুক্তং সুসূক্ষ্মত্ব মুপাজগাম।
সন্ত্যজ্য সিংহং মহিষাসুরস্য
দুর্গাধিরূঢ়া সহসৈব পৃষ্ঠং।
পৃষ্ঠস্থিতায়াং মহিষাসুরোঽপি
পোপ্লূয়তে বীর্য্যমদাৎ মৃড়ান্যাং।
সাচাপিপদ্ভ্যাং মৃদুকোমলাভ্যাং
মমর্দ্দতং ক্লিন্ন মিবাজিনং হি।
সম্মৃদ্যমানো ধরণীধরাভো
দেব্যা বলী হীনবলো বভূব।
ততোস্য শূলেন বিভেদ কণ্ঠং
তস্মাৎ পুমান্ খড়্গধরো বিনির্দ্দিতঃ।

অনুবাদ।

দম্ভবজ্র দানবের প্রতি নিক্ষেপ করিলেন বজ্রদানবের শরীরে পতিত হইয়া চূর্ণীকৃত হইল। সকল মহাস্ত্র বিফল হইতে দেখিয়া কাত্যায়নী মৃগেন্দ্র পরিত্যাগ পূর্ব্বক সহসা লম্ফ প্রদান করিয়া মহিষাসুরের পৃষ্ঠে আরোহণ করিলেন। তখন মহিষাসুর পৃষ্ঠস্থিতা দেবীকে বল পূর্ব্বক বারম্বার নিক্ষেপ করিবার চেষ্টা করিল। কাত্যায়নী মহিষাসুরের পৃষ্ঠদেশে অবস্থিতি করিয়া অতি কোমল চরণদ্বারা মহিষাসুরকে দৃঢ়তর মর্দ্দন করিতে লাগিলেন। পর্ব্বতাভ অতি বলবান মহিষাসুর দেবী কর্ত্তৃক বিমর্দ্দিত হইয়া অতি বলহীন হইল। তখন দেবী তীক্ষ্ণ শূলদ্বারা দানবের কণ্ঠ ভেদ করিলেন। মহাসুরের কণ্ঠচ্ছেদ হইলে তৎক্ষণাৎ তাহার কণ্ঠ হইতে এক খড়্গধারী বীরপুরুষ বহির্গত হইল। ঐ দানবের চরণ পর্য্যন্ত সর্ব্ব শরীর বহির্গত হইলে তাহার হৃদয়ে দারুণ আঘাত পূর্ব্বক অতিশয় ক্রোধবশতঃ ধারণ করিয়া তীক্ষ্ণ খড়্গাঘাতে শিরশ্ছেদ করি-

নিষ্কাস্তগাত্রং হৃদয়ে পদাস্ত
মাহত্য সংগৃহ্যকরেণ কোপাৎ।
শিরঃ প্রচিচ্ছেদ বরাসিনাস্য
হাহাকৃতং দৈত্যবলং তদাভূৎ।
প্রচণ্ডমুণ্ডাঃ সময়াঃ সতারাঃ
মহাসিলোম্না ভয়কাত রাক্ষ্যাঃ।
সংতাড্যমানাঃ প্রমথৈ র্ভবান্যাঃ
পাতালমেবা বিবিশু র্ভয়ার্ত্তাঃ।
দেব্যা জয়ং দেবগণা বিলোক্য
স্তুবন্তি দিব্যস্তুতিভি র্মহর্ষে।
নারায়ণীং সর্ব্বজগৎ প্রতিষ্ঠাং
কাত্যায়নীং ঘোরমুখীং সুরূপাং।
সংস্তূয়মানাঃ সুরসিদ্ধসংঘৈ
র্নিষন্ন ভূতা হরপাদ মূলে।

অনুবাদ।

লেন। তখন দানব সৈন্য মধ্যে হাহাশব্দ উত্থিত হইতে লাগিল। প্রচণ্ডমুণ্ডা সময়া তারা মহাসিলোম্না প্রভৃতি দানবগণ ভবানীর প্রমথগণ কর্ত্তৃক সংতাড়িত হইয়া অতিশয় ভয়ে পাতালপুরী প্রবেশ করিল হে তাপসাগ্রগণ্য, হে মহর্ষে! তখন দেবগণ দেবীর জয় অবলোকন পূর্ব্বক চতুর্দ্দিগ হইতে স্তব করিতে লাগিলেন। হে দেবি! তুমি নারায়ণী তুমি ত্রিলোকে প্রতিষ্ঠিতা। তুমি কাত্যায়নী তুমি করালবদনা তুমি সুরূপা। তোমাকে আমরা স্তব করি এইরূপ দেবতা সিদ্ধগণ সকলে স্তব করিলে দেবী কাত্যায়নী তখন

ভূয়োভবিষ্যাম্যমরার্থমেব
তুৎকাসুরাংস্তান্ প্রবিবেশ দুর্গাং।

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভৈরবপ্রাদুর্ভাবে মহিষাসুরবধে বিংশতিতমোহধ্যায়।

অনুবাদ।

হর পাদতলে উপবিষ্ট হইলেন। এবং বলিলেন বিবুধগণের নিমিত্ত পুনর্ব্বার জন্ম গ্রহণ করিব এইরূপ বলিলে পর যে সমস্ত ভূতগণ তাঁহার শরীর হইতে বহির্গত হইয়াছিল তাহারা সকলে দেবীর শরীরে প্রবেশ করিল।

ইতি বামন-পুরাণে বিংশতিতমোহধ্যায়।

একবিংশোঽধ্যায়।

নারদ উবাচ।

পুলস্ত্য কথ্যতাং তাবৎ দেব্যাভূয়ঃ সমুদ্ভবঃ।
মহৎ কৌতূহলং মেদ্যবিস্তরাৎ ব্রহ্মবিত্তম।

পুলস্ত্য উবাচ।

শ্রূয়তাং কথয়িষ্যামি ভূয়োস্যাঃ সংভবংমুনে।
শুম্ভাসুরবধার্থায় লোকানাং হিতকাম্যয়া।
যাসাহিমবতঃ পুত্রী ভবেনোঢা তপস্বিনী।
উমানাম্নাচ তস্যাঃ সা কোশাজ্জাতাচ কৌশিকী।

অনুবাদ।

নারদ বলিলেন। হে পুলস্ত্য! দেবী কাত্যায়নী পুনর্ব্বার যেরূপে জন্ম গ্রহণ করিয়াছিলেন তদ্বিষয় শ্রবণের জন্য অতিশয় কৌতুহল জন্মিয়াছে অতএব আপনি বিস্তাররূপে বর্ণন করুন্। পুলস্ত্য বলিলেন। হে নারদ! দেবীর পুনর্ব্বার জন্ম বৃত্তান্ত বর্ণন করিব তুমি শ্রবণ কর। পূর্ব্বকালে শুম্ভ ও নিশুম্ভ দানব বধের জন্য এবং ত্রিলোকের হিতার্থে হিমালয়ের ভবনে মেনকার গর্ভে জন্ম গ্রহণ করিয়াছিলেন। ঐ শৈলতনয়া পার্ব্বতী অনূঢ়াকালে অতিশয় উগ্র তপস্যায় দেবাদি দেব শঙ্করকে সন্তোষ করিলে শঙ্কর তাহাকে পরিণয় করিয়া পত্নীত্বে গ্রহণ করিলেন। ঐ পার্ব্বত সুতার একটি নাম উমা ও নিশুম্ভের যুদ্ধ কালে তাঁহার শরীর কোশ হইতে যে শক্তি বহির্গতা হইয়াছিল তাহার নাম কৌশিকী।

গত্বয়বিন্ধ্যং গত্বাস্তু ভূয়োভূতগণৈ র্বৃতা ।
শুম্ভঞ্চৈব নিশুম্ভঞ্চ বধিষ্যতি বরায়ুধৈঃ ।

নারদ উবাচ ।

ব্রহ্মন্ ত্বয়া সমাখ্যাতা মৃতাদক্ষাত্মজাসতী ।
সাজাতা হিমবৎ পুত্রী ত্বেবং মেবক্তুমর্হসি ।
অথাচ পার্ব্বতীকোশাৎ সমুদ্ভূতাচ কৌশিকী ।
যথা হতবতীশুম্ভং নিশুম্ভঞ্চ মহাসুরং ।
কস্য চেমৌ সুতৌ বীরৌ দৈত্যৌ শুম্ভ নিশুম্ভকৌ ।
এতদ্বিস্তরশঃ সর্ব্বং যথাবদ্বক্তু মর্হসি ।

পুলস্ত্য উবাচ ।

এতত্তে কথয়িষ্যামি পার্ব্বত্যাঃ সম্ভবং মুনে ।
শৃণুষ্বাবহিতোভূত্বা স্কন্দোৎপত্তিঞ্চ শাশ্বতীং

অনুবাদ ।

দেবী কাত্যায়নীজন্ম গ্রহণ করিয়া প্রমথগণ পরিবৃতা বিন্ধ্যশিখরে গমন পূর্ব্বক শাণিত তীক্ষ্ণাস্ত্রদ্বারা শুম্ভ ও নিশুম্ভ দানবকে সৈন্য-গণের সহিত বিনাশ করিয়াছিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। হে ব্রহ্মন্! আপনি পূর্ব্বে বলিয়াছিলেন দক্ষ দুহিতা সতী শঙ্করের অপমান শ্রবণ পূর্ব্বক স্বীয় কলেবর পরিত্যাগ করিয়া-ছেন এক্ষণে পুনর্ব্বার বলিতেছেন হিমালয়ের ভবনে জন্মিয়াছেন এই বিষয় বিস্তাররূপে বর্ণন করিয়া সন্তোষ বর্দ্ধন করুন্। এবং পার্ব্বতীর শরীর কোশ হইতে কৌশিকী বহির্গতা হইয়া শুম্ভ নি-শুম্ভ দুই দানবকে বিনাশ করিয়াছেন। শুম্ভ নিশুম্ভ দানব কাহার সন্তান এই সকল বিষয় বিস্তার পূর্ব্বক বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন। হে মুনে! পার্ব্বতীর জন্মবৃত্তান্ত এবং দেব-সেনানীর বৃত্তান্ত বর্ণন করিতেছি তুমি মনোযোগ পূর্ব্বক শ্রবণ

রুদ্রঃ সত্যাং প্রনষ্টায়াং ব্রহ্মচারি ব্রতেস্থিতঃ।
নিরাশ্রয়ত্ব মাপন্নস্তপস্তপ্তুং ব্যবস্থিতঃ।
সচাসীদ্দেব সেনানী দৈত্যদর্প বিনাশনঃ।
শিবরূপত্ব মাস্থায় সেনাপত্যং সমুৎসৃজেৎ।
ততো নিরাকৃতাদেবা সেনানাথেন শম্ভুনা।
দানবেন্দ্রেণ বিক্রম্য নিশুম্ভেন পরাজিতাঃ।
ততোজগ্মুঃ সুরেশানং দ্রষ্টুং চক্র গদাধরং।
শ্বেতদ্বীপে মহাহংসং প্রপন্নাঃ শরণং হরিং।
এতান্ সমাগতান্ দৃষ্ট্বা দেবান্ শক্রপুরোগমান্।
বিহস্য মেঘ গম্ভীরং প্রোবাচ পুরুষোত্তমঃ।
কিংজিতাঃ স্থাসুরেশেন শুম্ভেনচ দুরাত্মনাঃ

অনুবাদ।

কর। পূর্ব্বকালে সতী শঙ্করের অপমান শ্রবণ করিয়া স্বীয় কলেবর পরিত্যাগ করিলে তখন শঙ্কর নিরাশ্রয় হইয়া ব্রহ্মচারি ব্রতালম্বনে কিয়ৎকাল অবস্থান পূর্ব্বক তপস্যায় মনোনিবেশ করিলেন। তৎকালে দৈত্যদর্প বিনাশকারী শঙ্কর দেবগণের সেনাপতি ছিলেন। শিবরূপত্ব প্রাপ্ত হইয়া সৈনাপত্য পরিত্যাগ পূর্ব্বক দেবগণকে নিরাকৃত করিলেন। তখন অতি দুর্দ্দান্ত বলবান শুম্ভ নিশুম্ভ দুই দানব দেবগণকে সংগ্রামে পরাজয় করিল। দেবগণ দানবেন্দ্রের নিকট পরাজিত হইয়া দেবাগ্রগণ্য চক্রধারী ভগবান গদাধরকে দর্শন লালসায় শ্বেতদ্বীপে গমন পূর্ব্বক ভগবান হরির শরণাপন্ন হইলেন। অনন্তর ভগবান হৃষীকেশ ইন্দ্রাদি দেবগণকে তথায় উপস্থিত দেখিয়া ঈষৎ হাস্য পূর্ব্বক মেঘ গম্ভীর ধ্বনিতে দেবগণকে বলিলেন। তোমরা কি দুরাত্মা দানবেন্দ্র শুম্ভের নিকট পরাজিত হইয়াছ! যেহেতু তোমরা সকলে

যেন সর্ব্বে সমেত্যেব মমপার্শ্বমুপাগতাঃ।
তদ্‌যুষ্মাকং হিতার্থায় যদ্বদামি সুরোত্তমাঃ।
তৎকুরুধ্বং জয়ো যেন সমাশ্রিত্য ভবেত্ততঃ।
যত্র তে পিতরোদেবা স্তুগ্নিস্বত্তেতি বিশ্রুতাঃ।
অমীষাং মানসী কন্যা মেনা নাম্না স্তি দেবতাঃ।
তানারাধ্য মহাতির্থ্যাং শ্রদ্ধয়া পরয়াঽমরাঃ।
প্রার্থয়ধ্বং সুতামেতাং প্রালেযাদ্রে রিহার্থতঃ।
তস্যাং সা রূপ সংযুক্তা ভবিষ্যতি তপস্বিনী।
দক্ষকোপাৎ যথা মুক্তং মলবৎ জীবিতং প্রিয়ং।
সা শঙ্করাৎ স্বতেজোং শং জনযিষ্যতি যং সুতং।
স হনিষ্যতি দৈত্যেন্দ্রং শুম্ভঞ্চ সপদানুগং।
তস্মাৎ গচ্ছথ তৎ পুণ্যং কুরুক্ষেত্রং মহাফলং।

অনুবাদ।

আমার পার্শ্বে উপস্থিত হইয়াছ অতএব তোমাদিগের হিতের নিমিত্ত যাহা আমি বলিতেছি তোমরা তাহাই কর যাহাতে তোমরা জয়লাভ করিবে। হে দেবগণ! যে স্থানে অগ্নিস্বত্তাদি পিতৃ দেবগণ অবস্থিতি করিতেছেন তাহাদিগের মেনানাম্নী একটি মানসী কন্যা আছে। তোমরা এক্ষণে মহাতীর্থে গমন করতঃ শ্রদ্ধাসহকারে তাহাদিগকে আরাধনায় সন্তোষ কর পরে তাহাদিগের নিকট একটি কন্যা প্রার্থনা কর ঐ কন্যাতে অতি রূপলাবণ্য যুক্তা তপস্বিনীকন্যা হইবেক। যে কন্যা দক্ষ প্রজাপতির ক্রোধের নিমিত্ত আত্ম জীবনকে মলার ন্যায় পরিত্যাগ করিয়াছিলেন। সেই কন্যা শঙ্কর মহাদেবের স্বীয় তেজাংশে জন্ম গ্রহণ করিবেন সেই সুরূপা কন্যা সসৈন্য দানবেন্দ্র শুম্ভকে বিনাশ করিবেন। এইজন্য তোমরা মহাতীর্থে কুরুক্ষেত্রে গমনকর সেই

তত্র পৃথূদকে তীর্থে পূজ্যন্তে পিতরোঽব্যয়াঃ।
মহাতীর্থে মহাপুণ্যে যদি শক্রং পরাভবং।
ভবন্তু যত্নান্নাসৰ্ব্বে ইচ্ছধ্বং ক্রতুভামিতি।

পুলস্ত্য উবাচ।

ইত্যুক্তা বাসুদেবেন দেবাঃ শক্রপুরোগমাঃ।
কৃতাঞ্জলিপুটা ভূত্বা পপ্রচ্ছুঃ পরমেশ্বরং।

দেবা উচুঃ।

কোঽয়ং কুরুক্ষেত্র ইতি যত্র পুণ্যং পৃথূদকং।
উদ্ভব হস্য তীর্থস্য ভগবান্ প্রব্রবীতু পুনঃ।
কেয়ং প্রোক্তা মহাপুণ্যা তিথীনামুত্তমা তিথিঃ।
যস্যাং হি পিতরো দেবাঃ পূজ্যাস্মাভিঃ প্রযত্নতঃ।
ততঃ সুরাণাং বচনং মুরারিঃ কৈটভার্দ্দনঃ।
কুরুক্ষেত্রোদ্ভবং পুণ্যং প্রোক্তবাংস্তাং তিথীনপি।

অনুবাদ।

স্থানে পৃথুদকে অব্যয় পিতৃদেবগণকে পূজা কর। হে ভগবন্! যদি তোমরা শক্র জয় করিতে অভিলাষ কর তবে মহাপুণ্যতীর্থে গমন করিয়া এইরূপে পৃথূদকে কার্য্য করিতে ইচ্ছা কর। পুলস্ত বলিলেন। এবম্বিধ ভগবান বাসুদেব ইন্দ্র প্রভৃতি দেবগণকে বলিলে দেবগণ কৃতাঞ্জলিপুটে বাসুদেবকে জিজ্ঞাসা করিলেন। যে স্থানে পৃথূদক আছে সেই কুরুক্ষেত্র কোথায়। কিরূপে ঐ তীর্থ উদ্ভব হইল তাহা আপনি পুনর্ব্বার বর্ণন করুন। মহাপুণ্যজনিকা তিথির কোথায় যে স্থানে পিতৃদেবগণ আমাদিগের পূজ্য হইবেন। পরে কৈটভারি মধুসূদন দেবগণের বাক্য শ্রবণ করিয়া কুরুক্ষেত্রের উদ্ভব পুণ্য ও তিথি সকল বলিতে লাগিলেন। সত্যযুগের প্রথমে

ভগবান উবাচ।

সোমবংশোদ্ভবো রাজা ঋক্ষো নাম মহাবলঃ।
কৃতস্যাদৌ সমভব দৃক্ষাৎ সম্বরণো ভবৎ।
সচ পিত্রা নিজেরাজ্যে বাল এবাভিষেচিতঃ।
বাল্যেপি ধর্ম্মনিরতো মদ্ভক্তঃ স সদাভবৎ।
পুরোহিতস্তু তস্যাসী দ্বশিষ্ঠো বরুণাত্মজঃ।
সচাস্যাধ্যাপয়ামাস সর্ব্বান্ বেদানুদারধীঃ।
ততো জগাম চারণ্যে ব্রহ্মাধ্যায়ে নৃপাত্মজঃ।
সর্ব্বকর্ম্মসু নিক্ষিপ্য বশিষ্ঠং তং তপোনিধিং।
ততো মৃগয়াব্যাক্ষেপাদেকাকী বাজিনাশ্রিতঃ।
বৈভ্রুজং স জগামাদ্য মনোন্মাদেন মপ্যথ।

অনুবাদ।

সোমবংশসম্ভূত ঋক্ষ নামে মহাবল পরাক্রান্ত রাজাছিলেন ঋক্ষের সম্বরণ নামে পুত্র হইল। সেই সম্বরণকে বাল্যকালে তাহার পিতা ঋক্ষ স্বীয়রাজ্যে অভিষিক্ত করিলেন। সম্বরণ বাল্যকালে অতি ধার্ম্মিক ও আমার প্রিয়ভক্ত ছিল। বরুণাত্মজ বশিষ্ঠ তাহার পুরোহিত ছিলেন। সম্বরণ পুরোহিত বশিষ্ঠের নিকট সমস্ত বেদ অধ্যয়ন করিয়াছিলেন। একদা সম্বরণ সমস্ত রাজকীয় কার্য্য বশিষ্ঠের প্রতি অর্পণ করিয়া মহারণ্যে ব্রহ্মাধ্যয়ে গমন করিলেন। সেই অরণ্যে এক মৃগ লক্ষ করিয়া একাকী ঘোটকারোহণে বৈভ্রুজারণ্যে প্রবেশ করিলেন। তত্রত্য সর্ব্বর্ত্তু কুসুমাকীর্ণ অবলোকন করিয়া মনের অতিশয় মত্ততা জন্মিল। সুরভি সম্ভোগে পরিতুষ্ট না হইয়া সেই অরণ্যের চতুর্দ্দিক ভ্রমণ করিতে লাগিলেন। সেই বনের এক দেশে অতুল

ততস্তু কৌতুকাবিষ্টঃ সর্ব্বর্ত্তু কুসুমে বনে।
অবিতৃপ্তঃ সুগন্ধস্তু সমন্তাদ্ব্যচরদ্বনং।
সবনান্তেচ দদৃশে ফুল্লকোকনদাবৃতং।
কহ্লার পদ্ম কুসুমৈঃ কমলেন্দীবরৈরপি।
তত্র ক্রীড়ন্তি সতত মপ্সরামরকন্যকাঃ।
তাসাং মধ্যে চ দদৃশে কন্যাং সম্বরণোধিকাং।
দর্শনাদেব সনৃপঃ কামবাণ নিপীড়িতঃ।
কন্যা চ সা সমীক্ষ্যৈব কামবাণান্তরা ভবৎ।
উভৌতৌ পীড়িতৌ মোহং জগ্মতুঃ কামমার্দ্দনৈঃ।
রাজা চলাসনো ভূম্যাং নিপপাত তুরঙ্গমাৎ।
তমভ্যেত্য মহাত্মানো গন্ধর্ব্বাঃ কামরূপণঃ।
সিষিচু র্বারিনাভ্যেত্য লব্ধ সংজ্ঞো ভবৎ ক্ষণাৎ।

অনুবাদ।

কোকনদ পদ্ম কহ্লার ইন্দ্রীবর ও অন্যান্য কুসুমাকীর্ণ এক সরোবর। তাহাতে দেবকন্যা ও অপ্সরাগণ পরম কৌতুকে ক্রীড়া করিতেছে তন্মধ্যে সম্বরণ হইতে অধিকতর রূপলাবণ্য যুক্তা পরম রূপবতী কন্যা অবলোকন করিয়া রাজা কন্দর্পবাণে নিপীড়িত হইলেন। সেই রূপবতী কন্যা রাজাকে অবলোকন করিয়া মন্মথ শরানলে ব্যথিত হইল। অনন্তর অরণ্য মধ্যে রাজা ও সেই কামিনী উভয়ে কামবাণে অতিশয় জর্জ্জরিত ও মুগ্ধ হইল। রাজা সেই অরণ্য মধ্যে অতিশয় মুগ্ধ হইয়া তুরঙ্গম হইতে অবতীর্ণ হইয়া ভূমি-তলে অবস্থিতি করিলেন। পরে কামরূপী গন্ধর্ব্বগণ সেই অরণ্যে বিচরণ করিতে করিতে রাজাকে তদবস্থায় পতিত থাকিতে দেখিয়া তাহারা রাজাকে বারম্বার বারি সেচন করিতে লাগিল। তাহাতে

সা চাপ্সরোভি রুৎপাদ্য নীতা পিতৃকুলং নিজং।
তাভি রাশ্বাসিতশ্চাপি মধুরৈ র্বচনাম্বুভিঃ।
সচাপ্যারুহ্য তুরগং সুপ্রাতিষ্ঠং সুরোত্তমাঃ।
ততস্তু মেরু শিখরং কামচার তথামরঃ।
যদা প্রভৃতি সাদৃষ্টা চক্ষুষা তাপসী গিরৌ।
তদা প্রভৃতি নাশ্নাতি দিবাস্বপিতি বা নিশি।
ততঃ সঃসর্ব্ববিদ্ব্যগ্রো বিদিত্বা বরুণাত্মজঃ।
তপতী তাপিতং বীরং পার্থিবং তপসা নিধিঃ।
সমুৎপত্য মহাযোগী গগণে রবিমণ্ডলং।
বিবেশ দেবং তিগ্মাং শুং দদর্শ স্যন্দনেস্থিতং।

অনুবাদ।

রাজা সংজ্ঞালাভ করিলেন। এবং অপ্সরাগণ সেই মুগ্ধাকামিনীকে লইয়া তাহার পিত্রালয়ে গমন করিল। পরে সেই অপ্সরাগণ সেই কামিনীকে মধুরবাক্যে সন্তোষ করিয়া গমন করিল। এ দিকে রাজা সম্বরণ কিঞ্চিৎ সুস্থতালাভ করিয়া ঘোটকারোহণে নিজালয়ে প্রত্যাগমন করিলেন। হে দেবগণ! এবং কামরূপী গন্ধর্ব্ব গণ মেরুশিখর প্রদেশে গমন করিল। রাজা সম্বরণ যে অবধি সেই সুরূপা কামিনীকে পর্ব্বতশিখরে অবলোকন করিয়াছেন তাবৎ কালপর্য্যন্ত রাজা সম্বরণ ভোজন করেন নাই এবং দিবা রজনীতে নিদ্রা জান নাই। অনন্তর সর্ব্ববিৎ তাপসাগ্রগণ্য বরুণাত্মজ বশিষ্ঠ তপতী পার্থিবকে তাপ দিতেছে বিশেষ কারণ অবগত হইয়া যোগীবর লক্ষপ্রদানে গগনমণ্ডলে উত্থিত হইয়া আদিত্যমণ্ডলে প্রবেশপূর্ব্বক স্যন্দনস্থিত তিগ্মাংশু আদিত্য দেবকে

তং দৃষ্ট্বা ভাস্করং দেবং প্রণাম মকরোত্তদা।
প্রতি প্রণমিতশ্চাসৌ ভাস্করেণা বিশদ্রথে।
জ্বলজ্জটাকলাপোসৌ দিবাকর সমীপগঃ।
শোভতে বারুণিঃ শ্রীমান্ দ্বিতীয়ইব ভাস্করঃ।
ততঃ সংপূজিতোর্ঘাদ্যৈ র্ভাস্করেণ তপোধনঃ।
পৃষ্টশ্চা গমন হেতুং প্রত্যুবাচ দিবাকরং।
সমায়াতোস্মি দেবেশ যাচিতং ত্বাং মহাদ্যুতে।
সুতাং সম্বরণস্যার্থেত্বমুক্তাং দাতু মর্হসি।
ততো বশিষ্ঠায় দিবাকরেণ
নিবেদিতাসা তপতী তনুজা।
গৃহাগতায় দ্বিজপুঙ্গবায়
রাজ্ঞোঽর্থতঃ সম্বরণস্য দেবাঃ।

অনুবাদ।

অবলোকন করিয়া নমস্কার করিলেন। আদিত্যদেব যোগীবরকে প্রতি প্রণামপূর্ব্বক রথে আরোহণ করিলেন। প্রদীপ্ত হুতাশনের ন্যায় জটাভার মণ্ডিত বারুণবশিষ্ঠদেবকে আদিত্যের পার্শ্বে অবস্থিতি করাতে দ্বিতীয় আদিত্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন। অনন্তর আদিত্যদেব বারুণবশিষ্ঠদেবকে বিশেষ উপচার দ্বারা পূজা করিয়া জিজ্ঞাসা করিলেন। তপোধন এস্থানে আগমনের কারণ কি। বশিষ্ঠ ভাস্করকে বলিলেন। হে দেবেশ! হে মহাদ্যুতে! আমি আসিয়াছি তোমার নিকট প্রার্থনা করিতেছি। ভূপালাগ্রগণ্য রাজা সম্বরকে আপনি কন্যাপ্রদান করুন। অনন্তর দিবাকর তপতী তনয়ার বিষয় বিশেষ বিবেচনা করিয়া উপস্থিত রাজা সম্বরণের নিমিত্ত গৃহাগত দ্বিজবর বশিষ্ঠের নিকট অঙ্গীকার করিয়া রাজা সম্বরণের নিমিত্ত কন্যাপ্রদান

সাবিত্রমাদায় ততো বশিষ্ঠঃ
স্বমাশ্রমং পুণ্যতমং জগাম।
সাচাপি সংস্মৃত্য নৃপাত্মজাতং
কৃতাঞ্জলি র্বারুণী মাহ দেবী।

তপত্যুবাচ।

ব্রহ্মন্ময়া খেদমুপেত্য যো হি
সহাপ্সরোভিঃ কিল বৈভ্রুজে বনে।
দৃষ্টোরমর্ত্ত্যামরগর্ব্ব তুল্যো
নৃপাত্মজো লক্ষণতোভিজানে।
পাদৌ শুভৌ চক্র গদাসিচিহ্নৌ
জঙ্ঘে তথোরূ করিহস্ত তুল্যে।
কটীর্যথা কেশরিণ স্তথৈব
ক্ষামঞ্চ মধ্যং ত্রিবলী নিবদ্ধং।
গ্রীবাস্য শঙ্খাকৃতি মাদধাতি
ভুজৌচপীনৌ কঠিনৌ সুদীর্ঘৌ।

অনুবাদ।

করিলেন। বশিষ্ঠদেব সূর্য্যতন[illegible] সঙ্গে লইয়া স্বীয় অতি পুণ্যা-শ্রমে গমন করিলেন। আদিত্য তনয়া তপতী কৃতাঞ্জলিপুটে বারুণি বশিষ্ঠকে বলি[illegible] ব্রহ্মন্ আমি অতিশয় মানসিক কষ্ট পাইয়াছি. বৈভ্রুজারণ্যে[illegible]াগণের সহিত ক্রীড়া করিতে করিতে দেবতুল্য এক রাজ পুত্রকে দেখিয়াছিলাম তাহার অবয়বের চিহ্ন সমস্ত আমি জানি। তাহার পাদদ্বয় অতি মনোহর এবং তাহাতে চক্র গদা খড়্গ চিহ্ন আছে। জঙ্ঘা ও উরুদেশ করিকর সদৃশ, কটিদেশ মৃগেন্দ্র সদৃশ ক্ষীণ, এবং ত্রিবলীযুক্ত, গ্রীবাদেশ শঙ্খা-কৃতি, বাহুদ্বয় অতি কঠিন স্থূল এবং আজানুলম্বিত, হস্তদ্বয় প[illegible]

হস্তৌ তথা পদ্মদলোদ্ভবাঙ্কৌ
ছত্রাকৃতি তস্য শিরোবিভাতি।
নীলাশ্চ কেশাঃ কুটিলাশ্চ তস্য
কর্ণৌ সমাংশৌ সুসমাচ নাসা।
দীর্ঘাশ্চ তস্যাঙ্গুলয়ঃ সুপর্ব্বাঃ
পদ্ভ্যাং করাভ্যাং দশনাশ্চ শুক্লাঃ।
সমুন্নতঃ ষড়্ভিরুদারবীর্য্য
স্ত্রিভির্গভীরস্ত্রিষু চ প্রলম্বঃ।
রক্তস্তথা সপ্তসু রাজপুত্রঃ
কৃষ্ণশ্চতুর্ভিস্ত্রিভিরানতোপি।
দ্বাভ্যাঞ্চ শুক্লঃ সুরভিশ্চতুর্ভি
পদ্মান্তি পদ্মানি দশৈবচাস্য।
বৃতঃ সভর্ত্তা ভগবন্ হি পূর্ব্বং
তং রাজপুত্রং ভুবি সং বিচিন্ত্য।

অনুবাদ।

দলাঙ্কিত, মস্তক ছত্রাকৃতি, কেশকলাপ নীল বর্ণ ও কুটিল, কর্ণদ্বয় মাংসল নাসাদ্বয় তীক্ষ্ণাগ্র, হস্ত পদের অঙ্গুলি সকল মনোহর এবং দীর্ঘ, দশনকলাপ শুক্ল, তাহার ছয়টী অঙ্গ সমুন্নত, স্বর নাভি বুদ্ধি এই তিন গভীর ললাট বাহু বক্ষ এই তিন প্রলম্ব, হস্ততল পদতল নেত্রদ্বয়ের প্রান্তভাগ নখশ্রেণী এই সপ্ত রক্তবর্ণ, এবং রাজপুত্রের চারি অঙ্গ কৃষ্ণবর্ণ, তিন অঙ্গ আনত, শুক্ল-বর্ণ দুই সুগন্ধি চারি এবং পদ্মাকৃতি দশ এবম্বিধ লক্ষণান্বিত যে রাজপুত্র তাহাকেই আমি পূর্ব্বে স্বামিত্বে বরণ করিয়াছি। হে তাপসবর! এবম্বিধ গুণসম্পন্ন লক্ষণান্বিত রাজপুত্র আমাকে প্রদান কর সাধুগণ স্নেহপ্রযুক্ত আত্ম অভিলাষ ব্যক্ত করেন। হে

মদস্বমাং নাথ তপস্বিমুখ্য *
স্নেহাত্ম কামং প্রবদন্তি সন্তঃ।
দাতুং তথাচাস্য বিভোঽক্ষমশ্চ।
দেবদেব উবাচ।
ইত্যেবমুক্তঃ সবিতুশ্চপুত্র্যা
ঋষিস্তথা ধ্যানপরোবভূব।
জ্ঞানে তমেবর্ক্ষ সুতং সকামং
মুদান্বিতো বাক্যমিদং জগাদ।
সএব পুত্রি নৃপতে স্তনুজো
দৃষ্টঃ পুরাকাম য়সে যদদ্য।
সএব চাযাতি সমাশ্রমং বৈ
ঋক্ষাত্মজং সম্বরণোহি নাম্না।
অথাজগামাশু নৃপস্তপুত্রঃ
স্বমাশ্রমং ব্রাহ্মণপুঙ্গবস্ত।

অনুবাদ।

বিভো! আমি অন্যকে বরণ করিব না। সূর্য্যতনয়া তপতী এই রূপ বলিলে তাপসবর বশিষ্ঠ কিঞ্চিৎকাল ধ্যানস্থ হইলেন। সূর্য্য-তনয়া তপতী মহারাজ ঋক্ষের পুত্র সম্বরণকে অভিলাষ করিয়াছে এইরূপ জানিয়া তাপসাগ্রগণ্য যোগীবর বশিষ্ঠ হর্ষিত হইয়া বলিলেন। হে পুত্রি! তুমি পূর্ব্বে যাহাকে দেখিয়া অভিলাষ করিয়াছিলে সে মহারাজ ঋক্ষের পুত্র। সেই রাজনন্দন এই আশ্রমে আসিয়াছেন তিনি মহারাজ ঋক্ষের তনয় তাঁহার নাম সম্বরণ অনন্তর রাজা সম্বরণ দ্বিজবর বশিষ্ঠের আশ্রমে গমন

দৃষ্টা বশিষ্ঠং প্রণিপত্য মূর্দ্ধ্না
স্থিত স্বপশ্য তপতীং নরেন্দ্রঃ।
দৃষ্ট্বা চ তাং পদ্মবিশালনেত্রাং
তাং পূর্ব্বদৃষ্টা মিতি চিন্তয়িত্বা।
পপ্রচ্ছ কেয়ং ললনা দ্বিজেন্দ্র
স বারুণিঃ প্রাহ নরাধিপেন্দ্রং।
ইয়ং বিবস্বদ্দুহিতা নরেন্দ্র
নাম্না প্রসিদ্ধাতপতী পৃথিব্যাং।
ময়াতবার্থায় দিবাকরোর্চ্চিতঃ
প্রাদাত্ময়া চাশ্রমমেব নীতা।

অনুবাদ।

পূর্ব্বক তথায় তাপসবর বশিষ্ঠকে দর্শন করিয়া প্রণিপাত পুরঃসর সম্মুখে দণ্ডায়মান থাকিলেন এবং সেই আশ্রমে সূর্য্য-তনয়া তপতীকে অবলোকন করিলেন। মহারাজ সম্বরণ পদ্ম-বিশালনয়না তপতীকে অবলোকন করিয়া মনে মনে বিতর্ক করিতে লাগিলেন আমি এই স্বরূপা কামিনীকে পূর্ব্বে কোথায় দেখিয়াছিলাম কিয়ৎকাল চিন্তা করিয়া যোগীবর বশিষ্ঠকে জিজ্ঞাসা করিলেন। হে দ্বিজেন্দ্র! হে তাপসমুখ্য আপনার আশ্রমে এই স্বরূপা ললনা কে? বারুণি রাজপুত্রকে বলিলেন হে নরেন্দ্র! এই কামিনী দিবাকরের তনয়া জগতে তপতী নামে বিখ্যাতা। হে নরেন্দ্র! আমি তোমার নিমিত্ত আদিত্যমণ্ডলে গমন করিয়া আদিত্যদেবকে পূজায় সন্তোষ করিলাম তাহাতে দিননায়ক ভাস্কর আমাকে তোমার নিমিত্ত এই কন্যা প্রদান করিয়াছেন আমি এই তপতীকে আমার আশ্রমে আনিয়াছি। অতএব হে নরেন্দ্র! গাত্রোত্থান

তস্মাৎ সমুত্তিষ্ঠ নরেন্দ্র দেব্যাঃ
পাণিং তপত্যা বিধিবৎ গৃহাণ।
ইত্যেবমুক্তো নৃপতিঃ প্রহৃষ্টো
জগ্রাহ পাণিং বিধিবৎ তপত্যাঃ।
সা তং পতিং প্রাপ্য মনোভিরামা
সূর্য্যাত্মজা শক্রসম প্রভাবং।
বরাম তন্বী ভবনোত্তমেষু
যথা মহেন্দ্রং দিবি দৈত্যকন্যা।

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দেবীমাহাত্ম্যে উমাসম্ভবে একবিংশতিতমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

কর এবং তুমি এই দেবীর যথাবিধানে পাণিগ্রহণ কর। রাজতনয়কে বশিষ্ঠদেব এইরূপ বলিলে মহারাজ সম্বরণ হর্ষচিত্তে সূর্য্যতনয়া তপতীর যথাবিধানে পাণিগ্রহণ করিলেন। সূর্য্যতনয়া মনোনীত ইন্দ্রতুল্য পতি লাভ করিয়া অতিশয় হৃষ্টচিত্তে উত্তম প্রাসাদে স্বর্গে দানবকন্যা মহেন্দ্রকে লাভ করিয়া যাদৃশ আনন্দানুভব করিয়াছিল তাদৃশ সুখানুভব করিতে লাগিলেন।

ইতি বামনপুরাণে দেবীমাহাত্ম্যে উমাসম্ভবে
একবিংশতিতমোঽধ্যায়।

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

দেবদেব উবাচ।

তস্যাং তপত্যাং নরসত্তমেন
জাতঃ সুতঃ পার্থিব লক্ষণেন।
সজাতকর্ম্মাদিভিরেব সংস্কৃতো
ব্যবর্দ্ধতাজ্যেন হুতোযথাগ্নিঃ।
বিপ্রেণ মিত্রাবরুণাত্মজেন
নবাপ্তিকস্য ব্রতবন্ধনঞ্চ।
কৃতং যথাবৎ পরিপাঠিতস্তু
বেদেচ শাস্ত্রেপরিপারগোভূৎ।
ততশ্চতুঃষষ্ঠি রপেতবর্ষঃ
সর্ব্বজ্ঞতা মপ্যগম ত্ততোসৌ।

অনুবাদ।

দেবদেব বলিলেন। অনন্তর অচিরকাল মধ্যে সেই নরশার্দ্দূল সম্বরণ হইতে তপতীর গর্ব্ভে রাজলক্ষণাক্রান্ত এক সন্তান জন্মে। অনন্তর সম্বরণ সেই নবজাত কুমারের যথাবিধি জাতক কর্ম্মাদি করিলেন রাজতনয় ক্রমশঃ সংস্কৃত হবিঃপ্রদানে হুতভুক্ যাদৃশ বর্দ্ধিত হন তাদৃশ বর্দ্ধিত হইতে লাগিলেন। অনন্তর বরুণাত্মজ বশিষ্ঠ নৃপনন্দনের উপনয়নাদি কার্য্য সমাপন করিয়া বেদাধ্যয়ন করাইতে লাগিলেন। দশমবর্ষ বয়ঃক্রম কালে রাজতনয় সর্ব্বশাস্ত্রে পারদর্শিতা লাভ করিলেন। পরে মহারাজ সম্বরণের

খ্যাতঃ পৃথিব্যাং পুরুষোত্তমোসৌ
নাম্না কুরুঃ সম্বরণস্য পুত্রঃ।
ততো নরপতি দৃষ্ট্বা পুত্রং তং ষোড়শাব্দিকং।
দারক্রিয়ার্থ মকরোদ্যত্নং শুভকুলে ততঃ।
সৌদামিনীং সুদামুস্ত সুতাং রূপাধিকাং নৃপঃ।
কুরো রর্থায় কৃতবান্ গপ্রাদাৎ কুরবে পি তাং।
সতাং নৃপসুতাং লব্ধা স্বধর্ম্মানবিরোধয়ন্।
রেমেতন্ব্যা সহতয়া পৌলোম্যা মঘবানিব।
ততো নরপতিঃ পুত্রং রাজ্যভারক্ষমং বলী।
বিদিত্বা যৌব রাজ্যায় বিধানে নাভ্যষেচয়ৎ।
ততো রাজ্যেভিষিক্তস্তু কুরুঃ পিত্রা নিজেপদে।
স পালয়ামাস মহীং পুত্রবচ্চ প্রজাস্বয়ং।

অনুবাদ।

পুত্র এই অবনীমণ্ডলে কুরু পুরুষোত্তম বলিয়া বিখ্যাত হইলেন। অনন্তর রাজশার্দ্দূল সম্বরণ দেখিলেন তনয়ের বয়ঃক্রম ষোড়শবর্ষ হইয়াছে। তখন পুত্রের বিবাহার্থ বিশেষ যত্নপূর্ব্বক সুপ্রসিদ্ধ সৎকুলসম্ভূতা রাজকন্যা অন্বেষণ করিতে লাগিলেন। নানা দেশ অন্বেষণ করিয়া রাজা সম্বরণ সুদামন্ রাজার সুরূপা গুণশালিনী কন্যা তনয়কে বিবাহ দিলেন। পুরন্দর পুলোমার সহবাসে যেরূপ আনন্দলাভ করেন তাদৃশ রাজতনয় কুরু সুরূপা কামিনী লাভ করিয়া স্বীয় ধর্ম্মানুসারে সেই ভার্য্যার সহিত সহবাসে সুখানুভব করিতে লাগিলেন। অনন্তর সম্বরণ পুত্রকে রাজ্যভার গ্রহণের উপযুক্ত জানিয়া যথাবিধানে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন। কুরু পিতৃরাজ্যে অভিষিক্ত হইয়া মহী এবং প্রজাগণকে ঔরসজাত পুত্রের ন্যায় প্রতি-

সএব লোকপালোভূৎ পশুপালঃ সএবহি।
সরাজ্যপাল শ্চতথা প্রজাপালো মহাবলঃ।
ততোস্য বুদ্ধিরুৎপন্না কীর্ত্তির্লোকে গরীয়সী।
যাবৎ কীর্ত্তিঃ সুসংস্থাহি তাবদ্বাসঃ সুরৈঃসহ।
মত্বৈবং নৃপতিঃ শ্রেষ্ঠো যথাতথ্য মবেক্ষ্যচ।
বিচচার মহীং সর্ব্বাং কীর্ত্ত্যর্থং স নরাধিপঃ।
ততো দ্বৈতবনং নামপুণ্যং লোকচরোবশী।
তদা সা বতিসংহৃষ্টো বিবেশাভ্যন্তর স্ততঃ।
তত্র দেবীং দদর্শাথ পুণ্যাং পাপবিমোচনীং।
প্লক্ষজাং ব্রহ্মণঃ পুত্রীং হরিজিহ্বাং সরস্বতীং।
সুদর্শনস্য জননী হ্রদং কৃত্বা সুবিস্তরং।
স্থিতাভগবতীকুলে তীর্থকোটিভিরাপ্লুতা।

অনুবাদ।

পালন করিতে লাগিলেন। সেই মহাবলবান্ যুবরাজ স্বয়ং লোক-পালক, পশুপালক, রাজ্যপালক এবং প্রজাপালক। কিয়ৎকাল পরে ইহলোকে কিরূপে যশস্বী হইব তদ্বিষয়ের চেষ্টা করিতে লাগিলেন। মনে মনে বিবেচনা করিলেন যেপর্য্যন্ত জগতে কীর্ত্তি থাকিবেক তাবৎকাল সুরলোকে সুরগণের সহিত বাস করিব। রাজশার্দ্দূল কুরু এইরূপ স্থির করিয়া নিয়ত তাহার অনুসন্ধান করিতে লাগিলেন। অনন্তর কুরু কীর্ত্তির নিমিত্ত সমস্ত পৃথিবী ভ্রমণ করিতে লাগিলেন। পরে ভ্রমণ করিতে করিতে অতি পুণ্যস্থান দ্বৈতবনে গমনপূর্ব্বক অতিশয় হৃষ্টচিত্তে তাহার মধ্যে প্রবেশ করিলেন। সে স্থানে অতি পুণ্যজনিকা কলুষ-নাশিনী প্লক্ষজা ব্রহ্মার তনয়া হরিজিহ্বা সরস্বতীদেবীকে দর্শন করিলেন। ঐ দেবী সুদর্শনের জননী কোটিতীর্থপরিবৃতা, সুবিস্তীর্ণ

তস্যা স্তজ্জলমীক্ষ্যৈব স্নাত্বা প্রীতোভবন্নৃপঃ।
সমাজগামাথ পুন র্ব্রহ্মণো বেদিমুত্তরাং।
সমন্তপঞ্চকং নাম ধর্ম্মস্থান মনুত্তমং।
আসমন্তাদ্যোজনানি পঞ্চ পঞ্চচ সর্ব্বতঃ।

দেবাউচুঃ।

কিমন্যা বেদয়ো দেব ব্রহ্মণঃ পুরুষোত্তম।
যেনোর্ত্তরা ত্বয়াবেদি র্গদিতা সর্ব্বপঞ্চকা।

দেব উবাচ।

বেদয়ো লোকনাথস্য সর্ব্বধর্ম্মস্য সেতবঃ।
যা সুদৃষ্টা সুরেশেন লোকনাথেন শম্ভুনা।
প্রয়াগোমধ্যমাবেদিঃ পূর্ব্বাবেদ্যযয়ঃশিবা।
বিরজাদক্ষিণাবেদি রনন্তফলদায়িনী।

অনুবাদ।

হ্রদরূপে ভগবতীর কুলে অবস্থিতি করিতেছেন। সেই হ্রদের জল দর্শন ও তাহাতে অবগাহন করিয়া রাজা অতিশয় প্রীতি লাভ করিলেন। তথা হইতে পুনর্ব্বার ব্রহ্মার উত্তরা বেদিতে গমন করিলেন। ঐ স্থান দশযোজন পর্য্যন্ত অতি পবিত্র, উহার নাম সমন্ত পঞ্চক। দেবগণ বলিলেন। হে পুরুষোত্তম! আপনি বলিলেন ব্রহ্মার উত্তরা বেদীর নাম সমন্তপঞ্চক তখন ব্রহ্মার অন্য বেদী কি আছে। ভগবান্ বলিলেন। লোকনাথ ব্রহ্মার ধর্ম্মসেতুস্বরূপ পাঞ্চবেদী আছে দেবাগ্রগণ্য লোকনাথ শঙ্কর দেখিয়াছেন, প্রয়াগ তাহার মধ্যমাবেদী হে ঋষিগণ! শিবা পূর্ব্ববেদী, অনন্তফলদায়িনী বিরজা দক্ষিণাবেদী, কুণ্ডত্রয় বিভূষিত পুষ্কর পশ্চিমাবেদী, সমন্ত পঞ্চক যাহাকে বলিতেছি এই ব্রহ্মার উত্তরাবেদী। এই পঞ্চবেদীর মধ্যে বিশেষ কিছুই নাই সকলবেদী অনন্ত ফলদাতা। পরে রাজ-

প্রতীচীপুষ্করাবেদি স্ত্রিভিঃকুণ্ডৈরলঙ্কৃতা।
সমন্তপঞ্চকাপ্রোক্তা বেদিরেবোত্তরাব্যয়া।
তমমন্যত রাজর্ষি রিদং ক্ষেত্রং মহাফলং।
করিষ্যামি কৃষিষ্যামি সর্ব্বান্‌কামান্‌ যথেপ্সিতান্‌।
ইতিসংঞ্চিন্ত্য মনসা ত্যক্ত্বাস্যন্দনমুত্তমং।
চক্রেকীর্ত্ত্যর্থমতুলং সংস্থানং পার্থিবর্ষভঃ।
কৃত্বাসীরং সগৌবর্ণ্যং গৃহ্যরুদ্রবৃষং পুনঃ।
যুগ্মংযমস্য মহিষং স্বয়ং কর্ষিতুমুদ্যতঃ।
তংসংকৃষন্তং নৃবরং সমভেত্যশতক্রতুঃ।
প্রোবাচ রাজন্‌ কিমিদং ভবান্‌ কর্ত্তুমিহোদ্যতঃ।
রাজাব্রবীৎ সুরবরং তপঃসত্যংক্ষমাদয়াং।
কৃষামিশৌচং দানঞ্চ যোগঞ্চ ব্রহ্মচারিতাং।

অনুবাদ।

কুলাবতংশ কুরু মনে মনে এই স্থির করিলেন আমি বিশেষ চেষ্টা ও যত্নসহকারে এই স্থান কর্ষণ করিয়া অভীষ্ট কামনা লাভ করিব এইরূপ স্থির করিয়া স্বীয় উত্তম রথ পরিত্যাগ পূর্ব্বক অতুল কীর্ত্তির জন্য স্থান নির্ণয় করিলেন। পরে নৃপশার্দ্দূল সুবর্ণালঙ্কৃত লাঙ্গল রৌদ্র বৃষযুগল ও যাম্য মহিষযুগল গ্রহণপূর্ব্বক স্বয়ং কর্ষণ করিতে লাগিলেন পুরন্দর রাজাকে স্বয়ং ভূমি কর্ষণ করিতে দেখিয়া তথায় উপস্থিত হইয়া কুরুকে বলিলেন। রাজন্‌ আপনি স্বয়ং কর্ষণ করিতে উদ্যত হইয়াছ এ কি। কুরু ইন্দ্রকে বলিলেন আমি তপস্যা, সত্যতা, ক্ষমা, দয়া, শৌচ দয়া দান ও ব্রহ্মচারিতা প্রভৃতি সকল কর্ষণ করিব। রাজার এবম্বিধ

তস্যোবাচ হরির্দেবঃ কস্মাদ্বীজো নরেশ্বর ।
লব্ধং ত্বয়েতি সহসা হ্যবহস্য গতস্ততঃ ।
গতেপি শক্রেনৃপতি রহন্যহনি সীরকৃৎ ।
কৃষতে হন্যান সমন্তাচ্চ সপ্তক্রোশান্মহীপতিঃ ।
ততো হমধ্রুবং গত্বা কুরোকিমিদ মিত্যথ ।
তদাষ্টাঙ্গো মহাধর্ম্মঃ সমাখ্যাতো নৃপেণ হি ।
ততো ময়াস্যগদিতঃ নৃপ বীজং ক্ব তিষ্ঠতি ।
সচাহ মমদেহস্থং বীজং তদহ মব্রুবন্ ।
দেহ্যহং বাপি যেষ্যামি সীরং কৃষতু বৈভবান্ ।
ততো নৃপতিনা বাহুর্দক্ষিণঃ প্রসৃতঃকৃতঃ ।

অনুবাদ ।

বাক্য শ্রবণ করিয়া শতক্রতু বলিলেন হে নরেশ্বর! তুমি কাহার নিকট বীজ পাইয়া সহসা এরূপ মনের স্থৈর্য্যতা সম্পাদন করিয়াছ। তথা হইতে পুরন্দর প্রস্থান করিলে কুরু প্রতিদিন লাঙ্গল দ্বারা কর্ষণ করিতে লাগিলেন। রাজা ক্রমশঃ সপ্তক্রোশ পর্য্যন্ত চতুর্দ্দিক কর্ষণ করিলেন. পরে দেহ চিরস্থায়ী নয় এইরূপ বিবেচনা করিয়া তখন নিবর্ত্ত হইলেন। অনন্তর অন্য এক মহীপতি রাজাকে জিজ্ঞাসা করিল কুরো তুমি কি করিতেছ ইহাতে কোন অভীষ্ট সিদ্ধ হইবেক এইরূপ বলিয়া কুরুকে অষ্টাঙ্গ ধর্ম্ম শিক্ষা দিলেন। মহারাজ কুরু মহীপতির নিকট অষ্টাঙ্গ ধর্ম্ম শ্রবণ করিলে পর কুরুকে বলিলেন নৃপ বীজ কোথায় আছে মহীপতি বলিলেন নৃপ বীজ আমার দেহে আছে। আমি দেহী বস্তু করিব লাঙ্গল দ্বারা বৈভব কর্ষণ কর। অনন্তর মহীপতি দক্ষিণ বাহু

প্রসৃতং তং ভুজংদৃষ্ট্বা মহাচক্রেণ বেগতঃ।
সহস্রধাপ্রতিচ্ছেদ পশ্চাদেক ভুজোভবৎ।
ততঃ সব্যংভুজংরাজা দদৌচ্ছিন্নোহপ্যসৌময়া।
তথৈবোরুযুগং প্রাদাৎ তেনপ্রীতোস্মি তস্য চ।
বরদোস্মীত্যুবাচাথ কৃচ্ছ্রংবচন মব্রবীৎ।

কুরুরুবাচ।

যাবদেতন্ময়াকৃষ্টং ধর্ম্মক্ষেত্রং তদস্তু চ।
স্নাতানাঞ্চ মৃতানাঞ্চ মহাপুণ্য ফলংত্বিহ।
উপবাসঞ্চ দানঞ্চ স্নানং জপ্যঞ্চ মাধব।
হোমং যজ্ঞাদিকং চান্যৎ শুভংবাপ্যশুভং বিভো।
ত্বৎ প্রসাদাৎ হৃষীকেশ শঙ্খচক্রগদাধর।
অক্ষয়ংপ্রবরেক্ষেত্রে ভবত্বত্র মহাফলং।

অনুবাদ।

বিস্তার করিলেন তাহার বাহু বিস্তার দেখিয়া আমি মহাচক্র দ্বারা অতিবেগে সহস্রখণ্ড করিলাম তখন মহীপতির এক বাহু থাকিল। অনন্তর মহীপতি বাম বাহু প্রদান করিলেন আমি তাহার বাহু ছেদ করিলাম। পরে মহীপতি উরুযুগল প্রদান করিলেন তাহাতে আমি তাহার প্রতি সন্তোষ হইয়া বলিলাম আমি বরদ হইয়াছি তুমি বর গ্রহণ কর, মহীপতি অতি কষ্টে বলিলেন। হে মাধব! এই ধর্ম্মক্ষেত্রে আমার যেরূপ কষ্ট হইল, কিন্তু যে ব্যক্তি এই ক্ষেত্রে স্নান করিবেক কিম্বা দেহত্যাগ করিবেক তাহার যেন মহাপুণ্য হয়। হে হৃষীকেশ! হে শঙ্খচক্র গদাধর! হে মাধব! এই ধর্ম্মক্ষেত্রে যে ব্যক্তি উপবাস, দান, স্নান, জপ, হোম, যজ্ঞাদি এবং অন্যান্যশুভ কিম্বা অশুভ কার্য্য করিবেক তোমার প্রসাদে সেই সকল কার্য্য অক্ষয় ও মহাফলজনক হইবে। হে অচ্যুত! হে

তথাভবান্ সুরৈঃসার্দ্ধং সমংদেবেন শূলিনা।
বসতাং পুণ্ডরীকাক্ষ মন্নামব্যঞ্জকেচ্যুত।
ইত্যেবমুক্ত স্তেনাহ রাজ্ঞাবাঢ় মুবাচ তং.
তথাচত্বং দিব্যবপু র্ভব ভূয়ো মহীপতে।
তথান্তকালে মামেব লয়মেষ্যসি সুব্রত।
শাশ্বতী তবকীর্ত্তিশ্চ ভবিষ্যতি ন সংশয়ঃ।
তস্যক্ষেত্রস্য রক্ষার্থং দদৌ সপুরুষোত্তমঃ।
যক্ষঞ্চ চন্দ্রনামানং বাসুকিঞ্চাপি পন্নগং।
বিদ্যাধরং শঙ্কুকর্ণং সুকেশিং রাক্ষসেশ্বরং।
অজাচলঞ্চ নৃপতিং মহাদেবঞ্চ পাবকং।
এতানি সর্ব্বতো ভ্যেত্যরক্ষন্তি কুরুজাঙ্গলং।
অমীষাং বলিনো ন্যেচ ভৃত্যা শ্চৈবানুয়ায়িনঃ।
অষ্টৌসহস্রাণি ধনুর্দ্ধরাণাং
যেবারয়ন্তীহ সুদুষ্কৃতানাং।

অনুবাদ।

পুণ্ডরীকাক্ষ! আপনি দেবগণ ও শূলপাণি শঙ্করের সহিত এই ক্ষেত্রে বাস করিবেন এবং এই স্থান মন্নাম প্রসিদ্ধ হইবে। রাজা এই রূপ প্রার্থনা করিলে আমি তাহাকে তথাস্তু বলিয়া অঙ্গীকার করিলাম। এবং বলিলাম হে মহীপতে! তুমি এক্ষণে দেবদেহ ধারণ কর; হে সুব্রত! অন্তকালে তুমি আমাতে লয় প্রাপ্ত হইবে। তোমার কীর্ত্তি চিরস্থায়ী হইল সন্দেহ নাই। তোমার এই কুরুজাঙ্গল ক্ষেত্র চন্দ্রনামা যক্ষ, পন্নগেশ্বর বাসুকি, শঙ্কুকর্ণ বিদ্যাধর, রাক্ষসেশ্বর সুকেশি অজাচল নৃপতি, ভবানীপতি শঙ্কর এবং হুতাশন প্রভৃতি সকলে সর্ব্বতোভাবে রক্ষা করিবেন। এই কুরুজাঙ্গল রক্ষক যে সকল বলিলাম তাহাদিগের অষ্টসহস্র ধনুর্দ্ধারী বলবান্ ভৃত্য

স্নাতুং ন যচ্ছন্তি মহোগ্ররূপা
অন্যস্তু তে বীর চরাচরাণাং।
তস্যৈবমধ্যে বহুপুণ্য উক্তঃ
পৃথূদকং পাপহরং শিবঞ্চ।
পুণ্যানদী প্রাঙ্মুখতাংপ্রয়াতা
যত্রৌঘযুক্তাস্য সুতীর্থলল্যা।
পূর্ব্বং নদীয়ং প্রপিতামহেন
সৃষ্ট্বা সমং ভূতগণৈঃ সমস্তৈঃ।
মহীজলং বহ্নি সমীরমেব
খঞ্চৈবমাদৌ বিবভৌ পৃথূদকং।
তথাচ সর্ব্বাণি মহার্ণবাণি
তীর্থানি নদ্যঃ সবনাঃ সরাংসি।
সংনির্ম্মিতানীহ মহাভুজেন
তদ্দেবমার্গং সলিলং হিতেষু।

অনুবাদ।

আছে তাহারা পাপাচারী জনগণের স্নান করিতে নিষেধ করিবেক এবং এই পুণ্যতীর্থে স্নান করিলে উগ্রমূর্ত্তি ধারণ করিবেক না অতএব হে বীর! অন্য চরাচর প্রাণিগণের কথা কি বলিব। এই কুরুজাঙ্গল মধ্যে পৃথূদক অতি পুণ্যস্থান পাপহারী মঙ্গলদাত। এই পুণ্যানদী পূর্ব্বমুখে গমন করিয়া তীর্থলল্যার সহিত মিলিত হইয়াছে। অতিপূর্ব্বে এই নদী পিতামহ ব্রহ্মা প্রাণিগণের সহিত সৃষ্ট করিয়া দিলেন। পৃথ্বী অগ্নি বায়ু আকাশ প্রভৃতি সকল পৃথূদকে শোভা পায়। তথাপি মহাবাহু ব্রহ্মা সকল তীর্থ সরোবর সমুদ্র ও নদী এবং বনের সহিত সৃজন করিয়াছেন এই পুণ্যনদীর সলিল দেবগণের সুখসেব্য। এই জগতে

পৃথুদকেনৈব সমতুল্যতীর্থং
ভবিষ্যতে তীর্থবরং পৃথিব্যাং ।
এবং পৃথুদকোদেবাঃ পুণ্যঃপাপভয়াপহঃ ।
তং গচ্ছধ্বং মহাতীর্থং যথাবদ্ধুনিবোধত ।
যথামৃগশিরোঋক্ষে শশীসূর্য্যাবৃহস্পতিঃ ।
তিষ্ঠন্তি সাতিথিঃ পুণ্যা ত্বক্ষয়াপরিগীয়তে ।
তদ্গচ্ছধ্বং সুরশ্রেষ্ঠা যত্রপ্রাচী সরস্বতী ।
পিতৄণারাধয় ত্বং হি তত্রশ্রাদ্ধেন ভক্তিতঃ ।
ততো মুরারিবচনং শ্রুত্বাদেবাঃ সবাসবাঃ ।
সমাজগ্মুঃ কুরুক্ষেত্রেপুণ্যং তীর্থং পৃথুদকং ।
তস্মিন্ স্নাত্বাসুরাঃ সর্ব্বে বৃহস্পতি রবোচয়ন ॥

অনুবাদ ।

পৃথুদকের সমান তীর্থ কিছুই নাই পৃথুদক সকল তীর্থের প্রধান। হে দেবগণ! এইরূপ পৃথুদক পবিত্রজনক ও কলুষভয় নাশক অতএব তোমরা সেই মহাতীর্থে গমন কর এবং তদ্বিষয় বিস্তার-রূপে বলিতেছি শ্রবণ কর। এবং যে অমাবস্যাতে মৃগশিরা নক্ষত্রে বৃহস্পতি অবস্থিতি করিবেন সেই তিথি অক্ষয়া অতি পুণ্যজনিকা অতএব হে দেবগণ, যে স্থানে পূর্ব্বদিকে সরস্বতী বিরাজমানা আছেন সেই পৃথুদকে তোমরা গমন কর। তথায় ভক্তিসহকারে পূজা করিয়া পিতৃগণকে সন্তোষ কর। অনন্তর ভগবান্ কৈটভারির বাক্য শ্রবণ করিয়া ইন্দ্র প্রভৃতি দেবগণ কুরুক্ষেত্রে পুণ্য-সলিলে পৃথুদকে গমন করিলেন। দেবগণ সেই পুণ্য সলিলে স্নান করিয়া বৃহস্পতি সূর্য্যকে বলিলেন। হে বিবস্বৎ! হে

বিবস্বনুভগবন্নৃক্ষং সমং মৃগশিরঃকুরু।
পুণ্যাং তিথিং পাপহরং তবকালোয়মাগতঃ।
প্রবর্ত্ততে রবিস্তত্র চন্দ্রমাপি বদত্যসৌ।
তবায়ত্তং গুরোঃকার্য্যং সুরানাস্তু কুরুস্ব তৎ।
ইত্যেব মুক্তোদেবৈস্তু দেবাচার্য্যো ব্রবীদিদং।
যদিবর্ষাধিপো হি স্যাং ততোযাস্যামি দেবতাঃ।
বাঢ় মুচুঃ সুরাঃ সর্ব্বে ততোসৌ প্রাক্রমন্মৃগং।
আষাঢ়েমাসিমার্গেচ চন্দ্রক্ষয় তিথি র্হি যা।
তস্যাং পুরন্দরঃ প্রীতঃ পিণ্ডংপিতৃষু ভক্তিতঃ।
সদাতিলমধুন্মিশ্রং হবিষ্যান্নং কুরুদ্বধ।

অনুবাদ।

ভগবন্! এক্ষণে মৃগশিরা নক্ষত্রযুক্ত পুণ্যতিথি উৎপাদন কর এক্ষণে তোমার সময় উপস্থিত হইয়াছে বৃহস্পতির বাক্যে আদিত্য-দেব প্রবর্ত্ত হইলে চন্দ্রমা আদিত্যদেবকে বলিলেন। এ দেব-গুরুর কার্য্য তোমার আয়ত্ত আছে অতএব তুমি কর। দেব-গণ এইরূপ বলিলে দেবগুরু বলিলেন। হে দেবগণ! আমি বর্ষাধিপ হইলে এক্ষণে যাইতাম। দেবগণ বৃহস্পতির বাক্যে বাঢ় বলিয়া অঙ্গীকার করিলে মৃগশিরানক্ষত্রে বৃহস্পতি গমন করিলেন। আষাঢ় ও অগ্রহায়ণ মাসে যে অমাবস্যা তাহাতে পুরন্দর ভক্তিসহকারে পিতৃগণের পিণ্ডদান করিয়া তাঁহাদিগকে সন্তোষ করিয়াছিলেন এবং পিতৃগণের নিমিত্ত তিল মধু মিশ্র হবিষ্যান্ন ভোজন করিলেন। পরে পিতৃগণ সন্তোষ হইয়া আত্মীয়া মানসী

ততঃ প্রীতাস্তু পিতর স্তাং প্রাহু স্তনয়াংনিজাং।
মেনাংদেবাশ্চশৈলায় হিমবত্তায় বৈদদুঃ।
তাংমেনাং হিমবান্ লব্ধাপ্রসাদাদ্দৈবতেষ্বথ।
প্রীতিমনা ভবশ্চা সাবগমচ্চ যথেচ্ছয়া।
ততোহিমাদ্রিঃ পিতৃকন্যয়া সমং
সন্তর্পয়ন্ বৈ বিষয়ান্ যথেষ্টং।
অজীজনৎ সা তনয়াশ্চতিস্রো
রূপাতিযুক্তাঃ সুরযোষিতোপমাঃ॥
ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
উমাসম্ভবে দ্বাবিংশতিতমোধ্যায়ঃ।

অনুবাদ।

কন্যা মেনাকে বলিলেন। দেবগণ পিতৃগণের মানসীকন্যা পার্ব্বতাগ্রগণ্য হিমবানকেদান করিলেন। পরে মেনা দেবগণের অনুগ্রহে হিমবানকে পাইয়া অতিশয় হৃষ্টচিত্তে তথা হইতে ইচ্ছাপূর্ব্বক গমন করিলেন। অনন্তর হিমবান পিতৃগণের মানসীকন্যা লাভ করিয়া ইন্দ্রিয় সংভোগে সন্তোষ করিলেন। পরে মেনা অতি সুরূপা দেবপত্নী সদৃশী তিন কন্যা প্রসূতা হইলেন।

ইতি বামন-পুরাণে উমাসম্ভবে দ্বাবিংশতিতমোঽধ্যায়।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

মেনায়াং কন্যকাস্তিস্রো জাতা রূপগুণান্বিতাঃ।
রক্তাঙ্গী রক্তনেত্রা চ রক্তাম্বর বিভূষিতা।
রাগিণীনাম সংজাতা জ্যেষ্ঠা মেনাসুতা মুনে।
শ্বেতাঙ্গী পদ্মপত্রাক্ষী নীলকুঞ্চিতমূর্দ্ধজা।
শ্বেতমাল্যাম্বরধরা কুটিলানাম চাপরা।
নীলাঞ্জনচয়প্রখ্যা নীলেন্দীবরলোচনা।
রূপেণানুপমা কালী জনন্যা তনয়া মুনে।
জাতা স্তাঃ কন্যকাস্তিস্রঃ ষড়ব্দাৎ পরতোমুনে।
কর্ত্তুস্তপঃ প্রয়াতা স্তা দেবা স্তা দদৃশুঃসুতাঃ।
ততোদিবাকরৈঃ সর্ব্বৈ র্বসুভিশ্চ তপস্বিনী।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। পিতৃগণের মানসীকন্যা মেনার গর্ভে অতিশয় রূপগুণশালিনী তিন কন্যা জন্মিল। রক্তবর্ণা রক্তনেত্রা রক্তাম্বরপরিধানা জ্যেষ্ঠা কন্যা তাঁহার রাগিনী। হে নারদ! শ্বেতবর্ণা পদ্মপলাশনয়না নীল আকুঞ্চিত কেশকলাপ শ্বেত মাল্য ও বস্ত্র বিভূষিতা মেনার দ্বিতীয়া কন্যা এই কন্যার নাম কুটিলা। নীলাঞ্জন সদৃশ বর্ণা নীল ইন্দিবর সদৃশ নেত্রা অনুপম রূপলাবণ্যশালিনী মেনার তৃতীয়া কন্যা এই কন্যার নাম কালী। ষড়বর্ষ অতিবাহিত হইলে মেনা তিন কন্যা প্রসূতা হইলেন। ঐ তিন কন্যা সকলে তপস্যা করিতে গমন করিলেন। তৎকালে দেবগণ তাঁহাদিগকে অবলোকন করিয়া দিবাকর ও দেবগণ ও বসুগণ

কুটিলাব্রহ্মলোকস্তু নীতাশশিকরপ্রভা।
অথোচু র্দেবতাঃসর্ব্বাঃ কিন্ত্বস্মাং জনয়িষ্যতি।
পুত্রংমহিষহন্তারং ব্রহ্মন্ ব্যাখ্যাতু মর্হসি॥
ততোব্রবীৎ সুরশ্রেষ্ঠা নেয়ং শক্তাতপস্বিনী।
সার্ব্বংধারয়িতুং তেজোবরা কিমুচ্যতাং ত্বিয়ং॥
ততস্তকুটিলাক্রুদ্ধা ব্রহ্মাণং প্রাহনারদ।
তথাযতিষ্যে ভগবন্ যথাশার্ব্বং সুদুর্দ্ধরং।
ধারয়িষ্যাম্যহং তেজস্তথৈতচ্ছৃণু সত্তম।
তপসাহং সুতপ্তেন সমারাধ্য জনার্দ্দনং।
যথা হরস্য মূর্দ্ধানং নময়িষ্যে পিতামহঃ।
তথা দেব করিষ্যামি সত্যং সত্যং মমোদিতং।

অনুবাদ।

সকলে বিতর্ক করিতে লাগিলেন যে, এই কন্যা পুত্র প্রসব করিবেন. সেই পুত্র মহিষাসুর প্রভৃতি দানবগণকে বিনাশ করিবে। অতএব হে ব্রহ্মণ! আপনি এই বিষয় বিশেষরূপে ব্যক্ত করুন। দেবগণ বলিলেন এই তপস্বিনী কন্যা শঙ্করের তেজ ধারণ করিতে শক্তা হইবেন এই কন্যা কি প্রকার বর্ণন করুন্। হে নারদ! অনন্তর মেনার দ্বিতীয়া কন্যা কুটিলা সক্রোধে ব্রহ্মাকে বলিলেন। তাদৃশ যত্ন করিব যাহাতে শঙ্করের তেজ আমি ধারণ করিব তাহার কারণ তুমি শ্রবণ কর। আমি অতিশয় কঠোর তপস্যার কৈটভারিকে সন্তোষ করিব। যাহাতে শঙ্করের মস্তক নত হয় তাহা আমি করিব। হে পিতামহ! আমি সত্য বলি-

পুলস্ত্য উবাচ।

ততঃ পিতামহঃ ক্রুদ্ধঃ কুটিলাং প্রাহ দরুণং।
ভগবন্নাদিকৃৎ ব্রহ্মা সর্ব্বেশোপি মহামুনে।

ব্রহ্মোবাচ।

যস্মান্মদ্বচনং পাপে ন ক্ষান্তং কুটিলং ত্বয়া।
তস্মান্মচ্ছাপনির্দ্দগ্ধা সাত্বমাপো ভবিষ্যসি।
ইত্যেব ব্রহ্মণা শপ্তা হিমবদ্দুহিতা মুনে।
আপোময়ী প্লাবয়ন্তী ব্রহ্মণো বিমলা জটাঃ।
যাসা ভগবতী নাম সাপিনীতাসুরৈর্দ্দিবি।
ব্রহ্মণে তাং নিবেদ্যৈব তামপ্যাহ প্রজাপতিঃ।
সাপি ক্রুদ্ধা ধ্রুবং গচ্ছতথা তপ্যামহন্তপঃ।
যথা মন্নামসংযুক্তো মহিষঘ্নো ভবিষ্যতি।

অনুবাদ।

তেছি। পুলস্ত্য বলিলেন। হে মহামুনে! অনন্তর কুটিলার অতি দারুণ বাক্য শ্রবণ করিয়া ভগবান সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা সক্রোধে কুটি- লাকে বলিলেন। হে পাপে! যে হেতু আমার বাক্যে তুমি ক্ষান্ত হইলে না। অতএব আমার শাপে দগ্ধ হইয়া তুমি সলিলত্ব প্রাপ্ত হইবে। হে মুনে! সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা নগেন্দ্রনন্দিনী কুটিলাকে এইরূপ অভিসম্পাত করিলে পর্ব্বত দুহিতা কুটিলা সলিলরূপ ধারণ করিয়া ব্রহ্মার বিমল জটাকলাপ প্লাবিত করিলেন। পূর্ব্বে যে ভগবতীর নাম বলিয়াছিলাম তাহাকে দেবগণ সুরলোকে লইয়া ব্রহ্মা তাহাকে বলিলেন। তাহাতে সেই মেনার জ্যেষ্ঠা কন্যারাগিণী সক্রোধে ব্রহ্মাকে বলিল তুমি এস্থান হইতে প্রস্থান কর, আমি অতি উৎকট তপস্যা করিব। যাহাতে আমার নামে মহিষঘ্ন হইবে।

তামব্যয়ো শপদ্ব্রহ্মা সন্ধ্যা পাপে ভবিষ্যতি।
সাপি জাতা মুনিশ্রেষ্ঠ সন্ধ্যা রাগবতী ততঃ।
প্রতীচ্ছন্ কৃত্তিকারাগং শৈলেষ্যা বিগ্রহং দৃঢ়ং।
ততো গতে কন্যকেদ্বে জ্ঞাত্বামেনা তপস্বিনীং।
তপসো বারয়ামাস তামদ্যৈ বাব্রবীচ্চ সা।
ত্বংমদ্যৈব হি সংগচ্ছ সা জগাম তপোবনং।
ততঃ সা মনসা দেবং শূলপাণিং বৃষধ্বজং।
রুদ্রং চেতসি সন্ধায় তপস্তেপে সুদুশ্চরং।
ততো ব্রহ্মাব্রবীদ্দেবান্ গচ্ছধ্বং হিমবৎ সুতাং।
ইহানয়ধ্বং তাং কালীং তপস্যন্তীং মহালয়ে।

অনুবাদ।

ব্রহ্মা তাহার একরূপ শ্লাঘাবাক্য শ্রবণে অতিশয় ক্রুদ্ধ হইয়া তাহাকে অভিশম্পাত করিলেন, রে পাপে! তুই সন্ধ্যারূপ ধারণ করিবি। অনন্তর সেই পর্ব্বত দুহিতা রাগিণী রাগবতী সন্ধ্যারূপ ধারণ করিল। ব্রহ্মা বলিলেন তুমি পর্ব্বত দুহিতার মত দৃঢ় শরীর এবং কৃত্তিকার মত অঙ্গরাগ ধারণ করিতে ইচ্ছা কর। অনন্তর মেনা জানিলেন আমার দুই কন্যার প্রতি ব্রহ্মা অভিশম্পাত করিয়াছেন। তখন মেনা সেই কন্যাদ্বয়কে তপস্যা হইতে নিবৃত্ত করিয়া এবং কনিষ্ঠ কন্যাকে বলিলেন তুমি অদ্যই তপস্যার্থ তপোবনে গমন কর। তখন মেনার তৃতীয় কন্যা কালী মাতৃবাক্যে তপোবনে গমন করিলেন। অনন্তর কালী বৃষধ্বজ শূলপাণি রুদ্রকে মনে চিন্তা করিয়া অতি কঠোর তপস্যায় মনোনিবেশ করিলেন। ব্রহ্মা তাহার উগ্রতপস্যা অবলোকন করিয়া দেবগণকে বলিলেন দেবগণ তোমরা তপোবনে

ততো দেবাঃ সমাজগ্মুর্দদৃশুঃ শৈলনন্দিনীং।
তেজসা বিজিতাস্তস্যা নশেকুরুপসর্পিতুং।
ইন্দ্রো মরুদ্গণৈঃ সার্দ্ধং নির্জ্জিত তেজসা তয়া।
ব্রহ্মণোঽধিকতেজোঽস্যা নিবেদ্য প্রতিবিম্বিতঃ।
ততো ব্রহ্মাব্রবীৎ সাহি ধ্রুবং শঙ্করবল্লভা।
যূয়ং যত্তেজসা নূনং বিক্ষিপ্তাস্ত হতপ্রভাঃ।
তস্মাৎ ব্রজধ্বং স্বং স্বং হি স্থানং ভো বিগতজ্বরাঃ।
সা তারকং হি মহিষং বিদধ্বং নিহতং রণে।
ইত্যেবমুক্তা দেবেন ব্রহ্মণো সেন্দ্রকাঃ সুরাঃ।
জগ্মুশ্চান্যে চ ধিষ্ণ্যানি সর্ব্বে বৈ বিগতজ্বরাঃ।

অনুবাদ।

গমন কর। তথা হইতে শৈলনন্দিনী কালীকে এস্থানে আনয়ন কর। প্রজাপতির বাক্যে দেবগণ হিমালয়ে গমনপূর্ব্বক শৈলসুতা কালীকে অবলোকন করিয়া নিকট গমন করিতে শক্ত হইলেন না। কারণ তাহার এরূপ জ্যোতি প্রকীর্ণ হইতেছে যে, তাহাতে সকলে পরাভব হইলেন। পুরন্দর মরুদ্গণের সহিত তাঁহার জ্যোতিতে পরাভব হইয়া ব্রহ্মা হইতে অধিকতর তেজ রাশি ধারণ করিতেছেন এইরূপ মনে বিবেচনা করিয়া ব্রহ্মাকে বলিলেন। অনন্তর প্রজাপতি ব্রহ্মা দেবগণের বাক্য শ্রবণপূর্ব্বক বলিলেন, নিশ্চয় এই কন্যা শঙ্করী বল্লভা হইবেন। যেহেতু তোমরা তাঁহার নিকট গমন করিয়া হতপ্রভ হইয়াছ। অতএব এক্ষণে তোমরা শঙ্কা পরিত্যাগ করিয়া স্বীয় আবাসে গমন কর এবং [তোমরা নিশ্চয় জ্ঞান কর যে, এই কন্যা তারকাসুর ও মহিষাসুর প্রভৃতি দানবগণকে সংগ্রামে বিনাশ করিবেন। এইরূপ ব্রহ্মা, ইন্দ্র প্রভৃতি দেবগণকে বলিলে তাঁহারা সকলে স্বীয় ধামে গমন করিলেন। অনন্তর কালী অতি

তমবাপ তপস্যন্তীং হিমবান্ পর্ব্বতেশ্বরঃ।
নিবর্ত্ত তপসস্তস্মাৎ সদা বোঢ়ুং স বদ্গৃহান্।
দেবোপ্যাশ্রিত্য তদ্রৌদ্রং ব্রতং নাম্না নিরাশ্রয়ং।
বিচচার মহাশৈলান্ মেরুপ্রখ্যান্ মহাদ্যুতিঃ।
স কদাচিৎ মহাশৈলং হিমবন্তং সমাগতঃ।
তেনার্চ্চিতো গিরীশেন মহাদেবো নিমন্ত্রিতঃ।
ইহৈব তিষ্ঠ স বিভো তপঃ সাধনকারণাৎ।
ইত্যেবমুক্তো গিরিণা হরশ্চক্রে মতিম্বরাং।
তৎসারাশ্রম মাশ্রিত্য ত্যক্ত্বা বাসং নিরাশ্রয়ং।
বসতোপ্যাশ্রমেতস্য দেবদেবস্য শূলিনঃ।

অনুবাদ।

দুষ্কর তপস্যায় মনোনিবেশ করিলে পর্ব্বতেশ্বর হিমালয় সেই তপোবনে গমন করিয়া কালীকে সেই উগ্র তপস্যা হইতে নিবৃত্ত করিয়া গৃহে আনিবার চেষ্টা করিলেন। মহাতেজস্বী শঙ্কর পত্নী বিরহে অতি ভয়ঙ্কর নিরাশ্রয় ব্রত অবলম্বন করিয়া পর্ব্বত শিখরে ভ্রমণ করিতে লাগিলেন। এক দিবস শঙ্কর ভ্রমণ করিতে করিতে হিমালয়ের আলয়ে উপস্থিত হইলেন শৈলবর গৃহাগত দেবাদিদেব শঙ্করকে অবলোকন করিয়া যথা বিধানে পূজা করিয়া নিমন্ত্রণ করিলেন। হে বিভো! আপনি তপস্যার নিমিত্ত এই স্থানে অবস্থিতি কর। পর্ব্বতবর শঙ্করকে এইরূপ বলিলে, শঙ্কর নগেন্দ্রকে বলিলেন, বাস পরিত্যাগ করিয়া নিরাশ্রয় হইয়াছি। এক্ষণে তোমার সারাশ্রমে অবস্থিতি করা উপযুক্ত হয় না। শৈলবরকে এই কথা বলিয়া তথা হইতে স্বীয় আশ্রমে গমন করিলেন। শৈলসুতা কালী

তং দেশমগমৎ কালী গিরিরাজসুতা শুভা।
তামাগতাং হরো দৃষ্টা ভূয়ো জাতাং প্রিয়াং সতীং।
স্বাগতেনাভিসংপূজ্য তস্থৌ যোগরতো হরঃ।
সা চাভ্যেত্য বরারোহা কৃতাঞ্জলিপরিগ্রহা।
ববন্ধ চরণৌ শৈবৌ সখিভিঃ সহভামিনী।
ততস্তু সুচিরাচ্ছম্ভুঃ সমীক্ষ্য গিরিকন্যকাং।
ন মুক্তশ্চৈব মুক্তাথ সগণান্তর্দ্ধধেততঃ।
সাপি শর্ব্ববচো রৌদ্রং শ্রদ্ধাজ্ঞানসমন্বিতা।
অন্তর্দুঃখেন দহ্যন্তী পিতরং প্রাহ পার্ব্বতী।
তাত যাস্যে মহারণ্যে তপ্তা ঘোরং মহত্তপঃ।

অনুবাদ।

সেই স্থানে গমন করিলেন। দেবাদিদেব শঙ্কর শৈলনন্দিনী কালীকে অবলোকন করিয়া মনে মনে চিন্তা করিলেন আমার প্রিয়া সতী পুনর্ব্বার জন্ম গ্রহণ করিয়াছেন। এইরূপ বিবেচনা করিয়া কালীকে বিশেষ সমাদর পূর্ব্বক উপবেশন করাইয়া আপনি যোগে রত হইলেন। শৈলনন্দিনী কালী শঙ্করকে অবলোকন করিয়া কৃতাঞ্জলি পুটে অবস্থিতি পূর্ব্বক সখিগণের সহিত তাঁহার চরণদ্বয় বন্দন করিতে লাগিলেন। শঙ্কর কিয়ৎকাল পরে শৈলবালাকে অবলোকন করিয়া মনে মনে বিবেচনা করিলেন শৈলবালা আমাকে পাইয়া কখনই পরিত্যাগ করিবেক না, অতএব এক্ষণে আমায় পরিত্যাগ করা উচিত, এইরূপ স্থির করিয়া স্বগণের সহিত তিরোহিত হইলেন। তখন শৈলবালা পার্ব্বতী অতিশয় শ্রদ্ধা ভক্তি-সহকারে শঙ্করের বাক্য শ্রবণ পূর্ব্বক অন্তর্দুঃখে দগ্ধ হইয়া পিতাকে বলিলেন। হে পিতঃ! আমি দেবাদিদেব ভগবান রুদ্রের আরাধনার নিমিত্ত তপস্যার্থ মহারণ্যে গমন করি। এই কথা বলিয়

আরাধনায় দেবস্য শঙ্করস্য পিণাকিনঃ।
তথেত্যুক্তবচঃ পিত্রা পাদে তস্য ব্যবস্থিতে।
ললিতাখ্যা তপস্তেপে হরারাধনকাম্যয়া।
তাং সত্যশ্চ তদা দেবাঃ পরিচর্য্যাঞ্চ কুর্ব্বতে।
সমিৎ কুশ ফলঞ্চাপি মূলাহরণমাদিতঃ।
বিনোদনার্থং পার্ব্বত্যা মৃণ্ময়ঃ শূলধৃক্ বরঃ।
কৃতঃ সতেজোতাক্তস্ত্ব ভদ্রমস্ত্বিতি সাব্রবীৎ।
পূজাং করোতি তস্যৈব তং পশ্যতি মুহুর্মুহুঃ।
ততোহস্যাস্তুষ্টিমগমৎ ত্বরা চ ত্রিপুরান্তকৃৎ।
বটুরূপং সমাধায় আষাঢ়ী মঞ্জুমেখলী।
যজ্ঞোপবীতী ছত্রী চ মৃগাজিনধরী তথা।
কমণ্ডলুব্যগ্রকরো ভস্মারুণিত বিগ্রহঃ।

অনুবাদ।

পিতার পাদদ্বয় গ্রহণপূর্ব্বক শঙ্করের আরাধনার নিমিত্ত ললিতাখ্য ব্রত করিতে লাগিলেন। দেবগণ তাহার পরিচর্য্যা করিতে লাগিলেন। দেবগণ পার্ব্বতীর সন্তোষের জন্য সমিৎ কুশ ফল মূল শিবমৃত্তিকা প্রভৃতি আহরণ করিতে লাগিলেন। পার্ব্বতী পূজান্তে শিবলিঙ্গ বিসর্জ্জন করিলে আকাশ হইতে দৈববাণী হইল তোমার মঙ্গল হইবে, পার্ব্বতী তাহা শ্রবণ করিয়া বলিলেন আমি নিয়ত তোমাকে পূজা করিতেছি বারম্বার তোমাকেই নিরীক্ষণ করিতেছি। এইরূপে শঙ্করকে আরাধনা করিলে ত্রিপুরান্তকারী ভগবান শঙ্কর পার্ব্বতীর প্রতি সন্তোষ হইয়া ব্রাহ্মণের রূপ ধারণ পূর্ব্বক সকল আশ্রম ভ্রমণ করিতে করিতে পার্ব্বতীর আশ্রমে উপস্থিত হইলেন। তাহার গলদেশে মুঞ্জ মেখলা যজ্ঞোপবীত এব হস্তে ছত্র কটিবন্ধ মৃগচর্ম্ম, হস্তে কমণ্ডলু, ভস্মা-

প্রত্যাশ্রমং পর্য্যটন্ স কন্যা আশ্রমমাগতঃ।
তমুত্থায় তদা কালী সখিভিঃ সহ নারদ।
পূজয়িত্বা যথা ন্যায়ং পর্য্যপৃচ্ছদিদন্ততঃ।

উমোবাচ।

কস্মাদা গম্যতে ভিক্ষো কস্মিন্ স্থানে তবাশ্রমঃ।
ক বাহং প্রতিগন্তাসি মমশীঘ্রং নিবেদয়।

ভিক্ষুরুবাচ।

মমাশ্রম পদং বালে বারাণস্যাং শুচিব্রতে।
তথেত স্তীর্থযাত্রায়াং গমিষ্যামি পৃথুদকং।

দেব্যুবাচ।

কিং পুণ্যং তত্র বিপ্রেন্দ্র যথাসিত্বং পৃথুদকে।
পথিস্নানে নচ ফলং কেষুকিং লব্ধবানসি।

অনুবাদ।

কপিতবিগ্রহ এবং করমালা জপ করিতে করিতে সমাগত হইলেন তদ্দর্শনে কালী গাত্রোত্থান পূর্ব্বক সখিগণের সহিত যথাবিধি পূজা করিয়া জিজ্ঞাসা করিলেন। পার্ব্বতী বলিলেন। হে ভিক্ষো! আপনি কোথা হইতে আসিছেন, আপনার আশ্রয় কোথায় কোন স্থান হইতে এখানে আসিয়াছেন। আমাকে শীঘ্র বল। ভিক্ষুরূপী শঙ্কর বলিলেন। হে বালে! হে শুচিব্রতে! বারাণসী আমার আশ্রম স্থান। সেস্থান হইতে অতি পুণ্য তীর্থ পৃথুদকে যাত্রা করিয়াছি। পার্ব্বতী বলিলেন হে দ্বিজবর! আপনি পৃথুদকে গমন করিতেছেন, পৃথুদকে ক রূপ পুণ্য সঞ্চার হয়, অদ্য এই স্থানে স্নান করিয়া বিশ্রাম কর, পরে কোন তীর্থে কি ফল লাভ করিয়াছ

ভিক্ষুরুবাচ।

ময়াস্নানং প্রয়াগেতু কৃতং প্রথমজন্মনি।
ততোম্ররতীর্থে কুব্জাম্রে জয়ন্তে চণ্ডিকেশ্বরে।
বন্ধুবৃন্দেতু কাবের্য্যাং তীর্থে কনখলে তথা।
সরস্বত্যগ্নিকুণ্ডেচ ভদ্রায়াঞ্চ ত্রিপিষ্টপে।
কার্ণাটে কোটিতীর্থেচ কুব্জকেচ কৃশোদরি।
নিষ্কামেন কৃতং স্নানং ততোভ্যাগাত্তবাশ্রমং।
ইহাহং ত্বাং সমাভাষ্য গমিষ্যামি পৃথুদকং।
পৃচ্ছামি যদহং ত্বাং বৈতত্র ন ক্রোদ্ধুমর্হসি।
অহং যত্তপসাত্মানং শোষয়ামি কৃশোদরি।
বাল্যেপি সংযততনুতচ্ছ্লাঘ্যং ত্বগ্রজন্মনাং।

অনুবাদ।

তাহা বল। ভিক্ষু বলিলেন। আমি প্রথম বয়সে প্রয়াগে স্নান করিয়াছিলাম তাহার পর অম্ররতীর্থে, কুব্জাম্রে তৎপরে জয়ন্তে চণ্ডিকেশ্বরে তৎপরে বন্ধুবৃন্দে পরে কাবেরীতে তদনন্তর কংখলে তৎপরে সরস্বতীও অগ্নিকুণ্ড, তৎপরে ভদ্রাতে তৎপরে ত্রিপি-ষ্টপে তদনন্তর কর্ণাটে ও কোটি তীর্থে এবং কুব্জতীর্থে স্নান করিয়াছি হে কৃশোদরি! এই সকল তীর্থে নিষ্কাম স্নান করিয়া তোমার আশ্রমে আসিয়াছি। এখানে তোমার সহিত কথা কহিয়া পৃথুদকে গমন করিব। আমি তোমাকে যাহা জিজ্ঞাসা করিতেছি তাহাতে তুমি ক্রোধ করিও না। হে কৃশোদরি! দেখ আমি তপস্যা দ্বারা আ-আকে শুষ্ক করিয়াছি। বাল্যকালাবধি সংযত থাকা প্রযুক্ত অগ্র-জন্মাদিগের মধ্যে শ্লাঘনীয় হইয়াছি, তবে তুমি কি নিমিত্ত বাল্যকালে

কিমর্থং ভবতীরৌদ্রং প্রথমে বয়সি স্থিতা।
তপঃ সমাশ্রিতাভীরু সংশয়ঃ প্রতিভাতিমে।
প্রথমেবয়সিস্ত্রীণাং সহভর্ত্রা বিলাসিনী।
সুভগাভোগিতাঃ কামা ব্রজন্তিস্থিরযৌবনে।
তপসাবাঞ্ছন্তী হ গিরিজে সচরাচরাঃ।
রূপাভি জনমৈশ্বর্য্যং তচ্চতে বিদ্যতে বহু।
তৎকিমর্থমপাস্যৈতা নলঙ্কারান্ জটাবৃতা।
চীনাংশুকং পরিত্যজ্য কিত্বং বল্কলধারিণী।

পুলস্ত্য উবাচ।

ততস্তু তপসাদেব্যাবুদ্ধ্যা সোমপ্রভাসখী।
ভিক্ষবে কথয়ামাস যথাবৎ সাপি নারদ।

অনুবাদ।

উগ্র তপস্যাচরণে চিত্তার্পণ করিয়াছ। হে ভীরু! তুমি এই বাল্য-কালে কি নিমিত্ত তপস্যাচরণ করিতেছ তাহাতে আমার সন্দেহ হইয়াছে। দেখ অবলাগণ যৌবনকালে স্বামীসম্ভোগে কালাতিপাত করে। হে স্থিরযৌবনে! এবং নারীগণ এই কালে নানাবিধ সুখভোগের অভিলাষ করে। হে শৈলনন্দিনি! এই জগতে যাহারা সাংসারিক সুখসম্ভোগ বিহীন হয় তাহারাই অতি কষ্টসাধ্য তপস্যা করিতে অভিলাষ করে। তুমি অতি সুরূপা তোমার পিতা মাতা ও অন্যান্য পরিবার সকলে বর্ত্তমান্ আছেন এবং তুমি ঐশ্বর্য্যশালিনী তবে কি নিমিত্ত এতাদৃশ ধন জন ও অলঙ্কারাদি পরিত্যাগ-পূর্ব্বক জটাধারণ করিতেছ। নারীর সকল সুখ পরিত্যাগ করিয়া কি নিমিত্ত বল্কল ধারণ করিতেছ। পুলস্ত্য বলিলেন। ভিক্ষু রূপধারী

সোমপ্রভোবাচ।

তপশ্চর্য্যা দ্বিজশ্রেষ্ঠ পার্ব্বত্যা যেনহেতুনা।
তৎ শৃণুষ্বেস্থিরং কালী হরং ভর্ত্তার মিচ্ছতি।

পুলস্ত্য উবাচ।

সোমপ্রভায়া বচনং শ্রুত্বাসঙ্কম্প্য বৈশিবঃ।
বিহস্যচ মহাহাসং ভিক্ষুরাহ বচস্ত্বিদং।

ভিক্ষুরুবাচ।

বদামিতে পার্ব্বতি বাক্য মেবং
কেনপ্রদত্তং তববুদ্ধি রেষা।
কথংকরস্তঃ পল্লবকোমলস্তে
সমেষ্যতে শার্ব্বকরং সসর্পং।
তথাদুকূলাম্বরসালিনী ত্বং
মৃগারিচর্ম্মাভিবৃতস্তুরুদ্রঃ।
ত্বং চন্দনাক্তা সচ ভস্মরুষিতো
ন যুক্তরূপং প্রতিভাতি মেত্বিদং।

অনুবাদ।

শঙ্কর এইরূপ বলিলে তপস্যাশক্ত পার্ব্বতীর সোমপ্রভা নাম্নী সখী ভিক্ষুরূপী শঙ্করকে জিজ্ঞাসা করিলেন। হে দ্বিজবর! পার্ব্বতী যে নিমিত্ত তপস্যা করিতেছেন তাহা শ্রবণ কর, পশুপতি স্বামী হইবেন বলিয়া এতাদৃশ উৎকট তপস্যা করিতেছেন। পুলস্ত্য বলিলেন সোমপ্রভার অভিপ্রায় অবগত হইয়া ভিক্ষুরূপী শঙ্কর অতি উচ্চ হাস্য করিয়া বলিলেন। হে পার্ব্বতি! তোমাকে একটি কথা জিজ্ঞাসা করি, তোমাকে এরূপ তপস্যাবৃত্তি অবলম্বন করিতে কে উপদেশ দিয়াছে। দেখ তোমার এতাদৃশ কোমল করপল্লব সর্পযুক্ত শঙ্করের করে অর্পণ করিতে ইচ্ছা করিয়াছ। তুমি অতি উত্তম বসন পরিধান করিয়া থাক শঙ্কর ব্যাঘ্রচর্ম্ম পরিধান করেন। তোমার দেহ চন্দনাক্ত শঙ্করের কলেবর ভস্মমণ্ডিত অতএব শঙ্করে

পুলস্ত্যউবাচ।

এবং বাদিনি বিপ্রেন্দ্র পার্ব্বতী ভিক্ষুমব্রবীৎ।
মামেবং বদভিক্ষোত্বং হরঃ সর্ব্বগুণাধিকঃ।
শিবোবাপ্যথবাভীমঃ সধনো নির্ধনোপিবা।
অলঙ্কৃতোবাদেবেশো প্যথবাত্বনলং কৃতঃ।
যাদৃশস্তাদৃশোবাথ সমেনাথোভবিষ্যতি।
নিবার্য্যতাং মহাভিক্ষু র্বিবক্ষুস্ফুরিতাধরঃ।
নতস্মান্নিন্দকঃ পাপী যথা শৃণ্বন্ শশিপ্রভে।

পুলস্ত্যউবাচ।

ইত্যেবমুক্তাবচনং সমুত্থাতুমথৈচ্ছত।
ততোত্যজদ্ভিক্ষু রূপং স্বরূপস্থোভবদ্ধরঃ।
ভূত্বোবাচ প্রিয়েগচ্ছ ত্বমেব ভবনং পিতুঃ।

অনুবাদ।

যে তোমার যোগ্যপাত্র এ আমার বিবেচনা হয় না। পুলস্ত্য বলি-লেন সেই দ্বিজবর এইরূপ বলিলে পার্ব্বতী ভিক্ষুরূপী পিণাকীকে বলিলেন হে ভিক্ষো! তুমি এরূপ বলিও না শঙ্কর সর্ব্বগুণাতীত শিব হউন অথবা ভীম বা হউন এবং ধনশালী হউন কিম্বা নির্দ্ধনী হউন অলঙ্কৃত হউন বা নিরলঙ্কৃতই হউন যেরূপ হউনা কেন সেই শঙ্কর আমার নাথ হইবেন হে শশিপ্রভে! তুমি এক্ষণে এই ভিক্ষুককে নিবারণ কর ইহার অধরওষ্ঠ কম্পিত হইতেছে বোধ হয় আবার কি বলিতে ইচ্ছা করিয়াছেন সাধুজনের নিন্দা শ্রবণে যাদৃশ পাপ সঞ্চয় হয়, নিন্দাকারীর তাদৃশ পাপ সঞ্চয় হয় না। পুলস্ত্য বলিলেন, পিণাকী ভগবান্ রুদ্র এইরূপ পার্ব্বতীকে বলিয়া তথা হইতে উঠিয়া যাইতে ইচ্ছা করিলেন। এবং তৎক্ষণাৎ ভিক্ষুক রূপ পরিত্যাগপূর্ব্বক স্বীয় কলেবর ধারণ করিয়া বলিলেন হে প্রিয়ে! তুমি তোমার পিত্রালয়ে গমন কর তোমার নিমিত্ত আমি

তবার্থায় প্রহেষ্যামি মহর্ষীন্ হিমবদ্গৃহে।
অসৌভদ্রেশ্বরেরুদ্রঃ খ্যাতোলোকে ভবিষ্যতি।
দেব দানব গন্ধর্ব্ব যক্ষকিংপুরুষোরগাঃ।
পূজয়িষ্যন্তি সততং মানবাশ্চ শুভেপ্সবঃ।
ইত্যেবমুক্ত্বা দেবেন গিরিরাজসুতা মুনে।
জগামাম্বরমাশ্রিত্য স্বমের ভবনং পিতুঃ।
শঙ্করোপি মহাতেজা বিসৃজ্যগিরিকন্যকাং।
পৃথুদকং জগামাথ স্নানঞ্চক্রে বিধানতঃ।
ততস্তুদেবপ্রবরোমহেশ্বরঃ
পৃথুদকে স্নানমপাস্তকল্মষঃ।
কৃত্বা সনন্দিঃ সগণঃ সবাহনো
মহাগিরিং মন্দর মাজগাম।

অনুবাদ।

তাপসগণকে প্রেরণ করিয়াছি তদবধি সেই স্থানে শঙ্কর ভদ্রেশ্বর নামে বিখ্যাত হইলেন, এবং দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, কিম্পুরুষ ও পন্নগগণ এবং মানবগণ শুভাকাঙ্ক্ষি হইয়া ভদ্রেশ্বরকে নিয়ত পূজা করিবেক। শঙ্কর পার্ব্বতীকে পিত্রালয়ে গমন করিতে বলিলে শৈলনন্দিনী পার্ব্বতী গগণমার্গ অবলম্বনপূর্ব্বক পিত্রালয়ে গমন করিলেন। তদনন্তর অতি তেজস্বী শঙ্কর শৈলসুতাকে পরিত্যাগ করিয়া কুরুজাঙ্গলে পৃথুদকে গমন করিলেন তথায় উপস্থিত হইয়া যথা বিধানে পুণ্য সলিলে পৃথুদকে স্নান করিলেন। তদন্তর বিবুধাগ্রগণ্য শঙ্কর পৃথুদকে অবগাহন করতঃ বিধুত কল্মষ হইয়া নন্দী এবং স্বগণ ও বাহনের সহিত গিরিবর মন্দর পর্ব্বতে গমন করিলেন। পরে শঙ্কর

আযাতে ত্রিপুরান্তকে সহগণৈস্ত্র ঋর্ষিভিঃ সপ্তভি
র্য়ারোভূৎ পুলকোবভৌ গিরিবরঃ সংহৃষ্টচিত্তঃক্ষণাৎ।
চক্রেদিব্যফলৈর্জ্জলেন শুচিনামূলৈশ্চকন্দাদিভিঃ
পূজাং সর্ব্বগণেশ্বরৈঃ সহবিভো র্য়াত্রি স্ত্রীনেত্রস্তু।

ইতি বামনপুরণে ত্রয়োবিংশতিতমোধ্যায়ঃ ॥

অনুবাদ।

স্বগণের সহিত মন্দরপর্ব্বতে উপস্থিত হইলে তাপসগণের হর্ষে পুলকোদ্গম হইল এবং পর্ব্বতবর মন্দর অতিশয় হৃষ্ট হইলেন এবং শৈলগণ উত্তম উত্তম সলিল উপাদেয় ফল ও কন্দাদি মূলদ্বারা গণেশ্বরের সহিত ত্রিনেত্র শূলপাণি শঙ্করের পূজা করিতে লাগিলেন।

ইতি বামনপুরাণে ত্রয়োবিংশতিতমোঽধ্যায়।

চতুর্ব্বিংশোঽধ্যায়।

পুলস্ত্যউবাচ।

ততঃ সংপূজিতোরুদ্রঃ শৈলেন প্রীতিমানভূৎ।
সস্মার চ মহর্ষীংস্তু অরুন্ধত্যা সমন্ততঃ।
তে সংস্মৃতাস্তু ঋষয়ঃ শঙ্করেণ মহাত্মনা।
সমাজগ্মুর্মহাশৈলং মন্দরং চারুকন্দরং।
তানাগতান্ সমীক্ষ্যৈব দেবস্ত্রিপুরনাশনঃ।
অভ্যুত্থায়াভি পূজ্যৈবমিদং বচন-মব্রবীৎ।
ধন্যোঽহং পর্ব্বতশ্রেষ্ঠঃ শ্লাঘ্যঃ পূজ্যশ্চ দৈবতৈঃ।
ধূতপাপস্তথাজাতো ভবতাং পাদপঙ্কজৈঃ।
স্থীয়তাং বিস্তৃতে রম্যে গিরিপ্রস্থে সমেশুভে।
শিলাসুপদ্মবর্ণাসু শুক্লাসু চ মৃদুষুচ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। অনন্তর শৈলবর মন্দর রুদ্রকে পূজা করিলেন তাহাতে শঙ্কর পরম সন্তোষলাভ করিয়া অরুন্ধতীর সহিত তাপসগণের স্মরণ করিলেন ঋষিগণ সকলে রুদ্রকর্ত্তৃক সমাদৃত হইয়া মন্দরপর্ব্বতে গমন করিলে ত্রিপুরান্তকারী ভগবান শৈলশিখরে তাপসগণকে অবলোকনপূর্ব্বক স্বয়ং গাত্রোত্থান করিয়া তাঁহাদিগকে অভ্যর্থনানন্তর এই কথা বলিলেন। আমি ধন্য, পর্ব্বতবর তুমি শ্লাঘনীয়, তুমি দেবগণের পূজ্য তাপসদিগের পাদস্পর্শে অদ্য পবিত্র হইলে। এক্ষণে আপনারা এই পর্ব্বতপ্রান্তে শুক্লবর্ণ পদ্মাকৃতি কোমল শিলারূপ বিস্তৃত পবিত্র আসনে উপ-

পুলস্ত্যউবাচ।

ইত্যেবমুক্ত্বা দেবেন শঙ্করেণ মহর্ষয়ঃ।
সমমেবত্বরুন্ধত্যা বিবিশুঃ শৈলমূর্দ্ধসু।
উপবিষ্টেষু ঋষিষু নন্দীদেবগণাগ্রণী।
অর্ঘ্যাদিনাসমভ্যচ্য স্থিতং প্রযতমানসঃ।
ততোব্রবীৎ সুরপতির্দ্ধর্ম্মবাক্যংস্থিতং সুরান্।
আত্মনোযশসোবৃদ্ধ্যৈ সপ্তর্ষীন্ বিনয়ানতান্।

হরউবাচ।

কশ্যপাত্রেয় গাঙ্গেয় বারুণে শৃণুগৌতম।
ভরদ্বাজ শৃণুত্বঞ্চ অঙ্গিরা ত্বং শৃণুষ্বচ।
মমাসীদ্দক্ষতনুজা প্রিয়াসা দক্ষকোপতঃ।
তং সসর্জ সতীপ্রাণান্ মমদৃষ্ট্বাপুরাকিল।

অনুবাদ।

বেশন করুন্। ভগবান শঙ্কর তাপসগণের এতাদৃশ সমাদর করিলে তাঁহারা সকলে অরুন্ধতীর সহিত সেই পর্ব্বত শিখর প্রদেশে উপবেশন করিলেন। তাপসগণ শৈলবরে উপবেশন করিলে দেবগণ সমভিব্যাহারে দেবগণের অগ্রগামী নন্দী অর্ঘ্যাদি দ্বারা ঋষিগণের যথাবিধি পুজা করিয়া তথায় উপবিষ্ট হইলেন। তখন সুরপতি পুরন্দর আত্মযশ বৃদ্ধির জন্য দেবগণকে এবং সপ্তর্ষীগণকে হিতগর্ভ ধর্ম্মবাক্য বলিতে লাগিলেন। পরে শঙ্কর তাপসগণকে বলিলেন। হে কশ্যপ, হে আত্রেয়, হে বারুণে, হে গাঙ্গেয়, হে গৌতম, হে ভরদ্বাজ, হে অঙ্গিরা তোমরা সকলে শ্রবণ কর। আমার প্রিয়তমা দক্ষতনয়া সতী পূর্ব্বে দক্ষ কোপানলে স্বীয় কলেবর বিসর্জ্জন করিয়া

সাচভূয়ঃ সমুদ্ভূতা শৈলরাজ সুতা উমা।
তাং মদর্থায় শৈলেন্দ্রো বাচ্যতাং দ্বিজসত্তমাঃ।

পুলস্ত্যউবাচ।

সপ্তর্ষয স্ত্বেবমুক্ত্বা বাঢ় মিত্যব্রুনুবচঃ।
ওঁ নমঃ শঙ্করাযেতি প্রোক্ত্বা জগ্মুর্হিমাচলং।
ততোপ্যরুন্ধতীং শর্ব্বঃ প্রাহ গচ্ছ চ সুন্দরি।
ভবত্যোহি পুরস্ত্রীণাং গতি ধর্ম্মস্তবৈ বিদুঃ।
নমস্তেরুদ্র ইত্যুক্তা জগামপতিনা সহ।
গত্বা হিমাদ্রিশিখরং ওষধীপ্রস্থ মেবচ।
দদৃশুঃ শৈলরাজস্য পুরীং সুরপুরীমিব।
ততঃ সংপূজ্যমানাস্তে শৈলযোষিভি রাদরাৎ।

অনুবাদ।

ছিলেন আমি অবলোকন করিয়াছি। এক্ষণে শৈলবর হিমালয়ের ভবনে পুনর্ব্বার জন্মগ্রহণ করিয়াছেন, হে দেবগণ! হে দ্বিজগণ! তোমরা সকলে পর্ব্বতবর হিমালয়ের ভবনে গমন করিয়া আমার নিমিত্তেই শৈল দুহিতাকে প্রার্থনা কর। পুলস্ত্য বলিলেন। ভগবান শঙ্কর সপ্তর্ষিকে এইরূপ বলিলে তাপসগণ তাহাতে বাঢ়ং বলিয়া অঙ্গীকার পূর্ব্বক তথা হইতে শঙ্করায় নম উচ্চৈঃস্বরে বলিতে বলিতে হিমালয় ভবনে গমন করিলেন। অনন্তর শঙ্কর অরুন্ধতীকে বলিলেন হে সুন্দরি! তুমিও হিমালয়ে গমন কর। দেখ যুবতীগণ কুলকামিনীর গতি এই ধর্ম্ম সকলেই বলেন। এই রূপ কথোপকথনের পর অরুন্ধতী রুদ্রায় নমঃ এই কথা বলিয়া স্বামির সহিত গমন করিলেন। পরে ক্রমশঃ হেমাদ্রিশিখরে ওষধিপ্রস্থে গমন পূর্ব্বক ইন্দ্রপুরী সদৃশ শৈলরাজের অপূর্ব্ব পুরী অবলোকন করিলেন। অনন্তর শৈলযোষিদ্‌গণ পরম সমাদরে

স্বনামাদিভিরব্যগ্রৈঃ পূজ্যমানাস্তু পর্ব্বতৈঃ।
গন্ধর্ব্বৈঃ কিন্নরৈ র্যক্ষৈ স্তথান্যৈ স্তৎপুরস্থিতৈঃ।
বিবিশুর্ভবনং রম্যং হিমাদ্রে র্হাটকোজ্জ্বলং।
ততঃ সর্ব্বে মহাত্মানস্তপসাধৌত কিল্বিষঃ।
সমাসাদ্য মহাদ্বারং সংতস্থু র্দ্বাঃ সুতোরণাৎ।
ততস্তত্ত্বরিতোভ্যাগাদ্দ্বাঃ স্থোত্রে গন্ধমাদনঃ।
ধারয়ন্ বৈ করৈর্দ্দণ্ডং পদ্মরাগময়ং মহৎ।
তত স্তমূচু র্মুনয়ো গত্বাশৈলপতিং শুভং।
নিবেদয়াস্মান্ সংপ্রাপ্তান্ মম কার্য্যার্থিনোবয়ং।
ইত্যেবমুক্তঃ শৈলেন্দ্রঃ সর্ষিভির্গন্ধমাদনঃ।
জগাম তত্র যত্রাস্তে শৈলরাজোদ্রিভি র্যতঃ।

অনুবাদ।

তাঁহাকে পূজা করিলে শৈলগণ অতিশয় ব্যগ্রচিত্তে স্বস্ব নামোচ্চারণ পূর্ব্বক পূজা করিলেন। অনন্তর গন্ধর্ব্বগণ, কিন্নরগণ, যক্ষগণ এবং অন্যান্য শৈলপুরী মধ্যে যাহারা অবস্থিতি করিতেন সকলে হিমালয়ের স্বর্ণ সদৃশ অতি উজ্জ্বল রত্নময় রমণীয় পুরীতে প্রবেশ করিলেন, পরে তপস্যায় নিষ্পাপ কলেবর মহাত্মাগণ শৈলরাজের বহির্দ্বার হইতে দ্বারে উপস্থিত হইলেন। অনন্তর দ্বারি গন্ধমাদন হস্তে এক অপূর্ব্ব রক্তবর্ণ মণিময় দণ্ডধারণ পূর্ব্বক দ্রুতবেগে তথায় উপস্থিত হইয়া প্রিয়বাক্যে জিজ্ঞাসা করিলেন। তাপসগণ গন্ধমাদন দ্বারিকে বলিলেন তুমি শৈলরাজকে বল, আপনার কুশল তাপসগণ দ্বারে উপস্থিত হইয়াছেন। তাপসগণ এই কথা শৈলবর গন্ধমাদনকে বলিলে তৎক্ষণাৎ গন্ধমাদন যেস্থানে শৈলরাজ তাপসগণের সহিত উপবিষ্ট আছেন তথায় উপস্থিত হইয়া বাহুদ্বয়ে ভূমি

নিষণ্ণোভুবিজানুভ্যাং দত্বা হস্তৌমুখেগিরিং।
দক্ষং নিক্ষিপ্যকক্ষায়া মিদং বচন মব্রবীৎ।

গন্ধমাদনউবাচ।

ইমেহি ঋষয়ঃ সপ্ত শৈলরাজতবার্থিনঃ।
দ্বারেস্থিতাশ্চ কার্য্যেণ তবদর্শনমানসাঃ।

পুলস্ত্যউবাচ।

দ্বাঃস্থ বাক্যং সমাকর্ণ্য সমুত্থায়াচলেশ্বরঃ।
স্বয়মভ্যাগমদ্দ্বারিসমাদায়ার্ঘ্যমুত্তমং।
তানর্চ্চ্যার্ঘ্যাদিনাশৈলঃ সমানীয়সভাতলং।
উবাচবাক্যং বাক্যজ্ঞঃ কৃতাসন পরিগ্রহান্।

হিমবানুবাচ।

অনভ্রবৃষ্টিঃ কিমিযমুতাহোকুসুমং ফলং।
অপ্রতর্ক্য মচিন্ত্যঞ্চ ভবতামাগমং ত্বিদং।

অনুবাদ।

সংলগ্ন পূর্ব্বক হস্তদ্বয়ে মুখ আবরণ করিয়া দক্ষিণভাগে অবস্থিতি করিয়া এই কথা বলিলেন। হে শৈলরাজ! সপ্তর্ষিগণ তোমার নিকট প্রার্থী হইয়া দর্শন লালসায় দ্বারে উপস্থিত হইয়াছেন। পুলস্ত্য বলিলেন। শৈলরাজ দ্বারির এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া অবিলম্বে গাত্রোত্থান পূর্ব্বক অর্ঘ্য গ্রহণ করিয়া দ্বারে উপস্থিত হইলেন। তাপসগণ দ্বারদেশে দণ্ডায়মান অবলোকন করিয়া অর্ঘ্যদ্বারা পূজা করতঃ সভামণ্ডলে আনয়ন করাইলেন এবং সকলে আসনে আসীন হইলে বাক্‌পটুতম অচলরাজ তাপসগণকে বলিলেন। বিনা মেঘে বৃষ্টিপাত অপ্রতর্ক কুসুম ও অচিন্তনীয় ফলের ন্যায় আপনাদিগের আগমন এ কি আশ্চর্য্য।

অদ্য প্রভৃতি ধন্যোস্মি শৈলরাড়দ্যসত্তমাঃ।
সংশুদ্ধদেহোস্ম্যদ্যৈব যদ্ভবন্তো মমাজিরং।
আত্মসংসর্গ সংশুদ্ধং কৃতবন্তোদ্বিজোত্তমাঃ।
দৃষ্টিপূতং পদাক্রান্তং তীর্থং সারস্বতং যথা।
দাসোহং ভবতাং বিপ্রাঃ কৃতপুণ্যশ্চ সাংপ্রতং।
যেনার্থিনাহি তেহ্যূয়ং তন্মমাজ্ঞাতু মর্হথ।
সদারাহং সমং পুত্রৈ ভৃর্ত্যৈর্নপ্তৃভিরব্যয়াঃ।
কিং করোস্মি স্থিতোযুষ্মদাজ্ঞাকারীতদুচ্যতাং।

পুলস্ত্যউবাচ।

শৈলরাজবচঃ শ্রুত্বা ঋষয়ঃ সংশিতব্রতাঃ।
উচু রঙ্গিরসং বৃদ্ধং কার্য্যমদ্রৌনিবেদয়।

অনুবাদ।

অদ্যাবধি আমি ধন্য এবং অচল বংশে আমি শ্লাঘনীয় অদ্যাবধি আমার দেহ পবিত্র যেহেতু আপনারা আমার গৃহে পদার্পণ করিয়াছেন। হে তাপসাগ্রগণ্য বিপ্রগণ আপনারা আত্মসংসর্গ-দ্বারা দেহ পবিত্র করিয়াছেন। আপনারা যেস্থান দৃষ্ট করেন সেস্থান পবিত্র হয় এবং যেস্থানে পদার্পণ করেন সেস্থান সারস্বত সদৃশ পুণ্যতীর্থ হয়। হে দ্বিজগণ! আমি আপনাদিগের দাস এক্ষণে পবিত্র হইলাম। অতএব আপনারা যে কারণে মমাশ্রয় পবিত্র করিয়াছেন অনুগ্রহ প্রদর্শন পূর্ব্বক অনুমতি করুন্। আমি সর্ব্বদা পুত্র ভৃত্যপ্রভৃতি পরিবারবর্গের সহিত প্রস্তুত আছি। আপনা-দিগের আজ্ঞাকারী এক্ষণে উপস্থিত কি করিব আজ্ঞা করুন্। পুলস্ত্য বলিলেন। গিরিবরের বাক্য শ্রবণপূর্ব্বক পবিত্রাচারী তাপসগণ বৃদ্ধতম অঙ্গীরা মুনিকে বলিলেন তুমি আমাদিগের

ইত্যেবচোদিতঃ সর্ব্বৈ ঋষিভিঃ কশ্যপাদিভিঃ।
প্রত্যুবাচ শুভং বাক্যং গিরিরাজ তমঙ্গিরাঃ।

অঙ্গিরাউবাচ।

শ্রুয়তাং পর্ব্বতশ্রেষ্ঠ যেন কার্য্যেণ বৈবয়ং।
সমাগতাস্ত্বৎ সদন মরুন্ধত্যাসমংগিরে।
যোসৌ মহাত্মা সর্ব্বাত্মা দক্ষযজ্ঞক্ষয়ঙ্করঃ।
শঙ্করঃ শূলধৃক্ সর্ব্ব স্ত্রিনেত্রোবৃষবাহনঃ।
জীমূতকেতুঃ শত্রুঘ্নো যজ্ঞভোক্তাস্বয়ং প্রভুঃ।
যমীশ্বরং বদন্ত্যেতে শিবং স্থাণুং ভবং হরং।
ভীম মুগ্রং মহেশানং মহাদেবং পশোঃপতিং।
বয়ংতেন প্রেষিতাঃ স্মত্বৎ সকাশং সুরর্ষয়ঃ।
ইয়ং যাত্বৎ সুতাকালী সর্ব্বলোকেষু সুন্দরী।
তাং প্রার্থয়তি দেবেশ স্তস্তবান্ দাতুমর্হতি।

অনুবাদ।

প্রার্থিত বিষয় ভূধররাজাকে বল। তখন অন্যান্য কশ্যপপ্রভৃতি তাপসগণ সকলে বৃদ্ধতম অঙ্গিরাকে প্রার্থিত কার্য্যে নিয়োজিত করিলে অঙ্গিরা শৈলরাজকে অভীষ্ট বাক্য সমস্ত নিবেদন করিলেন। হে পর্ব্বতবর! আমরা যে কারণে ভবালয়ে অরুন্ধতীর সহিত আসিয়াছি তাহা শ্রবণ কর। যে মহাত্মা সর্ব্বান্তর্যামী দক্ষযজ্ঞ ক্ষয়কারী শূলধারী শঙ্কর ত্রিনেত্র বৃষভারোহী জীমূতকেতু শত্রুহন্তা যজ্ঞভোক্তা প্রভু ভগবান যাহাকে সকলে ঈশ্বর শিব স্থাণু ভব হর ভীম উগ্র মহেশ মহাদেব ও পশুপতি বলেন। তিনি আমাদিগকে তোমার নিকট প্রেরণ করিয়াছেন তোমার এই যে কন্যা কালী ত্রিলোক সুন্দরী ভগবান্ শঙ্কর এই ত্রিলোক মোহিনী কন্যাকে প্রার্থনা করিয়া পাঠাইয়াছেন আপনি এই কন্যা তাঁহাকে প্রদান করুন্।

সএব ধন্যোহি পিতা যস্যপুত্রী শুভং পতিং।
রূপাভিজনসম্পত্যা প্রাপ্নোতি গিরিসত্তম।
যাবন্তোজঙ্গমাগম্যা ভূতাঃ শৈল চতুর্ব্বিধাঃ।
তেষাং মাতাত্বিয়ং দেবী যতঃ প্রোক্তঃ পিতামহঃ।
প্রণম্য শঙ্করন্দেবাঃ প্রণমন্ত সুতান্তব।
কুরুষপাদং শক্রুনাং মূর্দ্ধি ভস্মপরিপ্লুতং।
যাচিতারোবয়ং শর্ব্বো বরোদাতা ত্বমপ্যুমে।
বপুঃ সর্ব্ব জগন্মাতা কুরু যচ্ছ্রেয়সে তব।

পুলস্ত্যউবাচ।

তদ্বচোঙ্গিরসঃ শ্রুত্বা কালীতস্থাবধোমুখী।
হর্ষমাগত্য সহসা পুনর্দ্দৈন্য মুপাগতা।
ততঃ শৈলপতিঃ প্রাহপর্ব্বতং গন্ধমাদনং।

অনুবাদ।

যাহার কন্যা সুপাত্রে অর্পিত হয় সে ধন্য শ্লাঘনীয়। হে গিরিসত্তম তোমার এই কন্যা কালী সৌন্দর্য্য গুণে জগৎ মুগ্ধ করিয়াছেন। এবং যজ্ঞে চতুর্ব্বিধ যে সকল ভূতগণ আগমন করেন এই কালী তাহাদিগের জননী পিতামহ বলিয়াছেন। অতএব দেবগণ শঙ্করকে এবং তোমার কন্যা কালীকে নমস্কার পূর্ব্বক বলিয়াছেন। তোমার কন্যা শক্রুগণের মস্তকে পদার্পণ পূর্ব্বক ভস্মীভূত করুন। হে উমে! শিব এবং তুমি বরদাতা আমরা সকলে তোমার নিকট বরপ্রার্থী হইয়াছি। হে গজন্মাতঃ! তোমার যাহাতে মঙ্গল হয় কর।

পুলস্ত্য বলিলেন। অঙ্গিরার এবম্বিধ হিতগর্ভপ্রিয় বাক্য শ্রবণ করিয়া কালী হর্ষযুক্ত হইলে তৎক্ষণাৎ তাহার পূর্ব্বজন্ম বৃত্তান্ত স্মৃতিপথারূঢ় হইয়া দুঃখিতভাবে ম্লানবদনে অধোমুখে অবস্থিতি করিলেন। অনন্তর শৈলবর হিমালয় গন্ধমাদনকে বলিলেন, তুমি শীঘ্র গমনপূর্ব্বক

গচ্ছ শৈলান্ সমামন্ত্র্য সর্ব্বান্ গন্তুমর্হসি।
ততঃ শীঘ্রতরঃ শৈলাগৃহাদ্গৃহমগাজ্জবী।
মের্ব্বাদীন্ পর্ব্বতশ্রেষ্ঠানাজুহাবসমন্ততঃ।
তেপ্যাজগ্মুস্ত্বরাবন্তঃ কার্য্যংমত্বা মহত্তদা।
বিবিশু র্বিস্ময়াবিষ্টাঃ সৌবর্ণেষ্বাসনেষু তে।
উদয়োহেমকুটশ্চ, রম্যকো মন্দরস্তথা।
উদ্দালকোবারুণশ্চ বারাহোগরুড়াসনঃ।
শুক্তিমান্ সানু.বগশ্চ দৃঢ় শৃঙ্গোত্যশৃঙ্গবান্।
চিত্রকুট স্ত্রিকুটশ্চ তথামন্দারকাচলঃ।
বিন্ধ্যশ্চ মলয়শ্চৈব পারিপত্রোথ দর্দ্দুরঃ।
কৈলাশাদ্রির্মহেন্দ্রশ্চ নিষধোঞ্জন পার্ব্বতঃ।
এতে প্রধানাগিরয়স্তথান্যেক্ষুদ্র পর্ব্বতাঃ।
উপবিষ্টা সভায়াং বৈ প্রণিপত্য ঋষীংস্তু তান্।

অনুবাদ।

সমস্ত শৈলগণকে মমালয়ে আসিবার জন্য আমন্ত্রণ কর। শৈলবরের বাক্য শ্রবণপূর্ব্বক তৎক্ষণাৎ দ্রুতবেগে মন্দর সুমেরুপ্রভৃতি সমস্ত শৈলবরে গমন করতঃ হিমালয়ের ভবনে আসিবার জন্য সকলকে আহ্বান করিলেন। সুমেরুপ্রভৃতি শৈলগণ হিমালয়ের মহত কার্য্য উপস্থিত হইয়াছে বিবেচনা করতঃ সত্বর হিমালয়ের ভবনে উপস্থিত হইলেন। উদয়াচল হেমকূট রম্যক মন্দর উদ্দালক বারুণ বরাহ গরুড়াসন শুক্তিমান সানুবেগ দৃঢ় শৃঙ্গ শৃঙ্গবান চিত্রকূট ত্রিকূট মন্দারক বিন্ধ্য মলয় পারিপাত্র দর্দ্দুর কৈলাশ মহেন্দ্র নিষধ অঞ্জন এই সমস্ত প্রধান প্রধান পর্ব্বতগণ হিমালয়ের ভবনে উপস্থিত হইয়া স্বর্ণাসনে উপবেশন পূর্ব্বক অতিশয় বিস্ময়ান্বিত হইলেন। এবং অন্যান্য ক্ষুদ্র পর্ব্বতগণ সকলে তথায় উপবেশন পূর্ব্বক সকলে তাপসগণকে

ততোগিরীশঃ স্বাংভার্য্যাং মেনামাহুতবাংশ্চস।
সমাগচ্ছত কল্যাণী সমং পুত্রেণভাবিনী।
সাপিবধূ ঋষীণাং হি বরাণাঞ্চ তপস্বিনী।
সর্ব্বান্ জ্ঞাতীন্ সমাভাষ্য বিবেশ স্বসুতাততঃ।
ততোদ্রিষু মহাশৈল উপবিষ্টেষু নারদ।
উবাচ বাক্যং ধর্ম্মজ্ঞঃ সর্ব্বানাভাষ্য সুস্বরং।

হিমবানুবাচ।

ইমেসপ্তর্ষয়ঃ পুণ্যা যাচিতারঃ সুতাংমম।
মহেশ্বরানুকম্পাচ্চতচ্চাবেদ্যং ভবৎ সুরৈঃ।
তদ্বদধ্বং যথাপ্রাজ্ঞং জ্ঞাতয়োযুয় মেবমে।
নোল্লঙ্ঘ্যযুষ্মান্দাস্যামি তৎক্ষমং বক্তুমর্হথ।

পুলস্ত্যউবাচ।

হিমদ্বচনং শ্রুত্বা মের্ব্বাদ্যাঃ স্থাবরোত্তমাঃ।

অনুবাদ।

নমস্কার করিলেন। অনন্তর হিমালয় স্বীয় ভার্য্যা মেনাকে আহ্বান করিলে ঋষি প্রবর তাপসগণের বধূ মেনা তৎক্ষণাৎ পুত্র ও কন্যাগণের নিকট উপস্থিত হইয়া তাহাদিগকে এবং জ্ঞাতিগণকে সম্ভাষণা করতঃ সভামধ্যে প্রবেশ করিলেন অনন্তর মেনাপুত্রও কন্যাগণের সহিত আসনে উপবিষ্ট হইলে সাতিশয় বাক্পটুসম্পন্ন হিমালয় সমস্ত জ্ঞাতিগণকে সম্ভাষণা করতঃ সুস্বরে জিজ্ঞাসা করিলেন। এই সকল তাপসগণ শঙ্করের নিমিত্ত আমার কন্যাকে প্রার্থনা করিতেছেন তাহা তোমাদিগকে নিবেদন করিলাম আপনারা অতিশয় প্রাজ্ঞ আপনাদিগকে উলঙ্ঘন করিয়া কন্যাদান করিতে অক্ষম এজন্য আপনারা যাহা কর্ত্তব্য হয় বিবেচনা পূর্ব্বক অনুমতি করুন্। পুলস্ত্য বলিলেন। হিমবানের

সর্ব্বএবাব্রুবন্ বাক্যং স্থিতা স্বস্বাসনেষুচে ।
যাচিতারশ্চ মুনয়ো বর ত্রিপুরনাশনঃ ।
দীয়তাং শৈলকালীয়ং জামাতাভিমতোহি নঃ ।
মেনাপ্যথাহ ভর্ত্তারং শৃণু শৈলেন্দ্র মদ্বচঃ ।
ব্রহ্মণা মমকন্যেয়ং দত্তাযেনৈব হেতুনা ।
য স্তস্যাং ভূতপতিনা পুত্রোদত্তোভবিষ্যতি ।
স হনিষ্যতি দৈত্যেন্দ্রং মহিষং তারকং তথা ।
ইত্যেবং মেনয়া প্রোক্তঃ শৈলৈঃ শৈলেশ্বর সুতাং ।
প্রোবাচ পুত্রি দত্তাসি সর্ব্বায়ত্বং ময়াধুনা ।
ঋষীন্সুউবাচ কালীয়ং মমপুত্রীতপোধনাঃ ।

অনুবাদ ।

বাক্য শ্রবণ করিয়া মেরু প্রভৃতি স্থাবরগণ সকলে স্বীয় স্বীয় আসনে উপবেশনপূর্ব্বক বলিলেন তাপসগণ আপনার নিকট প্রার্থনা করিতেছেন আপনার কন্যা কালীকে প্রদান কর, ত্রিপুরান্তকারী ভগবান্ শঙ্কর জামাতা হইবেন, অতএব শৈলবর তোমার কন্যা কালীকে প্রদান কর আমরা সকলে বলিতেছি এই সময়ে মেনকা শৈলবর হিমালয়কে বলিলেন, শৈলরাজ ! পূর্ব্বকালে পিতামহ ব্রহ্মা আমাকে এই কথা বলিলেন তোমার কন্যা আমি শঙ্করকে দান করিলাম কারণ এই কন্যার গর্ভে শঙ্করের বীর্য্যে যে পুত্র সম্ভূত হইবেক সেই পুত্র মহিষ ও তারক প্রভৃতি দানবগণকে বিনাশ করিবেক, মেনকা এবম্বিধ শৈলরাজকে বলিলে স্থাবরগণ শৈলরাজ কন্যাকালীকে বলিলেন, পূর্ব্বকালে পিতামহ ব্রহ্মা তোমাকে শঙ্করকে দান করিয়াছেন, এক্ষণে আমাদিগের এ বিষয়ের কথোপকথনের প্রয়োজন কি ? তখন আমার কন্যা এই কালী ঋষিগণকে সম্বোধন করিয়া বলিলেন তাপসগণ আমি নমস্কার করি এই কথা

প্রণামং শঙ্করবধূ ভক্তিনম্রাকরোতিচ।
ততোপ্যরুন্ধতীকালী মঙ্কমারোপ্য চাটুকৈঃ।
লজ্জমানাং সমাশ্বাস্য হরনামোদিতৈঃ শুভৈঃ।
ততঃ সপ্তর্ষয়ঃ প্রোচুঃ শৈলরাজন্ নিশাময়।
জামিত্রগুণসম্পন্নাং তিথিপুণ্যাং সুমঙ্গলাং।
উত্তরাফল্গুনীযোগং তৃতীয়েহ্নিহিমাংশুমান্।
গমিষ্যতিচ তত্রোক্তো মুহুর্ত্তোমিত্রনামকঃ।
তস্যাং তিথ্যাং হরঃপাণিং গ্রহিষ্যতি সমন্ত্রকং।
তবপুত্র্যাবয়ং যামস্তদনুজ্ঞাতুমর্হসি।
ততঃ সংপূজ্য বিধিনা ফলমূলাদিভিঃ শুভৈঃ।
বিসর্জ্জয়ামাসশনৈঃ শৈলরাড়ৃষি পুঙ্গবান্।
তেপ্যাজগ্মুর্মহাবেগাত্বাক্রম্য মরুদালয়ান্।

অনুবাদ।

বসিয়া শঙ্করবধূ কালী ভক্তিসহকারে নম্রভাবে তাপসগণকে নমস্কার করিলেন। তৎপরে অরুন্ধতী বিবিধ সান্ত্বনয় বাক্যে সাতিশয় লজ্জিতা কালীকে সন্তোষ করতঃ ক্রোড়ে লইয়া ভগবান্ শঙ্করের নামোল্লেখ পূর্ব্বক আশ্বাস প্রদান করিলেন। অনন্তর সপ্তর্ষিগণ অচলরাজকে বলিলেন পর্ব্বতরাজ তুমি শ্রবণ কর। যামিত্র গুণ-সম্পন্না এই দিবস অতি পুণ্যতিথি এই তিথিতে বিবাহ হইলে জামাতার মঙ্গল হয় এবং চন্দ্রমা উত্তরাফল্গুনীনক্ষত্রে গমন করি-বেন, এই দিবস মিত্রনামক মুহূর্ত্ত এই তিথিতে শঙ্কর মন্ত্র পূর্ব্বক পাণিগ্রহণ করিবেন তবে আমরা এক্ষণে শঙ্করের নিকট গমন করিব, আপনার কন্যার সহিত আপনি অনুমতি করুন। অন-ন্তর পর্ব্বতবর ফল মূলদ্বারা বিবিধবিধানে তাপসগণকে পূজা করিয়া ক্রমে সকলকে বিদায় দিলেন। তাপসগণ বিদায় লইয়া দ্রুতবেগে

আসাদ্য মন্দরগিরিং ভূয়োঽবদন্ত শঙ্করং।
প্রণম্যোচু মহাদেবং ভবানভর্ত্তাদ্রিজাবধূঃ।
সুব্রহ্মকাস্ত্রয়োলোকা দ্রক্ষস্থিঘনবাহন।
ততো মহেশ্বরঃ প্রীতো মুনীন্ সর্ব্বানন্নুক্রমাৎ।
পূজয়ামাস বিধিনা ত্বরুন্ধতানমং মুনে।
ততঃ সংপূজিতাজগ্মুঃ সুরাণাং মন্ত্রণায়তে।
তেপ্যাজগ্মুর্ভবং দ্রষ্টুং ব্রহ্মবিষ্ণিন্দ্র ভাস্করৈঃ।
গৃহস্ততোভ্যেত্য মহেশ্বরস্য কৃতপ্রণামা দদৃশুর্মহর্ষে।
সস্মারনন্দীং প্রমথাংশ্চ সর্ব্বা নভ্যেত্যতেবন্দ্যহরং নিষণ্ণাঃ।
দেবৈর্গণৈশ্চাপিবৃতোগিরীশঃ সশোভতেমুক্তজটাগ্রভারঃ।

অনুবাদ।

গমনপূর্ব্বক মন্দর পর্ব্বতে উপস্থিত হইয়া শঙ্করের নিকট গমন করিলেন। শঙ্করকে নমস্কারপূর্ব্বক তাপসগণ বলিলেন আপনি ভর্ত্তা শৈলনন্দিনী কালী বধূ হইবেন। হে বাসব এক্ষণে ব্রহ্মলোক প্রভৃতি তিন লোক সকলে অবলোকন করুন। অনন্তর শঙ্কর অতিশয় সন্তোষ হইয়া তাপসগণকে এবং অরুন্ধতীকে ক্রমশঃ বিধিপূর্ব্বক পূজা করিলেন। তাপসগণ শঙ্করের নিকট যথাবিধানে পূজিত হইয়া দেবগণের সহিত মন্ত্রণা করিতে গমন করিলেন। তাপসগণ ভাস্কর প্রভৃতি দেবাগণের সহিত শঙ্করের দর্শন লালসায় গমন করিলেন। হে মহর্ষে! দেবগণ সকলে শঙ্করের আবাস ভূমি মন্দর পর্ব্বতে গমন করিয়া দেবাদিদেবকে নমস্কার পূর্ব্বক অবলোকন করিলেন। শঙ্কর সেই কালে নন্দী ও প্রমথগণকে আহ্বান করিলেন তাহারা অবিলম্বে শঙ্করের নিকট উপস্থিত হইয়া নিকটে উপবেশন করিল। দেবগণ ও প্রমথগণে পরিবৃত

যথাবনে সর্জ্জকদম্বমধ্যে প্রোহমুচ্চোথবনস্পতির্বৈ।

ইতি বামনপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
উমাবিবাহে চতুর্ব্বিংশতিতমোধ্যায়ঃ।

অনুবাদ।

হইয়া অতি দ্রুতবেগে বায়ুপথে আলুলায়িত জটাকলাপ অরণ্যে সর্জ্জ ও কদম্বপাদব মধ্যে অত্যুচ্চ বনস্পতি সদৃশ রমণীয় শোভমান হইলেন।

ইতি বামনপুরাণে উমা বিবাহে চতুর্ব্বিংশতিতমোঽধ্যায়ঃ।

পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

সমাগতান্ সুরান্ দৃষ্ট্বা নন্দিরাখ্যাতবান্ প্রভো।
অথোত্থায় হরিংভক্ত্যাপরিস্বজ্যান্তপীডয়ৎ।
ব্রহ্মাণং শিরসা নত্বা সমাভাষ্য শতক্রতুং।
আলোক্যান্যান্ সুরগণান্ সর্ব্বান্ ভাবয়শঙ্করঃ।
গণাশ্চ জয়দেবেতি বীরভদ্রপুরোগমাঃ।
শৈবাঃ পাশুপতাদ্যাশ্চ বিবিশু র্মন্দরাচলং।
তত স্তস্মান্মহাশৈলং কৈলাসং সহদৈবতৈঃ।
জগাম ভগবাঞ্ছর্ব্বঃ কর্ত্তুং বৈবাহিকীং বিধিং।
তত স্তস্মিন্ মহাশৈলে দেবমাত্রাদিভিঃ শুভা।
সুরভিঃ সরসাশ্চান্যা শ্চক্রু র্মঙ্গলমঙ্গলাঃ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। দেবগণকে শঙ্করালয়ে গমন করিতে দেখিয়া ভক্তিভাবে নন্দী শঙ্করকে বলিলেন, হে প্রভো! আপনি গাত্রোত্থান করুন্। এই কথা শ্রবণমাত্রে শঙ্কর তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন এবং ব্রহ্মাকে আলিঙ্গন করিয়া নমস্কার করিলেন এবং পুরন্দরকে অভ্যর্থনা করিলেন, দেবগণ সকলকে উপস্থিত দেখিয়া শঙ্কর চিন্তা করিতে লাগিলেন। অনন্তর উচ্চৈঃস্বরে 'জয়দেব' এই কথা বলিয়া বীরভদ্র পুরঃসর ভূতগণ শৈবগণ এবং পাশুপতগণ সকলে মন্দরাচলে উপস্থিত হইল। পরে ভগবান্ কৈলাসনাথ মন্দর পর্ব্বত হইতে দেবগণ ও ভূতগণের সহিত বৈবাহিক কার্য্যের আয়োজনের নিমিত্ত অত্যুচ্চ কৈলাসপর্ব্বতে গমন করিলেন। সেই পর্ব্বতে দেবমাতৃগণের সহিত সুরভি সরমা এবং অন্যান্য নারীগণ বৈবাহিকী মঙ্গল

মহাস্থিশেখরীচারু রোচনাতিলকোহরঃ।
সিংহাজিনী চারুনীলভুজঙ্গকৃতমণ্ডলঃ।
মহাহিরত্নবলয়ো হারকেয়ূরনূপূরঃ।
সমুন্নতজটাভারো বৃষভস্থো বিরাজতে।
তস্যাগ্রতোগণাঃ স্বৈঃ স্বৈ রারূঢ়ায়ান্তি বাহনৈঃ।
দেবাশ্চপৃষ্ঠতোজগ্মু হুতাশন পুরোগমাঃ।
বৈনতেয়সমারূঢ়ঃ সহলক্ষ্ম্যাজনার্দ্দনঃ।
প্রয়াতিদেবপার্শ্বস্থো হংসেনচ পিতামহঃ।
গজাধিরূঢ়োদেবেন্দ্র শ্ছত্রং শুক্লপটং বিভো।
ধারয়ামাস বিনয়াৎ সচ্যাসহ সহস্রকঃ।
যমুনাসরিতাং শ্রেষ্ঠা বালব্যজনমুত্তমং।
শ্বেতং প্রগৃহ্যহস্তেন রুক্মদণ্ডং মহাপ্রভং।

অনুবাদ।

ক্রিয়া সমাধা করিয়া বেশভূষা করাইলেন। মস্তকে বৃহৎ অস্থি কিরীট ললাটে গোরোচনার তিলক। কটিদেশে সিংহের চর্ম্ম মনোহর নীল-ভুজঙ্গ দ্বারা বন্ধন। হস্তে বৃহৎ সর্প বলয়, গলদেশে ভুজঙ্গহার, বাহুযুগলে বিষধর কেয়ূর, পাদযুগলে ফণিময় নুপুর, মস্তকে সমুন্নত বৃহৎ জটাভার ধারণপূর্ব্বক বৃষভোপরি বিরাজ করিতে লাগিলেন। তাঁহার অগ্রে শৈবগণ স্বস্ববাহনে পৃষ্ঠদেশে অগ্নিকে অগ্রে লইয়া দেবগণ গমন করিলেন। এবং উভয় পার্শ্বের এক পার্শ্বে ভগবান কমলাপতি কমলার সহিত গরুড়ারোহণে অপর পার্শ্বে হংসবাহনে ব্রহ্মা ঐরাবত আরোহণে শচীর সহিত ইন্দ্র ধবলছত্র ধবলবস্ত্র ধারণপূর্ব্বক ধাবমান হইলেন। এবং সরিদ্বরা যমুনা ধবল চামর অতি শোভমান স্বর্ণদণ্ড হস্তে ধারণপূর্ব্বক সরিৎশ্রেষ্ঠা সর

হংসকুন্দেন্দুসঙ্কাশং বালব্যজনমুত্তমং।
সরস্বতী সরিৎ শ্রেষ্ঠা গজারূঢ়াসমাদদে।
ঋতবঃ ষট্ সমাদায় কুসুমং গন্ধসংযুতং।
পঞ্চবক্ত্রং মহেশানং জগ্মুস্তে কামচারিণঃ।
মত্তমৈরাবতনিভং গজমারুহ্য বেগবান্।
অনুলেপনমাদায় যযৌতত্র পৃথুদকঃ।
গন্ধর্ব্বাস্তুম্বুরুমুখা গায়ন্তোমধুরস্বরাঃ।
অনুজগ্মুর্ম্মহাদেবং বাদয়ন্তশ্চ কিন্নরাঃ।
নৃত্যন্তোপ্সরসশ্চৈব স্তুবন্তো মুনয়শ্চ তং।
গন্ধর্ব্বা যান্তি দেবেশং ত্রিনেত্রং শূলপাণিনং।
একাদশতথাকোট্যা রুদ্রাণাস্তত্রবৈযযুঃ।
দ্বাদশৈবাদিতেয়ানাং অষ্টৌকোট্যাবসূনপি।
সপ্তষষ্টিস্তথাকোট্যা গণানামৃষিসত্তম।
চতুর্ব্বিংশাস্তথাজগ্মু ঋষীণামূর্দ্ধরেতসাং।
অসংখ্যাতানি যূথানি যক্ষকিন্নর রক্ষসাং।

অনুবাদ।

স্বতী হংস কুন্দেন্দু সদৃশ ধবল চামর ধারণপূর্ব্বক এবং গজারোহণে ঋতুগণ সৌগন্ধকুসুম গ্রহণপূর্ব্বক যথেচ্ছাক্রমে পঞ্চবক্ত্র মহাদেবের পশ্চাৎ গমন করিলেন। এবং পৃথুদক অনুলেপন গ্রহণপূর্ব্বক মত্ত ঐরাবত সদৃশ গজারোহণে অতি দ্রুতবেগে শঙ্করের নিকট গমন করিলেন। তুম্বুরু প্রভৃতি গন্ধর্ব্বগণ মধুরস্বরে গানকরতঃ কিন্নরগণ বাদ্যকরতঃ এবং অপ্সরাগণ নৃত্য করতঃ শঙ্করের পশ্চাৎ গমন করিলেন। এবং একাদশ কোটি রুদ্রগণ দ্বাদশ কোটি আদিত্যগণ অষ্টকোটি বসুগণ ষষ্টিকোটি প্রমথগণ চতুর্ব্বিংশতি ঊর্দ্ধরেতা ঋষিগণ এবং অসংখ্য যক্ষ রাক্ষস কিন্নরগণ

অনুজগ্মু র্মহেশানং বিবাহায় সমাকুলাঃ।
ততঃ ক্ষণেন দেবেশঃ ক্ষ্মাধরাধিপতে পুরং।
প্রাপুস্তমগমন্ শৈলাঃ কুঞ্জরস্থাঃ সমন্ততঃ।
ততো ননাম ভগবান্ ত্রিনেত্র স্থাবরাধিপং।
শৈলাঃ প্রণেমু রীশানং ততো সৌ মুদিতোঽভবৎ।
সমং সুরৈঃপার্শ্বদৈশ্চ বিবেশ বৃষকেতনঃ।
নন্দিনা দর্শিতেমার্গে শৈলরাজপুরং মহৎ।
জীমূতকেতুরাযাত ইত্যেবং নগরস্ত্রিয়ঃ।
নিজকর্ম্ম পরিত্যজ্য দশনব্যাপিতাভবন্।
মাল্যার্দ্ধমাল্যাপ্রাদায় করেণৈকেন ভাবিনী।
কেশপাশং দ্বিতীয়েন শঙ্করাভিমুখীগতা।
অন্যালক্তকরাঙ্গুল্যং পাদং কৃত্বাকুলেক্ষণা।

অনুবাদ।

মহোৎসবে শঙ্করের পশ্চাৎ গমন করিল। তৎপরে অনতি বিলম্বে ভগবান রুদ্র শৈলরাজ ভবনে উপস্থিত হইলেন অন্যান্য স্থাবরগণ চতুর্দ্দিক হইতে কুঞ্জর বাহনে শৈলরাজ ভবনে উপস্থিত হইয়া শঙ্করকে নমস্কার করিল। শঙ্কর পর্ব্বতরাজ ভবনে উপস্থিত হইয়া পর্ব্বতরাজকে নমস্কার করিয়া প্রফুল্ল চিত্তে উপবেশন করিলেন। সুরগণ পরিবৃত বৃষকেতন ভগবান রুদ্র নন্দী প্রদর্শিত মার্গে গমন করিয়া শৈলরাজ ভবনে উপস্থিত হইলেন তখন নগরবাসী কামিনীগণ শঙ্কর আসিয়াছেন এই কথা শ্রবণ করিবা মাত্র নিজ নিজ কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক ভদ্রূর্দ্ধ ধারণকরতঃ ধাবমান হইল। কোন কামিনী একহস্তে মালা কেহবা অর্দ্ধমালা ধারণ পূর্ব্বক অপর হস্তে কেশপাশ গ্রহণ করিয়া শঙ্করের সম্মুখীন হইল। কোন কামিনী হস্তপদে অলক্তক ধারণ করিয়া কেহবা এক

অলক্তকরমেবং হি হরং দ্রষ্টু মুপাগতা।
একেনাক্ষাঞ্জিতেনৈব শ্রুত্বাভীম মুপাগতঃ।
সাঞ্জনৈব গৃহীত্বা শলাকাং প্রতিধাবতি।
অন্যাঃ সরসনং বাসঃ পাণিনাদায় সুন্দরী।
উন্মত্তেবাগমত্তুর্ণং হর দর্শন লালসা।
অন্যাভিক্রান্তমীশানং শ্রুত্বাস্তনভরালসা।
অনিন্দত্তরুণাবালাযৌবনং স্বং কৃশোদরী।
উত্থং স নাগরস্ত্রীণাং সংক্ষোভজনয়ন্ হরঃ।
জগাম বৃষভারূঢো দিব্যং শ্বশুর মন্দিরং।
তস্মিন্ প্রবিষ্টং প্রসমীক্ষ্য শম্ভুং শৈলেন্দ্রবেশ্ম ন্যবলা ব্রুবন্তঃ।
স্থানেতপোদুশ্চর মম্বিকায়া শ্চীর্ণং মহানেষ সুরৈস্তু শম্ভুঃ।

অনুবাদ।

করে আলক্তক ধারণ করিয়া শঙ্করের দর্শন লালসায় দ্রুতবেগে গমন করিল। কোন কামিনী একচক্ষে অঞ্জন প্রদান করিতে করিতে শঙ্কর আসিয়াছেন শ্রবণ মাত্রে অঞ্জনাধার গ্রহণপূর্ব্বক দ্রুতপদে গমন করিল কেহবা শলাকার জন্য গৃহে প্রত্যাগমন করিল। কেহবা স্বীয় বস্ত্র এবং কটিবন্ধ হস্তে গ্রহণপূর্ব্বক শঙ্করের দর্শন লালসায় উন্মত্তের ন্যায় গমন করিল। অন্যান্য উন্নতস্তনী কৃশোদরি কামিনীগণ শঙ্কর এই স্থান দিয়া গমন করিয়াছেন শ্রবণ করিয়া ক্রোধে স্বীয় যৌবনকে নিন্দাকরতঃ দ্রুতপদে গমন করিল। এইরূপে নগরবাসী কামিনীগণকে সংক্ষুব্ধ করিয়া বৃষারোহণে হিমালয়ের অতি রমণীয় ভবনে উপস্থিত হইলেন হিমালয়ের ভবনে ত্রিলোকীনাথ শম্ভু উপবিষ্ট হইলে গিরিরাজভবনস্থা অবলাগণ শঙ্করকে অবলোকন করিয়া বলিল। অম্বিকা যে এতাদৃশ অতি উৎকৃষ্ট তপস্যা করিয়াছিলেন বোধ হয় তাহারই এই ফল যে শঙ্কর

সএবযেনাঙ্গমনঙ্গতা কৃতং কন্দর্পনাম্নঃ কুসুমায়ুধস্য।
ক্রতোঃ ক্ষয়ী দক্ষবিনাশকর্ত্তা ভগাক্ষিহা শূলধরঃ পিনাকী।
নমোনমঃ শঙ্কর শূলপাণে মৃগারিচর্ম্মাম্বর কামশত্রো।
মহাহি হারাঙ্কিত কুণ্ডলায় নমোনমঃ পার্ব্বতী বল্লভায়।
ইত্থং সংস্তূয়মানঃ সুরপতি বিধৃতে নাতপত্রেণ শম্ভুঃ।
সিদ্ধৈর্বন্দ্যঃ সযক্ষৈ রহিকৃতবলয়ী চারুভস্মোপলিপ্তঃ।
অগ্রস্থেনাগ্রজেন প্রমুদিত মনসা বিষ্ণুনা চানুগেন।
বৈবাহীং মঙ্গলাঢ্যাং হুতবহমুদিতা মারুরোহাথ বেদীং।
আয়াতেত্রিপুরান্তকে সহচরৈঃ সার্দ্ধঞ্চসপ্তর্ষিভি
র্ব্যগ্রোভূদ্গিরিরাজবেশ্মনি জনঃ কন্যাসমালঙ্কৃতৌ।

অনুবাদ।

দেবগণের সহিত উপস্থিত হইয়া স্বয়ং বরমাল্য গ্রহণ করিবেন। যিনি কুসুমায়ুধ কন্দর্পের অনঙ্গতা সম্পাদন করিয়াছেন যিনি দক্ষ যজ্ঞ এবং দক্ষকে বিনাশ করিয়াছেন যিনি ভগনাম সূর্য্যের চক্ষু বিনাশ করিয়াছেন সেই শূলধারী পিণাকী ভগবান রুদ্রকে আমরা বারম্বার নমস্কার করি, যাহার পরিধান ব্যাঘ্রচর্ম্ম যিনি কন্দর্পকে ভস্মাবশেষ করিয়াছেন যিনি ভুজঙ্গ হার বলয় এবং কুণ্ডল ধারণ করিয়াছেন এতাদৃত পার্ব্বতীশ্বরকে বারম্বার আমরা নমস্কার করি। এবম্বিধ স্তব করিলে দেবরাজ ইন্দ্র শঙ্করের মস্তকে রত্ন-মণ্ডিত ছত্রধারণ করিলেন সিদ্ধগণ এবং যক্ষ রক্ষগণ সকলে স্তব করিতে লাগিল তখন ভস্মাক্ত কলেবর শঙ্কর অগ্রে ব্রহ্মাকে লইয়া বিষ্ণুকে পশ্চাৎভাগে লইয়া সহর্ষে প্রজ্জ্বলিত হুতভুক্ সন্নিধানে বৈবাহিকী বেদীতে আরোহণ করিলেন। সপ্তর্ষিগণের সহিত ত্রিপুরান্তকারী ভগবান শঙ্কর বৈবাহিকী বেদীতে উপবেশন করিলে ভূধররাজভবনস্থ জনগণ ব্যস্ত সমস্ত হইয়া কেহবা শৈল-

ব্যাকুল্যং সমুপাগতাশ্চগিরয়ঃ পূজাদিনা দেবতাঃ

প্রায়োব্যাকুলিতাভবন্তি সুহৃদঃ কন্যাবিবাহোৎসুকাঃ।

প্রসাধ্য দেবীং গিরিজাং

ততস্ত্রিয়োদুকুলশুক্লাভিবৃতাঙ্গযষ্টিকাং।

ভ্রাত্রাস্বনাভেনতদোৎসবেক্ষুতে

সশঙ্করাভ্যাসমথোপপাদিতা।

ততঃ শুভেহর্ম্ম্যতলে হিরণ্ময়ে-

স্থিতাঃ সুরাঃ শঙ্করকালিচেষ্টিতং।

পশ্যন্তিদেবোপিসমং কৃশাঙ্গ্যা-

লোকানুজুষ্টং পদমাসসাদ।

এবং ক্রীড়াং হরঃ কৃত্বা সমংহিগিরিকন্যয়া।

অগচ্ছদ্দক্ষিণাং বেদীমৃষিভিঃ সেবিতাংদৃঢ়াং।

অথাজগাম হিমবান্ শুক্লাম্বরংধরঃ শুচিঃ।

অনুবাদ।

সুতাকে বেশ ভূষা করাইতে লাগিল কেহবা যত্ন সহকারে সমা-গত দেব দানব গন্ধর্ব্বগণের পূজা করতঃ উপবেশন করাইলেন প্রায়ই বিবাহোৎসুক বান্ধবগন বৈবাহিক বিষয়ে সাতিশয় ব্যাকুল হইয়া থাকে। অনন্তর বিবিধ বস্ত্রালঙ্কারে ভূষিতা নারীগণ ভূধরনন্দিনীকে সুনাভ নাম্না সহোদরের সহিত শঙ্করের নিকট উপস্থিত হইল। দেবগণ বিশুদ্ধ সুবর্ণ খচিত শিলাতলে উপ-বেশন পূর্ব্বক শৈলনন্দিনী এবং শঙ্করের চেষ্টা অবলোকন করিতে লাগিলেন। শঙ্কর শৈলসুতা কালীর সহিত অলৌকিক রূপে ক্রীড়া ভবনে গমন করিলেন। সেই স্থানে কিছুকাল শৈলতনয়ার সহিত পরমানন্দে ক্রীড়া কৌতুকে কালাতিপাত করিয়া ঋষিগণ সেবিত অতি কঠিন দক্ষিণা বেদীতে গমন করিলেন। অনন্তর হিমবান

পবিত্রপাণিরাদায় মধুপর্কমথোজ্জ্বলং।
উপবিষ্টস্ত্রিনেত্রস্তু শাক্রীন্দিশমপশ্যত।
সপ্তর্ষিকাংস্তুশৈলেন্দ্রস্তূপবিষ্টোঽবলোকয়ৎ।
সুখাসীনস্য সর্ব্বস্য কৃতাঞ্জলিপুটো গিরিঃ।
প্রোবাচ বচনং শ্রীমান্ধর্ম্মসাধনমাত্মনঃ।

হিমবানুবাচ।

মৎপুত্রীং ভগবান্‌কালীং পৌত্রীঞ্চ পুলহস্য চ।
পিতৃণামপি দৌহিত্রীং প্রতিচ্ছেমাং ময়োদ্যতাং।

পুলস্ত্য উবাচ।

ইত্যেব মুক্ত্বা শৈলেন্দ্রো হস্তং হস্তেনযোজয়ন্।
প্রাদাৎপ্রতীচ্ছ ভগব ন্নিদমুচ্চৈরুদীরয়ন্।

হরউবাচ।

নমেঽস্তিমাতা ন পিতা ন বন্ধুস্তথৈবগোত্রং নবুলং নচর্দ্ধিঃ।

অনুবাদ।

শুক্লবস্ত্র পরিধান পবিত্র হইয়া মধুপর্ক হস্তে গ্রহণপূর্ব্বক তথায় পূর্ব্বমুখে উপবেশন করিলেন। শৈলরাজ উপবেশন করিয়া সপ্তর্ষিগণকে অবলোকন পূর্ব্বক কৃতাঞ্জলিপুট সুখোপবিষ্ট ভগবান্ শঙ্করকে স্বীয় ধর্ম্মসাধনের নিমিত্ত বলিলেন। হে ভগবন্! আমার কন্যা এই কালী পুলহের পৌত্রী এবং পিতৃগণের দৌহিত্রী আমি আপনাকে প্রদান করিতে ইচ্ছা করিয়াছি আপনি গ্রহণ করুন্। পুলস্ত্য বলিলেন। পর্ব্বতরাজ এই কথা বলিয়া শঙ্করের হস্তে তনয়ার হস্ত নিক্ষেপ করিয়া হে ভগবন্! আমি কন্যাও দান করিতেছি আপনি গ্রহণ করুন্ এই কথা উচ্চৈঃস্বরে বলিলে তখন শঙ্কর বলিলেন। আমার মাতা নাই পিতা নাই বন্ধু নাই গোত্র নাই এবং ধন নাই এই কথা বলিয়া বৈবাহিকী বেদীকে গমনপূর্ব্বক

ইতীবজল্পন্ স জগাম বেদীং সহাদ্রীপুত্র্যা নধুপর্কমশ্নন্।
দত্ত্বাচলাজাঃ সকলস্থ বহ্নে স্তুতোবিরিঞ্চিগিরিজামুবাচহ্।
কালিপশ্য স্ববদনং ভর্ত্তুঃ শশিকরপ্রভং।
সমদৃষ্টিঃ স্থিরাভূত্বাকুরুস্বাগ্নেঃ প্রদক্ষিণং।
ততোহম্বিকাহরমুখেদৃষ্টৌদ্রৌত্যমুপাগতা।
যথার্করশ্মি সন্তপ্তা প্রাপ্যবৃষ্টিমিবাবনী।
ভূয়ঃ প্রাহ বিভোর্বক্ত্রং পশ্যস্বেতি পিতামহঃ।
লজ্জয়া সা পিদৃষ্ট্বেতি শনৈর্ব্রহ্মাণমব্রবীৎ।
সমং গিরিজয়াতেন হুতাশস্ত্রিঃপ্রদক্ষিণং।
কৃতোলাজাশ্চহবিষা সমং ক্ষিপ্তা হুতাশনে।
ততোহরাংঘ্রিনালিন্যাগৃহীতা দায় কারণাৎ।

অনুবাদ।

শৈলসুতার সহিত মধুপর্ক গ্রহণ করিলেন। অনন্তর প্রজ্বলিত হুতাশনে লাজা নিক্ষেপ করিয়া বৈবাহিক কার্য্য সমাপন করিলে গিরিতনয়া কালীকে ব্রহ্মা বলিলেন। হে কালি! তোমার স্বামির চন্দ্রানন দর্শন কর এবং স্থির হইয়া উভয়ে পরস্পারের মুখাবলোকন করিয়া অগ্নি প্রদক্ষিণ কর। অনন্তর অম্বিকা শঙ্করের বদন অবলোকন করিয়া প্রচণ্ড রশ্মির তীক্ষ্ণ কিরণজালে সন্তপ্তা পৃথিবী বৃষ্টিপাতে যাদৃশ পরিতৃপ্ত হয় তাদৃশ সন্তোষ লাভ করিলেন। পুনর্ব্বার ব্রহ্মা বলিলেন তুমি পুনর্ব্বার স্বামী মুখারবিন্দ অবলোকন কর। গিরিজা কালী লজ্জার সহিত শঙ্করের বক্ত্র অবলোকনপূর্ব্বক অতি নম্রভাবে ব্রহ্মাকে বলিলেন। তৎপরে শঙ্কর গিরিজা গৌরীর সহিত তিনবার অগ্নি প্রদক্ষিণ করতঃ উভয়ে লাজা প্রজ্বলিত হুতাশনে নিক্ষেপ পূর্ব্বক কর্ম্ম সমাপন করিলেন। অনন্তর মালিনী স্বীয় মনোরথ সিদ্ধির জন্য শঙ্করের চরণ ধারণ করিয়া প্রার্থনা করিল। আশুতোষ তাহাকে বলিলেন তুমি কি প্রার্থনা করিতেছ বল, আমি তোমাকে বর প্রদান করিব।

কিংযাচসি দদাম্যেষমুঞ্চস্বেতিহরোব্রবীৎ।
মালিনীশঙ্করং প্রাহ মৎসখ্যাদেহি শঙ্কর।
সৌভাগ্যং নিজগোত্রীয়ং ততোমোক্ষমবাপ্স্যসি।
অথোবাচ মহাদেবোদত্তং মালিনিমুঞ্চ মাং।
সৌভাগ্যং নিজগোত্রীয়ং যোস্যাং তং শৃণু দদ্মি তে।
যোসৌপীতাম্বরঃ শঙ্খচক্রধৃঙ্মধুসূদনঃ।
এতদীযো হিসৌভাগ্যোদত্তো ইস্মদ্যোত্র মেবহি।
ইত্যেবমুক্তেবচনে প্রচ্ছতে বৃষভধ্বজং।
মালিনী নিজগোত্রস্য শুভকারণশালিনী।
যদা হরো হি মালিন্যাগৃহীতশ্চরণেশুভে।
তদাকালী মুখংব্রহ্মা দদর্শশশিনোধিকং।
তদ্দৃষ্টাক্ষোভ মগমচ্চ ক্রচ্যুতিমবাপচ।

অনুবাদ।

তুমি আমার চরণ পরিত্যাগ কর। তাহাতে মালিনী শঙ্করকে বলিল, তুমি আমার সখিকে এবং আমার বংশসম্ভূত সকলকে সৌভাগ্য প্রদান কর তবে তোমার চরণ ত্যাগ করিব। তৎপরে শঙ্কর মালিনীকে বলিলেন মালিনী তুমি আমার চরণ ত্যাগ কর আমি তোমার অভীষ্ট বর প্রদান করিব। তোমার বংশ সম্ভূত তাহাদিগের সৌভাগ্য এবং তোমার যে সখি তাহাকেও সৌভাগ্য দিলাম। এবং শঙ্খচক্র পীতাম্বরধারী মধুসূদন তোমার গোত্রসম্ভূত সকলকে সৌভাগ্য প্রদান করিবেন। এই কথা বলিতে বলিতে মালিনী নিজ গোত্রের শুভাকাঙ্ক্ষী হইয়া শঙ্করকে যে সময়ে জিজ্ঞাসা করিলেন। যে সময়ে মালিনী শঙ্করের চরণ ধারণ করিয়াছিল সেই সময়ে পিতামহ চন্দ্র হইতে স্নিগ্ধ কিরণ যুক্ত কালীর চন্দ্রানন অবলোকন করিলেন। কালীর চন্দ্রানন অবলোকন করিয়া পিতামহের চিত্তে বিকার জন্মাইল তাহাতে পিতামহের

তচ্ছুক্রং বালুকায়াঞ্চ ঘনীচক্রে সসাধ্বসঃ।
ততোব্রবীৎহরোব্রহ্মন্নদ্বিজান্হন্তুমর্হসি।
অমীমহর্ষয়ো ধন্যা বালিখিল্যাঃ পিতামহ।
ততোমহেশবাক্যান্তে সমুত্তস্থুস্তপস্বিনঃ।
অষ্টাশীতি সহস্রাণি বালিখিল্যাইতিস্মৃতাঃ।
ততোবিবাহেনিবৃত্তে প্রবিষ্টঃ কৌতুকং হরঃ।
রেমেসহোময়ারাত্রিং প্রভাতেপুনরুত্থিতঃ।
ততোদ্রি পুত্রীং সমবাপ্য শম্ভুঃ সুরৈঃ সমংভূতগণৈশ্চ হৃষ্টঃ।
সংপূজিতঃ পর্ব্বতপার্থিবেন স্বমন্দিরং শীঘ্রমুপাজগাম।
ততঃ সুরান্ব্রহ্মহরীন্দ্রমুখ্যান্ প্রণম্য সংপূজ্য যথাবিহারং।
বিসর্জ্জ্য ভূতৈঃ সহিতং মহীধ্র মধ্যাবসন্মন্দরমষ্ট মূর্ত্তিঃ।

ইতি বামনপুরাণে উমাবিবাহ।

অনুবাদ।

বালুকামধ্যে শুক্র পতিত হইয়া বালখিল্য ঋষিগণের জন্ম হইল। তখন শঙ্কর ব্রহ্মাকে বলিলেন এই ব্রাহ্মণগণকে বিনাশ করিও না। হে পিতামহ! এই বালিখিল্য তাপসগণ ধন্য। তৎপরে শঙ্করের বাক্য শেষ হইলে বালুকা হইতে অষ্টাশীতি সহস্র বালিখিল্য তাপসগণ উত্থিত হইলেন। অনন্তর বৈবাহিক কর্ম্ম সমাপন হইলে শঙ্কর কৌতুক গৃহে প্রবেশ করিয়া পার্ব্বতীর সহিত পরমানন্দে শর্ব্বরী যাপন করতঃ প্রভাতে উত্থিত হইলেন এবং তৎপরে ত্রিলোকনাথ শম্ভু শৈলনন্দিনীকে লইয়া দেবগণও ভূতগণের সহিত ভূধরগণ দ্বারা পূজিত হইয়া হৃষ্টচিত্তে অনতিবিলম্বে স্বীয় ভবনে গমন করিলেন। ব্রহ্মা বিষ্ণু ইন্দ্রপ্রভৃতি দেবগণ শঙ্করকে পূজা করিয়া বিদায় হইলে পর ভূতগণকে বিদায় দিয়া মন্দরপর্ব্বতের মধ্যভাগে শৈলসুতার সহিত বাস করিলেন।

ইতি বামনপুরাণে চতুর্ব্বিংশতিতমোধ্যায়।

ষড়্বিংশতিঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততোগিরৌ বসন্ রুদ্রঃ স্বেচ্ছয়াবিচরন্মুনে।
বিশ্বকর্ম্মাণ মাহূয় প্রোবাচ কুরু মদ্গৃহং।
তত শ্চকার শর্ব্বস্য গৃহং স্বস্তিকলক্ষণং।
যোজনানি চতুঃষষ্টিঃ প্রমাণেন হিরণ্ময়ং।
দণ্ডতোরণনির্ব্যূহং মুক্তাজালান্তরং শুভং।
শুদ্ধস্ফটিকসোপানং বৈদূর্য্যমণি রূপকং।
সপ্তকক্ষং সুবিস্তীর্ণং সর্ব্বৈঃ সমুদিতং গুণৈঃ।
ততো দেবপতি শ্চক্রে যজ্ঞং গার্হস্থ্যলক্ষণং।
তং পূর্ব্বরচিতং মার্গমনুযাতিস্ম শঙ্করঃ।
তত্রোষতস্ত্রিনেত্রস্য মহৎকালোভ্যগা ন্মুনে।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। ভূতপতি শঙ্কর পার্ব্বতীর সহিত মন্দর-পর্ব্বতে কিছুকাল অবস্থিতি করিয়া এক দিবস পর্ব্বতপ্রান্তে পর্য্যটন-করতঃ বিশ্বকর্ম্মাকে স্মরণ করিয়া বলিলেন তুমি আমার নিমিত্ত গৃহ নির্ম্মাণ কর। বিশ্বকর্ম্মা শঙ্করের অনুমতি গ্রহণপূর্ব্বক চতুঃষষ্ঠিযোজন পরিমিত সর্ব্বসুলক্ষণসম্পন্ন সুবর্ণময় গৃহ প্রস্তুত করিলেন। মুক্তা-জাল মণ্ডিত দণ্ডতোরণ এবং শুদ্ধস্ফটিক নির্ম্মিত বৈদূর্য্যমণি খচিত সোপান সকল সর্ব্ব গুণসম্পন্ন সুবিস্তীর্ণ সপ্তকক্ষ গৃহপ্রস্তুত করিলে শঙ্কর তাহাতে গার্হস্থ্যধর্ম্ম অবলম্বন করিলেন। তখন শঙ্করের পূর্ব্বা-চরিত কার্য্য সকল স্মৃতিপথারূঢ় হইল। তৎপরে তথায় কিছুকাল অবস্থিতি করিলে যে একটি সময় উপস্থিত হইল তাহাতে ধর্ম্ম সংর-ক্ষণকারী জগৎপিতা ভগবান্ শঙ্কর তথায় পার্ব্বতীর সহিত ক্রীড়া আরম্ভ করিলেন। পরমানন্দে পরস্পর ক্রীড়া করিতে করিতে

রমতে সহপার্ব্বত্যা ধর্ম্মাপেক্ষী জগৎপতিঃ।
তথা তপস্যে ন যথা ভবান্ কালীতি বক্ষ্যতি।
ইত্যেবমুক্ত্বা গিরিজা প্রণম্য চ মহেশ্বরং।
অনুজ্ঞাতা ত্রিনেত্রেণ দিবমেবোৎপপাত হ।
সমুৎপাদ্যত বেগেন হিমাদ্রি শিখরং শিরং।
টঙ্কাচ্ছিন্নং প্রযত্নেন বিধাত্রা নির্ম্মিতং যথা।
ততোঽবতীর্য্য সস্মার জয়াঞ্চ বিজয়াস্তথা।
জয়ন্তীঞ্চ মহাপুণ্যাং চতুর্থীমপরাজিতাং।
তাঃ সংস্মৃতাঃ সমাজগ্মুঃ কালীং দ্রষ্টুং হি দেবতাঃ।
অনুজ্ঞাতাস্তথা দেব্যাঃ শুশ্রূষাঞ্চক্রিরে শুভাঃ।
অতস্তপসি পার্ব্বত্যাং স্থিতায়াং হিমবদ্বনাৎ।
সমাজগামতং দেশং ব্যাঘ্রো দংষ্ট্রী নখায়ুধঃ।

অনুবাদ।

পার্ব্বতী শঙ্করকে বলিলেন। হে দেবেশ! আমি তপস্যা করিতে গমন করিব। আমি এরূপ কঠোর তপস্যা করিব যে আপনি আমাকে কখনই কালী বলিবেন না। গিরিজা শঙ্করী এই কথার পর শঙ্করকে নমস্কার করিয়া অনুজ্ঞা গ্রহণপূর্ব্বক বিমানমার্গে উত্থিত হইয়া বেগে হিমাদ্রি শিখরের শিরোভাগে যেস্থান বিধাতা অতি যত্নসহকারে নির্ম্মাণ করিয়াছেন তথায় উপস্থিত হইলেন। হিমাদ্রিশিখরে উপবেশন পূর্ব্বক জয়া বিজয়া জয়ন্তী মহাপুণ্যা অপরাজিতা সঙ্গিনীগণকে স্মরণ করিয়া বলিলেন আমাকে শুশ্রূষা কর। তখন দেবগণ কালীর দর্শনাভিলাষে সেই স্থানে উপস্থিত হইলেন। অনন্তর হিমাদ্রি শিখরদেশে পার্ব্বতী এক পদে দণ্ডায়মানা হইয়া অতি কঠোর তপস্যা করিতেছেন এই সময়ে অতি ভয়ঙ্কর নখায়ুধ বিশিষ্ট এক ব্যাঘ্র একপদে স্থিতা কালীকে অবলোকন

একপাদস্থিতায়াস্তু দেব্যাং ব্যাঘ্রস্ত্বচিন্তয়ৎ।
যদা পতিষ্যতেচেয়ং তদা ভক্ষ্যামি বিগ্রহং।
ইত্যেবং চিন্তয়ন্নেব দত্তদৃষ্টির্মৃগাধিপঃ।
পশ্যমানস্তু বদন মেকদৃষ্টি রজায়ত।
ততো বর্ষশতং দেবী তত্রৈব ব্রহ্মণঃ পদং।
তপো তস্যত্ততোভ্যাগাদ্রুদ্রস্ত্রিভুবনেশ্বরঃ।
পিতামহ স্তথোবাচ দেবীং প্রীতোস্মি শাশ্বতে।
তপসা ধূতপাপাসি বরং বৃণু যথেপ্সিতং।
অথোবাচ বচঃ কালী ব্যাঘ্রস্য কমলোদ্ভব।
বরদোভব তেনাহং যাস্যেপ্রীতি মনুত্তমাং।
ততঃ প্রদাদ্বরং ব্রহ্মা ব্যাঘ্রস্যাদ্ভুতকর্ম্মণঃ।

অনুবাদ।

করিয়া চিন্তা করিতে লাগিল। যে সময়ে এই দেহ পতিত হইবে তখন আমি ভক্ষণ করিব। এইরূপ চিন্তা করতঃ কালীর প্রতি দৃষ্টিপাত করিতে লাগিল। ক্রমশঃ প্রত্যাশার প্রতি নির্ভর করিয়া বারম্বার দৃষ্টিপাত করিতে করিতে ব্যাঘ্রের স্থির দৃষ্টি হইল পরে ক্রমশঃ এইরূপে শতবর্ষ অতীত হইল। কালীর কঠোর তপস্যায় শতবর্ষ অতিত হইলে ত্রিলোকপতি শঙ্কর এবং ব্রহ্মা সেই স্থানে উপস্থিত হইলেন। অনন্তর ব্রহ্মা কালীকে বলিলেন, দেবি! আমি তোমার প্রতি সন্তোষ হইয়াছি তপস্যায় তোমার দেহ নিষ্পাপ হইয়াছে এক্ষণে ইচ্ছামত বর গ্রহণ কর। তখন কালী ব্রহ্মাকে বলিলেন, হে কমলোদ্ভব! যদি তুমি বরদান করিতে ইচ্ছা করিয়া থাক তবে এই ব্যাঘ্রকে বরদান কর তাহাতে আমি সাতিশয় প্রীতিলাভ করিব। কালী এইরূপ ব্রহ্মাকে বলিলে ব্রহ্মা ব্যাঘ্রকে বলিলেন। তোমার গাণপত্য ধর্ম্ম, বিভুতে ভক্তি এবং তুমি অজেয়,

গাণপত্যং বিভৌভক্তি মজেয়ত্বঞ্চ ধর্ম্মতাং।
বরং ব্যাঘ্রায়দত্ত্বৈবং শিবকান্তা মথোব্রবীৎ।
বৃণুস্ব বরমব্যগ্র্যং বরং দাস্যে তবাম্বিকে।
ততো বরং গিরিসুতা প্রাহ্‌দেবী পিতামহং।
বরঃ প্রদীয়তাং মহ্যং বর্ণং কনকসন্নিভং।
তথেত্যুক্ত্বা গতো ব্রহ্মা পার্ব্বতী চাভবত্ততঃ।
কোশং কৃষ্ণং পরিত্যজ্য পদ্মকিঞ্জল্কসন্নিভা।
তস্মাৎকোশাচ্চ সংজাতা ভূয়ঃ কাত্যায়নী মুনে।
তামভ্যেত্যসহস্রাক্ষঃ প্রতিজগ্রাহ্‌দাক্ষিণাং।
প্রোবাচ গিরিজাং দেবো বাক্যং স্বার্থায় বাসবঃ।

ইন্দ্রউবাচ।

ইয়ং প্রদীয়তাং মহ্যং ভগিনীমেস্ত কৌশিকী।

অনুবাদ।

হইবে। ব্রহ্মা ব্যাঘ্রকে বরপ্রদান করিয়া কালীকে বলিলেন। হে অম্বিকে! তুমি বর গ্রহণ কর। আমি তোমার অভিলষিত বর প্রদান করিব। শৈলসুতা কালী ব্রহ্মাকে বলিলেন, যদি আমাকে বরদান করিতে অভিলাষ করিয়া থাকেন তবে এই বর প্রদান কর। আমার কৃষ্ণবর্ণ কলেবর গিয়া সুবর্ণ সদৃশ বর্ণ হউক। জগৎস্রষ্টা ব্রহ্মা তথাস্তু বলিয়া সেই স্থান হইতে গমন করিলেন। কালী কৃষ্ণবর্ণ কলেবর পরিত্যাগ পূর্ব্বক পদ্মকেশরের ন্যায় মনোহর কলেবর ধারণ করিলেন। তখন কালীর কৃষ্ণদেহ হইতে কাত্যায়নী দেবী বহির্গতা হইলেন। সুরপতি ইন্দ্র সেই স্থানে গমন করিয়া দেবীকে বলিলেন তোমার শরীর হইতে যে কৌশিকী কাত্যায়নী দেবী বহির্গতা হইয়াছেন ঐ দেবী আমাকে প্রদান কর। পুনর্ব্বার ইন্দ্র বলিলেন। এই কৌশিকী আমার ভগিনী

ত্বৎকোশসম্ভবা চেয়ং কৌশিকী কৌশিকোহপ্যহং।
তাং প্রদাদিতি সংশ্রুত্য কৌশিকীরূপসংযুতাং।
সহস্রাক্ষোহপি তাং গৃহ্য বিন্ধ্যং বেগাজ্জগাম হ।
তত্রগত্ব। ত্বথোবাচ তিষ্ঠ স্বাত্র মহাচলে।
পূজ্যমানা সুরৈর্নাম্না প্রখ্যাতা বিন্ধ্যবাসিনী।
তত্রস্থাপ্য হরির্দ্দেবীং দত্বাসিংহঞ্চবাহনং।
ভবামরারিহন্ত্রীতি প্রোক্ত্বাস্বর্গমুপাগমৎ।
উমাপিতং বরং লব্ধা মন্দরে পুনরেত্যচ।
প্রণম্য চ মহেশানং স্থিতা সবিনয়ং মুনে।
ততোহমরগুরুঃ শ্রীমান্ পার্ব্বত্যাসহিতঃ প্রভুঃ।
তস্থৌ বর্ষসহস্রংহি মহামোহনকে মুনে।
মহামোহে স্থিতে রুদ্রে ভুবনা শ্চেলুরুদ্ধতাঃ।

অনুবাদ।

আমাকে প্রদান করুন্। তোমার শরীর কোষ হইতে বহির্গতা হইয়াছেন এজন্য এই কাত্যায়নী দেবীর নাম আমি কৌশিকী রাখিলাম। দেবরাজ ইন্দ্র কৃষ্ণবর্ণা দেবীকে লইয়া বিন্ধ্যাচল পর্ব্বতে গমন করিলেন সেই পর্ব্বতে ইন্দ্র কৌশিকীকে বলিলেন তুমি এই পর্ব্বতে অবস্থিতি কর। দেবগণ তোমাকে বিন্ধ্যাবাসিনী নামে পূজা করিবেন। দেবরাজ ইন্দ্র দেবীকে সেই মহাশৈলে রাখিয়া সিংহবাহন প্রদানপূর্ব্বক বলিলেন, তুমি দেবগণের শত্রু বিনাশ করিবে বলিয়া অমরালয়ে গমন করিলেন। গৌরী পিতামহের নিকট বরলাভ করিয়া মন্দর পর্ব্বতে গমন পূর্ব্বক শঙ্করকে নম্রভাবে নমস্কার করতঃ অবস্থিতি করিলেন। অনন্তর অমর গুরু শ্রীকণ্ঠ পার্ব্বতীর সহিত মহামোহনকে পরমানন্দে সহস্র বৎসর অতিবাহিত করিলে পর চতুর্দ্দশ ভুবন ঊর্দ্ধতভাবে গমন করিতে লাগিল।

চুক্ষুভুঃ সাগরাঃ সপ্তদেবাশ্চ ভয়মাগমন্।
ততঃ সুরাঃ সহস্রেণ ব্রহ্মণঃ সদনঙ্গতাঃ।
প্রণম্যোচু র্মহেশানং জগৎ ক্ষুব্ধন্তু কিস্থিদং।
তানুবাচ ততো নূনং মহামোহনকে স্থিতঃ।
তেনাক্রান্তাস্ত্রমীলোকা জগ্মুঃ ক্ষোভং সুরত্রয়ং।
ইত্যুক্ত্বা চাভবত্তূষ্ণীন্তভোপ্যূচুঃ সুরাহরিং।
আগচ্ছ শক্র গচ্ছামো যাবত্তং ন সমাপ্যতে।
সমাপ্তেমোহনে বালো যঃ সমুৎপৎস্যতেব্যয়ঃ।
স নূনং দেবরাজস্য পদমৈন্দ্রং হরিষ্যতি।
ততোহমরাণাং বচনাদ্বিবেকো বলঘাতিনাং।
ভয়াৎ জ্ঞানন্ততো নষ্টং ভাবিকর্ম্ম প্রচোদনাৎ।

অনুবাদ।

সপ্তসমুদ্র ক্ষুব্ধ হইল দেবগণ ভীত হইয়া মন্ত্রণা করিতে লাগিল। দেবগণ দেবরাজের সহিত প্রজাপতির সদনে গমন করিলেন, এবং ব্রহ্মাকে প্রণাম করতঃ বিনয় নম্রভাবে বলিলেন শঙ্কর এই জগতকে মুগ্ধ করিয়াছেন একি, প্রজাপতি দেবগণকে বলিলেন তবে কি শঙ্কর মহামৈথুনে রত হইয়াছেন ত্রিলোক এই জন্য এতাদৃশ ক্ষুব্ধ হইয়াছে। ব্রহ্মার কথা শেষ হইলে দেবগণ ইন্দ্রকে বলিলেন আইস আমরা শঙ্করের মহামৈথুন সমাপন না হইতে সেস্থানে গমন করি, কারণ মৈথুন সমাপন হইলে তাহাতে যে সন্তান সম্ভূত হইবে সেই বালক নিশ্চয় ইন্দ্রের পদ গ্রহণ করিবে দেবগণের এবম্বিধ বিস্ময়জনক বাক্য শ্রবণে দেবরাজের অতিশয় বিবেক ও জ্ঞানের বৈলক্ষণ্য হইল, তখন দেবরাজ ভাবিকার্য্যের চিন্তায় মগ্ন হইলেন। কিছুকাল চিন্তা করতঃ ইন্দ্র

ততঃ শক্রসুরৈঃ সার্দ্ধং বহ্নিনাচ সহস্রদৃক্।
জগাম মন্দর গিরিং তচ্ছ্রুত্বা নিপতন্নিব।
অশক্তাঃ সর্ব্ব এবৈতে প্রবেষ্টুং তত্তবাজিরং।
সঞ্চিন্তয়িত্বা সুচিরং পাবকং তে ব্যসর্জ্জয়ন্।
সচাভ্যেত্য সুরশ্রেষ্ঠো দৃষ্ট্বা দ্বারেচ নন্দিনং।
দুষ্প্রবেশং চিরং মত্বা চিন্তাং বহ্নিঃ পরাঙ্গতঃ।
সতু চিন্তান্তরে মগ্নো অপশ্যচ্ছুভলক্ষণঃ।
নিষ্ক্রামন্তীং মহাপংক্তিং হংসানাং বিমলাম্ভসা।
অসাধুপায় ইত্যুক্ত্বা হংসরূপোবিভাবসুঃ।
বঞ্চয়িত্বা প্রতীহারং প্রবিবেশ হরাজিরং।
প্রবিশ্য সূক্ষ্মমূর্ত্তিশ্চ শিরোদেশে কপর্দ্দিনঃ।
প্রাহ প্রহস্যগম্ভীরং দেবা দ্বারিস্থিতা ইতি।

অনুবাদ।

দেবগণ ও হুতাশনের সহিত মন্দর পর্ব্বতে গমন করিলেন। সেই পর্ব্বতে শঙ্করের দ্বারে কাহার প্রবেশ করিবার অনুমতি নাই শ্রবণ মাত্রে সাতিশয় কাতর হইলেন। দেবগণ বহুকাল চিন্তা করিয়া হুতাশনকে আহ্বান করিলেন। দেবতাগ্রগণ্য পাবক কিঞ্চিৎ অগ্রসর হইয়া দ্বারে নন্দী দণ্ডায়মান অবলোকন পূর্ব্বক চিন্তা করিলেন এই দ্বার প্রবেশ করিতে আমি কখনই শক্ত হইব না। হুতাশন এইরূপ চিন্তায় মগ্ন হইয়া দেখিলেন বিমানমার্গে অতি রমণীয় শোভমান হংসপংক্তি গমন করিতেছে, তখন এ উপায় ভাল নহে বিবেচনা পূর্ব্বক অতি ক্ষুদ্র হংসরূপ ধারণ করতঃ শঙ্করের দ্বার প্রবেশ করিয়া শঙ্করের শিরোভাগে উপবেশন পূর্ব্বক উচ্চ হাস্য করিয়া কহিলেন, দেবগণ সকলে দ্বারে দণ্ডায়মান। এই

স শ্রুত্বা সহসোত্থায় পরিত্যজ্য গিরেঃ সুতাং।
বিনিষ্ক্রান্তোজিরাচ্ছর্ব্বো বহ্নিনাসহ নারদ।
বিনিষ্ক্রান্তে সুরপতৌ দেবা মুদিতমানসাঃ।
শিরোভিরবনীং জগ্মুঃ সেন্দ্রার্কশশিপাবকাঃ।
ততঃ প্রীত্যাসুরানাহ বদধ্বং কার্য্যমাশু মে।
প্রণামাবনতানাং বো দাস্যেচ বরমুত্তমং।

দেবা উচুঃ।

যদি তুষ্টোসি দেবানাং বরং দাতুমিহেচ্ছসি।
তদিদংত্যজ্যতাং তাব মহামৈথুন মীশ্বর।

ঈশ্বরউবাচ।

এবমস্তুবত্তু সংত্যক্তো ময়াভাবো সুরোত্তমাঃ।
মমেদং তেজ উদ্রিক্তং কশ্চিদেবপ্রতীচ্ছতু।

অনুবাদ।

কথা শ্রবণমাত্রে শঙ্কর শৈলসুতাকে পরিত্যাগ পূর্ব্বক তৎক্ষণাৎ গাত্রোত্থান করতঃ হুতাশনের সহিত বহির্গত হইলেন। শঙ্কর বহির্গত হইলে চন্দ্র সূর্য্য পুরন্দর এবং অনল প্রভৃতি দেবগণ সকলে সহর্ষে নম্রভাবে নমস্কার পূর্ব্বক সম্মুখে দণ্ডায়মান হইলেন। পরে আশুতোষ দেবগণকে বলিলেন এক্ষণে কোন কার্য্য উপস্থিত হইয়াছে শীঘ্র বল। আমি তোমাদিগকে অভীষ্ট বর প্রদান করিব। দেবগণ বলিলেন, যদি আপনি দেবগণের প্রতি সন্তোষ হইয়া বর প্রদান করিতে ইচ্ছা করিয়া থাকেন, তবে হে জগদীশ্বর! আপনি মহামৈথুন পরিত্যাগ করুন্। শঙ্কর বলিলেন, হে দেবগণ! আমার সেই ভাব জন্মিয়াছে আমি এক্ষণে মহামৈথুন পরিত্যাগ করিলাম কিন্তু আমার দেহ হইতে তেজ নির্গত হয় নাই কোন দেবতা সেই তেজ গ্রহণ কর। শঙ্করের এবম্বিধ বাক্য

ইত্যুক্তাঃ শম্ভুনাদেবাঃ সেন্দ্রচন্দ্রদিবাকরাঃ।
অসীদন্ত যথানগ্নাঃ পঙ্কে বৃদ্ধবকা ইব।
বদৎস্থ দৈবতেষ্বেব হুতাশোভেত্য শঙ্করং।
প্রোবাচ মুঞ্চ তেজস্ত্বং প্রতীচ্ছাম্যেষ শঙ্কর।
ততো মুমোচ ভগবাং স্তদ্রেতঃ স্কন্দমেবচ।
জলং বৃষং তথা তোয়ং তেনপানং পিপাসিতঃ।
ততঃ পীতে তেজসি বৈ শার্ব্ব দেবেন বহ্নিনা।
সুস্থাঃ সুরাঃ সমামন্ত্র্য হরং জগ্মুস্ত্রিপিষ্টপং।
সম্প্রয়াতেষু দেবেষু হরোঽপি নিজমন্দিরং।
সমভ্যেত্য মহাদেবীমিদং বচন মব্রবীৎ।
দেবী দেবৈরিহাভ্যেত্য যত্নাৎপ্রেষ্যহুতাশনং।

অনুবাদ।

শ্রবণমাত্রে চন্দ্র সূর্য্য পুরন্দর প্রভৃতি দেবগণ বৃদ্ধবক পঙ্কে পতিত হইলে যাদৃশ চিন্তায় শীর্ণ হয় তাদৃশ চিন্তা মগ্ন হইলেন। তখন দেবগণকে বিষণ্ণ দেখিয়া হুতাশন অগ্রসর হইয়া শঙ্করকে বলিলেন, হে ঈশ্বর! আপনি শুক্র পরিত্যাগ করুন্ আমি গ্রহণ করিব। অনন্তর ভগবান শঙ্করের তেজ নিগত হইলে হুতাশন গ্রহণ করিয়া রক্ষা করিতে অসমর্থ হইলেন এবং সেই তেজ জলমধ্যে নিক্ষেপ করিলেন ঐ তেজ হইতে সেনানী কার্ত্তিক জন্ম গ্রহণ করিলেন। তেজ জলে মিশ্রিত হইলে তৃষ্ণার্থ প্রাণিগণ ঐ জল পান করিতে লাগিল। শঙ্করের তেজ জলের সহিত প্রাণিগণ পান করিতেছে দেখিয়া দেবগণ হৃষ্টচিত্তে পরস্পর মন্ত্রণা করিতে দেবলোকে গমন করিলেন। দেবগণ অমর পুরীতে গমন করিলে শঙ্কর নিজ মন্দিরে গমন পূর্ব্বক শৈলসুতা দেবীকে সমস্ত বৃত্তান্ত কীর্ত্তন করিলেন। দেবি! দেবগণ যত্ন সহকারে এই স্থানে আগমন করিয়াছিলেন, আমি এই স্থানে

গীতঃ প্রোক্তা নিষিদ্ধস্তু পুত্রোৎপত্তৌতবোদরে ।
সাতদ্ভর্ত্তুঃ বচঃ শ্রুত্বা ক্রুদ্ধা রক্তান্ত লোচনা ।
শশাপ দৈবতান্ সর্ব্বান্ নষ্ট পুত্রোদ্ভবা শিবা ।
যস্মান্নেচ্ছন্তি তেদুষ্টা মমপুত্রমথৌরসং ।
তস্মান্নজনয়িষ্যন্তি স্বাসু যোষিৎসুপুত্রকান্ ।
এবং শপ্ত্বাসুরান্গৌরীশৌচশালামথাগমৎ ।
আহুয় মালিনীং স্নাতুং মতিঞ্চক্রে তপোধনাঃ ।
মালিনীং সুরভিংগৃহ্য শ্লক্ষমুদ্বর্ত্তনং শুভা ।
দেব্যঙ্গমুদ্বর্ত্তয়তে করাভ্যাং কনকপ্রভং ।
তামেব পার্ব্বতী নৈব মেনেকীদৃগপুনেনহি ।
মালিনী তূর্ণ মগমদগৃহং স্নানস্য কারণং ।

অনুবাদ ।

হুতাশনকে দেখিলাম এবং তোমার গর্ভে সন্তান জন্মাইতে তাঁহারা সকলে বিশেষ অনুরোধ পূর্ব্বক নিষেধ করিলেন । শঙ্করের এরূপ ক্লেশ জনক বাক্য শ্রবণমাত্রে দেবী ক্রোধ পূর্ব্বক রক্তান্তলোচনে দেবগণকে অভিসম্পাত করিলেন দেবগণ তোমরা আমাকে যেরূপ নষ্ট পুত্রা করিলে আমার গর্ভে ঔরস পুত্র জন্মাইতে যাদৃশ ব্যাঘাত দিলে তোমাদিগের পত্নীর গর্ভে কখনই তোমাদিগের সন্তান হইবে না দেবগণকে এই রূপ অভিসম্পাত প্রদান করিয়া শৌচালয়ে গমন করিলেন । সেই স্থানে দেবী মালিনীকে আহ্বান করতঃ স্নান করিতে অভিলাষ করিলেন । মালিনী তৎক্ষণাৎ সৌগন্ধ দ্রব্য এবং উদ্বর্ত্তন আনয়নপূর্ব্বক পার্ব্বতীর দেহে এবং হস্তে উদ্বর্ত্তন করিতে লাগিল । সেই মালিনীর এইরূপ সৎগুণে পার্ব্বতী সন্তুষ্টা ছিলেন । মালিনী তৎক্ষণাৎ স্নান করিবার জন্য গৃহে গমন করিল । মালিনী

তস্যাঙ্গতায়াং শৈলেয়ীমলাচ্চক্রে গজাননং।
চতুর্ভুজং পীনবক্ষঃ পুরুষং লক্ষণান্বিতং।
মম গাত্রভবং স্বেদং জলংভূতি সমন্বিতং।
কৃত্বোৎ সসর্জ্জ ভূম্যাঞ্চ স্থিতা ভদ্রাসনে পুনঃ।
মালিনী তচ্ছিরঃ স্নানং দদৌবিহসতীতদা।
ঈষদ্ধাস্যামুমা দৃষ্ট্বা মালিনীংপ্রাহ নারদ।
কিমর্থং ভীরু মনসাহসসিত্বমতীবহি।
মম গাত্রভবং স্বেদং জলং ভূতি সমন্বিতং।
সাথোবাচ হসন্ত্যেব ভবত্যাস্তনয়ঃ কিল।
ভবিষ্যতীতিদেবেনপ্রোক্তোনন্দীগণাধিপঃ।
তচ্ছ্রুত্বা মমহাসোয়ং সংজাতোদ্য কৃশোদরি।
তস্মাদ্দেবৈঃ পুত্রকামাচ্ছঙ্করোবিনিপাতিতঃ।
এতচ্ছ্রুত্বাবচোদেবী সস্নৌতত্রবিধানতঃ।

অনুবাদ।

গমন করিলে পর পার্ব্বতী গাত্র মলা হইতে গজাননকে সৃষ্টি করিলেন। পুরুষ লক্ষণাক্রান্ত চতুর্ভুজ পীনবক্ষঃ গণপতি জন্ম গ্রহণ করিলেন। তৎপরে গাত্র স্বেদ জল একত্র করিয়া ভদ্রাসনে ভূমিতলে নিক্ষেপ করিলেন অনন্তর মালিনী পার্ব্বতীকে স্নান করাইতে ঈষৎ হাস্য করিতে লাগিল। শঙ্করী ঈষৎ হাস্যযুক্ত মালিনীকে অবলোকন করিয়া জিজ্ঞাসা করিলেন। হে ভীরু! তুমি কি নিমিত্ত এরূপ হাস্য করিতেছ। মালিনী বলিল আমি এই কারণে হাস্য করিতেছি ভগবান শঙ্করের ঔরসে তোমার শিশু সন্তান হইবে গণাধিপ নন্দী বলিয়াছেন এই কথা শ্রবণপূর্ব্বক হাস্য করিয়াছিলাম এবং দেবগণ পুত্রাভিলাষী শঙ্করকে নিবারণ করিয়াছেন এই কথা শ্রবণ করিয়া অতিক্লেশ হইল বলিয়া মালিনী যথাবিধানে দেবীকে স্নান

স্নাত্বার্চ্চ্য শঙ্করং ভক্ত্যাসা সমাযাদ্ গৃহং প্রতি।
ততঃ শম্ভুঃ সমাগত্য তস্মিন্ ভদ্রাসনেত্বপি।
স্নাতস্তস্ততোধস্তাৎ স্থিতঃ সমল পুরুষঃ।
উমাস্বেদজলং ভূতিং প্রাপ্যজল সমন্বিতং।
তৎ সংস্পর্শাৎ সমুত্তস্থৌ সৎকৃত্য করমুত্তমং।
অভূত্তং হিবিদিত্বাচ প্রীতিমান্ ভুবনেশ্বরঃ।
তঙ্গাদায় হরোনন্দি মুবাচ ভগনেত্রহা।
রুদ্রঃ স্নাত্বার্চ্চ্য দেবাদীন্ বাগ্ভিরন্তি পিতৃনপি।
জপ্ত্বা সহস্রনামান মুমাপার্শ্বমুপাগতঃ।
সমেত্যদেবীং বিহসন্ শঙ্করঃ শূলভৃদ্বচঃ।
প্রাহপশ্যস্ব শৈলেয়ি স্বসুতং গুণসংযুতং।
ইত্যুক্ত্বাপর্ব্বত সুতাসমেত্য দদৃশেদ্ভুতং।

অনুবাদ।

করাইল এবং স্নানানন্তর শঙ্করকে পূজা করিয়া গৃহে গমন করিলেন। পার্ব্বতী যেস্থানে উপবেশন পূর্ব্বক স্নান করিয়াছিলেন শঙ্কর ঐ ভদ্রাসনে উপবেশন করিয়া দেখিলেন সেই ভদ্রাসনের নিম্নভাগে পার্ব্বতীর স্বেদজল একত্র হইয়া তাহার সংসর্গে স্বর্ণ বর্ণ এক পুরুষ উত্থিত হইয়াছে। শঙ্কর এইরূপ অবলোকন করিয়া সাতিশয় সন্তোষ লাভ করিলেন। অনন্তর শঙ্কর সেই পুরুষকে গ্রহণ করতঃ নন্দীকে বলিলেন। পরে শঙ্কর স্নানানন্তর দেবগণ ও পিতৃগণকে পূজা ও স্তব সহস্র নাম জপ করিয়া পার্ব্বতীর পার্শ্বদেশে সমুপস্থিত হইয়া হাস্যপূর্ব্বক দেবীকে বলিলেন। শৈলনন্দিনি তুমি এই বালককে অবলোকন কর সদ্গুণসম্পন্ন তোমার সন্তান এই কথা বলিলে দেবী তথায় গমন করিয়া আশ্চর্য্য দর্শন করিলেন শঙ্কর বলিলেন তোমার দেহমলা হইতে গজমুখাকৃতি এই বালক

যস্মাদঙ্গ মলাদ্দিব্যং কৃতং গজমুখং নরং।
ততঃ প্রীতাগিরিসুতা তং পুত্রং পরিষ্বজে।
মূর্দ্ধ্নিচৈবমুপাজিঘ্রত্ততঃ শর্ব্বোব্রবী দুমাং।
নায়কেন বিনা দেবিতব ভূতোপি পুত্রকঃ।
যস্মাজ্জাত স্ততোনাম্না ভবিষ্যতি বিনায়কঃ।
এষবিঘ্ন সহস্রাণি সুরাদীণাং হরিষ্যতি।
পূজয়িষ্যন্তি চৈবাস্য লোকাদেবি চরাচরাঃ।
ইত্যেব মুক্ত্বাদেবৈস্ত দত্তবাং স্তনয়ায়হি।
সহায়ং ব্রাহ্মণ শ্রেষ্ঠনামাখ্যাতং ভবিষ্যতি।
তথা মাতৃগণাঘোরা ভূতাবিঘ্নকরাশ্চ যে।
তে সর্ব্বে পরমেশেন দেব্যাপ্রীত্যোপপাদিতাঃ।
দেবী চ স্বসুতং দৃষ্ট্বা পরমাং মুদনাপচ।
রেমেচ শম্ভুনাসার্দ্ধং মন্দরে চারুকন্দরে।

অনুবাদ।

জন্ম গ্রহণ করিয়াছেন পরে গিরিকন্যা সেই বালককে ক্রোড়ে লইয়া আলিঙ্গন পূর্ব্বক মস্তক ঘ্রাণ করিলেন শঙ্কর পার্ব্বতীকে বলিলেন। হে পার্ব্বতি! নায়ক ব্যতীত তোমার এই পুত্র জন্ম গ্রহণ করিয়াছ এজন্য তোমার এই পুত্রের নাম বিনায়ক হইল। এই সন্তান দেবগণের সহস্র বিঘ্ন বিনাশন করিব। এই চরাচর সকলে বিনায়ককে পূজা করিবেক। শঙ্কর বিনায়ককে এবম্বিধ বর প্রদান করিয়া বলিলেন হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! তোমার একটি নাম সহায় হইবে। পরে মাতৃগণ ভূতগণ বিঘ্নকরগণ সকলে দেবীর ও শঙ্করের প্রীতির জন্য গণনায়ককে আশ্রয় করিল, পার্ব্বতী সন্তানকে অবলোকন করিয়া সাতিশয় আনন্দানুভব করিলেন। পরে তথা হইতে মন্দর পর্ব্বতে শঙ্করের সহিতক্রীড়ায় সুখানুভব করিতে

এবং ভূয়োভব দেবী ইয়ং কাত্যায়নী বিভো ।
আজঘান মহাদৈত্যৌ পুরাশুম্ভ নিশুম্ভকৌ ।
এতত্তবোক্তং বচনং শুভাখ্যং যথোদ্ভবং পর্ব্বততোমৃড়ান্যাঃ ।
স্বর্গ্যং যশস্যঞ্চ ততোপহারিমাখ্যানমূর্জ্জস্বলগদ্রিপুত্র্যাঃ ॥
ইতি বামন পুরাণে উমাসম্ভবেরৈবত প্রাদুর্ভাবে
বিধির্নাম পঞ্চবিংশতিতমোঽধ্যায় ।

অনুবাদ ।

লাগিলেন এইরূপ বারম্বার কাত্যায়ণী দেবী জন্ম গ্রহণ করিয়া ভয়ানক শুম্ভ ও নিশুম্ভ দানবকে বিনাশ করিয়াছিলেন এই প্রকার মঙ্গলজনক হিমাদ্রি তনয়ার জন্মবৃত্তান্ত তোমাকে বলিলাম । দেবীর এই আখ্যান শ্রবণ করিয়া স্বর্গ যশঃ এবং প্রশংসা ভাজন হয় ।

ইতি বামনপুরাণে পঞ্চবিংশতিতম অধ্যায় সমাপ্ত ।

ষড়্‌বিংশতিতমোঽধ্যায়ঃ।

পুলস্ত্যউবাচ।

কশ্যপস্যদনুর্নাম ভার্য্যাসীদ্দ্বিজসত্তম।
তস্য পুত্রত্রয়শ্চাসীৎ সহস্রাক্ষাদ্বলাধিকং।
জ্যেষ্ঠঃ শুম্ভ ইতিখ্যাতো নিশুম্ভশ্চাপরোসুরঃ।
তৃতীয়ো নমুচির্নাম মহাবল সমন্বিতঃ।
যোঽসৌনমুচিরিত্যেব খ্যাতো দনুসুতোঽসুরঃ।
তং হন্তমিচ্ছতি হরিঃ প্রগৃহ্য কুলিশংকরে।
ত্রিদিবেশং সমায়ন্তং নমুচিস্তদ্ভয়াদথ।
প্রবিবেশ রথং ভানোস্ততো নাশক্নদচ্যুতঃ।
শক্রস্তেনাথ সময়ং চক্রেসহ মহাত্মনা।
অবধ্যত্ব স্তথাপ্রাদাচ্ছস্ত্রৈরস্ত্রৈশ্চ নারদ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন হে তাপসগণ! পূর্ব্ব বৃত্তান্ত শ্রবণ কর। কশ্যপ নামে যে ঋষি ছিলেন তাহার দনুনাম্নী ভার্য্যা ছিল। ঐ ভার্য্যাতে ইন্দ্র হইতে বলবান পুত্রত্রয় জন্মে। তন্মধ্যে জ্যেষ্ঠ শুম্ভ এবং নিশুম্ভ কনিষ্ঠ। তৎপরে যে তৃতীয় পুত্র জন্মে সে অতি মহাবল পরাক্রান্ত তাহার নাম নমুচি। নমুচির দৌরাত্ম্যে ভীত হইয়া দেবগণ সকলে ইন্দ্রের ভবনে উপস্থিত হইল এবং আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্তই দেবরাজের নিকট আবেদন করিল ইন্দ্র দেবগণের কাতরোক্তি শ্রবণে সাতিশয় ক্রুদ্ধ হইয়া দানবকে বিনাশ করিবার জন্য করে কুলিশ ধারণ করিলেন। নমুচি দানব বজ্রধারণপূর্ব্বক ইন্দ্রকে সমাগত দেখিয়া ভয়ে ভাস্করের রথে উখিত হইল। অনন্তর দানবারি মধুসূদন এবং ইন্দ্র উভয়ে দানবরাজের সহিত প্রতিজ্ঞা করিলেন। তুমি

ততো বধ্যত্বমাজ্ঞায় শস্ত্রাদস্ত্রাচ্চ নারদ।
সন্ত্যজ্য ভাস্কর রথং পাতালমুপয়াদথ।
সনিমজ্জন্নপি জলে সামুদ্রং ফেণমুত্তমং।
দদৃশো দানবপতি স্তং প্রগৃহ্যেদ মব্রবীৎ।
যদুক্তং দেবপতিনা বাসবেন বচোঽস্তুতৎ।
স্বয়ং স্পৃশন্তমাফেণং করাভ্যাং গৃহ্যদানবঃ।
মুখ নাসাক্ষি কর্ণাদীন্ সমার্জ্জয় যথেচ্ছয়া।
তস্মিন্ শক্রোঽজদ্বজ্রমন্তর্হিত মপীশ্বরঃ।
তেনাসৌবদ্ধনাসাক্ষং পপাতচ মমারচ।
সময়েথ তথানষ্টে ব্রহ্মহত্যা স্পৃশঙ্করিং।
সবৈতীর্থ সমাসাদ্য স্নাতঃ পাপাদমুচ্যতে।
ততোঽস্য ভ্রাতরৌবীরৌ ক্রুদ্ধৌ শুম্ভ নিশুম্ভকৌ।

অনুবাদ।

অস্ত্র ও শস্ত্রদ্বারা বিনাশ হইবে না তখন দানবেন্দ্র নমুচি অস্ত্র শস্ত্রদ্বারা বিনাশ হইব না মনে দৃঢ়তর আশ্বস্ত হইয়া ভাস্করের রথ হইতে অবরোহণ পূর্ব্বক পাতাল পুরীতে গমন করিল। নাগলোকে উপস্থিত হইয়া স্নানার্থ নদীতে গমন করিয়া দেখিল নদীতে প্রভূত ফেণরাশি উত্থিত হইয়াছে তখন দানব যথেচ্ছাক্রমে ঐ ফেণরাশি দ্বারা চক্ষু কর্ণ নাসিকা প্রভৃতি মার্জ্জন করিতে লাগিল। দানবারি ইন্দ্র তখন অলক্ষিত রূপে ঐ ফেণরাশি মধ্যে বজ্র নিক্ষেপ করিলেন। তাহাতে দানবের চক্ষু কর্ণ প্রভৃতি রুদ্ধ হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইল। দানব বিনাশ হইলে ব্রহ্মহত্যা ইন্দ্রকে আশ্রয় করিল। তখন ইন্দ্র বিবিধ তীর্থে স্নান করিয়া ব্রহ্মহত্যা পাপ হইতে মুক্ত হইলেন। অনন্তর নমুচির ভ্রাতৃদ্বয় শুম্ভ নিশুম্ভ দুই মহাবীর পরাক্রান্ত দানব সক্রোধে ঘোরতর যুদ্ধের আয়োজন করিয়া দেবগণের

উদ্যোগং সুমহৎকৃত্বা সুরান্ বাধিতুমাগতৌ।
সুরা অপিসহাস্রাক্ষং পুরস্কৃত্যবিনির্য্যযুঃ।
জিতাস্ত্বাক্রম্য দৈত্যানাং সবলাঃ সপদানুগাঃ।
শক্রস্যাকৃষ্যচ গজোয়মস্য মহিষো বলাৎ।
বরুণস্য মণিচ্ছত্রং গদাবৈমারুতস্যহি।
নিধয়ঃ পদ্মশংখাদ্যাহৃতা স্ত্বাক্রম্যদানবৈঃ।
ত্রিলোকী বশগাচাস্তিতাস্তাং নারদ সর্ব্বতঃ।
তদা জগ্মুর্ম্মহী পৃষ্ঠং দদৃশাতে মহাসুরং।
রক্তবীজ মথোচুস্তে কোভবানিতি সাব্রবীৎ।
সচাহ দৈত্যোঽস্মি বিভো সচিবো মহিষস্যতু।
রক্তবীজেতি বিখ্যাতো মহাবীর্য্যো মহাভুজঃ।
অমাত্যৌ রুচিরৌবীরৌ চণ্ডমুণ্ডেতি বিশ্রুতৌ।
তাবাস্তাং সলিলে মগ্নৌ ভয়াদ্দেব্যা মহাভুজৌ।

অনুবাদ।

সহিত যুদ্ধার্থে উপস্থিত হইল। দেবগণ ইন্দ্রকে অগ্রে লইয়া যুদ্ধে সমাগত হইলেন। অনন্তর দেবগণ যুদ্ধে পরাজিত হইয়া দানবরাজের অনুগামী হইল। দানববর শুম্ভ বাসবের ঐরাবত হস্তী যমের মহিষ বরুণের মণিময় ছত্র বরুণের গদা এবং পদ্ম শঙ্খাদি রত্ন সকল বলপূর্ব্বক হরণ করিল। সেই মহাবল পরাক্রান্ত দানবের স্বর্গ মর্ত্ত্য ও রসাতল বাসী দেবদানব প্রভৃতি প্রাণিগণ সকলে বশীভূত হইল। দেবগণ পরাজিত হইলে দানবগণ অবনী পৃষ্ঠে গমন করিল। সেই স্থানে রক্তবীজ নামে দানবকে অবলোকন করতঃ জিজ্ঞাসা করিল তুমি কে। দৈত্য বলিল আমি মহিষাসুরের সচিব। আমার নাম রক্তবীজ এবং মহিষাসুরের অমাত্য চণ্ড মুণ্ড নামে দুই মহাবীর দেবীর ভয়ে জলমধ্যে অবস্থিতি করি-

যশ্চাসীৎ প্রভুরস্মাকং মহিষো নামদানবঃ।
নিহতঃ স মহাদেব্যা বিন্ধ্যশৈলে সুবিস্তৃতে।
ভবন্তৌ কস্য তনয়ৌ কোবানাম্না পরিশ্রুতৌ।
কিং বীর্য্যৌ কিং প্রভাবৌচ এতচ্ছংসিতু মর্হথ।

শুম্ভনিশুম্ভাবূচতুঃ।

অহং শুম্ভেতি বিখ্যাতো দনোঃ পুত্র স্তথৌরসঃ।
নিশুম্ভোঽয়ং মমভ্রাতা কনীয়ানশক্রপূগহা।
অনেন বহুশোদেবাঃ সেন্দ্ররুদ্রদিবাকরাঃ।
সমেত্য নির্জ্জিতাবীরা যেন্যেপি বলবত্তরাঃ।
তদুচ্যতাং কয়াদেব্যা নিহতো মহিষাসুরঃ।
যাবত্তাং ঘাতয়িষ্যাবঃ স্বসৈন্য পরিবারিতৌ।

অনুবাদ।

তেছে আমাদিগের প্রভু মহিষাসুর তাহাকে বিন্ধ্যপর্ব্বতে কাত্যায়নী দেবী বিনাশ করিয়াছেন। তোমরা কে কাহার সন্তান কি নাম। কি প্রকার বলবান্ কিরূপ প্রভাব এ সমস্ত আমাকে বল। শুম্ভ নিশুম্ভ বলিল আমরা কশ্যপের পত্নী দনু তাঁহার সন্তান, আমার নাম শুম্ভ এই আমার কনিষ্ঠ ভ্রাতা শক্রহন্তা নিশুম্ভ, নিশুম্ভের নিকট ইন্দ্র রুদ্র দিবাকর প্রভৃতি দেবগণ সংগ্রামে পরাজিত হইয়াছে। রক্তবীজকে বলিল, তোমার প্রভু মহিষাসুরকে কোন দেবী বিনাশ করিয়াছে আমরা সসৈন্যে সেই দেবীকে বিনাশ করিব। এই কথা নর্ম্মদার তীরে যখন বলিল তখন নর্ম্মদার জল হইতে উত্থিত চণ্ডমুণ্ড নামে দুই দানব দানবেন্দ্র রক্তবীজকে নম্রভাবে মধুরবাক্যে জিজ্ঞাসা করিল আপনার অগ্রে কে। দানব বলিল ইনি অতি পরাক্রান্ত শুম্ভ নামে দানব ইনি শুম্ভের কনিষ্ঠ ভ্রাতা দুর্জ্জয় নিশুম্ভ তখন শুম্ভ বলিল আমরা সসৈন্যে সেই দুষ্টা কামিনীকে বিনাশ

ইত্থং তদাস্তুবদতো তীরেচ নার্ম্মুদে মুনে।
জলাশয়াত্তু নিষ্ক্রান্তৌচণ্ডমুণ্ডৌ চ দানবৌ।
ততোভ্যেত্যাসুরশ্রেষ্ঠং রক্তবীজং সমাশ্রিতৌ।
উচতুর্ব্বচনং শ্লক্ষং কোয়ং তব পুরঃসরঃ।
সচোভৌপ্রাহ দৈত্যোসৌ শুম্ভোনাম সুরার্দ্দনঃ।
কনীয়ানস্তচ ভ্রাতা দুর্জ্জয়োহি নিশুম্ভকঃ।
এতাবাশ্রিত্যতাং দুষ্টাং মহিষঘ্নীং নসংশয়ং।
অহং বিবাহ যিষ্যামি রত্নভূতাং জগত্রয়ে।

চণ্ডউবাচ।

নসম্যগুক্তং ভবতা রত্নার্হোসি ন সাম্প্রতং।
যঃ প্রভুঃ স্যাৎ সরত্নার্হস্তস্মাৎ শুম্ভায় যুজ্যতাং।

অনুবাদ।

করিব তাহাতে রক্তবীজ অঙ্গীকারপূর্ব্বক বলিল। আমি এই দানবাগ্রগণ্য বীরবর শুম্ভ নিশুম্ভকে আশ্রয় করিয়া ত্রিজগৎ মধ্যে সেই রমণীরত্ন দুষ্টা মহিষঘাতিনী কামিনীকে বিবাহ করিব। চণ্ড বলিল, এক্ষণে আপনার একথা উপযুক্ত হয় নাই তুমি এক্ষণে রত্ন গ্রহণের উপযুক্ত বলিয়া বোধ হয় না তোমার যে প্রভু তিনি রত্ন গ্রহণের উপযুক্ত অতএব এই নারীরত্ন শুম্ভের উপযুক্ত, তখন রক্তবীজ শুম্ভ ও নিশুম্ভকে বলিল তোমরা এই রমণীরত্ন কৌশিকীকে গ্রহণ কর সেই দেবী এক্ষণে বিন্ধ্যপর্ব্বতে অবস্থিতি করিতেছে শ্রবণমাত্রে তৎক্ষণাৎ শুম্ভ বিন্ধ্যাচলে স্বীয় দূত সুগ্রীবকে বিন্ধ্য-বাসিনীর নিকট প্রেরণ করিল। বলিল দূত তুমি দেবীর নিকট গমনপূর্ব্বক দেবীর কথা শ্রবণ করিয়া এই কথা বলিবে দানবরাজ শুম্ভ নিশুম্ভ সাতিশয় ক্রোধপূর্ব্বক এই কথা বলিয়াছে। সুগ্রীব বলিল, হে দৈত্যনায়ক দানবরাজ! আমি তোমারদিগের কথায়

তদাচক্ষে চ শুম্ভায় নিশুম্ভায় চ কৌশিকীং।
ভূয়োপি তদ্বিধাং জাতাং কৌশিকীং রূপশালিনীং।
ততঃ শুম্ভো নিজং দূতং সুগ্রীবং নামদানবঃ।
দৈত্যঞ্চ প্রেষয়ামাস সকাশং বিন্ধ্যবাসিনীং।
সগত্যোক্তং বচঃ শ্রুত্বা দেব্যাগত্য মহাসুরং।
নিশুম্ভশুম্ভাবাহেদং মন্যুনাভি পরিপ্লুতৌ।

সুগ্রীবউবাচ।

যুবয়োর্বচনাদ্দেবীং প্রদেষ্টুং দৈত্যদানবৌ।
গতবাহন মধ্যেব তামিদং বাক্যমব্রুবন্।
যথাশুম্ভেতি বিখ্যাতঃ ককুদ্মী দানবেম্বপি।
সত্বাং প্রাহ মহাভাগে প্রভুরস্মি জগত্রয়ে।
ত্বংহিরত্নং মহীপৃষ্ঠে পাতালে চাথ সুন্দরি।
তস্মাদ্ভজস্ব মাং বাত্বং নিশুম্ভং বা মমানুজং।
সাচাহমাং বিহসতী শৃণু সুগ্রীব মদ্বচঃ।
সত্যমুক্তস্ত্রিলোকেশঃ শুম্ভোরত্নাহ ত্রবচ।

অনুবাদ।

এক্ষণে সেই বিন্ধ্যাবাসিনী কৌশিকী দেবীকে জিজ্ঞাসা করিতে গমন করিব তাহাকে এই সমস্ত কথা সবিশেষ কীর্ত্তন করিব এইরূপ কথোপকথনের পর সুগ্রীব শুম্ভের নিকট বিদায় হইয়া বিন্ধ্যাচলে গমনপূর্ব্বক দেবীকে বলিল। আমি শুম্ভ নিশুম্ভ দানবের প্রধান দূত হে মহাভাগে! দানবরাজ তোমাকে এই কথা বলিয়াছেন আমি ত্রিজগতের প্রভু। তুমি স্বর্গ মর্ত্ত্য ও পাতাল এই ত্রিজগৎ মধ্যে সুন্দরী। অতএব তুমি আমাকে কিম্বা আমার অনুজ নিশুম্ভকে ভজনা কর। তখন দেবী ঈষৎ হাস্যপূর্ব্বক সুগ্রীবকে বলিল সুগ্রীব তুমি শ্রবণ কর। শুম্ভ ত্রিলোকের প্রভু এবং রত্নাহ সত্য। কিন্তু

কিন্ত্বস্তি দুর্বিনীতায়া হৃদয়ে মে মনোরথঃ।
যোমাং বিজয়তেযুদ্ধে সভর্ত্তাস্যান্মহাসুরঃ।
সচাগ্নি কোটিসদৃশী জ্ঞাত্বৈব কুরুযৎক্ষমং।

পুলস্ত্য উবাচ।

ইতি সুগ্রীব বচনং নিশম্য স মহাসুরং।
প্রাহপুরস্থিতং শুম্ভোদানবং ধূম্রলোচনং।

শুম্ভউবাচ।

ধূম্রাক্ষগচ্ছতাং দুষ্টাং কেশাকর্ষণ বিহ্বলাং।
সাপরাধাং যথাদাসীং ক্ষিপ্রাং শীঘ্রমিহানয়।
যশ্চাস্যাঃ পক্ষকৃৎকশ্চিদ্ভবিষ্যতি মহাবলঃ।
সহন্তব্যোবিচার্য্যৈব যদি হিস্যাৎ পিতামহঃ।
সএবমুক্তঃ শুম্ভেন ধূম্রাক্ষোঽক্ষৌহিণীশতৈঃ।

অনুবাদ।

আমি কটুভাষিণী আমার হৃদয়ে একটি প্রতিজ্ঞা আছে। যে মহাসুর আমাকে যুদ্ধে জয় করিবেক সে আমার স্বামী হইবে এই প্রতিজ্ঞা অগ্নিকোটী সদৃশী ভয়ঙ্করী, তখন যেরূপ কর্ত্তব্য হয় কর। পুলস্ত্য বলিলেন, দেবীর গর্ব্বিতবাক্য শ্রবণ পূর্ব্বক দানব সক্রোধে বলিল দানবেন্দ্র শুম্ভ এবং ধূম্রলোচনের সম্মুখে এরূপ প্রতিজ্ঞা এই কথার পর দূত শুম্ভের নিকট গমনপূর্ব্বক দেবীর বাক্যনিচয় আদ্যোপান্ত কীর্ত্তন করিল। তখন শুম্ভ বলিল হে ধূম্রাক্ষ! তুমি শীঘ্র হিমালয়ে গমন কর সেই দুষ্টা কামিনীকে সাপরাধিণী দাসীর ন্যায় কেশাকর্ষণে বিহ্বল করিয়া আনয়ন কর। যদি কোন মহাবীর সেই দুষ্টা কামিনীর পক্ষে আগমন করে তবে পিতামহ ব্রহ্মা হইলে তাহাকে বিনাশ করিবে দনুজেন্দ্র শুম্ভ এবম্বিধ অনুমতি প্রদান করিলে সেনানায়ক ছয়জন মহাবল পরাক্রান্ত শত অক্ষৌহিণী চতুরঙ্গিনীসেনা পরিবেষ্টিত দানবরর ধূম্রাক্ষ

ততঃষড়্ভি র্মহাতেজা বিন্ধ্যংগিরিমুপাদ্রবৎ।
সতত্র দৃষ্ট্বাতাং দুর্গাং ভ্রান্তদৃষ্টিরুবাচহ।
এহ্যেহিমূঢ়ে ভার্ত্তারং শুম্ভমিচ্ছস্ব কৌশিকি।
নোচেদ্বলান্নয়িষ্যামি কেশাকর্ষণ বিহ্বলাং।

দেব্যুবাচ।

প্রেসিতোসীহশুম্ভেন বলান্নেতুং হি মাংকিল।
তত্র কিংহ্যবলা কুর্য্যাং যথেচ্ছসি তথাকুরু॥

পুলস্ত্য উবাচ।

এবমুক্তোবিভাবর্য্যা বলবান্ ধূম্রলোচনঃ।
সমভ্যধাবত্ত্বরিতো গদামাদায়বীর্য্যবান্।
তমাযান্তঞ্চসগদং হুঙ্কারেণৈব কৌশিকী।
সবলং ভস্মসাচ্চক্রে শুস্কমগ্নিরিবেন্ধনং।
ততো হাহাকৃতমভূজ্জগত্যস্মিংশ্চরাচরে।

অনুবাদ।

অনতিবিলম্বে বিন্ধ্যপর্ব্বতে গমন করিল সেই দানববর ধূম্রাক্ষ বিন্ধ্যাচলে উপস্থিত হইয়া ভ্রান্তদৃষ্টিতে দেবীকে বলিল। হে মূঢ়ে! কৌশিকি তুমি আইস শুম্ভকে স্বামিত্বে বরণ কর। নতুবা বলপূর্ব্বক কেশাকর্ষণে বিহ্বলা তোমাকে লইয়া যাইব। দেবী বলিলেন, তুমি শুম্ভের প্রেরিত বলনায়ক বলপূর্ব্বক লইয়া যাইবে আমি অবলা কি করিতে পারি এক্ষণে যাহা ইচ্ছা হয় কর। পুলস্ত্য বলিলেন। তখন অতি বীর্য্যবান দানবাধম ধূম্রাক্ষ গদা গ্রহণপূর্ব্বক দ্রুতবেগে কৌশিকীর প্রতি ধাবমান হইল কৌশিকীদেবী গদা হস্তে দানবাধমকে অবলোকনপূর্ব্বক শুষ্ককাষ্ঠ অগ্নি সংযোগে যাদৃশ ভস্মীভূত হয় তাদৃশ হুঙ্কার শব্দে সসৈন্য ধূম্রাক্ষ দানবকে ভস্মাবশেষ করিলেন। অনন্তর চরাচর জগন্মণ্ডলে হাহাকার ধ্বনি হইতে

সবলং ভস্মসান্নীতং কৌশিক্যা বীক্ষ্যদানবং।
ততঃ শুম্ভোঽপি সুশ্রাব মহচ্ছব্দ মুদীরিতং।
অথাদিদেশ বলিনৌ চণ্ডমুণ্ডৌ মহাসুরৌ।
রুরুঞ্চবলিনাং শ্রেষ্ঠং তেপ্যাজগ্মু মুদান্বিতাঃ।
তেষাঞ্চসৈন্যমতুলং গজাশ্বরথসংকুলং।
সমাজগাম সহসাযত্রাস্তে কোশসম্ভবা।
তমায়ান্তং রিপুবলং দৃষ্ট্বাকোটি শতাধিকং।
সিংহোদ্রবঙ্গূতসটঃ পাটয়ন্ দানবান্রণে।
কাংশ্চিতুণ্ড প্রহারেণ কাংশ্চিদাস্যেন লীলয়া।
নখরৈঃ কাংশ্চিদাক্রম্য উরসাপ্রমমাথচ।
তেবধ্যমানাঃ সিংহেন গিরিকন্দরবাসিনা।
ভূতৈশ্চ দেব্যানুচরৈ চণ্ডমুণ্ডৌ সমাশ্রয়ন্।
তৌচার্ত্তং স্ববলং দৃষ্ট্বা কোপপ্রস্ফুরিতাধরৌ।

অনুবাদ।

লাগিল। এবং পরস্পর সকলে বলিল কৌশিকী দানবকে দর্শন মাত্রে ভস্ম করিয়াছে। অনন্তর দানবরাজ শুম্ভ ধূম্রাক্ষের নিধন বার্ত্তা শ্রবণ মাত্র অতি বলবান চণ্ডমুণ্ড দুই দানবকে এবং রুরু নামা দানবকে অনুমতি করিলেন তাহারা সহর্ষে দানবেন্দ্র শুম্ভের নিকট উপস্থিত হইল এবং গজ অশ্ব রথ রথী চতুরঙ্গিণীসেনা পরিবেষ্টিত হইয়া যেস্থানে সেই কৌশিকীদেবী আছেন সেই স্থানে বেগে গমন করিল। শতকোটি বল বেষ্টিত শত্রুদল আগমন করিতেছে দেখিয়া সেই গিরিকন্দরবাসী বিস্ফারিতশটা দেবীর সিংহ কাহার আস্য প্রহারে কাহাকে তীক্ষ্ণ নখরাঘাতে বক্ষ বিদারণ পূর্ব্বক দানবগণকে বিনাশ করিতে লাগিল। কৌশিকী দেবীর অনুচর ভূতগণ চণ্ডমুণ্ডকে ভয় প্রদর্শন করাইতে লাগিল তখন

সমাদ্রবেতাং তাং দুর্গাং পতঙ্গাবিব পাবকং ।
তাবাপতন্তৌরৌদ্রৌবৈ দৃষ্টাক্রোধ পরিপ্লুতা ।
ত্রিশিখাং ভ্রুকুটীং বক্তে চকার পরমেশ্বরী ।
ভ্রুকুটী কুটিলাত্তস্যা ললাট ফলকাদ্দ্রুতং ।
কালী করালবদনা নিঃসৃতাযোগিনী শুভা ।
কট্বাঙ্গমাদায় করেণ রৌদ্র মসিঞ্চকারাঞ্জন কোশমুগ্রং ।
সংশুষ্কগাত্র রুধিরাপ্লুতাঙ্গী নরেন্দ্র মূর্দ্ধাস্রজমুদ্বহন্তী ।
কাংশ্চিৎ খড়্গেন চিচ্ছেদ খট্বাঙ্গেনাপরান্রণে ।
নাসূদযন্তৃশং ক্রুদ্ধা সরথাশ্বগজান্রিপুন্ ।
চর্ম্মাঙ্কুশং মুদ্গারঞ্চ সধনুষ্কং সঘণ্টিকং ।
কুঞ্জরং সহপাত্রেণ প্রচিক্ষেপ মুখেঽম্বিকা ।
সচক্র কুবররথং সসারথিতুরঙ্গমং ।
সমংযোধেন বদনেক্ষিপ্রং চর্ব্বয়তেঽম্বিকা ।

অনুবাদ ।

সৈন্যগণকে ভীত দেখিয়া ক্রোধে কম্পিত ওষ্ঠাধর দানবাধম চণ্ডমুণ্ড পতঙ্গ যাদৃশ প্রজ্বলিত হুতাশনে ধাবিত হয় তাদৃশ সেই কৌশিকী দেবীর প্রতি ধাবমান হইল। অতি বীর্য্য সম্পন্ন ভয়ঙ্কর দানবদ্বয় সমাগত হইতে দেখিয়া কৌশিকী দেবী অতি ক্রোধে বক্তের কুটিল ভ্রুভঙ্গী করিলেন তৎক্ষণাৎ তাহার কুটিল ভ্রুভঙ্গিযুক্ত ললাটদেশ হইতে করালবদনা যোগিনী পরিবেষ্টিতা এক হস্তে খট্বাঙ্গ অপর হস্তে ভয়ঙ্কর অসি কালাঞ্জন সদৃশ বর্ণ গাত্রের মাংসশুষ্ক রুধিরাক্ত কলেবর গলদেশে মুণ্ডমালা এতাদৃশী কালী বহির্গতা হইয়া কাহাকে খড়্গদ্বারা কাহাকে খট্বাঙ্গদ্বারা হস্তি অশ্ব রথ ও রথীর সহিত দানবগণকে বিনাশ করিলেন এবং চর্ম্ম অঙ্কুশ মুদ্গার ধনু ঘণ্টা ও আরোহীর সহিত কুঞ্জর চক্র কুবর রথ রথী তুরঙ্গম সংপ্রভৃতি সমস্ত মুখে

একং জগ্রাহকেশেষুগ্রীবায়ামপরস্তথা।
পাদেনাক্রম্য চৈবান্যং প্রেষয়ামাস মৃত্যবে।
ততস্তু তদ্বলং দেব্যাভক্ষিতং সবলাধিপং।
রুরুং দৃষ্ট্বা প্রদুদ্রাব তং চণ্ডোদদৃশে স্বয়ং।
আজঘানাথ শিরসি খট্টাঙ্গেন মহাসুরং।
সপপাততভোভূম্যাং ছিন্নমূলইবদ্রুমঃ।
ততস্তং পতিতং দৃষ্ট্বাপশোরিব বিভাবরী।
কোশমুৎ কর্ত্তয়ামাস কর্ণাদি চরণান্তিকং।
তস্তুকোশং সমাদায় ববন্ধবিমলাজটাঃ।
একান বন্ধগমত্তামুৎপাট্যাক্ষিপদ্ভুবি।
সাজাতা সুতরাং রৌদ্রীতেনাভ্যক্তা শিরোরুহা।

অনুবাদ।

নিক্ষেপ করিয়া ভয়ঙ্কর রূপে চর্ব্বণ করিতে লাগিলেন। কাহার কেশ কাহার গ্রীবা ধারণ কাহার বা পাদদ্বারা আক্রমণ করিয়া দানবগণকে যমসদনে প্রেরণ করিলেন। সসৈন্য দানবাগণকে ভক্ষণ করিলেন। চণ্ড দানব সৈন্য নিধনকারী কালীকে অবলোকন করিয়া বেগে ধাবিত হইল কৌশিকী দেবী সেই সমাগত চণ্ডদানবের মস্তকে এতাদৃশ খট্বাঙ্গের আঘাত করিলেন সেই আঘাতে চণ্ডদানব ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূমিতলে পতিত হইল। সেই দানব সমরাঙ্গনে পতিত হইল দেখিয়া দেবী তৎক্ষণাৎ হরিতাল যাদৃশ পশুর কেশ উৎপাটন করে তাদৃশ সেই দানবের কর্ণ হইতে চরণ পর্য্যন্ত কেশ সকল উৎপাটন করিলেন। সেই দানবের কেশ সকল গ্রহণপূর্ব্বক আপনার জটা বন্ধন করিলেন। কেবল একটি জটাবন্ধন না করিয়া মুক্ত রাখিলেন সেই জটা মস্তক হইতে উৎপাটন করিয়া ধরণী পৃষ্ঠে নিক্ষেপ করিলেন। সেই ভূমিক্ষিপ্ত জটা হইতে

কৃষ্ণার্দ্ধমর্দ্ধ শুক্লঞ্চধারন্তী স্বকং বপুঃ।
সাব্রবীদ্বরমেকন্তু মারয়ামি মহাসুরং।
তস্যানাম ততশ্চক্রে চণ্ডমারীতি বিশ্রুতং।
প্রাহগচ্ছস্ব সুভগে চণ্ডমুণ্ডা বিহানয়।
স্বয়ং হি মারয়িষ্যামি তাবানেতুং ত্বমর্হসি।
শ্রুত্বেত্থং বচনং দেব্যাঃ সার্য্যাভুদ্রাব তাবুভৌ।
দুদ্রুবতুভয়ার্ত্তৌমৌদিশমাশ্রিত্য দক্ষিণাং।
ততস্তাবপি বেগেন প্রাধাব দ্রক্তবাসসা।
সাধিবহ্য মহাবেগং রাসভং গরুড়োপমং।
যতোগতৌ চতৌ দৈত্যৌ তত্রৈবানুযযৌশিবা।
সাদদর্শতদা পৌণ্ড্রং মহিষং বৈ যম্যস্তু।
সাতস্তোৎপাটয়ামাস বিষাণং ভুজগাকৃতিং।

অনুবাদ।

এক অতি ভয়ঙ্করী দেবী উত্থিত হইল। তখন দেবী অর্দ্ধ কৃষ্ণ অর্দ্ধ শুক্লবর্ণ দেহ ধারণ করিলেন বলিলেন আমি এই মহাসুরকে বিনাশ করিব। সেই জটা সম্ভূতা দেবীর নাম চণ্ডমারী হইল। কৌশিকীদেবী জটোত্থিতা দেবীকে বলিলেন তুমি চণ্ড ও মুণ্ডকে এই স্থানে আনয়ন কর। আমি তাহাদিগকে বিনাশ করিব কৌশিকী দেবীর এই কথা শ্রবণপূর্ব্বক চণ্ডমারী দেবী চণ্ডমুণ্ডের প্রতি ধাবমানা হইলেন তখন চণ্ডমুণ্ড দুই বীর ভয়ে দক্ষিণদিগ আশ্রয় করিয়া পলায়ন করিল। চণ্ডমারী দেবী রক্তবস্ত্র পরিধানপূর্ব্বক গরুড় সদৃশ বেগশালী গর্দ্দভে আরোহণ করিয়া বেগে ধাবমানা হইলেন দানবদ্বয় যেদিগে পলায়ন করিল দেবী তাহারদিগের অনুগামিনী হইলেন পথি মধ্যে যমের মহিষ পৌণ্ড্রকে অবলোকন করিলেন সেই মহিষের সর্পাকৃতি শৃঙ্গদ্বয় উৎপাটন করিয়া গ্রহণপূর্ব্বক দানবের প্রতি ধাবমানা

তং প্রগৃহ্যকরেণৈব দানবানসাস্থিমার্জ্জবাৎ।
তৌচাপি ভূমিসন্ত্যজ্য জগ্মতুর্গগণস্তদা।
বেগেনাভি গতাসাচ রাসভেন মহেশ্বরী।
ততোদদর্শঃ গরুড়ং পন্নগেন্দ্রং বিষাধিপং।
কর্কোটকং সদৃষ্টেব স্তব্ধরোমাব্যজায়ত।
ভয়ার্ত্তশ্চৈব গুরুড়ো মাংসপিণ্ডোপমোবভৌ।
স্তপত্তংশ্চাস্য পত্রাণি রৌদ্রাণিচ সমন্ততঃ।
খগেন্দ্র পত্রাংশ্চাদায় নাগং কর্কোটকস্তথা।
বেগেনানুসরদ্দেবী চণ্ডমুণ্ডৌ ভয়াতুরৌ।
সংপ্রাপ্তৌচ তদাদেব্যা চণ্ডমুণ্ডৌ মহাসুরৌ।
বদ্ধৌকর্কোটকেনৈব বদ্ধা বিন্ধ্যমুপাগমৎ।
নিবেদয়িত্বা কৌশিক্যা কেশমাদায় ভৈরবং।
শিরোভির্দানবেন্দ্রাণাং তার্ক্ষ পত্রৈশ্চশোভনৈঃ।
কৃত্বাস্রজ মনোপম্যাং চণ্ডাযাথস্যবেদয়ৎ।

অনুবাদ।

হইলে তখন চণ্ডমুণ্ড ধরণীতল পরিত্যাগপূর্ব্বক উল্লম্ফনে গগণ-মার্গে উত্থিত হইল। দেবী রাসভারোহণে গমন করিতে করিতে পথিমধ্যে রাসভ খগেশ্বর গরুড়কে এবং পন্নগাধিপ কর্কোটককে অব-লোকন করিলেন গরুড় কর্কোটককে দর্শন করিয়া ভয়ে স্তব্ধরোমা এবং পিণ্ডাকৃতি হইল। তখন তাহার পক্ষ সকল পতিত হইল। কর্কোটক বিষধর সেই গরুড়ের পক্ষ গ্রহণপূর্ব্বক চণ্ডমুণ্ড দানবের প্রতি ধাবমান হইল। অনন্তর বিষধর কর্কোটক কেশাকর্ষণে কাতর চণ্ডমুণ্ডকে সাতিশয় বন্ধন করিয়া বিন্ধ্যপর্ব্বতে গমন পূর্ব্বক কৌশিকী দেবীকে প্রদান করিল। কৌশিকী তার্ক্ষপত্রদ্বারা সুশোভিত সেই চণ্ডমুণ্ডের মুণ্ডদ্বারা অনুপম মালা প্রস্তুত করতঃ

ঘর্ঘরীঞ্চ মৃগেন্দ্রস্য চর্ম্মণা সাসমর্পয়ৎ।
প্রমথৈশ্চ খগেন্দ্রস্য পত্রৈ মূর্দ্ধ্নিবধ্যত।
আস্কন্দাস্যা পপৌপানং রুধিরং দানবেষ্বপি।
চণ্ডাখাদায় চণ্ডঞ্চ মুণ্ডংবা সুরনায়কং।
চকার কুপিতাদুর্গা বিশিরস্কৌ মহাসুরৌ।
তয়োরেবাহৃত্বা দেবী শিখরং শুষ্করেবতী।
কুদ্ধাজগাম কৌশিক্যাঃ সকাশ মর্ঘ্যয়াসহ।
সমেত্যসা ব্রবীদ্দেবী গৃহ্যতাং শিখরোত্তমঃ।
গ্রথিতো দৈত্যশীর্ষাভ্যাং নাগরাজেন বেষ্টিতঃ।
তংশেখরংশিবাগৃহ্য চণ্ডায় মূর্দ্ধ্নিচাপরে।
ববন্ধ প্রাহচৈবেনাং কৃতং কর্ম্মসুদারুণং।
শেখরং চণ্ড মুণ্ডাভ্যাং যস্মাকারয়সে শুভে।

অনুবাদ।

চণ্ডকে দিলেন। এবং চণ্ডমারী দেবী মৃগেন্দ্র চর্ম্মনির্ম্মিত ঘর্ঘরী বাদ্য বিশেষ চণ্ডকে প্রদান করিলেন। অন্যান্য প্রমথগণ সকলে খগেন্দ্র পত্রনির্ম্মিত মালা মস্তকে ধারণ করিল। এবং দানবগণের রুধির পান করিতে লাগিল। কৌশিকী অতি বেগে দানব নায়ক চণ্ড ও মুণ্ড দুই মহাসুরের মস্তক ছেদন করিলেন। তখন দেবী দানবদ্বয়ের মুণ্ড অর্ঘ্যের সহিত গ্রহণ পূর্ব্বক কৌশিকী দেবীর নিকট গমন করিল। এবং দেবীকে বলিল এই উত্তম মস্তক গ্রহণ কর। দানব মস্তকদ্বারা গ্রথিত এবং নাগরাজদ্বারা বেষ্টিত এই মুণ্ডমালা তুমি গ্রহণ কর এবং অন্যান্য দানব মুণ্ড সম্ভূত মালা চণ্ডার মস্তকে শোভা পাইবে। হে দেবি! তুমি এই মালা বন্ধন করিয়া সুদারুণ কার্য্য সকল সম্পাদন কর। চণ্ডমুণ্ডের মুণ্ডমালা আপনি গলদেশে ধারণ করিলেন এজন্য ত্রিভুবনে

তস্মাল্লোকে তবখ্যাতি চামুণ্ডেতি ভবিষ্যতি।
ইত্যেব মুক্ত্বা বচনং ত্রিনেত্রাং তাং চণ্ডমুণ্ডস্রজ ধারিণীংবৈ।
বিশ্বাসসম্পাভ্যবদচ্চ প্রীতানিসূদয়স্বারিবলান্যমুনি।
সাত্ত্বেবমুক্ত্বাথ বিবাণ কোট্যাসুবেগযুক্তেনচ রাসভেন।
নিসূদয়ন্তী রিপুসৈন্যমুগ্রং চরাচরান বৈবিচচারলোকান্।
ততোঽম্বিকায়াস্ত্বথ চণ্ডমুণ্ডং নিহত্যসিদ্ধৈনচ ভূতসংঘৈঃ॥
নিপাত্য মানাদনুপুঙ্গবাস্তে ককুম্মিনং শুম্ভ মুপাযযুস্তদা॥

ইতি বামনপুরাণে ভৈরব প্রাদুর্ভাবে ষড়্বিংশতমোঽধ্যায়।

সপ্তবিংশতমোঽধ্যায়ঃ।

পুলস্ত্যউবাচ।

চণ্ডমুণ্ডৌচ নিহতৌদৃষ্বাসৈন্যঞ্চ বিদ্রুতং।
সমাদিদেশাতিবলং রক্তবীজং মহাবলং।

অনুবাদ।

আপনার নাম চামুণ্ডা হইবে। চণ্ডমারী দেবী, মুণ্ডমালা ধারিণী ত্রিনেত্রা দেবীকে এই কথা বলিয়া দিগম্বরকে বলিলেন আমি সন্তুষ্টা হইয়াছি তুমি এই সকল বিপক্ষদল বিনাশ কর। চণ্ডমারী দেবী দিগম্বরকে এই কথা বলিয়া বিষাণ কোটি বেগশালী রাসভা-রোহণে শত্রুগণ বিনাশপূর্ব্বক চরাচর জগন্মণ্ডল ভ্রমণ করিতে লাগি-লেন। অনন্তর কৌশিকী দেবীর সিদ্ধগণ এবং ভূতগণ দ্বারা দানবদল বিনাশ হইলে অন্যান্য দানবগণ দানবেশ্বর শুম্ভের নিকট গমন করিয়া আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত কীর্ত্তন করিল।

ইতি বামনপুরাণে ষড়্বিংশতিতমোধ্যায়।

পুলস্ত্য বলিলেন। সমরাঙ্গনে চণ্ডমুণ্ড বিনাশ হইল এবং সৈন্যগণ উপদ্রুত হইল দেখিয়া দনুজাধিপতি শুম্ভ ক্রোধে অতি

অক্ষৌহিনীনাং ত্রিংশদ্ভিঃ কোটিভিঃ পরিবারিতং।
তমায়ান্তঞ্চ দৈত্যানাং বলং দৃষ্ট্বৈব চণ্ডিকা।
মুমোচ সিংহনাদং বৈ তাভ্যাং সহ মহেশ্বরী।
নিনদন্ত্যাস্ততস্তস্যাঃ ব্রহ্মাণীমুখতো ভবৎ।
হংসযুক্ত বিমানস্থা সাক্ষসূত্র কমণ্ডলুঃ।
মাহেশ্বরী চ নেত্রাভ্যাং বৃষারূঢ়া ত্রিশূলিনী।
মহাহিবলয়া রৌদ্রাজাতা মুণ্ডালিনীক্ষণাৎ।
কণ্ঠাদথৈব কৌমারী বর্হিপত্রাথ শক্তিনী।
সমুদ্ভূতাথ দেবর্ষে ময়ূর বরবাহনা।
বাহুভ্যাং গরুড়ারূঢ়া শঙ্খচক্র গদাসিনী।
শার্ঙ্গংবাণ ধরাজাতা বৈষ্ণবী রূপশালিনী।
মহোগ্রমুষলা রৌদ্রাদংষ্ট্রাগ্রোল্লিখিত ভূতলা।

অনুবাদ।

বলবান বীর্য্য সম্পন্ন রক্তবীজকে শীঘ্র অনুমতি করিলেন তোমরা ত্রিশকোটি অক্ষৌহিণী সৈন্যের সহিত তথায় গমন কর। আজ্ঞামাত্রে সৈন্যগণ বেষ্টিত রক্তবীজ দানব সমরক্ষেত্রে গমন করিল চণ্ডমারী দেবীগণ সৈন্যগণ বেষ্টিত রক্তবীজকে দেখিয়া চামুণ্ডার সহিত অত্যুচ্চ সিংহনাদ করিলেন। পরে সিংহনাদকারিণী মাহেশ্বরীর বদন হইতে অক্ষসূত্র কমণ্ডলু ধারিণী হংসযুক্ত বিমানস্থা ব্রহ্মাণী বহির্গতা হইল। এবং নেত্র হইতে মাহেশ্বরী বহির্গতা হইলেন তাহার হস্তে ত্রিশূল গলদেশে মুণ্ডমালা অঙ্গে সর্পবলয় বৃষভারোহণে সমরাঙ্গনে উপস্থিত হইলেন। এবং কণ্ঠদেশ হইতে কৌমারী বহির্গতা হইল। এই দেবীর হস্তে শক্তি মস্তকে ময়ূরপুচ্ছ ময়ূর বাহনে সমাগতা হইলেন। ভুজদ্বয় হইতে বৈষ্ণবী শক্তি বহির্গতা হইল। এই দেবীর হস্তে শঙ্খচক্র গদা খড়্গ শার্ঙ্গবাণ বিষ্ণু

বারাহী পৃষ্ঠতোজাতা শেষভোগোপরিস্থিতা।
বিক্ষিপন্তী শটা পাতৈর্গ্রহনক্ষত্র তারকাঃ।
নখিনী হৃদয়াজ্জাতা নারসিংহী সুদারুণা।
তাভির্নিপাত্যমানন্তু নিরীক্ষ বলমাসুরং।
ননাদ ভূয়োনাদং বৈচণ্ডিকাভয়দা রিপূন্।
তং বৈনাদং মহচ্ছ্রুত্বা ত্রৈলোক্য প্রতিপূরকং।
সমাজগাম দেবেশঃ শূলপাণিস্ত্রিলোচনঃ।
অভ্যেত্যবন্দ্যচেবেনাং প্রাহবাক্যং বরাম্বিকে।
সমায়াতোস্ম্যহং যুদ্ধে দেহ্যাজ্ঞাং কিং করোমিতে।
তদ্বাক্য সমকালঞ্চ দেব্যাদেহোদ্ভবা শিবা।
জাতাসাচাহ দেবেশং গচ্ছদৌত্যেন শঙ্কর।

অনুবাদ।

সদৃশ রূপশালিনী গরুড়বাহনে উপস্থিত হইলেন। বৃহদ্দন্তা অতি ভয়ঙ্করী সর্পোপরিস্থিতা যিনি দণ্ডদ্বারা বসুন্ধরা উদ্ধার করিয়াছিলেন যাহার কেশর সঞ্চালনে গ্রহনক্ষত্রগণ বিক্ষিপ্ত হইয়াছিল এবম্ভূতা বারাহী পৃষ্ঠদেশ হইতে বহির্গতা হইল। এবং হৃদয় হইতে বৃহন্নখী ভয়ঙ্করী নারসিংহী বহির্গতা হইল। পরে দেবীগণ ক্রমে দানব সৈন্য অবলোকন পূর্ব্বক বিনাশ করিতে লাগিলেন। শত্রুগণের ভয় প্রদর্শনের নিমিত্ত চণ্ডিকা পুনর্ব্বার সিংহনাদ করিলেন। সেই সিংহনাদ ধ্বনিতে ত্রিলোক পূর্ণ হইল। তখন দেবাদিদেব ত্রিলোচন শূলপাণি সেই সমরাঙ্গনে উপস্থিত হইয়া দেবীকে সম্ভাষণ পূর্ব্বক বলিলেন হে দেবি! আমি এই সমরক্ষেত্রে আসিয়াছি এক্ষণে কি করিব অনুমতি কর। সেই শঙ্করের বাক্য শ্রবণমাত্রে দেবীর দেহ হইতে শিবা দেবী বহির্গত হইয়া দেবাদিদেব শঙ্করকে বলিলেন হে শঙ্কর! তুমি দৌত্য কার্য্যে গমন কর।

ব্রূহি শুম্ভং নিশুম্ভঞ্চ যদি জীবিতুমিচ্ছথঃ।
তদ্গচ্ছতং দুরাচারৌ সপ্তমংহি রসাতলং।
বাসবো লভতাং স্বর্গং দেবাঃ সন্তু গতব্যথাঃ।
যজন্তু ব্রাহ্মণাশ্চামী বর্ণযজ্ঞাশ্চ সাম্প্রতং।
নোচেদ্বলাবলোপেন ভবন্তৌ যুদ্ধমিচ্ছথঃ।
তদাগচ্ছধ্বমব্যগ্রা এষাহংবিনিসূদয়ে।
যতস্তুসাশিবং দৌত্যে অযোজয়তনারদ।
ততোনাম মহাদেব্যাঃ শিবদূতী ত্যজায়ত।
তেচাপি শঙ্করবচঃ শ্রুত্বাগর্ব্ব সমন্বিতং।
হুঁ কৃত্যাপ্রাদ্রবন্ সর্ব্বে যত্র কাত্যায়ণীস্থিতা।
ততঃ শরৈঃ শক্তিভিরঙ্কুশৈর্ব্বরৈঃ পরস্বধৈঃ শূলভুষুণ্ডিপট্টিশৈঃ।
খড়্গৈঃ সুধারৈঃ পরিঘৈশ্চ বিস্তৃতৈর্ব্ববর্ষতুর্দ্দৈত্যবরৌসুরেশ্বরীং।

অনুবাদ।

এবং শুম্ভ দানবকে বল, যদি তোমরা জীবনের ইচ্ছা কর তবে তুমি সানুজ নিশুম্ভের সহিত সপ্তম পাতালে গমন কর। অমরালয় ইন্দ্র ভোগ করুন্ দেবগণ নিশ্চিন্ত হউন। বিপ্রগণ স্বস্বজাতীয় যজ্ঞ কার্য্যের অনুষ্ঠান করুন্। যদি দানবাধম তাঁহাতে ইচ্ছা না করিয়া সংগ্রাম অভিলাষ করে তবে এই সমরক্ষেত্রে সসৈন্যে আগমন করুক আমি সকল শত্রু বিনাশ করিব। হে নারদ! শিবাদেবী শঙ্করকে দৌত্যকার্য্যে নিয়োজিত করিলেন এজন্য তাঁহার নাম শিবদূতী হইল। দানবগণ শঙ্করের এতাদৃশ গর্ব্বিত বাক্য শ্রবণে হুঙ্কার রবে উত্থিত হইল এবং যেস্থানে কাত্যায়নী দেবী সংগ্রাম করিতেছেন সেই স্থানে দ্রুতবেগে ধাবমান হইল। অনন্তর শুম্ভ নিশুম্ভ দানবদ্বয় তীক্ষ্ণবাণ শক্তি অঙ্কুশ, পরশু, শূল, ভুষণ্ডি, পট্টিশ, খরধার খড়্গ, পরিঘ প্রভৃতি অস্ত্র শস্ত্র সকল কাত্যায়নী দেবীর

সাচাপিবাণৈর্ব্বর কার্ম্মুকচ্যুতৈশ্চিচ্ছেদ শস্ত্রাণ্যথ বাহুভিঃ সহ।
জঘানচান্যানুগ চণ্ডবিক্রমান্মহাসুরান্‌বাণশতৈর্ম্মহেশ্বরী।
মাহেশ্বরীশূল বিভিন্নবক্ষসঃ খট্টাঙ্গপাতৈ রপরাংশ্চ কৌশিকী।
মহাজলক্ষেপ হতপ্রভাবান্ ব্রাহ্মী তথান্যানসুরাংশ্চকার হ।
মাহেশ্বরী শূলবিদ্ধারিতোরসশ্চকার দগ্ধানপরাংশ্চ বৈষ্ণবী।
শক্ত্যাকুমারী কুলিশেনচৈন্দ্রী তুণ্ডেন চক্রেণ বরাহ রূপিণী।
নখৈর্ব্বিভিন্নানপিনারসিংহী অট্টাট্টহাসৈরপি রুদ্রদূতী।
রুদ্রস্ত্রিশূলেন জঘানচান্যান্ বিনায়কাশ্চাপি পরশ্বধেন।
এবংহি দেব্যাবিবিধৈস্তুরূপৈর্নি পাত্যমানা দনুপুঙ্গবাস্তে।
পেতুঃ পৃথিব্যাং ভুবিচাপিভূতৈস্তে বৃশ্চ্যমানাঃ প্রলয়ং প্রজগ্মুঃ।
সরক্তবীজঃ সহসাভ্যুপেত্য বরাস্ত্রমাদায়চ মাতৃমণ্ডলং।

অনুবাদ।

প্রভৃতি বর্ষণ করিতে লাগিল। দেবী কাত্যায়নী তীক্ষ্ণ বাণদ্বারা দানবগণের হস্তের রহিত অস্ত্র শস্ত্র সমস্ত ছেদন করিলেন এবং শত শত নিক্ষিপ্ত শরদ্বারা রণ বিক্রম দানবগণের প্রাণ বিনাশ করিলেন মাহেশ্বরী ত্রিশূলাঘাতে দানবগণের বক্ষ বিদারণ করিলেন কৌশিকী খট্টাঙ্গ প্রহারে সমরশায়ী করিলেন ব্রহ্মাণী জলপ্রক্ষেপে অন্যান্য দানবকে বীর্য্যহীন করিলেন মাহেশ্বরীর ত্রিশূলাঘাতে বৈষ্ণবীর চক্রাঘাতে কৌমারীর শক্ত্যাঘাতে বারাহীর চক্রাঘাতে নারসিংহীর নখাঘাতে শিবদূতীর অট্টাট্টহাসে রুদ্রের ত্রিশূলাঘাতে বিনায়কের কুঠারাঘাতে এবম্বিধ দেবী বিবিধ রূপধারণ পূর্ব্বক দানবগণকে বিনাশ করিলেন দানবগণ দেবীগণের অস্ত্রাঘাতে ব্যথিত হৃদয়ে ভূমিশায়ী হইয়া বিনাশ হইল। রক্তবীজ দানব সৈন্যগণের এতাদৃশ বিপদ সঙ্কুল উপস্থিত দেখিয়া সহসা সুদারুণ অস্ত্র গ্রহণ পূর্ব্বক মাতৃগণের মধ্যে উপস্থিত হইল, ক্রোধে কম্পিতাধর রক্ত-

বিদ্রাবয়ন্ ভূতগণান্ সমস্তাদ্বিবেশকোপস্ফুরিতাধরস্তু।
তমাপতন্তং প্রসমীক্ষ্যমাতরঃ শস্ত্রৈঃ শিতাগ্রৈ দিতিজান্‌ববর্ষু।
ঘোররক্তবিন্দুর্ন্যপতৎ পৃথিব্যাং সহৎ প্রমাণস্ত্বসুরোভিষক্তে।
ততস্তদাশ্চর্য্যময়ঞ্চদৃষ্ট্বা সা কৌশিকী কেশিনি মভ্যুবাচ।
পিবস্বচণ্ডেরুধিরং সুরারের্ব্বিতথ্য বক্ত্রং বড়বানলাভং।
সাত্বেব মুক্তাবরদাম্বিকায়া বিতথ্যবক্ত্রং বিকরালমুগ্রং।
ওষ্ঠং নভস্পৃক্ পৃথিবীস্বমন্যং কৃত্বাধরাস্তিষ্ঠতি চণ্ডমুণ্ডা।
ততোম্বিকা কেশবিকর্ষণাদ্বলং কৃত্বা রিপুং প্রক্ষিপত স্ববক্ত্রে।
বিভেদ শূলেন তথা পুরস্তাৎ ক্ষতোদ্ভবা যেন্যপতংশ্চক্রে।
ততস্তুশেষং প্রজগামবক্ত্রং রক্তক্ষয়ে হীনবলোবভূব।
তং হীনবীর্য্যং শতধাচকার চক্রেণচামীকর ভূষিতেন।

অনুবাদ।

বীজ ভূতগণের বিদ্রাবিত করিতে লাগিল। রোষ পরতন্ত্র রক্ত-বীজ দানবকে সমাগত দেখিয়া মাতৃগণ শানিত অস্ত্র শস্ত্র বর্ষণ করিতে লাগিল। রক্তবীজের যত রক্তবিন্দু ভূমিতে পতিত হইল তত পরিমাণ রক্তবীজ সমাঙ্গন হইতে উত্থিত হইল। কৌশিকী দেবী এরূপ আশ্চর্য্য অবলোকন পূর্ব্বক কেশিনীকে বলিলেন। চণ্ডে তুমি এই দানবগণের শোণিত পান কর এবং বড়বাগ্নি সদৃশ আনন বিস্তার কর। বরদা কৌশিকী এরূপ বলিলে চামুণ্ডার করালাস্য এতাদৃশ বিস্তৃত হইল তাঁহার ওষ্ঠ গগন মণ্ডল স্পর্শ করিল অধর ভূমিতল স্পর্শ করিল। এতাদৃশী চামুণ্ডা দেবী ভয়ঙ্করী মূর্ত্তি কল্পনা করিয়া সমাঙ্গনে অবস্থিতি করিলে কৌশিকী বলপূর্ব্বক দানবগণের কেশাকর্ষণ করিয়া এবং অন্যান্য মাতৃগণ কেহবা শূলদ্বারা কেহবা পরশুদ্বারা ব্যথিত দানবকে চামুণ্ডার বক্ত্রমধ্যে নিক্ষেপ করিল। এইরূপে রক্তক্ষয় হইলে ক্রমশ

তস্মিন্ বিশস্তে দনুসৈন্যনাথে তে দানবাদীনতবং বিনেতুঃ।
হাহাতদা ভ্রাতরিতি ব্রুবন্তঃ ক্বযাসি তিষ্ঠস্ব মুহূর্ত্তমেহি।
তথাপরে বিস্তুরিতাকেশপাশা বিশীর্ণবর্ম্মাভরণস্রগম্বরাঃ।
নিপাতিতা ভূমিতলে মৃড়ান্যাপ্রদ্রুবুর্গিরিবরমুহৃদৈত্যাঃ।
বিশীর্ণ বর্ম্মায়ুধ ভূষণন্তদ্বলং নিরীক্ষ্যৈব চ দানবেন্দ্রঃ।
বিশীর্ণচক্রাক্ষহয়ং নিশুম্ভঃ ক্রোধান্মৃড়াণীং সমুপাজগাম।
খড়্গং সমাদায়চর্ম্ম ভাস্বরং ধুন্বন্ শিরঃপ্রেক্ষ্যচ রূপমস্যাঃ।
সংস্তভ্যমোহং জ্বরপীড়িতোথ চিত্রে যথাসৌলিখিতোবভূব।
সংস্তম্ভিতং বীক্ষ্যসুরারিমগ্রে প্রোবাচদেবী বচনং বিহস্য।
অনেনবীর্য্যেন সুরাস্ত্বয়াজিতা অনেনমাং প্রার্থয়সেবলেন।

অনুবাদ।

রক্তবীজগণ বলহীন হইল। অনন্তর কৌশিকী দেবী স্বর্ণ ভূষিত চক্রদ্বারা সেই বীর্য্যবন্ত রক্তবীজ সৈন্যগণকে শতধা বিভক্ত করিয়া বিনাশ করিতে লাগিল শূলবিভিন্ন হৃদয় দানবগণ কাতরস্বরে আর্ত্তনাদ করিতে লাগিল। কোন দানব হাহাকার ধ্বনি করতঃ বলিতে লাগিল হে ভ্রাত! তুমি কোথায় গমন করিতেছ মুহূর্ত্ত-কাল বিলম্ব কর। এবং বিলুণ্ঠিত কেশকলাপ স্খলিতাভরণ বর্ম্ম-মাল্য বস্ত্র দানবগণকে ভূমি শয্যায় শয়ান করিয়া কাত্যায়নী দেবী শৈলশেখর পরিত্যাগ পূর্ব্বক পলায়িত দৈত্যগণের প্রতি ধাবমান হইলেন। অন্যান্য দানব সৈন্যগণের দেহ হইতে শস্ত্রাভরণ স্খলিত হইতেছে দেখিয়া দানবেন্দ্র নিশুম্ভ চক্র রথ ঘোটক পরিত্যাগপূর্ব্বক সক্রোধে কৌশিকীর নিকট উপস্থিত হইল। এবং দেদীপ্যমান খড়্গ চর্ম্ম ধনুশরঃ গ্রহণপূর্ব্বক কৌশিকীর রূপলাবণ্য অবলোকন করতঃ জ্বর পীড়িত সদৃশ চিত্রিত পুত্তলিকার ন্যায় স্থিরভাবে দণ্ডায়মান রহিল তখন দানবকে অবলোকন করিয়া দেবী হাস্যপূর্ব্বক বলিলেন তুমি

শ্রুত্বাসবাক্যং কৌশিক্যাদানবাঃ সুচিরাদিদং।
প্রোবাচ চিন্তয়িত্বাথ বচনং বদতাম্বরঃ।
সুকুমার শরীরোয়ং মচ্ছস্ত্রপতনাদপি।
শতধাযাস্যতেভীরু আমপত্রমিবাম্ভসি।
এবং বিচিন্তয়ন্নর্থং ত্বাং প্রহর্ত্তুং নসুন্দরি।
করোমি বুদ্ধিং তস্মাত্ত্বং মাংভজস্বায়তেক্ষণে।
মমখড়্গ নিপাতস্তুনেন্দ্রো ধারয়িতুং ক্ষমঃ।
নিবর্ত্তয়মতিঃ যুদ্ধাদ্ভার্য্যামেভব সাম্প্রতং।
ইত্থং নিশুম্ভবচনং শ্রুত্বাযোগেশ্বরী মুনে।
বিহস্যভাবগম্ভীরং নিশুম্ভং বাক্যমব্রবীৎ।
নাজিতাহং রণেবীর ভবেদ্ভার্য্যাহিকস্যচিৎ।
ভবান্ যদিহিভার্য্যার্থী ততোমাং জয়সংযুগে।

অনুবাদ।

এই বীর্য্যে দেবগণকে পরাজয় করিবে এবং এরূপ সৈন্যদ্বারা আমাকে গ্রহণ করিবে কৌশিকী দেবীর এতাদৃশ সগর্ব্ব বাক্য শ্রবণ করতঃ চিন্তিত হৃদয়ে কৌশিকীকে বলিল। কৌশিকি তোমার দেহ অতি কোমল, অপক্কপত্রজলে পতিত হইলে যেরূপ খণ্ড খণ্ড হয় সেই রূপ আমার অস্ত্রাঘাতে তোমার দেহ শতখণ্ডে বিভক্ত হইবে। এবম্বিধ চিন্তা করিয়া আমি তোমার হৃদয়ে প্রহার করিতে ইচ্ছাকরি নাই অতএব হে দীর্ঘলোচনে! তুমি এক্ষণে আমাকে স্বামিত্বে বরণকর। আমার খড়্গ প্রহার ইন্দ্র সহ্য করিতে পারেন না। অতএব এক্ষণে সংগ্রাম হইতে নিবর্ত্ত হইয়া আমার ভার্য্যা হও। নিশুম্ভের এতাদৃশ সগর্ব্বিত বাক্য শ্রবণে যোগেশ্বরী দেবী অতি গম্ভীরভাব প্রকাশ পূর্ব্বক ঈষৎহাস্য করিয়া নিশুম্ভকে বলিলেন হে দানববর! তুমি আমাকে সংগ্রামে পরাজয় করিতে পার নাই,

ইত্যেব মুক্তেবচনে খড়্গমুদ্যম্য দানবঃ।
প্রচিক্ষেপতদারোষাৎ কৌশিকীং প্রতিমারদঃ।
তমাপতন্তং নিস্ত্রিংশং ষড়্ভির্বর্হিণে রাজতৈঃ।
চিচ্ছেদ চর্ম্মণাসার্দ্ধং তদদ্ভুতমিবাভবৎ।
খড়্গেচর্ম্মণিবিছিন্নে গদাং গৃহ্যমহাসুরঃ।
সমাদ্রবৎকোশভবাং বায়ুবেগ সমোজবে।
তস্যাপততত্রবাশুকরৌশ্লিষ্টৌ সমৌদৃঢ়ৌ।
গদয়াসহচিচ্ছেদ ক্ষুরপ্রেণরণেঽম্বিকা।
তস্মিন্নি পতিতেরৌদ্রে সুরপুগভয়ঙ্করে।
ব্রহ্মাদ্যামাতরো হৃষ্টাশ্চক্রুঃ কিলকিলধ্বণিং।
গগণস্থাস্ততো দেবাঃ শতক্রতু পুরোগমাঃ।

অনুবাদ।

অতএব আমি কাহার ভার্য্যা হইব। যদি তুমি ভার্য্যাভিলাস করিণা থাক তবে আমাকে সংগ্রামে পরাজয় কর। কৌশিকী দেবী এইরূপ সাহঙ্কার বাক্য বলিলে দানববর তৎক্ষণাৎ এক তীক্ষ্ণধার খড়্গ উত্তোলনপূর্ব্বক কৌশিকী দেবীর প্রতি নিক্ষেপ করিল। দানবাস্ত্র সমাগত হইতেছে দেখিয়া কৌশিকী দেবী ময়ূরপক্ষরঞ্জিত ছয়টি বাণদ্বারা শুম্ভ দানবের চর্ম্মের সহিত খড়্গ ছেদ করিলেন দানব তাহাতে অতিশয় চমৎকৃত হইল। এবং খড়্গ চর্ম্ম খণ্ড খণ্ড হইল দেখিয়া কোষ নিষ্কাশিত এক ভয়ঙ্করী গদা গ্রহণপূর্ব্বক বায়ুবেগে কৌশিকীর প্রতি ধাবমান হইল। কৌশিকী দেবী ক্ষুরপ্র অস্ত্রদ্বারা দানবের দৃঢ় মুষ্টিবদ্ধ বাহুযুগলের সহিত গদা ছেদন করিয়া ভূমিতলে পাতিত করিলেন তখন দানব সমরাঙ্গনে পতিত হইল। সুরবৈরি নিশুম্ভ সমরে পতিত দেখিয়া ব্রাহ্মী প্রভৃতি মাতৃগণ হর্ষচিত্তে কিল কিল ধ্বণি করিতে লাগিলেন। এবং বিমানচারী ইন্দ্র প্রভৃতি দেবঃ

জয়ম্ববিজয়েত্যুচু হৃষ্টাশত্রৌ নিপাতিতে।
ততস্তূর্য্যাণ্যবাদন্ত ভূতসংঘৈঃ সমন্ততঃ।
পুষ্পবৃষ্টিঞ্চ মুমুচুঃ সুরাঃ কাত্যায়নীংপ্রতি।
নিশুম্ভং নিহতং দৃষ্ট্বা শুম্ভঃ কোপান্মহামুনে।
বৃন্দারকং সমারুহ্যপ্রাশপাণিঃ সমভ্যয়াৎ।
তমাপতন্তং দৃষ্ট্বাথ সগজং দানবেশ্বরং।
জগ্রাহ চতুরোবাণাং শ্চন্দ্রার্দ্ধাকারবর্চ্চসঃ।
ক্ষুরপ্রাভ্যাং সমৌ পাদৌচিচ্ছেদদ্বিপস্য সা।
দ্বাভ্যাং কুম্ভে জঘানাথহসন্তী লীলয়াম্বিকা।
নিকৃত্তাভ্যাং গজঃ পদ্ভ্যাং নিপপাতযথেচ্ছয়া।
শক্রবজ্র সমাক্রান্তং শৈলরাজ গিরৌ যথা।
তস্যাবর্জ্জিতনাগস্যশুম্ভস্যাভ্যুৎপতিস্যতঃ।

অনুবাদ।

গণ বলিতে লাগিলেন হে কৌশসম্ভবে দেবি! তুমি সংগ্রামে জয়ী হও। এবং ভূতগণ চতুর্দ্দিকে বাদ্যধ্বনি করিতে লাগিল, দেবগণ কাত্যায়নীর প্রতি পুষ্প বরিষণ করিতে লাগিলেন। হে তাপসবর! সমরাঙ্গনে ভ্রাতা নিশুম্ভ নিহত হইল দেখিয়া দানববর শুম্ভ অতিশয় ক্রোধে প্রাশাস্ত্র গ্রহণ পূর্ব্বক বৃহৎ গজারোহণে দেবীর প্রতি ধাবমান হইল, কৌশিকী দেবী মাতঙ্গারোহণে সমাগত দানবকে দেখিয়া অর্দ্ধচন্দ্রসদৃশ দেদীপ্যমান বাণচতুষ্টয় গ্রহণপূর্ব্বক দানবের প্রতি নিক্ষেপ করিয়া হস্তির চরণযুগল ছেদন করিলেন এবং অবলীলাক্রমে সহাস্য বদনে হস্তিকুম্ভে ক্ষুরপ্রঅস্ত্র নিক্ষেপ করিলেন, শৈলশিখরে ইন্দ্রের বজ্রপাত সদৃশ ছিন্নপদ করীন্দ্র ভূমিতলে পতিত হইল। দেবীর অস্ত্রাঘাতে করীবর পতিত হইল দেখিয়া দানবেন্দ্র তৎক্ষণাৎ লম্ফপ্রদান পূর্ব্বক পতিত হইল দেবী তৎক্ষণাৎ তীক্ষ্ণবাণদ্বারা কুণ্ডসা-

শিরশ্চিচ্ছেদ বাণেন কুণ্ডলালঙ্কৃতংশিবা।
চিন্নেশিরসি দৈত্যেন্দ্রো নিপপাত সকুঞ্জরঃ।
যথা সমহিষঃ ক্রৌঞ্চো মহাসেন সমাহতঃ।
শ্রুত্বাসুরাঃ সুররিপুর্নিহতো মৃড়ান্যা
সেন্দ্রাঃ সসূর্য্যমরুদশ্বিবসু প্রধানাঃ।
আগত্যতং গিরিবরং বিনয়াবনম্রা
দেব্যাস্তদাস্তুতি মিমাং সমুদীরয়ন্তুঃ॥

দেবাউচুঃ।

নমোস্তুতে ভগবতি পাপনাশনি
নমোস্তুতে সুররিপু দর্পনাশিনি।
নমোস্তুতে হরিহর রাজ্যদায়িনি
নমোস্তুতে মখভুজ রাজ্যকারিণি।

অনুবাদ।

লঙ্কৃত দানবের মস্তক চ্ছেদন করিলেন। তখন যাদৃশ মহিষের সহিত ক্রৌঞ্চকে মহাসেন বিনাশ করিয়াছিল তাদৃশ ছিন্ন মস্তক দানব কবীচয়ের সহিত সমরাঙ্গনে পতিত হইল। দেবগণ সকলে তখন সেই হিমালয়পর্ব্বতে উপস্থিত হইয়া ভক্তি সহকারে নম্রভাবে দেবীকে স্তব করিতে লাগিলেন। দেবগণ বলিলেন হে ভগবতি! হে পাপনাশিনি! তোমাকে আমরা নমস্কার করি হে দানব দর্পহারিণি! তোমাকে নমস্কার করি, হে হরিহর রাজ্যদায়িণী! তোমাকে নমস্কার করি,হে পুরন্দর রাজ্যদায়িনি! হে ত্রিদশ শত্রু ভয়নাশিনী! হে শত-মখপাদ সেবিতে! তোমাকে নমস্কার করি, হে মহিষাসুর সংহার কারিণী! তোমাকে নমস্কার করি,হে অষ্টাদশ ভুজধারিণী! তোমাকে নমস্কার করি, হে হরিহর ভাস্কর সেবিতে! তোমাকে নমস্কার করি, হে শুম্ভ নিশুম্ভনাশিনি! হে লোকার্ত্তি হরে! হে ত্রিশূল ধারিণী! তোমাকে নমস্কার করি, হে নারায়ণি! হে চক্রধারিণি!

নমোস্তুতে ত্রিদশরিপুভয়ঙ্করি
নমোস্তুতে শতমখ পাদপুজিতে।
নমোস্তুতে মহিষ বিনাশকারিণী
নমোস্তুতে হরিহর ভাস্করসেবিতে।
নমোস্তুতেষ্টা দশবাহুশালিনী
নমোস্তুতে শুম্ভ নিশুম্ভ ঘাতিনি।
নমোস্তুতেলোকার্ত্তি হরে ত্রিশূলিনি
নমোস্তু নারায়ণি চক্রধারিণি।
নমোস্তু বারাহি সদাধরাধরে
ত্বাং নারসিংহি প্রণতা নমোস্তুতে।
নমোস্তুতে বজ্রধরে গজধ্বজে
নমোস্তু কৌমারি ময়ুরবাহিনী।
নমোস্তু বিশ্বেশ্বরিপাহিবিশ্বং
নমোস্তু মালাবিকটে স্নকেশিনি।
নমোস্তুতে রাসভপৃষ্ঠ বাহিনি
নমোস্তু সর্ব্বার্ত্তিহরে জগন্ময়ে।
নমোস্তু বিশ্বেশ্বরিপাহি বিশ্বং
নিসূদয়ারীন্ দ্বিজ দেবতানাং।

অনুবাদ।

হে বারাহি! হে ধরাধরে! হে কোমারি! হে ময়ূরবাহিনি! তোমাকে নমস্কার করি, হে হংসবাহিনি ব্রহ্মাণি! হে বিকট মালা ধারিণি সুকেশিনি তোমাকে নমস্কার করি, হে গর্দ্দভ পৃষ্ঠবাহিনি! হে ক্লেশহারিণি জগন্ময়ি তোমাকে নমস্কার করি, হে বিশ্বেশ্বরি তুমি দেব দ্বিজগণের শত্রুবিনাশন পূর্ব্বক বিঘ্ননাশক কর। হে সর্ব্বরূপিণি বরদে ত্রিনয়নি তোমাকে নমস্কার করি তুমি প্রসন্না হও। তুমি

নমোস্তুতে সর্ব্বময়ে ত্রিনেত্রে নমো নমোস্তে বরদে প্রসীদ।
ব্রাহ্মীচত্বং মৃড়ানীবর শিখিগমনাশক্তি হস্তা কুমারী।
বরাহাত্বং সচক্রা খগপতি গমনাবৈষ্ণবীত্বং সশাঙ্গী।
দুর্দৃশ্যা নারসিংহীঘুরঘুরিত রবাত্বং তথৈন্দ্রী সবজ্রা।
ত্বং মারী চণ্ডমুণ্ডাপরগমনরতা যোগসিদ্ধা নমস্তে।

ওঁ নমস্ত্রিনেত্রে ভগবতি তবচরণানু
স্মৃতাজয় হরিহরবিরতাঃ শিরোহিবনতাঃ।
নহি নহি পরিভব মস্ত্যশুভং বা
স্তুতি বলিকুসুম করাঃ সততং যে।
এবংস্তুতা সুরবরৈঃ সুরশত্রুনাশিনী
প্রাহ প্রহস্য সুরসিদ্ধ মহর্ষি বর্য্যান্।
প্রাপ্তোময়াদ্ভুত তমোভবতাং প্রসাদাৎ
সংগ্রাম মূর্দ্ধ্নি সুরশত্রুজয়ঃ প্রমর্দ্দাৎ।

অনুবাদ।

ব্রহ্মাণী তুমি মৃড়াণী তুমি ময়ূরবাহিনী শক্তিহস্তা কুমারী তুমি চক্রধারিণ বারাহী তুমি শার্ঙ্গধারিণী খগেন্দ্র বাহিনী বৈষ্ণবী তুমি দুষ্প্রেক্ষ্যমানা বারাহী ঘুরঘুরিত রবা তুমি বজ্রহস্তা ইন্দ্রাণী। তুমি চণ্ডমারী তুমি যোগসিদ্ধা তোমাকে নমস্কার করি। হে ত্রিনয়নী ভগবতি! তোমাকে নমস্কার করি, যে জনগণ তোমার পাদপঙ্কজ অনুধ্যান পূর্ব্বক হরিহরে রত হয় তাহাদিগের জয় হউক। যে প্রাণিগণ পুষ্প পুজোপহার গ্রহণপূর্ব্বক আপনাকে স্তব করে তাহাদিগের কখন পরাভব এবং অশুভ হয় না। দেবগণ এইরূপ স্তব করিলে অমরারি হন্ত্রীকাত্যায়নী দেবী সহাস্য বদনে দেবগণ মহর্ষিগণ এবং সিদ্ধগণকে বলিলেন। দেবগণ তোমাদিগের প্রসাদে এই সংগ্রামস্থলে প্রচণ্ড দানবগণকে পরাজয় করিয়াছি। আপনারা আমাকে

ইমাং স্তুতিং ভক্তি পরানরো ওমা
ভবদ্ভিরুক্তামনু কীর্ত্তয়ন্তি।
দুঃস্বপ্ননাশোভবিতানসং শয়ো
বর স্তথান্যোব্রীয়তামভীপ্সিতঃ।

দেবা ঊচুঃ।

যদি বরদাভবতীত্রিদশানাং দ্বিজ শিশুগোষু যতস্বহিতায়।
পুনরপি দেবরিপূন্ পরত্বং প্রদহহুতাশন তুল্যশরীরে॥

দেব্যুবাচ।

ভূয়োভবিষ্যাম্য সৃগুক্ষিতাননাহবমেনস্বেদজলোদ্ভবাঃ সুরাঃ।
অন্ধাসুরস্যাপ্রতিঘোষণেন নাম্না প্রসিদ্ধাভুবনেষু চর্চ্চিকা।
ভূয়োবধিষ্যামি সুরারি মুত্তমং সংভূয়নন্দস্য গৃহে যশোদয়া।
তং বিপ্রচিত্তং লবণন্তথাপরৌ শুম্ভং নিশুম্ভং দশনপ্রহারিণী।
ভূয়ঃ সুরাস্তিষ্য যুগেবিবাশনাংনিরীক্ষ্য মারীঞ্চগৃহেশতক্রতোঃ।

অনুবাদ।

যে স্তব করিলেন এই স্তব ভক্তিপূর্ব্বক যেজন কীর্ত্তন করিবেক তাহাদিগের দুঃস্বপ্ন বিনাশ হইবে তোমরা এক্ষণে অভীষ্ট বর গ্রহণ কর। দেবগণ বলিলেন, ভগবতী যদি আপনি দেবগণের বরদাতা হইয়া থাকেন তবে ব্রাহ্মণ গাভী এবং শিশুগণের মঙ্গল সাধন করুন্ তাহাতে আমাদিগের উপকার হইবে পুনর্ব্বার বলিলেন আপনি অগ্নি সদৃশ দেহধারণপূর্ব্বক শত্রুগণকে দগ্ধ করিবেন। দেবী বলিলেন হে দেবগণ! আমি পুনর্ব্বার অন্ধাসুরের যুদ্ধে দেবগণের স্বেদজল সম্ভূতা হইব আমার মুখ রক্তবর্ণ হইবে তখন ত্রিভুবনে আমার চর্চ্চিকা নাম কীর্ত্তন করিবে। পুনর্ব্বার নন্দালয়ে যশোদার গর্ভে জন্ম গ্রহণ করিয়া দশনপ্রহারে দেবগণের শত্রু বিপ্রচিত্ত, লবণ, শুম্ভ ও নিশুম্ভকে বিনাশ করিব। হে দেবগণ!

সংভুয়দেব্যামিত সত্যধাময়াসুরা ভরিষ্যামি চ শাকম্ভরীতি।
ভুয়োপি যজ্ঞয়ণায় দেবাবিন্ধ্যে ভবিষ্যাম্যৃষি রক্ষণার্থং।
দুর্বৃত্ত চেষ্টান্ বিনিহত্য দৈত্যান্ ভুয়ঃ সমেষ্যামি সুরালয়ংহি।
যদারুণাখ্যো ভবিতা মহাসুরস্তদা ভবিষ্যামিহিতায় দেবাঃ।
মহালিরূপেণ বিনষ্টজীবিতং কৃত্বা সমেষ্যামি পুনস্ত্রিপিষ্টপং।
ইত্যেব মুক্ত্বাবরদা সুরাণাং কৃত্বা প্রণামং দ্বিজপুঙ্গবানাং।
বিসর্জভূতা নিজগামদেবী খং সিদ্ধসংঘৈরনুগম্যমানা।
ইদং পুরাণং পরমং পবিত্রং দেব্যাজয়ং মঙ্গলদায়ি পুংসাং।
শ্রোতব্যমেতন্নিয়তৈঃ সদৈব ক্লেশঘ্নমেতদ্ভগবানুবাচ॥

ইতি বামনপুরাণে ভৈরব প্রাদুর্ভাবে শুম্ভনিশুম্ভ বধোনামা সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

সত্যযুগে মাবীবাশনা পূর্ণ না হইলে আমি ইন্দ্রালয়ে জন্ম গ্রহণ করিব। পুনর্ব্বার অমিত সত্য ধামা দেবীতে জন্ম গ্রহণ করিব তখন আমার নাম শাকম্ভরী হইবে। পুনর্ব্বার যাগযজ্ঞ এবং ঋষিগণের রক্ষার জন্য বিন্ধ্যপর্ব্বতে জন্ম গ্রহণ করিব। পুনর্ব্বার দেবালয়ে জন্ম গ্রহণ করিয়া দুর্বৃত্ত অনিষ্টকারী দানবগণকে বিনাশ করিব। পুনর্ব্বার যে সময়ে অরুণাক্ষ মহাসুর জন্ম গ্রহণ করিয়া দেবগণকে উপদ্রুত করিবে সেইকালে জগতের হিতার্থে বৃহৎ ভ্রমররূপ ধারণ করিয়া জগতের অসংখ্য প্রাণি বিনাশ করতঃ সুরলোকে গমন করিব। বরদা দেবী দেবগণকে এইরূপ বলিয়া এবং দ্বিজবর্গ ব্রাহ্মণগণকে নমস্কার করতঃ ভূতগণ পরিত্যাগপূর্ব্বক গগণমার্গে গমন করিলেন। এই অতি পবিত্র পুরাণ যেজন শ্রবণ করে দেবী ভগবতী তাহার ও মঙ্গল প্রদান করেন এবং তাহার নিয়ত ক্লেশ বিনষ্ট হয় ভগবান বলিয়াছেন।

ইতি বামনপুরাণে সপ্তবিংশতিতম অধ্যায় সমাপ্ত।

অষ্টাবিংশতিঽধ্যায়ঃ ।

নারদ উবাচ ।

কথং সমহিষঃ ক্রৌঞ্চো ভিন্নঃ স্কন্দেন সুব্রত ।
এতন্মেবিস্তরাদ্ব্রহ্মন্ প্রব্রবীহ্যমিতদ্যুতে ॥

পুলস্ত্যউবাচ ।

শৃণুষ্বকথয়িষ্যামি কথাং পুণ্যাং পুরাতনীং ।
যশোবৃদ্ধিং কুমারস্য কার্ত্তিকেয়স্য নারদ ।
যত্তৎপীতং হুতাশেনস্কন্দং শুক্রং পিনাকিনঃ ।
তেনাক্রান্তোভবৎ ব্রহ্মন্মন্দতেজা হুতাশনঃ ।
ততোজগাম দেবানাং সকাশ মমিতদ্যুতিঃ ।
তৈশ্চাপি প্রহিতস্তূর্ণং ব্রহ্মলোকং জগাম হ ।
সগচ্ছন্ কুটিলাং দেবীং দদর্শ পথিপাবকঃ ।
তাং দৃষ্ট্বাপ্রাহ কুটিলে তেজোঽয়ং মমদুর্দ্ধরঃ ।

অনুবাদ ।

নারদ জিজ্ঞাসা করিলেন। হে সুব্রত ! হে অমিত দ্যুতে ! হে ব্রহ্মণ ! কি প্রকারে কার্ত্তিকেয় ক্রৌঞ্চ মহিষকে বিভিন্ন করিয়া দিলেন তাহা আমাকে বিস্তার পূর্ব্বক বর্ণন করুন্ । পুলস্ত্য বলিলেন। হে নারদ ! কুমার কার্ত্তিকের যশোবৃদ্ধি পুরাতনী পুণ্য জনিকা উপাখ্যান আমি বলিব তুমি শ্রবণ কর। হে ব্রহ্মন্ ! যখন পিণাকী বৃষধ্বজের প্রভূত শুক্র হুতাশন পান করিয়া ক্রমশঃ হুতভুক্ ক্ষীণবীর্য্য হইয়াছিলেন। তখন হুতাশন চিন্তিত হইয়া দেবগণের নিকট গমন করিলেন। দেবগণ সকলে হুতাশনকে বলিলেন তুমি শীঘ্র ব্রহ্মলোকে গমন কর। অনন্তর হুতাশন দেবগণের নিকট হইতে ব্রহ্মলোকে গমন করিতেছেন পথিমধ্যে পর্ব্বতনন্দিনী মানসিকা কুটিকা দেবীকে দর্শন করিয়া বলিলেন কুটিলে তুমি আমার

মহেশ্বরেণ সংত্যক্তোনিদহেদ্ভুবনান্যপি।
তস্মাৎপ্রতীচ্ছপুত্রোয়ং তবপুণ্যো ভবিষ্যতি।
ইত্যগ্নিনাসাকুটিলা শ্রুত্বাস্বমতমুত্তমং।
প্রাক্ষিপস্বাননেমম প্রাহুর্বহ্নিং মহাভগা।
ততস্ত্বধারয়দ্দেবীশার্বন্তেজ স্ত্বপুপুরং।
হুতাশনোপিভগবান্ কামচারী পরিভ্রমন্।
পঞ্চবর্ষ সহস্রাণি ধৃতবান্ হব্যভুক্ ততঃ।
মাংসমস্থানি রুধিরং মেদোন্ত্রিরেতসীত্বচং।
রোমশ্মশ্রুকুক্ষিকেশাদ্যাঃ সর্ব্বেজাতাহিরণ্ময়াঃ।
হিরণ্যরেতা লোকেস্মিন্ গীয়তে তেনপাবকঃ।
পঞ্চবর্ষ সহস্রাণি কুটিলাস্বলনোপমং।

অনুবাদ।

এই তেজ ধারণ কর। শঙ্করের এই তেজ ত্রিভুবন দগ্ধ করিতেছে। অতএব তুমি এই তেজ ধারণ কর এই তেজ হইতে তোমার সন্তান প্রভূত এবং পুণ্য হইবে। হুতাশনের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া কুটিলা অনলকে বলিলেন তুমি আমার মুখে ঐ বীর্য্য নিক্ষেপ কর বলিয়া অনলের নিকট হইতে তেজ ধারণ করিলেন ক্রমশঃ ঐ তেজ বৃদ্ধি পাইতে লাগিল। হুতাশন ইচ্ছামত ভ্রমণ করিতে লাগিলেন। হুতাশন শঙ্করের তেজ পঞ্চ সহস্র বর্ষ ধারণ করিয়া কুটিলাকে প্রদান করিয়াছিলেন। একদিন কুটিলা মহা-নদীতে তপস্যা করিতেছেন এমত সময়ে পদ্মজন্মা ব্রহ্মা কুটিলাকে অবলোকন করিয়াছিলেন। ঐ হুতাশন প্রদত্ত তেজ ক্রমশঃ কুটিলার গর্ভে মাংস অস্থি শোণিত শুক্র মেদ চর্ম্ম রোম শ্মশ্রু কুক্ষি কেশাদি সুবর্ণবর্ণ সম্ভূত হইল এজন্য ত্রিলোকমধ্যে হুতাশনের নাম হিরণ্য-রেতা হইল। কুটিলা অগ্নি সদৃশ সেই তেজ পঞ্চ সহস্র বর্ষ ধারণ

ধারয়ন্তী তদাগর্ভং ব্রহ্মণঃ স্থানমাগতা ।
তাং দৃষ্টবান্ পদ্মজন্মা সংতপ্যন্তীং মহাপগাং ।
দৃষ্ট্বাপপ্রচ্ছকেনায়ং তবগর্ভঃ সমাগতঃ ।
সাচাহশঙ্করং যত্তচ্ছুক্রং পীতং হি বহ্নিনা ।
তদসক্তেন তেনাদ্য নিক্ষিপ্তংময়ি সত্তম ।
পঞ্চবর্ষ সহস্রাণি ধারয়ামি পিতামহ ।
গর্ভস্য বর্ত্ততেকীলো নচাচ্যবত কর্হিচিৎ ।
তৎ শ্রুত্বা ভগবানাহ গচ্ছত্বং মন্দরং গিরিং ।
তত্রাস্তি যোজনশতং রৌদ্রং শরবনং মহৎ ।
তত্রৈনংক্ষিপসুশ্রোণি বিস্তীর্ণে গিরিসানুনি ।
দশবর্ষ সহস্রান্তে ততোবালো ভবিষ্যতি ।
সাশ্রুত্বাব্রহ্মণোবাক্যং রূপিনী গিরিমাগতা ।
আগত্যগর্ভং তত্যাজ সুখেনৈবাদ্রি নন্দিনী ।
সাতু সংত্যজ্যতং বালং ব্রহ্মাণং সহসাগমৎ ।
আপোময়ী মন্ত্রবশাৎ সংজাতাবুটিলাসতী ।

অনুবাদ ।

করিয়া ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন । পদ্মযোনি ব্রহ্মা এক দিবস কুটিলাকে মহানদীতে তপস্যা করিতে দেখিয়াছিলেন । একণে সেই কুটিলাকে অবলোকন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেম তোমার গর্ভে কে সমাগত হইয়াছে কুটিলা বলিল শঙ্করের তেজ হুতাশন পান করিয়াছিলেন পরে ধারণে অসমর্থ হইয়া আমাকে প্রদান করিয়াছেন । হে পিতামহ ! আমি ঐ তেজ পঞ্চ সহস্র বর্ষ ধারণ করিয়াছি । আমার গর্ভে কে আছেন কিছুতেই বহির্গত হন না । কুটিলার এইরূপ বাক্য শ্রবণ করতঃ পদ্মজন্মা বলিলেন তুমি মন্দর পর্ব্বতের সানুপ্রদেশে শরবনে গর্ভ নিঃসরণ কর । দশ সহস্র বর্ষান্তে বালক

তেজসা চাপিশার্ব্বেণ রৌক্ম্যং শরবনোঽভবৎ।
তন্নিবাসরতাশ্চাপি পাদপা মৃগপক্ষিণঃ।
ততোদশসু পূর্ণেষু শরৎসুচগতেষ্বত।
বালার্কদীপ্তিঃ সংজাতোবালঃ কমলোচনঃ।
উত্তানশায়ী ভগবান্ দিব্যোশরবনেস্থিতঃ।
ততঃ শরবনেবালং রুদন্তং বীক্ষ্যকীর্ত্তিকা।
কৃপাযুক্তাঃ সমাজগ্মুর্যত্রস্কন্দঃ স্থিতোভবৎ।
অহং পূর্ব্বমহং পূর্ব্বং তস্মিন্‌বালেতি চুক্রুশুঃ।
বিবদন্তীঃ সতাদৃষ্ট্বা ষণ্মুখঃ সমজায়তঃ।
অবীভবংশ্চতাঃ সর্ব্বাঃ শিশুস্নেহাচ্চ কৃর্ত্তিকাঃ।
ব্রিয়মানঃ স তাভিস্তুকালে বৃদ্ধিমগান্মুনে।

অনুবাদ।

নির্গত হইবে। ব্রহ্মার এই কথা শ্রবণ করিয়া কুটিলা সেই পর্ব্বত সানুদেশে শরবনে গমন করিলেন। সেই পর্ব্বত সানুদেশ তরুলতা মৃগ পক্ষিগণে আকীর্ণ। অনন্তর দশ সহস্র বর্ষ পূর্ণ এবং শরৎকাল অতীত হইলে বালার্ক সদৃশ দেদীপ্যমান কমলাক্ষ সেই বালক জন্ম গ্রহণ করিলেন অনন্তর সেই শরবনে উত্তানশায়ী ভগবান অবস্থিতি করিতে ছিলেন। তদনন্তর সেই শরবনে বালকের রোদন ধ্বনি শ্রবণ করিয়া কৃত্তিকা দেবী প্রভৃতি ছয়জনে দয়ার্দ্র চিত্তে যে স্থানে সেই বালক ছিল সেই স্থানে গমন করিলেন। সেই শরবনে রোরুদ্যমান বালককে আমি অগ্রে দর্শন করিয়াছি এই কথার আন্দোলনে ছয়জনে পরস্পর বিষম বিবাদ উপস্থিত হইল, বালক পরস্পরের বিবাদ অবলোকন করতঃ ষণ্মুখ ধারণ করিলেন। বালকের স্নেহ প্রযুক্ত কৃত্তিকা প্রভৃতি দেবীগণ সকলে ধারণ করিয়া ছিলেন এবং সকলে ঐ বালককে বর প্রদান করিলেন তুমি,

কার্ত্তিকেয়েতি বিখ্যাতোজাতঃ স বলিনাম্বরঃ।
এতস্মিন্নন্তরেব্রহ্মা পাবকং প্রাহপদ্মজঃ।
কিয়ৎপ্রাণঞ্চপুত্রস্তে বর্ত্ততে সাম্প্রতং গুহঃ।
সতদ্বচনমাকর্ণ্য অজানংস্তং হরাত্মজং।
প্রোবাচ পুত্রং দেবেশ নবেদ্মিকতমোগুহঃ।
তং প্রাহভগবান্যত্তু তেজঃ পীতং পুরাত্বয়া।
ত্রৈয়ম্বকং ত্রিলোকেশজাতঃ শরবনে শিশুঃ।
শ্রুত্বা পিতামহ বচঃ পাবকস্ত্বরিতোহভ্যগাৎ।
বেদিনং মেসমারুহ্য কুটিলাতং দদর্শহ।
তত্ত পপ্রচ্ছ কুটিলা শীঘ্রং ত্বং ব্রজসেকথং।
সোহব্রবীৎ পুত্র দৃষ্ট্যর্থং জাতঃ শরবনেশিশুঃ।

অনুবাদ।

বাল্যকালে অতি বলবান বীর পুরুষ হইবে। এবং অদ্যাবধি তোমার নাম কার্ত্তিকেয় হইল। এই সময়ে এক দিবস ব্রহ্মা হুতাশনকে অবলোকন পূর্ব্বক বলিলেন। কিছুকাল তোমার পুত্র গুহ জন্ম গ্রহণ করিয়াছেন। ব্রহ্মা এই কথা বলিলে হুতাশন শঙ্করের সন্তান বিবেচনা না করিয়া ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন। হে দেবেশ! সেই বালক কোথায় আছে। তখন ব্রহ্মা বলিলেন তুমি পূর্ব্বকালে শঙ্করের যে তেজ পান করিয়াছিলে ঐ ধূর্জ্জটির তেজ হইতে শরবনে এক শিশু জন্ম গ্রহণ করিয়াছেন। হুতাশন পিতামহের এবম্বিধ বাক্য শ্রবণ মাত্রে তৎক্ষণাৎ সেই শরবনে গমন করিলেন। অগ্নি পর্ব্বতের সানুদেশ আরোহণ পূর্ব্বক কুটিলার নিকট বর্ত্তী হইলে কুটিলা অগ্নিকে অবলোকন করিয়া বলিল তুমি এস্থান হইতে গমন কর। অগ্নি বলিলেন শরবনে যে শিশু জন্ম গ্রহণ করিয়াছেন তাহাকে দেখিবার জন্য আসিয়াছি। কুটিলা

সাব্রবীত্তনয়োমহ্যং মমেত্যাহ চ পাবক।
বিবদন্তৌ দদর্শাথ স্বেচ্ছাচারী জনার্দ্দনঃ।
তৌপপ্রচ্ছ কিমর্থং বা বিবাদমিহ চক্রতুঃ।
তমূচতুঃ পুত্রহেতো রুদ্রশুক্রভবায়তু।
তাবুবাচ হরির্দ্দেবো গচ্ছধ্বং ত্রিপুরান্তকং।
সযদ্বক্ষ্যতি দেবেশ স্তৎ কুরুধ্বমসংশয়ং।
ইত্যুক্তৌ বাসুদেবেন কুটিলাগ্নি হরান্তিকং।
সমভ্যেত্যোচতুস্তথ্যং কস্যপুত্রেতি নারদ।
রুদ্রস্তদ্বাক্যমাকর্ণ্য হর্ষনির্ভরমানসঃ।
দিষ্ট্যাদিষ্ট্যেতি গিরিজাং প্রোদ্ভূতপুলকোঽব্রবীৎ।
ততোঽম্বিকা প্রাহ হরং দেবগচ্ছামিতং শিশুং।

অনুবাদ।

বলিল সে তনয় আমার অগ্নি বলিলেন আমার তনয় এই কথাক্রমে উভয়ের ভয়ঙ্কর বিবাদ উপস্থিত হইল। তখন স্বেচ্ছাচারী চক্রধারী ভগবান তাহাদিগকে জিজ্ঞাসা করিলেন তোমরা উভয়ে কি নিমিত্ত বিবাদ করিতেছ তাহারা ভগবান চক্রপাণিকে বলিল রুদ্র বীর্য্য সম্ভূত এই পুত্রের নিমিত্ত বিবাদ হইতেছে। তখন ভগবান হৃষীকেশ তাহাদিগকে বলিলেন তোমরা উভয়ে শঙ্করের নিকট গমন কর। সেই দেবাদিদেব শঙ্কর যাহার তনয় বলিলেন এ সন্তান তাহার হইবে। ভগবান গদাধর এই কথা বলিলে তখন অগ্নি ও কুটিলা দুইজন শঙ্করের নিকট গমন করিল। হে নারদ! এবং শঙ্করকে জিজ্ঞাসা করিল ভগবন্ এ তনয় কাহার। শঙ্কর তাহাদিগের এই কথা শ্রবণ মাত্রে সহর্ষ চিত্তে গৌরীকে আদ্যোপান্ত বলিলেন। শঙ্করী তখন শঙ্করের বাক্য শ্রবণ করিয়া বলিলেন হে দেব! আমি সেই শিশুর নিকট গমন করিব এবং

দৃষ্ট্বা সমাশ্রয়েয়ংহি তস্য পুত্রোভবিষ্যতি।
বাঢ়মিত্যেব ভগবান্ সমুত্তস্থৌ বৃষধ্বজঃ।
সহোমরা কুটিলয়া পাবকেন চ ধীমতা।
সংপ্রাপ্তস্তচ্ছরবনং হরাগ্নি কুটিলাম্বিকাঃ।
দদৃশুঃ শিশুকংতঞ্চ কৃত্তিকোৎসঙ্গশায়িনং।
ততঃ সবালকস্তেষাং জ্ঞাত্বাচিন্তিত মাদরাৎ।
যোগী চতুর্মূর্ত্তিরভূৎষণ্মুখঃ সশিশু স্তয়ি।
কুমারঃ শঙ্করমগাৎ বিশাখো গৌরী মাগমৎ।
কুটিলামাগমৎ শাখো নিগমেষোগ্নি মভ্যগাৎ।
ততঃ প্রীতিযুতো রুদ্রউবাচ কুটিলাং তথা।
পাবকশ্চাপি দেবেশঃ পরাং মুদমবাপহ্।
ততোহব্রুবন্ কৃত্তিকাস্তাঃ ষণ্মুখঃ কিং হরাত্মজঃ।
তানব্রবীদ্বচঃ প্রীত্যাবিশাখো বচনং মুনে।
নাম্নাপি কার্ত্তিকেয়েতি যুষ্মাকং তনয়স্ত্বসৌ।

অনুবাদ।

অবলোকন পূর্ব্বক গ্রহণ করিব সে তোমার পুত্র হইবে। শঙ্করীর কথা শ্রবণ করিয়া শঙ্কর বলিলেন তাহাই হইবে এই কথা বলিয়া শঙ্কর গাত্রোত্থান করিলেন। তুমি আমি কুটিলা ও পাবক সকলে সেই স্থানে যাইব। অনন্তর শঙ্কর শঙ্করী কুটিলা ও পাবক সকলে সেই পর্ব্বতের সানুদেশে শরবনে গমন করিলেন। দেখিলেন ঐ বালক কৃত্তিকার অঙ্কে শয়ন করিয়া স্তনপান করিতেছে। তখন রুদ্র অতি সন্তোষের সহিত কুটিলাকে বলিলেন। পরে হুতাশন ও রুদ্র উভয়ে সাতিশয় সন্তোষ লাভ করিলেন। তদনন্তর কৃত্তিকা প্রভৃতি সকলে বলিল ষড়ানন কি শঙ্করের তনয়। তখন বিশাখ তাহা-দিগকে বলিল। এই সন্তান তোমাদিগের এজন্য এই তনয়ের নাম

কুটিলায়াং কুমারিত্তে পুত্রোহয়ং ভবিতাত্বথঃ।
স্কন্দইত্যেবাবিখ্যাতো গৌরীপুত্রোভবত্যসৌ।
গুহইত্যেব নাম্নাচ মমাসৌ তনয়ঃ স্মৃতঃ।
মহাসেন ইতিখ্যাতঃ সুতঃ শরবনস্য চ।
এবমেষ মহাযোগী পৃথিব্যাং খ্যাতিমেষ্যতি।
ষড়াস্যত্বান্মহাবাহুঃ ষণ্মুখো নামগীয়তে।
ইত্যেবমুক্ত্বাভগবান্ শূলপাণিঃ পিতামহং।
সস্মারদৈবতৈঃ সার্দ্ধং তেপ্যাজগ্মুস্ত্বরান্বিতাঃ।
প্রণিপত্যচ কামারি মুমাঞ্চগিরিনন্দিনীং।
দৃষ্ট্বাহুতাশনং প্রীত্যাঃ কুটিলাং কৃত্তিকাং তথা।
দদৃশুর্বালমত্যুগ্রং ষণ্মুখং সূর্য্যসন্নিভং।
মুষ্ণন্তমিবচক্ষুংষি তেজসা স্বেন দেবতাঃ।

অনুবাদ।

কার্ত্তিকেয় হইল। কুটিলার পুত্র এজন্য এই বালকের নাম কুমার হইল। গৌরীর পুত্র এজন্য এই বালকের স্কন্দ নাম হইল। আমার তনয় এজন্য ইহার নাম গুহ হইল। অগ্নির তনয় এজন্য এর নাম মহাসেন হইল। এই শিশু শরবনে জন্ম গ্রহণ করিয়াছিল এজন্য এর নাম শরজন্মা হইল। এই শিশু পৃথিবীতে মহাযোগী নামে বিখ্যাত হইবে। ছয়মুখ এজন্য এই বালকের নাম ষণ্মুখ হইল। অনন্তর এই সকল কথা শূলপাণি শঙ্কর পিতামহকে বলিয়াছিলেন। অনন্তর শঙ্কর দেবগণকে স্মরণ করিলেন দেবগণ অনতি বিলম্বে তথায় উপস্থিত হইল। এবং শঙ্কর ও শৈলনন্দিনী উমাকে প্রণতিপূর্ব্বক হুতাশন কুটিলা এবং কৃত্তিকাকে দর্শন করিলেন। পরে স্বীয় তেজে সূর্য্য সদৃশ তেজবিশিষ্ট লোচনদ্বয় অতি উগ্র আদিত্য সদৃশ তেজঃ পুঞ্জ কলেবর বালককে দেবগণ দর্শন করিয়া

কৌতুকাভিবৃতাঃ সর্ব্বএবমাহুঃ সুরোত্তমাঃ।
দেবকার্য্যং ত্বয়াদেবকৃতং দেব্যাগ্নিনা তথা।
তদুত্তিষ্ঠ ব্রজামোদ্য তীর্থ মৌজসত্তমুমং।
কুরুক্ষেত্রে সরস্বত্যা মভিষিঞ্চামিষণ্মুখং।
সেনায়াঃ পতিরস্ত্বেব দেবগন্ধর্ব্ব কিন্নরাঃ।
মহিষং ঘাতয়ত্যেষ তারকঞ্চ সুদারুণং।
বাঢ়মিত্য ব্রবীৎ শর্ব্বঃ সমুত্তস্থুঃ সুরাস্ততঃ।
কুমার সহিতাজগ্মুঃ কুরুক্ষেত্রং মহাফলং।
তত্রৈনং দেবতাঃ সেন্দ্রারুদ্র ব্রহ্মজনার্দ্দনাঃ।
ষণ্মুখস্যাভিষেকার্থং চক্রুর্মুনিগণৈঃ সহ।
ততোঽম্বুনা সপ্তসমুদ্র বাহিনা নদী জলেনাপি মহাফলেন।
বনৌষধিস্বেব সহস্র মূর্ত্তিভিস্তদাভ্যষিঞ্চন্তকরাচ্যুতাদ্যাঃ।

অনুবাদ।

কৌতুকাবিষ্ট চিত্তে শঙ্করকে বলিলেন। হে দেব! আপনি শৈল-নন্দিনী দেবী এবং হুতাশন আপনারা দেবগণের জন্য কষ্ট সাধন করুন্। তবে এক্ষণে আপনারা গাত্রোত্থানপূর্ব্বক অদ্য মহাতীর্থ কুরুক্ষেত্রে এবং সরস্বতীতে গমন করিয়া ষড়াননের সেনা-পতিত্বে অভিষেক করিব। তখন দেবগণ গন্ধর্ব্ব ও কিন্নরগণ সকলে বলিল ষড়ানন দেব সেনাপতি হউন। এই মহাবীর ষড়ানন মহিষাসুর এবং অতি সুদারুণ তারকাসুরকে বিনাশ করিবেন। শঙ্কর এবং দেবগণ সকলে গাত্রোত্থানপূর্ব্বক বলিলেন এই মহাবীর আপনাদের অভিমত কার্য্য সম্পাদন করিবেন। অনন্তর দেবগণ কুমারের সহিত মহাতীর্থ কুরুক্ষেত্রে গমন করিলেন। সেই মহা-তীর্থে দেবগণ ইন্দ্র রুদ্র ব্রহ্মা এবং জনার্দ্দন তাপসগণের সহিত কুমারের অভিষেকের নিমিত্ত সপ্ত সমুদ্রের জল এবং স্রোত-

অভিষিচ্যত সেনানীং কুমারংদিব্যরূপিণং।
জগুর্গন্ধর্ব্বপতয়োননৃতুশ্চাপ্সরো গণাঃ।
অভিষিক্তং কুমারংহি গিরিপুত্রী নিরীক্ষচ।
স্নেহাত্তমঙ্কগংস্কন্দং মূর্দ্ধাজিঘ্রন্মুহুর্ম্মুহুঃ।
জিঘ্রতীকার্ত্তিকেয়স্য অভিষেকার্দ্রমাননং।
ভাত্যদ্রিজা দেবমাতা যথেন্দ্রস্যাদিতিস্তথা।
তদাভিষিক্তং তনয়ং দৃষ্ট্বা শর্ব্বোমুদং যযৌ।
পাবকঃ কৃর্ত্তিকাশ্চৈব কুটিলাচ যশস্বিনী।
ততো ভিষক্তস্যহরঃ সেনাপত্যেগুহস্যতু।
প্রমথাংশ্চতুরঃ প্রাদাচ্ছক্র তুল্য পরাক্রমান্।
ঘণ্টাকর্ণং লোহিতাক্ষং নন্দিসেনঞ্চ দারুণং।
চতুর্থং বলিনাং মুখ্যং খ্যাতং কুমুদমালিনং।

অনুবাদ।

স্বতী জল এবং নারিকেল প্রভৃতি মহাফল এবং বনৌষধি প্রভৃতি নানাদ্রব্য আনয়নপূর্ব্বক ষড়াননের অভিষেক করিলেন। তখন গন্ধর্ব্বগণ সুস্বরে গান করিতে লাগিল অপ্সরাগণ বাদ্য করিতে লাগিল। শৈলনন্দিনী অভিষিক্ত কুমারকে অবলোকন করিয়া সাতিশয় স্নেহপ্রযুক্ত ক্রোড়ে গ্রহণপূর্ব্বক বারম্বার মস্তকাঘ্রাণ ও আননাঘ্রাণ করিতে লাগিলেন। দেবমাতা অদিতি ইন্দ্রকে ক্রোড়ে লইয়া যাদৃশী শোভা পাইয়া ছিলেন গিরিজা দেবী কুমারকে অঙ্কে লইয়া তাদৃশী শোভা পাইলেন। এবং শঙ্কর অভিষিক্ত তনয় কুমারকে অবলোকন করিয়া অতিশয় আনন্দানুভব করিলেন। এবং হুতাশন কৃত্তিকা ও কুটিলা অভিষিক্ত তনয়কে দেখিয়া অতিশয় হর্ষ প্রকাশ করিলেন। পরে শঙ্কর সেনাপতিত্বে অভিষিক্ত কুমারকে ইন্দ্রতুল্য পরাক্রমশালী ঘণ্টাকর্ণ লোহিতাক্ষ, নন্দিসেন

হরদত্তানুগণান্দৃষ্ট্বা দেবাঃস্কন্দস্য নারদ।
প্রদদুঃ প্রমথানস্মৈ সর্ব্বেব্রহ্মপুরোগমাঃ।
স্থানুং ব্রহ্মাচ সংপ্রাদাদ্বিষ্ণুঃ প্রাদাদ্গণত্রয়ং।
সক্রমং বিক্রমঞ্চৈব তৃতীয়ঞ্চ পরাক্রমং।
উৎকেশং পঙ্কজং শক্রোরবিরিন্দ্রকপিঙ্গলৌ।
চন্দ্রোমণিঞ্চ সুমণিং অশ্বিনৌ নন্দিনন্দিনৌ।
জ্যোতির্হুতাশনঃ প্রাদাৎ জ্বালাজিহ্বং তথাপরং।
কুন্দং নিকুন্দং কুসুমং ত্রীনবাতানুত্তরান্দদৌ।
চক্রানুচক্রৌ হুন্টাচ রেবতী স্থির সুস্থিরৌ।
পাণিত্যজং কালচক্রং প্রাদাৎ পুষামহালৌ।
স্বর্ণমালং ঘটাক্ষঞ্চ হিমবান্ প্রমথোত্তমৌ।
প্রাদাদ্দেবোস্থিতো বিন্দ্যস্ত্বতিশৃঙ্গঞ্চপার্ষদং।
সুবর্চ্চসঞ্চ বরুণঃ প্রদদৌ চাতিবর্চসং।
সদ্গ্রাহবিগ্রহঞ্চাতিনাগাজয় মহাজয়ৌ।

অনুবাদ।

প্রমথাগ্রগণ্য কুমুদমালী এই চারিটি প্রমথ প্রদান করিলেন। ধূর্জ্জটি শঙ্কর কুমারকে প্রমথ প্রদান করিলেন দেখিয়া দেবগণ সকলে কুমারকে স্বীয় স্বীয় প্রমথ প্রদান করিলেন। ব্রহ্মা দিলেন স্থাস্নুনামা প্রমথ। চন্দ্র দিলেন ক্রম বিক্রম পরাক্রম প্রমথ। বিষ্ণু দিলেন উৎকেশ ও পঙ্কজনামা, অশ্বিনী কুমার দিলেন, নন্দি ও নন্দী, হুতাশন দিলেন জ্যোতি ও জ্বালকেজিহ্বা এবং অপর কুন্দ নিকুন্দ কুসুম এবং চক্র, অনুচক্র, হস্তা, রেবতী দিলেন স্থির সুস্থির, পুষা দিলেন মহাবলশালী পাণিত্যজ ও কালচক্র। হিমালয় দিলেন স্বর্ণমাল ও ঘটাক্ষ। অন্যান্য পর্ব্বতগণ দিলেন অতিশৃঙ্গ পার্ষদ। বরুণদিলেন অতিতেজস্বী সদ্গ্রহ এবং বিগ্রহ।

উন্মাদং শঙ্কুকর্ণঞ্চ পুষ্পদন্তং তথাম্বিকা।
ঘসঞ্চাতি ঘসংবায়ুর্দদাব সুচরাবুভৌ।
পরিবেষং কটং ভীমং দাহাতি দহনৌতথা।
প্রদদাবং শুমালীচ প্রমথান্ষণ্মুখায় হি।
যমঃ প্রমাথমুন্মাথং কালস্যেন মজামুখং।
তাড়িজংঘং নাড়িজংঘং ষড়েবানু চরান্দদৌ।
শুপ্রভং শুভকর্ম্মাণং বিধাতা দানবেশ্বরৌ।
সুপ্রভং সত্যসন্ধঞ্চ মিত্রঃ প্রদাদ্দ্বিজোত্তম।
অনন্তঃ শঙ্কুপীঠশ্চনিকুম্ভঃ কুমুদোম্বুজঃ।
একাক্ষঃ কুনটী চক্রঃ কিরীটী কলসোদরঃ।
শুচীবক্ত্রঃ কোকনদঃ প্রভাবঃ প্রিয়কোঽচ্যুতঃ।
গণাপঞ্চদশৈতেহি যক্ষেন্দর্ত্তাগুহস্যতু।
কালিন্দ্যাঃ কালকন্দশ্চ নর্ম্মদা যাবনোৎকটঃ।
গোদাবর্য্যাঃ সিদ্ধগাত্রস্তমসায়াস্ত্রিপঙ্কজঃ।

অনুবাদ।

নাগরাজ দিলেন জয় ও মহাজয়। শৈলনন্দিনী দেবী দিলেন উন্মাদ, শঙ্কুকর্ণ ও পুষ্পদন্ত। পবন দিলেন ঘস ও অতিঘস। অংশুমালী দিলেন পরিষ, কট, ভীম, দাহ অতিদহন, যমদিলেন প্রমাথ, উন্মাথ, কালাস্য অজামুখ তাড়িজঙ্ঘ, নাড়িজঙ্ঘ। বিধাতা দিলেন দানবের প্রধান সুপ্রভ, এবং শুভকর্ম্মা দুইটি মিত্রদিলেন সুপ্রভ, সত্যসন্ধ। যক্ষরাজ কুবের দিলেন অনন্ত শঙ্কুপীঠ, নিকুম্ভ কুমুদ, অম্বুজ, একাক্ষ, কুনটী, চক্র, কিরীটী, কলসোদর। কালিন্দী দিলেন শুচীবক্ত, কোকনদ, প্রভাব, প্রিয়ক, অচ্যুত,। নন্দী দিলেন কালকন্দ, নর্ম্মদা দিলেন বনোৎকট, গোদাবরী দিলেন সিদ্ধগাত্র, তমসা দিলেন ত্রিপঙ্ক-

সহস্রবাহুঃ সীতায়াঃ অবলায়া সিতোদরঃ।
মন্দাকিন্যাস্তথানন্দী বিপাশায়াঃ প্রিয়ঙ্করঃ।
ঐরাবত্যাশ্চতুর্দংষ্ট্রঃ ষোড়শাক্ষোরিতস্তথা।
মার্জারং কৌশিকী প্রাদাৎ ক্রুথক্রৌঞ্চৌচ গৌতমী।
বাহুদা শতশীর্ষঞ্চ বাহ্যাগোনন্দনর্ত্তিকৌ।
ভীমং ভীমরথী প্রাদাদ্দুর্গাচিঃ সরযুর্দদৌ।
অষ্টবাহুং মহানদী চিত্রাচিত্ররথং দদৌ।
কুক্রুচেকুবলয়ী প্রাদান্মধুপর্ণং মধুদকা।
জম্বুকং ধুত পাপাচ বেন্বা শ্বেতাননং দদৌ।
শ্রুতাক্ষ মথপর্ণাশারেবা সাগরবাহিনং।
প্রভাবানুস্রজং প্রাদাৎ কাঞ্চনাকনক প্রভং।
সুপ্রসাদং সুরেণঞ্চ জিষ্ণুং মেঘবতী দদৌ।
ধূতপাপ মহানীচং ধেন্বা বিদ্রুমসন্নিভং।
যজ্ঞবাহুং বিশালাচ সরস্বত্যোদ দুর্জ্জনাৎ।

অনুবাদ।

স্কন্দ, সীতানদী দিলেন সহস্রবাহু, অবলানদী দিলেন সিতোদর, মন্দাকিনী দিলেন নন্দী, বিপাশা দিলেন প্রিয়ঙ্কর, ঐরাবত দিলেন চতুর্দংষ্ট্র, ষোড়শাক্ষ, কৌশিকী দিলেন মর্জার, গৌতমী দিলেন ক্রুথ, ক্রৌঞ্চ, বাহুদা দিলেন শতশীর্ষ, বাহ্যানদী দিলেন গোনন্দ নর্ত্তিক, ভীমরথী দিলেন ভীম, সরযূ দিলেন দুর্গাচি, মহানদী দিলেন অষ্টবাহু, চিত্রা দিলেন চিত্ররথ, কুবলয়ীনদী দিলেন কুক্রুচ, মধুরক দিলেন মধুপর্ক, ধুতপাপা দিলেন জম্বুক, বেন্বা দিলেন শ্বেতাননা, পর্ণাশা দিলেন শ্রুতাক্ষ, রেবা দিলেন সাগরবাহী, প্রভাবা দিলেন অনুস্রবা, কাঞ্চনা দিলেন কাঞ্চনপ্রভ, মেঘবতী দিলেন সুপ্রসাদ, সুরেণ জিষ্ণু, ধুতপাপা মহানীচ, ধেন্বা দিলেন বিদ্রুমসন্নিভ,

কুটিলাতনয়ং প্রাদা দ্দশশক্র বলান্ গণান্।
করালং সিতকেশঞ্চ কৃষ্ণকেশং জটাধরং।
মেঘনাদং চতুর্দ্দংষ্ট্রং বিদ্যুজ্জিহ্বং দশাননং।
সোমাপ্যায়নমেবোগ্রং দেবযাজিন মেবচ।
হংসাস্যং দণ্ডজঠরং বহু গ্রীবং মহাননং।
কুর্ম্মগ্রীবঞ্চ পঞ্চৈতান্ দত্তুঃ পুত্রায় কৃত্তিকাঃ।
স্থানু জঙ্ঘং কুম্ভকর্ণং লেপজংঘং মহাননং।
পিণ্ডারকঞ্চপঞ্চৈতানদত্তুঃ স্কন্দায় চর্ষযঃ।
নাগজিহ্বং চন্দ্রভাগং পাণিকূর্ম্মং সশিফকং।
চাপবক্ত্রং স্রজম্বুকং দদৌতীর্থং পৃথুদকঃ।
চক্রতীর্থং সচক্রাক্ষং মকরাক্ষং গয়াশিরঃ॥
গণং পঞ্চশিখং নামদদৌকনখলঃ স্বকং।
বন্ধুদত্তং বালিশিরোবালসারঞ্চ পুষ্করং।
সর্ব্বৌজসং মহিষকং মণিপিঙ্গলকং তথা।
রুদ্রমৌশনসঃ প্রাদা ততোঽন্যান মাতরোদত্তুঃ।

অনুবাদ।

বিশাখ দিলেন বজ্রবাহু, কুটিলা তনয়কে ইন্দ্রতুল্য পরাক্রমশালী দশটী দিলেন। করাল সিতকেশ, কৃষ্ণকেশ, জটাধর, মেঘনাদ, চতুর্দ্দংষ্ট্র, বিদ্যুজ্জিহ্বা, দশানন, সোমাপ্যায়ন, উগ্র, দেবযাজি, কৃত্তিকা দিলেন হংসাস্য দণ্ডজঠর, বহুগ্রীবা, মহানন, কুর্ম্মগ্রীব, ঋষিগণ দিলেন স্থানুজঙ্ঘ, কুম্ভকর্ণ, লেপজঙ্ঘ, মহানন, পিণ্ডারক পৃথুদক দিলেন নাগজিহ্বা, চন্দ্রভাগা পাণিকূর্ম্ম, শিফক, চাপবক্ত্র। কংখল দিলেন স্রজম্বুক, চক্রতীর্থ দিলেন চক্রাক্ষ, মকরাক্ষ, গয়াশিরঃ-গণ পঞ্চশিখ, শুক্র দিলেন বন্ধুদত্ত বালিশির বালসার পুষ্কর সর্ব্বৌজি মাহিষ, মণিপিঙ্গল এবং রুদ্র। এবং মাতৃগণ অন্যান্য কয়েকটি

বসুদামং সোমতীর্থং প্রভাসনন্দিনী মপি।
ইন্দ্রতীর্থং বিশশাকাঞ্চউলুপামেঘনিস্বনং॥
সপ্তসারস্বতঃ প্রাদাত্মাতরশ্চতুরোহৃতাঃ।
গীতাপ্রিয়াং মাধবীঞ্চ তীর্থনেমিংস্মিতাননাং॥
একচুড়াং নাগতীর্থং কুরুক্ষেত্রং পলাশদাং।
ব্রহ্মযোনিঞ্চণ্ডশীলাং ভদ্রকালীং ত্রিপিষ্টপং॥
ঐণ্ডীংভৈণ্ডীং যোগভণ্ডীং সংপ্রাদাদুদয়াচলঃ।
সোপানীয়াং মহীপ্রাদাচ্ছালিকীং মানসোহ্রদঃ॥
শতঘণ্টাং শতানন্দীং ততোমুখলমেখলাং।
বেদমিত্রামিত্রসেনাং দদৌরুদ্র মহালয়ঃ॥
পদ্মাবতীং মাধবঞ্চ দদৌবদরিকাশ্রমঃ।
সুসমামেকচুড়াঞ্চ দেবী ধমধমীন্তথা।
উৎক্রোথনীংশ্বেতমিত্রাং কেদারো মাতরোদদৌ।
সুনক্ষত্রাং কজ্জলাঞ্চ সুপ্রভাবাং সুমঙ্গলাং।
বেমিত্রাং মিত্রসেনাং দদৌরুদ্র মহালয়ঃ।

অনুবাদ।

বর দিলেন। সারস্বত দিলেন বসুদাম, সোমতীর্থ, প্রভাসনন্দিনী, ইন্দ্রতীর্থ, বিশশাকা উলুপা মেঘনিস্বন। উদয়াচল দিলেন গীতপ্রীয়া, মাধবী, তীর্থনেমি, স্মিতানন, একচুড়া, নাগতীর্থ, কুরুক্ষেত্র, পলাশদ, ব্রহ্মযোনি, চণ্ডশীলা, ভদ্রকালী, ত্রিপিষ্টপ, ঐণ্ডী, ভৈণ্ডী, যোগভণ্ডী। মহী দিলেন সোপানী মানস সরোবর দিলেন শালিকী। রুদ্র দিলেন শতঘণ্টা শতানন্দী, মুখল মেখলা, বেদমিত্রা মিত্রসেনা। বদরিকাশ্রম দিলেন পদ্মাবতী মাধবী। কেদার দিলেন সুসমা একচুড়া, ধমধমী, উৎক্রোথনী, শ্বেতা-মিত্রা। রুদ্র দিলেন সুনক্ষত্রা, কজ্জলা, সুপ্রভাবা, সুমঙ্গলা,

কোটরামূর্দ্ধবেণীঞ্চ শ্রীমতীং বহুপুত্রিকাং।
পলিতাং কমলপত্রাক্ষীং প্রয়াগং মাতরোদদৌ।
মুষলাং মধুকুম্ভঞ্চ খ্যাতিং কুহকুহাংপরাং।
প্রাদাৎ খটখটাং চান্যাং সর্ব্বপাপবিমোচনঃ।
সন্তানকাং বিকলিকাং ক্রম শ্চত্বরবাসিনীং।
জলেশ্বরীং কুক্কুটিকাং সুদামাং লৌহমেখলাং।
বপুষ্মৎ পুষ্পকাক্ষীঞ্চ কোকমালাংমহাসিনীং।
রৌদ্রীং মার্জ্জারিকীং ভুণ্ডাং শ্বেততীর্থোদদৌত্বিমাঃ।
এতানি ভূতানিগণাশ্চ মাতরোদৃষ্ট্ব মহাত্মা বিনতাতনুজঃ।
দদৌময়ূরং স্বসুতং মহাজবং তথারুণস্তাম্রচূড়ং স্বপুত্রং।
শক্তিংহুতাশো দ্রিসুতাচবস্ত্রং দণ্ডংগুরুঃ সাকুটিলাকমণ্ডলুং।
মালাং হরিঃশূলধরঃ পতাকাং কণ্ঠেচহারং মঘবান্ উরস্থং।
গণৈর্বৃতোমাতৃভি রপ্যুপেতোময়ূর সংস্থোবর শক্তিপাণিঃ।

অনুবাদ।

বেমিত্রা, মিত্রসেনা, প্রয়াগ। মাতৃগণ দিলেন কোটরা, উর্দ্ধবেণী, বহুপুত্রিকা, পলিতা; কমলপত্রাক্ষী। শ্বেততীর্থ দিলেন মুষলা, মধুকুম্ভ, কুহকুহা, খটখট, সন্তানক বিকণিক, চত্বরবাহিনী, জলেশ্বরী, কুক্কুটিকা, সুদামা, লৌহমেখলা, পুষ্পকাক্ষী, কোকমালা, মহাসিনী, রৌদ্রী মার্জ্জারিকী, তুণ্ডা। এই সকল ভূতগণ প্রমথগণ ও মাতৃগণ যুক্ত কুমারকে অবলোকন করিয়া বিনতানন্দন গরুড় তাম্রচূড় মহাবেগশালী স্বীয় পুত্র ময়ূরকে বাহনার্থ প্রদান করিলেন। হুতাশন শক্তি, শৈলনন্দিনী বস্ত্র গুরুদণ্ড, কুটিলা কমণ্ডলু, চক্রপাণি মালা, শঙ্কর পতাকা, ইন্দ্র কণ্ঠের হার প্রদান করিলেন। প্রমথগণ ও মাতৃগণ পরিবেষ্টিত ময়ূরারোহণে

সেনাধিপত্যেধি কৃতোভবেন বরাজ সূর্য্যোগগণেবপুষ্মান্ ॥

ইতি শ্রীবামনপুরাণে গুহাভিষেকো নামঃ
অষ্টাবিংশতমোঽধ্যায়।

—০—

ঊনত্রিংশতমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

সেনাপত্যেভিষিক্তস্তু কুমারোদৈবতৈরথ।
প্রণিপত্যভবংভক্ত্যা গিরিজাং পাবকং শুচিং।
ষট্কৃত্তিকাশ্চশিরসা প্রণম্য কুটিলামপি।
ব্রাহ্মণঞ্চ নমস্কৃত্য ইদংবচনমব্রবীৎ॥

কুমার উবাচ।

ওঁ নমো ভগবন্তদেবাঃ ওঁ নমোস্তু তপোধনাঃ।
যুষ্মৎ প্রসাদাদ্ধ্যামি শক্রমহিষ তারকৌ।
শিশুরস্মি নজানামি বক্তুং কিঞ্চনদেবতাঃ।

অনুবাদ।

শক্তিহস্ত কুমার দেবসেনাধিপত্যে অভিষিক্ত হইয়া গগন মণ্ডলে সূর্য্য সদৃশ শোভা পাইতে লাগিলেন।

ইতি বামনপুরাণে অষ্টাবিংশতি অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য বলিলেন, কার্ত্তিক সেনাপতিত্বে অভিষিক্ত হইয়া লোক পাবন শঙ্করকে গিরিজা গৌরী হুতাশন কুটিলা এবং ষট্ কৃত্তিকা ও ব্রাহ্মণগণকে প্রণতিপূর্ব্বক এই কথা বলিলেন। ওঁ নমো ভগবন্তো দেবাঃ ওঁ নমোস্তু তপোধনাঃ। আপনারদিগের অনুগ্রহে সুরবিদ্রোহি মহিষ ও তারকাসুরকে বিনাশ করিব। হে

দীয়তাং ব্রহ্মণাসার্দ্ধ মনুজ্ঞা মমসাম্প্রতং।
ইত্যেবমুক্তে বচনে কুমারেণ মহাত্মনা।
মুখং নিরীক্ষ্যতু সুরাঃ সর্ব্বেবিগত সাধ্বসাঃ।
শঙ্করোপি সুতস্নেহাৎ সমুত্থায় প্রজাপতিং।
আদায়দক্ষিণে পাণৌস্কন্দান্তিক মুপাগমৎ।
অথোমাপ্রাহতনয়ং পুত্রত্রহ্যেহিসাদরং।
বন্দ স্বচরণৌদিব্যৌ বিষ্ণোর্লোক নমস্কৃতৌ।
ততোবিহস্যাহগুহঃ কোহয়ং মাতর্ব্বদস্বমাং।
যস্যাদরাৎ প্রণামোয়ং ক্রিয়তে তদ্বিধৈর্জ্জনৈঃ।
তং মাতাপ্রাহবচনং কৃতেকর্ম্মণিসর্ব্বভুঃ।
রক্ষতেভুরযোগং হি মহাত্মাগরুড়ধ্বজঃ।
কেবলং ত্বিহ মাং দেবস্ত্বৎ পিতাপ্যাহশঙ্করঃ।

অনুবাদ।

দেবগণ! আমি বালক কিরূপে বলিতে হয় জানি না। অতএব এক্ষণে আপনারা পদ্মযোনি ব্রহ্মার সহিত অনুজ্ঞা প্রদান করুন। কুমার এইরূপ প্রিয়বাক্য বলিলে দেবগণ কুমারের চন্দ্রানন নিরীক্ষণ করিয়া সকল ক্লেশ দূরীভূত করিলেন। অনন্তর শঙ্কর পুত্রের স্নেহবশতঃ গাত্রোত্থান পূর্ব্বক ব্রহ্মার দক্ষিণহস্ত ধারণ করিয়া কার্ত্তিকের নিকট উপস্থিত হইলেন। অনন্তর গিরিজা দেবী সাদর পূর্ব্বক পুত্রকে বলিলেন কুমার এক্ষণে সেই স্থানে আইস। সকল লোক যাঁহার চরণে নমস্কার করে এই বিষ্ণুর চরণ বন্দনা কর। দেবীর কথা শ্রবণ করিয়া কুমার ঈষৎ হাস্যপূর্ব্বক বলিলেন মাতঃ যাঁহার চরণ সকল লোক বন্দনা করে সেই নারায়ণ কোথায়। দেবী বলিলেন। মহাত্মা গরুড়ধ্বজ সর্ব্বস্রষ্টা জগতের সমস্ত অমঙ্গল বিনাশ করেন। এই স্থলে উপবিষ্ট আছেন দেবগণ এবং

পার্ব্বত্যা গদিতঃস্কন্দঃ প্রণিপত্যজনার্দ্দনং।
তস্থৌকৃতাঞ্জলিপুটস্ত্বনুজ্ঞাং প্রার্থয়তাচ্যুতাৎ।
কৃতাঞ্জলিপুটং স্কন্দং ভবতাভূতভাবভূনঃ।
কৃত্বাস্বস্ত্যয়নং দেবোহ্যনুজ্ঞাং প্রদদৌততঃ॥

নারদ উবাচ।

যস্তুস্বস্ত্যয়নং পুণ্যং কৃতাবান্ গরুড়ধ্বজঃ।
শিখিধ্বজায়বিপ্রর্ষে তন্মেব্যাখ্যাতুমর্হসি॥

পুলস্ত্য উবাচ।

শৃণুস্বস্ত্যয়নং পুণ্যং যৎপ্রাহভগবান্ হরিঃ।
স্কন্দস্য বিজয়ার্থায় মহিষস্য বধায়চ।
ওঁ স্বস্তিকুরুতাং ব্রহ্মাপদ্মযোনিরজোগুণঃ।
স্বস্তিচক্রাঙ্কিত করো বিষ্ণুস্তে বিদধাত্মজঃ।
স্বস্তিতেশঙ্করোভক্ত্যা সপত্নীকোবৃষধ্বজঃ।
পাবকো স্বস্তিতুভ্যঞ্চ করোতু শিখিবাহনঃ।

অনুবাদ।

তোমার পিতা শঙ্কর আমাকে বলিয়াছিলেন। পার্ব্বতী এইরূপ কুমারকে বলিলে কুমার তৎক্ষণাৎ গাত্রোত্থানপূর্ব্বক নারায়ণকে নমস্কার করিলেন। কৃতাঞ্জলিপুটে নারায়ণের নিকট প্রার্থনা করিলেন। কুমার কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান একণে আপনি স্বস্ত্যয়ন করতঃ আমাকে অনুমতি প্রদান করুন্। নারদ জিজ্ঞাসা করিলেন। হে বিপ্রর্ষে গরুড়ধ্বজ নারায়ণ কুমারকে স্বস্ত্যয়ন পূর্ব্বক অনুজ্ঞা প্রদান করিলেন সে স্বস্ত্যয়ন কি প্রকার বিশেষ রূপে বর্ণনা করুন্। পুলস্ত্য বলিলেন, ভগবান গরুড়ধ্বজ কার্ত্তিকের বিজয়ার্থ এবং মহিষাসুর বধের নিমিত্ত যে পুণ্য স্বস্ত্যয়ন বলিলেন তাহা বিশেষরূপে বলিতেছি শ্রবণ কর। রজোগুণ সম্পন্ন পদ্মযোনি

দিবাকরোস্বস্তিকরোত্তুতেসদাসোমঃ সভৌমঃ সবুধোগুরুশ্চ।
কাব্যঃ সদাস্বস্তিকরোতুতুভ্যং শনৈশ্চরঃ স্বস্তিকরোতুভুভ্যং।
মরীচিরত্রিঃ পুলহঃ পুলস্ত্যঃ ক্রতুর্বশিষ্ঠো ভৃগুরঙ্গিরাশ্চ।
মৃগাঙ্কজস্তেকুরুতাং হিস্বস্তি স্বস্তিসদাসপ্তমহর্ষয়শ্চ।
বিশ্বেশ্বিনৌ সাধ্যমরুদ্‌গণাযে দিবাকরাঃ শূলধরামহেশ্বরাঃ।
যক্ষাঃপিশাচা বসবোহথকিন্নরাস্তে স্বস্তিকুর্ব্বন্তুসদাসমুদ্যতাঃ।
নাগাঃসুপর্ণাঃ সরিতঃ সরাংসিতীর্থানি পুণ্যায়তনাঃ সমুদ্রাঃ।
মহাগণাভূত গণাগণেন্দ্রাস্তে স্বস্তিবুর্ব্বন্তু সদাসমুদ্যতাঃ।

স্বস্তিদ্বিপদাদিকেভ্যস্তে চতুষ্পাদেভ্য এবচ।
স্বস্তিকে বহুপাদেভ্য স্বপাদেভ্যস্ত্বনাময়ং।
প্রাচীদিগ্‌রক্ষতাংবজ্রী দক্ষিণাং দণ্ডনায়কঃ।
পাশীপ্রতীচীমবতু ধনদঃ পাতুচোরত্তাং।
বহ্নির্দ্দক্ষিণ পূর্ব্বাঞ্চ নৈঋর্তোদক্ষিণাপরাং।
প্রতীচিমুত্তরাং বায়ুঃ শিবঃপূর্ব্বোত্তরামপি।

অনুবাদ।

ব্রহ্মা স্বস্তি করিলেন। এবং বিষ্ণু স্বস্তি করিলেন অনন্তর শঙ্কর গৌরীর সহিত স্বস্তি বলিলেন। এবং পাবক দিবাকর চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি বিশ্বদেব অশ্বিনীকুমারদ্বয় সাধ্যগণ মরুদ্গণ দিবাকরগণ রুদ্রগণ যক্ষ পিশাচ বসু কিন্নরগণ সকলে স্বস্তি বলিলেন। নাগগণ সুপর্ণগণ স্রোতস্বতী নদী সরোবর ও পুণ্যতীর্থ প্রমথগণ ভূতগণ সকলে স্বস্তি করিলেন। এবং সকলে বলিলেন দ্বিপদ চতুষ্পদ বহুপদ অথবা অপদ প্রাণি হইতে তোমার মঙ্গল হউক। তোমার পূর্ব্বদিগ ইন্দ্র রক্ষা করুন্ দক্ষিণ-দিগ যম রক্ষা করুন্। পশ্চিমদিগ বরুণ রক্ষা করুন্। উত্তরদিগ কুবের রক্ষা করুন্। বিদিগ চতুষ্টয়ের মধ্যে অগ্নিদিগ হুতাশন

উপরিষ্টা দ্ধ্রুবঃপাতু অধস্তাচ্চ ধরাধরঃ।
মুষলীচাঙ্গলীচক্রী ধনুষ্মানন্তরেষুচ।
বারাহোম্বুনিবোপাতু দুর্গেপাতুনকেশরী।
সামবেদধ্বণিঃ শ্রীমান সর্ব্বতঃ পাতুমাধবঃ॥

পুলস্ত্য উবাচ।

এবংকৃতঃ স্বস্ত্যয়নোগুহঃ শক্তিধরোঽগ্রণীঃ।
প্রণিপত্য সুরান্‌সর্ব্বান্ খমুৎপতত ভূতলাৎ।
ত্বমন্বেবগণাঃ সর্ব্বেদত্বাশীরুদিতৈঃ স্বরৈঃ।
অনুজগ্মুঃকুমারং তে কানরূপাবিহঙ্গমাঃ।
মাতরশ্চতথাসর্ব্বাঃ সমুৎপেতুর্নভস্থলং।
সমংস্কন্দেনবলিনাহন্তু কামামহাসুরান্।

অনুবাদ।

রক্ষা করুন্। নৈর্ঋতদিগ রাক্ষসগণ রক্ষা করুন্। বায়ুদিগ পবন রক্ষা করুন্। এবং ঈশানদিগ ঈশান রক্ষা করুন্। তোমার উপরিভাগগগণমার্গ ধ্রুব রক্ষা করন। অধোভাগমহীতল পৃথ্বী রক্ষা করুন্। মুষলধারী লাঙ্গলধারী চক্রধারী কার্ম্মুকধারী তোমার মধ্যদেশ রক্ষা করুন্। জলমধ্যে বরাহরূপী ভগবান রক্ষা করুন্। দুর্গমধ্যে নৃসিংহরূপী ভগবান রক্ষা করুন্! এবং তোমার অন্যান্য সকল স্থান মাধব রক্ষা করুন্। পুলস্ত্য বলিলেন। এইরূপ দেবগণ প্রভৃতি সকলে স্বস্ত্যয়ন করিলে কার্ত্তিক গাত্রোত্থানপূর্ব্বক দেবগণকে নমস্কার করিয়া মহীতল হইতে লম্ফ প্রদানে গগণমার্গে উত্থিত হইলেন। কুমারের পশ্চাৎ দেবগণ উচ্চৈঃস্বরে আশীর্ব্বাদ করিতে করিতে গমন করিলেন। অন্যান্য সকলে বিহঙ্গনরূপ ধারণপূর্ব্বক কুমারের পশ্চাৎ গমন করিল। মাতৃগণ সকলে গগণ মণ্ডলে গমন করিলেন। মহিষ প্রভৃতি দানবগণের বিনাশের জন্য কুমারের

ততঃ সুদীর্ঘমধ্বানংগত্বা স্কন্দোহব্রবীদ্গণান্।
ভূম্যাংহন্তুং মহাবীর্য্যাঃ কুরুধ্বমবতারণং।
গণাগুহবচঃশ্রুত্বা অবতীর্য্যমহীতলং।
আরাৎ পর্ব্বতমভ্যেত্যনাদং চক্রুর্ভয়ঙ্করং।
তন্নিনাদোমহীং সর্ব্বামাপূর্য্যচ নভস্থলং।
বিবেশার্ণব রন্ধ্রেণপাতালং দানবালয়ং।
শ্রুতঃ সমহিষেণাথ তারকেণচ ধীমতা।
বৈরোচনেন কুম্ভেন নিকুম্ভেনাসুরেণচ।
তেশ্রুত্বাসহসানাদং বজ্রপাতো পমংদৃঢ়ং।
কিমেতদিতিসঞ্চিন্ত্য তূর্ণং জগ্মুস্তদান্ধকং।
তেসমং চান্ধকেনৈব ভীতাদানবপুঙ্গবাঃ।
মন্ত্রয়ামাসুরুদ্বিগ্নাস্তং শব্দং প্রতিনারদ।

অনুবাদ।

সহিত প্রমথগণ কিয়দ্দূর গমন করিলে কুমার প্রমথগণকে বলিলেন। তোমরা অতি বলবান দানবগণকে বিনাশ করিবার জন্য অবনীতে অবতরণ হও। প্রমথগণ কুমারের বাক্য শ্রবণপূর্ব্বক অবনীতে অবতরণ হইল। অনন্তর প্রমথগণ সকলে অবনীতে পর্ব্বত আশ্রয় করিয়া উচ্চৈঃস্বরে অতি ভয়ঙ্কর চিৎকার করিতে লাগিল। সেই প্রমথগণের উচ্চনাদ ধ্বণি মহীমণ্ডল গগণমণ্ডল পূর্ণ হইল এবং মহার্ণবের মধ্য দিয়া পাতালপুরে দানবগণের কর্ণকুহরে প্রবেশ করিল। তখন মহিষ ও তারকাসুর এবং বৈরোচন কুম্ভ ও নিকুম্ভাসুর বজ্রপাত সদৃশ এই কঠোর শব্দ শ্রবণ করিয়া, এ কি এইরূপ সতর্কের সহিত চিন্তা করতঃ শীঘ্র অন্ধকাসুরের নিকট গমন করিল। পরে সেই দানবপ্রধান দিতিজগণ অন্ধকাসুরের সহিত অতিশয় ভীত হইল। এবং উদ্বিগ্নচিত্তে মন্ত্রণা করিতে লাগিল। অনন্তর দৈত্য-

মন্ত্রয়ৎসু চ দৈত্যেষু দানবঃ শূকরাননঃ ।
পাতালকেতুর্দ্দৈত্যেন্দ্রঃ সম্প্রাপ্তোথ রসাতলং ।
স বাণবিদ্ধো ব্যথিতঃ কম্পমানো মুহুর্মুহুঃ ।
স ব্রবীদ্বচনং দীনং সমভ্যেত্যান্ধকাসুরং ॥

পাতালকেতুরুবাচ ।

গতোঽহমাসং দৈত্যেন্দ্র গালবস্যাশ্রমং প্রতি ।
তং বিধ্বংসয়িতুং যত্নঃ সমারব্ধো বলান্ময়া ।
যাবৎ সূকররূপেণ প্রবিশামি তবাশ্রমং ।
ন জানে তং জনং রাজন্ যেন সংপ্রহিতঃ শরঃ ।
শরসং ভিন্নদেহশ্চ ভয়াত্তস্য মহাজবাৎ ।
প্রপলায়েঽহমগাত্তস্মাৎ সচমাং পৃষ্ঠতোঽন্বগাৎ ।
তুরঙ্গখুরনির্ঘোষঃ শ্রূয়তে পরমোঽস্বরঃ ।

অনুবাদ ।

গণের মধ্যে শূকরানন দানব সেই স্থানে উপস্থিত হইয়া বলিল । অদ্য পাতালকেতু দানববর পাতালপুরে সমাগত হইয়াছে । সে বাণবিদ্ধ ব্যথিত হৃদয়ে বারম্বার কম্পিত হইতেছে । ইত্যবসরে সেই পাতালকেতু দানব তথায় উপস্থিত হইয়া কাতরস্বরে অন্ধকাসুরকে বলিল । আমি যত্নসহকারে বলপূর্ব্বক গালবকে বিনাশ করিবার জন্য তাহার আশ্রমে গিয়াছিলাম এক্ষণে সেই স্থান হইতে আসিতেছি । যখন শূকররূপ ধারণপূর্ব্বক তোমার আশ্রমে আসিতেছি তখন অজ্ঞাত কুলশীল কোন একটি নর আমাকে তীক্ষ্ণশরের আঘাত করিল । সেই শরাঘাতে আমার দেহ জর্জ্জরিত আমি ভয়ে দ্রুতবেগে আপনার নিকট আসিয়াছি কিন্তু আমার পশ্চাৎ কোন লোক আসিয়াছিল । হে দানববর ! আমি তুরঙ্গমের খুর নির্ঘোষ শ্রবণ করিয়াছি এবং পৃষ্ঠদেশে থাক

তিষ্ঠতিষ্ঠেতিবদতস্তস্য শূকর পৃষ্ঠতঃ।
তদ্ভয়াদস্মিজলধিং সম্প্রাপ্তো দক্ষিণার্ণবং।
যাবৎ পশ্যামিতৎস্থানং নানাবেশকৃতান্নরান্।
কেচিদ্গর্জ্জন্তি ঘনবৎ প্রতিগর্জ্জন্ত্যথাপরে।
অন্যেচোদীরয়ন্তীদং নিহ্মানোমহিষাসুরং।
তারকং ঘাতয়ানোহদ্যবদন্ত্যন্যে সুতেজসঃ।
তৎ শ্রুত্বাসুতরাং ত্রাতো মনজাতোহসুরেশ্বর।
মহার্ণবং পরিত্যজ্য পতিতোস্মিভয়াতুরঃ।
ধরণ্যাং বিধৃতং গর্ত্তং সময়েনাপতদ্বলী।
তদ্ভয়াৎ সংপরিত্যজ্য হিরণ্য পুরমাত্মনঃ।
তবান্তিকমনুপ্রাপ্তঃ প্রসাদং কর্তুমর্হসি।
তৎশ্রুত্বৈ বান্ধকোবাক্যং প্রাহমেঘস্বনংবচঃ।
নভেতব্যং ত্বয়াতস্মাৎ সত্যং গোপ্তাস্মিদানব।

অনুবাদ।

থাক বলিতে লাগিল এই ভয়ে আমি দক্ষিণ সমুদ্রে আসিয়াছি। আমি সেখানে বিবিধ আকার ও বিবিধ পরিচ্ছদ যুক্ত বিস্তর মনুষ্য দেখিলাম কোন লোক মেঘের ন্যায় গর্জ্জন করিতেছে কোন লোক তাহার প্রতিগর্জ্জন করিতেছে কোন লোক বলিতেছে তারকাসুরকে বিনাশ করিব। কেহ বলিতেছে আমি অদ্য মহিষাসুরকে বিনাশ করিব। অতএব হে দানববর! আমি তাহাতে অতিশয় ভীত হইয়াছি এক্ষণে মহার্ণব পরিত্যাগপূর্ব্বক ভয়ার্ত্ত হইয়া তোমার নিকট আসিয়াছি, আমি সেই ভয়ে আপনার স্বর্ণপুরী পরিত্যাগপূর্ব্বক অবনীতে গর্ত্ত করিয়া তোমার নিকট আসিয়াছি বোধ হয় সেই বীর সেই পথ দিয়া এখানে আসিবেক, এক্ষণে অভয় প্রদান করুন্। তখন দানবাগ্রগণ্য মহাসুর অন্ধক পাতালকেতুর বাক্যনিচয় শ্রবণ পূর্ব্বক অতি

মহিষস্তারকশ্চোভৌ বাণশ্চ বলিনাংবরঃ।
অনাখ্যাযৈবতেবীরাস্ত্বন্ধকং মহিষাদয়ঃ।
স্বপরিগ্রহসংযুক্তা ভূমিযুদ্ধায়নির্জ্জযুঃ।
যত্রতেদারুণাকারা গণাশ্চক্রুর্মহাস্বনং।
তত্রদৈত্যাঃ সমাজগ্মুঃ সাযুধাঃ সবলামুনে।
দৈত্যানাপততোদৃষ্ট্বা কার্ত্তিকেয়গণাস্ততঃ।
অভ্যদ্রবন্তঃসহসা সচোগ্রোমাতৃমণ্ডলঃ।
তেষাংপুরসরস্থাণুঃ প্রগৃহ্য পরিঘংবলী।
নিসূদয়ত্যরিবলং ক্রুদ্ধোরুদ্রঃপশূনিব।
তং নিঘ্নন্তং মহাদেবং নিরীক্ষ্যকলসোদরঃ।
কুঠারং পাণিনাদায়হন্তি সর্ব্বান্ মহাসুরান্।
জ্বালামুখোহরকরঃ করেণাদায়চাসুরং।

অনুবাদ।

গভীর ঘননির্ঘোষসদৃশ পাতালকেতুকে বলিল তোমার ভয় নাই, হে দানব! আমি সত্য বলিতেছি, মহিষ তারক এবং বাণপ্রভৃতি দানববর অতি বলবান। অন্ধককে না বলিয়া সেই মহিষপ্রভৃতি দানববর সকলে যুদ্ধসজ্জায় যুদ্ধের নিমিত্ত পৃথিবীতে গমন করিবেক। যে স্থানে প্রমথগণ অতি ভয়ঙ্কর শব্দ করিতেছে সেই স্থানে দানবগণ অস্ত্রশস্ত্র গ্রহণপূর্ব্বক সৈন্যগণের সহিত গমন করিবেক। দানবগণ সসৈন্যে যুদ্ধার্থ গমন করিতেছে। কুমারের প্রমথগণ অবলোকনপূর্ব্বক মাতৃগণের সহিত দানবের প্রতি ধাবিত হইল। তাহাদিগের পুরস্থিত প্রমথগণ তাহারা অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক রুদ্র যাদৃশ পশু বিনাশ করিয়াছিলেন তাদৃশ দানবগণকে বিনাশ করিতে লাগিল। প্রমথগণ দানবগণকে বিনাশ করিতেছে দেখিয়া কলসোদর প্রমথ হস্তে কুঠার গ্রহণপূর্ব্বক দানব সৈন্য বিনাশ করিতে

সরথংসগজংসাশ্বং বিস্তৃতে বদনেক্ষিপৎ।
দণ্ডকশ্চাপিসংক্রুদ্ধঃ পাশপাণির্মহাসুরং।
সবাহনং প্রক্ষিপতি সমুৎপাদ্য মহার্ণবে।
শঙ্কুকর্ণশ্চমুষলীহলেনাকৃষ্যদানবান্।
সংচূর্ণয়তিমন্ত্রীচ রাজনং প্রাহচেদ্বলী।
খড়্গচর্ম্মধরোবীরঃ পুষ্পদন্তো গণেশ্বরঃ।
দ্বিধাদ্বিধাচ বহুধাচক্রেদৈতেয়দানবান্।
পিঙ্গলো দণ্ডমুদ্যম্য যত্রযত্র প্রধাবতি।
তত্রতত্র প্রদৃশ্যন্তে রাশয়ঃ সর্ব্বদানবৈঃ।
সহস্রনয়নঃশূলং ভ্রাময়ন্বেগণাগ্রণীঃ।
নিজঘানাসুরান্বীরঃ স বাজিরথকুঞ্জরান্।
ভীমোভীমশিলাবর্ষৈঃ সপুরঃ সরিণোহসুরান্।
নিজঘানযথৈবেন্দ্রোবজ্রবৃষ্ট্যানগোত্তমান্।

অনুবাদ।

লাগিল। জ্বালামুখ প্রমথ রথ গজ অশ্বের সহিত দানবকে গ্রহণপূর্ব্বক বিস্তৃতবদনে নিক্ষেপ করিতে লাগিল। পাশহস্ত দণ্ডক-প্রমথ ক্রোধপূর্ব্বক রথ মাতঙ্গ তুরঙ্গমের সহিত দানবকে মহাসমুদ্রে নিক্ষেপ করিল। মন্ত্রী শঙ্কুকর্ণ হলদ্বারা দানবগণকে আকর্ষণ-পূর্ব্বক মুষলঘাতে চূর্ণ করিয়া রাজাকে বলিল। গণাধিপ পুষ্পদন্ত খড়্গ চর্ম্ম ধারণপূর্ব্বক দানবগণকে খণ্ড খণ্ড করিল। পিঙ্গল প্রমথ দণ্ড উত্তোলনপূর্ব্বক যে যে স্থানে দানবগণ পলায়ন করিতেছে তাহারদিগের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইল। গণাগ্রণী সহস্রাক্ষ বেগে শূলাগ্র সঞ্চালনপূর্ব্বক রথ রথী পদাতিক অশ্ব গজ বিনাশ করিতে লাগিল। অশনি বর্ষণদ্বারা পুরন্দর যাদৃশ পর্ব্বত বিনষ্ট করিয়াছিলেন তাদৃশ গণায়ক ভীম শীলাবর্ষণদ্বারা পুরস্থিত দানব

রৌদ্রঃশকটচক্রাক্ষোগণঃ পঞ্চশিরোবলী ।
ভ্রাময়ন্মুদ্গারং বেগান্নিজঘানবলাৎ রিপূন্ ।
গিরিভেদীতলেনৈব সারোহং কুঞ্জরংরণে ।
ভস্মচক্রেমহাবেগো রথঞ্চরথিনাসহ ।
নাড়িজংঘোহঙ্ঘ্রিঘাতৈশ্চ মুষ্টিভির্জানুনাসুরান্ ।
শিলাভির্বজ্রতুল্যাভির্জঘানবলবান্মুনে ।
কুর্ম্মগ্রীবোগ্রীবয়ৈব শিরসাচরণেনচ ।
লুঠনেচতদাদৈত্যান্ নিজঘানসবাহনান্ ।
পিণ্ডারকস্তুদন্তে ন শৃঙ্গভ্যাঞ্চকলিপ্রিয়ঃ ।
বিদারয়তি সংগ্রামে দানবান্ সমরোদ্ধতান্ ।
ততস্তৎসৈন্যমতুলং বধ্যমানং গণেশ্বরৈঃ ।
প্রদুদ্রাবাথমহিষঃ তারকশ্চগণাগ্রণীঃ ।
তেবধ্যমানাপ্রমথৈর্দানবাদ্যাবরায়ুধৈঃ ।
পরিবার্য্য সমন্তাত্তুযুযুধুঃ কুপিতাস্তদা ।
হংসাস্যপাট্টিশেনাথ জঘানমহিষাসুরং ।

অনুবাদ ।

সৈন্যচূর্ণিত করিয়া শত্রুগণ বিনাশ করিল । গিরিভেদী প্রমথ চপেটা-ঘাতে কুঞ্জর রথরথী সমস্ত বিনষ্ট করিল । হে নারদ ! নাড়িজঙ্ঘ প্রমথ পদাঘাতে এবং বজ্রতুল্য শিলাঘাতে বলবান দানবগণকে বিনাশ করিল । কুর্ম্মগ্রীব প্রমথ গ্রীবাঘাতে মস্তকাঘাতে ও পদা-ঘাতে বাহনের সহিত অসুরগণকে বিনাশ করিল । পিণ্ডারক প্রমথ দন্তাঘাতে শৃঙ্গাঘাতে সংগ্রামোদ্ধত দানবগণকে ধরাশায়ী করিল । এবম্বিধ প্রমথগণ দানবগণের অসংখ্য সৈন্য বিনাশ করিলে সেনা-নায়ক মহিষ ও তারকাসুর সংগ্রামে অগ্রগামী হইল । প্রমথগণ অস্ত্র শস্ত্রদ্বারা দানবসৈন্য বিনাশ করিয়া ক্রোধপূর্ব্বক সমরাঙ্গনে

ষোড়শাক্ষস্ত্রিশূলেন শতবর্ষোবরাসিনা।
শুদ্ধহস্তস্তগদয়া বিশোকোমুষলেনতু।
বন্ধুদত্তস্তুশূলেন মূর্দ্ধ্নিদৈত্যমতাড়য়ৎ।
তথান্যৈঃ পার্ষদৈর্যুদ্ধেশূলং শক্ত্যৃষ্টি পট্টিশৈঃ।
নাকম্পয়ত্তাড্যমানো মৈনাকইবপর্ব্বতঃ।
তারকোভদ্রকাল্যাচ তথামুষলদারুণৈঃ।
বধ্যতেনৈবচূড়ায়াং দার্য্যতেপরমায়ুধৈঃ।
তৌতাড্যনানৌপ্রমথৈর্মাতৃভিশ্চ মহাসুরৌ।
নক্ষোভং জগ্মতুর্বীরৌ ক্ষোভয়ন্তৌগণানপি।
মহিষোগদয়াতূর্ণং প্রহারৈঃ প্রমথানথ।
পরাজিত্যপরাধাবৎ কুমারং প্রতিসায়ুধঃ।
তমাপতন্তং মহিষং সুচক্রাক্ষোপি বীক্ষ্যহি।

অনুবাদ।

ভ্রমণ করতঃ যুদ্ধ করিতে লাগিল। হংসাস্য প্রমথ পট্টিশাস্ত্র মহিষাসুরের প্রতি নিক্ষেপ করিল। ষোড়শাক্ষ ত্রিশূলদ্বারা শতবর্ষ তীক্ষ্ণ খড়্গদ্বারা শুদ্ধ হস্ত গদাদ্বারা বিশোক প্রমথ মুষলদ্বারা বন্ধু-দত্ত শূলদ্বারা দানবগণের মস্তকে আঘাত করিতে লাগিল। অন্যান্য পার্শ্বস্থিত প্রমথগণ শূল শক্তি ঋষ্টি পট্টিশদ্বারা সন্তাড়িত করিলে দানবগণ ইন্দ্রকর্তৃক সন্তাড়িত মৈনাক সদৃশ পলায়ন করিল। তারকাসুর মাতৃগণনায়িকা ভদ্রকালীর সহিত সংগ্রাম করিতে লাগিল ভদ্রকালী তারকাসুরের মুষল প্রহার করিলেন তারকাসুর তীক্ষ্ণাস্ত্রদ্বারা ভদ্রকালী নিহিত মুষলখণ্ড খণ্ড করিল। এবম্বিধ প্রমথগণ ও মাতৃগণ কর্ত্তৃক সন্তাড়িত মহাবীর দানবদ্বয় সংগ্রামে ক্ষুব্ধ না হইয়া প্রমথগণকে ক্ষুব্ধ করিতে লাগিল। মহিষাসুর গদা-ঘাতে অতি শীঘ্র প্রমথগণকে পরাজিত করিয়া অস্ত্র শস্ত্র ধারণপূর্ব্বক

চক্রমুদ্যম্য সংক্রুদ্ধোরুরোধদনুপুঙ্গবং।
গদাচক্রাঙ্কিতকরৌ গণৌসুর মহারথৌ।
অযুধ্যেতাং তদাব্রহ্ম ল্লঘুচিত্রঞ্চনারদ।
গদাং মুমোচমহিষঃ সমাবিধ্যগণায়ত্ত।
সুচক্রাক্ষোনিজং চক্র মুৎসসর্জ্জাসুরংপ্রতি।
গদাংছিত্বা সুতীক্ষ্ণাং স চক্রং মহিষ মাদ্রবৎ।
ততউচ্চুক্রুশুর্দ্দৈত্যা হা হতোমহিষস্ত্বিতি।
তচ্ছ্রুত্বাভ্যদ্রবদ্বাণং প্রাসমাবিধ্যবেগবান্।
জঘানচক্রং চক্রাক্ষং পঞ্চমুষ্টিগতেনহি।
গদাংছিত্বা সুতীক্ষ্ণাং সচক্রং মহিষমাদ্রবৎ।
পঞ্চবাহুশতেনাপি সুচক্রাক্ষং ববন্ধসঃ।

অনুবাদ।

সেনানীর প্রতি ধাবিত হইল। তখন যুদ্ধার্থি মহিষাসুরকে অবলোকন করিয়া সুচক্রাক্ষ প্রমথবর ক্রোধপূর্ব্বক চক্র উত্তোলন করতঃ বীরাগ্রগণ্য মহিষের প্রতি ধাবিত হইল। হে ব্রহ্মন্! তখন গদা চক্র হস্তে ধারণপূর্ব্বক সুচক্রাক্ষ প্রমথ ও মহিষাসুর উভয়ে অতি ভয়ঙ্কর আশ্চর্য্য সংগ্রাম করিতে লাগিল। সমরাঙ্গনে মহিষাসুর প্রমথাগ্রগণ্য সুচক্রাক্ষের প্রতি গদা নিক্ষেপ করিল সুচক্রাক্ষ স্বীয় চক্রাস্ত্র দানবের প্রতি নিক্ষেপ করিল। তখন প্রমথ নিক্ষিপ্ত চক্র মহিষের গদা খণ্ড খণ্ড করিয়া মহিষাসুরের প্রতি ধাবিত হইল। তখন মহিষাসুরের আসন্ন মৃত্যু অবলোকন করিয়া দানব সৈন্যগণ উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল বলিল মহিষাসুর বিনাশ হইল। এই ভয়ঙ্কর দানবগণের আর্ত্তনাদ শ্রবণ করিয়া মহাসুর বাণপ্রাস অস্ত্র ধারণপূর্ব্বক অতিবেগে সমরাঙ্গনে ধাবিত হইল। এবং তৎক্ষণাৎ পঞ্চ হস্তদ্বারা বেগে অস্ত্র নিক্ষেপ করতঃ

বলবানপিবাণেন নিষ্প্রযত্নগতিঃকৃতঃ।
সুচক্রাক্ষং সুচক্রং হিবদ্ধং বাণাসুরেণহি।
দৃষ্ট্বাদ্রবদ্দাদাপাণি র্মকরাক্ষোমহাবলঃ।
গদয়ামূৰ্দ্ধিবাণস্য নিজঘান মহাবলঃ।
বেদনার্ত্তোমুমোচাথ সুচক্রাক্ষং মহাবলং।
সচাপি তেন সংমুক্তো ব্রীড়াযুক্তো মহামনাঃ।
সংগ্রামং সংপরিত্যজ্য শালগ্রামমুপাযযৌ।
বাণোহি মকরাক্ষেণতাড়িতোভূৎপরাঙ্মুখঃ।
প্রাবিশ্যতবলং সর্ব্বং দৈত্যানাংসুরতাপসঃ।
ততঃ স বলনীক্ষ্যৈব প্রভগ্নং তারকোবলী।
খড়্গোদ্যত করোদৈত্যঃ প্রদুদ্রাবগণেশ্বরান্।
ততস্তুতেনা প্রতিমেনসাসিনাত্বেকং সচক্রপ্রমুখাগণেশ্বরাঃ।
সমাতরশ্চাপি পরাজিতারণেস্কন্দং ভয়ার্ত্তাঃ শরণং সমাগতাঃ।

অনুবাদ।

চক্রবিনষ্ট করিয়া চক্রাক্ষের প্রতি আঘাত করিল। এবং পঞ্চশত বাহু-ধারী মহাবলী বাণ তখন চক্রাক্ষকে বন্ধন করিল। মহাবলী বাণ চক্রাক্ষ এবং সুচক্রের বন্ধন করিয়া গমন করিতেছে অবলোকন পূর্ব্বক মহাবলী মকরাক্ষ এক ভয়ঙ্করী গদা গ্রহণপূর্ব্বক বেগে বাণের প্রতি ধাবিত হইয়া বাণের মস্তকে অতি ভয়ঙ্কর গদা-ঘাত করিল তাহাতে বাণ অতিশয় বেদনায় কাতর হইয়া চক্রাক্ষ এবং সুচক্রকে পরিত্যাগ করিল। মকরাক্ষ কর্ত্তৃক বন্ধন মুক্ত হইয়া বিমনা লজ্জাযুক্ত চক্রাক্ষ সংগ্রাম পরিত্যাগ পূর্ব্বক ক্ষেত্রমধ্যে প্রবেশ করিল। মহাবলী বাণাসুর মকরাক্ষ কর্ত্তৃক তাড়িত ও পরাজিত হইয়া সৈন্যমধ্যে প্রবেশ করিল। মহাবলী বাণ সৈন্য-ভগ্ন অবলোকন পূর্ব্বক সুতীক্ষ্ণ খড়্গ উদ্যম করতঃ প্রমথগণের প্রতি ধাবিত হইল। অনন্তর খড়্গহস্ত মহাবীর বাণের নিকট

ভগ্নান্‌গণান্‌বীক্ষ্য মহেশ্বরাত্মজস্তং‌তারকং সাসিনমাপতন্তং।
দৃষ্ট্বৈবশক্ত্যাহৃদয়ে বিভেদভিন্নানিমর্ম্মাণ্য পতৎপৃথিব্যাং।
তস্মিনহতেভ্রাতরি ভগ্নদর্পোভয়াত্তুরো ভূম্মহিষোমহর্ষে।
সংত্যজ্যসংগ্রাম শিরোমহাত্মা জগাম শৈলং সহিমাচলাখ্যং।
বাণোপিবীরেনিহতেথ তারকে গতেহিমাদ্রিং মহিষেভয়ার্ত্তে।
ভয়াদ্বিবেশোগ্রম[illegible]ং [illegible]ধানং গণৈর্বলৈবধ্যতিসাপরাধে।
হত্বাকুমারোবলমূর্দ্ধ্নি তারকং প্রগৃহ্যশক্তিং মহতাজবেন।
ময়ূরমারুহ্য শিখণ্ডিমণ্ডিতং যযৌনিহন্তুংমহিষাসুরস্য।
সপৃষ্ঠতঃপ্রেক্ষ্য শিখণ্ডিকেতনং সমাপতন্তং বরশক্তিপাণিনং।
কৈলাসমুৎসৃজ্যহিমাচলং তথাক্রৌঞ্চং সমভ্যেত্যগুহাং বিবেশ।

অনুবাদ।

পরাজিত ভীত প্রমথগণ ও মাতৃগণ সকলে কার্ত্তিকের শরণাগত হইল। তখন শঙ্করাত্মজ সেনানী সৈন্যগণ উপদ্রুত এবং খড়্গ হস্ত তারকাসুরকে যুদ্ধার্থ সমাগত দেখিয়া শক্তিদ্বারা তাহার হৃদয় ভেদ করিলেন তাহাতে তারকাসুর সমরাঙ্গনে পতিত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইল। সমরক্ষেত্রে তারকাসুর নিধন হইল দেখিয়া ভাতৃ বিনাশ শোকে এবং ভয়ে অধীর মহিষাসুর সংগ্রামস্থল পরিত্যাগ পূর্ব্বক হিমালয় শৈলবরে প্রবেশ করিল। তারকাসুর নিধন হইল মহিষাসুর ভয়ে পলায়ন করিল এবং প্রমথগণ সৈন্যগণকে বিনাশ করিতে দেখিয়া বাণাসুর সমুদ্র মধ্যে প্রবেশ করিল। সমরাঙ্গনে তারকাসুরকে নিধন করিয়া শিখণ্ডিমণ্ডিত ময়ূরপৃষ্ঠে আরোহণপূর্ব্বক অতিদ্রুত গমনে শক্তিহস্ত মহিষাসুর নিধনার্থে কুমার মহিষাসুরের পশ্চাৎ গমন করিলেন। শক্তিহস্ত শিখণ্ডকেতন পশ্চাৎ ধাবমান হইতেছে দেখিয়া, মহিষাসুর কৈলাশপর্ব্বত পরিত্যাগপূর্ব্বক হিমাচলে গমন করিল। তথা হইতে ক্রৌঞ্চ

দৈত্যংপ্রবিষ্টং সপিনাকিসূনুর্জুগোপ যত্নাদ্ভগবান্গুহোপি।
স্ববন্ধুহন্তাভবিতাকথং ত্বহং সংচিন্তযন্নেবতত্রঃ স্থিতোহভুৎ।
ততোহভ্যগাৎ পুষ্করসম্ভবস্তু হরোমুরারি স্ত্রিদশেশ্বরশ্চ।
অভ্যেত্যচোচুর্মহিষং সশৈলং ভিন্দস্বশক্ত্যা কুরুদেবকার্য্যং॥
তৎকার্ত্তিকেয়ঃ প্রিয়মেবতথ্যং শ্রুত্বাবচঃ প্রাহসুরান্ রহস্যে।
কথংহিমাতামহনপ্তৃকঞ্চ সুভ্রাতরং ভ্রাতৃসুতঞ্চমাতুঃ॥
এষাশ্রুতিশ্চাপি পুরাতনী কিলগায়ন্তিতাং বেদবিদোমহর্ষয়ঃ।
কৃত্বাচযস্যানতমুত্তমানাং স্বর্গং প্রয়ান্তিস্বতিপাপিনোঽপি॥
গোব্রাহ্মণং বৃদ্ধমথাপ্তকঞ্চ বালংস্ববন্ধুং ললনাং ত্বদুষ্টাং।
কৃতাপরাধানপিনৈব বধ্যাদাচার্য্য মুখ্যান্গুরবস্তথেতি।
এবংজানং ধর্ম্মমগ্র্যং সুরেন্দ্রং নাহংহন্যাং ভ্রাতরং মাতুলেয়ং।

অনুবাদ।

পর্ব্বতের গুহার মধ্যে প্রবেশ করিল। দানব গুহা মধ্যে প্রবেশ করিলে, ভগবান কার্ত্তিকেয় যত্নসহকারে গুহার দ্বার রোধ করিলেন। আমি কিরূপে স্ববন্ধুহন্তা হইব, এইরূপ চিন্তা করিয়া সেই স্থানে উপবেশন করিলেন। তখন পদ্মযোনিব্রহ্মা শঙ্কর দামোদর ও পুরন্দর সকলে সেই স্থানে উপস্থিত হইয়া কুমারকে বলিলেন; কুমার তুমি অগ্নিদত্ত শক্তিদ্বারা এই ক্রৌঞ্চ পর্ব্বতের সহিত মহিষাসুরকে ভেদ করিয়া দেবগণের কার্য্য সাধন কর। তখন কার্ত্তিকেয় ত্রিদশগণের অভিপ্রায় অবগত হইয়া নির্জ্জনে দেবগণকে বলিলেন। মাতামহ পিতামহ, ভ্রাতৃ ও ভ্রাতৃপুত্র এবং মাতা এই যে, পুরাতনী সম্বন্ধ রূপাশ্রুতি বেদপাবক মহর্ষিগণ কীর্ত্তন করিয়া থাকেন। যে জন সাধুগণের মত অবলম্বন পূর্ব্বক কার্য্য করে, সে অতিপাপী হইলে স্বর্গে গমন করে এবং গো ব্রাহ্মণ বৃদ্ধ স্বজন বালক ও পতিব্রতা কামিনী এবং আচার্য্য ও গুরু এই সকল লোক সাপরাধী হইলে

যদাদৈত্যোনির্গমিষ্যেদ্গুহাত্তদাশক্ত্যাপাতয়িষ্যামিশত্রুং।
শ্রুত্বাকুমারবচনং ভগবান্মহর্ষে
দত্বা মতিং স্বহৃদয়েগুহমাহশত্রুঃ।
মত্তোভবান্নমতিমান্ বদসেকিমিত্থং
বাক্যং শৃণুষ্বহরিণাগদিতংহিপূর্ব্বং॥
নৈকস্যার্থেবহূনহন্যাদিতি শাস্ত্রেষু নিশ্চয়ঃ।
একং হন্যাদ্বহুস্বর্থে ন পাপী তেন জায়তে।
এতৎশ্রুত্বা ময়াপূর্ব্বং সমস্তেনচাগ্নিজঃ॥
ময়াপিনমুচিঃ শুম্ভঃ সোদরোহপিময়ানুজঃ।
তস্মাদ্বহূনামর্থায় সক্রৌঞ্চং মহিষাসুরং॥
ঘাতয়স্ব রাক্রম্য শক্ত্যাপাবকদত্তয়া।

অনুবাদ।

বিনাশ করিবেক না। এই সকল প্রধান ধর্ম্ম অবগত হইয়া সুনাভ আমার মাতুল তাহার পুত্র ক্রৌঞ্চ অতএব মাতুলেয় ভ্রাতা কখনই বিনাশ করিব না। যখন ঐ মহিষাসুর গুহা হইতে বহির্গত হইবে, তখন আমি এই শক্তিদ্বারা তাহাকে বিনাশ করিব। তখন কুমারের বাক্য শ্রবণ করিয়া, পুরন্দর কুমারের মতে অভিমোদন করিয়া কুমারকে বলিলেন। তুমি আমা হইতে বুদ্ধিমান্ নহে তবে এ কি বলিতেছ, পূর্ব্বকালে ভগবান্ চক্রধারী যাহা বলিয়াছিলেন, তাহা শ্রবণ কর। এক ব্যক্তির জন্য বহুপ্রাণি বিনাশ করা শাস্ত্র সঙ্গত যুক্তিসিদ্ধ নহে, কিন্তু অনেকের নিমিত্ত এক জনকে বিনাশ করিলে পাপী হয় না। অতএব হে অম্বিকাতনয়! আমি পূর্ব্বে কোন সময়ে এ কথা শুনিয়াছি যে, আমি নমুচি ও শুম্ভাসুর এক উদরে জন্মগ্রহণ করিয়াছিলাম, কিন্তু উহারা আমার কনিষ্ঠ আমি সমস্ত দেবগণের হিতার্থে সেই নমুচিকে বিনাশ করিয়াছি। অতএব হে

পুরন্দরবচঃ শ্রুত্বা ক্রোধাদারক্তলোচনঃ ॥
কুমারঃ প্রাহুবচনং কম্পমানঃ শতক্রতুং।
মূঢ়কিন্তেবলং বাহ্বোঃ শরীরঞ্চাপিবৃত্রহন্॥
যেনাধিক্ষিপসেমাং ত্বং ব্রুবন্নমতিমানসি।
তমুবাচসহস্রাক্ষ স্বত্তোহং বলবান্ গুহ॥
প্রাহত্রয়েহি যুদ্ধস্বময়াত্বং বলবান্ যদি।
শক্রঃ প্রাহাথ বলবান্ জ্ঞায়তে কৃর্ত্তিকাসুত॥
প্রদক্ষিণং শীঘ্রতরং যঃ কুর্য্যাৎ ক্রৌঞ্চমেবচ।
শ্রুত্বাতদ্বচনং স্কন্দঃ শিখণ্ডীং ত্যজ্যবেগবান্॥
প্রদক্ষিণং পাদচারীকর্ত্তুং তূর্ণতরোভ্যগাৎ।
শক্রোহবতীর্য্যনাগেন্দ্রং পাদেনাপ্রদক্ষিণং॥
কৃত্বা তস্থৌগুহস্যেত্যমূঢ়কিং সংস্থিতোভবান্।

অনুবাদ।

কুমার তুমি অনেকের উপকারার্থে অগ্নিদণ্ড শক্তিদ্বারা ক্রৌঞ্চ ও মহিষকে বিনাশ কর। পুরন্দরের এরূপ স্বার্থপর বাক্য শ্রবণ পূর্ব্বক ক্রোধে আরক্তলোচন কম্পিতকলেবর কুমার তখন শতক্রতুকে বলিলেন। রে মূঢ়, তোর কি বাহুবল কি শক্তি তুই কি বুদ্ধিমান তুই আমাকে উপদেশ প্রদান করিস্? তখন ইন্দ্র বলিলেন। রে গুহ, আমি তোর অপেক্ষা বলবান্, অতএব আইস, যুদ্ধ কর, কে বলবান, সকলে অবগত হইবে। কুমারকে ইন্দ্র বলিলেন, হে কৃত্তিকা নন্দন! যে অগ্রে এই ক্রৌঞ্চপর্ব্বত প্রদক্ষিণ করিবেক, সেই বলবান; পুরন্দরের এই কথা শ্রবণ করিয়া, কুমার তৎক্ষণাৎ শিখণ্ডী পরিত্যাগ-পূর্ব্বক দ্রুতবেগে পদব্রজে গমন করিলেন। পুরন্দর তৎক্ষণাৎ ঐরাবত পরিত্যাগপূর্ব্বক সাতিশয় বেগে দ্রুত গমনে কুমারের অগ্রে গুহার মধ্যে অবস্থিতি করিলেন, কুমার

তস্মিন্দ্রঃ প্রাহকৌটিল্যং ময়াপূর্ব্বং প্রদক্ষিণং ॥
কৃতোস্মি ন ত্বয়াপূর্ব্বং কুমারঃ শক্রমব্রবীৎ।
ময়াপূর্ব্বং ময়াপূর্ব্বং বিবদন্তৌ পরস্পরং ॥
এভ্যোচতুর্ম্মহেশায় ব্রহ্মণে মাধবায়চ।
অথোবাচহরিঃ স্কন্দং প্রষ্টুং মহথপর্ব্বতং ॥
যঞ্চবক্ষ্যতিপূর্ব্বং স ভবিষ্যতি মহাবলঃ।
তন্মাধববচঃশ্রুত্বা ক্রৌঞ্চমভ্যেত্যপাবকিঃ ॥
পপ্রচ্ছাদ্রিমিদং কেন কৃতং পূর্ব্বং প্রদক্ষিণং।
ইত্যেবমুক্তেক্রৌঞ্চস্তু প্রাহপূর্ব্বং মহামতিঃ ॥
চকারগোত্রভিৎপূর্ব্বং ত্বয়াকৃতমথোগুহ।

অনুবাদ।

তৎপরে গুহার মধ্যে প্রবেশ করতঃ তথায় ইন্দ্রকে অবলোকন করিয়া, ক্রোধে ইন্দ্রকে বলিলেন। রে মূঢ়, তুই কি এই গুহার মধ্যে আছিস্। তখন ইন্দ্র কুটিল ভাবযুক্ত কুমারকে বলিল, আমি অগ্রে প্রদক্ষিণ করিয়াছি, তুমি আমার অগ্রে প্রদক্ষিণ করিতে পার নাই। তখন কুমার ইন্দ্রকে বলিল আমি অগ্রে প্রদক্ষিণ করিয়াছি. ইন্দ্র বলিল আমি অগ্রে আসিয়াছি, এই কথার আন্দোলনে উভয়ের বিষম বিবাদ উপস্থিত হইল। এই সময়ে পুস্কর সম্ভব, ব্রহ্মা, শঙ্কর চক্রাধারী মাধব এবং ইন্দ্র সেই স্থানে উপস্থিত হইলেন। কুমার পুরন্দর; ব্রহ্মা, শঙ্কর ও মাধবকে অবলোকন করিয়া সন্তোষের জন্য তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন, আমাদিগের মধ্যে কে অগ্রে পর্ব্বত প্রদক্ষিণ করিয়াছে। তখন চক্রী মাধব কুমারকে বলিলেন, তোমরা উভয়ে এই ক্রোঞ্চ পর্ব্বতকে জিজ্ঞাসা কর পর্ব্বত যাহাকে অগ্রে প্রদক্ষিণ করিয়াছে, বলিবেক সে বলবান। ভগবান চক্রীর এই কথা শ্রবণ করিয়া তৎক্ষণাৎ কুমার পর্ব্বতকে জিজ্ঞাসা

এবং ব্রুবন্তং ক্রৌঞ্চং স ক্রোধাৎ প্রস্ফুরিতাধরঃ ॥
বিভেদশক্ত্যাকৌটিল্যো মহিষেণসমং তদা।
তস্মিন্ হতেথতনয়ে বলবানসুনাভো
বেগেনভূমিধরপার্থিবজস্ত্বথাগাৎ।
ব্রহ্মেন্দ্ররুদ্রমরুদশ্বি বসুপ্রধানা
জগ্মুর্দিবং মহিষমীক্ষ্যহতংগুহেন ॥
সমাতুলং বীক্ষ্যবলীকুমারঃ শক্তিং সমুৎপাট্যনিহন্তু কামঃ।
নিবারিতশ্চক্রধরেণ বেগাদালিঙ্গ্যদোর্ভ্যাং গুরুরিত্যুদীর্য্য ॥
সুনাভমেত্যৈব হিমাচলস্তু প্রগৃহ্যহস্তেন্যতএব নীতবান্।
হরিঃ কুমারং স শিখণ্ডিনং নয়বেগাদ্দিবং পন্নগশক্রপত্রঃ ॥

অনুবাদ।

করিল, এই পর্ব্বত কে অগ্রে প্রদক্ষিণ করিয়াছে শীঘ্র বল। কুমার পর্ব্বতকে এই কথা জিজ্ঞাসা করিলে, পর্ব্বত বলিল মহামতি পুরন্দর অগ্রে প্রদক্ষিণ করিয়াছেন, তুমি তাহার পশ্চাৎ প্রদক্ষিণ করিয়াছ। ক্রৌঞ্চ এই কথা বলিলে পর শ্রবণমাত্র ক্রোধে কম্পিত ওষ্ঠাধর কুমার হুতাশন প্রদত্ত শক্তিদ্বারা তৎক্ষণাৎ মহিষের সহিত ক্রৌঞ্চ ভেদ করিলেন। তখন পার্থিবর বলবান সুনাভপর্ব্বতনয় বিনাশ হইল দেখিয়া কুমার, মহিষাসুরের সহিত আমার তনয়কে বিনাশ করিয়াছে। এই কথা বলিবার জন্য দেবলোকে ব্রহ্মা, ইন্দ্র, রুদ্র ও অগ্নি প্রভৃতি দেবগণের নিকট গমন করিল; দেবগণ মহিষাসুর বিনাশ হইল দেখিয়া স্বস্থানে গমন করিলেন। কুমার দেবলোকে সুনাভ মাতুলকে অবলোকন করিয়া শক্তি উৎপাটন পূর্ব্বক সুনাভের বিনাশোদ্যত হইলেন। তখন চক্রধারী মাধব বাহুদ্বয় বিস্তারপূর্ব্বক কুমারকে ধারণ করিয়া আলিঙ্গন করতঃ নিবারণ করিলেন, বলিলেন সুনাভ তোমার মাতুল গুরু। তখন হিমাচল সুনাভের হস্ত ধারণ পূর্ব্বক অন্য স্থানে গমন করিলেন। চক্রধারী মাধব ইন্দ্রকে বলি-

ততোগুহঃ প্রাহহরিং সুরেশং মোহেননষ্টো ভগবন্‌বিবেকঃ।
ভ্রাতাময়ামাতুলেযোনিরস্তস্তস্মাৎ করিষ্যেদ্যশরীরশোষং।
তং প্রাহবিষ্ণুর্ব্রজতীর্থবর্য্যং পৃথূদকং পাপহরং কুঠারং।
স্নাত্বৌঘবত্যাং হরমীক্ষ্যভক্ত্যা ভবিষ্যসে সূর্য্যসমপ্রভাবঃ॥
ইত্যেবমুক্তোহরিণা কুমারস্তত্যেত্যতীর্থোত্তমমীক্ষ্যশম্ভুং।
স্নাত্বার্চ্চ্যদেবান্ স রবিপ্রকাশং জগামশৈলং সদনং হরস্য॥
সচক্রনেত্রোপি মহাশ্রমেতপশ্চকারশৈলে পবনাশনস্তু।
আরাধয়ামাস বৃষধ্বজং তদা হরোহস্যতুষ্টোবরদোবভূব॥
দেবান স চক্রং পরমং বধার্থেপক্রোহস্তকারী রিপুবাহুষণ্ডং।

অনুবাদ।

লেন, ইন্দ্র তুমি শিখণ্ডির সহিত কুমারকে লইয়া যাও এই কথা বলিয়া সুরলোকে গমন করিলেন। তখন কুমার মাধবকে বলিলেন, হে ভগবন্! আপনি মুগ্ধ স্বভাবে আমার বিবেক নষ্ট করিয়াছেন। এজন্য আমি মাতুলেয় ভ্রাতা বিনাশ করিয়াছি অতএব অদ্য তপস্যা করিব। বিষ্ণু বলিলেন তুমি এক্ষণে তীর্থবর পৃথূদকে গমন কর, পৃথূদকে স্নান করিয়া ভৃগুনন্দন মাতৃবধ পাপ হইতে মুক্ত হইয়াছিলেন এবং তাঁহার হস্তের কুঠার স্খলিত হইয়া ছিল। সেই পুণ্যসলিলে অবগাহন করিয়া ভক্তিসহকারে পার্ব্বতীনাথকে অবলোকন কর, তাহাতে তুমি পূর্ব্বসম প্রভাবশালী হইবে। নারায়ণকুমারকে এই কথা বলিলে কুমার তৎক্ষণাৎ তীর্থবর পৃথূদকে গমন পূর্ব্বক অবগাহন করিয়া দেবাদিদেব ভগবান শঙ্করকে ভক্তিপূর্ব্বক দর্শন করিলেন। তৎপরে পূর্ব্ব সদৃশ প্রভাযুক্ত কার্ত্তিক গিরিবর কৈলাশপর্ব্বতে শঙ্করের আলয়ে গমন করিলেন। চক্রাক্ষ বহুকাল দেবাদিদেব শঙ্করের আরাধনা করিল শঙ্কর সন্তুষ্ট হইয়া চক্রাক্ষের বরদান করিতে অভিলাষ করিলেন। তখন দেবগণের

ছিন্নং যথাত্বপ্রতিমং করেণ বাণস্যতস্মভগবান্দদাতু ॥
তমাহশম্ভুর্ব্রজদত্তমেবং বরং হি চক্রস্যতবায়ুধস্য।
বাণস্যতদ্বাহুবলং প্রবৃদ্ধং সংছিৎস্যতেনাত্রবিচারমস্তি ॥
বরেপ্রদত্তে ত্রিপুরান্তকেন গণেশ্বরঃ স্কন্দমুপাজগাম।
নিপাত্যপাদৌ প্রণিপত্যহৃষ্টো নিবেদয়ামাসহরঃ প্রসাদং ॥
এতত্তবোক্তং মহিষাসুরস্য বধং ত্রিনেত্রাত্মজশক্তিভেদাৎ।
ক্রৌঞ্চস্যমৃত্যুঃ শরণাগতার্থং পাপাপহং পুণ্যবিবর্দ্ধনঞ্চ ॥০॥
ইতি শ্রীবামনপুরাণে মহিষাসুরতারকক্রৌঞ্চভেদনো
নামো উনত্রিংশতমোঽধ্যয়ঃ ॥

অনুবাদ।

পরম হিতের জন্য শঙ্করের নিকট বর প্রার্থনা করিল ভগবন্ আমি বাণাসুরের বাহু যেমন চ্ছেদ করিতে পারি এই বর আমাকে প্রদান করুন্। তখন শঙ্কর চক্রাঙ্ককে বলিলেন তোমার অভীষ্ট বর প্রদান করিলাম তুমি স্বস্থানে গমন কর তোমার অস্ত্রাঘাতে বাণের বাহু বীর্য্য বিনষ্ট হইবে। প্রমথাগ্রগণ্য গণেশ্বর চক্রাঙ্ক ধূর্জ্জটির নিকট বর প্রাপ্ত হইয়া কুমারের নিকট উপস্থিত হইল। এবং কুমারের চরণদ্বয়ে নিপতিত হইয়া বলিল শঙ্কর প্রসন্ন হইয়া আমাকে এই বর প্রদান করিয়াছেন। পুলস্ত্য নারদকে বলিলেন কুমার ক্রৌঞ্চ মহিষকে শক্তিদ্বারা ভেদ করিয়াছিলেন আমি তোমাকে বলিলাম আশ্রয়দানের জন্য ক্রৌঞ্চের মৃত্যু শ্রবণ করিলে পাপ বিনাশ এবং পুণ্য বর্দ্ধন হয়।

ইতি বামনপুরাণে মহিষাসুর তারক ক্রৌঞ্চ ভেদনোনাম
উনত্রিংশ অধ্যায় সমাপ্ত।

——

ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

নারদউবাচ।

যোঽসৌমন্ত্রয়তাং প্রাপ্তোদৈত্যানাং শরতাড়িতঃ।
স কেন বদনির্ভিন্নঃ শরেণদিতিজেশ্বরঃ॥

পুলস্ত্যউবাচ।

আসীন্নৃপ রঘুকুলে রিপুজিন্মহর্ষে
তস্যাত্মজো গুণিগণৈকনিধির্মহাত্মা।
সুরারিসৈন্য দমনোবলবান্ সুহৃৎসু
বিপ্রেষু দীনকৃপণেষু সমানভাবঃ॥
ঋতধ্বজো নাম মহামহিম্না স গালবার্থে তুরগাধিরূঢ়ঃ।
পাতালকেতুং নিজঘানপৃষ্ঠে বাণেন চন্দ্রার্দ্ধনিভেন বেগাৎ॥

নারদউবাচ।

কিমর্থং গালবস্যাসৌ ধারয়ামাস সত্তম।
যেনাসৌপত্রিণাদৈত্যং নিজঘান নৃপাত্মজঃ॥

পুলস্ত্যউবাচ।

পুরাতপস্তপ্যতি গালবর্ষির্মহাশ্রমেস্বেসততং নিবিষ্টঃ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। হে মহর্ষে! রঘুবংশে রিপুজিৎ নামে রাজা ছিলেন তাঁহার পুত্রগুণিগণাগ্রগণ্য মহাত্মা দানবসৈন্য দমনকারী বলবান্ সুহৃৎ বিপ্রদীন কৃপণে অভিন্নমতি ঋতুধ্বজ নরপতি ছিলেন ঐ নরপতি গালবের নিমিত্ত অশ্বারোহণপূর্ব্বক পাতালকেতুর পৃষ্ঠে অর্দ্ধচন্দ্রনিভ বাণের আঘাত করিয়াছিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। কি নিমিত্ত মহাত্মা ঋতুধ্বজ গালবের রক্ষার জন্য অস্ত্র নিক্ষেপ করিয়াছিলেন। পুলস্ত্য বলিলেন।

পাতালকেতুস্তপসো হ্যস্যবিঘ্নং করোতিমোঢ্যাৎ সসমাধিভঙ্গং ॥
নচেৎক্রুতেসৌ তপসোব্যয়ং হি শক্তোতিকর্ত্তুং ত্বথভস্মসাত্তং।
আকাশমীক্ষ্যাথ সদীর্ঘমুষ্ণং মুমোচনিশ্বাসমনুত্তমং হি।
ততোহম্বরাদ্বাজিবরং পপাতবভুববাণী ত্বশরীরিণীচ ॥
অসৌতুরঙ্গোবলবান্ ক্রমেত অহ্নাংসহস্রাণিতু যোজনানাং।
সতং প্রগৃহ্যাশ্ববরং নরেন্দ্রমৃতধ্বজং যোজ্যতদাত্বশস্ত্রং ॥
স্থিতস্তপস্যেবততোমহর্ষির্দৈত্যং সমত্যনৃপতির্বিভেদ ॥

নারদ উবাচ।

কেনাম্বরতলাদ্বাজী বিসৃষ্টোবদসুব্রত।
বাক্‌কস্যাদেহিনীজাতা পরং কৌতুহলং মম ॥

অনুবাদ।

পূর্ব্বকালে গালব ঋষি স্বীয় মহাশ্রমে বহুকাল নিয়ত তপস্যা করিয়াছিলেন। পাতালকেতু মূঢ়তা প্রযুক্ত ঐ মহর্ষি গালবের আশ্রমে গমনপূর্ব্বক তপস্যা বিঘ্ন ও সমাধি ভঙ্গ করিল। পাতালকেতু মহাত্মা গালবের তপস্যার বিঘ্ন করিলে মহাত্মা গালব ঐ দানবকে ভস্ম করিলেন না। কিন্তু গগণমার্গ নিরীক্ষণপূর্ব্বক উষ্ণ ও দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিলেন। তদনন্তর গগণমার্গ হইতে এক অতি তেজস্বী তুরঙ্গম অবতরণ হইল এবং আকাশ বাণী হইল। এই তুরঙ্গম অতি বলবান প্রতিদিন সহস্র যোজন গমন করিতে শক্ত। তখন মহর্ষি গালব সেই তুরঙ্গম এবং অস্ত্র শস্ত্র মহারাজ ঋতুধ্বজকে প্রদান করিয়া পূর্ব্বমত তপস্যায় মনোনিবেশ করিলেন নারদ জিজ্ঞাসা করিলেন মহাশয় গগণমার্গ হইতে কোন মহাত্মা সেই তুরঙ্গম প্রদান করিল এবং অশরীরিণী বাক্য কোন ব্যক্তি বিন্যাস করিল এই সকল বিষয় শ্রবণ করিতে আমার হৃদয় সাতিশয় উল্লাসিত হইয়াছে আপনি বর্ণন করিয়া চরিতার্থ করুন।

পুলস্ত্য উবাচ।

বিশ্বাবসুর্নামমহেন্দ্র গায়নোগন্ধর্ব্বরাজোবলবান্ যশস্বী।
বিসৃষ্টবান্ ভূপতয়ে তুরঙ্গং ঋতধ্বজস্যৈব সুতার্থমাশু॥

নারদ উবাচ।

কোঽর্থগন্ধর্ব্বরাজস্যযোতং প্রৈষীন্মহাজবং।
রাজ্ঞঃ কুবলয়াশ্বস্যকোবানৃপ সুতস্য চ॥

পুলস্ত্য উবাচ।

বিশ্বশ্রুতাশীলগুণোপপন্ন আসীৎপুরন্ধ্রী সুররাজলোকে।
লাবণ্যরাশিঃ শশিকান্তিতুল্যা মদালসানামমদালসৈব॥
তাং নন্দনেদেব রিপুস্তরস্বী সংক্রীড়তীং রূপবতীংদদর্শ।
পাতালকেতু স্ত জহারতন্বীং তস্যার্থতঃ সোশ্ববরঃ প্রদত্তঃ।
হত্বাচদৈত্যং নৃপতেস্তনুজোলব্ধাবরং কমপি সংস্থিতোঽভূৎ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। মহেন্দ্র সভার গায়ক অতি বলবান বিশ্বাবসু নামা এক গন্ধর্ব্ব ঋতধ্বজ নরপতির নিমিত্ত ঐ তুরঙ্গম গগণ হইতে প্রদান করিয়াছিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন, গন্ধর্ব্ব-রাজের কি কারণ ছিল যে এরূপ বেগশালী কুবলাশ্ব রাজতয়কে প্রেরণ করিলেন। পুলস্ত্য বলিলেন। বিশ্ব বিখ্যাতা গুণ-শালিনী মদালসা নাম্নী এক পুরন্ধ্রী ইন্দ্রলোকে ছিল। তাহার সদৃশী রূপলাবণ্য শালিনী অতি বিরল ছিল। সেই রূপ-শালিনী মদালসা নন্দনকাননে ক্রীড়া করিতেছে ইত্যবসময়ে অতি দ্রুতগামী অমরারি পাতালকেতু সেই স্বরূপা কামিনীকে হরণ করিল। তাহার রক্ষার জন্য সেই অশ্ববর প্রদান করিয়াছিলেন। রাজা ঋতুধ্বজ সেই অশ্ববরে আরোহণপূর্ব্বক শাণিতাস্ত্রদ্বারা দানবের আঘাত করিয়া রক্ষা করিলেন এবং অভিলষিত বর

রুক্মিণ্যা যথা দেব পতির্মহেন্দ্রঃ শচ্যা তথা রাজসুতানুপাথ্যা ॥

নারদ উবাচ।

এবং নিরস্তে মহিষে তারকেচ মহাসুরে

হিরণ্যাক্ষ সুতোধীমান কিমচেষ্টভবৈপুনঃ ॥

পুলস্ত্য উবাচ।

তারকংনিহতংশ্রুত্বা মহিষঞ্চরণেহন্ধকঃ।

ক্রোধংচক্রেসুদুর্ব্বুদ্ধি র্দেবানাং দেবসৈন্যহা ॥

ততঃ স্বল্পপরীবারঃ প্রগৃহ্যপরিঘং করে।

নির্জগামাথ পাতালাদ্বিচচারচমেদিনীং ॥

ততোবিচরতাতেন মন্দরে চারুকন্দরে।

দৃষ্ট্বাগৌরীচ গিরিজা সখীমধ্যেস্থিতাশুভা ॥

ততোহভূৎ কামবানার্ত্তঃ সহসৈবান্ধকাসুরঃ।

তাংদৃষ্ট্বাচারুসর্ব্বাঙ্গীং গিরিরাজ সুতামুনে ॥

অনুবাদ।

গ্রহণপূর্ব্বক তথায় সেই কামিনীর সহিত রাজতনয়া রুক্মিণীর সহিত কৃষ্ণ এবং শচীর সহিত মহেন্দ্র সদৃশ তথায় অবস্থান করিতে লাগিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন মহিষাসুর ও তারকাসুর নিধন হইলে হিরণ্যাক্ষ তনয় অন্ধক কিরূপ চেষ্টা করিল তাহা কীর্ত্তন করিয়া শ্রবণেন্দ্রিয় চরিতার্থ করুন্। পুলস্ত্য বলিলেন। তারকাসুর ও মহিষাসুর নিধন হইয়াছে শ্রবণ করিয়া দুর্ব্বুদ্ধি অন্ধকাসুর দেবগণের প্রতি অতি ভয়ঙ্কর ক্রোধ করিল। অনন্তর অন্ধকাসুর অল্প সৈন্য এবং অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক পাতালপুরী হইতে বহির্গত হইয়া মেদিনী ভ্রমণ করিতে লাগিল কিছু দিন ভ্রমণ করিতে করিতে মন্দরপর্ব্বতে উপস্থিত হইল। সেই পর্ব্বতে সখীগণ মধ্যে গিরিজা গৌরীকে অবলোকন করিল। দেবীর অনুপম রূপলাবণ্য

অথোবাচাসুরোমূঢ়োবচনং মন্মথান্ধকঃ।
কস্যেয়ং চারু সর্ব্বাঙ্গী বনেচরতি সুন্দরী॥
ইয়ংযদিভবেন্নৈব মমান্তঃ পুরবাসিনী।
তন্মদীয়েনজীবেন ক্রিয়তে নিষ্ফলেন কিং॥
যদস্যাস্তনুমধ্যায়া নপরিষ্বঙ্গবানহং।
ততোধিঙ্মমরূপেণ কিংস্থিরেন প্রয়োজনং॥
সমেবন্ধুঃ সসচিবঃ সভ্রাতাসাম্পরায়িকঃ।
যোমমাসিতকেশাংতাং যোজয়েন্মৃগলোচনাং॥
ইদংবদতিদৈত্যেন্দ্রে প্রহ্লাদোবুদ্ধিসাগরঃ।
পিধায়কর্ণৌ হস্তাভ্যাং শিরঃকম্পন্ বচোব্রবীৎ॥
মামৈবংবদদৈত্যেন্দ্র জগতোজননীত্বিয়ং।
লোকনাথস্যভার্য্যেয়ং শঙ্করস্য ত্রিশূলিনঃ॥

অনুবাদ।

অবলোকন করিয়া দানবাধম অন্ধক সহসা কামপীড়িত হইল। অনন্তর কামান্ধ মূঢ় অন্ধকাসুর দেবীকে বলিল। সুন্দরী তুমি কাহার ভার্য্যা এই বিজনকাননে ভ্রমণ করিতেছ। এই বিজনকানন তোমার উপযুক্ত স্থান নহে তুমি আমার অন্তঃপুরে বাস কর। এবং আমার জীবনে সুখ সম্ভোগ কর নিষ্ফল কালাতিপাতের প্রয়োজন কি। যদি এই ক্ষীণমধ্যা রমণীকে আলিঙ্গন করিতে না পারি তবে আমার জীবনে ও যৌবনে ধিক্। সে আমার বন্ধু সে আমার অমাত্য সে আমার সাম্প্রদায়িক ভ্রাতা যে ব্যক্তি আমাকে এই অসিত কেশা মৃগলোচনা কামিনী যোজনা করিবেক। এইরূপ দানবাধম বলিলে সাতিশয় বুদ্ধিমান প্রহ্লাদ কর্ণদ্বয়ে হস্তাচ্ছাদন এবং মস্তক কম্পনপূর্ব্বক বলিল। হে দৈত্যবর! তুমি একথা বলিও না ইনি ত্রিলোক জননী ত্রিশূলী লোকনাথ শঙ্করের ভার্য্যা

মাকুরুম্বসুদুর্ব্বুদ্ধে বুদ্ধিং কুলবিনাশিনীং।
বরংপ্রাণাস্ত্যজ্যা ন তু শিশুবিনাশেম্বভিরতি
র্বরং মৌনংকার্য্যং ন বচনমুক্তং যদনৃতং।
বরংক্লিবৈর্ভাব্যং নচ পরকলত্রাভিগমনং
বরংভিক্ষাশিত্বং নচপরধনাস্বাদনরসঃ॥
প্রহ্লাদবচনংশ্রুত্বা ক্রোধান্ধোমদান্বিতঃ।
ইয়ংসাশত্রুজননীত্যেব মুক্ত্বাপ্রদুদ্রুবে॥
ততোনুধাবদ্ধেতেয়ো যন্ত্রমুক্তইবোপলঃ।
ত্বং রুরোধবলবান্নন্দী বজ্রোদ্যত করোহব্যয়ঃ।
তেনতাবৎ পুরোগাস্তে বারিতাদ্রাবিতাস্তথা।
কুলিশেনাহতাস্তূর্ণং জগ্মুর্ভীতাদিশোদশ।
তান্দ্দিতান্রণেদৃষ্ট্বা নন্দিনাচান্ধকাসুরঃ।

অনুবাদ।

হে দুর্ব্বুদ্ধে! এরূপ কুল বিনাশ কারিণী বুদ্ধি করিও না। শ্রবণ কর। জীবন ত্যাগ করা বরং ভাল তথাপি শিশু বিনাশে ইচ্ছা করা ভাল নয়, সভায় মৌনাবলম্বন করা বরং ভাল তথাপি মিথ্যা কথা বলা ভাল নয়। ক্লীব হইয়া থাকা বরং ভাল তথাপি পরস্ত্রী গমন করা ভাল নয়। ভিক্ষা করিয়া জীবন ধারণ করা বরং ভাল তথাপি পরধনে আমোদ করা ভাল নয়। মহাত্মা প্রহ্লাদের এই বাক্য শ্রবণ করিয়া কামপীড়িত ক্রোধান্ধ দানব এই আমার শত্রু জননী এই কথা বলিয়া যন্ত্রমুক্ত উপল খণ্ডের ন্যায় ধারণার্থে দ্রুতবেগে গমন করিল। তখন বজ্রোদ্যত কর নন্দী সেই দানবকে রোধ করিল। নন্দী অগ্রগামী দানবগণকে নিবারণ করিয়া আঘাত করিল। এবং নন্দীর কুলিশাঘাতে ব্যথিত দানবগণ ভয়ে দশদিকে পলায়ন করিল। সংগ্রামে নন্দীকর্ত্তৃক উপদ্রুত দানবগণকে

পরিঘেন সমাহত্য পাতয়ামাস নন্দিনং ॥

শৈলাদিং পতিতং দৃষ্ট্বা বর্দ্ধমানং তথান্ধকং ।

শতরূপাভবদ্গৌরী ভয়াত্তস্য দুরাত্মনঃ ।

ততঃ সদেবীগণমধ্যসংস্থিতঃ পরিভ্রমন্ ভাতি মহাসুরেন্দ্রঃ ।

যথাঞ্জনমত্তকরী পরিভ্রমন্ করেণুমধ্যে মদলোলদৃষ্টিঃ ॥

ন পরিজ্ঞাতবাংস্তত্র কা তু সা গিরিকন্যকা ।

নাপ্যাশ্চর্য্যং ন পশ্যন্তি চত্বারোহনীসদেবহি ।

ন পশ্যতীহজাতান্ধো রোগান্ধোঽপিনপশ্যতি ।

ন পশ্যতিমদোন্মত্তোলোভাক্রান্তো ন পশ্যতি ।

সোহপশ্যমানোগিরিজাং পশ্যন্নপিতথান্ধকঃ ।

প্রহারং নাদদত্তাসাং স্বরত্যহৈব চিন্তয়ন্ ।

ততোদেব্যাসন্তুষ্টাত্মা শতধার্য্যানিরাকৃতঃ ।

অনুবাদ ।

অবলোকন করিয়া অন্ধকাসুর পরিঘ অস্ত্রদ্বারা নন্দিকে আঘাত করিল। সংগ্রামে নন্দী পতিত এবং দানব উদ্যতভাবে ধাবিত হইতেছে দেখিয়া দুরাত্মা দানবের ভয়ে গিরিজাদেবী শত রূপা হইলেন। অনন্তর সেই দানব দেবীগণ মধ্যে অবস্থিতি করিয়া উন্মত্তের ন্যায় ভ্রমণ করতঃ বারম্বার কৃষ্ণবর্ণা মত্তকরী ভ্রমণ করতঃ হস্তিনীর ন্যায় যাদৃশী দৃষ্টিপাত করে তাদৃশ গিরিকন্যকার প্রতি কটাক্ষপাত করিতে লাগিল। সেই নগনন্দিনী কে দানব তাহা জানিতে পারিল না। এবং আশ্চর্য্য বোধ করিল না। অন্যান্য প্রধান দানব চতুষ্টয় তাহারাও দেখিল না কারণ জন্মান্ধ দেখিতে পায় না রোগান্ধ দেখিতে পায় না মদনান্ধ দেখিতে পায় না এবং লোভান্ধ দেখিতে পায় না। অতএব মদনান্ধ দানব শৈলনন্দিনীকে দেখিয়া দেখিতেছে না। এবং তাহাদিগের কোমল শরীর চিন্তা করিয়া অস্ত্রাঘাত

ভ্রুকুটীপ্রবরৈঃশস্ত্রৈ র্নিপপাতমহীতলে।
বীক্ষ্যান্ধকং নিপতিতং শতরূপাবিভাবরী।
তস্মাৎস্থানাদপাক্রম্য গতান্তর্দ্ধানমম্বিকা ॥
পতিতঞ্চান্ধকংদৃষ্ট্বা দৈত্যদানবযূথপাঃ।
কুর্ব্বন্তঃ সুমহাশব্দং প্রদ্রবন্তরনার্থিনঃ।
তৈষামাপততাং শব্দং শ্রুত্বাতস্থৌগণেশ্বরঃ।
আদায়বজ্রং বলবানূমঘবানিব কোপিতঃ ॥
দানবান্ শময়ন্বীরঃ পরিত্যজ্য গণেশ্বরঃ।
সমভ্যেত্যাম্বিকাং দৃষ্ট্বা বরন্দে চরণৌশুভৌ।
দেবীসাচনিজামূর্ত্তিঃ প্রাহগচ্ছধ্বমিচ্ছয়া।
বিহরধ্বং মহীপৃষ্ঠেপূজ্যমানানরৈরিহ।
বসতির্ভবতীনাঞ্চ উদ্যানেষু বনেষুচ।
বনস্পাতিষু বৃক্ষেষু গচ্ছধ্বং বিগতজ্বরাঃ।

অনুবাদ।

করিল না। শতরূপা দেবী তখন ভ্রূভঙ্গি এবং অস্ত্রাঘাত দ্বারা ছুটাইয়া দানবকে মহীতলে পাতিত করিলেন। তখন শতরূপা জননী দানব সমরশায়ী হইয়াছে দেখিয়া সেই স্থান হইতে অন্তর্দ্ধান হই- লেন। দানবাগ্রগণ্য অন্ধক সমরশায়ী হইয়াছে দেখিয়া যুদ্ধার্থী দানব সৈন্যগণ অতি কোলাহল শব্দ করতঃ ধাবিত হইল। দানব সৈন্য গণের কোলাহল শব্দ শ্রবণ করিয়া গণাধিপ বলবান নন্দী বজ্র ধারণপূর্ব্বক সংক্রুদ্ধ পুরন্দর সদৃশ দানবসৈন্য বিনাশ করিলেন এবং সেই সংগ্রাম স্থান হইতে অম্বিকার নিকট গমনপূর্ব্বক দেবীর চরণদ্বয় বন্দনা করিলেন। অদ্রিনন্দিনী দেবী আপনার স্বীয় মূর্ত্তিগণকে বলিলেন তোমরা ইচ্ছাপূর্ব্বক গমন কর এবং অবনীতলে মানব- গণের পূজিত হইয়া বিহার কর। তোমরা উদ্যানে বনে বন- স্পতিতে এবং বৃক্ষে বাস কর শৈলনন্দিনী এই কথা বলিলে মূর্ত্তি-

ইত্যেবমুক্ত্বা শৈলেয্যা প্রণিপত্যাম্বিকাং ক্রমাৎ।
দিক্ষুসর্ব্বাসুপাজগ্মঃ স্তূয়মানাশ্চকিন্নরৈঃ।
অন্ধকোঽপিস্মৃতিংলব্ধা অপশ্যন্নদ্রিনন্দিনীং।
স্ববলংনির্জ্জিতংদৃষ্ট্বা ততঃ পাতালমাদ্রবৎ।
ততোদুরাত্মা সতদান্ধকোমুনে পাতালমভ্যেত্যদিবানভুঙ্ক্তে।
রাত্রৌনশেতেমদনেন দাহিতোগৌরীং স্মরন্ কালবলাভিপন্নঃ॥
ইতি শ্রীবামনপুরাণে ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

একত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

ক্বগতঃ শঙ্করোঽথাভূদ্যেনাম্বা নন্দিনাসহ।
অন্ধকং যোধয়ামাস এতন্মেবক্তুমর্হসি॥

পুলস্ত্য উবাচ।

যদাবর্ষসহস্রন্তু মহামোহেস্থিতোভবৎ।

অনুবাদ।

গণ দেবীকে নমস্কারপূর্ব্বক কিন্নরগণ কর্ত্তৃক সংস্তুতা হইয়া দশদিগে গমন করিল। অনন্তর অন্ধকাসুর সংজ্ঞা প্রাপ্ত হইয়া শৈল-নন্দিনীকে দেখিতে না পাইয়া এবং সৈন্যগণ পরাজিত হইয়াছে দেখিয়া পাতালপুরে প্রবেশ করিল। দুরাত্মা অন্ধকাসুর পাতাল-পুরে গমনপূর্ব্বক গৌরীর নিরুপম রূপলাবণ্য হৃদয়ে জাগরূক থাকাতে দিবায় ভোজন রজনীতে নিদ্রায় বিরত হইয়া অতিকষ্টে কালাতিপাত করিতে লাগিল।

ইতি বামনপুরাণে ত্রিংশত অধ্যায় সমাপ্ত।

নারদ জিজ্ঞাসা করিলেন। শঙ্কর কোথায় গমন করিলেন। এবং নন্দীর সহিত অম্বিকা শতরূপ ধারণ করিয়া অন্ধকাসুরের

ততঃ প্রভৃতিনিস্তেজাঃ ক্ষীণবীর্য্যঃ প্রদৃশ্যতে ॥
সমাত্মানং নিরীক্ষ্যাথ নিস্তেজোঙ্গং মহেশ্বরঃ।
তপোহর্থায় তদাচক্রেমতিং মতিমতাং বরঃ।
সমহাব্রতমুৎপাদ্য সমাভাষ্যাম্বিকাং বিভুঃ।
শৈলাদিং স্থাপ্যগোপ্তারং বিচচারমহীতলং।
মহামুদ্রার্পিত গ্রীবোমহাহি কৃতকুণ্ডলঃ।
ধারয়ানঃ কটীদেশে মহাশঙ্খস্য মেখলাং।
কপালং দক্ষিণেহস্তে সব্যেগৃহ্য কমণ্ডলুং।
একাহরাশীদ্ বৃক্ষাদিং শৈলসানু নদীরটন্ ॥
স্থানং ত্রৈলোক্যমাস্থায় মূলাহারাম্বু ভোজনঃ।
বায়্বাহারস্তদাতস্থৌ নববর্ষ শতংক্রমাৎ।
ততোবীটাং মুখেক্ষিপ্ত্বা নিরুচ্ছ্বাস্যে ভবদ্যতিঃ।

অনুবাদ।

সহিত সংগ্রাম করিয়াছিলেন সেই দেবীকোথায় এই সকল বিষয় বিশেষরূপে কীর্ত্তন করিয়া চরিতার্থ করুন। পুলস্ত্য বলিলেন। যে সময়ে শঙ্কর সহস্রবর্ষ মহামোহনকে ছিলেন তদবধি আপনার জীবন নিস্তেজ ক্ষীণবীর্য্য অবলোকন করিরা তপস্যা করিবার ইচ্ছা করিলেন। তখন শঙ্কর দেবীকে বলিয়া একটি কঠোর ব্রত অবলম্বন করিলেন এবং অম্বিকাকে পর্ব্বতের গুপ্তস্থানে রাখিয়া মহীতল পর্য্যটন করিতে লাগিলেন। গ্রীবা দেশ মহামুদ্রার্পিত কর্ণে মহাহি কৃত কুণ্ডল কটিদেশ মহাশঙ্খের মেখলা দক্ষিণহস্তে কপাল বামহস্তে কমণ্ডলু এবম্বিধ আশ্চর্য্যরূপ ধারণ করিয়া এক দিবস বন্যজাত লতাপত্র ভক্ষণ করিয়া শৈল সানু ও নদীতে গমন করিয়াছিলেন। পরে কিছুদিন ফলাহারে তৎপরে জলাহারে কালাতিপাত করিলেন তদনন্তর বায়ু আহারে নব শতবর্ষ কাল অতিবাহিত করিলেন।

বিস্তৃতে হিমবৎপৃষ্ঠেরম্যেচৈব শিলাতলে।
ততোবিটাবিদার্য্যৈব কপালং পরমেষ্ঠিনঃ।
সার্চ্চিষ্মতী জটামধ্যাৎ নিষন্না ধরণীতলে।
বিটয়ানিপতন্ত্যদ্রিদারিতঃক্ষ্মা সমোভবৎ।
জাতস্তীর্থঃ বরঃপুণ্যঃ কেদারইতি বিশ্রুতঃ।
ততোহরোবরং প্রাদাৎ কেদারায় বৃষধ্বজঃ।
পুণ্যবৃদ্ধিকরং ব্রহ্মন্ পাপঘ্নং মোক্ষসাধনং।
যেজলংতারকংতীর্থে পীত্বাসংযমিনোনরাঃ।
মধুমাংস নিবৃত্তায়ে ব্রহ্মচারি ব্রতেস্থিতাঃ।
ষণ্মাসান্ ধারয়িষ্যন্তি নিবৃত্তাঃ পরপাতকৈঃ।
তেষাং হৃৎপঙ্কজেষ্বেব মল্লিঙ্গো ভববিতাধ্রুবং॥
নচাস্যপাপেভিরতি র্ভবিষ্যতি কদাচন।
পিতৃনানক্ষয়ং শ্রাদ্ধং ভবিতেতি ন সংশয়ঃ।

অনুবাদ।

অনন্তর মুখে বিটা নিক্ষেপ করতঃ শ্বাসরোধ করিয়া বিস্তৃত হিমালয়ের রমণীয় শীলাপৃষ্ঠে অবস্থিতি করিলেন। অনন্তর সেই বীটা শঙ্করের কপাল বিদারণপুর্ব্বক জটামধ্য হইতে অবনীতলে জ্যোতির্ম্ময়ী পতিতা হইল। সেই জটামধ্য হইতে পতিতা বীটাপর্ব্বত বিদারণ করিয়া অবনী সদৃশ হইল। তাহাতে কেদার নামে তীর্থ হইল। অনন্তর শঙ্কর সেই তীর্থবর কেদারকে বরপ্রদান করিলেন। হে ব্রহ্মন্! যে মানব এই তীর্থে মধু মাংস পরিত্যাগ এবং পাপ হইতে নিবৃত্তি হইয়া ষণ্মাস পর্য্যন্ত ব্রহ্মচারি ব্রত অবলম্বন করিয়া অবস্থিতি করে তাহারদিগের হৃদয় পদ্মে আমার মূর্ত্তি সর্ব্বদা জাগরূক থাকে। তাহাদিগের পাপকার্য্যে কদাচ ইচ্ছা হইবেক না এবং পিতৃগণ অক্ষয় তৃপ্তিলাভ করিবেন। তাহাদিগের স্নানদান

স্নানদানতপাংসীহ হোমজপ্যাদিকাঃ ক্রিয়াঃ।
ভবিষ্যন্ত্যক্ষয়ান্নৃণাং মৃতানামপুনর্ভবঃ।
এতদ্বরং মহাতীর্থং প্রাপ্যপুষ্ণাতিদেবতাঃ।
পুনাতি পুংসঃ কেদারঃ ত্রিরাত্রং রেচনং যথা।
কেদারায়বরংদত্ত্বা জগামত্বরিতো হরঃ।
স্নাতুং ভানুমতীং দেবীং কালিন্দীং পাপনাশিনীং।
অবতীর্ণস্ততঃ স্নাতুং নিমগ্নশ্চ মহাম্ভসি।
ত্রিপদানামগায়ত্রীং জজাপান্তর্জলেহরঃ।
নিমগ্নেশঙ্করেদেব্যাঃ সরস্বত্যাং কলিপ্রিয়।
সাগ্রঃ সংবৎসরোযাতো নচোন্মজ্জত্তদেশ্বরঃ।
এতস্মিন্নন্তরেব্রহ্মন্ দ্বীপাঃসর্ব্বে মহার্ণবাঃ।
চেলুঃপেতুর্দ্ধরণ্যাঞ্চ নক্ষত্রাস্তারকৈঃ সহ।
আসনেভ্যঃ প্রচলিতাদেবাঃ শক্রপুরোগমাঃ।

অনুবাদ।

তপস্যা হোম জপাদি কার্য্য সকল অক্ষয় হইবে এবং তাহারদিগের দেহ বিনাশ হইলে পুনর্ব্বার জন্ম হইবেক না। এইরূপ বরলাভ করিয়া কেদার দেবগণকে সন্তোষ করিলেন। এবং ত্রিরাত্র রেচনে যাদৃশ শরীর নিষ্পাপ হয় তাদৃশ তীর্থবর কেদার মানবগণের নিষ্পাপ কলেবর করিলেন। শঙ্কর এইরূপ কেদারকে বরপ্রদান করিয়া শীঘ্রতর পাপহারিণী ভানুমতী কালিন্দীসলিলে অবগাহনের নিমিত্ত ঐ নদীর উপকূলে উপস্থিত হইলেন এবং মহানদীর জলে নিমগ্ন হইয়া জলমধ্যে পূর্ণ এক বৎসরকাল ত্রিপদা বৈদিকী গায়ত্রী জপ করিতে লাগিলেন। এই সময়ে সসাগরা সদ্বীপা পৃথিবী প্রচ- লিত হইল এবং নক্ষত্রগণের সহিত গ্রহগণ এবং ইন্দ্রপ্রভৃতি দেবগণ আসন ভ্রষ্ট হইতে লাগিল। যাঁহারা নিরন্তর ত্রিলোকের

স্বস্ত্যস্তুলোকেভ্য ইতিজপন্তঃ পরমর্ষয়ঃ।
ততঃ ক্ষুব্ধেষু লোকেষু দেবাব্রহ্মাণমব্রুবন্।
দৃষ্ট্বোচুঃ কিমিহোৎপাতাঃ ক্ষুব্ধাঃসংশয় মাগতাঃ।
তানাহপদ্মসংভূতোনৈতদ্বেদ্মিচকারণং।
তদাগচ্ছতভোদেবাঃ প্রষ্টুংচক্র গদাধরং।
পিতামহেনৈবমুক্ত্বাদেবাঃ শক্রপুরোগমাঃ।
পিতামহং পুরস্কৃত্য মুরারিসদনং গতাঃ॥

নারদ উবাচ।

কোহসৌমুরারির্দ্দেবর্ষে দেবোযক্ষোহথকিন্নরঃ।
দৈত্যোবারাক্ষসোবাপি পার্থিবোবা তদুচ্যতাং।

পুলস্ত্য উবাচ।

যোহসৌরজঃ সত্ত্বময়োগুণবাংশ্চ তমোময়ঃ।
নির্গুণঃ সর্ব্বগোব্যাপী মুরারির্মধুসূদনঃ॥

অনুবাদ।

হিত সাধনে তৎপর এতাদৃশ গুণসম্পন্ন মহর্ষিগণ সকলে অতিশয় ক্ষুব্ধ হইলেন। ত্রিলোক ক্ষুব্ধ অবলোকন করিয়া দেবগণ ব্রহ্মাকে বলিলেন। হে ব্রহ্মন্! ত্রিলোক ক্ষুব্ধ সংশয়াপন্ন একপ মহোৎপাত কি নিমিত্ত হইল। দেবগণের আবেদন শ্রবণপূর্ব্বক বলিলেন দেবগণ ইহার কারণ কিছুই লক্ষিত হইতেছে না। তবে এক্ষণে সকলে আইস বিষ্ণুকে জিজ্ঞাসা করি পিতামহ এই কথা বলিলে, ইন্দ্র প্রভৃতি দেবগণ পিতামহকে অগ্রে লইয়া বৈকুণ্ঠে মুরারির নিকট গমন করিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। মহাত্মন্ মুরারি কে তিনি দেবতা কি যক্ষ কি কিন্নর কি দৈত্য কি রাক্ষস কি কোন রাজা এ বিষয় আমাকে বিস্তারপূর্ব্বক বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন। যে মুরারি তিনি সত্ত্ব রজ তম

নারদ উবাচ।

যোহসৌমুরু ইতিখ্যাতঃ কস্যপুত্রঃ সগীয়তে।
কথঞ্চনিহতঃসংখ্যে বিষ্ণুনা তদ্বদস্বমে।

পুলস্ত্য উবাচ।

শ্রূয়তাং কথয়িষ্যামি সুরাসুরনিবর্হণং।
বিচিত্রমিদমাখ্যানং পুণ্যদং পাপনাশনং।
কশ্যপস্যৌরসঃ পুত্রোমুরুর্নাম দনূদ্ভবঃ।
সদদর্শরণেশুম্ভং দিতিপুত্রংসুরোত্তমং।
ততঃ সমরণাদ্ভীত স্তপ্ত্বাবর্ষগণান্‌বহূন্।
আরাধয়ামাসবিভুং ব্রহ্মাণমপরাজিতং॥
ততোহস্যতুষ্টোবরদঃ প্রাহব্রহ্মাবরংবৃণু।
সচবব্রেবরং দৈত্যোবরেণ্যং তং পিতামহং।
যং যং করতলেনাহং স্পৃশেয়ং সমরেবিভো।

অনুবাদ।

এই ত্রিগুণ সম্পন্ন এবং গুণাতীত সর্ব্বগামী সর্ব্বব্যাপী এবং তিনি মুরু ও মধুনামক দানবকে নিধন করিয়াছিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। হে মহর্ষে! মুরুদানব কাহার পুত্র এবং তাহাকে চক্রধারি ভগবান কোন স্থানে কোন যুদ্ধে বিনাশ করিয়াছিলেন তদ্বিষয় কীর্ত্তন করিয়া সন্তোষ বর্দ্ধন করুন্। পুলস্ত্য বলিলেন। সুরাসুর বিখ্যাত আশ্চর্য্য সুখদ পাপনাশক আশ্চর্য্য উপাখ্যান বলিতেছি তুমি শ্রবণ কর। মহাত্মা কশ্যপের ঔরসে দনুর গর্ভে মুরু জন্ম গ্রহণ করে। এক দিবস সংগ্রামে দানবাগ্রগণ্য দিতিজ শুম্ভকে অবলোকন করিল। এবং তাহার সহিত সংগ্রামে ত্রাসিত হইয়া মৃত্যু শঙ্কায় শতবর্ষ কঠোর তপস্যায় কালাতিপাত করিল। অনন্তর তাহার তপস্যায় সন্তুষ্ট হইয়া পরমব্রহ্মা পিতামহ তাহাকে বলিলেন

সমমহস্তসংস্পৃষ্ট স্ত্বমরোঽপিম্রিয়ত্বিহ।
বাঢ়মিত্যেব ভগবান্ ব্রহ্মালোক পিতামহঃ।
ততোঽভ্যাগান্মহাতেজা মুরুঃসুরগিরিংবলী।
সমেত্যাহ্বয়তেদৈবং যক্ষং কিন্নরমেবচ।
ন কশ্চিদস্যু যুধেতেন সমংদৈত্যেন নারদ।
ততোঽমরাবতীং ক্রুদ্ধঃ সগত্বাশক্রমাহ্বয়ৎ।
ন চাস্যসহযোদ্ধুং বৈমতিং চক্রেপুরন্দরঃ।
ততঃকরং সমুদ্যম্য প্রবিবেশামরাবতীং।
প্রবিশন্তং নতংকশ্চিন্নিবারয়িতুমুৎসহে॥
সগত্বাশক্রসদনং প্রোবাচেদং মুরুস্তদা।
দেহিযুদ্ধং সহস্রাক্ষ নচেৎস্বর্গং পরিত্যজ।
ইত্যেবমুক্তোমুরুণা ব্রহ্মন্ হরিহয়স্তদা।

অনুবাদ।

তুমি বর গ্রহণ কর। তখন দানব পিতামহের নিকট অতি উৎকৃষ্ট বর প্রার্থনা করিল। আমি সমরে যাহাকে হস্তদ্বারা স্পর্শ করিব সে অমর হইলে তৎক্ষণাৎ জীবন পরিত্যাগ করিবেক। পুষ্কর সম্ভব ব্রহ্মা তখন দানবের প্রার্থনায় তথাস্তু বলিয়া অনুমোদন করিলেন। অনন্তর দানব ব্রহ্মার নিকট বাঞ্ছিত বরলাভ করিয়া সুরলোকে গমন করিল এবং সেই স্থানে দেবগণ ও যক্ষ কিন্নরগণকে আহ্বান করিয়া সমস্ত বর্ণন করিল তাহাতে দেব যক্ষ কিন্নর প্রভৃতি সকলে তাহার সহিত সংগ্রামে বিরত হইয়া পলায়ন করিল। তখন দানব মহাক্রোধে ইন্দ্রলোকে গমন করিল এবং হস্ত প্রসারণপূর্ব্বক গমন করিতেছে দেখিয়া কেহ তাহাকে নিবারণে সক্ষম হইল না। তখন দানব ইন্দ্রের নিকট গমন করিয়া বলিল পুরন্দর আমার সহিত সংগ্রাম কর নচেৎতুমি স্বর্গ পরিত্যাগ কর। দানব এই

স্বর্গরাজ্যং পরিত্যজ্য ভূচরঃসমজায়ত।
ততোগজেন্দ্র কুলিশৌ হৃতৌশক্রস্য শক্রণা।
সকলত্রোমহাতেজাঃ সহদেবৈঃ সুতৈনচ।
কলিন্দ্যাদক্ষিণেকূলে নিবেশ্যস্বজনং স্থিতঃ।
মুরুস্ত্বপি মহাভোগান্ বুভুজে স্বর্গসংস্থিতঃ॥
দানবাস্ত্বপরেরৌদ্রা মরতারঃপুরোগমাঃ।
মুরুমাসাদ্যমোদন্তে স্বর্গে সুকৃতিনোযথা।
সকদাচিন্মহীপৃষ্ঠং সমায়াতো মহাসুরঃ।
একাকী কুঞ্জরারূঢ়ঃ সরযূং নিম্নগাংপ্রতি।
সসরযূস্তটেবীরং রাজানং সূর্য্যবংশজং।
দদৃশেরঘুনামানং দীক্ষিতং যজ্ঞকর্ম্মণি।
তমুপেত্যা ব্রবীদ্দৈত্যোযুদ্ধং মেদীয়তামিতি।

অনুবাদ।

নিদারুণ ভয়াবহ কথা বলিলে ইন্দ্র তাহার সহিত যুদ্ধে ভীত হইয়া দেবলোক পরিত্যাগপূর্ব্বক অবনীতলে মানবগণ সদৃশ বিচরণ করিতে লাগিলেন। দানব ইন্দ্রের ঐরাবত ও বজ্র বলপূর্ব্বক হরণ করিলে পুত্র ও দেবগণের সহিত সভার্য্য পুরন্দর কালিন্দীর দক্ষিণ-কূলে অবস্থিতি করিলেন মুরু মহেন্দ্রপুরে বিবিধ উপভোগ করিল। পুণ্যবানলোক যাদৃশ সুখভোগ করে তাদৃশ অন্যান্য ভয়ঙ্কর দানবগণ ময়তৃগণের সহিত মুরুর নিকট স্বর্গে নানাবিধ সুখভোগ করিতে লাগিল। এক দিবস মুরুদানব কুঞ্জরারূঢ় অবনীতলে বিচরণ করিতে লাগিল পরে ক্রমশঃ ভ্রমণ করিতে করিতে সরযূতীরে উপস্থিত হইল। সেই নদীতীরে দেখিল সূর্য্যবংশ সম্ভূত মহারাজ রঘু যজ্ঞকার্য্যে দীক্ষিত হইয়াছেন। দানব রাজাকে বলিল আমার সহিত সংগ্রাম কর নতুবা যজ্ঞ হইতে

নোচেন্নিবর্ত্ততাং যজ্ঞো ন যাজ্যাদেবতাস্ত্বয়া।
তমুবাচমহাতেজা মিত্রাবরুণিসম্ভবঃ।
প্রোবাচ বুদ্ধিমান্‌ব্রহ্মন্ বশিষ্ঠ স্তপতাংবরঃ।
কিং তেজিতৈ র্নরৈর্দৈত্য অজিতাননুশাসয়।
প্রহর্ত্তুমিচ্ছসিযদি তং নিবারয়চান্তকং।
সর্বেশাসনং তুভ্যং ন করোতিসমন্ততঃ।
তস্মিন্ জিতেজিতংসর্ব্বং দৈত্যমন্যস্বভূতলং।
সতদ্বশিষ্ঠ বচনং নিশম্যদনুপুঙ্গবঃ।
জগামধর্ম্মরাজানং বিজেতুং দণ্ডপাণিনং॥
মত্বায়ান্তং যমঃশ্রুত্বা গত্বাযোধ্যতমংযুগে।
সমারুহ্যাথমহিষং কেশবান্তিকমাগতঃ।
সমেত্যচাভিবন্দ্যেনং প্রোবাচমুরুচেষ্টিতং।

অনুবাদ।

নিবর্ত্ত হও দেবতাগণকে তুমি সন্তোষ করিতে পারিবে না। দানবের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া অগস্ত্য এবং তাপসাগ্রগণ্য বশিষ্ঠ দানবকে বলিলেন। দানবরাজ মনুষ্যকে পরাজয় করিয়া কি হইবে সকলের দণ্ডয়িতাকে জয় করা হইল না। অতএব তুমি যদি সকলকে জয় করিতে ইচ্ছা কর তবে যমকে পরাজয় কর। যম পরাজিত হইলে কখন তোমার প্রতি দণ্ডবিধান করিতে পারিবেন না সেই যম পরাজিত হইলে তোমার ভূলোক সমস্ত জয় হইবে দানব বশিষ্ঠের বাক্য শ্রবণ করিয়া দণ্ডপাণি যমকে পরাজয় করিতে ধর্ম্মরাজের সঞ্জীবনী পুরীতে গমন করিল। দানব যুদ্ধার্থ সমাগত হইতেছে শ্রবণ করিয়া তৎক্ষণাৎ ধর্ম্মরাজ মহিষারোহণে কেশবের নিকট গমন করিল। চক্রধারী কেশবকে অভিবন্দন করিয়া মুরুচেষ্টিত সমস্ত আদ্যোপান্ত কীর্ত্তন করিল। মাধব

তমাহগচ্ছনানদ্য প্রেরয়স্বমহাসুরং।
সবাসুদেববচনং শ্রুত্বাভ্যগাত্ত্বরান্বিতঃ।
এতস্মিন্নন্তরেদৈত্যঃ সংপ্রাপ্তোনগরীংমুরুঃ।
তমাগতংযমঃ প্রাহকিংমুরোঃ কর্ত্তুমিচ্ছসি।
বদস্ববচনংক্ষিপ্রং দানবেশ্বরঃ॥

মুরুবাচ।

যমঃপ্রজাসংযমনান্নিবৃত্তিং কর্ত্তুমর্হসি।
নোচেত্তবাদ্যচ্ছিত্বাহং মূর্দ্ধাণং পাতয়েদ্ভুবি॥
তমাহধর্ম্মরাজস্তু যদিমাংনংযমোদ্ভবান্।
গোপিতাপিপুরাসত্যং করিষ্যেবচনংতব।
মুরুস্তমাহভবতঃ কঃ সংযন্তাবদস্ব মাং।
অহমেনংপরিত্যজ্য ধারয়ামি নসংশয়ঃ॥

অনুবাদ।

ধর্ম্মরাজকে আহ্বান করিয়া বলিলেন তুমি অদ্যই গমন কর সেই দানবকে এখানে প্রেরণ কর। ধর্ম্মরাজ কেশবের কথা শ্রবণ করিয়া দ্রুতবেগে গমন করিল। এই সময়ে পথিমধ্যে মুরুর সহিত ধর্ম্মরাজের সম্মিলন হইল। তখন যম মুরুকে জিজ্ঞাসা করিল মুরো তুমি এক্ষণে কি ইচ্ছা করিয়াছ হে দানববর! তোমার কি অভিপ্রায় বল। মুরু বলিল হে যম! তুমি এক্ষণে প্রজা সংযমন হইতে নিবৃত্তি হও যদি তাহা না কর তবে এক্ষণে তোমার মস্তক চ্ছেদন করিয়া ধরণীতলে পাতিত করিব। তখন ধর্ম্ম রাজ দানবকে বলিল যদি তুমি আমাকে রক্ষা কর তবে আমি তোমার নিকট সত্য করিলাম তোমাকে রক্ষা করিব। মুরু ধর্ম্ম রাজকে বলিল তোমার রক্ষাকর্ত্তা কে আমাকে বল আমি তোমাকে ত্যাগ করিয়া তাহাকে নিঃসন্দেহ জয় করিব। তখন ধর্ম্মরাজ

যমস্তং প্রাহমাংবিবুর্দেবশ্চক্রগদাধরঃ।
শ্বেতদ্বীপনিবাসী যঃ সদাংযমরতেহব্যয়ঃ।
তমাহদৈত্যশার্দ্দূলঃ কাসৌবসতিদুর্জ্জয়ঃ।
স্বয়ংতত্রগমিষ্যামি যুদ্ধার্থং যত্রকেশবঃ।
তমুবাচযমোগচ্ছ ক্ষীরোদনামসাগরং।
তত্রাস্তেভগবান্ বিষ্ণুলোকনাথোজগন্ময়ঃ।
মুরুস্তদ্বাক্যমাকর্ণ্য প্রাহগচ্ছামিকেশবং।
কিন্তুত্বয়ানতাবদ্ধি সংযম্যধর্ম্মমানবাঃ।
সপ্রাহগচ্ছত্বংতাবৎ প্রাবর্ত্তিষ্যেযমংপ্রতি।
সম্পন্নংবাযথাসাক্ষি তত্তোযুক্তং সমাচর।
ইত্যেবমুক্তোবচনং তুষ্ণাক্ষিণগমন্মুরুঃ।
যত্রাস্তেশেষপর্য্যঙ্কে চতুর্মূর্ত্তির্জ্জনার্দ্দনঃ॥

অনুবাদ।

দানবকে বলিল চক্রপাণি গদাধর আমাকে রক্ষা করেন তিনি শ্বেতদ্বীপে অবস্থিতি করিতেছেন। ধর্ম্মরাজের বাক্য শ্রবণ করিয়া দানব বলিল সে দুর্জ্জয় কেশব কোন স্থানে থাকে আমাকে বল আমি যুদ্ধার্থ সেই স্থানে এক্ষণে যাইব। তখন যম বলিলেন সেই জগন্ময় ভগবান বিষ্ণু ক্ষীরোদসাগরে আছেন তুমি সেই স্থানে গমন কর। দানব ধর্ম্মরাজের বাক্য শ্রবণ করিয়া বলিল আমি কেশবের স্থানে গমন করিব কিন্তু তুমি ধার্ম্মিক মানবগণকে দণ্ড করিতে পারিবে না তখন যম দানবকে বলিল তুমি সে স্থানে গমন কর পরে যমের নিয়োগ করিবে যে কার্য্য যেরূপে সম্পন্ন হয় সেই রূপ করা যুক্তিযুক্ত এই কথা যম বলিলে দানব তৎক্ষণাৎ ক্ষীরোদ সমুদ্রে যেস্থানে চতুর্মূর্ত্তি ভগবান অবস্থিতি করিতেছেন সেই স্থানে উপস্থিত হইল। নারদ জিজ্ঞাসা করি-

নারদ উবাচ।

চতুর্মূর্ত্তিঃ কথং বিষ্ণু রেক এব নিগদ্যতে।
সর্ব্বগত্বাৎ কথমপি অব্যয়ত্বাচ্চ তদ্বদ ॥

পুলস্ত্য উবাচ।

অব্যক্তঃ সর্ব্বগোপীহ এক এব মহামুনে।
চতুর্মূর্ত্তির্জগন্নাথো যথা ব্রহ্মংস্তথা শৃণু।
সপ্রত্যক্ষমনির্দ্দিষ্টং শুদ্ধং শান্তং পরং পদং।
বাসুদেবাখ্যমব্যক্তং স্মৃতং দ্বাদশপত্রকং ॥

নারদ উবাচ।

কান্যস্মদ্বাদশৈবোক্তাঃ পত্রকাস্তানিমে বদ ॥

পুলস্ত্য উবাচ।

শৃণুষ্ব গুহ্যং পরমং পরমেষ্ঠিপ্রভাষিতং।
শ্রুতং সনৎকুমারেণ তেনাখ্যাতঞ্চ তন্মম।

নারদ উবাচ।

কোহয়ং সনৎকুমারেতি যস্যোক্তং ব্রহ্মণা স্বয়ং।
তবাপি তেন গদিতং বদস্বমনুসর্ব্বশঃ ॥

অনুবাদ।

লেন। ভগবানের এক মূর্ত্তি অবগত আছি। তবে চতুর্মূর্ত্তি সর্ব্বগামী ও অব্যয় কিরূপ তাহা বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন, হে মহামুনে! ভগবান অব্যয় ও সর্ব্বগ কিন্তু এক হে ব্রহ্মন্! চতুর্মূর্ত্তি যেরূপ বর্ণন করিতেছি শ্রবণ কর। স্বপ্রত্যক্ষ অনির্দ্দিষ্ট শুদ্ধ শান্ত বাসুদেবাখ্য অব্যক্ত দ্বাদশ পত্রক। নারদ জিজ্ঞাসা করিলেন। বাসুদেবাখ্য দ্বাদশপত্রক সে কিপ্রকার আমাকে বল। পুলস্ত্য বলিলেন। পিতামহ যাহা বলিয়াছিলেন অতি গুহ্য তাহা বলিতেছি শ্রবণ কর। পূর্ব্বকালে পিতামহের নিকট সনৎকুমার শ্রবণ

পুলস্ত্য উবাচ ।

ধর্ম্মস্যভার্য্যাহিংসাখ্যাতস্যাঃ পুত্রচতুষ্টয়ং ।
সাম্প্রতং মুনিশার্দ্দূল সর্ব্বশাস্ত্র বিচারকং ।
জ্যেষ্ঠঃসনৎকুমারেতি দ্বিতীয়শ্চসনাতনঃ ।
তৃতীয়ঃসনকোনাম চতুর্থশ্চসনন্দকঃ ।
সাংখ্যবেত্তারমপরং কপিলং বোঢুমাসুরিং ।
দৃষ্ট্বাপঞ্চশিখংশ্রেষ্ঠো যোগযুক্তংতপোনিধিং ।
জ্ঞানযোগং নতেদদ্যুর্জ্জায়াসোপিকনীয়সে ।
মানযুক্তোমহাযোগী কপিলাদীনুপাগতঃ ।
সনৎকুমারশ্চাভ্যেত্য ব্রহ্মাণংকমলোদ্ভবং ।
অপৃচ্ছজ্জ্ঞানবিজ্ঞানং তমুবাচপ্রজাপতিঃ ॥

ব্রহ্মোবাচ ।

কথয়িষ্যামিতেসাধ্যং যদিপুত্রেতিমেবচঃ ॥

অনুবাদ ।

করিয়াছিলেন তিনি আমাকে বলিয়াছেন । নারদ জিজ্ঞাসা করিলেন । সনৎকুমার কে পিতামহ যাহাকে এ সকল বিষয় বর্ণন করিয়াছিলেন । সেই সনৎকুমার তোমাকে যাহা বলিয়াছেন সে সমস্ত আনুপূর্ব্বিক বর্ণন কর । পুলস্ত্য বলিলেন । মহাত্মা ধর্ম্মের পত্নী হিংসা তাহার গর্ভে পুত্র চতুষ্টয় জন্ম গ্রহণ করে । এক্ষণে সর্ব্বশাস্ত্র পারদর্শী মুনিবর সনৎকুমার জ্যেষ্ঠ, দ্বিতীয় সনাতন তৃতীয় সনক চতুর্থ সনন্দ সাংখ্যধর্ম্মবেত্তা অপর কপিলও আসুরি বোঢু এবং পঞ্চশিখ । যোগযুক্ত তপোনিধি পঞ্চশিখকে অবলোকন করিয়া কনিষ্ঠকে জ্ঞানযোগ প্রদান করিলেন না । তখন মানী মহাযোগী কপিল প্রভৃতি সকলের নিকট উপস্থিত হইলেন । কমলোদ্ভব ব্রহ্মা সনৎকুমারকে অবলোকন করিয়া তাহাকে জ্ঞান বিজ্ঞান সমস্ত

সনৎকুমার উবাচ।

পুত্রত্ত্বাস্মিদেবেশযতঃ শিষ্যোস্ম্যহংবিভো।
ন বিশেষোঽস্তিপুত্রস্য শিষ্যস্যচপিতামহ॥

ব্রহ্মোবাচ।

বিশেষঃসুতশিষ্যাভ্যাং বিদ্যতেধর্ম্মনন্দন।
ধর্ম্মকর্ম্মসমাযোগে তচ্চাপিবদতঃশৃণু।
পুন্নাম্নোনরকাত্রাতা পুত্রস্তেনেহগীয়তে।
শেষপাপহরঃশিষ্য ইতীয়ংবৈদিকীশ্রুতিঃ॥

সনৎকুমার উবাচ।

কোয়ংপুন্নামকাদ্দেব নরকাত্রাতিপুত্রকঃ।
তস্মাচ্ছেষং তথাপাপং হরেৎশিষ্যস্তুতদ্বদ॥

ব্রহ্মোবাচ।

এতৎপুরাণং পরমংমহর্ষে যোগাঙ্গযুক্তঞ্চসদৈবয়চ্চ।

অনুবাদ।

জিজ্ঞাসা করিলেন। ব্রহ্মা বলিলেন। হে পুত্র! আমার বাক্য শ্রবণ কর তোমাকে সাধ্য বলিব। সনৎকুমার জিজ্ঞাসা করিলেন আমি পুত্র এবং শিষ্য অতএব হে পিতামহ! পুত্রে এবং শিষ্যে বিশেষ কিছুই নাই। ব্রহ্মা বলিলেন হে ধর্ম্মতনয়! পুত্র ও শিষ্যে বিশেষ আছে। ধর্ম্ম কর্ম্মযোগে যেরূপ বিশেষ আছে শ্রবণ কর। পুন্নাম্ন নরকহইতে উদ্ধার করে এজন্য তাহার নাম পুত্র শেষ পাপ হরণ করে এজন্য তাহার নাম শিষ্য এইটি বেদ প্রামাণিকী কথা। সনৎকুমার জিজ্ঞাসা করিলেন। কি নিমিত্ত পুন্নাম্ন নরক হইতে পুত্র ত্রাণ করে। এবং কি নিমিত্ত শিষ্য শেষ পাপ হরণ করে তদ্বিষয় বর্ণন করুন। ব্রহ্মা বলিলেন। হে মহর্ষে! যোগাঙ্গ যুক্ত

তথৈবচোগ্রং ভয়কারিমানবা বদামিতেসাধ্যনিশাময়েহ ॥০॥

ইতি বামনপুরাণে একত্রিংশোত্তমোঽধ্যায়ঃ।

দ্বাত্রিংশত্তমোঽধ্যায়।

পুলস্ত্য উবাচ।

পরদারাভিগমনং পাপীয়মুপসেবনং।
পারুষ্যং সর্ব্বভূতানাং প্রথমংনরকংস্মৃতং।
চৌর্য্যাদানংতথাদৃষ্ট মবধ্যবধবন্ধনং।
বিবাদমর্থহেত্থং তৃতীয়ংনরকংস্মৃতং।
ভয়দংসর্ব্বসত্ত্বানাং ভবভূতিবিনাশনং।
ভ্রংশনংসর্ব্বভূতাচ্চ চতুর্থংনরকংস্মৃতং।
মারণংমিত্রকৌটিল্যং মিথ্যাভিশপনঞ্চযৎ।
নিষ্টৈকাশনমেবোক্তং পঞ্চমন্তুনৃপার্চ্চনং।
প্ররোহনং পুত্রকরং গমনং যোগনাশনং।

অনুবাদ।

মানবগণের সাতিশয় শঙ্কাপ্রদ এই পুরাণ বলিতেছি তুমি সাধ্য শ্রবণ কর।

ইতি বামনপুরাণে একত্রিংশ অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য বলিলেন। পর ভার্য্যা গমন এবং সর্ব্বপ্রাণির প্রতি নিষ্ঠুর বাক্য প্রয়োগ প্রথম নরক। চৌর্য্যবৃত্তি অবলম্বন পরস্বত্বা পহরণ শঠতা অবধ্য বধ কিম্বা বন্ধন দ্বিতীয় নরক। অর্থ নিমিত্ত বিবাদ তৃতীয় নরক। সর্ব্বপ্রাণির ভয় প্রদর্শন উন্নতি বিনাশ এবং সর্ব্বভূত হইতে পরিভ্রষ্ট করা চতুর্থ নরক। বন্ধু বিনাশ কুটিলতা নিষ্কারণে অভিসম্পাত করা এক পুংক্তিতে দশজনের মধ্যে এক জনকে মিষ্টান্ন ভোজন করান পঞ্চম নরক। যোগভঙ্গ করা রাজার

যানযুগ্মস্যহরণং ষষ্ঠযুক্তং নৃপার্চ্চনং।
রাজভার্য্যাহরংগূঢ়ং রাজভার্য্যানিষেবনং।
রাজ্ঞস্ত্বহিতকারিত্বং সপ্তমংনিরয়ংস্মৃতং।
লুব্ধত্বংলোলুপত্বঞ্চ লব্ধধর্ম্মার্থনাশনং।
নানাসংকীর্ণমেবোক্ত মষ্টমংনরকংস্মৃতং।
বৃত্তিব্রহ্মস্বহরণং ব্রাহ্মণানাং বিনিন্দনং।
বিরোধং ব্রহ্মভিশ্চোক্তং নবমং নরপাচমং।
শিষ্টাচারবিনাশঞ্চ শিষ্টদ্বেষং শিশোর্ব্বধং।
শাস্ত্রস্তেয়ং ধর্ম্মনিন্দা দশমংপরিকীর্ত্তিতং।
ষড়ঙ্গনিধনংঘোরং ষড়্গুণ্য প্রতিষেধকং।
হানিধর্ম্মার্থকানানাং পাপস্যাপ্রতিষেধকং।
একাদশমমেবোক্তং নরকংসদ্ভিরুত্তমং।
সৎসুনিত্যংসদাবৈর মনাচারেষুসৎক্রিয়াং।
সংস্কার প্রতিহীনন্তুদিনং দ্বাদশমংস্মৃতং।
হানিধর্ম্মার্থকামানা মপবর্গস্যহারণং।
হর্ত্তুর্হন্তু শ্রয়মিদং ত্রয়োদশমমুচ্যতে।

অনুবাদ।

অহিত কার্য্য করা সপ্তম নরক। লুব্ধ ও লোলুপ হওয়া লব্ধ ধর্ম্ম ও অর্থ বিনাশ করা নানাবিধ অযোগ্য বাক্য প্রয়োগ করা অষ্টম নরক। ব্রাহ্মণের বৃত্তি ও ধন হরণ ব্রাহ্মণের নিন্দা ব্রাহ্মণের সহিত বিরোধ করা নবম নরক। শিষ্টাচার বিনাশ ও সাধুর দ্বেষ শিশু বিনাশ শাস্ত্রস্তেয় ধর্ম্ম নিন্দা করা দশম নরক। ধর্ম্মার্থ কামের ব্যাঘাত ও পাপ কার্য্যের প্রতিষেধ না করা একাদশ নরক। যজ্ঞ কার্য্যের বিরোধী এবং অনাচারে সৎকার্য্য করা সংস্কার কার্য্যের হানি জন্মান দ্বাদশ নরক। ধর্ম্মার্থ কামাত্ত অপযশ হরণ হন্তু ও

কৃপণংধর্ম্মহীনঞ্চ দুর্জ্জনংদগ্ধবহ্নিদং ।
চতুর্দ্দশমেবোক্তং নরকংসন্নিগর্হিতং ।
অজ্ঞানঞ্চাপ্য স্বয়ন্ত্বমশৌচমশুভাচবাক ।
স্মৃতন্তৎপঞ্চদশমমসত্যবচনানিচ ।
আলস্যঞ্চষোড়শক মাক্রোশঞ্চ বিশেষতঃ ।
সর্ব্বস্বাতাতায়িত্ব মাবাসেষগ্নিদায়িনঃ ।
ইচ্ছাচপরদারেষু নরকোহয়ং নিগদ্যতে ।
ঈর্ষাভাবশ্চ সাধ্বেন্দ্রতদ্বৃত্তন্নং বিগর্হিতং ।
এতৈস্তুপাপৈঃ পুরুষঃ পুন্নামনিরয়ংশ্রজেৎ ।
সংযুক্তঃ প্রীণয়েদ্দেবং সুতৈঃ সততমচ্যুতং ।
পুন্নামনরকংঘোরং বিনাশয়তিপুত্রকঃ ।
এতস্মাৎকারণাৎসাধ্য ততঃপুত্রেতিগদ্যতে ।
অতঃপরং প্রবক্ষ্যামি শৌচপাপস্যলক্ষণং ।
গণদেবর্ষি ভূতানামন্যবর্ণেষু চৈকতা ।
গণদেবর্ষিভূতানাং মনুষ্যাণাং বিশেষতঃ ।
পিতৃণাঞ্চ দ্বিজশ্রেষ্ঠঃ সর্ব্ববর্ণেষুচৈকতা ।
ওঁ কারাদপিনিবৃত্তিঃ পাপকার্য্যকৃতিশ্চযাঃ ।

অনুবাদ ।

শত্রুর আশ্রয়দান করা ত্রয়োদশ নরক। কৃপণ ধর্ম্মহীন দুর্জ্জন ও বহ্নিদগ্ধ করা চতুর্দ্দশ নরক। জ্ঞানহীন পরদ্বেষ অশৌচ ও অশুভ বাক্য প্রয়োগ করা পঞ্চদশ নরক। মিথ্যা বাক্য প্রয়োগ করা অলস ও আক্রোশকারী সর্ব্বস্ব হরণ আততায়ী হইয়া গৃহে অগ্নি-দান করা পরদারে ইচ্ছা করা নরক নির্ণয় করিয়াছেন। এই সমস্ত পাপে পুন্নাম নরক। এই সকল পাপযুক্ত মানবগণ পুত্রগণের সহিত নিরন্তর অচ্যুতকে সন্তোষ করিলে পুত্র পুন্নাম নরক হইতে পরিত্রাণ

খ্যাতিহরং মহাপাপং কুগম্যাগমনন্তথা।
ঘৃতাদিবিক্রয়ংঘোরং চণ্ডালাদিপরিগ্রহং।
স্বদোষাচ্ছাদনংপাপং পরদোষ প্রকাশনং।
মর্ম্মবিদ্ধবাক্যত্বং নিষ্ঠুরত্বংবদেৎসদা।
কিংতংবৈতালবাদিত্বং নামবাধস্তধর্ম্মজ্ঞ।
দারুণত্ব মধার্ম্মিষ্ঠং নরকং ঘোরমুচ্যতে।
এতৈশ্চপাপৈঃসংযুক্তঃ প্রীণয়েদ্যদিশঙ্করং।
জ্ঞানাধিকমশেষেণশেষান্ পাপান্ ক্ষিপেত্ততঃ।
শারীরংবাচিকং যচ্চমানসং কায়িকঞ্চ যৎ।
পিতৃমাতৃকৃতংযচ্চ কৃতংযচ্চাশ্রিতৈনরৈঃ।
ভ্রাতৃভির্বান্ধবৈশ্চাপি তস্মিন্‌জন্মনিধর্ম্মজ্ঞ।
তৎসর্ব্বংবিলয়ংযাতি সধর্ম্মঃসুতশিষ্যয়োঃ।
বিপরীতেভবেৎসাধ্যো বিপরীতঃপরাক্রমঃ।
তস্মাৎসুপুত্রশিষ্যৌহি বিনেতব্যৌ বিপশ্চিতা।

অনুবাদ।

করে। এই সকল সাধ্য হইতে পুত্রসাধ্য, সাধুগণ বলিয়াছেন। অনন্তর শেষ পাপের লক্ষণ বলিতেছি শ্রবণ কর। খ্যাতি হরণ পিতৃধান ঘৃতাদি বিক্রয় প্রভৃতি পাপেশীল ব্যক্তিগণ শঙ্করকে সন্তোষ করিবেক কিন্তু তাহাতে জ্ঞানকৃত অশেষ পাপক্ষয় হইবে। শারিরীক বাচিক মানসিক এবং পিতৃ মাতৃকৃত পাপযুক্ত ব্যক্তিগণ ভ্রাতৃ অথবা বন্ধুদ্বারা এই জন্মে এই সকল পাপ ক্ষয় করিবে এই পুত্র ও শিষ্যের ধর্ম্ম। ইহার বিপরীত হইলে সাধ্য হইবে। অতএব পণ্ডিতগণ সুপুত্র ও শিষ্যে বিশেষ করিয়াছেন। এই সকল মর্ম্ম অবিদিত হইয়া শিষ্য হইতে পুত্রকে বিশেষ জ্ঞান করে। শেষ পাপ হইতে শিষ্যউদ্ধার করে কিন্তু পুত্র সকল পাপ হইতে পরি-

এতদর্থংবিজ্ঞায় পিতাৎশ্রেষ্ঠতরঃসুতঃ।
শোধাত্তারয়তেপিত্যঃ সর্ব্বভোগী হিপুত্রকঃ॥

পুলস্ত্য উবাচ।

পিতামহবচঃশ্রুত্বা সাধ্যঃপ্রাহ তপোধনঃ।
সত্যোঽহিত্তব পুত্রোঽহং দেবযোগং বদস্বমাং।
তমুবাচমহাযোগী তন্মাতাপিতরৌযদি।
দাস্যেথেচ ততঃস্তুত্বং দায়াদোমেঽপিপুত্রকঃ।
সনৎকুমার প্রোবাচ দায়াদপরিকল্পনা।
যেয়ংহি ভবতাপ্রোক্তা তাং ব্যাখ্যাতুংত্বমর্হসি।
তদুক্তংসাধ্যমুখ্যেন বাক্যংশ্রুত্বাপিতামহঃ।
প্রাহপ্রহস্যভগবান্ শৃণুবৎসেতিনারদ॥

ব্রহ্মোবাচ।

ঔরসঃক্ষেত্রজশ্চৈব দত্তঃকৃত্রিমএবচ।
গূঢোৎপন্নোঽপবিদ্ধশ্চ দায়াদা বান্ধবাশ্চষট্।
এতেষুষট্সুপুত্রেষু ঋণপিণ্ডধনক্রিয়াঃ।

অনুবাদ।

ত্রাণ করে। পুলস্ত্য বলিলেন হে তপোধন! সাধ্যমুখ্য পিতা-
মহের বাক্য শ্রবণপূর্ব্বক বলিলেন আমি তোমার পুত্র সত্য অতএব
দেবযোগ আমাকে বল। ব্রহ্মা বলিলেন যদি তোমার মাতা পিতা
তোমাকে দান করেন তবে তুমি আমার দায়াদ পুত্র হইবে সনৎ-
কুমার বলিলেন আপনি যে দায়াদ কল্পনা করিতেছেন সে দায়াদ
কি প্রকার আপনি বর্ণন করুন্। সাধ্যমুখ্য যাহা বলিলেন তাহা
শ্রবণপূর্ব্বক পিতামহ ঈষৎ হাস্যপূর্ব্বক বলিলেন তুমি শ্রবণ কর।
ঔরস ক্ষেত্রজ দত্ত কৃত্রিম গূঢ়োৎপন্ন অপবিদ্ধ এই ছয়টি দায়াদ
বান্ধব দায়াদ বান্ধবগণ পিতার ঋণশোধ পিণ্ডদান ধনগ্রহণ

গোত্রসাম্যং কুলংবৃত্তিঃ প্রতিষ্ঠাশাশ্বতীতথা।
কানীনশ্চসহোঢ়শ্চ ক্রীতপৌনর্ভবস্তথা।
স্বয়ংদত্তঃ পারশবঃ ষট্চদায়াদবান্ধবাঃ।
অমীভির্ঋণপিণ্ডাদি কথানৈবেহবিদ্যতে।
নামধারক এবেহ গোত্রকুলবিনাশকাঃ।
তত্তস্যবচনংশ্রুত্বা ব্রহ্মাণং সনকাগ্রজঃ।
উবাচৈষাং বিশেষংমে ব্রহ্মন্ব্যাখ্যাতু মর্হসি।
ততোহব্রবীৎ সুরপতির্বিশেষং শৃণুপুত্রক।
ঔরসোবঃ সুতোযাতঃ প্রতির্বিম্বমিবাত্মনঃ।
ক্লীবোহথবা ব্যসনিনপত্যৌ তস্যাজ্ঞয়াতু যং।
ভার্য্যায়েনান্যরাপুত্রং জনয়েৎ ক্ষেত্রজস্তুসঃ।
মাতাপিতৃভ্যাংযোদত্তঃ সদত্তঃ পরিগীয়তে।
মিত্রপুত্রং মিত্রদত্তং কৃত্রিমং প্রাহুরুত্তমাঃ।

অনুবাদ।

করিতে অধিকারী হয় কিন্তু যেরূপ ক্ষেত্রে জন্ম হইয়াছে সেইরূপ পুত্র হইবে এই নিত্য ব্যবহার। কানীন সহোঢ় ক্রীত পৌনর্ভব স্বয়ং দত্ত পারশব এই ছয়টি দায়াদ বান্ধব এই দায়াদ বান্ধবগণের পিতৃ পিণ্ডাদিদান করিবার কথা বলিবার অধিকার থাকে না। পুত্র নামধারীমাত্র হয় কিন্তু তাহারা গোত্রকুল বিনাশক হয়। সনকাগ্রজ এই সমস্ত কথা শ্রবণ করিয়া ব্রহ্মাকে বলিলেন ব্রহ্মন্ আপনি যে এই সকল দায়াদ বলিলেন সে কিপ্রকার বিশেষরূপে বর্ণন করুন্। ব্রহ্মাবলিলেন এক্ষণে শ্রবণ কর। ঔরস পুত্র যে জন্মে সে তাহার পিতার প্রতি বিম্বমাত্র। ক্লীব কিম্বা মহারোগ গ্রস্ত পতি হইলে তাহার অনুমতিতে তাহার ভার্য্যাতে অন্যদ্বারা যে পুত্র জন্মে সে ক্ষেত্রজ। যাহাকে পিতা মাতা দান করে সে

নজ্ঞায়তেগৃহেকেন জাতস্থিতিসগূঢ়কঃ।
বাহ্যতঃস্বয়মানীতঃ সোপবিদ্ধঃ প্রকীর্ত্তিতঃ।
কন্যাজাতস্তুকানীনঃ সহোঢ়শ্চৈৎসহোঢ়কঃ।
মূল্যেগৃহীতঃ ক্রীতঃস্যাৎ বিবিধঃস্যাৎপুনর্ভবঃ।
দত্তৈকস্যচযাকন্যা হৃত্বান্যস্যপ্রদীয়তে।
তজ্জাতস্তনয়োজ্ঞেয়ো লোকে পৌনর্ভবঃস্মৃতঃ।
দুর্ভিক্ষেব্যসনেবাপি যেনাত্মাবিনিবেদিতঃ।
সস্বয়ংদত্তইত্যুক্তস্তথান্যৈঃ কারণান্তরৈঃ।
ব্রাহ্মণস্যসুতঃশূদ্র্যাং জায়তেযস্যসুব্রত।
ঊঢ়ায়াং বাপ্যনূঢ়ায়াং সপারশবউচ্যতে।
এতস্মাৎকারণাৎপুত্র ন সর্ব্বংপাতুমর্হতি।
স্বমাশ্রমংগচ্ছশীঘ্রং পিতরৌসমুপানয়।
ততঃসনাতা িতরৌ সম্মারবচনাদ্বিভোঃ।

অনুবাদ।

দত্তক। বন্ধুপুত্রকে অপর বন্ধু দান করিলে কৃত্রিম হয়। গৃহে কাহার দ্বারা পুত্র জন্মিয়াছে বিশেষ জানিতে না পারিলে গূঢ়ক পুত্র হয়। স্থানান্তর হইতে স্বয়ং আনীত হইলে অপবিদ্ধ হয়। কন্যা-কালে জন্ম হইলে কানীন হয়। ঊঢ়াবস্থায় জন্ম হইলে সহোঢ়ক হয়। মূল্য দিয়া গৃহীত হইলে ক্রীত হয়। পুনর্ভব বিবিধ প্রকার। এক ব্যক্তিকে কন্যাদান করিয়া পরে সেই কন্যা অন্যকে দান করিয়াছে সেই কন্যাতে যে পুত্র জন্মে সে পৌনর্ভব হয়। দুর্ভিক্ষে অথবা বিপদ গ্রস্থে আত্মসমর্পন করিলে স্বয়ং দত্ত হয়। ঊঢ়া কিম্বা অনূঢ়া শূদ্রাণীর গর্ভে যে পুত্র জন্মে সে পারশব হয়। এই সকল কারণে যে সকল পুত্র হয় তাহারা ভাল নয়। এক্ষণে তুমি শীঘ্র স্বীয় আশ্রমে গমনপূর্ব্বক পিতা মাতাকে পালন কর। হে নারদ!

তাবাজগ্মতুরীশানং দ্রষ্টুং বৈদম্পতী মুনে।
ধর্মাহিংসা চ দেবেশং প্রণিপত্যস্থিতাবুভৌ।
উপবিষ্টৌ সুখাসীনৌ সাধ্যো বচনমব্রবীৎ।
যোগং জিগমিষুস্তাত ব্রহ্মাণং সমুপাগমং।
স প্রোক্তবান্ নাং পুত্রার্থে তস্মাত্ত্বং দাতুমর্হসি।
তাবেবমুক্তৌ পুত্রেণ যোগাচার্য্যং পিতামহং।
উক্তবন্তৌ প্রভো বাং হি আবয়োর্যঃ সুতস্তব।
অদ্য প্রভৃত্যয়ং পুত্র স্তব ব্রহ্মন্ ভবিষ্যতি।
ইত্যুক্ত্বাজগ্মতুস্তূর্ণং যেনৈবাভ্যাগতো যথা।
পিতামহোহপি তং পুত্রং সাধ্যং সিদ্ধৈর্নিষেবিতং।
সনৎকুমারঃ প্রোবাচ যোগং দ্বাদশপত্রকং।
শিখাসংস্থং তু ওঁকারং মেষস্যশিরসি স্থিতং।
বৈশাখমাসস্তৎপত্রং প্রথমং পরিকীর্ত্তিতং।
নকারস্তল্ললাটং হি বৃষভস্তত্র সংস্থিতঃ।

অনুবাদ।

এই সময়ে সভার্য্য ভগবান ধর্ম্ম শঙ্করের দর্শন লালসায় গমনপূর্ব্বক শঙ্করকে সন্তোষ করিয়া সেই স্থানে উপবিষ্ট আছেন ইত্যবসময়ে সাধ্য সনকাগ্রজ তথায় উপস্থিত হইয়া বলিলেন। হে তাত! আমি যোগ শিক্ষার জন্য ব্রহ্মার নিকট গমন করিয়াছিলাম। কমলযোনি পুত্রের জন্য বলিয়াছেন অতএব আপনি আমাকে দান করিতে অভিমতি প্রকাশ করুন্। সনৎকুমার পিতা মাতাকে এইরূপ বলিলে তাঁহারা ব্রহ্মাকে বলিলেন হে ব্রহ্মন্! আমার এই সন্তান অদ্য প্রভৃতি তোমার হইল ব্রহ্মাকে এই কথা বলিয়া তাহারা সত্বর স্বস্থানে প্রস্থান করিলেন পিতামহ সেই পুত্রকে সিদ্ধদ্বারা সাধ্য করিলেন। তখন সনৎকুমারকে দ্বাদশ পত্রকযোগ শিক্ষা দিলেন। শিখাসংস্থ

জ্যৈষ্ঠোমাস স্তুতৎপত্রং দ্বিতীয়ং পরিকীর্ত্তিতং।
মোকারংভুজয়োর্যুগ্মং মিথুনং তত্রসংস্থিতং।
আষাঢ় ইতিবিখ্যাত স্তৃতীয়ংপত্রকংস্মৃতং।
ভকারপক্ষযুগলং তত্রকর্কটকস্থিতং।
মাসশ্রাবণ ইত্যুক্তশ্চতুর্থং পত্রকংস্মৃতং।
গকারংহৃদয়ংপ্রোক্তং সিংহোবসতিতত্রচ।
মাসোভাদ্রপদঃপ্রোক্তঃ পঞ্চমংপরিগীয়তে।
বকারংবচনংবিদ্যাৎ কন্যাতত্রপ্রতিষ্ঠিতা।
মাসশ্চাশ্বযুজোনাম ষষ্ঠংতৎপত্রকংস্মৃতং।
তেকারমস্ত্রসংগ্রামং তুলারাশি কৃতাশ্রয়ঃ।
মাসশ্চকার্ত্তিকোনাম সপ্তমং পত্রকংস্মৃতং।
বাকারংনাভিসংযুক্তঃ স্থিতস্তত্রসবৃশ্চিকঃ।
মাসোমার্গশিরোনাম অষ্টকংপত্রমুচ্যতে।
সুকারংজঘনংপ্রোক্তং তত্রস্থশ্চধনুর্দ্ধরঃ।
পৌষেতিগদিতোমাসো নবমংপরিকীর্ত্তিতং॥
দেকারশ্চোরুযুগলং মকরোঽপ্যত্রসংস্থিতঃ।

অনুবাদ।

ওঁকার মেষরাশি মস্তক বৈশাখমাস প্রথম পত্র। নকার ললাটদেশ বৃষরাশি জ্যৈষ্ঠমাস দ্বিতীয় পত্র। মোকার বাহুযুগল মিথুন সংস্থিত আষাঢ়মাস তৃতীয় পত্র। ভকার পক্ষযুগল কর্কটরাশি সংস্থিত শ্রাবণমাস চতুর্থ পত্র। গকার হৃদয় সিংহরাশি সংস্থিত ভাদ্রমাস পঞ্চম পত্র। বকার বাক্য নিচয় কন্যারাশি সংস্থিত আশ্বিনমাস ষষ্ঠপত্র। তেকার অস্ত্রসমূহ তুলারাশি সংস্থিত কার্ত্তিকমাস সপ্তম পত্র। বাকার নাভিদেশ বৃশ্চিকরাশি সস্থিত অগ্রহায়ণ মাস অষ্টম পত্র। সুকার জঘনদেশ ধনুরাশি সংস্থিত পৌষমাস নবম

মাঘোঽপি গদিতোমাসঃ পত্রকংদশমংস্মৃতং।
বাকারোজানুযুগ্মঞ্চ কুম্ভস্তত্রাপিসংস্থিতঃ।
পত্রকং ফাল্গুনঃপ্রোক্তঃ তদেকাদশমুত্তমং।
পাদৌয়কারমীনোঽপি সচৈত্রোবসত্তেমুনে।
ইদংদ্বাদশকংপত্রং প্রোক্তংবৈকেশবস্যহি।
দ্বাদশারং তথাচক্রং যন্নাভিদ্বিযুতংতথা।
ত্রিব্যূহমেকমূর্ত্তিশ্চ তথোক্তঃপরমেশ্বরঃ।
এতত্তবোক্তং দেবস্যরূপং দ্বাদশপত্রকং।
যস্মিন্জ্ঞাতেনরশ্রেষ্ঠ ভূয়ো ন মরণংভবেৎ।
দ্বিতীয়মুক্তংসত্ত্বানাং চতুর্বর্ণং চতুর্মুখং।
চতুর্দ্ধারং মুদারাঙ্গং শ্রীবৎসধর মব্যয়ং।
চতুর্ভুজেধারয়েন্মালাং স্বষ্টিক্বদাদিপুরুষঃ।
অব্যক্তাঃ সংভবন্ত্যেতে ত্রয়োব্যক্তামহামুনে।
অতো মরীচিপ্রমুখা স্তথান্যেঽপিসহস্রশঃ।

অনুবাদ।

পত্র। দেকার উরুযুগল মকররাশি সংস্থিত মাঘমাস দশম পত্র। বাকার জানুযুগল কুম্ভরাশি সংস্থিত ফাল্গুনমাস একাদশ পত্র। য়কার চরণদ্বয় মীনরাশি সংস্থিত চৈত্রমাস দ্বাদশ পত্র। এই ভগবান কেশবের দ্বাদশ পত্রকযোগ বলিলাম। ওঁ নমো ভগবতে বাসুদেবায় এই দ্বাদশ বর্ণযুক্ত চক্র অষ্টবর্ণে নাভিদেশ তৃতীয় ব্যূহ এক মূর্ত্তি ভগবান পরমেশ্বর বলিয়াছেন। এই তোমার ভগবান কেশবের দ্বাদশ পত্রকযোগ বলিলাম। হে নরশ্রেষ্ঠ! এই যোগ অবগত হইলে মানবগণ পুনর্ব্বার যমযন্ত্রণা ভোগ হইতে পরিত্রাণ পায়। দ্বিতীয় মূর্ত্তি চতুর্বর্ণ চতুর্ম্মুখ চতুর্দ্বার উদারাঙ্গ শ্রীবৎসধারী অব্যয়। তৃতীয় তামস গুণের বিবিধ মূর্ত্তি, সহস্র চরণ সহস্র নয়ন

এতত্তয়োক্তং নৃবর্য্যরূপং বিভোঃপুরাণং মতিবুদ্ধিবর্দ্ধনং।
চতুর্যুগান্তং মুরুরূর্ত্তাত্মা কৃতান্তবাক্যাৎ পুনরাসসাদ।
তমাগতংপ্রাহমুরুং মধুঘ্নঃপ্রাপ্তোসিকেনা সুরকারণেন।
সপ্রাহযোদ্ধুং সহবৈস্বয়াদ্য তংপ্রাহভূয়োঽসুরপুগহন্তা।
যদীহমাংযোদ্ধু মুপাগতোসি তৎকম্পতেতে হৃদয়ংকিমর্থং।
জরাতুরস্যেব মুহূর্মুহূর্বৈতন্নাসি যোৎস্যেসহকাতরেণ।
ইত্যেবমুক্তো মধুসূদনেন মুরুস্তদাস্বে হৃদয়েস্বহস্তং।
কথংকম্পেতিমুহুস্তথোক্তানিপাতয়ামাসবিপন্নবুদ্ধিঃ।
হরিশ্চচক্রং মৃদুলাঘবেন মুমোচতেনাস্য শিরঃস্বশত্রোঃ।
চিচ্ছেদদেবাস্তুগতব্যথাভবন্দেবং প্রশংসন্তিচ পদ্মনাভং।

অনুবাদ।

শ্রীমান প্রজা প্রলয়কারক চতুর্থ রাজস মূর্ত্তি রক্তবর্ণ চতুর্মুখ চতুর্ভুজ অক্ষমালাধারী সৃষ্টিকারক, আদি পুরুষ ভগবানের অব্যক্ত মূর্ত্তি বিবিধ প্রকার আছে তন্মধ্যে তিন মূর্ত্তি প্রকাশিত। এবং মরীচি প্রভৃতি অন্যান্য সহস্র সহস্র ভগবানের মানবরূপ তোমাকে কীর্ত্তন করিলাম এই পুরাণ মানবগণের মতি ও বুদ্ধি বৃদ্ধি করে। চতুর্যুগান্তে সেই দুরাত্মা মুরু কৃতান্তের বাক্যে ভগবান কৈটভারির নিকট উপস্থিত হইয়া বলিল আমি অদ্য তোমার সহিত যুদ্ধ করিবার মানসে আসিয়াছি তখন ভগবান দানবারি মুরুকে বলিলেন। যদি তুমি আমার সহিত যুদ্ধ করিবার জন্য সমাগত হইয়াছ তবে কি নিমিত্ত জরাতুরের ন্যায় বারম্বার তোমার হৃদয় কম্পিত হইতেছে আমার শরীর অতি কোমল তোমার সহিত সকাতরে সংগ্রাম করিব। মধুসূদন দানবকে এই কথা বলিলে দানব আপনার হৃদয়ে হস্ত দিয়া বলিল কৈ আমার হৃদয় কম্পিত হইতেছে এই কথা বলিয়া অল্প বুদ্ধি সেই দানব বিনষ্ট হইল। তখন দানবারি মাধব চক্রদ্বারা

এতত্তবোক্তং মুরুদৈত্যনাশনংকৃতং হিযুক্ত্যাশতচক্রপাণিনা।
অতঃপ্রসিদ্ধিং সমুপাজগামসুরারি রিত্যেববিভুর্নৃসিংহঃ ॥০॥
ইতি বামনপুরাণে দ্বাত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

ত্রয়োত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততো মুরারিভবনং সমভ্যেত্য সুরাস্তথা।
ঊচুর্দ্দেবং নমস্কৃত্য জগৎ সংক্ষুব্ধিকারণং।
তৎশ্রুত্বাভগবান্ প্রাহগচ্ছামোহরমন্দিরং।
সবেৎস্যতিমহাজ্ঞানী জগৎক্ষুব্ধং চরাচরং।
তথোক্তাবাসুদেবেন দেবাঃ শক্রপুরোগমাঃ।
জনার্দ্দনং পুরস্কৃত্য প্রজগ্মুর্মন্দরং গিরিং।

অনুবাদ।

দানবের শিরচ্ছেদ করিলেন দেবগণ মুরু দানব বিনাশ হইল দেখিয়া স্বীয় ক্লেশ দূরীকৃত করিয়া ভগবান্ পদ্মনাভকে প্রশংসা করিতে লাগিলেন। এইরূপ কৌশলে চক্রপাণি মুরু দানবকে বিনাশ করিয়াছিলেন তোমাকে বলিলাম। অনন্তর মুরারি নৃসিংহ স্বস্থানে গমন করিলেন।

ইতি বামনপুরাণে দ্বাত্রিংশ অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য বলিলেন। অনন্তর দেবগণ মুরারির ভবনে উপস্থিত হইয়া নারায়ণকে নমস্কার পূর্ব্বক জগৎ ক্ষুব্ধের কারণ জিজ্ঞাসা করিলেন। মাধব এই কথা শ্রবণ করিয়া দেবগণকে বলিলেন চল আমরা শঙ্করের আলয়ে গমন করি। শঙ্কর মহাজ্ঞানী অবশ্যই চরাচর জগৎ ক্ষুব্ধের কারণ বলিবেন। বাসুদেব এই কথা বলিলে ইন্দ্রপ্রভৃতি দেবগণ বাসুদেবকে অগ্রে লইয়া

ন তত্রশৈবং বৃষভং ন দেবীং নচমন্দিরং।
শূন্যং গিরিমপশ্যংস্তমজ্ঞানতিমিরাবৃতাঃ।
তানমূঢ়চেষ্টান্ সংপ্রেক্ষ্য দৈবান্বিষ্ণুর্মহাদ্যুতিঃ।
প্রোবাচকিং নপশ্যধ্বং মহেশানং পুরস্থিতং।
তমুচুর্নৈবদেবেশং পশ্যামোগিরিজাপতিং।
ন বিদ্মঃ কারণং তচ্চযেন দৃষ্টিহতাহিনঃ।
তানুবাচজগন্মূর্ত্তির্যূয়ং দেবস্যভাগশঃ।
পাপিষ্ঠাগর্ভহন্তারোমৃড়ান্যাঃ স্বার্থতৎপরাঃ।
তেনাজ্ঞাতবিবেকাবৈ কৃতাদেবেনশূলিনা।
যেনাগ্রতঃ স্থিতমপি পশ্যন্তোপি ন পশ্যথ।
তস্মাৎকায়বিশুদ্ধ্যর্থং দেবদৃষ্ট্যর্থমাদরাৎ।
তপ্তকৃচ্ছ্রেণ সংশুদ্ধাঃ কুরুধ্বংস্নানমাশরে।

অনুবাদ।

মন্দরপর্ব্বতে শঙ্করের নিকট গমন করিলেন। তথায় শৈব বৃষ গিরিজা দেবী এবং হর মন্দির কিছুই নাই কেবল মাত্র মন্দরগিরি অবলোকন করিয়া দেবগণ সাতিশয় ব্যাকুল হইলেন। দেবগণের বিফল চেষ্টা অবলোকন পূর্ব্বক ভগবান কেশব দেবগণকে বলিলেন তোমরা কি শঙ্করকে দেখিতে পাও নাই। দেবগণ বলিলেন গিরিজাপতি ভগবান শঙ্করকে দেখিতে পাই নাই। কি নিমিত্ত আমারদিগের দৃষ্টিরোধ হইল। তখন ভগবান জগন্মূর্ত্তি দেবগণকে বলিলেন তোমরা ঈশ্বরের অংশ বোধ হয় তোমরা স্বার্থ তৎপর হইয়া ভবানীর গর্ভহন্তারক হইয়াছ এজন্য পাপী বলিয়া ভগবান ত্রিশূলী তোমাদিগকে জ্ঞানহীন করিয়াছেন কারণ সেই ভগবান শঙ্কর তোমারদিগের সম্মুখে আছেন তোমরা দেখিয়াও দেখিতেছ না। অতএব ভবানীপতির দর্শনের নিমিত্ত যত্নপূর্ব্বক দেহ পবিত্র

ক্ষীরস্নানে প্রযুঞ্জীতসার্দ্ধং কুম্ভশতংসুরাঃ।
দধিস্নানেচতুঃষষ্টিং দ্বাবিংশদ্ধবিষোর্হণে।
পঞ্চগব্যস্যশুদ্ধস্য কুম্ভাঃ ষোড়শকীর্ত্তিতাঃ।
মধুনোঽষ্টৌজলস্যোক্তাঃ সর্ব্বতোদ্বিগুণঃসুরাঃ।
ততোরোচনয়াদেব মষ্টোত্তরশতেনচ।
অনুলিপ্যেৎকুঙ্কুমেন চন্দনেনচ ভক্তিতঃ।
বিল্বপত্রৈশ্চ কমলৈর্ধুস্তূরৈঃ সুরচন্দনৈঃ।
মন্দারৈঃ পারিজাতৈশ্চ অতিমুক্তৈস্তথার্চ্চয়েৎ।
অগুরুং সহবালেয়ং চন্দনং বাপিধূপয়েৎ।
জপ্তব্যংশতরুদ্রীয়ং ঋগ্বেদোক্তৈঃ পরাক্রমৈঃ।
এবংকৃতেযু দেবেশং পশ্যধ্বংনেতরেণচ।
ইত্যুক্ত্বাবাসুদেবেন দেবাঃ কেশবমব্রুবন্।
বিধানং তপ্তকৃচ্ছ্রস্য কথ্যতাং মধুসূদন।
যস্মিংশ্চীর্ণেকায়শুদ্ধি র্ভবতিস্বল্পকালিকী॥

অনুবাদ।

কর। ভগবান শঙ্করকে স্নান করাইয়া তপ্তকৃচ্ছ্র ব্রত কর। দেবগণ তাহার বিধান শ্রবণ কর সার্দ্ধশত কলস দুগ্ধদ্বারা শঙ্করকে স্নান করাইয়া পরে চতুঃষষ্টি কলস দধি দ্বাবিংশ কলসঘৃত ষোড়শ কলস পঞ্চগব্য অষ্টকলস মধু ও অষ্টকলস জল এবং অষ্টোত্তর শত কলস গোরচনা দ্বারা স্নান করাইবে। এবং ভক্তিপূর্ব্বক কুঙ্কুম চন্দন অঙ্গে লেপন করাইবে। বিল্বপত্র পদ্মধুস্তূর সুরচনন্দন দ্বারা ধূপিত করিয়া ঋকৃবেদোক্ত শতরুদ্রীয় মন্ত্রজপ করিবে এইরূপ কার্য্য করিলে ভগবানকে দর্শন করিতে পারিবে বৈকুণ্ঠনাথ এই কথা বলিলে দেবগণ বাসুদেবকে বলিলেন ভগবন্ তপ্তকৃচ্ছ্র ব্রত কি রূপে করিতে হয় আপনি তাহার বিধান প্রকাশ করন্। এই ব্রত অবলম্বন করিলে অল্প সময়ের মধ্যে দেহ পবিত্র হইবে। তখন

বাসুদেব উবাচ।

ত্র্যহমুষ্ণং পিবেদাপস্ত্র্যহমুষ্ণং পয়ঃপিয়েৎ।
ত্র্যহমুষ্ণং পিবেৎসর্পি বায়ুভক্ষোদিনত্রয়ং।
পলং দ্বাদশতোয়স্য পলাষ্টৌপয়সোমতাঃ।
ষট্‌পলং সর্পিষঃপ্রোক্তং দিবসেদিবসে পিবেৎ।

পুলস্ত্য উবাচ।

ইত্যেবমুক্তেবচনে সুরাঃকায়বিশুদ্ধয়ে।
তপ্তকৃচ্ছ্রং রহস্যেব চক্রুঃ শক্রপুরোগমাঃ॥
ততোব্রতেসুরাশ্চীর্ণে বিমুক্তাপাপতোভবন্।
বিমুক্তপাপংদেবেশং বাসুদেবমথাব্রুবন্।
ক্বাসৌবদজগন্নাথ শম্ভুস্তিষ্ঠতিকেশব।
যং ক্ষীরাদ্যভিষেকেন স্নাপয়ামোবিধানতঃ।
অথোবাচসুরান্ বিষ্ণুরেষ তিষ্ঠতিশঙ্করঃ।

অনুবাদ।

বাসুদেব বলিলেন দিনত্রয় দ্বাদশপল পরিমাণ উষ্ণোদক পান করিবে। দিনত্রয় অষ্টপল পরিমিত দুগ্ধপান করিবে। তৎপরে ষট্‌-পল ঘৃত পান করিবে পরে দিনত্রয় উপবাস করিবে। পুলস্ত্য বলি-লেন। ভগবান বৈকুণ্ঠনাথ এই কথা বলিলে ইন্দ্রপ্রভৃতি দেবগণ দেহ শুদ্ধির জন্য রহস্যে তপ্তকৃচ্ছ্র ব্রত আচরণ করিলেন তপ্তকৃচ্ছ্র ব্রত সম্পূর্ণ হইলে দেবগণ পাপ হইতে মুক্ত হইলেন। পাপমুক্ত দেবগণ বাসুদেবকে বলিলেন। হে জগন্নাথ! হে কেশব! ভগ-বান শঙ্কর কোথায় যাহাকে আমরা বিধিপূর্ব্বক দুগ্ধপ্রভৃতি দ্রব্যদ্বারা স্নান করাইব তখন ভগবান চক্রপাণি দেবগণকে বলিলেন। আমার দেহে কি তোমরা শঙ্করকে দেখিতে পাইছ না আমার দেহে তাহার অংশ আছে। তখন দেবগণ বিষ্ণুকে বলিলেন

মদ্দেহেহস্মিং নপশ্যধ্বং যোগশ্চায়ং প্রতিষ্ঠিতঃ।
তমুচুর্নৈবপশ্যাম স্ততোবৈত্রিপুরান্তকং।
সত্যংবদস্বদেবেশ মহেশানঃক্কতিষ্ঠতি।
ততোহব্যয়াত্মাসহরিঃ স্বহৃৎপঙ্কজশায়িনং।
দর্শয়ামাসদেবানাং মুরারির্নিগমেশ্বরং।
ততোহমরাঃ ক্রমেনৈব ক্ষীরাদিভিরনুত্তমং।
স্নাপয়াঞ্চক্রিরেদেবং শাশ্বতং ধ্রুবমব্যয়ং।
গোরোচনয়া প্রালিপ্য চন্দনেনসুগন্ধিনা।
বিল্বপত্রাম্বুজৈর্দ্দেবং পূজয়ামাসুরঞ্জসা।
ধূপয়িত্বাগুরুংভক্ত্যা নিবেদ্য পরমৌষধীঃ।
সপ্তাষ্টশতনামানং প্রণামঞ্চক্রিরেততঃ।
ইত্যেবং চিন্তয়ন্তশ্চ দেবাবেতৌহরীশ্বরৌ।
কথংযোগত্বমাপন্নো সত্বাখ্যতমসোদ্ভবৌ।
সুরান্‌সঞ্চিন্তিতাজ্ঞাত্বা বিশ্বমূর্ত্তিরভূদ্দ্বিজ।

অনুবাদ।

আমরা তোমার দেহে শঙ্করকে দেখিতে পাইতেছি না অতএব সত্য বল ভগবান কোথায়। তখন চক্রপাণি ভগবান আপনার হৃদয়সরোজশায়ী ভগবান শঙ্করকে দেবগণের দর্শন করাইলেন অমরগণ তখন ক্ষীরপ্রভৃতি দ্রব্যদ্বারা এবং গোরচনা দ্বারা ভগবানকে স্নান করাইয়া সুগন্ধচন্দন অঙ্গে লেপন করাইলেন এবং বিল্বপত্র ও অন্যান্য বিবিধ কুসুমদ্বারা পূজা করিয়া অগুরু ধূপপ্রদান পূর্ব্বক উত্তম তণ্ডুলাদি নিবেদন করিলেন এবং অষ্টাধিকশত শতরুদ্রীয় মন্ত্র জপ করিয়া ভক্তিপূর্ব্বক নমস্কার করিলেন। তদনন্তর দেবগণ হরিহর যুগলমূর্ত্তি চিন্তা করিতে লাগিলেন। কি কারণে জগদাত্মা ভগবান বিষ্ণু এবং তমোগুণময় ভগবান শঙ্কর

সর্ব্বলক্ষণসংযুক্তঃ সর্ব্বায়ুধধরোঽব্যয়ঃ।
সার্দ্ধদ্বিনেত্রং কমলাহিকুণ্ডলংজটা গুড়াকেশখগর্ষভধ্বজং।
সমাধবংহারভুজঙ্গবক্ষসংপীতাজিনাচ্ছন্নকটিপ্রদর্শকং।
চক্রাসিহস্তং হলশার্ঙ্গপাণিং পিণাকশূলাজগবান্বিতঞ্চ।
কপর্দ্দখট্টাঙ্গকপালঘণ্টাং সশঙ্খটঙ্কারধরংমহর্ষে।
দৃষ্ট্বৈবদেবা হরিশঙ্করংগতং নমোস্তুতে সর্ব্বগতাব্যয়েতি।
প্রোক্ত্বাপ্রণামং কমলাসনাদ্যাঃ কর্ম্মেতিবৈনৈকতরং নিযুজ্য।
তানৈকচিত্তান্বিজ্ঞায় দেবান্দেবপতির্হরিঃ।
প্রগৃহ্যযোগমৎভূর্ণং কুরুক্ষেত্রং সমাশ্রমং।

অনুবাদ।

যোগাবলম্বন করিয়াছেন। দেবগণ এবম্বিধ চিন্তাযুক্ত হইলে ভগবান চক্রপাণি দেবগণের অভিসন্ধি অবগত হইয়া সর্ব্বলক্ষণ সম্পন্ন সকল অস্ত্র শস্ত্রযুক্ত হরিহর মূর্ত্তি দেবগণের দৃষ্টিপথে অবস্থিতি করিলেন দেহের অর্দ্ধাংশ হরি অর্দ্ধাংশ হর হরির সার্দ্ধ দ্বিনেত্র হরের সার্দ্ধদ্বিনেত্র হরিকর্ণে পদ্ম হরের কর্ণে ফণিময় কুণ্ডল হরির মস্তক গুহাকেশযুক্ত হরের মস্তক জটাভারযুক্ত হরির বাহন গরুড় এক পার্শ্বে হরের বাহন বৃষ অপর পার্শ্বে হরির বক্ষে কৌস্তুভহার হরের সর্পহার হরির পরীধান পীতাম্বর হরের মৃগচর্ম্ম হরির হস্তে চক্র খড়্গ হল শার্ঙ্গ হরের হস্তে পিণাক ত্রিশূল অজগর ধনু কপর্দ্দি খট্টাঙ্গ নরকপাল ঘণ্টা শঙ্খ হে নারদ! দেবগণ ভগবানের এতাদৃশ অদ্ভুত মনোহর হরিহরাত্মক রূপ অবলোকন করিয়া নমস্কার পূর্ব্বক স্তব করিতে লাগিলেন। তখন ব্রহ্মাদি দেবগণ বলিলেন এই সত্য হে ভগবান! এক্ষণে আমাদিগকে একটি কার্য্যে নিয়োগ কর তখন দেবাগ্রগণ্য ভগবান বিষ্ণু দেবগণ সকলের একমত অবলোকন করিয়া স্বীয় রূপ ধারণপূর্ব্বক কুরুক্ষেত্রে নিজাশ্রমে গমন করিলেন। তখন দেবগণ সকলে জলেস্থাম্নুভূত ঈশ্বরকে অবলো-

ততঃ পশ্যন্তিদেবেশং স্থাণুভূতংজলেশুচিং।
কৃত্বানমঃ স্থানবেতি প্রোক্তাসর্ব্বেহ্যুপাবিশন্।
ততোহব্রবীৎ সুরপতি রেহ্যেহিদীয়তাংবরঃ।
ক্ষুব্ধংজগজ্জগন্নাথ তন্মজ্জন্নাপ্রয়াতিথিং।
ততস্তাং মধুরাংবাণীং শুশ্রাববৃষভধ্বজঃ।
শ্রুত্বোত্তস্থৌচবেগেন সর্ব্বব্যাপীনিরঞ্জনঃ।
নমোস্তুসর্ব্বদেবেভ্যঃ প্রোবাচপ্রহসন্‌হরঃ।
সচাগ্রতঃসুরৈঃসেন্দ্রৈঃ প্রণামবিনয়ান্বিতঃ।
তমুচুর্দ্দেবতাঃ সর্ব্বাত্যজ্যতাং শঙ্করদ্রুতং।
মহাব্রতং ত্রয়োলোকাঃ ক্ষুব্ধাস্তত্তেজসাবৃতা।
অথোবাচ মহাদেবো ময়াত্যক্তং মহাব্রতং।
ততঃসুরাদিবং জগ্মুহৃষ্টাঃ প্রয়তমানসঃ।
ততোবিকম্পতেপৃথ্বী সাব্ধিদ্বীপাচলামুনে।

অনুবাদ।

কন করিয়া স্থানবে নম এই বলিয়া প্রণতি পূর্ব্বক সেই স্থানে উপবেশন করিলেন এবং ইন্দ্র বলিলেন হে ভগবন্! আপনি আসিয়া আমাদিগের বর প্রদান কর। হে জগন্নাথ! আপনি জলমধ্যে অবস্থিতি করিতেছেন এজন্য এই জগৎ সাতিশয় ক্ষুব্ধ হইয়াছে। দেবগণের এতাদৃশী মধুর বাণী শ্রবণ করিয়া সর্ব্বব্যাপী নিরঞ্জন ভগবান শঙ্কর অতি দ্রুতবেগে দেবগণের অগ্রে উপস্থিত হইয়া হাস্য করিতে লাগিলেন। তখন দেবগণ শঙ্করকে বলিলেন আপনার জ্যোতিতে এই ত্রিলোক ক্ষুব্ধ হইয়াছে অতএব আপনি শীঘ্র এই ব্রত পরিত্যাগ করুন। তখন শঙ্কর বলিলেন আমি এই মহাব্রত ত্যাগ করিলাম। শঙ্কর মহাব্রত পরিত্যাগ করিলে পর দেবগণ হৃষ্টচিত্তে অমর পুরীতে গমন করিলেন। তথাপি সসাগরা সদ্বীপা অচলা পৃথ্বী কম্পিত হইতে লাগিল। ভগবান শঙ্কর

ততোব্যচিন্তয়দ্রুদ্রঃ কিমর্থং ক্ষুভিতামহী।
তত্রপর্য্যচরচ্ছূলী কুরুক্ষেত্রং সমন্ততঃ।
দদর্শৌঘবতীতীরে উশনসংতপোনিধিং।
ততোঽব্রবীৎ সুরপতিঃ কিমর্থং তপ্যতেতপঃ।
জগৎক্ষোভকরংবিপ্র তচ্ছীঘ্রংকথ্যতাংমম।

উশনা উবাচ।

ত্বদারাধনকামার্থং তপ্যতেহিমহত্তপঃ।
সঞ্জীবনীংশুভাংবিদ্যাং জ্ঞাতুমিচ্ছন্ত্রিলোচন॥

হর উবাচ।

তপসাপরিতুষ্টোঽহং সুতপ্তেন তপোধন।
তস্মাৎসংজীবনীংবিদ্যাং ভবান্জ্ঞাস্যতিতত্ত্ববিৎ।
বরলব্ধস্ততঃ শুক্রস্তপসঃ সংন্যবর্ত্তত।

অনুবাদ।

চিন্তিত হইলেন কি নিমিত্ত পৃথ্বী এতাদৃশী ক্ষুব্ধা তখন শূলী সেই কুরুক্ষেত্রের চতুর্দ্দিগ ভ্রমণ করিতে লাগিলেন দেখিলেন ওঘবতীর কালিন্দীরতীরে ভার্গব শুক্রাচার্য্য তপস্যা করিতেছেন। দেবপতি শঙ্কর ভার্গবকে জিজ্ঞাসা করিলেন কি নিমিত্ত তুমি এতাদৃশী ত্রিগজৎ ক্ষুব্ধ কর কঠোর তপস্যা করিতেছ শীঘ্র আমাকে বল তখন শুক্রাচার্য্য বলিলেন ভগবন আমি আপনাকে সন্তোষ করিবার জন্য এই মহৎ তপস্যা অবলম্বন করিয়াছি হে ত্রিলোচন। আমি আপনার নিকট মৃতসঞ্জীবনী বিদ্যা জানিতে ইচ্ছা করিয়াছি। তখন শঙ্কর ভার্গবকে বলিলেন হে ভার্গব! আমি তোমার এই কঠোর তপস্যায় সন্তুষ্ট হইয়াছি অতএব হে তপোধন! তুমি সঞ্জীবনী বিদ্যা অবগত হইবে তোমাকে বর প্রদান করিলাম। শুক্রাচার্য্য শঙ্করের নিকট অভিলষিত বরলাভ করিয়া তপস্যা হইতে নিবর্ত্ত হইলেন।

তং চাপি লেভে পৃথ্বী সাব্ধিভূভৃন্নগাবৃতা।
ততো গত্বা মহাদেবঃ সপ্তসারস্বতং শুচিঃ।
দদর্শ নৃত্যমানঞ্চ ঋষিমঙ্কণকং স্থিতিং।
ভাবেন যো নৃত্যতি বিহ্বলবৎ সভুজৌ প্রসার্য্যৈব নন্ত্তবেগাৎ।
তস্যৈব বেগেন সমাহতা তু চচাল ভূভূর্মিধরৈঃ সহৈব।
তং শঙ্করো ভ্যেত্য করে নিগৃহ্য প্রোবাচ বাক্যং প্রহসন্মহর্ষে।
কিং ভাবতো নৃত্যসি কেন হেতুনা বদস্ব মানন্দ্য কিমত্র তুষ্টিঃ।
তং ব্রাহ্মণং প্রাহ মমাদ্য তুষ্টি র্যেনেহ জাতা শৃণু তৎ দ্বিজেন্দ্র।
বহূন্ সমানব্দৈ সমতপ্যত স্তপঃ সংবৎসরান্ কায়বিশোধণার্থং।
ততো নপশ্যামি করাৎ ক্ষতোহর্থং বিনির্গতং শাকরসং মমেহ।
তেনাতিতুষ্টোহম্মি ভৃশং দ্বিজেন্দ্রায়ে যস্মিন্ নৃত্যামি স্বভাবিতাত্মা।

অনুবাদ।

শঙ্কর দেখিলেন তথাপি সমুদ্রদ্বীপ ও পর্ব্বতের সহিত পৃথিবী প্রচলিত হইতেছে। তখন শঙ্কর তাহার কারণ জানিবার জন্য তথা হইতে গমন করিয়া দেখিলেন। তাপসাগ্রগণ্য ঋষি অঙ্কণক সপ্ত-সারস্বত নদীরতীরে ভাবে মগ্ন হইয়া বাহু প্রসারণ পূর্ব্বক অতিশয় নৃত্য করিতেছেন। তাহার বেগে মহীধরের সহিত পৃথিবী চালিতা হইতেছে। শঙ্কর সেই স্থানে গমন করিয়া বাহুদ্বয় প্রসারণ পূর্ব্বক তাহাকে ধারণ করিয়া ঈষৎ হাস্য করতঃ জিজ্ঞাসা করিলেন! কি নিমিত্ত কি ভাবে তুমি নৃত্য করিতেছ কি করিলে তুমি সন্তোষ হইবে আমাকে বল। তখন তাপস ব্রাহ্মণ বলিল আমি যেরূপে সন্তোষ হইব তাহা বলিতেছি শ্রবণ কর। আমি অনেক বৎসর কোন কার্য্যের নিমিত্ত তপস্যা করিয়াছিলাম দেখিলাম কিন্তু আমার হস্ত হইতে শাকরস বিনির্গত হইল তাহাতে আমি সাতিশয় সন্তুষ্ট হইয়া স্বভাবতঃ নৃত্য করিতেছি শঙ্কর তাপসাগ্রগণ্য অঙ্কণককে বলি-

তং প্রাহ শম্ভুর্দ্বিজপশ্যমহ্যং ভস্মপ্রবৃত্তোঙ্গুলিতোতিশুক্লঃ।
সন্তাড়নাদেবনচ প্রহর্ষোনমাস্তিনিত্যংহি ভবান্ প্রমত্তঃ।
শ্রুত্বাথবাক্যং বৃষভধ্বজস্য মুনিরঙ্কণঃকোমহর্ষে।
নৃত্যংপরিত্যজ্যস্ববিস্মিতোথববন্দ পাদৌ বিনয়াবনম্রঃ।
তমাহশম্ভুর্দ্বিজগচ্ছলোকং তং ব্রাহ্মণো দুর্গমমব্যয়স্য।
ইদঞ্চতীর্থং প্রবরংপৃথিব্যাং পৃথূদকস্যাস্তু সমংফলেন।
সান্নিধ্যমত্রৈবসুরাসুরাণাং গন্ধর্ববিদ্যাধর কিন্নরাণাং।
যদাতুধর্ম্মস্যবিধানমুগ্র্যং সারস্বতং পাপমলাপহারি।

সুপ্রভাকাঞ্চনাক্ষী চ সুবেণুর্বিমলোদকা।
মহোদরাচৌঘবতী বিপাসাচ সরস্বতী।
এতাঃসপ্তসরস্বত্যো নিবসিষ্যন্তিনিত্যশঃ।
সোমপানফলংসর্ব্বা দদত্যঃশুভপুণ্যদাঃ।

অনুবাদ।

লেন তুমি আমাতে অবলোকন কর। আমার এই ভস্মাবৃতা অঙ্গুলি শুক্লবর্ণ এই অঙ্গুলি সন্তাড়িত করিলে আমার হর্ষ হইবে না কিন্তু তুমি সর্ব্বদা প্রমত্ত হইবে। শঙ্করের এই বাক্য শ্রবণ করিয়া মহাত্মা অঙ্কণক বিস্মিত হইয়া নৃত্য সম্বরণ পূর্ব্বক বিনয় নম্রভাবে শঙ্করের চরণদ্বয় বন্দনা করিতে লাগিলেন। শঙ্কর তখন অঙ্কণককে বলিলেন এক্ষণে তুমি অতি দুর্গম ব্রহ্মলোকে গমন কর। এই স্থান প্রধান তীর্থ; পৃথুদকের সমান ফলপ্রদ হইবে দেবগণ দানবগণ গন্ধর্ব্ব বিদ্যাধর ও কিন্নরগণ সর্ব্বদা অবস্থিতি করিবে। এই তীর্থে গমন করিলে তীর্থবর প্রধান ধর্ম্ম প্রদান করিবেন এবং আগন্তুকগণের পাপ বিনাশ করিবেন। সুপ্রভা কাঞ্চনাক্ষী সুবেনু বিমলোদকা মহোদরা ওঘবতী বিপাশা এই সপ্তসারস্বতনদী সর্ব্বদা অবস্থিতি করিবেক। এই সপ্ত পুণ্যদা নদী সোমরস পানের

ভবানপি কুরুক্ষেত্রে মূর্ত্তিং স্থাপ্য গরীয়সীং।
গমিষ্যতি মহাপুণ্যং ব্রহ্মলোকং সুদুর্গমং।
ইত্যেবমুক্তো দেবেন শঙ্করেণ তপোধনঃ।
মূর্ত্তিং স্থাপ্য কুরুক্ষেত্রে ব্রহ্মলোকমগাদ্বশী।
গতে চাঙ্কণকে পৃথ্বী নিশ্চলা সমজায়ত।
অথাগান্মন্দরং শম্ভুর্নিজমাবসথং শুচিঃ।
এতত্ত্বয়োক্তং দ্বিজ শঙ্করস্তু গতস্তু তপ্তুং নৈথেব শৈলে।
শৃঙ্গেত্বগাং তুষ্টমতির্হি দেব্যা সংযোগতো যেন হি কারণেন ॥৩৫॥

ইতি বামনপুরাণে ত্রয়োত্রিংশোঽধ্যায়ঃ।

অনুবাদ।

ফল প্রদান করিবেন তুমি এই কুরুক্ষেত্রে আমার মূর্ত্তি স্থাপনা করিয়া অতি সুদারুণ মহাপুণ্য ব্রহ্মলোকে গমন করিবে। দেবাগ্রগণ্য শঙ্কর তাপসবরকে এই কথা বলিলে কুরুক্ষেত্রে তাপসাগ্রগণ্য অঙ্কণক শঙ্করের প্রতিমূর্ত্তি রাখিয়া ব্রহ্মলোকে গমন করিলেন। অঙ্কণক ব্রহ্মলোকে গমন করিলে পৃথিবী নিশ্চলা হইলেন। অনন্তর শঙ্কর মন্দরপর্ব্বতে নিজালয়ে গমন করিলেন। পরে শঙ্কর হৃষ্টচিত্তে তপস্যার জন্য এবং কোন কারণ বশতঃ দেবীর সহিত সংমীলনের জন্য শৈলবরে গমন করিলেন। হে দ্বিজ! আমি তোমাকে এ সকল বিষয় বিস্তাররূপে বর্ণন করিলাম।

ইতি বামনপুরাণে ত্রয়োত্রিংশত্তম অধ্যায় সমাপ্ত।

চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়।

নারদ উবাচ।

ততোঽন্ধকস্তুপাতালে কিমচেষ্টতদানব।
শঙ্করোমন্দরস্থোপি যচ্চকারতদুচ্যতাং॥

পুলস্ত্য উবাচ।

পাতালস্থোঽন্ধকো ব্রহ্মন্ বাধ্যতেমদনাগ্নিনা।
সংতপ্তবিগ্রহঃসর্ব্বান্ দানবানিদমব্রবীৎ।
সমেসুহৃৎ সমেবন্ধুঃ সভ্রাতাসপিতামম।
যস্তামদ্রিসুতাংশীঘ্রং মমান্তিক মুপানয়েৎ।
এবংব্রুবতিদৈত্যেন্দ্র অন্ধকেমদনান্ধকে।
মেঘগম্ভীরনির্ঘোষঃ প্রহ্লাদোবাক্যমব্রবীৎ।
যেয়ংগিরিসুতাদেবী মাতা সা ধর্ম্মতস্তব।
পিতাত্রিনয়নোদেবঃ শ্রূয়তামত্রকারণং।
তবপিত্রাহ্যপুত্রেণ ধর্ম্মনিষ্ঠেন দানব।

অনুবাদ।

নারদ জিজ্ঞাসা করিলেন অন্ধক পাতালপুরীতে গমন করিয়া কি করিয়াছিল এবং শঙ্কর মন্দরপর্ব্বতে গমন করিয়া কি করিয়াছিলেন তদ্বিষয় বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন অন্ধকাসুর পাতালপুরীতে গমন করিয়া দিন দিন কামাগ্নিতে দগ্ধ হইতে লাগিল। ক্রমশঃ অতিশয় সন্তাপিত হইয়া সকল দানবকে বলিল। যে শৈলনন্দিনীকে আমার নিকট আনিয়া দিবেক সে আমার সুহৃৎ,সে আমার বন্ধু, সে আমার ভ্রাতা, সে আমার পিতা। অন্ধকাসুর কামানলে সংতাপিত হইয়া দানবগণকে এইকথা বারম্বার বলিলে প্রহ্লাদ মেঘ গম্ভীরস্বরে অন্ধকে বলিল। গিরিসুতা দেবী ধর্ম্মতঃ তোমার মাতা এবং দেবাদিদেব ত্রিলোচন তোমার পিতা বিশেষ কারণ বলিতেছি

আরাধিতোমহাদেবঃ পুত্রার্থায় পুরাকিল।
তস্মৈত্রিলোচনেনাপি দত্তোহংন্ধস্ত্বেবদানব।
পুত্রকপুত্রকামায় প্রোক্তেত্থং বচনংবিভুঃ।
নেত্রত্রয়ংহিরণ্যাক্ষ ধর্ম্মার্থমুময়ামম।
পিহিতংযোগসংস্থস্য ততোহন্ধমভবত্তমঃ।
তস্মাচ্চতমসোজাতো ভূতোনীলঘনস্বলঃ।
তদিমংগৃহ্যতাংদৈত্য তবোপায়িকমাত্মজং।
যদায়ংকিঞ্চিদ্বিদ্বিষ্টং দুষ্টংকর্ম্মকরিষ্যতি।
ত্রৈলোক্যজননীংবাপি ত্বভিবাঞ্ছিষ্যতেধমঃ।
ঘাতয়িষ্যতিকংবিপ্রং যদাপ্রোৎক্ষিপ্যত্যসুরান্।
তদাস্যস্বয়মেবাহং করিষ্যেকায়শোধনং।
এবমুক্ত্বাগতঃশম্ভুঃ স্বস্থানংমন্দরাচলং।
ত্বংপিতাপিসমভ্যাগাৎ ত্বামাদায়রসাতলং।

অনুবাদ।

শ্রবণ কর। হে দানববর! পূর্ব্বকালে তোমার পিতা হিরণ্যাক্ষ অপুত্র ছিলেন পরে যোগাবলম্বন পূর্ব্বক সন্তানের নিমিত্ত ত্রিশূলীকে আরাধনা করিয়া সন্তোষ করিলেন। শঙ্কর পুত্রাভিলাষী তোমার পিতাকে স্বীয় পুত্র তোমার হইবে বরপ্রদান করিলেন। হিরণ্যাক্ষ ধর্ম্মার্থ উমার সহিত ধ্যানস্থ আমাব নেত্রত্রয় আবরণ করিয়াছিল তাহাতে এক তমসের সৃষ্টি হয় ঐ তম হইতে নীলবর্ণ জলদ সদৃশ উজ্জ্বল অন্ধক তোমার জন্ম হয় তখন শঙ্কর বলিলেন হে দানববর! এই বালককে গ্রহণ কর এই বালক তোমার পুত্র হইল। যখন এই বালক গর্হিত কার্য্য করিবেক কিম্বা ত্রিলোক জননীকে অভিলাষ করিবেক অথবা ব্রহ্মহত্যা কিম্বা দানবগণের উৎক্ষেপ করিবেক তখন আমি স্বয়ং উহার কায় শোধন করিব এই কথা বলিয়া

এতেনকারণেনাস্যা শৈলেয়ীভবিতাতব।
সর্ব্বস্যাপীহজগতোগুরুঃ শম্ভুঃপিতাধ্রুবং।
ভবানপিতপোযুক্তো নানাশাস্ত্রগুণাপ্লুতঃ।
নেদৃশেপাপসংকল্পে মতিংকুর্য্যাৎ ভবদ্বিধঃ।
ত্রৈলোক্যপ্রভুরব্যক্তো ভবঃসর্ব্বৈর্নমস্কৃতঃ।
অজেয়স্তস্যভার্য্যেয়ং নত্বমহোমরার্দ্দন।
নচাপিশক্তঃপ্রাপ্তুংতাং ভবান্‌শৈলনৃপাত্মজাং।
অজিত্বাসগণংরুদ্রং সচকামোদ্যতুল্লর্ভঃ।
যস্তরেৎসাগরংদোর্ভ্যাং পাতয়েদ্ভুবিভাস্করং।
মেরুমুদ্ধরয়েদ্বাপি সজয়েচ্ছূলপাণিনং।
তত্তাহোস্বিদিমাঃশক্যাঃ ক্রিয়াঃকর্তুংনচাচলাৎ।

অনুবাদ।

ভগবান শঙ্কর মন্দরাচলে নিজালয়ে গমন করিলেন। তোমার পিতা হিরণ্যাক্ষ তোমাকে লইয়া রসাতলে প্রবেশ করিল। এই কারণে শৈলসুতা তোমার মাতা। ত্রিজগৎ গুরু লোকনাথ শম্ভু তোমার পিতা। আপনি যোগী এবং সর্ব্বশাস্ত্র বিশারদ এতাদৃশ পাপ কার্য্যে অভিলাস করা ভবাদৃশ ব্যক্তির কর্ত্তব্য নহে। হে অমরারি সেই শঙ্কর ত্রিলোকের প্রভু ও নমস্য এবং অজেয় শৈল-নন্দিনী তাহার ভার্য্যা তুমি তাহার যোগ্য কখনই হইবে না। অতএব তুমি কখনই সেই শৈলাত্মজাকে প্রাপ্ত হইবে না। সগণ রুদ্রকে পরাজয় না করিয়া কখনই অভীষ্ট সিদ্ধি করিতে পারিবে না অতএব তোমার মনোরথ পূর্ণ হওয়া অতি দুর্লভ। যে ব্যক্তি হস্তদ্বারা সাগর সিঞ্চন করিবেক এবং সূর্য্যকে অবনীতলে পাতিত করিবেক সুমেরু উৎক্ষেপ করিতে সমর্থ হইবেক সে শঙ্করকে জয় করিতে পারিবেক আপনি এতাদৃশ কার্য্য করিতে কখনই শক্ত হই-

নচশক্যোহং রাজেন্দ্র সত্যংসত্যং বদাম্যহং।
কিংত্বয়ানশ্রুতংদৈত্য যথাদণ্ডোমহীপতিঃ।
পরস্ত্রীকামবান্মূঢ়ঃ সরাষ্ট্রোনাশমাপ্তবান্‌।
আসীদ্দণ্ডোনামনৃপঃ প্রভূতবলবাহনঃ।
সচবব্রেমহাতেজাঃ পৌরহিত্যায়ভার্গবং।
ঈজে চবিবিধৈর্যজ্ঞৈ নৃপতিঃশুক্রপালিতঃ।
শুক্রস্যাসীচ্চদুহিতা অরজানামনামতঃ।
শুক্রঃকদাচিদগম দ্বৃষপর্ব্বমহাসুরং।
তেনার্চ্চিতশ্চিরং তত্রতস্থৌভার্গবসত্তমঃ।
অরজাস্বগৃহেবহ্নিঃ শুশ্রূষন্তীমহাসুরঃ।
অতিষ্ঠতস্যচার্ব্বঙ্গী ততোগচ্ছেন্নরাধিপঃ।
সপপ্রচ্ছক্কশুক্রেতি তমূচুঃপরিচারিকাঃ।

অনুবাদ।

বেন না। অতএব আপনি কখনই শঙ্করকে জয় করিতে পারিবেন না। আমি সত্য বলিলাম। হে দানব! তুমি কি দণ্ড মহীপতির ইতিহাস শ্রবণ কর নাই। মহীপতি পরস্ত্রী অভিলাস করিয়া রাজ্যের সহিত বিনষ্ট হইল। এক্ষণে শ্রবণ কর কোন রাজ্যে প্রভূত বলবিক্রমশালী দণ্ডনামে এক নরপতি ছিলেন। সেই নরপতি পৌরহিত্য কার্য্যে শুক্রাচার্য্যকে ব্রতী করিয়া বিবিধ যাগযজ্ঞের অনুষ্ঠান করিলেন। শুক্রাচার্য্যের অরজা নাম্নী এক কন্যা ছিল। কোন সময়ে শুক্রাচার্য্য বৃষপর্ব্বা দানবরাজের নিকট গমন করিয়াছিলেন। সেই স্থানে বৃষপর্ব্ব দানবরাজের যত্ন ও সমাদরে কিঞ্চিৎ কাল দানবরাজের আলয়ে অবস্থিতি করিলেন। অরজা অগ্নি রক্ষার জন্য গৃহে অবস্থিতি করিয়াছিল এই সময়ে শুক্রের আলয়ে দণ্ড নরপতি উপস্থিত হইল। পরিচারিকাকে জিজ্ঞাসা করিল। শুক্রাচার্য্য কোথায়

গা তৎসভগবান্‌শুক্রো যাজনায়দনোঃসুতং।
পপ্রচ্ছনৃপতিঃকাত্ত্ব তিষ্ঠতেভার্গবাশ্রমে।
তাস্তমূচুর্গুরোঃপুত্রী সংতিষ্ঠত্যরজানৃপ।
তানাশ্রমে শুক্রসুতাং দ্রষ্টুমিচ্ছুর্নৃপস্তদা।
প্রবিবেশমহাবাহুর্দদর্শারজসংততঃ।
তাংদৃষ্ট্বাকাম সংতপ্ত স্তৎক্ষণাদেবপার্থিবঃ।
সংজাতোহন্ধকদণ্ডস্ত কৃতান্তবলচোদিতঃ।
ততোবিসর্জ্জয়ামাস ভ্রাতৄন্‌ভৃত্যান্‌সুহৃত্তমান্‌।
শুক্রশিষ্যানপিবলী একাকীনৃপআব্রজৎ।
তমাগতংশুক্রসুতা প্রত্যুত্থায়যশস্বিনী।
পূজয়ামাসসংহৃষ্টা ভ্রাতৃভাবেনদানব।
ততস্তামাহনৃপতির্ব্বালে কামাগ্নিতাপিতং।

অনুবাদ।

পরিচারিকা বলিল ভগবান শুক্রাচার্য্য যাজনিক কার্য্যের নিমিত্ত দানবরাজ বৃষপর্ব্বের আলয়ে গমন করিয়াছেন। রাজা জিজ্ঞাসা করিল ভগবান ভার্গবের আশ্রমে এ কামিনী কে পরিচারিকাগণ বলিল হে রাজন্‌! এ ভগবান শুক্রাচার্য্যের অরজা নাম্নী কন্যা রাজা তখন অরজার দর্শন লালসায় ব্যস্ত সমস্ত হইল। রাজা আশ্রমে প্রবিষ্ট হইয়া অরজাকে অবলোকন করিলেন। কিন্তু অরজার রূপ লাবণ্য অবলোকন পূর্ব্বক দণ্ড নরপতি কামানলে দগ্ধ হইয়া কৃতান্ত দ্বারা বলপূর্ব্বক আকর্ষিত হইল। অনন্তর অতি বলশালী রাজা দণ্ড আত্মভ্রাতৃ ভৃত্য সুহৃদগণ এবং শুক্র শিষ্যগণকে পরিত্যাগ পূর্ব্বক অরজার নিকট উপস্থিত হইল শুক্রসুতা অরজা তৎক্ষণাৎ গাত্রোত্থান পূর্ব্বক হৃষ্টচিত্তে ভ্রাতৃভাবে রাজাকে পূজা করিলেন। তখন রাজা অরজাকে বলিল, হে বালে!

মাংসমাস্বাদয়স্বাদ্য স্বপরিষঙ্গকারিণী।
সাপিপ্রাহনরশ্রেষ্ঠ মা বিনীলশআতুরঃ।
পিতামমমহাক্রোধা ত্রিদশানপিনির্দহেৎ।
মূঢ়বুদ্ধির্ভবান্‌ভ্রাতা মমাসিত্বংমদাপ্লুতঃ।
ভগিনীধর্ম্মতস্তেহহং ভবান্‌শিষ্যঃপিতুর্মম।
সোব্রবীদ্ভীরুমাংশুক্রঃ কালেনপরিধক্ষ্যতি।
কামাগ্নির্মাংনির্দহতি চাদ্যৈব তনুমধ্যমে।
সাপ্রাহদণ্ডনৃপতিং মুহূর্ত্তংপরিপালয়।
তমেবাচক্ষ্বস্বগুরুং সতেদাস্যত্যসংশয়ঃ।
দণ্ডোব্রবীৎস্তুতন্বঙ্গি কালক্ষেপোনমেসহে।
চ্যুতাবসরকর্তৃত্বে বিঘ্নাজায়ন্তিসুন্দরি।
ততোব্রবীচ্চ অরজানাহং ত্বাংপার্থিবাত্মজ।
দাতুশক্ত্যাতথাত্মান মস্বতন্ত্রাহিযোষিতঃ।

অনুবাদ।

আমি কামাগ্নি তাপিত আমাকে অদ্য আলিঙ্গন করিয়া সন্তুষ্ট কর। তখন অরজা বলিল আমার পিতা ক্রোধপূর্ব্বক দেবগণকে দগ্ধ করিয়াছেন। আপনি কামপীড়িত মূঢ় বুদ্ধি আমার ভ্রাতা, আমি ধর্ম্মত তোমার ভগিনী আপনি আমার পিতার শিষ্য। রাজা বলিলেন হে ভীরু! শুক্রাচার্য্য আমাকে কালে দগ্ধ করিবেন। হে ক্ষীণমধ্যমে এক্ষণে কামানল আমাকে দগ্ধ করিতেছে তখন অরজা দণ্ড নৃপতিকে বলিলেন আপনি মুহূর্ত্তকাল সম্বরণ কর। আমার পিতা তোমাকে দান করিবেন সন্দেহ নাই। দণ্ড নৃপতি বলিলেন কামাগ্নি কাল অপেক্ষা আমায় দগ্ধ করিতেছে হে সুন্দরি! সময় অপেক্ষা করিলে অনেক বিঘ্ন উপস্থিত হইবেক। নৃপতির এবম্বিধ আগ্রহ দেখিয়া রাজাকে বলিলেন আমি

কিংতেনবহুনোক্তেন মাত্বংনাশংনরাধিপ।
গচ্ছস্বশুক্রশাপেন স্বভৃত্যজ্ঞাতিবান্ধবঃ।
ততোব্রবীন্নরপতিঃ সুতনুশৃণুচেষ্টিতং।
চিত্রাঙ্গদায়াযদ্বৃত্তং পুরাদেবযুগেশুভে।
বিশ্বকর্ম্মসুতাসাধ্বী নাম্নাচিত্রাঙ্গদাভবৎ।
রূপযৌবনসম্পন্না পদ্মহীনেবপদ্মিনী।
সাকদাচিন্মহারণ্যং সখিভিঃপরিবারিতা।
জগামনৈমিষংনাম স্নাতুং কমললোচনা।
স্নানার্থমবতীর্ণাচ তথাভ্যাগান্নরেশ্বরঃ।
সুদেবতনয়োধীমান্ সুরথোনামনামতঃ।
তাং দদর্শচতন্বঙ্গীং শুভাঙ্গীংমদনাতুরঃ।
সংবৃত্যসাসখীচাহ বচনং সহসঙ্গতং।

অনুবাদ।

স্বাধীনা নহি এজন্য আমার আত্মা তোমাকে সমর্পণ করিতে সমর্থ হইলাম না। এক্ষণে তুমি অধিক বাক্য ব্যয় করিয়া বিনষ্ট হইও না। তুমি শুক্র শাপে ভৃত্য জ্ঞাতি বান্ধবের সহিত এস্থান হইতে গমন কর। তখন রাজা বলিলেন হে চার্ব্বঙ্গি! পূর্ব্বকালে সত্যযুগে চিত্রাঙ্গদার চেষ্টা ও ব্যবহার তুমি শ্রবণ কর। বিশ্বকর্ম্মার কন্যা অতি সাধ্বী তাহার নাম চিত্রাঙ্গদা। নিরুপম রূপযৌবন সম্পন্না পদ্মহীনা পদ্মিনীর ন্যায়। সেই সরোজাক্ষী ললনা কোন সময়ে এক দিবস সঙ্গিনীর সহিত নৈমিষারণ্যে স্নান করিতে গমন করিয়াছিলেন। স্নানার্থ সলিলে অবতরণ হইয়াছেন এই সময়ে এক নরপতি সেই স্থানে উপস্থিত হইল। সুদেব তনয় ধীমান সুরথ নরপতি তাঁহার নাম সেই সুমধ্যমা সৌন্দর্য্য শালিনী কামিনীকে অবলোকন করিয়া অতিশয় কামপীড়িত হইল। তখন চিত্রাঙ্গদা সখীকে

অগৌনরাধিপসুতো মদনেনচ প্রার্থ্যতে।
মদর্থঞ্চক্ষমংমেস্য স্বপ্রদানং সুর্ব্বাপণঃ।
সখ্যস্তামব্রুবন্‌বালে সুপ্রগল্‌ভাসিসুন্দরি।
নস্বাতন্ত্র্যংতবাস্তংহি প্রদানেস্বাত্মনোনঘে।
পিতাতবাপিধর্ম্মিষ্ঠঃ শিল্পিশাস্ত্রবিশারদঃ।
নতেযুক্তমিবাত্মানং দাতুংনরপতেঃস্বয়ং।
এতস্মিন্নন্তরেরাজা সুরথঃসত্যবান্‌শুচিঃ।
সমভ্যেত্যাব্রবীদেনাং কন্দর্পশরপীড়িতঃ।
ত্বংমাংকুচতলেতল্পে অভিশায়িতুমর্হসি।
নচেৎপ্রধক্ষ্যতেকামো ভূয়োভূয়োতিদর্শনাৎ।
ততঃসাচারুসর্ব্বাঙ্গী রাজ্ঞোরাজীবলোচনা।

অনুবাদ।

লক্ষ্য করিয়া বলিল। এই নরপতি আমার নিমিত্ত অতিশয় স্মরপীড়িত হইয়াছে আমি এই রূপবান রাজতনয়াকে আত্মপ্রদান করিতে ইচ্ছা করি। তখন সখীগণ শুক্র তনয়কে বলিল হে বালে! হে সুন্দরি! তুমি কি প্রগল্ভা হইয়াছ হে অনঘে! তুমি স্বাধীনা নহ এজন্য আত্মপ্রদানে স্বয়ং অশক্ত সক্ষম হইলে শুভ হইবে না তোমার পিতা অতিশয় ধার্ম্মিক এবং শিল্প বিদ্যায় নিপুণ অতএব তুমি স্বয়ং রাজতনয়কে আত্মপ্রদান করিলে তোমার পিতা অতিশয় ক্রুদ্ধ হইবেন ইত্যবসময়ে সত্যবাদী রাজাসুরথ সেই স্থানে উপস্থিত হই-লেন তথায় সেই রূপবতী ললনাকে অবলোকন পূর্ব্বক কামপীড়িত হইয়া তাহাকে বলিলেন। তুমি আমাকে তোমার স্তনদ্বয় রূপ শয্যায় শয়ন করাও। নতুবা তোমার দর্শনমাত্রে কন্দর্প বারম্বার আমাকে দগ্ধ করিতেছে। তখন সরোজনয়না সেই সুন্দরী সখীদ্বারা রাজ-তনয়কে আশ্বাসিত করিয়া বলিলেন আমি তোমাকে আত্মপ্রদান

বার্য্যমানাসখীভিস্তু প্রদাদাত্মানমাত্মনা।
এবংপুরাতথাতন্ব্যা পরিত্রাতঃ সভূপতিঃ।
তস্মাম্মামপিসুশ্রোণিতং পরিত্রাতুমর্হসি।
অরজাহ্যব্রবীদ্দণ্ডং তন্থায়ৎকৃত্তমুত্তমং।
কিন্ত্বয়ানপরিজ্ঞাতং তস্মাত্তংশ্রোতুমর্হসি।
যদাতদাতুতন্বঙ্গ্যা সুরথস্যমহীপতে।
আত্মাপ্রদত্তঃ স্বাতন্ত্র্যাত্ততস্তামশপৎপিতা।
যস্মাদ্ধর্ম্মং পরিত্যজ্য স্ত্রীভাবাম্মন্দচেতনে।
আত্মাপ্রদত্তস্তস্মাচ্চ ন বিবাহোভবিষ্যতি।
বিবাহিতানৈবসুখং সুখংলপ্স্যসিভর্তৃতঃ।
নচপুত্রফলংনৈব পতিনা সংগমিষ্যসি।
তৎস্থষ্টেমাত্রে শাপেতংহ্য পোবাহ সরস্বতী।

অনুবাদ।

করিব। এইরূপ পূর্ব্বকালে সেই কোমলাঙ্গী শিল্পী তনয়া আত্ম-প্রদানে রাজতনয়কে পরিত্রাণ করিয়াছিলেন। অতএব হে চারু-জঘনে তুমি আমাকে পরিত্রাণ করিতে মনোযোগ কর। তখন অরজা দণ্ডনরপতিকে বলিলেন। চিত্রাঙ্গদা যাহা কহিয়াছিল তাহা তুমি বিশেষ জাননা অতএব শ্রবণ কর। চিত্রাঙ্গদা স্বাধীনতা অবলম্বনপূর্ব্বক সুরথ নরপতিকে আত্মপ্রদান করিয়াছিলেন, এজন্য তাঁহার পিতা চিত্রাঙ্গদাকে অভিসম্পাত করিলেন। হে মন্দবুদ্ধে! যেহেতু তুমি ধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক স্বাধীন ভাবপ্রযুক্ত রাজতনয়কে আত্মপ্রদান করিলে অতএব তোমার বিবাহ হইবেক না যদিচ বিবাহ কর তবে তাহাতে স্বামি হইতে সুখলাভ হইবে না তোমার সন্তান হইবে না এবং স্বামি সঙ্গ কদাচ হইবে না। বিশ্বকর্ম্মা এতাদৃশ অভিসম্পাত করিলে সরস্বতী নদী তাহাকে পরিত্যাগ

অকৃতার্থং নরপতিং যোজনানিত্রয়োদশ।
অপক্রুষ্টেনরপতৌ সাহিমোহমুপাগতা।
ততস্তাং সিসিচুঃসখ্যঃ সরস্বত্যাজলেনহি।
সাসিচ্যমানাসুভরাং শিশিরেনাপ্যথাম্ভসা।
মৃতকল্পামহাবাহো বিশ্বকর্ম্মাসুতাভবৎ।
তাংমৃতামিতিবিজ্ঞায় জগ্মুঃসখ্যস্ত্বরান্বিতাঃ।
আহর্তুমপরং কোষ্ঠা নগ্নিমানেতুসাকুলাঃ।
সাচতাস্বপিসর্ব্বাসু গতাস্বরন্যমুত্তমং।
সংজ্ঞালেভেসুচার্ব্বঙ্গী দিশশ্চাপ্যবিলোকয়ৎ।
অপশ্যন্তীনরপতিং তথাস্নিগ্ধংসখীজনং।
নিপপাতসরস্বত্যাং পিপাসাস্ফুরিতেক্ষণা।
তাংবেগাৎকাঞ্চনাক্ষীতু মহানদ্যাংনরেশ্বর।

অনুবাদ।

করিল। এবং সেই রাজতনয়ের ত্রয়োদশ যোজন পর্য্যন্ত অপযশ হইবে। অনন্তর সেই সুরথ নরপতি সেই স্থান হইতে প্রস্থান করিলে চিত্রাঙ্গদা সাতিশয় মুগ্ধ হইল। তখন সখীগণ সরস্বতী নদীর জল আনয়ন পূর্ব্বক সর্ব্বাঙ্গে সিঞ্চন করিতে লাগিল। হে মহাবাহো! সখীগণ বারিসেচন করিলে পর মৃতকল্পা চিত্রাঙ্গদাকে শিশিরে অবস্থিতি করিতে দেখিয়া সখীগণ অতিশয় চঞ্চলচিত্তে গমন করিল। অন্যান্য সখীগণ মৃতকল্পা চিত্রাঙ্গদাকে অপর গৃহে রাখিয়া অগ্নি আহরণের নিমিত্ত গমন করিল। এইরূপে সখীগণ সকলে অরণ্য মধ্যে অগ্নি আনয়নের জন্য গমন করিলে চিত্রাঙ্গদা ক্রমশঃ সংজ্ঞালাভ করিয়া দশদিক অবলোকন করিল। শিল্পীতনয়া সখীগণকে নিরীক্ষণ না করিয়া ভয় ও সন্তাপে পিপাসা কুলিতচিত্তে সরস্বতীর জলমধ্যে পতিত হইল। সরস্বতী সেই কামিনীকে বেগে সন্তাড়িত

গোমত্যাং পরিচিক্ষেপ তরঙ্গকুটিলেজলে।
তয়াতুতস্যাস্তাং তীরং বিদিত্বাথবিশাম্পতে।
মহারণ্যেপরিক্ষিপ্তা সিংহব্যাঘ্র সমাকুলে।
এবংতস্যাঃ স্বতন্ত্রায়া এযাবস্থাশ্রুতাময়া।
তস্মান্নদাস্যাম্যাত্মানং রক্ষন্তীশীলমুত্তমং।
তস্যাস্তদ্বচনংশ্রুত্বা দণ্ডঃশক্রসমোবলী।
বিহস্যঅরজাংপ্রাহ স্বার্থমর্থক্ষয়ংকরঃ।

দণ্ড উবাচ।

তস্যাযদুত্তরংবৃত্তং তৎপিতুশ্চরকুযোদরি।
সুরথস্যতদারাজ্ঞঃ তৎশ্রোতুং মতিমান্‌দধে।
যদাপকৃষ্টেনৃপতৌ পতিতাসামহাবনং।
তড়াগবনচারীণাং দ্রষ্টুবান্‌গুহ্যকোহঞ্জনঃ।
ততঃসোভ্যেভ্যতাংবালাং পরিশান্ত্য প্রযত্নতঃ।

অনুবাদ।

করিয়া কাঞ্চনাক্ষী নদীতে নিক্ষেপ করিলেন কাঞ্চনাক্ষী তথা হইতে মহানদী গোমতীতে নিক্ষেপ করিল গোমতী সেই নারী স্বেচ্ছাবারিণী জানিয়া তরঙ্গ সঞ্চালনে সিংহ ব্যাঘ্র সমাকুল মহা অরণ্যমধ্যে নিক্ষেপ করিল। সেই স্বেচ্ছাচারিণী চিত্রাঙ্গদার একপ দুরবস্থা হইয়াছিল আমি শুনিয়াছি অতএব আমি কদাচ স্বাতন্ত্র্যতা অবলম্বন করিব না শীলতা রক্ষা করিব। তখন ইন্দ্রতুল্য বলবান রাজাদণ্ড অরজার এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া হাস্যপূর্ব্বক অরজাকে জিজ্ঞাসা করিলেন। সেই চিত্রাঙ্গদা ও তাহার পিতার এবং রাজাসুরথের পরে যাহা হইয়াছিল তাহা শ্রবণ করিতে ইচ্ছা করি অতএব তুমি বল। অরজা বলিলেন, সেই নরপতি অধার্ম্মিক হইল এবং চিত্রাঙ্গদা মহারণ্যে নিক্ষিপ্ত হইলে পর তড়াগ বনচারী অঞ্জন

প্রাহত্মাগচ্ছসুভগে বিষাদং সুরথংপ্রতি।
ধ্রুবমেষ্যসিতেনত্বং সংযোগমসিতেক্ষণে।
তস্মাদ্গচ্ছস্বশীঘ্রং বৈদ্রষ্টুং শ্রীকণ্ঠমীশ্বরং।
ইত্যেবমুক্তাসাতেন গুহ্যকেনসুলোচনা।
শ্রীকণ্ঠমাগতাদ্রষ্টুং কালিন্দ্যা দক্ষিণোত্তরে।
দৃষ্ট্বামহেশংশ্রীকণ্ঠং স্নাত্বারবিসুতাজলে।
অতিষ্ঠতশিরোনম্রা যাবন্মধ্যেস্থিতোরবিঃ।
অথাজগামদেবস্থ স্নানংকর্ত্তুংতপোধনঃ।
শুভঃপাশুপতাচার্য্যঃ সামবেদীঋতধ্বজঃ।
দদর্শতিএতন্নঙ্গীং মুনিশ্চিত্রাঙ্গদাংশুভাং।
রতীমিবস্থিতাংপুণ্যা মনঙ্গপরিবর্জ্জিতাং।

অনুবাদ।

নামক এক যক্ষের দৃষ্টিপথে সেই কামিনী পতিতা হইল এবং তাহার নিকটবর্ত্তী গমনপূর্ব্বক সযত্নে তাহাকে শান্তনা করিয়া বলিল হে সুভগে! এই স্থানে আইস সুরথের প্রতি মনো বেদনা পরিত্যাগ কর অবশ্যই সেই নরপতি এই স্থানে আসিবেন অতএব তুমি শীঘ্র সর্ব্বার্থপ্রদ শ্রীকণ্ঠ শঙ্করের দর্শন করিবার জন্য গমন কর। এইরূপ সেই যক্ষ বলিলে পর, চারুসর্ব্বাঙ্গী সুলোচনা চিত্রাঙ্গদা শ্রীকণ্ঠ দর্শন মানসে কালিন্দীর দক্ষিণোত্তরে গমন করিল এবং সেই নদীর তীরে উপস্থিত হইয়া কালিন্দীর বিমলজলে অবগাহন করিয়া ভক্তিপূর্ব্বক শ্রীকণ্ঠ মহেশ্বরকে দর্শন করিলেন। সেই শঙ্করালয়ে যে পর্য্যন্ত আদিত্যপ্রকাশ ছিলেন তাবৎকাল নতশিরে নম্রভাবে অবস্থিতি করিল। অনন্তর এক তাপসবর শ্রীকণ্ঠের স্নান করাইবার জন্য সেইস্থানে আগমন পূর্ব্বক সামবেদোক্ত মন্ত্র উচ্চারণ করিয়া শঙ্করকে স্নান করাইলেন। কিন্তু এই সময়ে সেই তাপসবর নিরুপম রূপলাবণ্য শালিনী চিত্রাঙ্গদাকে অবলোকন করিলেন। দেখিলেন অনঙ্গ-

তাং দৃষ্ট্বাগমুনির্ধ্যান মগমৎকেয়মিত্যুত।
অথসাতমৃষিংবন্দ্যাং কৃতাঞ্জলিরুপাস্থিতা।
তাং প্রাহপুত্রিকস্যাসি সুতাসুরসুতোপমা।
কিমর্থমাগতাসীহ নির্মনুষ্যমৃগেবনে।
ততঃসাপ্রাহতমৃষিং যথাতথ্যং কৃশোদরী।
শ্রুত্বর্ষিঃকোপমগম দশপচ্ছিল্পিনাং বরং।
যস্মাৎসুতনুজাতাচ পরদেয়াপিপাপিনা।
যোজিতানৈবপতিনা তস্মাচ্ছাখা মৃগোহস্ত্বসঃ।
ইত্যুক্ত্বাসামহাভাগো ভূয়ঃস্নাত্বাবিধানতঃ।
উপাস্যপশ্চিমাংসন্ধ্যাং পূজয়ামাসশঙ্করং।
সংপূজ্যদেবদেবেশং যথোক্তবিধিনাহরং।
উবাচগম্যতাংসুভ্রূ সুদতীংপতিলালসাং।

অনুবাদ।

বিহীনা রতীসদৃশী ম্লানবদনে অবস্থিতি করিতেছে। তখন তাপস-বর ধ্যানস্থিত হইয়া চিন্তা করিলেন। এই রমণী কে তাপসবর নেত্রদ্বয় নিমিলন করতঃ চিন্তা করিতেছেন এই সময়ে চিত্রাঙ্গদা কৃতাঞ্জলিপুটে তাপসকে বন্দনা করিতে লাগিল। তখন তাপস বলিলেন হে পুত্রি! তুমি দেবকন্যা সদৃশী কাহার কন্যা এই নির্ম-নুষ্য বিজনমধ্যে কি নিমিত্ত আসিয়াছ। তখন সেই সুমধ্যমা কামিনী তাপসবরকে আদ্যোপান্ত সমস্ত বর্ণন করিল। তাপস-বর বিশ্বকর্ম্মা তনয়ার বৃত্তান্ত শ্রবণ করিয়া অতিশয় ক্রোধপূর্ব্বক বিশ্বকর্ম্মাকে অভিসম্পাত করিলেন। যে নিমিত্ত পরদেয়া তন-য়াকে পতিসহবাস হইতে বঞ্চিত করিয়াছ অতএব অদ্যাবধি শাখা-মৃগ হইবে। তাপসবর একপ সুদারুন অভিসম্পাত করিয়া পুনর্ব্বার যথাবিধি অবগাহন করিলেন। এবং পশ্চিমা সন্ধ্যা উপাসনা করিয়া

গচ্ছস্ব সুভগে দেশং সপ্তগোদাবরং শুভং।
তত্রৈবার্চ্চ্যমহেশান মহতি ঘটকেশ্বরং।
তত্রস্থিতা ভুরম্ভোরু খ্যাতা দেববতী শুভা।
আগমিষ্যতি দৈত্যস্য পুত্রী কন্দরমালিনঃ।
তথান্যগুহ্যকসুতা নন্দয়ন্তীতি বিশ্রুতা।
আগমিষ্যতি দৈত্যেন্দ্র সমেষ্যতি তপস্বিনী।
যদা তিস্রঃ সমেষ্যন্তি সপ্তগোদাবরে জলে।
হাটকাখ্যে মহাদেবে তদা সংযোগমিষ্যসি।
ইত্যেবমুক্ত্বা মুনিনা বালা চিত্রাঙ্গদা তদা।
সপ্তগোদাবরং তীর্থং অগমৎ ত্বরিতা ততঃ।
সংপ্রাপ্য তত্র দেবেশং পূজয়ন্তী ত্রিলোচনং।
সমধ্যাস্তে শুচিপরা ফলমূলাশনা ভবৎ।

অনুবাদ।

যথাবিধি শূলপাণিকে পূজা করিলেন। পরে পূজা সমাপনান্তে সেই চারুসর্ব্বাঙ্গী কামিনীকে বলিলেন হে সুভ্রু! এক্ষণে তুমি পতিলাল-সায় সপ্ত গোদাবরীতে গমন কর! সেই স্থানে হাটকেশ্বর মহাদেব অতি আরাধ্য এবং সেই স্থানে কন্দরমালী দানবের পুত্রী বিখ্যাতা দেববতী নাম্নী রম্ভোরু আগমন করিবেন এবং নন্দয়ন্তী নাম্নী অন্য এক যক্ষতনয়া সেই স্থানে আগমন করিবেক হে দৈত্যবর এবং সেই স্থানে তপস্বিনী নাম্নী এক কন্যা আসিবেক যে সময়ে সপ্ত গোদাবরীর জলে এবং হাটকাখ্য মহাদেবের সান্নিধ্য এই তিনটি কন্যা একত্রিত হইবে তখন তোমার পতির সহিত মিলন হইবে তাপসবর এই কথা বলিলে পর চিত্রাঙ্গদা তৎক্ষণাৎ সপ্ত গোদাবরী তীর্থে দ্রুত পদে গমন করিলেন কিয়ত সময় অতিবাহিত হইলে সপ্ত গোদাবরী তীর্থে উপস্থিত হইলেন। সেই তীর্থে হাটকেশ্বর শূলপাণিকে যথাবিধি

সচর্ষিজ্ঞানসম্পন্নঃ শ্রীকণ্ঠায়তনে লিখৎ।

শ্লোকমেকং মহাখ্যানং তস্যাশ্চাপ্রিয়কারয়া।

নমোঽস্তিকশ্চিৎ ত্রিদশোঽসুরো বা যক্ষোঽথ মর্ত্ত্যো রজনীচরো বা।

ইদংহি দুঃখং মৃগশাবনেত্র্যা নির্মোচয়েদ্যঃ স্ববরাক্রমেণ।

ইত্যেবমুক্ত্বা স মুনির্জগাম দ্রষ্টুং প্রভুং পুষ্করমীশমাখ্যং।

ইতি বামনপুরাণে চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

পঞ্চত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

দণ্ড উবাচ।

চিত্রাঙ্গদায়াস্তু রতে তত্র সত্যো যথাযথং।

স্মরন্ত্যাঃ সুরবীরং মহানকালঃ সমভ্যগাৎ।

বিশ্বকর্ম্মা স মুনিনা শপ্তো বানরতাং গতঃ।

ন্যপতন্মেরুশিখরাৎ ভূপৃষ্ঠং বিধিচোদিতঃ।

অনুবাদ।

পূজা করিয়া ফলমূল ভক্ষণ পূর্ব্বক অবস্থিতি করিলেন। চিত্রাঙ্গদ তাপসবরের নিকট হইতে বিদায় হইলে অতিশয় জ্ঞানী যোগীবর শঙ্করকে পূজা করিয়া শঙ্করের নিম্নদেশে এক শ্লোক লিখিলেন। এই যে অভিশপ্তা মৃগাক্ষীর ক্লেশ বলপূর্ব্বক দূরীকরণ করিবেক এরূপ শক্তিসম্পন্ন দেবতা অসুর যক্ষ মানব অথবা রাক্ষস এরূপ কেহই নাই। এই শ্লোক লিখিয়া তথা হইতে পুষ্করাখ্য শঙ্করকে পূজা করিতে গমন করিলেন।

ইতি বামনপুরাণে চতুস্ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

দণ্ড বলিলেন। হে অরজে! চিত্রাঙ্গদার বিষয় যাহা যাহা বলিলে সে সত্য। পরে যাহা হইয়াছিল তাহা শ্রবণ কর।

বনংঘোরং সুগুল্মাঢ্যং নদীংসান্নকিনীমনু।
গত্বৈবংপর্ব্বতশ্রেষ্ঠে সমাবসতিসুন্দরি।
তত্রাসতোঽস্যসুচিরং ফলমূলান্যথাশ্নতঃ।
কালোভ্যগাৎবরারোহে বহুবর্ষগণোবনে।
একদাদৈত্যশার্দ্দূলঃ কন্দরাখ্যঃ সুতাংপ্রিয়াং।
প্রাতিগৃহ্যসমাভ্যগাৎ খ্যাতাংদেববতীমিতি।
তাঞ্চতস্মিন্নমায়াতাং সমংপিত্রাবরাননাং।
দদর্শবানরশ্রেষ্ঠঃ প্রজগ্রাহবলাৎকরে।
ততোগৃহীতাংবলিনা বলেনস্বসুতাংমুনে।
কন্দরোবীক্ষ্যসংক্রুদ্ধঃ খড়্গমুদ্যম্যচাদ্রবৎ।
তমাপতন্তং দৈত্যেন্দ্রঃ দৃষ্ট্বাশাখামৃগোবলী।
তথৈবসহচার্ব্বাঙ্গ্যা হিমাচলমুপাগতাঃ।

অনুবাদ।

চিত্রাঙ্গদা বীরবর সুরথেকে স্মরণ করিয়া বহু দিবস অতিবাহিত করিলেন। বিশ্বকর্ম্মা যোগীবরের অভিসম্পাতে শাখামৃগের রূপ ধারণ করিয়া পর্ব্বতশিখর হইতে লম্ফ প্রদানপূর্ব্বক অবনীতলে পতিত হইল এবং তথা হইতে নিবিড় অরণ্য মধ্যে প্রবেশপূর্ব্বক গুল্মলতা নদীপ্রভৃতি নানাস্থান পর্য্যটন করতঃ এক ভূধর শিখরে অবস্থিতি করিলেন, হে বরারোহে! সেই স্থানুশিখরে ফল মূলাদি ভক্ষণ করিয়া বহুকাল অবস্থিতি করিল। এক দিবস কন্দরাখ্য দানববর প্রিয়তমা কন্যা দেববতীর সহিত সেই পর্ব্বতে আগমন করিল; বানররূপধারী বিশ্বকর্ম্মা তখন জনক জননীর সহিত দেববতীকে অবলোকন করিয়া বলপূর্ব্বক গ্রহণ করিয়া গমন করিল, দানববর তাহা অবলোকন করিয়া মহাক্রোধে এক খরধার খড়্গ গ্রহণপূর্ব্বক পশ্চাৎ ধাবমান হইল। বানর

দদর্শচ মহাভাগঃ শ্রীকণ্ঠংযমুনাতটে ।
তস্যবিদূরে গহনমাশ্রমংঋষিবর্জ্জিতং ।
তস্মিন্মহাশ্রমে পুণ্যেস্থাপ্য দেববতীংকপিঃ।
ন্যমজ্জতসকালিন্দ্যাং পশ্যতোদানবস্যহি ।
সোহজানত্তাং মৃতাংপুত্রীং সমংশাখামৃগেণহি।
জগামাথ মহাতেজা পাতালনিলয়ংনিজং ।
সচাপিবানরোদেব্যাঃ কালিন্দ্যাবেগতোহৃতঃ ।
নীতঃ শিবীতিবিখ্যাতং দেশংশুভজনাবৃতং ।
ততস্তীর্ণোবেগেন সকপিঃপর্ব্বতংপ্রতি ।
গন্তুকামামহাতেজা যত্রস্তাসুলোচনা ।
অথাপশ্যংসমায়াত মঞ্জনংগুহকোত্তমং ।

অনুবাদ ।

রূপধারী বিশ্বকর্ম্মা খড়্গ হস্ত দানব পশ্চাৎ ধাবমান হইতেছে দেখিয়া সেই সুরূপা কামিনীকে লইয়া হিমালয় পর্ব্বতে গমন করিল। সেই শিলাতলে যমুনাতটে এক শঙ্করের প্রতিমূর্ত্তি দেখিল কিন্তু তাহার নিকটবর্ত্তী এক ঋষি বর্জ্জিত আশ্রম দেখিল সেই পুণ্যাশ্রমে দেববতীকে রাখিয়া কপি দানবের অগ্রে কালিন্দীর জলে অবগাহনার্থ অবতীর্ণ হইল। দানব তৎকালে বিবেচনা করিল শাখামৃগের সহিত আমার কন্যা দেববতী কালের করাল আস্যে পতিত হইয়াছে। তৎপরে দানব রসাতলে নিজালয়ে গমন করিল। কালিন্দী তখন প্রবলবেগে বানরকে আকর্ষণপূর্ব্বক পুণ্য জনাবৃত শিবীনামক স্থানে আনয়ন করিল বানর বলপূর্ব্বক তথা হইতে উত্তীর্ণ হইয়া যে পর্ব্বতে সেই বরনন্দিনীকে রাখিয়াছিল সেই পর্ব্বতে গমন করিতে মনোনিবেশ করিল। ক্রমশ তথা হইতে গমন করিয়া নন্দয়ন্তীর সহিত গুহ্যকোত্তম অঞ্জনকে

নন্দয়ন্ত্যাসমং পুত্র্যা গত্বাজিগমিষুং কপিঃ।
তাং দৃষ্ট্বা মন্যত শ্রীমান্নেয়ং দেববতী ধ্রুবং।
তাস্মবৃথা শ্রমোজাতো জলমজ্জনসম্ভবঃ।
ইতিসংচিন্তয়ন্নেব সমাদ্রবত্সুন্দরীং।
সা তদ্ভয়াচ্চঞ্চপতন্নদীং সহহিরণ্ময়ীং।
গুহ্যকোবীক্ষ্যতনয়াং পতিতমাপিতাং জলে।
দুঃখশোকসমাক্রান্তো জগামাঞ্জনপর্ব্বতং।
ততোহসৌতপ আস্থায় মৌনব্রত তপঃশুচিঃ।
সমাস্তেবৈমহাতেজাঃ সংবৎসরগণান্বহূন্।
নন্দয়ন্ত্যপিবেগেন হৈরণ্যেনাপবাহিতা।
নীতাদেশং মহাপুণ্যং কোষকং সাধুভির্যুতঃ।
গচ্ছন্তীসাচ রুদতীদদৃশে বটপাদপং।
প্ররোহপ্রাবৃতংতত্র জটাধরমিবেশ্বরং।
তংদৃষ্ট্বাবিপুলচ্ছায়ং বিশশ্রাগবরাননা।

অনুবাদ।

দেখিল। তখন কপিবর সেই স্থানে গমনপূর্ব্বক যক্ষতনয়াকে অবলোকন করিয়া বলিল এই না দেববতী আমি কি নিমিত্ত জলমজ্জনে বৃথা পরিশ্রম করিয়াছি এইরূপ চিন্তা করিয়া দেববতী জ্ঞানে তাহার নিকটবর্ত্তী হইলে নন্দয়ন্তী সেই কপিবরের ভয়ে তৎক্ষণাৎ নদীমধ্যে পতিত হইল যক্ষবর তনয়াকে নদীমধ্যে পতিত হইতে দেখিয়া অতিশয় শোকসন্তপ্ত হৃদয়ে অঞ্জন পর্ব্বতে গমন করিল। পরে গুহ্যকোত্তম সেই পর্ব্বতে বহুকাল তপস্যা করিয়া মৌন ব্রত অবলম্বন করিল। নন্দয়ন্তী নদীমধ্যে পতিত হইলে নদী প্রবলবেগে সঞ্চালিত করিয়া সাধু-বেষ্টিত পুণ্যকোষকদেশে নীতা হইল। সেই স্থানে নন্দয়ন্তী ইতস্তত গমন করিয়া রোদন করিতে করিতে এক বটপাদপ অবলোকন

উপবিষ্টাশিলাপৃষ্ঠে ততোবাক্যং প্রশুশ্রুবে।
ন সোঽস্তিপুরুষঃ কশ্চিদ্যস্তং ব্রুয়াত্তপোধনং।
যথাসত্তন্নস্তস্য উদ্বদ্ধোবটপাদপে।
সাশ্রুত্বাতাং ততোবাণীং বিস্পষ্টাক্ষরসংযুতাং।
তীর্য্যগূর্দ্ধমধশ্চৈব সংভ্রাদবলোকয়ৎ।
দদর্শবৃক্ষশিখরে শিশুংপঞ্চাব্দিকংস্মৃতং।
পিঙ্গলাভির্জ্জটাভিস্তু তদ্বদ্ধংযত্নতঃশুভে।
তং বিক্রুবন্তংদৃষ্ট্বৈব নন্দয়ন্তীসুদুঃখিতা।
প্রাহকেনাসিবদ্ধস্ত্বং পাপিনাবদবালক।
সতামাহমহাভাগে বদ্ধোঽস্মিকপিনাবটে।
জটাগ্রেণসুদুষ্টেন জাবালিস্তপসোবলাৎ।
সুরোত্তমপুরোষত্র তত্রদেশমিহেশ্বরঃ।

অনুবাদ।

করিল। সেই বটপাদপের প্ররোহমধ্যে ঈশ্বর সদৃশ একজটা বল্কল-ধারী মহাপুরুষ অবস্থিতি করিতেছেন। যক্ষতনয়া নন্দয়ন্তী সেই মহাপুরুষকে অবলোকন করতঃ পাদপের বিস্তৃত ছায়াতে বিশ্রাম করিতে লাগিলেন। এক শিলাতলে উপবেশন করিয়া বারম্বার এক অপূর্ব্ব মনুষ্য কণ্ঠধ্বনি শ্রবণ করিতে লাগিল। এরূপ কোন পুরুষ নাই যে তোমাকে তাপসবর বলে কারণ তোমার তনয় জটাগ্রদ্বারা বটবৃক্ষে বদ্ধ। যক্ষ তনয়া বিস্পষ্টাক্ষরে সেই বাণী শ্রবণ করিয়া ব্যস্তভাবে সেই পাদপের উর্দ্ধাধোভাগে দৃষ্টিপাত করিলেন। বট পাদপের শিখরদেশে এক পাঞ্চবার্ষিক বালক তাহার মস্তকে পিঙ্গলবর্ণ জটাভার তাহাও যত্নপূর্ব্বক দৃঢ়রূপে আবদ্ধ এইরূপ আশ্চর্য্য দেখিলেন। তখন দুঃখিতচিত্তে সেই বালককে জিজ্ঞাসা করিলেন। হে বালক! তোমাকে কোন পাপিষ্ঠ বন্ধন

তত্রাসৌতপসোরাশিঃ পিতামমঋতধ্বজঃ।
তস্যাস্মিতপসাংস্য মহাযোগংমহাত্মনঃ।
জাতোঽহস্মিন্বৃন্দসংযুক্তঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ।
ততোমামব্রুবন্তাতো নমস্কৃত্বাশুভাননে।
জাবালীতিপরিখ্যাত স্তচ্ছৃণুষ্বরাননে।
পঞ্চবর্ষসহস্রাণি বালএবচরিষ্যসি।
দশবর্ষসহস্রাণি কুমারত্বেচরিষ্যসি।
বিংশতির্যৌবনস্থস্য ভবিষ্যোদ্বিগুণংততঃ।
পঞ্চবর্ষশতংবালো ভোক্ষতেবন্ধনংদৃঢ়ং।
দশবর্ষশতান্যেব কুমারংকায়পীড়িতং।
যৌবনেপরমান্ভোগান্ দ্বিসাহস্রসমাস্তথা।

অনুবাদ।

করিয়াছে তাহা বল। তখন সেই বালক যক্ষ তনয়া নন্দয়ন্তীকে বলিল হে সুভগে! আমাকে কপিবর জটাগ্রন্থদ্বারা বন্ধন করিয়াছে। আমি তাপসজাবালি যে স্থানে পুরুষোত্তর শঙ্কর আছেন, তাহার সম্মুখে আমার তপস্যার আশ্রম আমার পিতার নাম ঋতুধ্বজ। আমি সেই মহাত্মার একটি যোগ করিয়াছিলাম। এজন্য আমি নিবৃন্দ সর্ব্বশাস্ত্র পারদর্শী হইআছি। অনন্তর পিতা আমার জীবন বৃত্তান্ত বলিয়াছিলেন, হে বরাননে! আমি সেই পিতাকে নমস্কার করিয়া আমার জীবন বৃত্তান্ত বলিতেছি শ্রবণ কর। আমি জাবালি পঞ্চ সহস্রবর্ষ বাল্যভাব অবলম্বন করিব। দশ সহস্রবর্ষ কৌমার ভাবে বিচরণ করিব, চত্বারিংশৎ সহস্রবর্ষ যৌবনাবস্থায় কালাতিপাত করিব। বাল্যকাল মধ্যে পঞ্চশতবর্ষ এইরূপ বন্ধনাবস্থায় ক্লেশানুভব করিব। কৌমার কালমধ্যে সহস্রবর্ষ দৈহিক কষ্ট ভোগ করিব। যৌবনকাল মধ্যে দ্বিসহস্রবর্ষ পরম

চত্বারিংশচ্ছতান্যেব বার্দ্ধক্যেক্লেশমুত্তমং।
লপ্স্যসেভূমিশয্যাঢ্যং কদন্নাশনভোজনং।
ইত্যেবমুক্তাপিত্রাহং বালঃপঞ্চাব্দদেশিকঃ।
বিচরামিমহীপৃষ্ঠং গচ্ছন্নার্ত্তোহিরণ্বতীং।
ততোপশ্যং কপিবরং সোবদন্মাং ক্বযাস্যসি।
ইমাংদেববতীং গৃহ্যমূঢ়োন্যস্তাং মহাশ্রমে।
ততোহংসৌম্যা সমাদায় বিস্ফুরন্তং শিশুং ততঃ।
জটাগ্রেস্মিন্নির্ব্ববন্ধ জটাভিরপিসুন্দরি।
তথাচ রক্ষাকপিনা কৃতাভীরুনিরন্তরৈঃ।
লতাপাশৈর্মহাযন্ত্র মধস্তান্নীচবুদ্ধিনা।
অভেদ্যোঽমনাক্রম্য উপরিষ্টাত্তথাপ্যধঃ।
দিশাংসর্ব্বেষু তেনাপিকৃতং যন্ত্রং লতাসুখং।

অনুবাদ।

সুখে অতিবাহিত করিব। চতুঃসহস্রবর্ষ বৃদ্ধাবস্থায় ক্লেশানুভব করিব, এই সময়ে ভূমি শয্যায় শয়ন এবং কদন্ন ভোজন করিতে হইবে। পঞ্চমবর্ষ বয়ঃক্রম কালে পিতা আমাকে বলিয়াছিলেন একণে আমি কাতর আছি এই বন্ধনমুক্ত হইলে হিরণ্বতীতে গমনপূর্ব্বক পৃথিবী পরিভ্রমণ করিব। অনন্তর সেই কপি-বরের সহিত আমার সাক্ষাৎ হইলে তুমি কোন স্থানে যাইবে, জিজ্ঞাসা করিব সেই মূঢ় কপিবর দেববতীকে এই মহাশ্রমে রাখিয়া আমাকে গ্রহণপূর্ব্বক বটবৃক্ষের অগ্রভাগে জটাদ্বারা দৃঢ় বন্ধন করিয়াছে, হে সুন্দরি! কিন্তু সেই কপি আমাকে সর্ব্বদা রক্ষা করিতেছে নীচবুদ্ধি কপি অধোভাগে লতাদ্বারা এক যন্ত্র নির্ম্মাণ করিয়া মনে মনে স্থির করিয়াছে এই যন্ত্র অভেদ্য অনাক্রম্য এই বটবৃক্ষের অগ্র হইতে নিম্নদেশে কখনই আসিতে

সংযম্যমাংকপিবরঃ প্রয়াতোঽমরপর্ব্বতং।
যথেচ্ছয়াগয়াদৃষ্টমেতত্তেগদিতংময়া।
ভবতীকামহারণ্যে ললনাপরিবর্জ্জিতা।
সমায়াতাসুচার্ব্বঙ্গী কেনাস্বার্থেনমাংবদ।
সাব্রবীদঞ্জনোনাম গুহ্যকেন্দ্রঃ পিতামম।
নন্দয়ন্তীনামনাতা প্রাম্লোচাগর্ভসম্ভবা।
তত্র সংজাতকংপ্রোক্ত মৃষিণাস্বকুনেনহি।
ইয়ংনরেন্দ্রমহিষী ভবিষ্যতিনসংশয়ঃ।
তদ্বাক্যসমকালঞ্চ অনদদ্দেবদুন্দুভিঃ।
শিবাচশিবনির্ঘোষা ততোভূয়োঽব্রবীন্মুনিঃ।
ইক্ষ্বাকুবংশ্যনৃপতি র্মহারাজ্ঞীভবিষ্যতি।

অনুবাদ।

পারিবে না। এবং এই বৃক্ষের চতুর্দ্দিগে লতাপত্রদ্বারা যন্ত্র নির্ম্মাণ করিয়াছে কারণ কোন দিকে গমন করিতে পারিবে না। আমাকে এইস্থানে রাখিয়া কপিবর অমর পর্ব্বতে গমন করিয়াছে। আমি তাহাকে বলিলাম আমি এই স্থানে অবস্থান করিয়া যথেচ্ছা-রূপে অবলোকন করিব। আপনাকে জিজ্ঞাসা করি আপনি কে এই নিবীড় অরণ্য মধ্যে আসিয়াছ অন্য কোন নারী তোমার সঙ্গে নাই অতএব হে সুন্দরি! তুমি কি নিমিত্ত এস্থানে আসিয়াছ আমাকে বল। তখন নন্দয়ন্তী বলিল আমার পিতা গুহ্যকেশ্বর অঞ্জন আমার নাম নন্দয়ন্তী আমার মাতা প্রম্লোচা গর্ভাবস্থায় ছিলেন যে সময়ে আমি ভূমিষ্ঠ হইলাম তৎকালে স্বকুন নামক এক ঋষি সেই স্থানে আসিয়া বলিলেন এই বালিকা নরেন্দ্রমহিষী হইবেক, সন্দেহ নাই সেই তাপসের বাক্য সমকালে বিমানমার্গে দুন্দুভি-ধ্বনি হইতে লাগিল, এবং শিবাগণ শিবনির্ঘোষ করিতে লাগিল।

মহান্তংসংশয়ংঘোরং তস্যাভাবে ভবিষ্যতি।
ততোজগামসমুনি রেবমুক্ত্বাবচোদ্ভুতং।
পিতামামপিচাদায় সমাগচ্ছংযথেচ্ছয়া।
তীর্থংততোহিরন্ময্যা স্তীরাৎকপিরথোৎপতৎ।
তদ্ভয়াচ্চময়াত্মা ক্ষিপ্তঃসাগরগেম্ভসি।
তয়াস্মিন্দেশমানীতা ইমংমানুষবর্জ্জিতং।
শ্রুত্বাজাবালিরথতদ্বচনং বৈতয়োদিতং।
প্রাহসুন্দরিগচ্ছস্ব শ্রীকণ্ঠযমুনাতটে।
তত্রাগচ্ছতিমধ্যাহ্নে তৎপিতাশর্ব্বমর্চ্চিতুং।
তস্মৈ নিবেদয়াশুত্বং তত্রশ্রেয়োভিলপ্স্যসে।
ততস্তুত্বরিতাবালা নন্দয়ন্তীতপোনিধিং।
পরিত্রাণার্থমগমদ্ধি মাদ্রের্যমুনানদীং।

অনুবাদ।

তখন তাপস পুনর্ব্বার বলিলেন এই বালিকা ইক্ষ্বাকু বংশসম্ভূত নরপতির মহারাজ্ঞী হইবেন। কিন্তু তুমি বিদ্যমান না থাকিলে এই বালিকার জীবন সংশয় হইবে। অনন্তর সেই তাপসবর আমার পিতার নিকট হইতে বিদায় হইয়া গমন করিল। তদবধি পিতা যেস্থানে গমন করিতেন আমাকে সঙ্গে লইয়া যাইতেন একদা হিরণ্ময়ী তীর্থ বরে পিতা আমাকে লইয়া আসিয়াছিলেন সহসা এক কপি তথায় উপস্থিত হইল আমি তাহাতে ভীত হইয়া নদীমধ্যে পতিত হইলাম পরে ক্রমশঃ নদীর প্রবলবেগে এই নির্মনুষ্যদেশে উপস্থিত হইয়াছি জাবালি সেই কাতরাক্ষী কামিনীর, আদ্যোপান্ত বৃত্তান্ত শ্রবণ করিয়া বলিলেন সুন্দরি একণে তুমি এই যমুনাতটে ভগবান শ্রীকণ্ঠ দর্শনে গমন কর সেই দেবালয়ে মধ্যাহ্নকালে তোমার পিতা ভগবান শ্রীকণ্ঠকে পূজা করিতে আসিয়া থাকেন। এই কথা শ্রবণ

সাতুদীর্ঘেণকালেন কন্দমূলফলাশনা।
সংপ্রাপ্তাশঙ্করস্থানং যথাগচ্ছতত্তাপসঃ।
ততঃসাদেবদেবেশং শ্রীকণ্ঠংলোকবন্দিতং।
প্রতিবন্দ্যততোপশ্য দক্ষরাংস্তুমহামুনে।
তেষামর্থংহিবিজ্ঞায় সা তদাচারুহাসিনী।
তং জাবাল্যুদিতং শ্লোক মলিখচ্চান্যমাত্মনঃ।
স্বকুনেনাস্মিগাদিতা রাজপত্নীভবিষ্যতি।
সাচাবস্থা মিমাংপ্রাপ্তাং কশ্চিন্মাংত্রাতুমীশ্বরঃ।
ইত্যুল্লিখ্যশিলাপট্টে গতাস্নাতুং যমস্বসাং।
দদৃশেচাশ্রমবরং মত্তকোকিলনাদিতং।
ততোমন্যতসাত্বর্যি নূনংতিষ্ঠতিসর্ব্বগঃ।

অনুবাদ।

করিয়া সেই সুন্দরী তাপসকে সন্তোষ করিয়া দ্রুতবেগে আত্মরক্ষার্থ হেমাদ্রি পর্ব্বতে যমুনা নদীতে গমন করিল কিন্তু কন্দমূলফল ভোজনে জীবনরক্ষা করিয়া সেই স্থানে উপস্থিত হইলেন, তদনন্তর সেই তাপসবর সেই স্থানে উপস্থিত হইলেন, কিন্তু নন্দরন্তী শঙ্করের আলয়ে উপস্থিত হইয়া যথাবিধি শ্রীকণ্ঠকে পূজা ও বন্দনা করিয়া লিপিবদ্ধ এক শ্লোক দেখিলেন তাহার মর্ম্ম অবগত হইয়া স্থির করিলেন; এ জাবালি রচিত অন্য শ্লোক। মহাত্মা স্বকুন বলিয়াছিলেন যে তুমি রাজপত্নী হইবে এক্ষণে আমার যে দুরাবস্থা হইয়াছে কে আমাকে রক্ষা করিবেক। বোধ করি মহাত্মা জাবালি এই শ্লোক শিলাপৃষ্ঠে লিখিয়া যমুনাতে স্নানার্থ গমন করিয়াছেন। সেই নদীর অদূরে মত্ত কোকিলরবে পরিপূর্ণ এক তাপসের আশ্রম অবলোকন করিয়া চিন্তিত হৃদয়ে স্থির করিলেন, এই আশ্রমে অবশ্যই কোন তাপসবর অবস্থিতি করিতেছেন। এইরূপ চিন্তা

ইত্যেবংচিন্তয়ন্তীসা সংপ্রবিষ্টামহাশ্রমং ।
ততোদদর্শদেবাভাং স্থিতাংদেববতীংশুভাং ।
সংশুষ্কাস্যাংচলন্নেত্রাং পরিস্ত্রস্তাজিনাং বাজিনীং ।
সাচাপতন্তীংদদৃশে যক্ষজাং দৈত্যনন্দিনীং ।
কেয়মিত্যেবসংচিন্ত্য সমুত্থায়স্থিতাভবৎ ।
ততোম্যোন্যংসমাশ্লিষ্য গাঢ়ংগাঢ়ংসুহৃত্তয়া ।
মুহূর্ত্তংধ্যানমাস্থায় ব্যজানৎসতপোনিধিঃ ।
ততঃ সংপূজ্যদেবেশং ত্বরয়াস ঋতধ্বজঃ ।
অযোধ্যামগমৎক্ষিপ্রং দ্রষ্টুমিক্ষাকুমীশ্বরং ।
তং দৃষ্ট্বানৃপতিশ্রেষ্ঠং তপসোবাক্যমব্রবীৎ ।
শ্রূয়তাং নরশার্দ্দূল বিজ্ঞপ্তির্মমপার্থিব ।
মমপুত্রোগুণৈর্যুক্তঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ ।

অনুবাদ ।

করিয়া সেই আশ্রমে প্রবিষ্ট হইয়া দেবপ্রতিমূর্ত্তির ন্যায় এক কামিনীকে অবলোকন করিলেন। তাহার ম্লান-বদন চঞ্চল-নেত্র এবং তাহার কটীদেশের অজিনশ্লথ হইতেছে। দেববতী সমাগত কামিনীকে অবলোকন করিয়া চিন্তা করিতে লাগিলেন। এ কামিনী কে এইরূপ চিন্তান্তরে মগ্ন হইয়া কিঞ্চিৎ উত্থিত হইয়া পুনর্ব্বার তথায় অবস্থিতি করিলেন। পরে গাত্রোত্থান করিয়া গাঢ়তর আলিঙ্গন করিলেন, তাপস কিঞ্চিৎকাল পরে ধ্যানস্থ হইয়া সমস্ত অবগত হইলেন, অনন্তর সেই তাপস শঙ্করকে পূজা করিয়া ইক্ষ্বাকু নন্দনের দর্শন মানসে অযোধ্যাভিমুখে দ্রুতবেগে গমন করিলেন। সেই স্থানে উপস্থিত হইয়া রাজতনয়কে বলিলেন। হে নরশার্দ্দূল! আমার আবেদন শ্রবণ করুন্। আমার পুত্র অতিশয় সদ্গুণসম্পন্ন সর্ব্বশাস্ত্র পারদর্শী রূপী সেই বালককে

উদ্বন্ধকপিনারাজন্ বিষয়ান্তেভবৈব হি।
তংমোচয়িতুং নাগ্যঃ শক্তোস্তিতনয়াদৃতে।
শকুনির্নামরাজেন্দ্রঃ সহস্ত্রবিধিপারগঃ।
তন্মুনের্বাক্যমাকর্ণ্য পিতামমকৃশোদরি।
আদিদেশ প্রিয়ংপুত্রং শকুনিং তাপশান্তয়ে।
ততঃ সপ্রহিতঃপিত্রা পিতামমমহাভুজঃ।
সংপ্রাপ্তোবন্ধনোদ্দেশং সমংহিপরমর্ষিণা।
দৃষ্ট্বান্যগ্রোধমত্যুগ্রং প্ররোহাবৃতদিঙ্মুখং।
দদর্শবৃক্ষশিখরে উদ্বন্ধমৃষিপুত্রকং।
তাংশ্চসর্ব্বান্ সতাপসানদৃষ্টবানসমনন্তুতঃ।
দৃষ্ট্বাসমুনিপুত্রস্তং জটাভিঃসংযতং মুনে।
ধনুরাদায়বলবানধিজ্যং সচকারহ।
লাঘবাদৃষিপুত্রশ্চ রক্ষাংশ্চিচ্ছেদমার্গণৈঃ।

অনুবাদ।

লইয়া বন্ধন করিয়াছে, এক্ষণে আপনার তনয় ব্যতীত তাহাকে মুক্ত করিতে কেহই সমর্থ হইবেক না তাপসের এরূপ বাক্য শ্রবণ করিয়া, রাজেন্দ্র অস্ত্রবিদ্যা বিশারদ শকুনি নামক প্রিয়-পুত্রকে তাপসের ক্লেশ শান্তির জন্য আদেশ করিলেন। শকুনি এবং আমার পিতা উভয়ে সেই বন্ধন স্থানে উপস্থিত হইয়া প্ররোহাবৃত দিঙ্মণ্ডল অতি উচ্চ এক বটবৃক্ষ অবলোকন করিলেন। সেই বৃক্ষের শিখরদেশ ঋষিবালক বন্ধনযুক্ত রহিয়াছে। সেই ঋষিতনয় চতুর্দ্দিগে তাপসগণকে অবলোকন করিলেন। তখন শকুনি জটাদ্বারা বৃক্ষশিখরে আবদ্ধ তাপস কুমারকে অব-লোকন করিয়া কার্ম্মুক গ্রহণপূর্ব্বক জ্যারোপণ করিলেন এবং অর্গলেদ্বারা বন্ধন ছেদন করিয়া ঋষি কুমারকে মুক্ত করিতে চেষ্টা

কপিনাযৎকৃতংসর্ব্বং লতাপাশং চতুর্দ্দিশঃ।
পঞ্চবর্ষশতেকালে গতেশক্রোত্তদাশরৈঃ।
লতাচ্ছিন্নং ততস্তূর্ণ-মারুরোহমুনির্বটং।
প্রাপ্তংস্বপিতরং দৃষ্ট্বা জাবালিঃ সংযতোপিসন্।
আদরাৎপিতরং মূর্দ্ধ্নাববন্দতবিধানতঃ।
সংপরিষ্বজ্যসমুনি মূর্দ্ধ্ন্যাঘ্রায়সুতংততঃ।
তং মোচয়িতুমারব্ধো ন শশাকসুতংযতঃ।
ততস্তূর্ণংধনুর্ন্যস্য বাণাংশ্চশকুনির্বলী।
আরুরোহবটংতূর্ণং সমুন্মোচয়িতুংজটাঃ।
নচশক্নোতি সংমুক্তং দৃঢ়ংকপিবরেণহি।
যদানশকিতাস্তেন সমুন্মোচয়িতুংজটাঃ।
তদাবতীর্ণঃশকুনিঃ সহিতঃপরমর্ষিণা।

অনুবাদ।

করিলেন। কপিবর লতা পাশদ্বারা তাহার চতুর্দ্দিক্ এরূপ আবৃত করিয়াছে যে পঞ্চশ বৎসরে তন্মধ্যে অস্ত্র প্রবেশ করিতে পারিবে না, তখন অস্ত্রদ্বারা লতা সকল ছেদ করিবার জন্য বৃক্ষশিখরে আরোহণ করিলেন, আমি ও জাবালী নিকটবর্ত্তী পিতাকে দেখিয়া সংযতচিত্তে নতশিরে পিতার চরণ বন্দনা করিলাম। তখন তাপসবর সেই বালককে আলিঙ্গন পূর্ব্বক তাহার মস্তকাঘ্রাণ করিলেন। কিন্তু তাহাকে বন্ধন হইতে মুক্ত করিবার জন্য বিবিধ চেষ্টা করিলেন কিছুতেই যত্ন সফল হইল না। অনন্তর মহাবলী শকুনি ধনুর্ব্বাণ পরিত্যাগ পূর্ব্বক বৃক্ষোপরে আরোহণ করিয়া জটা বন্ধন হইতে মুক্ত করিবার বিশেষ চেষ্টা করিলেন। কপিবর দৃঢ়রূপে বন্ধন করিয়াছিল, এজন্য মহারাজ শকুন বন্ধন মুক্ত করিতে সমর্থ হইলেন না। তখন শকুন বৃক্ষ হইতে অব-

জগ্রাহসধনুর্বাণাং শ্চকারশরপঞ্জরং।
লাঘবাদৰ্দ্ধচন্দ্রাভ্যাং শাখাংচিচ্ছেদসত্রিধা।
শাখয়াকৃত্তয়াচা সৌভাবরাহস্তপোধনঃ।
সরসোপানমার্গেণাবতীর্ণোথপাদপাৎ।
তস্মিং স্তদর্থেতনয়েঋতধ্বজেস্তাতে নরেন্দ্রস্থসুতেতপস্বিনা।
জাবালিনাভাববহেনসংযুতঃ সমাজগামাথনদীং সসূর্য্যজাং।
ইতি শ্রীবামনপুরাণে পঞ্চত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

ষড়ত্রিংশত্তমোঽধ্যায়।

দণ্ড উবাচ।

এতস্মিন্নন্তরেবালে যক্ষাসুরসুতেশুভে।
সমাগতেহরংদ্রষ্টুং শ্রীকণ্ঠযোগিনাম্বরং।
দদৃশাতেপরিম্লান সংশুষ্ককুসুমং বিভুং।
বহুনির্ম্মাল্যসংযুক্তং গতেতস্মিন্ ঋতধ্বজে।

অনুবাদ।

তরণ হইয়া ধনুর্ব্বাণ গ্রহণপূর্ব্বক অর্দ্ধচন্দ্র বাণদ্বারা বৃক্ষশাখা ছেদ করিয়া খণ্ডখণ্ড করিলেন, বাণদ্বারা বৃক্ষ শাখা ছেদন করিলে শর-নির্গম সোপান দিয়া ক্রমশঃ ভারবাহ জাবালি অবনীতলে অবতীর্ণ হইল। ঋতধ্বজ স্বীয় তনয়কে বন্ধন হইতে মুক্ত করিলে অস্ত্র-ধারী রাজতনয় এবং ঋতধ্বজ ও ভারবাহী জাবালি ক্রমশঃ যমুনা তীরে উপস্থিত হইলেন।

ইতি বামনপুরাণে পঞ্চত্রিংশ অধ্যায় সমাপ্ত।

দণ্ড নরপতি জিজ্ঞাসা করিলেন। যক্ষতনয়া ও দানবতনয়া উভয়ে যোগীবর শ্রীকণ্ঠ দর্শন মানসে গমন করিলেন, ঋতুধ্বজ সেই দেবালয় হইতে স্থানান্তরে গমন করাতে সেইরূপ কামিনী

ততস্তমীক্ষদেবেশং তেউভেচাপিকন্থকে।
স্নাপয়েতাং বিধানেন পূজয়েতাং ত্বহর্নিশং।
তাভ্যাং স্থিতাভ্যাং তত্রৈব ঋষিরভ্যাগমদ্বনং।
দ্রষ্টুং শ্রীকণ্ঠমব্যক্তং গালবোনামনামতঃ।
সদৃষ্ট্বাকন্যকাযুগ্মং কস্যেদমিতিচিন্তয়ন্।
প্রবিবেশশুচিভূত্বা কালিন্দ্যাবিমলেজলে।
ততোহ্সুপূজয়ামাস শ্রীকণ্ঠং গালবোমুনিঃ।
গায়তেসুস্বরংগীতং যথাসুরসুতেততঃ।
ততঃস্বরং সমাকর্ণ্য গালবস্ত্বেহ্যজানত।
গন্ধর্ব্বকন্যকেচৈতে সন্দেহোনাত্রবিদ্যতে।
সংপূজ্যদেবমীশানং গালবস্তুবিধানতঃ।
কৃতজপ্যঃ সমধ্যাস্তে কন্যাভ্যা মপিচোদিতঃ।

অনুবাদ।

যুগল দেখিল ম্লানবদন শুষ্কদেহ বহুনির্ম্মাল্য সংযুক্ত শ্রীকণ্ঠ শঙ্কর অবস্থিতি করিতেছেন। তখন যক্ষনন্দিনী ও দানবনন্দিনী উভয়ে যথাবিধানে শ্রীকণ্ঠকে স্নান করাইয়া পূজা করিলেন। তদনন্তর তাহারা উভয়ে সেই দেবালয়ে নিশ্চিন্তে হৃষ্টমনে উপবেশন করিতেছেন এই সময়ে শ্রীকণ্ঠ শঙ্করকে দর্শন করিবার জন্য গালব নামক এক তাপসবর সেই অরণ্য মধ্যে দেবালয়ে উপস্থিত হই-লেন। তাপসবর সেই কন্যা যুগল অবলোকন পূর্ব্বক একন্যা কাহার এইরূপ চিন্তা করিতে লাগিলেন। অনন্তর তপো-নিধি গালব কালিন্দীর বিমল সলিলে অবগাহন পূর্ব্বক পবিত্র হইয়া শ্রীকণ্ঠকে যথাবিধি পূজা করিলেন। এই সময়ে ঐ দেব-কন্যা সদৃশী কন্যাযুগল সুস্বরে গান করিতে লাগিল। তখন ঋষি সত্তম গালব তাহাদিগের মনোহর কণ্ঠধ্বনি শ্রবণপূর্ব্বক স্থির

ততঃপপ্রচ্ছ সমুনিঃ কন্যাকেকস্যকথ্যতাং।
কুলাঙ্কারসংযুক্তেভক্তি যুক্তেভবস্যহি।
তমুচতুর্মু নিশ্রেষ্ঠং যথাতথ্যং শুভাননে।
জাতোবিদিতবৃত্তান্তো গালবস্তপতাংবরঃ।
সমুষ্যতত্রজননীতাভ্যাং সংপূজিতোমুনিঃ।
প্রাতরুত্থায়গৌরীশং সংপূজ্যচ বিধানতঃ।
তে উপেত্য ব্রবীন্মাতে পুষ্করারণ্যমুত্তমং।
আমন্ত্রয়ামিবাংতন্যো সমনুজ্ঞাতুমর্হথঃ।
ততস্তমূচতুর্ব্রহ্মন্ তুল্লভং দর্শনংতব।

অনুবাদ।

করিলেন। ইহারা গন্ধর্ব্ব কন্যা হইবে কোন সন্দেহ নাই। গালব যথাবিধানে শঙ্করকে পূজা ও জপ কার্য্য সমাপন করিয়া ঐ কন্যাদ্বয়কে জিজ্ঞাসা করিলেন। তোমরা কাহার কন্যা, বোধ করি তোমরা কোন গৃহীর কন্যা তদুপযুক্ত অলঙ্কার তোমরা হস্তে ধারণ করিতেছ, এবং শ্রীকণ্ঠের প্রতি সাতিশয় ভক্তি প্রকাশ করিতেছ, অতএব তোমরা আমার নিকট সত্য পরিচয় দাও। তখন কন্যাদ্বয় তাপসবরকে জিজ্ঞাসা করিল, মহাশয় আপনি কে অগ্রে পরিচয় দিয়া সন্তোষ করুন পশ্চাৎ আমরা পরিচয় দিব। তখন গালব বলিলেন, হে শুভাননে! ত্রিলোক বিখ্যাত তপোগুণ সম্পন্ন আমার নাম গালব। পরে কন্যাদ্বয় তাপসবর গালবকে বলিল আমরা মাতার সহিত রজনীতে শ্রীকণ্ঠ দর্শন মানসে আসিয়াছিলাম প্রভাতে আমাদিগের জননী এই কালিন্দীর বিমল সলিলে অবগাহন পূর্ব্বক শ্রীকণ্ঠ শঙ্করকে যথাবিধানে পূজা করিয়া আমাদিগকে বলিলেন আমি পুষ্করারণ্যে গমন করিব, অতএব তোমরা আমার সঙ্গে আইস আমরা মাতাকে বলিলাম,

কিমর্থংপুষ্করারণ্যে ভবান্যাস্যস্তথাদরাৎ।
তেউবাচ মহাতেজা মহাফলসমন্বিতা।
কার্ত্তিকীপুণ্যদাতীরে মাসান্তে পুষ্করেষ্বহি।
তেউচতুর্ব্বয়ং যামোভবান্ যত্রগমিষ্যতি।
নত্বয়াস্মবিনাব্রহ্মন্নাবাং স্থাতুংহিশক্নুবঃ।
বাঢ়মাহ ঋষিজ্যেষ্ঠ স্ততোনত্বামহেশ্বরং।
গতেতেঋষিণাসার্দ্ধং পুষ্করারণ্যমাদরাৎ।
অথান্যেঋষয়স্তত্র সমায়াতাঃ সহস্রশঃ।
পার্থিবাজানপদ্যাশ্চ মুখ্যৈকংতমৃতধ্বজং।
ততঃস্নাত্বাতুকার্ত্তিক্যা মৃষয়ঃপুষ্করেষ্বথ।

অনুবাদ।

আপনি অনুমতি করুন্ আমরা এই দেবালয়ে অবস্থিতি করিব। হে ব্রহ্মন্! আপনার দর্শন অতি দুর্ল্লভ তাহা যদি আমাদিগের লাভ হইল তবে ইহা অপেক্ষা পুষ্করারণ্যে গমন করিলে কি অধিক ফললাভ হইবে। মহাশয় আপনি পুষ্করারণ্যে কি নিমিত্ত গমন করিবেন। তখন গালব বলিলেন কার্ত্তিকী সংক্রান্তিতে পুষ্করে গমন করিলে মহাপুণ্য মহাফললাভ হয়। এই কথা শ্রবণমাত্রে কন্যাদ্বয় বলিল মহাশয় তবে আপনার সঙ্গে আমরা যাইব। হে ব্রহ্মন্! আপনার অদর্শনে আমরা ক্ষণকাল থাকিতে পারিব না। মহাত্মা গালব সেই কন্যাদ্বয়ের বাক্যে অনুমোদন পূর্ব্বক শঙ্করের পূজা করিয়া পুষ্করাভিমুখে গমন করিলেন। তাপসবর দেবালয় হইতে বহির্গত হইলে ঐ কন্যাদ্বয় সঙ্গে চলিল ক্রমশঃ গমন করিয়া পুষ্করারণ্যে উপস্থিত হইলেন। এই সময়ে পুষ্করারণ্যে সহস্র সহস্র তাপসগণ নৃপতিগণ ও অন্যান্য বহুতর লোক সেই পুণ্য তীর্থে স্নানার্থ আগমন করিয়াছেন পার্থিবগণ জানপদগণ এবং তাপসগণ

রাজানশ্চমহাভাগা নাভোগেক্ষ্বাকুসংযুতাঃ।
গালবোপিসমংতাভ্যাং কন্যকাভ্যাম বাপ্তবান্।
স্নাতুংসপুষ্করেতীর্থে মধ্যমেধন্নুরাকৃতৌ।
নিমগ্নশ্চাপিদদৃশে মহামৎস্যং জলাশয়ে।
বহ্বীভির্মৎস্যকন্যাভিঃ প্রীয়মানংপুনঃপুনঃ।
সতাংআহভিমির্মুগ্ধা যূয়ংধর্ম্মমজানথ।
জনাপবাদংঘোরং হিকঃশক্তঃসোঢ়ুমুদ্বনং।
তাস্তমুচতুর্মহামৎস্যং কিং নপশ্যসিগালবং।
তাপসংকন্যকাভ্যাং বৈবিচরন্তং যথেচ্ছয়া।
যদ্যসাবপিধর্ম্মাত্মা নবিভেতিতপোধনঃ।
ততশ্রুত্বামৎস্যবচনং গালবো ব্রীড়য়াযুতঃ।
নোত্ততারনিমগ্নো পিতস্থৌ সবিজিতেন্দ্রিয়ঃ।

অনুবাদ।

পুষ্করারণ্যে স্নান করিয়া মুগ্ধ ঋভধ্বজকে অবলোকন করিলেন। এবং পার্থিবগণ মহাত্মা লাভগ ইক্ষ্বাকুর সহিত সেই পুষ্করারণ্যে যথাবিধি অবগাহন করিলেন। মহর্ষি গালব সেই কন্যাদ্বয়ের সহিত ধন্নুরাকৃতি পুষ্করের পুণ্য সলিলে স্নানার্থে অবতরণ হইয়া পুণ্য সলিলে নিমগ্ন হইলে সেই জলাশয়ে এক মহামৎস্য দর্শন করিলেন। সেই মৎস্য দুইটি মৎস্য কন্যাকে বন্ধন করিয়া বারম্বার সান্ত্বনা করিয়া বলিতেছে। তোমরা ধর্ম্ম জাননা ভয়ঙ্কর জনাপবাদ কে সহ্য করিতে শক্ত হইবে। তখন কন্যাদ্বয় মৎস্যকে বলিল। তাপসাগ্রগণ্য মহাত্মা গালব কন্যাদ্বয় সঙ্গে লইয়া যথেচ্ছা ভ্রমণ করিতেছেন, সেই মহাত্মাকে কি আপনি দেখেন নাই। সেই মহাত্মা তাপস ধার্ম্মিক তিনি কি ধর্ম্ম ভয় করেন না, আপনার এতাদৃশী শঙ্কা কি নিমিত্ত। এবম্বিধ মৎস্য কন্যা-

স্নাত্বাতত্রচরম্ভোরু সমুত্তীর্য্য তটেস্থিতে।
প্রতীক্ষন্তৌ মুনিবরং তদ্দর্শনসমুৎসকে।
বৃত্তাচপুষ্করেযাত্রা গতেলোকে যথাগতং।
ঋষয়ঃপার্থিবাশ্চান্যে নানাজানপদাস্তথা।
তত্রস্থিতৈকাসুদতী বিশ্বকর্ম্মা তনুত্তরা।
চিত্রাঙ্গদাসুচার্ব্বঙ্গী বীক্ষ্যন্তীতনুমধ্যমে।
তে স্থিতেচাপিবীক্ষ্যন্ত্যৌ প্রতীক্ষ্যন্তৌচ গালবং।
সংস্থিতেনির্জ্জনেতীর্থে গালবোন্তর্জ্জলেতথা।
ততোভ্যগাদ্দেববতীনাম্না গন্ধর্ব্বকন্যকা।
পর্য্যন্যতনয়াসাধ্বী ঘৃতাচীগর্ভসংভবা।
সাচাভ্যেত্যজলেস্নাত্বা পুণ্যেমধ্যমপুষ্করে।
দদর্শকন্যাদ্বিতীয় সুভয়োস্তটয়োঃস্থিতং।

অনুবাদ।

দ্বয়ের বাক্য শ্রবণ করিয়া গালব অতিশয় লজ্জিত হইলেন। তখন বিজিতেন্দ্রিয় গালব জল হইতে উত্তীর্ণ না হইয়া অন্তর্জ্জলে অবস্থিতি করিলেন। এই সময়ে রম্ভোরু সেই পুণ্য সলিলে অবগাহন করিয়া তটে মুনিবর গালবের দর্শন প্রতীক্ষায় অবস্থিতি করিতেছেন। পুষ্করারণ্যে এই সময়ে বিবিধ লোক তাপস পার্থিব ও জানপদগণ গমনাগমন করিতেছে। কেবল মাত্র ক্ষীণমধ্যা সুদতী রূপলাবণ্য যুক্তা বিশ্বকর্ম্মা তনয়া চিত্রাঙ্গদা সকলকে অবলোকন করিতেছে। কিন্তু চিত্রাঙ্গদা ও রম্ভোরু উভয়ে তটে অবস্থিতি করিয়া মহাত্মা গালবের আগমন প্রতীক্ষা করিতেছেন। গালব তখন সেই পুণ্যতীর্থে অন্তর্জ্জলে অবস্থিতি করিয়াছেন। এই সময়ে ঘৃতাচী গর্ভসম্ভবা পর্জন্য গন্ধর্ব্ব তনয়া দেববতী সেই স্থানে উপস্থিত হইল। সেই গন্ধর্ব্ব কন্যা পুণ্য সলিলে অবগাহন করিয়া সেই পুণ্য নদীরতীরে

চিত্রাঙ্গদামথাভ্যেত্য পর্য্যপৃচ্ছদানিষ্ঠুরং।
কাসিকেনচকার্য্যেণ নির্জ্জনেস্থিতবত্যসি।
সাতামুবাচপুত্রীং মা বিদ্ধস্বসুরবর্দ্ধকে।
চিত্রাঙ্গদেতিসুশ্রোণি বিখ্যাতাবিশ্বকর্ম্মণঃ।
সাহমভ্যাগতাভদ্রে স্নাতুংপুণ্যাংসরস্বতীং।
নৈমিষেকাঞ্চনাক্ষীন্তু বিখ্যাতং ধর্ম্মমাত্তরং।
তত্রাগতাথরাজ্ঞাহং দৃষ্ট্বাবৈদর্ভকেনহি।
সুরথেনসকামার্ত্তা মামেবশরণংগতঃ।
ময়াত্ম্যাতস্মসংদত্তঃ সাখীভির্বার্য্যমাণয়া।
ততঃশপ্তাস্মিতাতেন বিমুক্তাস্মিচভুভূজা।

অনুবাদ।

দণ্ডায়মানা কন্যাদ্বয়কে অবলোকন করিল। তখন দেববতী চিত্রাঙ্গদাকে লক্ষ্য করিয়া জিজ্ঞাসা করিলেন। কোন একটি কলঙ্ক ভাজন কার্য্য করিয়া নির্জ্জনস্থানে অবস্থিতি করিয়াছিল সে কে। তখন চিত্রাঙ্গদা দেববতীকে বলিল হে সুরবর্দ্ধকে! আমাকে পুত্রী বলিয়া জ্ঞান কর। তাহার নাম চিত্রাঙ্গদা বিশ্বকর্ম্মার তনুজা, হে ভদ্রে! আমি এই পুণ্য সরস্বতীর সলিলে অবগাহনার্থ আসিয়াছিলাম। তথা হইতে নৈমিষারণ্যে কাঞ্চনাক্ষীতে গমন করিয়াছিলাম। সেই স্থানে বৈদর্ভদেশাধিপতি রাজা সুরথ আমাকে দেখিয়া সাতিশয় কামার্ত্ত হইয়া আমার শরণাগত হইল। সখীগণ বারম্বার আমাকে নিবারণ করিয়াছিল. আমি তাহারদিগের নিষেধ বাক্য অবজ্ঞা করিয়া রাজা সুরথকে আত্মপ্রদান করিয়াছিলাম। এজন্য পিতা আমাকে অভিসম্পাত করিয়াছিলেন এবং রাজাও আমাকে পরিত্যাগ করিলেন। আমি মৃত্যু নিশ্চয় করিয়াছিলাম এক যক্ষ নিবারণ করিয়া শ্রীকণ্ঠ দর্শনার্থ অনুমতি করিল, আমি তথা হইতে

মর্ত্তুংকৃতমতির্ভদ্রে বারিতাগুহ্যকেনহি।
শ্রীকণ্ঠমগমদ্রষ্টুং ততোগোদাবরং জলং।
তস্মাদিমংসমায়াতো তীর্থপ্রবরমুত্তমং।
নচাপিদৃষ্টঃসুরথঃ সমনোহ্লাদনঃপতিঃ।
ভবতীকাএবাবালে বৃত্তেমাত্রাফলেবনং।
সমাগতাহিতচ্ছংস মমসত্যেনভাবিনি।
সাব্রবীৎশ্রুয়তাংযাস্মি মন্দভাগ্যাকৃশোদরি।
যথাযাত্রাফলেবৃত্তে সমাযাতাস্মিপুষ্করং।
পর্য্যণ্যাচ্চঘৃতাচ্যাঞ্চ জাতাদেববতীতীহ।
রমমাণাবনোদ্দেশে দৃষ্টাস্মিকপিনাসখি।
সচাভ্যেত্যব্রবীৎক্কাত্বং যাসিদেববতীতিচ।
আনীতাস্মাশ্রমাৎকেন ভূপৃষ্ঠান্মেরুপর্ব্বতং।

অনুবাদ।

সপ্ত গোদাবরীতে গমন করিয়াছিলাম, সেস্থান হইতে এই তীর্থবরে সমাগত হইয়াছি। কিন্তু এই স্থানে আমার মনের আনন্দানুভব হইতেছে না, সেই নরপতি সুরথকে দেখিতে পাইলাম না। আপনি কে এই মহারণ্যে আগমন করিয়াছেন কি নিমিত্ত এস্থানে আসিয়াছেন তাহা আমাকে সত্য বল। তখন দেববতী বলিল হে কৃশোদরী! আমি যে নিমিত্ত এই মহারণ্য মধ্যে আসিয়াছি তাহা শ্রবণ কর। আমি যে ফল প্রত্যাশায় এই পুষ্করে আসিয়াছি তাহা বলিতেছি। পর্জ্জন্য ও ঘৃতাচী হইতে আমার জন্ম হয়, আমার নাম দেববতী। হে সখি! আমি বিহারার্থ বনোদ্দেশে আসিয়াছিলাম, এক বানরের দৃষ্টিপথে পতিত হইলাম। সেই কপি আমার নিকট আসিয়া বলিল, তুমি কে দেববতী তুমি কোথায় যাইবে। এই কথা বলিয়া সেস্থান হইতে পর্ব্বতপৃষ্ঠে আনীতা হইয়াছিলাম, তখন

ততোময়োক্তোনৈবাস্মি কপেদেববতীহ্যহং।
নাম্নাদেববর্ত্ত ত্যেব মেরাবপিকৃতাশ্রয়া।
ততস্তেনাতিদুষ্টেন বানরেণহ্যবিদ্রুতা।
সমারূঢ়াস্মিসহসা বন্ধুজীবংনগোত্তমং।
তেনাপিবৃক্ষস্তরসা পাদাক্রান্তস্ত্বভজ্যত।
ততোহস্থবিপুলাং শাখাং সমালম্ব্যস্থিতাহ্যহং।
ততঃপ্লবঙ্গগোবৃক্ষং প্রাক্ষিপৎসাগরাম্ভসি।
সহতেনৈববৃক্ষেণ পতিতাস্ম্যাহিমাকুলা।
ততোহম্বরতলাদ্বৃক্ষং পতিতং তং যদৃচ্ছয়া।
দদৃশুঃসর্ব্বভূতানি জঙ্গমং স্থাবরাণিচ।
ততোহাহাকৃতং লোকৈ র্মাংপতন্তীনিরীক্ষ্যহি।
উচুশ্চসিদ্ধগন্ধর্ব্বা কষ্টংসেয়ং মহাত্মনঃ।
ইন্দ্রদ্যুম্নস্যমহিষী গদিতাব্রহ্মণাস্বয়ং।

অনুবাদ।

আমি কপিকে বলিলাম, আমার নাম দেববতী ভূধরপৃষ্ঠে আমার বাসস্থান। তখন দুষ্টমতি আমাকে লইয়া এক বন্ধুজীব বৃক্ষোপরি আরোহণ করিল। কিন্তু সেই বৃক্ষ কপির পদভরে ভগ্ন হইয়া পতিত হইল। পরে সেই বৃক্ষের বিপুল শাখোপরি আমাকে রাখিয়া কপি পলায়ন করিল। দৈবযোগে তথায় এক অতি বৃহৎ পক্ষি আসিয়া নখদ্বারা আকর্ষণপূর্ব্বক ঐ বৃক্ষের সহিত আমাকে সলিলে নিক্ষেপ করিল। আমি সেই বৃক্ষের শিখরদেশে অবস্থিতি করিয়াছি,কিন্তু নদী প্রবল স্রোতে প্রবাহিত হইতেছে। এই সময়ে গগণমার্গ হইতে সহসা পর্ব্বতসদৃশ এক বৃক্ষ ঐ সমুদ্র সলিলে পতিত হইতেছে দেখিয়া স্থাবর জঙ্গম সমস্ত প্রাণিগণ হাহাকার ধ্বনি করিতে লাগিল। এবং সিদ্ধ গন্ধর্ব্বগণ তাহাতে অনুতাপ করিতে

মনোঃপুত্রস্তুরাজ্ঞস্তু সহস্রক্রতুযাজিনঃ।
তাং বাণীংমধুরাংশ্রুত্বা মোহমভ্যাগতাততঃ।
নজানেসচকেনাপি বৃক্ষশ্ছিন্নঃসহস্রধা।
ততোস্মিবেগাদ্বলিনা হৃতানলসখেনাহি।
সমানীতাস্ম্যহমিদং ত্বাং দৃষ্ট্বাচাদ্যসুন্দরি।
তদুত্তিষ্ঠস্বগচ্ছস্ব প্রচ্ছাবঃকেইমেস্থিতে।
কন্যকে অনুমানেহি পুষ্করস্যোত্তরেতটে।
এবমুক্তাবরাঙ্গীসা তয়াচাসুরকান্যয়া।
জগামকন্যকেদ্রষ্টুং কার্য্যংতৎপ্রতিসোৎসুকা।
ততোগত্বাপর্য্যপৃচ্ছতে উচতুরুভেঅপি।
যথাতথ্যংস্বমাত্মানং নিবেদিতমিদংময়া।
ততস্তাশ্চতুরোপীহ সপ্তগোদাবরংজলং।

অনুবাদ।

লাগিলেন। এই সময়ে স্বয়ং ব্রহ্মা মহাত্মা-ইন্দ্রদ্যুম্নের মহিষীকে বলিলেন। মহারাজ মনুতনয়ের ক্রতুযাজী বিস্তর ব্রাহ্মণ আছে। ব্রহ্মার এই কথা শ্রবণ করিয়া রাজ্ঞী অতিশয় মুগ্ধ হইলেন। কিন্তু আমি জানি না সেই সময়ে কোন মহাত্মা ঐ বৃক্ষছেদন করিয়া সহস্র খণ্ডে বিভক্ত করিল। অনন্তর বায়ুর প্রবলবেগে এই স্থানে আনীতা হইয়াছি, এক্ষণে হে সুন্দরি! তোমাকে দেখিবার জন্য অদ্য এস্থানে আসিয়াছি। এক্ষণে গাত্রোত্থান পূর্ব্বক গমন কর এই পুষ্কর তীর্থের উত্তর তটে এই দুই জনকে জিজ্ঞাসা করিব। অনুমান হয় দুইটি স্ত্রীলোক কোন সন্দেহ নাই,এই কথা বলিয়া সেই বরাঙ্গী চিত্রাঙ্গদা ও দেববতী সেই কন্যাদ্বয় দর্শন করিতে গমন করিল,তাহাদিগের নিকট উপস্থিত হইলে তাহারা আমাদের পরিচয় জিজ্ঞাসা করিল, আমি তাহাদিগের নিকট কিছু গোপন না করিয়া যথাযথ হইয়াছিল

সংপ্রাপ্যতীর্থং তিষ্ঠন্ত্যোঽর্চ্চয়ন্ত্যো হাটকেশ্বরং।
ততোবহুবর্ষগণান বভ্রমুস্তেজনাস্ত্রিয়ঃ।
তাসামর্থায়শকুনির্জ্জাবালিঃ সঋতধ্বজঃ।
ভারবাহীততঃখিন্নো দশাব্দমতিকেগতে।
কালেজগামনির্ব্বেদাৎ সমংপিত্রাতুশাকলং।
তস্মিন্নরপতিঃ শ্রীমানিন্দ্রদ্যুম্নোমনোঃসুতঃ।
সমধ্যাস্তেপরিজ্ঞায় সার্ঘ্যপাত্রোবিনির্যয়ৌ।
সম্যক্সংপূজিতস্তেন সজাবালিঋতধ্বজঃ।
সচেক্ষ্বাকুসুতোধীমান্ শকুনির্ভ্রাতৃজোঽর্চ্চিতঃ।
ততোবাক্যং মুনিঃপ্রাহ ইন্দ্রদ্যুম্নমৃতধ্বজঃ।
রাজন্দৃষ্ট্বাপ্রিয়াস্মাকং নন্দয়ন্তীতিবিশ্রুতা।

অনুবাদ।

সমস্ত কীর্ত্তন করিলাম। তখন আমরা চারিজন একত্রে সপ্ত গোদাবরী তীরে গমন করিলাম। সপ্ত-গোদাবরী তীর্থে উপস্থিত হইয়া হাটকেশ্বর শঙ্করকে যথাবিধি পূজা করিলাম। এইরূপে আমরা চারি জনে অনেক বৎসর ভ্রমণ করিয়াছি। আমাদিগের উপকারার্থ শকুন ভারবাহীজাবালি ও ঋতধ্বজ সকলে দুঃখিতান্তঃকরণে দশবর্ষ অতি বাহিত করিলেন ক্রমশঃ তাঁহাদিগের মানসিক ক্লেশ দুরীভূত হইল তখন ঋতধ্বজের সহিত জাবালি এক পুরী মধ্যে প্রবেশ করতঃ দেখিলেন তাহার অধীশ্বর শ্রীমান্ মহাত্মা মনুর সন্তান ইন্দ্রদ্যুম্ন। মহারাজ ইন্দ্রদ্যুম্ন সমাগত তাপসদ্বয়কে অবলোকন করিয়া অর্ঘপাত্র গ্রহণপূর্ব্বক তাপসদ্বয়কে যথাবিধি পূজায় সন্তোষ করিলেন। মহাত্মা মনুর তনয় ইন্দ্রদ্যুম্নের ভ্রাতৃজ শকুনি তাহাদিগের পূজা করিলেন। তখন তাপসগণ আসন গ্রহণপূর্ব্বক তাপসবর ঋতধ্বজ মহাত্মা ইন্দ্রদ্যুম্নকে বলিলেন। হে রাজন্! আমাদিগের

তস্যার্থেচৈববসুধা অস্মাভিরটিতানৃপ।
তস্মাদুত্তিষ্ঠমার্গেষু সাহায্যংকর্ত্তুমর্হসি।
অথোবাচমহাব্রহ্মন্ মমাপিনলনোত্তমা।
নষ্টাকৃতশ্রমস্যাপি কস্যাহংকথয়ামীমাং।
আকাশাৎপর্ব্বতাকারঃ পতমানোনগোত্তমঃ।
সিদ্ধানাংবাক্যমাকর্ণ্য বাণৈশ্ছিন্নঃসহস্রধা।
নচৈবসাবরারোহা বিভিন্নালাঘবান্ময়া।
নচজানামিসাকুত্র তস্মাদ্গচ্ছামমার্গিতুং।
ইত্যেবমুক্ত্বাসনৃপঃ সমুত্থায়ত্বরান্বিতঃ।
স্যন্দনানিদ্বিজাভ্যাংস ভ্রাতৃপুত্রায়চার্পয়েৎ।
তেহধিরুহ্যরথাংস্তূর্ণং মার্গন্তোবসুধাংক্রমাৎ।

অনুবাদ।

প্রিয়া বিশ্রুতা নন্দয়ন্তীকে দেখিয়াছ তাহার নিমিত্ত বসুন্ধরা অন্বেষণ করিব। অতএব হে রাজন্! আপনি গাত্রোত্থান পূর্ব্বক অন্বেষণ বিষয়ে আমাদিগের সাহায্য করুন্! তাপসদ্বয়ের বাক্য শ্রবণান্তে রাজা বলিলেন, হে মহাব্রহ্মন্! সে নলনোত্তমা আমার এই কামিনীকে বোধ হয় আমি বিনাশ করিয়াছি এ পর্য্যন্ত আমি কাহাকে বলি নাই একদিন দৈবযোগে গগণমার্গ হইতে পর্ব্বতাকার এক বৃক্ষ পতিত হইতেছে, তৎকালে আমি যক্ষ গন্ধর্ব্ব প্রভৃতি প্রাণিগণের হাহাকার ধ্বণি এবং সিদ্ধগণের কাতর ধ্বণি শ্রবণ করিয়া অস্ত্র নিক্ষেপ করিয়া সেই বৃক্ষ সহস্র খণ্ডে বিভক্ত করিয়াছি। কিন্তু সেই কামিনীকে অস্ত্রাঘাত করি নাই, এক্ষণে সে কোথায় আছে জানি না, অতএব, তাহাকে অন্বেষণ করিতে গমন করিব। নরপতি এইরূপ তাপসদ্বয়কে বলিয়া দ্রুতবেগে গমন পূর্ব্বক তাপসদ্বয়কে এবং ভ্রাতৃপুত্র শকুনিকে রথ প্রদান

বদার্য্যাশ্রমমাসাদ্য দদৃশুস্তপসাংনিধিং।
তপসাকর্ষিতংদীন মলপঙ্কজটাধরং।
নিশ্বাসয়াসপরমং প্রথমেবয়সিস্থিতং।
তমুৎপত্যাব্রবীদ্রাজা ইন্দ্রদ্যুম্নো মহাভুজঃ।
তপস্বিংশ্চবনংঘোর মাস্থিতোসিসুদুশ্চরং।
তপঃকিমর্থংবছংস কিমভিপ্রেতমুচ্যতাং।
সোব্রবীৎকোভবান্‌ব্রুহি মমাত্মানংসুহৃত্তয়া।
পরিপৃচ্ছসিশোকার্ত্তং পরিতপ্তংতপোন্বিতং।
সপ্রাহরাজাস্মিবিভো তপস্বিন্‌শাকলেপুরে।
মনোঃপুত্রঃপ্রিয়োভ্রাতা ইক্ষ্বাকুঃকথিতস্তব।
সচাস্মৈপূর্ব্বচরিতং সর্ব্বংকথিতবান্নৃপঃ।

অনুবাদ।

পূর্ব্বক বলিলেন তোমরা এই রথে আরোহণপূর্ব্বক সমস্ত পৃথিবী অন্বেষণ কর। তাঁহারা সেই বিমানে আরোহণপূর্ব্বক সমস্ত পৃথিবী অন্বেষণ করিতে করিতে বদরীকাশ্রমে উপস্থিত হইয়া তপঃশুষ্ক কলেবর জটাবল্কলধারী এক তাপসবরকে অবলোকন করিলেন, রাজা ইন্দ্রদ্যুম্ন তৎক্ষণাৎ রথ হইতে অবতরণপূর্ব্বক সেই তাপসকে জিজ্ঞাসা করিলেন। হে তাপস! আপনি এই অতি ভয়ঙ্কর অরণ্যে কি নিমিত্ত এই দুষ্কর তপস্যা অবলম্বন করিতেছ তোমার অভিপ্রায় কি আমাকে বল। তখন তপস্বী জিজ্ঞাসা করিলেন, মহাত্মন আপনি সৌহৃদ্যরূপে শোকসন্তপ্ত হৃদয় তপোযুক্ত আমাকে জিজ্ঞাসা করিতেছেন আপনি কে ব্যক্ত করুন্। তখন রাজা বলিলেন আমি শাকল পুরীর রাজা আমার নাম ইন্দ্রদ্যুম্ন আমি মনুর সন্তান ইক্ষ্বাকু আমার প্রিয় ভ্রাতা। পরে রাজা আত্মবৃত্তান্ত আদ্যোপান্ত সমস্ত বর্ণন করিলেন। তাপসবর রাজার সমস্ত বৃত্তান্ত অবগত

শ্রুত্বাপ্রোবাচরাজর্ষি র্মামুঞ্চস্বংকলেবরং।
আগচ্ছয়ামস্তন্বঙ্গীং বিজ্ঞাতুংভ্রাতৃজোসিমে।
ইত্যুক্ত্বাসংপরিত্যজ্য নৃপংসমুনিসত্তমঃ।
সমারোপ্যরথংতূর্ণং তাপসাভ্যাং ন্যবেদয়ৎ।
ঋতধ্বজঃসপুত্রস্তুতং দৃষ্ট্বাপৃথিবীপতিং।
প্রোবাচরাজন্নেহ্যেহি করিষ্যামিতবপ্রিয়ং।
যাসাচিত্রাঙ্গদানাম ত্বয়াদৃষ্টাহিনৈমিষে।
সপ্তগোদাবরংতীর্থং সাময়ৈববিসর্জ্জিতা।
তদাগচ্ছতগচ্ছামঃ সৌদেবস্যৈবকারণাৎ।
তত্রাস্মাকংসমেষ্যন্তি কন্যাস্তিস্রস্তথাপরাঃ।
ইত্যেবমুক্ত্বাসমুনিঃ সমাশ্বাস্যসুদেবজং।
শকুনিংপুরতঃকৃত্বা ইন্দ্রদ্যুম্নং সপুত্রকং।

অনুবাদ।

হইলে রাজা বলিলেন, মহাত্মন্ আপনি জীবনপরিত্যাগ করিবেন না, আমার ভ্রাতৃপুত্র তাহার অন্বেষণার্থে গমন করিয়াছে এবং আমরা সকলে অন্বেষণার্থে গমন করিব। এই কথা বলিলে সেই তাপস রাজাকে ইন্দ্রদ্যুম্ন পরিত্যাগপূর্ব্বক অগ্রে রাজার রথে আরোহণ করিলেন পশ্চাৎ রাজা সেই রথে আরোহণ করিলেন,তখন মহাত্মা সপুত্র ঋতধ্বজ সুদেবতনয়কে অবলোকন করিয়া বলিলেন, হেরাজন্! আপনি আগমন করুন্ আমরা তোমার কোন প্রিয়কার্য্য সাধন করিব। আপনি যে চিত্রাঙ্গদা নাম্নী এক কামিনীকে নৈমিষারণ্যে অবলোকন করিয়াছিলেন সেই কামিনীকে আমি যে স্থানে পরিত্যাগ করিয়াছি, এক্ষণে সকলে আইস সুরথের নিমিত্ত সেই স্থানে গমন করিব। সেই নৈমিষারণ্য তীর্থে এই সময়ে তিন কন্যা এবং অন্যান্য যক্ষ গন্ধর্ব্ব কন্যা আসিবেক এই কথা বলিয়া সেই তাপসবর সুদেব-

স্যন্দনেনাশ্বযুক্তেন গন্তুংসমুপচক্রমে।
সপ্তগোদাবরংতীর্থং যত্রতাঃকন্যকাগতাঃ।
এতস্মিন্নন্তরেতন্বী ঘৃতাচীশোকসংযুতা।
বিচচারোদয়গিরিং বিচিন্বন্তীংনিজাংসুতাং।
তমাসসাদসকপিঃ পর্য্যপৃচ্ছৎতথাপ্সরাঃ।
কিংবালানত্বয়াদৃষ্টা কপেসত্যবদস্বমাং।
তস্যাস্তদ্বচনংশ্রুত্বা সকপিঃপ্রাহবালিকাং।
দৃষ্ট্বাদেববতীনাম সাচন্যস্তামহাশ্রমে।
কালিন্দ্যাবিমলেতীর্থে মৃগপক্ষিসমন্বিতে।
শ্রীকণ্ঠায়তনস্যাগ্রে ময়াপত্যং তবোদিতং।
সাপ্রাহবানরপতিং নাম্নাদেববতীতিসা।

অনুবাদ।

তনয়কে আশ্বস্ত করিলে এবং শকুনিকে অগ্রে লইয়া ও সপুত্র ইন্দ্রদ্যুম্নকে সঙ্গে করতঃ শীঘ্রগামী বেগশালী তুরঙ্গম যুক্ত রথে আরোহণপূর্ব্বক নৈমিষারণ্য তীর্থে গমন করিলেন। সপ্ত গোদবরী তীর্থে এই সময়ে ঐ তিন কন্যা আসিয়াছিল। এই সময়ে ঘৃতাচী অতিশয় শোকসন্তপ্ত হৃদয়ে উদয়াচলে ভ্রমণ করিতে করিতে আত্মতনয়াকে অবলোকন করিয়া তৎক্ষণাৎ তাহার নিকট গমন করিলে, বানর তাহার নিকট উপস্থিত হইল, তখন অপ্সরা ঘৃতাচী সেই কপিকে জিজ্ঞাসা করিল, হে কপে! তুমি কি সেই বালিকাকে দেখিয়াছ আমার নিকট সত্য বল। অপ্সরা ঘৃতাচীর বাক্য শ্রবণ করিয়া সেই কপি ঘৃতাচীকে বলিল। আমি কালিন্দীর বিমল সলিল সমীপে দেববতী নাম্নী এক কন্যাকে দেখিয়াছিলাম তাহাকে এক ঋষি বর্জ্জিত আশ্রমে মৃগপক্ষি সমাক্রান্ত দেবেশ শ্রীকণ্ঠ শঙ্করের আলয়ের সম্মুখে দেখিয়াছি। অপ্সরা

নহিদেববতীখ্যাতা তদাগচ্ছব্রজামহে।
ঘৃতাচ্যাস্তদ্বচঃশ্রুত্বা বানরস্ত্বরিতোগমৎ।
পৃষ্ঠতোঽস্য সমাগচ্ছন্নদীং স্নাত্বৈবকৌশিকীং।
তে চাপিকৌশিকীংপ্রাপ্তা রাজর্ষিপ্রবরাস্ত্রিয়ঃ।
দ্বিতীয়তাপসাভ্যাস্তু রথৈঃপরমবেগিতৈঃ।
অবতীর্য্যরথেভ্যস্তে স্নাতুমভ্যাগমন্নদীং।
ঘৃতাচ্যপিনদীংদৃষ্ট্বা সুপুণ্যামাজগামহ।
তমর্থেসকপিঃপ্রায়া দৃষ্টোজাবালিনাতথা।
দৃষ্ট্বাতংপিতরংপ্রাহ পার্থিবঞ্চমহাবলং।
সএবপুনরায়াতি বানরস্তাতবেগবান্।
পূর্ব্বংজটাস্বেববলাৎ যেন বদ্ধোস্মিপাদপে।

অনুবাদ।

কপিবরকে বলিল তুমি যে কন্যাকে দেখিয়াছ তাহার নাম কি দেববতী। বোধ করি তাহার নাম দেববতী নহে, এক্ষণে তুমি সেই স্থানে গমন কর আমরা তথায় যাইব। ঘৃতাচীর এই বাক্য শ্রবণ মাত্রে কপিবর দ্রুতপদে সেই স্থানে গমন করিল, পশ্চাৎ চিত্রাঙ্গদা ও দেববতীর সহিত ঘৃতাচী গমন করিলে পথিমধ্যে কৌশিকী নদীতে অবগাহনপূর্ব্বক গমন করিতেছে এমত সময়ে সেই নদীর উপকূলে এক রথ হইতে দুইটি তাপসের সহিত দুই মহাত্মা ভূপতি সেই স্থানে অবতরণপূর্ব্বক পুণ্য নদী কৌশিকীতে স্নানার্থ গমন করিলেন। কপিবর সেই দেববতীর নিমিত্ত সেই স্থানে গমন করিতেছে মহাত্মা জাবালি তাহাকে অবলোকন করিয়া মহাবল শকুনকে বলিলেন, হে পিতঃ! কপিবর পুনর্ব্বার অতি-বেগে আসিতেছে যে কপি আমাকে ইতিপূর্ব্বে জটাদ্বারা অত্যুচ্চ বট পাদপের শিখরদেশে বন্ধন করিয়াছিল। তখন জাবালি

তজ্জাবালিবচঃশ্রুত্বা শকুনিঃক্রোধসংযুতঃ।
সশরংধনুবাদায় বচনঞ্চেদমব্রবীৎ।
ব্রহ্মন্প্রদীয়তামহ্য মাজ্ঞাংতাতবদস্বমাং।
যাবদেনংনিহন্ম্যদ্য শরেণৈকেনবানরং।
ইত্যেবমুক্তেবচনে সর্ব্বভূতহিতেরতঃ।
মমপুত্রস্ত্বয়াবদ্ধো জটাসুবটপাদপে।
নচমোচয়িতুংবৃক্ষাৎ শক্তুয়ামোহপিযত্নতঃ।
তদানেননরেন্দ্রেণ ত্রিধাকৃত্বাতুশাখিনঃ।
শাখাংবহতিমেসূনুঃ শিরসাতাংবিমোচয়।
দশবর্ষশতান্যেব শাখাংবৈরহতোগমন।
নচসোস্তিপুমান্কশ্চিদ্যোমুম্মোচয়িতুংক্ষমঃ।
সঋষেৰ্বাক্যমাকর্ণ্য কপিৰ্জাবালিনোজটাং।

অনুবাদ।

মহাবীর শকুন জাবালির বাক্য শ্রবণপূর্ব্বক ক্রোধে ধনুর্ব্বাণ গ্রহণপূর্ব্বক ঋতধ্বজকে বলিলেন। হে ব্রহ্মন্! আমাকে অনুমতি করুন্ এক বাণদ্বারা সেই বানরের জীবন সংহার করিব। এই কথা মহারাজ শকুনি বলিলে তখন দয়াবান মহর্ষি ঋতধ্বজ কপিকে বলিলেন তুমি আমার পুত্রকে জটাগ্রদ্বারা বৃক্ষ শিখরে বন্ধন করিয়াছিলে আমরা বিস্তর চেষ্টা করিয়া মুক্ত করিতে পারি নাই পরে এই মহারাজ শকুনির শরণাগত হইলাম, মহারাজ বাণদ্বারা সেই বটবৃক্ষের শাখা তিন খণ্ড করিয়া ছেদন করিলেন, তথাপি তাহার বন্ধন মুক্ত করিতে পারিলেন নাই অদ্যাপি আমার পুত্র সেই বট পাদপের শাখা বহন করিতেছে এক্ষণে তুমি এই বন্ধন হইতে মুক্ত কর একরূপ দৃঢ়রূপে বন্ধন করিয়াছিলে যে সহস্র বর্ষ পর্য্যন্ত চেষ্টা করিয়া কেহই মুক্ত করিতে পারে নাই। এইরূপ

শনৈরুন্মোচয়ামাস ক্ষণাদুন্মোচিতাশ্চতাঃ।
ততঃপ্রীতোমুনিশ্রেষ্ঠো বরদোভূদৃতধ্বজঃ।
কপিংপ্রাহবৃণুস্বত্বং বরংযন্মনসেপ্সিতং।
ঋতধ্বজবচঃশ্রুত্বা ইদংবরমযাচত।
বিশ্বকর্ম্মামহাতেজাঃ কপিত্বেসংপ্রতিস্থিতঃ।
ব্রহ্মন্বরংভবান্মহ্যং যদিদাতুমিহেচ্ছতি।
তংস্বদত্তো মহাঘোরো মমশাপোনিবর্ত্ততাং।
চিত্রাঙ্গদায়াঃপিতরং মাংদ্রষ্টাবুংতপোধন।
প্রতিজানাহিভবতঃ শাপাদ্বানরতাংগতং।
সুবহুনিচপাপানি ময়ায়ানিকৃতানিহি।
কপিচাপল্যদোষেণ তানিমেযান্তুসংক্ষয়ং।

অনুবাদ।

তাপস ঋতধ্বজের বাক্য শ্রবণ করিয়া তখন কপিবর মহাত্মা জাবালির জটাগ্রের বন্ধন মোচন করিতে লাগিলেন। অল্পকাল মধ্যে জাবালির জটার বন্ধন মোচন করিলে তাহাতে মহর্ষি অতিশয় সন্তোষ হইয়া কপিবরকে বলিলেন তুমি বর গ্রহণ কর। ঋতধ্বজ মহর্ষির এরূপ সদয় বাক্য শ্রবণপূর্ব্বক অভীষ্ট বর প্রার্থনা করিল। অতি তেজস্বী বিশ্বকর্ম্মা আপনি জানিয়াছিলেন যে আমি বানর রূপে অবস্থিতি করিতেছি। তখন ঋতধ্বজকে বলিলেন, হে ব্রহ্মন্! যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন তবে আমাকে এই বর প্রদান করুন্। আমি অবিলম্বে এই মহাশাপ হইতে যেন মুক্ত হইতে পারি। আমি চিত্রাঙ্গদার পিতা অতি পাপিষ্ঠ আপনি জানিবেন, আমি শাপগ্রস্থ হইয়া বানররূপ ধারণ করিয়াছি। আমি বানরের চাঞ্চল্য স্বভাব প্রযুক্ত বিস্তর পাপাচরণ করিয়াছি সেই সকল পাপ হইতে আপনি মুক্ত করুন্। তখন মহর্ষি ঋতধ্বজ

ততোঽঋতধ্বজঃপ্রাহ শাপস্থ্যান্তোভবিষ্যতি।
যদাঘৃতাচ্যাংতনয়ং জনিষ্যসিমহাবলং।
ইত্যেবমুক্তঃসংহৃষ্টঃ সতদাকপিকুঞ্জরঃ।
স্নাতুংতূর্ণংমহানদ্যা মবতীর্ণঃকৃশোদরি।
ততস্তুসর্ব্বেক্রমশঃ স্নাত্বাচ্যপিতৃদেবতাঃ।
জগ্মুহৃষ্টারথৈভ্যস্তে স্বত্যাচীদিবমুৎপতৎ।
তামন্বেবমহাবেগঃ সকপিঃপ্লবতাংবরঃ।
দদৃশেরূপসম্পন্নাং ঘৃতাচীংসপ্লবঙ্গমঃ।
সাপিতংবলিনাংশ্রেষ্ঠং দৃষ্ট্বৈবকপিকুঞ্জরং।
জ্ঞাত্বাবৈবিশ্বকর্ম্মাণং কাময়ামাসকামিনী।
ততোঽসৌপর্ব্বতশ্রেষ্ঠে খ্যাতেকোলাহলেকপিঃ।
রময়ামাসতন্বঙ্গীং সাচৈবংবানরোত্তমং।
এবংরমন্তৌসুচিরং সংপ্রাপ্তোবিন্ধ্যপর্ব্বতং।

অনুবাদ।

... বরকে বলিলেন। যে সময়ে ঘৃতাচীর গর্ভে তোমার মহাবল ... হইবে সেই সময়ে তুমি এই ব্রহ্মশাপ হইতে মুক্ত হইবে। ... বলিল হে কৃশোদরি! মহর্ষি ঋতধ্বজ কপিকুঞ্জরকে এইরূপ ... মোচন করিলে কপিবর তথা হইতে মহানদীতে স্নানার্থ গমন ... রিল। পরে অন্যান্য সমাগত সকলে সেই মহানদীতে স্নান তর্পণাদি করিয়া রথারোহণ পূর্ব্বক স্বস্থানে গমন করিলেন। বিশ্বকর্ম্মা ঘৃতা- চীকে অবলোকন করিলে ঘৃতাচী অতি বলবান সেই কপিকুঞ্জরকে অবলোকন করিলেন। এবং বিশ্বকর্ম্মা কপিরূপ ধারণ করি- য়াছেন, বিশেষ জানিয়া তখন ঘৃতাচী সেই কপিবরকে সতৃষ্ণনয়নে অব- লোকন পূর্ব্বক তাহার সহিত আলিঙ্গন ইচ্ছা করিলেন। কপিরূপধারী বিশ্বকর্ম্মা কোলাহল নামক পর্ব্বতের শিখরদেশে ঘৃতাচীর সহিত রমণ

রথেষুচাপিতংতীর্থং সংপ্রাপ্তাস্তেনরোত্তমাঃ।
মধ্যাহ্নসময়েশ্রান্তাঃ সপ্তগোদাবরংজলং।
প্রাপ্যবিশ্রামহেত্বর্থ মবতেরুস্ত্বরান্বিতাঃ।
তৈষাং সারথযশ্চাশ্বান্স্নাত্বাপীত্বোদকান্মুমুচন্।
রমণীয়েবনোদ্দেশে প্রচারার্থেসমুৎসৃজন্।
শাদ্বলাঢ্যেষুদেশেষু মুহূর্ত্তাদেববাজিনঃ।
তৃপ্তাঃসমাদ্রবন্ সর্ব্বেদেবায়তনমুত্তমং।
তুরঙ্গখুরনির্ঘোষং শ্রুত্বা তাযোষিতাদ্বরাঃ।
কিমেতদিতিচোক্তৈব প্রজগ্মু হাটকেশ্বরং।

অনুবাদ।

করিতে লাগিলেন। এইরূপ সেই বিন্ধ্যপর্ব্বতের শিখরদেশে ঘৃতাচীর সহিত বহুকাল রমণে অতিবাহিত করিলেন, এই সময়ে রথারোহণে মধ্যাহ্নকালে কতিপয় নৃপতি সেই তীর্থে অবতরণ হইয়া সপ্ত গোদাবরীর সলিল সমীপে বিশ্রাম করিতে লাগিলেন। তাঁহাদিগের সারথি সেই নদীর বিমল সলিলে অবগাহন করিয়া এবং অশ্বগণের স্নান ও জলপান করাইয়া সেই রমণীয় পর্ব্বত কাননে বিশ্রাম ও আহারার্থ অশ্বগণ মুক্ত করিল। অশ্বগণ সেই কাননে মুহূর্ত্তকাল মধ্যে উত্তম নূতন তৃণ আহার করিয়া তৃপ্তিলাভ করিল। ক্রমশঃ অশ্বগণ তৃণ ভোজন করিয়া প্রচরণ করিতে করিতে এক দেবালয় সমীপে উপস্থিত হইল। এবং নৃপতিগণ সেই গোদাবরীর বিমল সলিলে এবং সুমন্দ বায়ু সঞ্চালনে শ্রান্তি দূর করিয়া ক্রমশঃ তাহারা সেই দেবালয় সমীপে উপস্থিত হইলেন। তখন সেই দেবালয়ে ঐ কামিনী চতুষ্টয় অবস্থিতি করিতেছিল, তাহারা সহসা ঘোটকের ক্ষুর নির্ঘোষ শব্দ শ্রবণ করিয়া একি বলিয়া চমকিত ভাবে অন্ধের ন্যায় কোন দিগে গমন করিব নির্ণয় করিতে না

আক্রম্য বনস্তীর্ণাস্ত সমুদৈক্ষন্ত সর্ব্বতঃ।
অবশ্যং তীর্থসলিলে স্নানমানান্নরোত্তমান্‌।
তত্র চিত্রাঙ্গদা দৃষ্ট্বা জটামণ্ডলধারিণং।
সুরথং হসতী প্রাহ সম্বোহৎপুলকা সখীঃ।
যোহসৌ যুবা নীলঘনঃপ্রকাশঃ সংদৃশ্যতে দীর্ঘভুজঃ স্বরূপঃ।
স এব নূনং নবদেব সূনুর্বৃতো ময়া পূর্ব্বতরং পতির্যঃ।
যশ্চ বজাম্বুনদবর্ণতুল্যঃ শ্বেতং জটাভারমধারয়ন্তি।
স এব নূনং তপতাং বরিষ্ঠো ঋতধ্বজো নাত্র বিচারমস্তি।
ততো ব্রবীদ্ধোহৃষ্টা নন্দয়ন্তী সখীজনং।
এষো হ্যপরো হস্যৈব সুতো জাবালির্নাত্র সংশয়ঃ।
ইত্যেবমুক্ত্বা বচনং বনাত্তা অবতীর্য্য চ।
সমাসতা গ্রতঃ শম্ভোর্গায়ন্ত্যো গীতকান্‌ শুভান্‌।

অনুবাদ।

পারিয়া তৎক্ষণাৎ হাটকেশ্বর মহাদেবের আলয়ে প্রবেশ করিল। বাহন ও ভৃত্যগণসঙ্গে নৃপতিগণ আগমন করিতেছেন দেখিয়া বিবেচনা করিল, অবশ্যই কোন মহাত্মা এই তীর্থ সলিলে স্নানার্থ আসিয়াছেন। এই সময়ে চিত্রাঙ্গদা জটাধারী সুরথ নৃপতিকে অবলোকন করিয়া সহাস্য বদনে হর্ষের সহিত অন্যান্য সহচরীগণকে বলিতে লাগিল। এই নীলমেঘের ন্যায় বর্ণ আজানুলম্বিত বাহু রূপবান যুবা পুরুষকে দেখিতেছ এই রাজতনয়কে আমি নিশ্চয় পূর্ব্বে পতিত্বে বরণ করিয়াছিলাম, এই যে সুবর্ণ সদৃশ বর্ণ এক বৃদ্ধ শ্বেতবর্ণ জটাভার ধারণ করিতেছেন, এই মহাত্মা তাপসবর ঋতধ্বজ এ বিষয়ে কোন সন্দেহ নাই। অনন্তর নন্দয়ন্তী হৃষ্টান্তঃকরণে সখিগণকে বলিল। অপর এই যে বালক ইনি মহাত্মা ঋতধ্বজের পুত্র ইহার নাম জাবালি এ বিষয়ের কোন সংশয় নাই। পরস্পর এইরূপ বিতর্ক করিয়া সেই বন

ওঁ নমোস্তু সর্ব্বশম্ভো ত্রিনেত্র চারুগাত্র ত্রৈলোক্যনাথ উমাপতে। দক্ষযজ্ঞবিধ্বংসকারক কামাঙ্গনাশন পাপনাশন মহাপুরুষ মহোগ্রমূর্ত্তে সর্ব্বসত্ত্বক্ষয়ঙ্কর শুভঙ্করমহেশ্বর ত্রিশূলধারিন্ স্মরারে গুহাবাসিন্ দিগ্বাসঃ। মহাশঙ্খশেখরজটাধর কপালমালাবিভূষিত শরীরব্যোমচক্ষুঃ। ভস্মাদিগ্ধপ্রজাধ্যক্ষভগাক্ষক্ষয়ঙ্কর ভীমসেনমহাসেননাথ পশুপতে কামাঙ্গদাহন চত্বরবাসিন্ শিবমহাদেব ঈশান শঙ্কর ভীমভববৃষধ্বজ কটসাঁপ্রৌঢ় মহানাট্যেশ্বর ভূতিরত অবিমুক্তকরুদ্ররুদ্রেশ্বর স্থাণোএকলিঙ্গ কালিন্দীপ্রিয় শ্রীকণ্ঠনীলকণ্ঠ অপরাজিত রিপুভয়ঙ্কর সন্তোষপতে। বামদেব অঘোর তৎপুরুষ মহাঘোরমূর্ত্তয়ে শান্তবেশসরস্বতী কান্তকানাট সহস্রমূর্ত্তে

অনুবাদ।

হইতে সকলে বহির্গত হইয়া হাটকেশ্বর শঙ্করের সমীপে উপস্থিত হইল এবং সুস্বরে গান করিতে লাগিল। হে শম্ভো, হে ত্রিনেত্র, চারুনেত্র, ত্রৈলোক্যনাথ, উমাপতে তোমাকে নমস্কার করি! হে দক্ষযজ্ঞ বিনাশ কারিন্, কন্দর্পনাশন, পাপহারিন, মহাপুরুষ, মহোগ্রমূর্ত্তে! হে সর্ব্বজীব বিনাশন, ক্ষেমঙ্কর, মহেশ্বর, ত্রিশূলধারিণ, স্মরারে গুহাবাসিন, হে দিগম্বর, তোমাকে নমস্কার করি! হে মহাশঙ্খশেখর, জটাধর, কপালমালাবিভূষিতদেহ, ব্যোম চক্ষু! হে ভস্মাক্তকলেবর, প্রজাধ্যক্ষ, ভগাক্ষক্ষয়ঙ্কর, ভীমসেন, মহাসেন, পশুপতে, কামাঙ্গনাশন, চত্বরবাসিন্, হে শিব মহাদেব, ঈশান শঙ্কর, ভীম, ভব, বৃষধ্বজ, মহানাট্যেশ্বর, ভূতিরত, অবিমুক্তক, রুদ্র, রুদ্রেশ্বর, স্থাণো, হে একলিঙ্গ, কালিন্দীপ্রিয়, শ্রীকণ্ঠ, নীলকণ্ঠ, অপরাজিত, রিপুভয়ঙ্কর, সন্তোষপতে! হে বামদেব

মহোদ্ভব. বিভো, কালাগ্নি, রুদ্র হরমহীধরপ্রিয়,
সর্ব্বতীর্থাধিবাস, হংসকামেশ্বর, কেদারাধিপতে। পরি-
পূর্ণ মুচুকুন্দমথুরানিবাস. কৃপাণপানে. ভয়ঙ্করবিদ্যা
রাজসোমরাজ -কামরাজক, রঞ্জক, অঞ্জনরত্নবসন,
সমুদ্রশায়িন্ গয়ামুখ-গোকর্ণব্রহ্মযোনে, সহস্রবক্ত্রাক্ষি
চরণ ওঁ হাটকেশ্বরনমস্তে।

এতস্মিন্নন্তরেপ্রাপ্তাঃ সর্ব্বএবর্ষিপার্থিবাঃ।
দ্রষ্টুং ত্রৈলোক্যভর্ত্তারং ত্র্যম্বকং হাটকেশ্বরং।
সমাৰূঢ়াশ্চসুস্নাতা দদৃশুর্যোষিতশ্চতাঃ।
স্থিতশ্চপুরতস্তস্যগায়ন্ত্যোগেয়মুত্তমং।
ততঃ সুদেবতনয়োবিশ্বকর্ম্মসুতাং প্রিয়াং।
দৃষ্ট্বাহৃষিতচিত্তস্তু সম্বোহৎপুলকোবভৌ।

অনুবাদ।

অঘোর, তৎপুরুষ, মহাঘোরদুর্জ্জয়ে, শান্তবেশ্ম, সরস্বতীকান্ত, কোটি;
সহস্রমূর্ত্তে, হে মহোদ্ভব, বিভো, কালাগ্নি, রুদ্র, হর, মহীধরপ্রিয়!
হে সর্ব্ব তীর্থাধিবাসিন্, হংসকামেশ্বর, কেদারাধিপতে! হে পরি-
পূর্ণ মুচুকুন্দ, মথুরানিবাস, কৃপাণপানে, হে ভয়ঙ্কর, বিদ্যারাজ
সোম, রাজকাম, রাজকবঞ্চক, অঞ্জনরত্নবসন, সমুদ্রশায়িন্, হে
গয়ামুখ, গোকর্ণ, ব্রহ্মযোনে, হে সহস্র বক্ত্রাক্ষিচরণ, হে হাটকেশ্বর,
শঙ্কর, তোমাকে নমস্কার করি! এই সময়ে তাপসগণের সহিত
ভূপতিগণ সেই দেবালয়ে ত্রিলোকস্বামী হাটকেশ্বর ত্র্যম্বককে দর্শন
করিতে উপস্থিত হইলেন। তাঁহারা পুণ্য সলিলে স্নান পূর্ব্বক সমা-
গত হইয়া শঙ্করের আলয়ে উপস্থিতা কামিনী চতুষ্টয়কে শঙ্করের সম্মুখে
সুস্বরে গান করিতেছে দেখিলেন। তখন সুদেবতনয় সুরথ বিশ্বকর্ম্মার
তনয়া চিত্রাঙ্গদাকে অবলোকন করিয়া অতিশয় হর্ষলাভ করিলেন,

ঋতধ্বজোপিতম্বঙ্গীং দৃষ্ট্বাচিত্রাঙ্গদাং শুভাং।
প্রত্যভিজ্ঞানিযোগত্বা দ্বভৌমুদিতমানসঃ।
ততস্তুসহস্রাভ্যেত্য দেবেশং হাটকেশ্বরং।
সংপূজয়ন্তোদেবেশং স্তুবন্তঃসংস্থিতাঃক্রমাৎ।
চিত্রাঙ্গদাপিতা দৃষ্ট্বাঋতধ্বজপুরোগমান্।
সমংতাভিঃ কৃশাঙ্গীভিরভ্যুত্থায়াভ্যবাদয়ৎ।
সচতাঃপ্রতিনন্দ্যেবসমং পুত্রেণতাপসঃ।
সমংনৃপতিভিদৃষ্টঃ সংবিবেশযথাসুখং।
ততঃকপিবরঃপ্রাপ্তো ঘৃতাচ্যাসহসুন্দরি।
স্নাত্বাগোদাবরীতীর্থে দিদৃক্ষুর্হাটকেশ্বরং।
তত্রাপশ্যন্সুতাং তন্বীংঘৃতাচীশুভদর্শনা।
সাপিতাংমাতরং দৃষ্ট্বাহৃষ্টাভূদ্বরবর্ণিনী।

অনুবাদ।

মহর্ষি ঋতধ্বজ সেই চারুসর্ব্বাঙ্গী চিত্রাঙ্গদাকে অবলোকন করিয়া চিন্তা করিতে লাগিলেন, এই কামিনী কে পূর্ব্বে কোন স্থানে দেখিয়াছি, পরে কিছু স্থির করিতে না পারিয়া নেত্রদ্বয় উন্মীলন পূর্ব্বক চিন্তা করিয়া বিশেষ অবগত হইলেন। অনন্তর সকলে সেই হাটকেশ্বর শঙ্করের গৃহে প্রবেশ পূর্ব্বক ত্রিলোকস্বামী শঙ্করকে ভক্তিপূর্ব্বক পূজা ও স্তবপাঠ করিতে লাগিলেন। চিত্রাঙ্গদা মহর্ষি ঋতধ্বজের সহিত নৃপতিগণকে অবলোকন করিয়া সঙ্গিনীগণের সহিত ঋতধ্বজকে অভিবাদন করিলেন। মহর্ষি ঋতধ্বজ পুত্রের সহিত তাহাদিগের প্রত্যভিনন্দন করিলেন। পরে তাপসবর ঋতধ্বজ নৃপতিগণের সহিত দেবাদিদেব শঙ্করকে দর্শন করিয়া যথা সুখে অবস্থিতি করিলেন, অনতিবিলম্বে ঘৃতাচীর সহিত কপিবর সেই স্থানে উপস্থিত হইল। এবং সেই গোদাবরীর পুণ্য সলিলে অবগাহন পূর্ব্বক

ততোঘৃতাচীস্বাংপুত্রীং পরিস্বজ্জ্যাপীড়য়ৎ।
সবাস্পতনয়নাস্নেহান্মুহুস্তাং পরিজিঘ্রতী।
ততোঋতধ্বজঃশ্রীমান্‌কপিং বচনমব্রবীৎ।
গত্বানেতুং গুহ্যকন্তমঞ্জনাদ্রৌ হ্যঞ্জনং।
পাতালাদপিদৈত্যেশং বীরংকন্দরমালিনং।
স্বর্গাদ্‌গন্ধর্ব্বরাজানং পর্য্যন্তংশীঘ্রমায়।
ইত্যেবমুক্তোমুনিনা প্রাহদেববতীকপিং।
গালবং মানবশ্রেষ্ঠমিহানেতুং ত্বমর্হসি।
ইত্যেবমুক্তেবচনে কপির্মারুতবিক্রমঃ।
গত্বাঞ্জনং সমাগম্যজগামামরপর্ব্বতং।

অনুবাদ।

হাটকেশ্বর শঙ্করকে দর্শন করিলেন। সেই দেবালয়ে শুভাদর্শনা ঘৃতাচী স্বীয় তনয়া দেববতীকে অবলোকন করিলেন। এবং দেববতী জননীকে অবলোকন করিয়া সাতিশয় হৃষ্টচিত্তা হইলেন। অনন্তর ঘৃতাচী স্বীয় তনয়াকে পাইয়া বাহু প্রসারণপূর্ব্বক আলিঙ্গন করিলেন এবং নেত্রদ্বয়ে স্নেহবারি বিসর্জ্জন করতঃ বারম্বার মস্তকাঘ্রাণ করিতে লাগিলেন। অনন্তর মহর্ষি ঋতধ্বজ কপিবরকে বলিলেন, তুমি অঞ্জন পর্ব্বতে গমন কর, তথা হইতে গুহ্যকেন্দ্র অঞ্জনকে এস্থানে আনয়ন কর। এবং পাতালপুরী হইতে দৈত্যাধিপতি কন্দরমালীকে এখানে আনয়ন কর। স্বর্গ হইতে গন্ধর্ব্বরাজ পর্য্যন্তকে এস্থানে শীঘ্র আনয়ন কর। তাপসবর ঋতধ্বজ এইরূপ অনুমতি করিলে তখন দেববতী কপিবরকে বলিল। তুমি নরোত্তম তাপসবর গালবকে এস্থানে আনয়ন কর, দেববতী এইরূপ বলিলে মারুত বিক্রম কপিবর অতি দ্রুতগমনে অঞ্জন পর্ব্বতে গমন পূর্ব্বক গুহ্যকেন্দ্র অঞ্জনকে আহ্বান করিয়া

পর্য্যন্থং তত্রচানন্ত্য প্রেষয়িত্বামহাশ্রমে।
সপ্তগোদাবরীতীর্থে পাতালমগমৎকপিঃ।
তত্রামন্ত্র্যমহাবীর্য্যং কপিঃকন্দরমালিনং।
পাতালাদভিনিক্রম্য মহীংপর্য্যচরজ্জবী।
গালবংতপসোযোনিং দৃষ্ট্বামাহিষ্মতীমনু।
সমুৎপত্যানয়চ্ছীঘ্রং সপ্তগোদাবরংজলং।
তত্রস্নাত্বাবিধানেন সংপ্রাপ্তোহাটকেশ্বরং।
দদৃশেনন্দয়ন্তীঞ্চ স্থিতাংদেববতীমপি।
তেদৃষ্ট্বাগালবঞ্চৈব সমুত্থায়াভ্যবাদয়ন্।
সচাশিষংমহাদেবং মহর্ষিশ্চাভ্যবাদয়ৎ।

অনুবাদ।

তথা হইতে অমর পর্ব্বতে গমনপূর্ব্বক গন্ধর্ব্বরাজ পর্জন্যকে আহ্বান করিয়া সপ্ত গোদাবরীতীর্থে প্রত্যাগমন করিল তথা হইতে পাতাল পুরীতে গমন করিলেন, তথায় দানববর কন্দরমালীকে আহ্বান করতঃ পুনর্ব্বার পাতালপুরী হইতে প্রত্যাগমন পূর্ব্বক অবনীতলে পর্য্যটন করিতে লাগিলেন, ক্রমশঃ পৃথিবীর নানাস্থান ভ্রমণ করিয়া মহাত্মা তাপসবর গালবকে অবলোকন করিয়া আমন্ত্রণ করতঃ তাহাকে সঙ্গে লইয়া সপ্ত গোদাবরী তীর্থে উপস্থিত হইল। তাপসবর গালব সেই গোদাবরীর বিমল পুণ্য সলিলে অবগাহন করতঃ হাটকেশ্বর শঙ্করকে দর্শন করিলেন। এবং সেই স্থানে নন্দয়ন্তী ও দেববতীকে অবলোকন করিলেন, তখন নন্দয়ন্তী ও দেববতী তাপসবরকে অবলোকন করিয়া গাত্রোত্থান করতঃ তাপস বরকে অভ্যর্থনা নমস্কার করিলেন, তাপসবর তাহাদিগকে আশীর্ব্বাদ করিয়া হাটকেশ্বর শঙ্করকে নমস্কার করিলেন। তথ নৃপতিগণ তাপসকে দর্শন করিয়া গাত্রোত্থানপূর্ব্বক অভ্যর্থনা

ততোপিনৃপতিশ্রেষ্ঠাস্তং সংপূজ্য তপোধনং।
প্রহর্ষমতুলংগত্বা উপবিষ্টাযথাসুখং।
তেষূপবিষ্টেষু তদাবানরোপ্যনিমন্ত্রিতাঃ।
সমায়াতামহাত্মানো যক্ষগন্ধর্ব্বদানবাঃ।
তানাগতান্সমীক্ষ্যৈব পুত্র্যস্তাঃপৃথুলোচনাঃ।
স্নেহার্দ্রনয়নাঃসর্ব্বাস্তা বৈসস্বজিরেপিতৃন্।
নন্দয়ন্ত্যাদিকাদৃষ্ট্বা সপিতৃকাবরাননা।
সবাষ্পনয়নাজাতা বিশ্বকর্ম্মাত্মজাতদা।
অথতামাহসমুনিঃসত্যং সত্যধ্বজোবচঃ।
মাবিষাদংকুরুথাঃপুত্রি পিতায়ংতববানরঃ।

অনুবাদ।

করতঃ সমাদরে পাদ্যঅর্ঘ্য দ্বারা পূজা করিয়া সহর্ষ হৃদয়ে উপযুক্ত আসনে উপবেশন করাইলেন। পরে নৃপতিগণ স্বস্ব আসনে উপবেশন করিলেন। এই সময়ে কপিবরের নিমন্ত্রিত গুহ্যকশ্বর অঞ্জন গন্ধর্ব্বরাজ পর্য্যন্ত এবং দানববর বন্দরমালী সকলেই তথায় উপস্থিত হইল। কপিবরের নিমন্ত্রিত দানব, যক্ষ, গন্ধর্ব্ব উপস্থিত হইলে, পুত্রীগণ বহুদিন পরে পিতাকে অবলোকন করিয়া, নয়নবারি বিসর্জ্জন করতঃ স্বীয় স্বীয় পিতাকে আলিঙ্গন করিলেন। নন্দয়ন্তীপ্রভৃতি কন্যাগণ সস্নেহ নয়নে পিতাকে বারম্বার অবলোকন করিতে লাগিলেন এবং বিশ্বকর্ম্মার তনয়া সজল নয়নে পিতাকে অবলোকন না করিয়া অতিশয় দুঃখিতান্তঃকরণে দণ্ডায়মানা রহিয়াছেন দেখিয়া মহর্ষি ঋতধ্বজ বলিলেন, মহাত্মা সত্যধ্বজ যাহা বলিয়াছিলেন সে সত্য। হে পুত্রি! তুমি বিষাদ পরিত্যাগ কর, তোমার সম্মুখে তোমার পিতা এই বানর রূপ ধারণ-পূর্ব্বক দণ্ডায়মান আছেন। তখন চিত্রাঙ্গদা মহাত্মা

সাতদ্বচনমাকর্ণ্য ব্রীড়োপহতচেতনা।
কথংত্বয়বিশ্বকর্ম্মাসৌ বানরত্বংগতোহধুনা।
তুস্পুত্র্যাংময়িজাতায়াং তস্মান্মোক্ষ্যেকলেবরং।
ইতিসঞ্চিন্ত্যমনসা ঋতধ্বজমুবাচহ।
পবিত্রায়স্বমাংব্রহ্মন পাপোপহতচেতসং।
পিতুর্ঘ্নীযর্ত্তুমিচ্ছামি তদনুজ্ঞাতুমর্হসি।
অথোবাচমুনিস্তন্বীং মাবিষাদংকুথাশুভে।
ভাব্যস্যনৈবনাশোস্তি তস্মাত্ত্যাক্ষীঃকলেবরং।
ভবিন্যতিপিতাভূয়ঃ ভুয়োপ্যমরবার্দ্ধকিঃ।
ঘৃতাচ্যাংতেপত্যেসুতাচ্যান্তু নাত্রকার্য্যাবিচারণা।
ইত্যেবমুক্তেবচনে মুনিনাভাবিতাত্মনা।
ঘৃতাচীতাংসমভ্যেত্য প্রাহচিত্রাঙ্গদাংবচঃ।

অনুবাদ।

ঋতধ্বজের অদ্ভুত বাক্য শ্রবণ করিয়া অতিশয় লজ্জিত হইলেন, পরে তাপসকে জিজ্ঞাসা করিলেন, কি নিমিত্ত মহাত্মা বিশ্বকর্ম্মা বানররূপ আশ্রয় করিলেন, বোধ হয় আমি অতি কুপুত্রী জন্মিয়াছি? আমার নিমিত্তই বানর রূপ ধারণ করিয়াছেন, অতএব আমি জীবন বিসর্জ্জন করিব, এইরূপ মনে মনে চিন্তা করিয়া মহর্ষি ঋতধ্বজকে বলিলেন। মহাত্মন! আমি অতি পাপিয়সী আমাকে পবিত্র কর। আমি পিতৃহন্ত্রী আপনি অনুমতি প্রদান করুন্। অতএব আমি জীবন পরিত্যাগ করিত্যাগ করিব, তখন মহর্ষি ঋতধ্বজ চিত্রাঙ্গদাকে বলিলেন, তুমি বিষাদ করিও না, ভবিতব্য কখনই নষ্ট হয় না, অতএব তুমি কলেবর পরিত্যাগ করিও না, তোমার পিতা পুনর্ব্বার স্বীয় কলেবর ধারণ করিবেন, ঘৃতাচীর গর্ভে তোমার পিতার ঔরসে মহাবল পরাক্রান্ত

পুত্রিত্যজস্বশোকংত্বং মাসৈর্দ্দশভিরাত্মজঃ।
ভবিষ্যতিপিতুস্তুভ্যং মৎসকাশান্নসংশয়ঃ।
ইত্যেবমুক্ত্বাসংহৃষ্টা বভৌচিত্রাঙ্গদাতদা।
প্রতীক্ষ্যচসুচার্বঙ্গী বিবাহংপিতৃদর্শনং।
সর্ব্বাস্তা অপিতাবন্তং কালংস্বতনুকন্যকাঃ।
প্রত্যৈক্ষন্তবিবাহং হিতস্যাত্রবপ্রিয়েচ্ছয়া।
ততোদশসুমাসেষু সমতীতেষ্বথাপ্সরাঃ।
তস্মিন্‌গোদাবরীতীরে প্রসূতাতনয়ংশুভং।
জাতেপত্যেকপিত্বাচ্চ বিশ্বকর্ম্মাপ্যমুচ্যতে।
সমভ্যেত্যপ্রিয়াংপুত্রী পর্য্যস্বজ্জতচাদরাৎ।
ততঃপ্রীতেনমনসা সংস্মারসুরবার্দ্ধকৈঃ।
সুরাণামধিপংশক্রং সহৈবসুরকিন্নরৈঃ।

অনুবাদ।

পুত্র হইলেই শাপ মোচন হইবেক। তাপসবর এই রূপ বলিলে, ঘৃতাচী চিত্রাঙ্গদাকে বলিল। হে পুত্রি! তুমি শোক সম্বরণ কর, আমার গর্ভে তোমার পিতার সন্তান জন্মিয়াছে দশমাস পরেই ভূমিষ্ঠ হইবে, এ বিষয়ের কোন সন্দেহ নাই। ঘৃতাচী চিত্রাঙ্গদাকে এরূপ আসস্ত করিলে চিত্রাঙ্গদা সাতিশয় সন্তোষ লাভ করিলেন পরে সেই চারুসর্ব্বাঙ্গী চিত্রাঙ্গদা পিতার পূর্ব্ব কলেবর ধারণ এবং মহারাজ সুরথের সহিত পরিণয় প্রতীক্ষা করিতে লাগিলেন অন্যান্য নন্দয়ন্তীপ্রভৃতি সঙ্গিনীগণ সকলে সুরথের সহিত চিত্রাঙ্গদার পরিণয় প্রতীক্ষা করিতে লাগিলেন। অনন্তর এই রূপ দশ মাস অতি বাহিত হইলে, সেই গোদাবরী তীরে ঘৃতাচী সুপুত্র প্রসব করিল, সন্তান ভূমিষ্ঠ, হইলে মহাত্মা ঋতধ্বজের তপোবনে তৎক্ষণাৎ বিশ্বকর্ম্মা বানর রূপ পরিত্যাগ করিয়া স্বীয় কলেবর ধারণ

দৃষ্ট্বাথসংস্মৃতঃশক্রো গরুদ্গণবৃতস্তথা।
সুরৈঃসরুদ্রৈঃসংপ্রাপ্ত স্তত্তীর্থংহাটকাহ্বয়ং।
সমায়াতেষুদেবেষু গন্ধর্ব্বেষ্বপ্সরঃসুচ।
ইন্দ্রদ্যুম্নোমুনিশ্রেষ্ঠ মৃতধ্বজমুবাচহ। .
জাবালেদীয়তাংব্রহ্মন্ সুতাকন্দরমালিনঃ।
গৃহ্নাতুবিধিবৎপাণিং দৈত্যেয্যাস্তনয়স্তব।
নন্দয়ন্তীঞ্চশকুনিঃ পরিনেতুংসুরূপবান্।
মর্য়েয়ংদেববত্যাস্তু হুত্বাহ্ব্যংবিধানতঃ।
গায়ন্তুস্তত্রগন্ধর্ব্বা নৃত্যন্তোপ্সরসস্তথা।
আদৌজাবালিনাপাণি গৃহীতোদৈত্যকন্যয়া।

অনুবাদ।

করিলেন। সম্মুখে প্রিয়াপুত্রী চিত্রাঙ্গদাকে অবলোকন করিয়া সাতিশয় স্নেহ পরভন্ত্র হইয়া আলিঙ্গন করিলেন। অনন্তর সাতিশয় আনন্দ হৃদয়ে কিন্নর গণের সহিত দেবাগ্রগণ্য পুরন্দরকে স্মরণ করিলেন। মরুদগণ বেষ্টিত পুরন্দর তথায় উপস্থিত হইয়া বিশ্বকর্ম্মাকে অবলোকন করিয়া তাঁহার পূর্ব্ব বৃত্তান্ত সমস্ত স্মৃতি পথারূঢ় হইল। তখন পুরন্দর অন্যান্য দেবগণ রুদ্রগণ এবং গন্ধর্ব্বগণের সহিত গোদাবরী তীর্থে হাটকেশ্বর শঙ্করের আলয়ে উপস্থিত হইলেন এবং সকলে সেই পুণ্যতীর্থে উপস্থিত হইলে মহাত্মা ইন্দ্রদ্যুম্ন ঋতধ্বজকে বলিলেন। হে ব্রহ্মন্! আপনি মহাত্মা জাবালিকে কন্দরমালী দানব কন্যা প্রদান করুন্। এবং ঋতধ্বজকে বলিলেন, তোমার পুত্র বিধিপূর্ব্বক দানববর কন্দরমালীর কন্যার পাণি গ্রহণ করুন্। আমার প্রিয় ভ্রাতৃপুত্র রূপবান শকুনিকে নন্দয়ন্তী গন্ধর্ব্ব কন্যা প্রদান করুন্, আমি বিধিপূর্ব্বক অগ্নি সন্নিধানে দেববতীর পাণি গ্রহণ করিব। অতএব এক্ষণে গন্ধর্ব্বগণ

ইন্দ্রদ্যুম্নেনতদ্বচ্চ দেববত্যাবিধানতঃ।
ততঃশকুনিনাপাণি গৃহীতোযক্ষকন্যয়া।
চিত্রাঙ্গদায়াঃকন্যায়াঃ সুরথঃপাণিমগ্রহীৎ।
এবংক্রমাদ্দেবহিতু নিবৃত্তস্তমুনধ্যমে।
বৃত্তেষুনির্ব্বিবাহেচ শক্রাদীন্প্রাহদৈবতান্।
তস্মিংস্তীর্থেভবন্তিস্তু সপ্তগোদাবরেতথা।
স্তেরংবিশেষতোমাস সিদ্ধ্যাপবমুত্তমং।
বাক্যমুক্তাসুরাঃসর্ব্বে জগ্মুস্ত্রৈদিবং ক্রমাৎ।
মুনয়োমুনিমাদায় সপুত্রংজগ্মুরাদরাৎ।
ভার্য্যাশ্চাদয়রাজনঃ স্বংস্বং নগরমাগতাঃ।
সংহৃষ্টাঃসুখীনস্তস্থু ভুঞ্জন্তোবিষয়ান্প্রিয়ান্।

অনুবাদ।

সুস্বরে গান করুক এবং অপ্সরাগণ নৃত্য করুক। অগ্রে জাবালি দৈত্য কন্যার পাণি গ্রহণ করিলেন, তৎপরে মহাত্মা ইন্দ্রদ্যুম্ন দেববতীর পাণি গ্রহণ করিলেন। তদনন্তর মহাবীর শকুনি নন্দয়ন্তীর পাণি গ্রহণ করিলেন। পরে মহাত্মা সুরথ বিশ্বকর্ম্মার তনয়া চিত্রাঙ্গদার পাণি গ্রহণ করিলেন। এইরূপে ক্রমশ বিবাহ-কার্য্য নির্ব্বাহ হইলে মহর্ষি ঋতধ্বজ ইন্দ্রাদি দেবগণকে বলিলেন। এই সপ্ত গোদাবরী তীর্থে আপনারা অবস্থিতি করিলেন, একারণ এই স্থান অতি পুণ্য-ভূমি হইল এবং চৈত্র মাসে আপনারা এই স্থানে বাস করিবেন। তখন দেবগণ মহর্ষি ঋতধ্বজের বাক্যে অঙ্গীকার করিয়া সকলে ক্রমশঃ সুরলোকে গমন করিলেন। এবং তাপসগণ সপুত্র ঋতধ্বজকে অগ্রে লইয়া স্ব স্ব আশ্রমে গমন করিলেন। নৃপতিগণ ভার্য্যা সঙ্গে লইয়া স্বীয় স্বীয় রাজধানীতে গমন করিলেন। পরে নৃপতিগণ সকল হৃষ্টান্তঃকরণে বিষয় ভোগে কালাতিপাত করিতে

চিত্রাঙ্গদয়াঃকল্যাণি এবংবৃত্তংপুরাকিল।
তস্মাংকমলপত্রাক্ষি ভজস্বললনোত্তমে।
ইত্যেবমুক্তানরদেব সূনুস্তাংভূমিদেবস্য সুতাংবরোরুং।
স্তুবনমৃগাক্ষীংমৃদুনা ক্রমেণসাচাপিবাক্যং নৃপতিংবভাষে॥
ইতি শ্রীবামনপুরাণেষড়্ত্রিংশত্তমোহধ্যায়ঃ।

সপ্তত্রিংশত্তমোহধ্যায়।

অরজা উবাচ।

নাস্নানংতবদাস্যামি বহুনোক্তেনকিংতব।
রক্ষস্তীভবতঃশাপ মাত্মনশ্চমহীপতে।

প্রহ্লাদ উবাচ।

এবংবিবদমানাং তাংভার্গবেন্দ্রসুতাংবলাৎ।
কামোপহতচিত্তাত্মা ব্যধ্বংসমতমন্দধীঃ।

অনুবাদ।

লাগিলেন। হে কল্যাণি! চিত্রাঙ্গদার বৃত্তান্ত তোমাকে সমস্ত বলিলাম এক্ষণে হে কমলপত্রাক্ষি ললনোত্তমে! তুমি আমাকে স্বামিত্বে বরণ কর। এইরূপ রাজতনয় বিপ্রতনয়া অরজাকে বলিয়া বিবিধ অনুনয় বিনয় বাক্য প্রয়োগ করিলে অরজা নৃপতিকে বলিলেন।

ইতি বামনপুরাণে ষড়্ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

অরজা বলিল। হে রাজন্! আপনার বিস্তর বাক্য প্রয়োগের আবশ্যক কি আমি আত্ম-প্রদানে তোমার অভীষ্ট সিদ্ধি করিব না এক্ষণে তুমি অভিসম্পাত হইতে পরিত্রাণ হও, অন্ধকাসুরের প্রবো-ধার্থে প্রহ্লাদ এইরূপ ইতিহাস বলিয়া পুনর্ব্বার বলিলেন।

তাং কৃত্বাচ্যুতচারিত্র্যাং মদান্ধঃপৃথিবীপতিঃ।
নিশ্চক্রামাশ্রমাত্তস্মাদ্গতশ্চ নগরংনিজং।
সাপিশুক্রসুতাতন্বী অরজারজসাপ্লুতা।
আশ্রমাদুথনির্গত্য বহিস্তস্থাবধোমুখী।
চিন্তয়ন্তীসপিতরং রুদন্তীচমুহুর্মুহুঃ।
মহোগ্রহোপতপ্তেব রোহিণীশশিনঃপ্রিয়া।
ততোবহুতিথেকালে সমাপ্যেযজ্ঞকর্ম্মাণি।
পাতালাদাগমচ্ছুক্রঃ স্বমাশ্রম পদংপ্রতি।
আশ্রমান্তেচদদৃশেসুতাং দীনাংরজস্বলাং।
মেঘলেখামিবাকাশে সন্ধ্যারাগেনরঞ্জিতাং।
তাংদৃষ্ট্বাপরিপপ্রচ্ছ পুত্রিকেনাসিধর্ষিতা।
কঃক্রীড়তিসরোষেণ সমমাশীবিষেণহি।
কোদ্যৈববাম্যাংনগরীং গমিষ্যতিসদুর্ম্মতিঃ।

অনুবাদ।

এইরূপ বিপ্রতনয়া অরজা দণ্ড নৃপতির সহিত বিস্তর বাদ বিসম্বাদ করিলে মন্দবুদ্ধি নৃপতি দণ্ড অতিশয় কামান্ধ হইয়া বলপূর্ব্বক অরজার ধর্ম্মনষ্ট করিয়া তথা হইতে স্বনগরাভি মুখে গমন করিল। তখন ধূলি ধূসরিত দেহা ভার্গবনন্দিনী অরজা আশ্রম হইতে বহির্গত হইয়া অধোমুখে পিতাকে চিন্তা করিয়া বারম্বার রোদন করিতে লাগিল। এইরূপে বহুকাল অতিবাহিত হইলে শুক্রাচার্য্য দানবরাজের যজ্ঞকার্য্য সমাধা করিয়া পাতালপুরী হইতে স্বীয় আশ্রমপদে আগমন করিলেন। আশ্রমের প্রান্তভাগে ধূলিসিক্ত দেহা দীনা স্বতনয়াকে অবলোকন করিয়া জিজ্ঞাসা করিলেন। পুত্রি তোমাকে কে ধরিয়াছিল, কোন স্থানে ক্রোধান্ধ ভুজঙ্গের সহিত ক্রীড়া করিয়াছিলে। কোন দুর্ম্মতি অদ্য

যস্ত্বাংশুদ্ধসমাচারাং বিধ্বংসয়তিপাপকৃৎ।
ততঃস্বপিতরংদৃষ্ট্বা রুদন্তীচমুহুর্মুহুঃ।
রুদতীব্রীড়য়াপেতা মন্দমন্দমুবাচহ।
তবশিষ্যেণদণ্ডেন বার্য্যমানেনচাগকৃৎ।
বলাদনাথারুদতী নীতাহস্মিবচনীয়তাং।
ততঃপুত্র্যাঃবচশ্রুত্বা ক্রোধসংরক্তলোচনঃ।
অপঃস্পৃশ্যশুচিভূত্বা ইদংবচনমব্রবীৎ।
যস্মাত্তেনাবিনিতেন মত্তোদ্যভয়মুক্তনং।
গৌরবঞ্চতিরস্কৃত্য চ্যুতধর্ম্মারজাকৃতা।
তস্মাৎস্বরাষ্ট্রঃসবলঃ সভৃত্যোবাহনৈঃসহ।
সপ্তরাত্রান্তরাদ্ভস্মোপল বৃষ্ট্যাভবিষ্যতি॥
ইত্যেবমুক্ত্বামুনিপুঙ্গবোসৌ শপ্ত্বাতুদণ্ডং স্বসুতামুবাচ।
ত্বং পা মোক্ষার্থমিহৈব পুত্রিতিষ্ঠস্ব কল্যাণিতপশ্চরন্তী॥

অনুবাদ।

এস্থানে আসিয়াছিল কোন পাপাত্মা এস্থানে আসিয়া শুদ্ধা চারিণী তনয়াকে এরূপ দুরবস্থা করিয়াছে। তখন অরজা পিতাকে অবলোকন করিয়া বারম্বার রোদন করিতে লাগিল। এবং লজ্জায় অধোমুখে ক্রমশ বলিতে লাগিল। আপনার শিষ্য দণ্ড নরপতি এই আশ্রমে আসিয়াছিল, আমি তাহাকে বিস্তর নিষেধ করিয়া রোদন করিতে লাগিলাম তথাপি বলপূর্ব্বক অনাথা আমাকে লইয়া গিয়াছিল। তখন শুক্রাচার্য্য তনয়ার এরূপ কাতর বাক্য শ্রবণ করিয়া ক্রোধে আরক্ত লোচন তৎক্ষণাৎ জলস্পর্শে শুচি হইয়া বলিলেন। যে নিমিত্ত অদ্য তুমি কামান্ধ হইয়া শঙ্কা ও গৌরব পরিত্যাগ পূর্ব্বক অরজার ধর্ম্ম নষ্ট করিয়াছ। অতএব পাপাত্মা তুমি রাজ্য বল ভৃত্য ও বাহনগণের সহিত সপ্তরাত্র মধ্যে প্রস্তর বৃষ্টিদ্বারা

শপ্ত্বৈবংভগবান্‌শুক্রো দণ্ডমিক্ষ্বাকুনন্দনং।
জগামশিষ্যসহিতঃ পাতালংদানবালয়ং।
দণ্ডোপিভস্মসাদ্ভূতঃ সরাষ্ট্রবলবাহনঃ।
মহতোপলবর্ষেণ সপ্তরাত্রান্তরেতদা।
এবন্তুদণ্ডকারণ্যং পরিরক্ষন্তিদেবতাঃ।
আলয়ংরাক্ষসানাং তৎকৃতংদেবেনশম্ভুনা।
এবম্পরকলত্রাণি নয়ন্তিসুকৃতানপি।
ভস্মীভূতান্‌প্রাকৃতাংশ্চ মহান্তঞ্চপরাভবং।
তস্মাদন্ধকদুর্ব্বুদ্ধেনকার্য্যা ভবতাত্বিয়ং।
প্রাকৃতাপিদহেন্নারী কিমুতাহোঽদ্রিনন্দিনী।

অনুবাদ।

ভস্মীভূত হইবে। তাপসবর শুক্রাচার্য্য এইরূপ দণ্ড নরপতিকে অভিসম্পাত করিয়া তনয়াকে বলিলেন। হে কল্যাণি হে পুত্রি! তুমি এই পাপ শান্তির জন্য এস্থানে তপস্যা কর। পরে মহাত্মা ভার্গব দণ্ড নরপতিকে অভিসম্পাত করিয়া সশিষ্য পাতালপুরী দানবালয়ে গমন করিলেন এবং দেখিলেন সপ্তরাত্র মধ্যে ভয়ঙ্কর প্রস্তর বর্ষণে সরাজ্য সবল সবাহন ভৃত্যগণের সহিত দণ্ড নরপতি ভস্মীভূত হইয়াছে। পরে সেই স্থান দণ্ডকারণ্য নামে বিখ্যাত হইল। দেবগণ সর্ব্বদা এই দণ্ডকারণ্য রক্ষা করিয়া থাকেন, দেবাদিদেব শূলপাণি নিশাচরদিগের বাসের জন্য এই স্থান প্রদান করিয়াছেন। এইরূপ কামান্ধ হইয়া পরনারীতে গমন করিয়া দণ্ড নরপতি স্বয়ং পরাভব এবং সরাজ্যের সহিত ভস্মীভূত হইল। অতএব হে অন্ধক হে দুর্ব্বুদ্ধে! তুমি কদাচ এরূপ অভিলাষ করিও না। এরূপ কার্য্য করিয়া সামান্য নারী হইতে দণ্ড নরপতি বিনাশ হইল নগনন্দিনী হইতে যে বিনাশ হইবে এ বিষয়ের

শঙ্করোপিনদৈত্যেশ শক্যোজেতুংসুরাসুরৈঃ।
দ্রষ্টুমপ্যমিতৌজস্কং কিমুযোধয়িতুংরণে॥

পুলস্ত্য উবাচ।

ইত্যেবমুক্তেবচনেক্রুদ্ধ স্তাম্রেক্ষণঃশ্বসন্।
বাক্যমাহমহাতেজাঃ প্রহ্লাদংচান্ধকাসুরঃ।
কিংনুনাসৌরণেজেতুং শক্যস্ত্রিনয়নোঽসুরঃ।
একাকীধর্ম্মরহিতো ভস্মারুণিতবিগ্রহঃ।
নান্ধকোবিভিয়াদিন্দ্রাদমরেভ্যঃ কথঞ্চন।
সকথংবৃষপর্ব্বাখ্যাদ্বিভেতি স্ত্রিসুখেক্ষকাৎ।
তৎশ্রুত্বাস্যবচোঘোরং প্রহ্লাদঃপ্রাহনারদ।
নসম্যগুক্তংভবতা বিরুদ্ধংধর্ম্মতোঽর্থতঃ।
হুতাশনপতাঙ্গাভ্যাং সিংহক্রোষ্টুকয়োরিব।

অনুবাদ।

সন্দেহ কি। হে দৈত্যেশ! দেব দৈত্য দানব প্রভৃতি কেহই শূলপাণিকে পরাজয় করিতে পারে নাই। সেই অমিত-বিক্রমশালী শঙ্করকে দেখিয়া কোন ব্যক্তি তাহার সহিত সংগ্রাম করিতে ইচ্ছা করে। পুলস্ত্য বলিলেন, ধার্ম্মিক বর প্রহ্লাদ এইরূপ বলিলে দানবাধম অন্ধক ক্রোধে আরক্ত লোচন বারম্বার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া প্রহ্লাদকে বলিল। হে দানববর তুমি কি বলিলে আমি সংগ্রামে শঙ্করকে পরাজয় করিতে পারিব না। শঙ্কর একাযোগী ভস্মাচ্ছাদিত দেহ, আমি কি ইন্দ্র ও অন্যান্য দেবগণের শঙ্কা করিয়া থাকি সেই শঙ্কর যদি সংগ্রামে বিজয়ী হইবে তবে কি নিমিত্ত বৃষপর্ব্বা দানবের নিকট ভীত হইয়াছিল। অন্ধকের এই কথা শ্রবণ করিয়া প্রহ্লাদ ক্রোধপূর্ব্বক অতি ভয়ঙ্কর বাক্য সকল বলিতে লাগিল। হে দানব! তুমি যাহা বলিলে তাহা

গজেন্দ্রমশকানাঞ্চ রুক্মপাষাণয়োরিব।
এতেষামেভিরুদিতং যাবদন্তরমন্ধক।
তাবদেবান্তরংনাস্তি ভবতোবাহরস্তবা।
বারিতোঽসিময়াবীর ভূয়োভূয়শ্চবার্য্যসে।
শৃণুষ্ববাক্যংদেবর্ষে রসিতস্তমহাত্মনঃ।
যোধর্ম্মশীলোজিত বাগরোষাবিদ্যাবিনীতোনপরোপতাপী।
স্বদারতুষ্টঃ পরদারবর্জীনতস্তলোকেভয়নস্তি কিঞ্চিৎ॥
যোধর্ম্মহীনঃকলহপ্রিয়ঃ সদাপরোপতাপী শ্রুতিশাস্ত্রবর্জিতঃ।
পরার্থদারেপ্সুরসবর্ণসঙ্গমী সুখং নবিন্দেতপরত্রনেহ।
ধর্ম্মান্বিতোভূদ্ভগবান্প্রভাকরঃ সংত্যক্তরোষশ্চমুনিঃসবারুণিঃ।
বিদ্যান্বিতো ভূম্মনুরর্কপুত্রঃ সদারসংতুষ্ট মনামনস্বী।

অনুবাদ।

ভাল নয় এবং ধর্ম্মত অর্থত বিরুদ্ধ যেরূপ হুতাশন ও পতঙ্গ সিংহ ও শৃগাল গজেন্দ্র মশক সুবর্ণ ও প্রস্তর এই সকল বস্তুতে যেরূপ তুল্য হইতে পারে না, তাদৃশ শঙ্করের সহিত তোমার তুলনা হইতে পারে না, হে বীর! আমি তোমাকে বারম্বার নিষেধ করিতেছি, আমার বারণ শুনিতেছ না, অতএব মহাত্মা অমিতের ইতিহাস শ্রবণ কর। যে ব্যক্তি ধর্ম্মশীল জিগীষা বিহীন অক্রোধী বিদ্যাবান্ বিনয়ী স্বদারনিয়ত পরনারী আসক্তি বিহীন এবং পরোপতাপী নহে সে ইহলোকে স্বচ্ছন্দে জীবনযাত্রা নির্ব্বাহ করে, কদাচ ভীত হয় না। যেজন ধর্ম্মহীন কলহ প্রিয় পরোপতাপী বিদ্যাবিহীন পরদারে আসক্ত এবং অসবর্ণা নারীর সহবাস করে সে ইহলোকে ও পরলোকে কখনই সুখী হয় না। ভগবান প্রভাকর অতি ধার্ম্মিক বশিষ্ঠ প্রভৃতি তাপসগণ বীতরাগী আদিত্য তনয় মনু অতিশয় বিদ্যাবান অগস্ত্য স্বদার প্রিয়। এই সকল পুণ্য

এতানিপুণ্যানি কৃতান্মমীভির্ম্ময়ানিবদ্ধানি কুলক্রমোক্ত্বা।
তেজোন্বিতাঃ শাপবরক্ষমাশ্চ জাতাশ্চসর্ব্বে সুরসিদ্ধপূজ্যাঃ।
অধর্ম্মযুক্তোঙ্গসুতো বভূববিষ্টশ্চনিত্যং কলহপ্রিয়োভূৎ।
পরোপতাপীনহুশশ্চ রাজাপরার্থলিপ্সু দিতিজোহিরণ্যদৃক্।
মূর্খশ্চতস্যাপ্যনুজঃ সুদুর্ম্মতিরবর্ণসঙ্গী যত্নুরুত্তমৌজাঃ।
এতেবিনষ্টাস্তনয়াৎ পুরোহিতৈরসত্যলুব্ধাঃ কুলধর্ম্মনাশকাঃ॥
তস্মাদ্ধর্ম্মোনসংত্যজ্যো ধর্ম্মোহিপরমাগতিঃ।
ধর্ম্মহীনানরাযান্তি রৌরবংনরকংমহৎ।
ধর্ম্মস্তু গদিতঃ পুংভি স্তারণংদিবিচেহচ।
পতনায়তথাধর্ম্মস্ত্বি হলোকেপরত্রচ।
ত্যজ্যংধর্ম্মান্বিতৈর্নিত্যং পরদারোপসেবনং।
নয়ন্তিপরদারাস্তু নরকানৈকবিংশতিং।

অনুবাদ।

শীল মহাত্মার জীবন বৃত্তান্ত বলিলাম। দেবগণ ও সিদ্ধগণ অতি তেজস্বী বরদান অভিসম্পাত ক্ষমা করিতে পারেন। অঙ্গ মহীপতির পুত্র অতি অধার্ম্মিক বিষ্ট অতি কলহ প্রিয় নহুষ পরোপতাপী হিরণ্যাক্ষ পরার্থ লুব্ধ ছিল। হিরণ্যাক্ষের অনুজ হিরণ্যকশিপু অতি মূর্খ ও দুর্ম্মতি এবং অতি বলবান ছিল। এই সকল লোক অতি মিথ্যাবাদী কুলধর্ম্মনাশক ছিল এজন্য তনয় ও পুরোহিত দ্বারা বিনষ্ট হইল। অতএব ধর্ম্ম কখনই ত্যজ্য নয় ধর্ম্মই মানবগণের পরম গতি ধর্ম্ম হীন মানবগণ রৌরব নরকে গমন করে। ধর্ম্মই মানবগণের ইহলোকে ও পরলোকে পরিত্রাণ করে এবং অধর্ম্ম ইহলোকে পরলোকে ক্লেশ প্রদান করে। ধার্ম্মিকলোক পরদার সেবা পরিত্যাগ করেন। পরদারে গমন করিলে একবিংশতি বারনরকে গমন করে। সকল বর্ণের মধ্যে এই ধর্ম্মই উত্তম ও

সর্ব্বেষামেববর্ণানা মেষধর্ম্মোধ্রুবোচ্যতে।
পরান্নপরদারেষু যদাবাঞ্ছাংকরিষ্যতি।
এবংস্বরাসুরপতি র্দেবর্ষিরসিতোঽব্যয়ঃ।
প্রাহধর্ম্মব্যবস্থানং খগেন্দ্রোবরুণায়হি।
তস্মাৎসুদূরতোবর্জ্জেৎ পরদারান্‌বিচক্ষণঃ।
নয়ন্তিনিকৃতিংপ্রাজ্ঞ পরদারাঃপরাভবং॥

পুলস্ত্য উবাচ।

ইত্যেবমুক্তেবচনে প্রহ্লাদংপ্রাহচান্ধকঃ।
ভবান্‌ধর্ম্মপরোহ্যেব নাহংধর্ম্মংসমাচরেৎ।
ইত্যেবমুক্ত্বাপ্রহ্লাদ মন্ধকঃপ্রাহসত্বরং।
দীয়তাংগিরিপুত্রীতি বাচ্যোহিশঙ্করস্ত্বয়া।
গচ্ছসম্বরশৈলেন্দ্রং মন্দরংমমবাক্যতঃ।
পরিভুঞ্জসিকেনাদ্য তবদত্তোবদস্বমাং।

অনুবাদ।

পরধনে ও পরদারাতে যে অভিলাষ করে তাহার ইহলোকে ও পরলোকে ঘোর যন্ত্রণা হয়। এইরূপ সুরাসুর পতি ভগবান অব্যয় বৈনতেয় ও বারুণকে ধর্ম্মের নিয়ম বলিয়াছিলেন। অতএব পরদারা দূরে পরিত্যাগ করিবেক। বিচক্ষণব্যক্তি পরদারায় রত হইলে বিকৃতি ও নিন্দা ভাজন হয়। পুলস্ত্য বলিলেন। মহাত্মা অন্ধককে এইরূপ ধর্ম্মোপদেশ প্রদান করিলে অন্ধক তখন প্রহ্লাদকে বলিল। আপনি ধার্ম্মিক ধর্ম্মভীরু আমি অধার্ম্মিক ধর্ম্মে শঙ্কা করি না। এই কথার পর প্রহ্লাদকে পুনর্ব্বার বলিল, আমি সমস্ত নিবৃত্ত হইব, তুমি শঙ্করকে বল গিরীনন্দিনীকে আমায় প্রদান করুক। অতএব হে সম্বর! তুমি এক্ষণে মন্দর পর্ব্বতে গমন কর, এবং শঙ্করকে বল তুমি এই মন্দরপর্ব্বত ভোগ করিতেছ তোমাকে

তিষ্ঠন্তিশাসনেমহ্যং দেবাঃশক্রপুরোগমাঃ।
ইত্যুক্তঃসতদাতেন সম্বরোমন্দরংদ্রুতং।
জগামতত্রযত্রাস্তে মহাদেব্যাপিনাকধৃক্।
গত্বোবাচান্ধকবচো যথাতথ্যংদনোঃসুতঃ।
তমুত্তরংহরঃপ্রাহ শৃণ্বন্ত্যাগিরিকন্যয়া।
মমায়ংমন্দরোদত্তঃ সহস্রাক্ষেণধীমতা।
তন্নশক্তোপিসংত্যক্তুং বিনাজ্ঞাংবৃত্রবৈরিণঃ।
যচ্চাব্রবীৎদীয়তাংমে গিরিপুত্রীতিদানবঃ।
তদেষা যত্তু স্বং কামং নাহংবারয়িতুংক্ষমঃ।
ব্রূহিগত্বান্ধকং বীরমমবাক্যং বিপশ্চিতং।
অহংপতাকাসংগ্রামে ভবানীশম্ভুদেহিনৌ।
প্রাণশঙ্কাংপরিস্তীর্য্য যোজেষ্যতিসলপ্স্যতি।

অনুবাদ।

এই পর্ব্বত কে দিয়াছে আমাকে বল, ইন্দ্রাদি দেবগণ সকলে অদ্যাপি আমার শাসনে আছে। অন্ধক সম্বরকে এই কথা বলিলে পর সম্বর তৎক্ষণাৎ দ্রুতবেগে মন্দর পর্ব্বতে যেস্থানে গিরিনন্দিনীর সহিত শূলপাণি অবস্থিতি করিতেছেন সেই স্থানে গমন করিল। দানবাধিপ-গণ্য অন্ধক যেরূপ বলিয়াছিল, শঙ্করকে সমস্ত বলিল। দানবের বাক্য শ্রবণ পূর্ব্বক নগনন্দিনীর সহিত শঙ্কর দানবকে বলিলেন। আমাকে শচীপতি এই পর্ব্বত দিয়াছেন তাহার অনুমতি ভিন্ন আমাকে এই পর্ব্বত হইতে অপসারিত করিতে পারিবে না। তখন সম্বর বলিল অন্ধক দানববর বলিয়াছেন তুমি নগনন্দিনীকে আমায় দিয়া এই স্থানে স্বচ্ছন্দে অবস্থিতি কর, আমি তোমাকে কখনই নিষেধ করিব না। শঙ্কর দানবের একপ অত্যুক্তি শ্রবণ করিয়া বলিলেন, হে বীর। তুমি অন্ধককে বল আমি সংগ্রামের পতাকা স্বরূপ যে

ইত্যেবমুক্তো মতিমান্ শম্বরোঽন্ধকমাগমৎ।
স সমাগম্যাব্রবীদ্বাক্যং শার্ব্বং গৌর্য্যা চ ভাষিতং।
তৎ শ্রুত্বা দানবপতিঃ ক্রোধরক্তেক্ষণঃ শ্বসন্।
সমাহূয়াব্রবীদ্দস্যুং দুর্য্যোধনমিদং বচঃ।
গচ্ছ শীঘ্রং মহাবাহো ভেরীং সাঙ্গ্রাহিকীং দৃঢ়াং।
তাড়য়স্ব সুবিশ্রব্ধং দুঃশীলামিব যোষিতং।
সমাদিষ্টোঽন্ধকেনাথ ভেরীং দুর্য্যোধনো বলাৎ।
তাড়য়ামাস বেগেন যথা প্রাণেন ভূয়সা।
সা তাড়িতা বলবতা ভেরী দুর্য্যোধনেন হি।
সুস্বরং ভৈরবং নাদং রুরাব শরভীষণা।
তস্যাস্তং স্বরমাকর্ণ্য সর্ব্বত্র বমহাসুরাঃ।

অনুবাদ।

ব্যক্তি জীবনের শঙ্কা পরিত্যাগ করিয়া আমাকে ও ভবানীকে পরাজয় করিতে সমর্থ হইবে সে নগনন্দিনীকে লাভ করিবেক। অতি বুদ্ধিমান্ শঙ্কর এইরূপ বলিলে দানব দ্রুতবেগে তথা হইতে গমন পূর্ব্বক দানববর অন্ধককে ভবানীপতি ও ভবানী যাহা বলিয়াছিলেন সে সমস্ত কীর্ত্তন করিল। দানববর ভবানীপতির গর্ব্বিত বাক্য শ্রবণ করিয়া সক্রোধে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক দুর্য্যোধন দানবকে বলিল। হে দানব! তুমি শীঘ্র গমন কর এবং ভেরী ঘোষণা কর। সেই দুঃশীলা কামিনীকে সংগ্রামে পরাভূত কর। এইরূপ দুর্য্যোধন দানব দানববর অন্ধকের অনুমতি পাইয়া বারম্বার ভেরী ঘোষণা করিল। দুর্য্যোধন বলপূর্ব্বক ভেরী ঘোষণা করিলে সমস্ত দানবগণ দানববর দুর্য্যোধনের ভেরীর ধ্বনি শ্রবণপূর্ব্বক তথায় উপস্থিত হইল। সমস্ত দানবগণ সভায় আসিয়া কিরূপ বিপদ উপস্থিত হইয়াছে জিজ্ঞাসা করিল। তখন সেনাপতি শম্বর

সমায়াতাঃসভাংতূর্ণং কিমেতদিতিবাদিনঃ।
যথাতথাকৃতান্ সর্ব্বানাহ সেনাপতির্বলী।
তেচাপিবলিনাংশ্রেষ্ঠাঃ সম্বদ্ধাযুদ্ধকাঙ্ক্ষিণঃ।
সহান্ধকা নির্যযুস্তে গজৈরুষ্ট্রৈর্হয়ৈরথৈঃ।
অন্ধকোরথমাস্থায় পঞ্চনল্বপ্রমাণকং।
ত্র্যম্বকংসপরাজেতুং কৃতবুদ্ধিবিনির্যযৌ।
জম্ভঃকুজম্ভোহুণ্ডশ্চ ভুহুণ্ডঃশম্বরোবলী।
বাণঃকার্ত্তস্বরোহস্তী সূর্য্যশত্রুর্মহোদরঃ।
অযঃশঙ্কুঃ শিবিঃ শাল্বো বৃষপর্ব্বাবিরোচনঃ।
হয়গ্রীবঃকালনেমিঃ সংহ্রাদর্বলিনাশনঃ।
শরভঃশলভশ্চৈব বলোবৃত্রশ্চবীর্য্যবান্।
দুর্য্যোধনোহথপাকশ্চ বিপাকঃকালসম্বরৌ।
এতেচান্যেচবহবো মহাবীর্য্যামহাবলাঃ।
প্রজগ্মুরুৎসুকাযোদ্ধুং নানায়ুধধরারণে।

অনুবাদ।

অন্যান্য সমস্ত দানবগণকে যথাযথ বৃত্তান্ত সমস্ত কীর্ত্তন করিল। তখন সেনাপতিদানবের বাক্য শ্রবণান্তে সকলে যুদ্ধার্থ প্রস্তুত হইল। দানববর অন্ধক অশ্ব গজ উষ্ট্র রথরথীর সহিত যুদ্ধার্থে বহির্গত হইল। দানববর অন্ধক পঞ্চ নল্ব পরিমাণ এক রথে আরোহণ পূর্ব্বক শঙ্করকে পরাজয় করিতে গমন করিল। এবং জম্ভ, কুজম্ভ, হুণ্ড, সম্বর, বাণ কার্ত্তস্বর, হস্তী, সূর্য্যশত্রু, মহোদর, অয়ঃশঙ্কু, শিবি, শাল্ব, বৃষপর্ব্বা, বিরোচন, হয়গ্রীব, কালনেমী, সংহ্রাদ,বলিনাশন, শরভ, শলভ, দুর্য্যোধন,পাক, বিপাক এবং কাল ও সম্বর এই সকল বলনায়ক প্রধান দানব এবং অন্যান্য অসংখ্য দানবগণ বিবিধ অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক যুদ্ধার্থে উৎসুক হৃদয়ে

ইত্থংদুরাত্মাদনুসৈন্যপালস্তদন্ধকোযোদ্ধু মনাহরেণ।
মহাবলঃ মন্দরমভ্যুপেয়িবান্ সকালপাশা বসিতোপিমন্দধীঃ ॥
ইতি শ্রীবামনপুরাণে সপ্তত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

অষ্টত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

হরোঽপিসম্বরেযাতে সমাহূয়াথনন্দিনং।
প্রাহমন্ত্রয়শৈলাদে র্যেস্থিতাস্তব..নে।
ততোমহেশবচনান্নন্দী হৃষ্টতরস্তথা।
উপস্পৃশ্যজলংশ্রীমান্ সস্মারগণনায়কান্।
নন্দিনাসংস্মৃতাঃসর্ব্বে গণনাথাঃসহস্রশঃ।
সমুৎপত্যত্বরাযুক্তাঃ প্রণতাস্ত্রিদশেশ্বরং।
আগতাংশ্চগণান্নন্দী কৃতাঞ্জলিপুটোঽব্যয়ঃ।
সর্ব্বংনিবেদয়ামাস শঙ্করায়মহাত্মনে।

অনুবাদ।

প্রস্তুত হইল। এই রূপ দুর্দ্দান্ত দানবগণের সহিত দানববর অন্ধক শঙ্করের সহিত যুদ্ধার্থে বহির্গত হইয়া মন্দর পর্ব্বতে উপস্থিত হইয়া সেই মন্দধী দানব কালপাশের বশীভূত হইল।

ইতি বামনপুরাণে সপ্তত্রিংশ অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য বলিলেন। মন্দরপর্ব্বত হইতে সম্বর গমন করিলে পর ভগবান রুদ্র নন্দীকে আহ্বান করিয়া বলিলেন, নন্দী! তোমার অধীনে যে সকল শৈলাদি প্রমথগণ আছে সকলকে আহ্বান করিয়া মন্ত্রণা কর। ভগবান রুদ্রের এরূপ বাক্য শ্রবণ করিয়া সাতিশয় হৃষ্টচিত্তে জলস্পর্শ করিয়া গণনায়ককে স্মরণ করিলেন। নন্দী আহ্বান করিলে সহস্র সহস্র গণনায়ক তথায় উপস্থিত হইয়া ত্রিদশাধিপতি শঙ্করকে নমস্কার করিল। তখন সকল গণনায়ক উপস্থিত হইয়াছে

নন্দ্যুবাচ।

যানেতান্পশ্যসেশম্ভো ত্রিনেত্রান্জটিলান্শুচীন্।
এতেরুদ্রাইতিখ্যাতাঃ কোট্যস্ত্বেকাদশৈবতু।
বানরাস্যান্পশ্যসেযান্ শার্দ্দুলসমবিক্রমান্।
এতেষাংদ্বারপালাস্তু মন্নামাণোযশোধনাঃ।
ষণ্মুখান্পশ্যসেযাংশ্চ শক্তিপাণীন্শিখিধ্বজান্।
ষট্ষষ্টিস্তুতথাকোট্যঃ স্কন্দান্নামকুমারকান্।
এতাবত্যস্তথাকোট্যঃ শাখানামষড়াননাঃ।
বিশাখাস্তত্রদেবোক্তানৈগমেষাশ্চশঙ্কর।
সপ্তকোটিশতাঃশম্ভো অমীবৈপ্রথমোত্তমাঃ।
একৈকংপ্রতিদেবেশ তাবত্যশ্চাপিমাতরঃ।
ভস্মারুণিতদেহাশ্চ ত্রিনেত্রাঃশূলপাণিনঃ।
এতেশৈবা ইতিপ্রোক্তা স্তবভক্তাগণেশ্বরাঃ।
তথাপাশুপতাশ্চান্যে ভস্মপ্রহরণাবিভো।

অনুবাদ।

দেখিয়া নন্দী কৃতাঞ্জলিপুটে সমস্ত শঙ্করকে নিবেদন করিল। হে পিণাকপাণে! ত্রিনয়ন জটিল একাদশ কোটি রুদ্র আসিয়াছে আপনি অবলোকন করুন্। শার্দ্দূল সম বিক্রমী বানরাস্য যে সকল প্রমথগণ আসিয়াছে তাহাদিগকে অবলোকন কর। এই সকল প্রমথগণ দ্বারপাল, নন্দী নামে বিখ্যাত শক্তিহস্ত শিখীধ্বজ ষণ্মুখ ষট্ষষ্টি কোটি যে সকল প্রমথগণকে দেখিতেছেন ইহাদিগের নাম স্কন্দ ইহারা কৌমারীয়গণ। এবং ষট্ষষ্টি ষড়াননগণ আসিয়াছে ইহাদিগের নাম শাখা। হে শঙ্কর! হে পিতঃ! সপ্তশত কোটি প্রমথগণ আসিয়াছে এক এক প্রমথের সহিত একশত মাতৃগণ আছে। এবং ত্রিনেত্র ভস্মাচ্ছাদিত বিগ্রহ শূলপাণি, আপনার ভক্ত শৈবগণ আসিয়াছে, এবং

এতেগণাশ্চসংখ্যাতাঃ সাহর্য্যার্থং সমাগতাঃ।
পিনাকধারিণোরৌদ্র গণাঃকালমুখাঃপরে।
তবভক্তাঃসমায়াতা জটামণ্ডলিনোদ্ভুতাঃ।
খট্বাঙ্গধারিণোবীরা রক্তচর্ম্মসমাবৃতাঃ।
এতেপ্রাপ্তাগণাযোদ্ধুং মহাব্রতিনউত্তমাঃ।
দিগ্বাসসোমৌলিনশ্চ ঘণ্টাপ্রহরণাঃপরে।
নিরাশ্রয়ানামগণাঃ সমায়াতাজগদ্গুরো।
সার্দ্ধদ্বিনেত্রাঃপদ্মাস্যাঃ শ্রীবৎসাঙ্কিতবক্ষসঃ।
সমায়াতাঃখগারূঢ়া বৃষভধ্বজিনোঽব্যয়াঃ।
মহাপাশুপতা আগ শূলচক্রধরাস্তথা।
ভৈরবোবিষ্ণুনাসার্দ্ধ মভেদেনার্চ্চিতোহিমে।
ইমেমৃগেন্দ্রবদনাঃ শূলবাণধনুর্দ্ধরাঃ।
গণাস্ত্বদ্রমসম্ভূতা বীরভদ্রপুরোগমাঃ।
এতেচান্যেচ বহবঃ শতশোথসহস্রশঃ।

অনুবাদ।

অন্যান্য পাশুপতগণ অস্ত্রশস্ত্র ধারণপূর্ব্বক আসিয়াছে এবং অপরাপর সমস্ত প্রমথগণ আপনার সাহায্য করিবার জন্য আসিয়াছে। এবং পিণাকধারী কালমুখ রৌদ্রগণ আসিয়াছে, আপনার ভক্ত জটামণ্ডল ধারী খট্বাঙ্গ ও রক্তচর্ম্ম ধারণপূর্ব্বক প্রমথগণ যুদ্ধার্থ সমাগত হইয়াছে। হে জগদ্গুরো! দিগম্বর ঘণ্টা বিভূষিত নিরাশ্রয় নামা প্রমথগণ যুদ্ধার্থে সমাগত হইয়াছে। পদ্মাকার মুখমণ্ডল সার্দ্ধ দ্বিনেত্র, শ্রীবৎসাঙ্কিত, শূল ও চক্র গ্রহণপূর্ব্বক খগেন্দ্র ও বৃষারোহণে পাশুপতগণ আসিয়াছে। এবং ভগবান বিষ্ণুর সহিত ভৈরবগণ আসিয়াছে। মৃগেন্দ্রবদন শূল বাণধারী প্রমথগণ বীরভদ্রের সহিত আসিয়াছে, এই সকল ও অন্যান্য শত সহস্র প্রমথগণ আপনার

সাহায্যার্থং সমায়াতা যথাপ্রীত্যাদিশস্ব তান্।
ততোহভ্যেত্যগণাঃ সর্ব্বে প্রণেমুর্ব্বৃষভধ্বজং।
তান্ কারণেন ভগবান্ সমাশ্বাস্যোপবেশয়ৎ।
মহাপাশুপতান্ দৃষ্ট্বা সমুত্থায় মহেশ্বরঃ।
সপর্য্যস্বজতাব্যক্তাস্তে প্রণেমুর্মহেশ্বরং।
ততস্তদদ্ভুততমং দৃষ্ট্বা সর্ব্বে গণেশ্বরাঃ।
সুবিস্মিতাস্তদাসন্তঃ কিমিদং পরিচিন্ত্যচ।
বিস্মিতাক্ষাংস্তদা দৃষ্ট্বা শৈলাদির্যোগিনাম্বরঃ।
প্রাহ প্রহস্য দেবেশং শূলপাণিং গণেশ্বরঃ।
বিস্মিতাশ্চগণা দেব সর্ব্ব এব মহেশ্বর।
মহাপাশুপতানাং হি যত্ত্বয়ালিঙ্গনং কৃতং।
তদেতেষাং মহাদেব স্ফুটং ত্রৈলোক্যমঙ্গলং।
রূপং জ্ঞানং বিবেকঞ্চ বদস্বস্বেচ্ছয়া বিভো।

অনুবাদ।

সাহায্য করিবার জন্য আসিয়াছে, আপনি তাহাদিগকে অনুমতি করুন্। অনন্তর প্রমথগণ সকলে ভবানীপতিকে ভক্তিপূর্ব্বক নমস্কার করিল। ভগবান শঙ্কর সেই সকল প্রমথগণকে হস্ত ধারণপূর্ব্বক আসনে উপবেশন করাইলেন। মহাপাশুপতগণকে অবলোকন করিয়া শঙ্কর গাত্রোত্থানপূর্ব্বক তাহাদিগকে সম্বর্দ্ধনা করিয়া আলিঙ্গন করিলেন পাশুপতগণ শঙ্করকে নমস্কার করিল। অনন্তর সেই সমস্ত গণনায়ক শঙ্করের অতি অদ্ভুত কার্য্য অবলোকন করিয়া চিন্তিতান্তঃকরণে অবস্থিতি করিতে লাগিল, এ কি এইরূপ বিস্মিত প্রমথগণকে অবলোকন করিয়া যোগীবর গণেশ্বর ঈষৎহাস্যপূর্ব্বক শূলপাণি শঙ্করকে বলিলেন। হে মহেশ্বর! এই সমস্ত প্রমথগণ বিস্মিত হইয়াছে, কি নিমিত্ত তাহা শ্রবণ করুন্, আপনি মহাপাশুপতগণকে

প্রমথাধিপতের্বাক্যং গণান্‌সর্ব্বান্‌বিচারিণঃ॥

রুদ্র উবাচ।

ভবদ্ভির্ভক্তিসংযুক্তৈ হরোভাবেনপূজিতঃ।
অহঙ্কারবিমূঢ়ৈশ্চ বিদ্বদ্ভির্বৈষ্ণবংপদং।
তেনাজ্ঞানেনভবতাঃ সাদৃশ্যান্নবিরোধিতং।
যোঽহংসভগবান্‌বিষ্ণু র্বিষ্ণুর্যঃসোহমব্যয়ঃ।
নচাবয়োর্বিশেষোস্তি একামূর্ত্তির্দ্বিধাস্থিতা।
তদমীভি র্নরব্যাঘ্রৈ র্ভক্তিভাবযুতৈর্গণৈঃ।
যথাহংবৈপরিজ্ঞাতো ন ভবদ্ভিস্তথাধ্রুবং।
যথান্মানির্ম্মিতোহস্মাদ্ ভবদ্ভির্মূঢ়বুদ্ধিভিঃ।
তেনাজ্ঞানেনবৈনষ্টা নীতির্বাহিমুহুর্মহুঃ।

অনুবাদ।

আলিঙ্গন করিয়া উপবেশন করাইলেন। এই পাশুপতগণের রূপ জ্ঞান বিবেক ত্রিলোকের মঙ্গলের জন্য আপনি ব্যক্ত করুন্ এইরূপ প্রমথাধিপের বাক্য শ্রবণপূর্ব্বক ভগবান শঙ্কর মহাপাশুপতগণের রূপ জ্ঞান বিবেক ও ভাবাভাব সমস্ত বলিলেন। রুদ্র বলিলেন, ভক্তিসংযুক্ত তোমাদিগের ভাবে হরপূজিত হন। অহঙ্কার বিহীন পণ্ডিতগণ পূজা করিয়া বৈষ্ণব পদলাভ করেন। তোমার সেই জ্ঞানদ্বারা তুল্য হইতে পায় নাই। ভগবান বিষ্ণু যে পদার্থ আমি সেই পদার্থ আমাদিগের কোন্ রূপ বিভিন্ন নাই অভিন্ন ভাবে যাহারা আমাকে পূজা করে তাহারা আমার সদৃশ হয়। আমাদিগের কোন ভেদ নাই এক মূর্ত্তি দুই প্রকার প্রতি মূর্ত্তিতে বিরাজ করিতেছি। তখন গণেশ্বর বলিলেন, আপনার প্রতি দৃঢ়ভক্তিযুক্ত এই সকল প্রমথগণ, আমি ইহাদিগকে বিশেষ রূপে অবগত আছি আপনি তাদৃশ জানেন না। আপনি ইহা দিগকে দৃষ্ট করিয়াছেন এই সকল মূঢ় বুদ্ধি প্রমথগণ যেরূপ জ্ঞান

ইত্যেবমুক্তেবচনে গণাঃপ্রোচুর্মহেশ্বরং।
কথং যথৈকোভগবান্ সংস্থিতোসি জনার্দ্দনঃ।
ভবান্হিনির্ম্মলশুদ্ধঃ শান্তঃ শুক্লোনিরঞ্জনঃ।
সচাপ্যঞ্জনসংকাশঃ কথংতেনেহযুজ্যতে।
তেষাংবচনমর্থাঢ্যং শ্রুত্বাজীমূতবাহনঃ।
বিহস্যমেঘগম্ভীরং গণানিদমুবাচহ।
শ্রূয়তাংসর্ব্বমাখ্যাস্যে স্বযশোবর্দ্ধনংবচঃ।
বিদগ্ধমপিবৈতেন যত্রচিন্তাশ্চনিত্যশঃ।
একংরূপাত্মকংদেহং কুরুধ্বংযত্নমাস্থিতাঃ।
নায়ংবদিষ্যতেলোকো মহান্তমপবাদনং।
যথাপতন্তিবিষয়ে হরভক্তাস্তপস্বিনঃ।

অনুবাদ।

দ্বারা ইহারা নষ্ট ও নিন্দিত হইয়াছে তাহা বিশেষ অবগত আছি। গণাগ্রণী নন্দী এইরূপ শঙ্করকে বলিলে প্রমথগণ সকলে শঙ্করকে নমস্কার করিয়া বলিল। আপনি একা কিরূপে জনার্দ্দনের মূর্ত্তি ধারণ করেন। আপনি নির্ম্মল শুদ্ধ শান্তমূর্ত্তি শুক্লবর্ণ নিরঞ্জন, জনার্দ্দনের অঞ্জন সদৃশ বর্ণ, কিরূপে সেই রূপ ধারণ করেন। এইরূপ প্রমথগণ বলিলে ইহাদিগের নিগূঢ় অর্থযুক্ত বাক্য শ্রবণ করিয়া জীমূতবাহন ঈষৎ হাস্য করিয়া জলদ সদৃশ গম্ভীরস্বরে প্রমথগণ সকলকে বলিল আমি সকলের যশ বর্দ্ধন বাক্য বলিতেছি শ্রবণ কর। তোমরা যেরূপ চিন্তা করিবে সেইরূপ জানিতে পারিবে। এক রূপাত্মক মূর্ত্তিতে তোমরা যত্নপূর্ব্বক মনোনিবেশ কর। এই বিষয়ে শঙ্কর বলিলেন তোমরা যত্নপূর্ব্বক অস্ত্র গ্রহণপূর্ব্বক আমার দেহ খণ্ড খণ্ড কর। তাহাতে তোমরা নিরয় গামী হইবে না, কিন্তু আমি সেই ব্যক্তি কখনই মহত অপরাধী বলিব না হরভক্ত তপস্বিগণ

ব্রজন্তিনরকেঘোরে ইত্যেবংপরিবেদনং।
অতোর্থং ন ক্ষিপাম্যদ্য অদ্ভুতেনরকেশুভে।
যন্নিন্দঘ্নংজগন্নাথং পুষ্করাক্ষপ্রসন্ময়ং।
সএবভগবান্শর্ব্বঃ সর্ব্বব্যাপীগণেশ্বরঃ।
এতস্তসদৃশোলোকে বিদ্যতেনচরাচরে।
শ্বেতমূর্ত্তিঃসভগবান্ পীতবস্ত্রোহঞ্জনপ্রভঃ।
তস্মাৎপরতরংলোকে নান্যংধর্ম্মং হি বিদ্যতে।
সাত্ত্বিকংরাজসংচৈব তামসংমিশ্রকংতথা।
সএবধত্তেভগবান্ সর্ব্বপুজ্যঃসদাশিবঃ।
শঙ্করস্তবচঃশ্রুত্বা শৈলাদ্যাঃ প্রথমোত্তমাঃ।
তমূচুর্ভগবন্ব্রূহি সদাশিববিশেষণং।
তেষাংতদ্ভাবিতংশ্রুত্বা প্রমথানাংসুরেশ্বরঃ।

অনুবাদ।

এরূপ বিষয়ে নিরয়গামী ও অপযশাস্পদ হয় কিন্তু আমি তাহাকে অদ্ভুত ঘোর নরকে নিক্ষেপ করিব না। যে ব্যক্তি আমার মূর্ত্তি পুষ্করাক্ষ জগন্নাথকে নিন্দা করে তাহাকে আমি ঘোর নরকে নিক্ষেপ করি। তিনিই ভগবান শর্ব্ব তিনিই সর্ব্বব্যাপী গণেশ্বর। এই জগন্মণ্ডলে ভগবান জগন্নাথের সদৃশ কেহই নাই। সেই শুক্লবর্ণ পীতবস্ত্র অঞ্জনপ্রভ ভগবান ভিন্ন ইহলোকে পরম ধর্ম্ম কিছুই নাই। তাহার সাত্ত্বিক রাজসিক তামসিক ও ত্রিগুণ মিশ্রিত মূর্ত্তি আছে। সেই সদাশিব ভগবান সর্ব্বপূজ্য এই ত্রিলোক তিনিই ধারণ করিতেছেন। শঙ্করের এরূপ বাক্য শ্রবণ করিয়া শৈলাদি প্রমথগণ বলিলেন হে ভগবন্! সদাশিবের কিরূপ মূর্ত্তি আপনি বিশেষ রূপে ব্যক্ত করুন। তখন শঙ্কর প্রমথগণের মনোভাব অবগত হইয়া তাহাদিগের নিরঞ্জন সদা-

দর্শয়ামাস তদ্রূপং সদাশিব নিরঞ্জনং।
অর্দ্ধেনবৈষ্ণব বপুরর্দ্ধেণ হরবিগ্রহং।
খগধ্বজংবৃষধ্বজং নীলশ্বেতবপুর্দ্ধরং।
ততঃ পশ্যন্তিহিগণা স্তমীশংবৈ সুদর্শনং।
সহস্রবক্ত্রচরণং সহস্রভুজমীশ্বরং।
দণ্ডপাণিংসুদুর্দ্দৃশ্যং লোকৈব্যাপ্তংসমন্ততঃ।
দণ্ডসংস্থাশ্চদৃশ্যন্তে দেবপ্রহরণাস্তথা।
ততস্ত্বেকমুখীভূয়ো দদৃশুঃশঙ্করংগণাঃ।
রৌদ্রৈশ্চবৈষ্ণবৈশ্চৈব কৃতংচিহ্নৈঃসহস্রশঃ।
অর্দ্ধেণবৈষ্ণববপু রর্দ্ধেণহরবিগ্রহঃ।
খগধ্বজংবৃষারূঢ়ং খগারূঢ়ংবৃষধ্বজং।
যথাযথাত্রিনয়নরূপং ধত্তে গণাগ্রণী।
তথাতথানুজানন্তে। মহাপাশুপতাগণাঃ।
অজানন্ত তদৈক্যেন ব্রহ্মবিষ্ণ্বীশভাস্করান্।

অনুবাদ।

শিবের মূর্ত্তি দর্শন করাইলেন। অর্দ্ধ দেহ বিষ্ণু মূর্ত্তি, অর্দ্ধ দেহ হর মূর্ত্তি। এক পার্শ্বে বৈনতেয় বাহন অপর পার্শ্বে বৃষভ বাহন অর্দ্ধ দেহ শ্বেতবর্ণ অর্দ্ধ দেহ নীলবর্ণ। প্রমথগণ তাহার এবম্বিধ অদ্ভুত মূর্ত্তি অবলোকন করিল। বিষ্ণুর সহস্র বক্ত্র, সহস্র বাহু সহস্রচরণ, দণ্ডপাণি ভগবান্ অতি ভয়ঙ্কর,ত্রিলোক ব্যাপ্ত। প্রমথগণ সেই দণ্ড মধ্যে দেবগণের সমস্ত অস্ত্রশস্ত্র অবলোকন করিল। অনন্তর ভগবান শঙ্কর একবক্ত্র ধারণ করিলেন তন্মধ্যে শৈব ও বৈষ্ণবের সহস্র চিহ্ন লক্ষিত হইতে লাগিল। সেই মূর্ত্তি অর্দ্ধ বিষ্ণু বিগ্রহ অর্দ্ধ শৈব বিগ্রহ। গরুড় বাহন ও বৃষবাহন,যেযে স্থানে ত্রিনয়ন ধারণ করিলেন সেই সেই স্থানে মহাপাশুপাত বলিয়া অবগত হইল। হরিহর মূর্ত্তি

যথাযথাহভিম ত্যস্ত দেবদেবংসদাশিবং।
তদানির্দ্ধূতপাপাস্তে সমজায়ন্তপার্শ্বদাঃ।
এতেষ্বেবংধূতপাপেষু অভিন্নেষুহরীশ্বরঃ।
প্রীতাত্মা বিবভৌশম্ভুঃ প্রীতিযুক্তো ব্রবীদ্বচঃ।
পরিতুষ্টোস্মি বঃসর্ব্বে জ্ঞানেনানেন সুব্রতাঃ।
বৃণুধ্বংবরমানন্ত্যং দাস্যেবোমনসেপ্সিতং।
তমূচুর্দ্দেহি ভগবন্ বরমস্মাক মীশ্বরঃ।
ভিন্নং দৃষ্ট্বা ভবৎ পাপং যত্তন্নাশং প্রযাতুনঃ।

পুলস্ত্য উবাচ।

বাঢ়মিত্যব্রবীচ্ছর্ব্বশ্চক্রে নির্দ্ধূতকিল্বিষান্।
সপর্য্যস্বজতাব্যক্ত স্তান্‌সর্ব্বান্‌গণনায়কান্।

অনুবাদ।

একত্র হইলে তাহাতে ব্রহ্মা বিষ্ণু রুদ্র ও সূর্য্যপ্রভৃতি দেবগণ বিরাজ করিতেছেন তাহাও মহাপাশুপতগণ অবগত হইল। মূর্ত্তি ভেদ হইলে শঙ্কর বলিয়া অবগত হইল। পার্শ্বদগণ নিষ্পাপ হইয়া আমার সদৃশ হইয়াছে, সেই সকল অভেদ বুদ্ধি পার্শ্বদগণের প্রতি সন্তুষ্টচিত্তে হরিহর রূপে প্রকাশ পাইতেছি তখন শম্ভু প্রীতিমনা হইয়া বলিলেন, হে সুব্রত! পার্শ্বদগণ তোমাদিগের কার্য্যে আমি সন্তুষ্ট হইয়াছি অতএব তোমরা অভিলসিত বর প্রার্থনা কর আমি তোমাদিগকে বর প্রদান করিব। শঙ্করের এরূপ সদয় বাক্য শ্রবণ করিয়া প্রমথগণ বলিল, হে ভগবন্! যদি সন্তোষ হইয়া থাকেন তবে আমাদিগের এই বর প্রদান কর। আমাদিগের ভিন্ন দৃষ্টিতে যে পাপ সঞ্চয় হইয়াছিল, সেই পাপ আমাদিগের বিনষ্ট হউক। পুলস্ত্য বলিলেন। শঙ্কর প্রমথগণের প্রার্থনায় অঙ্গীকার করিয়া তাহাদিগকে পাপ হইতে মুক্ত

প্রণতার্ত্তিহরেণ গণপতয়োরবভ্যগেস্থারয়েন
শ্রুতিগদিতানুবেগেণ এনন্তোগিরিনবহত্যমধ্যাস্থে।
আচ্ছাদিতোগিরিবরঃ প্রমথৈর্ঘনাভ্রৈ
রাভাতিশুক্লতনুরীশ্বরপাদজুষ্টঃ।
নীলাঞ্জনাঞ্চিততনুঃ সচবক্রবর্ণঃ
যত্তদ্বিভাতিবলবান্ বৃষভোহরস্থ।
ইতি শ্রীবামনপুরাণে অষ্টাত্রিংশত্তমোঽধ্যায়।

ঊনচত্বারিংশ অধ্যায়।

পুলস্ত্য উবাচ।

এতস্মিন্নন্তরে প্রাপ্তঃ সমং দৈত্যৈ স্তথান্ধকঃ।
মন্দরং পর্ব্বতং শ্রেষ্ঠং প্রমথাশ্রিতকন্দরং।
প্রমথাদানবান্দৃষ্ট্বা চক্রুঃকিলকিলধ্বণিং।

অনুবাদ।

করিলেন। অনন্তর গাণপতগণ শঙ্করের সহিত বৃষভকে লইয়া শাস্ত্র প্রসিদ্ধ বেগশালী রথদ্বারা গিরিবর মন্দরের উপরিভাগে অবস্থিতি করিল কিন্তু কৃষ্ণকায় প্রমথগণ মেঘাচ্ছাদিত ভূধরের ন্যায় সেই গিরিবর আচ্ছাদিত করিল। এবং শুক্লবর্ণ বৃষোপরি শঙ্করের পাদ সন্নিবিষ্ট ও কৃষ্ণকায় প্রমথগণ বেষ্টিত থাকাতে সেই শঙ্করের বলবান্ বৃষ বক্রবর্ণ রূপে শোভা ধারণ করিল।

ইতি বামনপুরাণে অষ্টত্রিংশ অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য বলিলেন। ইত্যবসময়ে দানবসৈন্য বেষ্টিত অন্ধকাসুর প্রমথ বেষ্টিত সেই পর্ব্বতবর মন্দরে উপস্থিত হইল। প্রমথগণ দানবগণকে অবলোকন করিয়া কিল কিল ধ্বণি করিতে

প্রমথাশ্চাপি সংক্রুদ্ধা জঘ্নুস্তূর্য্যাণ্যনেকশঃ।
সচারণোমহানাদো রোদসীং প্রলয়োপমঃ।
সুশ্রাববায়ুমার্গস্থো বিঘ্ননাথোবিনায়কঃ।
সগত্বোত্যনুসংক্রুদ্ধঃ প্রমথৈরভিসংবৃতঃ।
মন্দরং পর্ব্বতং শ্রেষ্ঠং দদৃশে পিতরং তথা।
প্রণিপত্যতথাভক্ত্যা বাক্যমাহমহেশ্বরং।
কিং তিষ্ঠসিজগন্নাথ সমুত্তিষ্ঠরণোৎসুকঃ।
ততোবিঘ্নেশবচনা জ্জগন্নাথোহম্বিকাং বচঃ।
প্রাহযাস্যেহন্ধকং হন্তুং স্থেয়মেবাপ্রমত্তয়া।
ততোগিরিসুতাদেবং সমালিঙ্গ্যং পুনঃপুনঃ।
সনীক্ষ্যসস্নেহকরং প্রাহগচ্ছজয়ায়বৈ।

অনুবাদ।

লাগিল। এবং প্রমথগণ ক্রোধপূর্ব্বক দানবগণকে নিধন করিয়া তুর্য্য নিনাদ করিতে লাগিল। তাহাতে দানবগণ প্রলয়কালীন জলদসদৃশ অতি ভয়ঙ্কর আস্ফালন করিল সেই ধ্বণিতে স্বর্গ-মর্ত্ত্য ও পাতাল পরিপূর্ণ হইল। গণনায়ক বায়ুপথে অবস্থিতি করিয়া দানবগণের এতাদৃশ ভীষণ গর্জ্জন ধ্বণি শ্রবণ করিয়া তৎক্ষণাৎ প্রমথগণ সঙ্গে লইয়া মন্দর পর্ব্বতে উপস্থিত হইলেন, সেই পর্ব্বতে প্রমথগণ বেষ্টিত পিতাকে অবলোকন করিয়া ভক্তি পূর্ব্বক নমস্কার করিয়া বলিলেন। হে জগন্নাথ! কি নিমিত্ত সময় ক্ষেপ করিতেছেন এক্ষণে রণোৎসুক হইয়া গাত্রোত্থান করুন। অনন্তর ভগবান শঙ্কর গণনায়কের বাক্যে গাত্রোত্থানপূর্ব্বক অম্বি-কাকে বলিলেন। আমি এক্ষণে অন্ধকাসুরকে বিনাশ করিতে গমন করিব তুমি সুস্থচিত্তে এস্থানে অবস্থিতি কর। শঙ্করী শঙ্করের এরূপ বাক্য শ্রবণ করিয়া বারম্বার শঙ্করকে আলিঙ্গন করিয়া সস্নেহ

ততোঽমরগুরৌগৌরী চন্দনংরোচনোজ্বলং।
প্রতিবন্দ্য সুসংপ্রীত্যা পাদাবেবস্ববন্দত।
ততোহরঃপ্রাহবচো যশস্তংমালিনীমপি।
জয়াঞ্চবিজয়াঞ্চৈব জয়ন্তীংচাপরাজিতাং।
যুষ্মাভিরপ্রমত্তাভিঃ স্থেয়ংগেহেযুরক্ষিতে।
রক্ষণীয়াপ্রযত্নেন গিরিপুত্রীপ্রমাদতঃ।
ইতিসন্দিশ্যতাঃসর্ব্বাঃ সমারুহ্যবৃষংবিভুঃ।
বিনায়কংকুম্ভতটে পৃষ্ট্বাসংহৃষ্টমানসং।
নির্জগামগৃহাদ্‌হৃষ্টো জয়েপ্সুঃশূলভৃদ্বশী।
নির্গতশ্চ স্বভবনাদীশ্বরস্য গণাধিপাঃ।
সমন্তাৎপরিবার্য্যৈব জয়শব্দাংশ্চচক্রিরে।
যাায়নির্গচ্ছতি লোকপালেমহেশ্বরে শূলধরেমহর্ষে।
শস্তানি সৌম্যানি সুমঙ্গলানি জাতানি দিব্যানিজয়ায়শম্ভোঃ।

অনুবাদ।

কটাক্ষে নিরীক্ষণ করিয়া বলিলেন। তুমি সমরক্ষেত্রে গমন কর এবং অন্ধকাসুরকে জয় কর। অনন্তর গিরিনন্দিনী শঙ্করের গাত্রে চন্দন কস্তূরিপ্রভৃতি লেপন করিলেন। এবং সন্তুষ্ট চিত্তে সন্তোষ বাক্যে সন্তুষ্ট করিয়া পাদদ্বয় বন্দনা করিলেন। পরে শঙ্কর মালিনী জয়া বিজয়া জয়ন্তী ও অপরাজিতাকে বলিলেন তোমরা সুস্থচিত্তে এই সুরক্ষিত গৃহে অবস্থিতি কর। এবং যত্নপূর্ব্বক নগনন্দিনীকে রক্ষা করিও। এইরূপ উপদেশ দিয়া বৃষভে আরোহণ করিলেন। এবং হৃষ্টচিত্তে বিনায়কের কুম্ভ তট স্পর্শ করিয়া জয়াকাঙ্ক্ষী শূল-ধারী শঙ্কর গৃহ হইতে বহির্গত হইলেন। শঙ্কর স্বীয় ভবন হইতে বহির্গত হইলে গণনায়কগণ শঙ্করের চতুর্দ্দিগহইতে জয়ধ্বনি করিতে লাগিল। হে মহর্ষে! লোকপাল শূলধারী শম্ভু যুদ্ধার্থ বহির্গত

শিবাস্তিরাবামভবেথ ভাগেপ্রত্যমুখামুখযুমদন্তী।
ক্রব্যাদসঙ্ঘাশ্চতথামিশৈষিণঃ প্রায়ান্তিহৃষ্টাস্ত্বষিতামৃপার্থে॥
দক্ষিণাঙ্গং নখাস্তংবৈ সমকম্পতশূলিনঃ।
শকুনিশ্চাপিহারিতো মৌণীজাতিপরাঙ্মুখঃ।
নিমিত্তানীদৃশান্ দৃষ্ট্বাভূতভব্যভবোবিভুঃ।
শৈলাদিপ্রাহবচনং সস্মিতং শশিশেখরঃ।

শশিশেখর উবাচঃ।

নন্দীন্জয়োদ্যভাবীনঃ কথঞ্চিন্নপরাজয়ঃ।
নিমিত্তানীহ দৃশ্যন্তে প্রশস্তানিগণেশ্বর।
তৎশম্ভুবচনংশ্রুত্বা শৈলাদিপ্রাহশঙ্করং।
কঃ সন্দেহো দেবদেব যত্ত্বং জয়সি শাত্রবান্।
ইত্যেবমুক্ত্বাবচনং নন্দীরুদ্রগণাংস্তথা।

অনুবাদ।

হইলে পথিমধ্যে যুদ্ধ জয়ের নিমিত্ত বিবিধ মঙ্গলসূচক কার্য্য দর্শন হইতে লাগিল। শিবাগণ বামভাগে প্রত্যঙ্মুখে সুস্বরে ধ্বনি করিতে লাগিল। মাংসাসী প্রাণিগণ মাংস লোলুপ হইয়া প্রাণি অন্বেষণে হৃষ্টচিত্তে গমন করিতে লাগিল, এই সময়ে শঙ্করের নখ অবধি সমস্ত দক্ষিণাঙ্গ কম্পন হইতে লাগিল, এবং শকুনি ও হারীত মৌনী হইয়া গমন করিল। ভূতভাবন ভগবান ত্রিশূলী তৎকালে শুভ নিমিত্ত সমস্ত অবলোকন করিয়া সহাস্যবদনে শৈলাদি প্রমথ-গণকে বলিলেন নন্দী অদ্য আমাদিগের যুদ্ধে জয় হইবেক কোন রূপেই পরাজয় হইব না কারণ অদ্য পথিমধ্যে বিবিধ শুভ নিমিত্ত অবলোকন করিয়াছি শঙ্করের মুখ হইতে এতাদৃশ শুভসূচক বার্ত্তা শ্রবণ করিয়া নন্দী ত্রিশূলিকে বলিলেন। হে দেব দেব! এ বিষ-য়ের সন্দেহ কি আপনি অবশ্যই এই দুর্জ্জয় শত্রুকে জয় করিলেন।

সমাদিদেশযুদ্ধায় মহাপাশুপতৈঃসহ।
তেভ্যোত্যদানববলং মর্দ্দয়ন্তিস্ম বেগিতাঃ।
নানাশস্ত্রধরাবীরারৃক্ষান্ শতক্রদা যথা।
তের্থমানাস্তুবলিভিঃ প্রমথৈর্দৈত্যদানবাঃ।
প্রমত্তাঃপ্রমথান্হন্তুং কূটস্থাঃ শূলপাণয়ঃ।
ততোঽম্বরতলেদেবাঃ সেন্দ্রবিষ্ণুপিতামহাঃ।
সসূর্য্যাগ্নিপুরোগাস্তু সমায়াতা দিদৃক্ষবঃ।
ততোঽম্বরতলেঘোষ স্তুমুলঃ সমজায়ত।
গীতবাদ্যাদিসংপৃক্তো দুন্দুভীনাং কলিপ্রিয়।
ততঃপশ্যংস্সুদেবেষু মহাপাশুপতাদয়ঃ।
গণাশ্চদানবংসৈন্যং জিঘাংসন্তিস্ম কোপিতাঃ।
চতুরঙ্গবলংদৃষ্ট্বা বধ্যমানংগণেশ্বরৈঃ।
ক্রোধান্বিতস্তু ভুণ্ডশু বেগেনাপি সমারহ।

অনুবাদ।

গণনায়ক নন্দী শঙ্করকে এই কথা বলিয়া রুদ্রগণকে বলিলেন তোমরা মহাপাশুপতগণের সহিত সংগ্রাম কর। তখন প্রমথগণ সংগ্রামে প্রবিষ্ট হইয়া প্রবলবেগে দানবগণকে বিনাশ করিতে লাগিল। প্রমথগণ কর্ত্তৃক আঘাতিত দানবগণ মুদ্গার হস্তে প্রমথগণকে সংতাড়িত করিতে লাগিল। ব্রহ্মা বিষ্ণু ইন্দ্র সূর্য্য ও অগ্নি প্রভৃতি দেবগণ এরূপ অদ্ভুত সংগ্রাম দেখিবার জন্য বিমানমার্গে অবস্থিতি করিতে লাগিলেন। সমস্ত দেবগণ বিমানমার্গে আগমন করাতে গীত বাদ্য ও দুন্দুভিনাদে এক তুমুল ধ্বনি উত্থিত হইল। পরে মহাপাশুপতগণ বিমানমার্গে দেবগণকে অবলোকন করিতে করিতে মহাক্রোধে দানবসৈন্য সংহার করিতে লাগিল। দানবাগ্রণ্য ভুণ্ড চতুরঙ্গ বল বেষ্টিত গণনায়ককে অবলোকন করিয়া ক্রোধে

আদায় পরিঘং ঘোরং পটোম্বদ্ধং সমুজ্বলং।
রাজতংরাজতেত্যর্ণ মিন্দ্রধ্বজমিবোচ্ছ্রিতং।
তংভ্রাময়ন্‌সবলবান্ নিজঘানরণেগণান্।
রুদ্রাদীন্ স্কন্দপর্য্যন্তাং স্তে ভজ্যন্ত ভয়ার্দ্দিতাঃ।
তৎপ্রভঙ্গং বলংদৃষ্ট্বা বধ্যমানং গণেশ্বরঃ।
সমাদ্রবত বেগেন ভুহুণ্ডং গণনায়কঃ।
আপতন্তং গণপতিং দৃষ্ট্বা দৈত্য দুরাত্মবান্।
পরিঘং পাতয়ামাস কুম্ভপৃষ্ঠে মহাবলঃ।
বিনায়কস্থ তৎকুম্ভে পয়িঘং বজ্রভুষণং।
শতধাত্বগমদ্ভগ্নন্ মেরোঃকুট ইবাশনিঃ।
পরিঘং বিফলং দৃষ্ট্বা সময়ান্তঞ্চ পার্শ্বদং।
ববন্ধরাহুঃপাশেন বলদাকৃষ্যদানবঃ।
সমাজঘান শিরসি কুঠারেণ মহোদরঃ।

অনুবাদ।

এক ভয়ঙ্কর ইন্দ্রধ্বজ সদৃশ উত্থিত রজত নির্ম্মিত পরিঘ গ্রহণপূর্ব্বক সংগ্রামে প্রবেশ করিল। অনন্তর দানববর সেই ভয়ঙ্কর পরিঘ বেগে ঘূর্ণিত করিয়া স্কন্দ ও রুদ্রপ্রভৃতি প্রমথগণকে সংতাড়িত করিতে লাগিল। দানব সৈন্যগণ প্রমথ সৈন্য ভেদ ও সংহার করিতেছে দেখিয়া গণনায়ক বেগে সেনানায়ক ভুহুণ্ড দানবের প্রতি ধাবমান হইলেন। দানববর দেখিল গণনায়ক বেগে ধাবমান হইতেছে তৎক্ষণাৎ এক ভয়ঙ্কর পরিঘ গ্রহণপূর্ব্বক করিকুম্ভে প্রহার করিল। দানবের হিরা খচিত পরিঘ গণনায়কের করিকুম্ভে পতিত হইয়া সুমেরু শিখরে বজ্রপতিত হইলে যাদৃশ খণ্ড খণ্ড হয় তাদৃশ সেই দানবের পরিঘ শতখণ্ডে বিভক্ত হইল। তখন রাহু সমরক্ষেত্রে প্রবেশ করিয়া পাশাস্ত্রদ্বারা গণনায়ককে বন্ধন

কাষ্ঠবৎসদ্বিধাভূতো নিপপাতধরাতলে ।
তথাপিনাত্যজদ্রাহু বলবান্ দানবেশ্বরঃ ।
স মোক্ষার্থেহকরোদ্যত্নং নশশাকচনারদ ।
বিনায়কং সঙ্গতমীক্ষ্য রাহুনাকুম্ভোদরোনামগণেশ্বরোঽথ ।
প্রগৃহ্যতূর্ণংমুষলং মহাত্মারাহুং সমন্তাৎ সসমাজঘান্ ।
ততোগণেশঃকলশধ্বজস্তু প্রাসেনরাহুংহৃদয়েবিভেদ ।
ঘণ্টোদরোবৈগদয়া জঘানখড়্গেন রক্ষোধিপতিঃসুকেশিঃ ।
সতৈশ্চতুর্ভিঃ পরিতাড্যমানোগণাধিপং রাহুরথোৎসসর্জ্জ ।
গত্যক্তমাত্রোঽথপরশ্বধেনভুহুণ্ডমূর্দ্ধান মতোবিচিচ্ছেদে ।
হতেহুভুণ্ডেবিমুখেচ রাহৌগণেশ্বরাঃ ক্রোধবশংমুমুক্ষবঃ ।
পঞ্চৈবকালানলসন্নিকাশাবিশন্তুসেনাং দনুপুঙ্গবানাং ।
তদ্বধ্যমানং স্ববলং সমীক্ষ্যবলির্বলী সারুততুল্যবেগঃ ।

অনুবাদ ।

করিল মহোদর দানবের মস্তকে বজ্রসদৃশ কুঠারের আঘাত করিল, কুঠার কাষ্ঠবৎ দ্বিখণ্ড হইয়া ভূমিতলে পতিত হইল। তথাপি বলবান দানবেশ্বর রাহু, গণেশ্বরকে পরিত্যাগ করিল না। কিন্তু গণেশ্বর বন্ধনমুক্ত হইবার জন্য বিস্তর চেষ্টা করিলেন কিছুতেই কৃতকার্য্য হইতে পারিলেন না, তখন রাহুকর্ত্তৃক বন্ধনযুক্ত বিনায়ককে অবলোকন করিয়া প্রমথাগ্রগণ্য গণনায়ক কুম্ভোদর তৎক্ষণাৎ এক মুষল গ্রহণপূর্ব্বক রাহুকে ও সৈন্যগণকে প্রহার করিতে লাগিল, অনন্তর গণেশ্বর কলসধ্বজ প্রাসাস্ত্রদ্বারা রাহুর হৃদয় ভেদ করিল। এবং ঘটোদর গদাদ্বারা রক্ষোধিপতি সুকেশী খড়্গদ্বারা রাহুকে প্রহার করিতে লাগিল এই মহাবীর চতুষ্টয় রাহুকে নিদারুণ প্রহার করাতে রাহু গণেশ্বরকে পরিত্যাগ করিল। গণেশ্বর বন্ধনমুক্ত হইয়া পরশু প্রহারে ভুহুণ্ডের মস্তকচ্ছেদন করিলেন।

গদাংসমাবিধ্যসমাজঘান বিনায়কং কুম্ভতটেকরেচ।
কুম্ভোদরং ভগ্নকটিঞ্চকার মহোদরং শীর্ণশিরঃকপালং।
কুম্ভধ্বজংচূর্ণিতসন্ধি রন্ধ্রংঘটোদরং চারুবিপন্নসন্ধিং।
গণাধিপাংস্তান্‌বিমুখান্ সকৃত্বাবলান্বিতো বীরতরোঽসুরেন্দ্রঃ।
সমভ্যধাবত্ত্বরিতোনিহন্তুং গণেশ্বরান্ স্কন্দবিশাখমুখ্যান্।
তমাপতন্তং ভগবান্‌সমীক্ষ্য মহেশ্বরঃ শ্রেষ্ঠতমংগণানাং।
শিবাদিমামন্ত্র্যবচোবভাষে গচ্ছস্বদৈত্যং জাহ্নবীরযুদ্ধে।
ইত্যেবমুক্তেবৃষধ্বজেনবজ্রং সমাদায়শিলাদসূনুঃ।
বলিং সমভ্যেত্য জঘানমূর্দ্ধ্নি সম্মোহিতঃ সোঽবনিমাসসাদ।
সম্মোহিতং ভ্রাতৃসুতং বিদিত্বাবলীং কুজম্ভোমুষলং প্রগৃহ্য।

অনুবাদ।

জুহণ্ড সমরশায়ী হইল এবং রাহু পরাঙ্মুখী হইল দেখিয়া কালাগ্নি সদৃশ পঞ্চ মহাবীর দানব সৈন্যমধ্যে প্রবেশ করিল। প্রমথগন দানব সৈন্যসংহার করিতেছেন দেখিয়া পবন তুল্যবেগশালী বলবান দানব বলী এক গদা গ্রহণপূর্ব্বক বিনায়কের কুম্ভতটে প্রহার করিল তাহাতে কুম্ভোদরের কটি মহোদরের মস্তক কুম্ভধ্বজের ও ঘটোদরের ও সন্ধিস্থানভঙ্গ হইল। এইরূপ অতিশয় বলবিক্রমশালী দানবেন্দ্র-বলী ভয়ঙ্কর সংগ্রামে গণাধিপ প্রমথগণকে বিমুখী করিয়া সমরা-ঙ্গনে স্কন্দ ও বিশাখ মুখ্য প্রমথগণকে বিনাশ করিতে দ্রুতবেগে ধাবিত হইল। তখন ভগবান শঙ্কর দ্রুতবেগে দানবকে সমাগত হইতে দেখিয়া গণাগ্রগণ্য শৈলাদি প্রমথগণকে আহ্বান করিয়া বলিলেন, হে বীর! তুমি শীঘ্র যুদ্ধে গমন করিয়া এই দানবকে বিনাশ কর। ভগবান শঙ্কর এইরূপ বলিলে প্রমথ বর এক বজ্র গ্রহণপূর্ব্বক দ্রুতপদে গমন করিয়া বলির মস্তকে অতি ভয়ঙ্কর আঘাত করিল, তাহাতে অসুরেন্দ্র বলি মুগ্ধ হইয়া সমরাঙ্গনে পতিত হইল।

সংগ্রামমুংস্তূর্ণতরং সবেগাৎ সমর্জ্জনন্দিং প্রতিজাতকোপঃ।
তমাপতন্তংমুষলং প্রগৃহ্যকরেণহস্তং ভগবান্‌গনন্দী।
জঘানতেনৈবকুজম্ভ মাহবে সপ্রাণহীনো নিপপাতভূমৌ।
হত্বাকুজম্ভং মুষলেননন্দী বজ্রেণচান্যান্‌ শতশোজঘান।
তেবধ্যমানাগণনায়কেন দুর্য্যোধনং বৈশরণংপ্রপন্নাঃ।
দুর্য্যোধনংপ্রেক্ষ্যগণাধিপেন বজ্রপ্রহারৈ নিহতান্‌দিতীশান্‌।
প্রাসংসমাবিধ্যতড়িৎপ্রকাশং নন্দিংপ্রতিক্ষেপহতোসিবৈধ্রুবং।
তমাপতন্তং কুলিশেননন্দী বিভেদগুহ্যং পিশুনোযথানরঃ।
তংপ্রাসমালম্ব্য তদানিকৃন্ত্যং সমহমুষ্টিং গণমাসসাদ।

অনুবাদঃ।

তখন ভ্রাতৃতনয় ধরাশায়ী হইল দেখিয়া দানবাগ্রগণ্য কুজম্ভ এক মুষল গ্রহণপূর্ব্বক নন্দির প্রতি সাতিশয় ক্রুদ্ধ হইয়া বেগে ধাবিত হইল ভগবান নন্দি দানবকে সমাগত হইতে দেখিয়া সত্বর এক মুষল হস্তেগ্রহণপূর্ব্বক কুজম্ভের প্রতি নিক্ষেপ করিল, তাহাতে দানবনায়ক কুজম্ভ জীবন পরিত্যাগ পূর্ব্বক সমরাঙ্গনে পতিত হইল। ভগবান গণনায়ক নন্দী কুজম্ভকে বিনাশ করিয়া মুষলাঘাতে অন্যান্য শত শত দানবের প্রাণ সংহার করিল। সেই গণনায়ক নন্দী দানব সৈন্যগণ বিনাশ করিতেছে দেখিয়া দুর্য্যোধন দানব সংগ্রামে অগ্রসর হইল। গণনায়ক নন্দী সমরক্ষেত্রে দুর্য্যোধনকে অবলোকন করিয়া মহাক্রোধে বজ্র প্রহারদ্বারা অসংখ্য দানব সৈন্য সংহার করিল। এই সময়ে দুর্য্যোধন তড়িৎ মালা সদৃশ দেদীপ্যমান এক প্রাস গ্রহণপূর্ব্বক নন্দীর প্রতি নিক্ষেপ করিয়া বলিল তুই এইবারে বিনষ্ট হইবি। সেই দেদীপ্যমান প্রাস সমাগত হইতেছে দেখিয়া নন্দী এক কুলিশাঘাতে ভেদ করিয়া ধরাতলে পাতিত করিলেন, দানব প্রাণান্ত ছিন্ন হইল

ততোঽস্যবজ্রীকুলিশেনতূর্ণং শিরোচ্ছিনত্তালফলপ্রকাশং।
ততোঽথভূমৌনিপপাত বেগাদ্দৈত্যাশ্চভীত্যাবিগতাদিশোদশ।
ততোঽতংস্বংতনয়ং নিরীক্ষ্যহস্তীতদানন্দিনমাজগাম।
প্রগৃহ্যবাণাশনমুগ্রবেগৈর্বিভেদবাণৈর্যমদণ্ডকল্পৈঃ।
গণান্‌সনন্দী বৃষভধ্বজাং স্তান্ ধারাভিরেবাম্বুধরস্তবেগাৎ।
তেচ্ছাদ্যমানাবরবাণ জালৈর্বিনায়কাদ্যাবলিনোপিবীরাঃ।
সিংহপ্রপন্নাবৃষভা যথৈবভয়াত্তরাদ্রুবিরেসমন্তাৎ।
পরাঙ্মুখান্ প্রেক্ষ্যগণান্‌কুমারঃ শক্ত্যাবিশঙ্কানথবারয়িত্বা।
তূর্ণং তদা দৈত্যরিপুং করেণপ্রগৃহ্যশক্তিং হৃদয়েবিভেদ॥
শক্তিনির্ভিন্নহৃদয়ো হস্তীভূম্যাংপপাতহ।
সমারচারিপৃতনা ভূয়োযাতাপরাঙ্মুখী।

অনুবাদ।

দেখিয়া প্রাণ পরিত্যাগ পূর্ব্বক দৃঢ়তর মুষ্টি বন্ধনপূর্ব্বক গণনায়কের প্রতি ধাবিত হইল, তখন গণনায়ক নন্দী অনতিবিলম্বে এক বজ্রাঘাতে তালফল সদৃশ সেই দানবের মস্তক ছেদন করিলেন। দানববর সমরশায়ী হইল তখন অন্যান্য দানবগণ ভয়ে দিগন্তর আশ্রয় করিল। স্বীয় তনয় সমরক্ষেত্রে নিহত হইল অবলোকন করিয়া দানববর হস্তী সমরক্ষেত্রে গমনপূর্ব্বক যমদণ্ড সদৃশ বাণদ্বারা সগণ নন্দি এবং বৃষভধ্বজ ও পাশুপতগণকে আঘাত করিয়া প্রাবৃটকালীন বারিধারা সদৃশ বাণদ্বারা বিমানমার্গ আচ্ছাদিত করিল তাহাতে বিনায়ক প্রভৃতি প্রধান বলনায়ক বীরগণ সকলে সিংহ অবলোকনে বৃষভ যাদৃশ পলায়ন করে তাদৃশ সকলে প্রাণভয়ে চতুর্দ্দিকে পলায়ন করিল। প্রমথগণ সংগ্রামে পরাভূত হইয়া পলায়ন করিতেছে দেখিয়া, কুমার, শক্তি প্রহারদ্বারা সেই শঙ্কিত প্রমথগণের শঙ্কা দূর করিলেন, এবং শীঘ্র শক্তি নিক্ষেপ করিয়া

তমরাতিবলং দৃষ্ট্বা ভয়ং ক্রুদ্ধগণেশ্বরাঃ ।
পুরতো নন্দিনং দৃষ্ট্বা জিঘাংসন্তিস্ম দানবান্ ।
তেবধ্যমানাঃ প্রমথৈ দৈত্যাস্ত্বতিপরাঙ্মুখাঃ ।
ভূয়োনিবৃত্তাবলিনঃ কার্ত্তস্বরপুরোগমাঃ ।
তান্নিবৃত্তান্সমীক্ষ্যৈব ক্রোধদীপ্তেক্ষণঃশ্বসন্ ।
নন্দিসেনোব্যাঘ্রমুখো নিবৃত্তশ্চাপিবেগবান্ ।
তস্মিন্নিবৃত্তেগণপে পট্টিশাস্ত্রকরেতথা ।
কার্ত্তস্বরোভিনিবৃত্তো গদামাদায়নারদ ।
তমাপতন্তংজ্বলনপ্রকাশং ততঃসমীক্ষ্যৈবমহাসুরেন্দ্রং ।
তং পট্টিশংভ্রাম্যজঘানমূর্দ্ধ্নি কার্ত্তস্বরোমৃত্যুবশংপ্রযাতঃ ।

অনুবাদ ।

সেই বলবান দানবের হৃদয় ভেদ করিলেন। দানববর শক্তি নির্ভিন্ন হৃদয় হইয়া ধরাশায়ী হইল এবং অন্যান্য অসংখ্য দানব সৈন্য বিনষ্ট হইল দেখিয়া দানবগণ সংগ্রামে পরাভূত হইয়া পলায়ন করিল। গণনায়ক প্রমথগণের অগ্রে নন্দিকে অবলোকন করিয়া এবং শত্রুসৈন্যগণ পলায়ন করিতেছে দেখিয়া মহাক্রোধে দানব সৈন্য সংহার করিতে লাগিলেন। তখন প্রমথগণ দানবসৈন্য সংহার করিতেছে অন্যান্য সৈন্যগণ ভয়ে পলায়ন করিতেছে দেখিয়া অতি বলবান সেনানায়ক কার্ত্তস্বরকে অগ্রে লইয়া দানবগণ ধাবিত হইতে লাগিল সেই সকল দানবগণকে অবলোকন করিয়া শার্দ্দূলাস্য নন্দিসেন অতিশয় ক্রোধ দৃষ্টিতে বারম্বার নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক সেই সকল দানবকে সংগ্রাম হইতে নিবর্ত্ত করিয়া পট্টিশ হস্ত গণনায়ক সংগ্রামস্থলে ভ্রমণ করিতে লাগিলেন। সেনাগণ সংহার হইতেছেদেখিয়া কার্ত্তস্বর এক ভয়ঙ্করী গদা গ্রহণপূর্ব্বক রণভূমিতে ধাবমান হইল। নন্দীসেন উজ্জ্বল দেদীপ্যমান গদা হস্তে দানব ধাবমান

তস্মিন্‌হতে ভ্রাতরি মাতুলেয়ে পাশং সমাবিধ্য তুরঙ্গকন্দরঃ।
ববন্ধবীরঃ সহপট্টিশেন গণেশ্বরং চাপ্যথ নন্দিসেনং।
নন্দিসেনং তদাবদ্ধং সমীক্ষ্য বলিনাম্বরঃ।
বিশাখঃ কুপিতোভ্যেত্য শক্তিপাণিবরস্থিতঃ।
তং দৃষ্ট্বা বলিনাং শ্রেষ্ঠং প্রাসপাণিরয়ঃশিরাঃ।
সংযোধয়ামাস বলিবিশাখং কুক্কুটধ্বজং।
বিশাখং সংনিরুদ্ধং বৈদৃষ্ট্বাহয়ঃ শিরসোরণে।
শাখশ্চ নৈগমেয়শ্চ তূর্ণমাদ্রবতো রিপুং।
একতো নৈগমেয়েন ভিন্নঃ শক্ত্যাত্বয়ঃশিরাঃ।
একতশ্চে বশাখেন বিশাখঃ প্রিয়কাম্যয়া।

অনুবাদ।

হইতেছে দেখিয়া পট্টিশ ঘূর্ণিত করিয়া কার্ত্তস্বরের মস্তকে আঘাত করি- লেন, তাহাতে সেই বলবান দানব সমরশায়ী হইল তখন মাতুলেয় ভ্রাতা কার্ত্তস্বর সংগ্রামে নিহত হইল অবলোকন করিয়া দানববর তুরঙ্গকন্দর পাশাস্ত্রদ্বারা পট্টিশের সহিত গণনায়ক নন্দিসেনকে বন্ধন করিল। নন্দিসেন সংগ্রামে পাশবদ্ধ হইল দেখিয়া প্রমথাগ্র- গণ্য বিশাখ এক শক্তি গ্রহণপূর্ব্বক সক্রোধে ধাবমান হইল। শক্তি হস্ত বিশাখকে সংগ্রামস্থলে অবলোকন করিয়া অয়ঃশির দানব এক প্রাশাস্ত্র গ্রহণপূর্ব্বক কুক্কুটধ্বজ প্রমথাগ্রগণ্য বিশাখের সহিত অতি ভয়ঙ্কর সংগ্রাম করিতে লাগিল অয়ঃশির দানব সংগ্রামে বিশাখকে নিবর্ত্ত করিয়া ভ্রমণ করিতে লাগিল। তখন শাখ ও নৈগমেয় প্রমথদ্বয় অতি দ্রুতবেগে শত্রুর প্রতি ধাবমান হইল। এক নৈগমেয় প্রমথবর শক্তিদ্বারা অয়ঃশির দানবকে ভেদ করিয়া বিনাশ করিল। অপর শাখ ও প্রিয়কারী বিশাখ শঙ্করের তনয়দ্বয় সেই রণস্থলে দানবগণকে বিনাশ করিয়া ভ্রমণ করিতে

সএভিঃশঙ্করসুতৈঃ পীড্যমানোজহৌরণং।
তেপ্রাপ্তাঃসম্বরংতূর্ণং বক্ষ্যমাণাগণেশ্বরাঃ।
পাশংশক্ত্যাসমাহত্য চতুর্ভিঃশঙ্করাত্মজৈঃ।
জঘানবিলয়ং তূর্ণ মাকাশাদিব ভূতলং।
পাশেনিরাশঙ্কাংযাতে সম্বরঃকাতরেক্ষণঃ।
দিশোথভেজেদেবর্ষে কুমারঃসৈন্যমর্দ্দয়ৎ।
তৈর্বধ্যমানাপৃতনা মহর্ষেসাদানবীরুদ্রসুতৈর্গণৈশ্চ।
বিষণ্ণরূপাভয়বিহ্বলাঙ্গী জগামশুক্রং শরণংভয়ার্ত্তা॥
ইতি শ্রীবামনপুরাণে উনচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

লাগিল। সেই সকল প্রমথগণ ভ্রমণ করিতে করিতে সংগ্রামস্থলে সম্বর দানবকে অবলোকন করিল। সেই শঙ্করাত্মজ শাখ ও বিশাখ প্রভৃতি প্রমথ চতুষ্টয় পাশ ও শক্তিদ্বারা আঘাত করিয়া সেই দানবকে শূন্যমার্গ হইতে ভূতলে পাতিত করিল। তখন পাশবদ্ধ কাতরেক্ষণ সম্বর বলপূর্ব্বক পাশমুক্ত হইয়া কুমারের সৈন্য বিনাশ করতঃ পলায়ন করিল। এইরূপে শঙ্করাত্মজ প্রমথগণ দানবগণকে বিনাশ করিলে এক দানবী কন্যা সাতিশয় ভীতা হইয়া শুক্রাচার্য্যের শরণাগত হইল।

ইতি বামনপুরাণে অষ্টত্রিংশত্তমো অধ্যায় সমাপ্ত।

চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

অথান্ধানপিবিপ্রর্ষে গন্ধর্বাসুরকিন্নরান্।
অন্ধকঃসহসাভ্যেত্য প্রাহশুক্রংভয়াতুরঃ।
ত্বমিদমংপশ্য ভগবন্ ময়াগুপ্তাবরূঙ্গিনী।
অনাথেবযথানারী প্রমথৈরপিকাম্যতে।
কুজম্ভাদ্যাশ্চনিহতা ভ্রাতরোমমভার্গব।
অক্ষয়াপ্রমথাশ্চামী কুরুক্ষেত্রফলংযথা।
তথাকুরুগুরুশ্রেষ্ঠ ন জীবেমযথাসুরৈঃ।
জয়েমচাপরান্যুদ্ধে তথাত্বংকর্ত্তুমর্হসি।
ততোঽন্ধকবচঃশ্রুত্বা শান্ত্বয়ন্পরমাদ্ভুতং।
বচনংপ্রাহবিপ্রর্ষে ব্রহ্মর্ষিদানবেশ্বরং।
ত্বদ্ধিতার্থংবর্তিষ্যামি করিষ্যামিতবপ্রিয়ং।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। হে বিপ্র! অন্ধকাসুর সমরাঙ্গনে অন্যান্য দেব গন্ধর্ব কিন্নরগণ অবলোকন পূর্ব্বক ভীত হইয়া ভার্গবের নিকট গমন করিয়া আবেদন করিল। হে ভগবন্! আপনি আমার রক্ষিতা এই দানবী কামিনীকে অবলোকন করুন্ অনাথিনীর ন্যায় প্রমথগণ কষ্ট দিতেছে। এবং কুজম্ভাদি ভ্রাতৃগণ সমরে নিহত হইয়াছে কিন্তু প্রমথগণ অক্ষত শরীরে সংগ্রাম করিতেছে তাহাদিগের বিনাশ নাই অতএব হে গুরুশ্রেষ্ঠ! আপনি ইহার উপায় করুন্ যাহাতে প্রমথগণ পুনর্জ্জীবিত না হয় এবং আমার সৈন্যগণ পুনর্জ্জীবিত হয় তাহা হইলে এই সংগ্রামে প্রবল শত্রুগণকে পরাভূত করিব। এইরূপ দানবরাজ অন্ধক ভার্গবকে বলিয়া বিশেষ অনুরোধ করাতে ভার্গব অচিরাৎ দানবকে আশ্বাসিত

ইত্যেবমুক্ত্বা বচনং বিদ্যাং সংজীবনীং কবিঃ।
আবর্ত্তয়ামাস তদা বিধানেন শুচিব্রতঃ।
তস্যামাবর্ত্তমানায়াং বিদ্যায়ামসুরেশ্বরাঃ।
যে হতাঃ প্রথমে যুদ্ধে তে চ সর্ব্বে সমুত্থিতাঃ।
কুজম্ভাদিষু দৈত্যেষু ভূয় এবোত্থিতেষ্বথ।
যুদ্ধায়াভ্যাগতেষ্বেব নন্দী শঙ্করমব্রবীৎ।
মহাদেববচো মহ্যং শৃণুষ্ব পরমাদ্ভুতং।
অবিসহ্যমচিন্ত্যঞ্চ মৃতানাং জীবনং বিভো।
যে হতাঃ প্রমথৈর্দৈত্যাস্তথা শক্ত্যা রণাজিরে।
তে সমুজ্জীবিতা ভূয়ো ভার্গবেণাথ বিদ্যয়া।
তদেবং তৈর্মহাদেব মহৎ কর্ম্ম কৃতং রণে।

অনুবাদ।

বাক্যে সন্তোষ করিয়া বলিলেন, হে দানবরাজ! আপনার উপকারার্থে বিশেষ চেষ্টা করিব এবং তোমার উপকার করিব। এই কথা দানবকে বলিয়া ভার্গব মৃতসঞ্জীবনী বিদ্যা বারম্বার যথা নিয়মে আলোড়ন করিতে লাগিলেন। ভার্গবের সেই সঞ্জীবনীবিদ্যা আলোচনা করাতে যে সকল দানব প্রথম সংগ্রামে নিহত হইয়াছিল, তাহারা সেই বিদ্যাশক্তিপ্রভাবে পুনরুত্থিত হইল, এবং কুজম্ভাদি প্রধান দানবগণ পুনরুত্থিত হইয়া যুদ্ধার্থ সমাগত হইল। নন্দী তাহাদিগকে দেখিয়া শঙ্করকে বলিল, হে মহাদেব! আমার বাক্য শ্রবণ করুন্। মৃত ব্যক্তি পুনর্জীবিত হয়, এ অতি আশ্চর্য্য মনে উদয় হয় না, কিন্তু অতি অসহ্য। যে সকল দানবকে প্রমথগণ সংগ্রামে বলপূর্ব্বক সংহার করিয়াছিল, তাহারা শুক্রাচার্য্যের সঞ্জীবনী বিদ্যাবলে পুনর্জীবিত হইয়া সংগ্রামাভিমুখে ধাবিত হইতেছে, এই সকল দানব সংগ্রামে অতি ভয়াবহ যুদ্ধ করিয়াছিল; অতএব হে সুরদেবেশ! সেই

সংজাতং সুরদেবেশ শুক্রবিদ্যাশ্রয়া বলাৎ।
ইত্যেবমুক্তে বচনে নন্দিনাকুলনন্দিনা॥
প্রত্যুবাচ বিভুঃ প্রীত্যা স্বার্থসাধনমুত্তমং।
গচ্ছ নন্দিন্ ততঃ শুক্রং মমান্তিকমুপানয়।
অহং তং সংযমিষ্যামি যথাযোগ্যং সমেবহি।
ইত্যেবমুক্তো রুদ্রেণ নন্দী গণপতিঃ শুভং।
সমাজগাম দৈত্যানাং ততঃ শুক্রজিঘৃক্ষয়া।
তং দদর্শাসুরশ্রেষ্ঠো বলবান্ হয়কন্ধরঃ।
সংরুরোধ তদা মার্গং সিংহস্যেব পশুর্বনে।
তমুপেত্যাহনন্নন্দী বজ্রেণ শতপর্ব্বণা।
স পপাতাথ নিঃসঙ্গো যযৌ নন্দী ততস্ত্বরন্।
ততঃ কুজম্ভো জম্ভশ্চ বলো বৃত্রস্ত্র্যয়ঃশিরাঃ।

অনুবাদ।

সকল দানবগণ ভার্গবের বিদ্যাবলে জীবিত হইয়া পুনর্ধাবিত হইতেছে। গণনায়ক নন্দী এই কথা বলিলে শঙ্কর নন্দীকে বলিলেন, এক্ষণে স্বার্থসাধনে তৎপর হও। হে গণনায়ক! তুমি শীঘ্র গমন কর এবং সেই সমরক্ষেত্র হইতে শুক্রাচার্য্যকে আমার নিকট আনয়ন কর। আমি তাহাকে উপযুক্ত শাসন করিব। ভগবান্ শঙ্কর নন্দীকে এবম্বিধ অনুমতি করিলে গণনায়ক নন্দী শুক্রাচার্য্যকে আনয়ন করিবার জন্য দৈত্যসৈন্যমধ্যেপ্রবেশ করিল; তখন বলবান দৈত্যনায়ক হয়কন্ধর সৈন্যমধ্যে নন্দীকে অবলোকন করিয়া পশু যাদৃশ কেশরীর পথ রোধ করিতে প্রবৃত্ত হয় তাদৃশ দানব নন্দীর পথ রোধ করিল। গণনায়ক নন্দী দানবকে সম্মুখে অবলোকন করিয়া বজ্রের আঘাত করিল, তাহাতে দানব নিঃসঙ্গ হইয়া ধরাশায়ী হইল; এই অবসরে নন্দী দ্রুতবেগে ভার্গ-

পঞ্চ দানবশার্দ্দূলা নন্দিনং সমুপাদ্রবন্।
তথান্যে দানবা শ্রেষ্ঠা ময়ো হ্রাদপুরোগমাঃ।
তান্ দৃষ্ট্বা ভগবান্ ব্রহ্মা প্রাহ শক্রপুরোগমান্।
নানাপ্রহরণা যুদ্ধে গণনাথমুপাদ্রবন্।
ততো গণানামধিপং তুদ্যমানং মহাবলৈঃ।
সমপশ্যন্তি দেবেশং পিতামহপুরোগমাঃ।
তং দৃষ্ট্বা ভগবান্ ব্রহ্মা প্রাহ শক্রপুরোগমান্।
সাহায্যং ক্রিয়তাং শম্ভোরেতদন্তরমুত্তমং।
পিতামহোক্তং বচনং শ্রুত্বা দেবাঃ সবাসবাঃ।
তেষামাপততাং বেগঃ প্রমথানাং বলে বভৌ।
আপগানাং যথা বেগঃ পতন্তানাং মহার্ণবে।
ততো হলহলাশব্দঃ সমজায়ত চোভয়োঃ।

অনুবাদ।

ধাভিমুখে ধাবিত হইল। তখন কুজম্ভ বাণ বৃত্রাসুর অয়ঃশিরা এই পঞ্চ বলবান বিক্রমশালী দানবনায়ক নন্দীর প্রতি ধাবমান হইল এবং অন্যান্য ময় ও হ্রাদ প্রভৃতি দানবগণ নন্দীর প্রতি ধাবমান হইল। এই সময়ে ভগবান ব্রহ্মা দানবগণের এতাদৃশ ভয়ঙ্কর কার্য্য অবলোকন করিয়া ইন্দ্র প্রভৃতি দেবগণকে বলিলেন। দানব-গণ বিবিধ অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক গণনাথের প্রতি ধাবিত হইতেছে। অনন্তর দানবগণ গণনায়ককে বারম্বার অস্ত্রাঘাত করিতে লাগিল। ভগবান ব্রহ্মা তখন ইন্দ্র প্রভৃতি দেবগণকে বলিলেন তোমরা এক্ষণে এই অন্তরে প্রবেশ করিয়া সহায়তা কর পিতামহের এব-ম্বিধ বাক্য শ্রবণ করিয়া গঙ্গা যেরূপ বেগে মহার্ণবে পতিত হইয়া-ছিলেন সেই রূপ বেগে দেবগণ প্রমথসৈন্যমধ্যে প্রবেশ করিলেন।

বলয়োর্ঘোরসংকাশাস্তুরপ্রমথয়োরপি।
তমন্তরমুপাগম্য নন্দী সংমোহ্য দানবান্।
রথাদ্ভার্গবমাক্রামৎ সিংহঃ ক্ষুদ্রমৃগং যথা।
সমাদায় হরাভ্যাসমনয়দ্গণনায়কঃ।
নিপাত্য রক্ষিণঃ সর্ব্বানথ শুক্রং ন্যবেদয়ৎ।
তমানীতং কবিং শর্ব্বঃ প্রাক্ষিপদ্বদনে বিভুঃ।
ভার্গবং ত্বাবৃততনুং জঠরে চ ন্যবেশয়ৎ।
স শম্ভুনা কবিশ্রেষ্ঠো গ্রস্তো জঠরমাস্থিতঃ।
তুষ্টাব ভগবন্তং স বাগ্ভিশ্চাভিরথাদরাৎ।

শুক্র উবাচ।

বরদায় নমস্তুভ্যং হরায় গুণশালিনে।
শঙ্করায় মহেশায় ত্র্যম্বকায় নমো নমঃ।
জীবনাথ নমস্তুভ্যং লোকনাথ বৃষাকপে।

অনুবাদ।

তাহাতে উভয়সৈন্যমধ্য হইতে একটি তুমুল কোলাহল শব্দ উত্থিত হইল। গণনায়ক নন্দী সেই তুমুল দানবসৈন্যমধ্যে প্রবেশ পুর্ব্বক দানবগণকে মুগ্ধ করিয়া কেশরী যাদৃশ ক্ষুদ্র পশুকে আনয়ন করে তাদৃশ ভার্গবকে রথে লইয়া শঙ্করের নিকট উপস্থিত হইল। রক্ষিগণকে বিনাশ করিয়া শুক্রকে আনয়ন করিলে অবলোকন করিয়া শঙ্কর নন্দীকে বলিলেন নন্দি তুমি শুক্রকে আনয়ন করিয়াছ তবে একণে আমার বদনে নিক্ষেপ কর। শঙ্কর ভার্গবের বিস্তৃত দেহ জঠরমধ্যে সন্নিবেশিত করিলেন। তখন ভার্গব শঙ্করের উদরমধ্যে অবস্থিতি করিয়া বেদোক্ত বাক্যে স্তব করিতে লাগিলেন। তুমি বরদাতা তুমি ত্রিগুণসম্পন্ন তোমাকে নমস্কার করি। তুমি মঙ্গলদাতা তুমি ত্র্যম্বক তোমাকে নমস্কার করি। হে জীব-

মদনাগ্নে কালশত্রো বামদেবায় তে নমঃ।
স্থাণবে বিশ্বরূপায় বামনায় সদাগতে।
মহাদেবায় শর্ব্বায় সর্ব্বরূপায় বৈ নমঃ॥
ত্রিনয়ন ভবশঙ্কর উমাপতে জীমূতকেতো গুহাশয় গৃহ-
শ্মশাননিরত ভূতিবিলেপন শূলপাণে পশুপতে তৎ-
পুরুষসত্তম নমো নমস্তে।
ইত্থং স্তুতঃ কবিবরেণ হরোঽথ ভক্ত্যা
প্রীতো বরং বরয় দদ্মি তবেত্যুবাচ।
স প্রাহ দেববর দেহি বরং মমাদ্য যদ্বৈ
তবৈব জঠরাৎ প্রতিনির্গমোঽস্তু।
ততো হরোঽক্ষীণি তদা নিরুধ্য প্রাহ দ্বিজেন্দ্রাদ্য বিনির্গমস্ব।
ইত্যুক্তমাত্রো বিভুনা চচার দেবোদরে ভার্গবপুঙ্গবস্তু॥

অনুবাদ।

নাথ, হে লোকনাথ! তুমি কন্দর্পকে ভস্মাবশেষ করিয়াছিলে, হে কালশত্রো! তুমি বামদেব তোমাকে নমস্কার করি। তুমি স্থাণু তুমি বিশ্বরূপ তুমি বামনরূপ ধারণ করিয়াছিলে তুমি মহাদেব তুমি শর্ব্ব তুমি সর্ব্বরূপী তোমাকে নমস্কার করি। হে ত্রিনয়ন ভব শঙ্কর, হে উমাপতে, হে জীমূতকেতো, হে গুহাশয়, গৃহশ্মশাননিরত, হে ভূতিলেপন শূলপাণে, হে পশুপতে তৎ পুরুষ সত্তম তোমাকে বারম্বার নমস্কার করি। এইরূপ কবিবর ভার্গব ভক্তিপূর্ব্বক শঙ্করকে স্তব করিলে শঙ্কর তাঁহাতে প্রীতিশয় প্রসন্ন হইয়া ভার্গবকে বলিলেন তুমি বর গ্রহণ কর। তখন ভার্গব বলিলেন, হে দেববর! যদি আমার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন তবে আমাকে এই বর প্রদান করুন্। আমি এক্ষণে যেরূপে আপনার জঠর হইতে বহির্গত হইতে পারি তাহাই প্রদান করুন্। তখন শঙ্কর নয়ন-

পরিভ্রমন্দদর্শাথ শম্ভোরেবোদরে কবিঃ।
ভুবনার্ণবপাতালভূতান্ স্থাবরজঙ্গমৈঃ।
আদিত্যান্ বসবো রুদ্রান্ বিশ্বেদেবগণাংস্তথা।
যক্ষান্ কিংপুরুষাদীংশ্চ গন্ধর্ব্বাপ্সরসাং গণান্।
মুনীন্ মনুজসাধ্যাংশ্চ পশুকীটপিপীলিকাঃ॥
বৃক্ষান্ গুল্মান্ গিরীন্ রম্যফলমূলৌষধানি চ।
স্থলস্থাংশ্চ জলস্থাংশ্চ নিমিষানিমিষানপি।
চতুষ্পাদান্ সদ্বিপাদান্ স্থাবরান্ জঙ্গমানপি।
অব্যক্তাংশ্চৈব ব্যক্তাংশ্চ সগুণান্নির্গুণানপি।
দৃষ্ট্বাথ কৌতুকাবিষ্টঃ পরিবভ্রাম ভার্গবঃ।
তত্রাসতো ভার্গবস্য দিব্যঃ সংবৎসরো গতঃ।
ন চান্তমলভদ্ব্রহ্মংস্ততঃ শ্রান্তোঽভবৎ কবিঃ।
স শ্রান্তমীক্ষ্যমাত্মানমলভন্নির্গমং বশী।
ভক্তিনম্রো মহাদেবং শরণং সমুপাগমৎ।

অনুবাদ।

দ্বয় মুদ্রিত করিয়া ভার্গবকে বলিলেন, তুমি বহির্গত হও। শঙ্কর এইকথা বলিলে পর ভার্গব সেই দেবোদরে ভ্রমণ করিতে লাগিলেন। ভার্গব সেই দেবোদরে ভ্রমণ করিতে করিতে চতুর্দ্দশ ভুবন সপ্তসমুদ্র সপ্ত-পাতাল ভূতগণ স্থাবর ও জঙ্গমগণ দ্বাদশ আদিত্য একাদশ রুদ্র অষ্টবসু বিশ্বেদেব ও দেবগণ যক্ষ কিম্পুরুষ গন্ধর্ব্ব বিদ্যাধর অপ্সরো-গণ মুনিগণ মনুষ্যগণ সাধ্যগণ পশুকীট পিপীলিকা বৃক্ষ গুল্ম পর্ব্বত ফলমূল ওষধি জলস্থ ও স্থলস্থ ক্ষুদ্র ও বৃহৎ চতুষ্পদ দ্বিপদ স্থাবর জঙ্গম অব্যক্ত ও ব্যক্ত এবং সগুণ নির্গুণ সমস্ত পদার্থ অবলোকন করিয়া সাতিশয় প্রফুল্লচিত্তে সেই উদরমধ্যে ভ্রমণ করিতে লাগি-লেন। এইরূপে ভ্রমণ করিতে করিতে দেবপরিমাণে এক

বিশ্বরূপ মহারূপ বিরূপাক্ষ সুরোজ্জ্বল।
সহস্রাক্ষ মহাদেব ত্বামহঃ শরণং গতঃ ॥
নমোঽস্তু তে শঙ্কর শর্ব্ব শম্ভো সহস্রবক্ত্রাক্ষ নমো নমোঽস্তু তে
দৃষ্ট্বৈব সর্ব্বান্ ভুবনাংস্তবোদরে শ্রান্তোঽহভবন্তং শরণং প্রপন্নঃ।
ইত্যেবমুক্তে বচনে মহাত্মা শম্ভুঃ পুনঃ প্রাহ বচো বিহস্য।
নির্গচ্ছ পুত্রোঽসি মমাধুনা ত্বং শিশ্নাধ্বনা ভার্গববংশচন্দ্রঃ।
নাম্না তু শুক্রেতি চরাচরাস্ত্বাং স্তোষ্যন্তি নান্যত্র বিচারমন্যৎ।
ইত্যেবমুক্তো ভগবান্ মুমোচ শিশ্নেন শুক্রঃ স চ নির্জ্জগাম।
বিনির্গতো ভার্গববংশচন্দ্রঃ শুক্রত্বমাপদ্য মহানুভাবঃ।
প্রণম্য শম্ভুঞ্চ জগাম তূর্ণং মহাসুরাণাং বলমুত্তমৌজাঃ।

অনুবাদ।

ভক্তি নম্রভাবে শঙ্করের শরণাগত হইয়া বলিলেন, হে বিশ্বরূপ মহারূপ বিরূপাক্ষ, হে সুরোজ্জ্বল, হে সহস্রাক্ষ মহাদেব আমি তোমার শরণাগত। হে শঙ্কর শর্ব্ব শম্ভো, হে সহস্র বক্ত্র সহস্রচরণ তোমাকে নমস্কার করি। হে দেব! আমি তোমার উদরে চতুর্দ্দশ ভুবন প্রভৃতি সমস্ত পদার্থ অবলোকন করতঃ অতিশয় শ্রান্ত হইয়া তোমার শরণাগত হইয়াছি। এই কথা বলিলে শঙ্কর ঈষৎহাস্য করিয়া ভার্গবকে বলিলেন। হে ভার্গববংশচন্দ্র তুমি এক্ষণে পুত্ররূপে আমার শিশ্নদ্বার দিয়া বহির্গত হও অদ্যাবধি এই চরাচর জগন্মণ্ডলে তোমার নাম শুক্র হইল। শঙ্কর এইরূপ বলিলে ভার্গব শিশ্ন দিয়া বহির্গত হইল। ভার্গববংশচন্দ্র ভগবান শুক্র শঙ্করের শিশ্ন দিয়া বহির্গত হইয়া শুক্রত্ব প্রাপ্ত হইলেন। এইরূপে অতি তেজস্বী ভার্গব বহির্গত হইয়া শঙ্করকে নমস্কার করতঃ দানবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন। দানবগণ শুক্রাচার্য্যকে প্রত্যাগত দেখিয়া সাতিশয় হর্ষিত হইল।

ভার্গবে পুনরায়াতে দানবা মুদিতাভবন্।
পুনর্যুদ্ধায় নিদধুর্ম্মতিঃ সিংহগণেশ্বরৈঃ।
গণেশ্বরাংস্তানসুরান্ মহামরগণৈরথ।
যুযুধুঃ সংকুলং যুদ্ধং সর্ব্ব এব জয়েপ্সবঃ।
ততোঽসুরগণানাঞ্চ দেবতানাঞ্চ যুধ্যতাং।
দ্বন্দ্বযুদ্ধং সমভবৎ ঘোররূপং তপোধন।
অন্ধকো নন্দিনং যুদ্ধে শঙ্কুকর্ণস্ত্বয়ঃশিরাঃ।
কুজম্ভঞ্চ বলী ধীমান্ নন্দিসেনঃ ত্রিলোচনঃ।
অশ্বগ্রীবো বিশাখশ্চ শাখো বৃত্রমযোধয়ৎ।
বাণস্তথা নৈগমেয়ং বলী রাক্ষসপুঙ্গবং।
বিনায়কং মহাবীর্য্যং পরশ্বধধরং রণে।
সংক্রুদ্ধা রাক্ষসাঃ শ্রেষ্ঠা দানবা প্রমথানথ।
সংযোধয়ন্তি ব্রহ্মর্ষে দিব্যাব্দানাং শতানি ষট্।

অনুবাদ।

এবং পুনর্ব্বার প্রমথাধিপের সহিত সংগ্রাম করিতে অভিলাষ করিল। তখন জয়াকাঙ্ক্ষী দেবগণ ও প্রমথগণ দানবের সহিত অতি ভয়ঙ্কর দ্বন্দ্ব যুদ্ধ করিল। অনন্তর দেবগণ ও দানবগণে অতি ঘোরতর সংগ্রাম হইল। পরে উভয় দলে সেই সমরক্ষেত্রে অতি ভয়ঙ্কর যুদ্ধ হইতেছে, ঐ সময়ে অন্ধকাসুরও নন্দিতে অয়ঃশিরা শঙ্কুকর্ণে কুজম্ভে নন্দিসেন ও ত্রিলোচনে, অশ্বগ্রীব, বিশাখগণ ও শাখগণ, বৃত্রাসুরে অতি ভয়ঙ্কর সংগ্রাম হইল। বাণাসুরে নৈগমেয়ে এবং পরশুধারী বীর্য্যবন্ত বিনায়কে ও রাক্ষসে এবং অন্যান্য অসংখ্য দানবগণে ও প্রমথগণে অতি রোমহর্ষণ ভয়ানক সংগ্রাম হইতে লাগিল এইরূপে দানবগণের সহিত প্রমথগণের দেব পরিমাণে ছয়শত বৎসর সংগ্রাম হইল। এই সময়ে সেই সংগ্রামে

শতক্রতুংসমায়ান্তং বজ্রপাণিমবস্থিতং ।
বারয়ামাস বলবান্ কুজম্ভোবৈমহাসুরঃ ।
হস্তীচকুণ্ডজঠরঃ ত্রদোবীরোঘটোদরঃ ।
এতেহি বলিনাংশ্রেষ্ঠা দানবাঃপ্রমথা নথ ।
সংযোধযন্তিব্রহ্মর্ষে দিব্যাব্দানাংশতানিষট্ ।
শম্ভুর্ম্মাসুরপতিঃ স ব্রহ্মাণমযোধয়ৎ ।
ময়োময়ংকুজম্ভঞ্চ বিষ্ণুংদৈত্যান্তকারিণং ।
বিবস্বন্তংবাণশাম্বো বরুণংত্রিশিরস্তথা ।
দ্বিমূর্দ্ধার্য্যমনংসোমং রাহুর্ম্মিত্রংবিরূপধৃক্ ।
অষ্টৌযেবসবঃখ্যাতা স্তেবরাঢ্যামহাসুরান্ ।
অষ্টাবেবমহেম্বাসান বারয়ামাসু রাহবে ।
শরফঃশলভঃপাকঃ বীরোহর্থাবিপৃথুঃপৃথুঃ ।
বাতাপীবিহ্বলশ্চৈব নানাশস্ত্রাস্ত্রযোধিনঃ ।

অনুবাদ।

বজ্রধারী পুরন্দরকে সমাগত দেখিয়া বলবান দানবাগ্রগণ্য কুজম্ভ দানব পুরন্দরকে নিবর্ত্ত করিল। এবং কুণ্ডজঠর হস্তী ঘটোদর ত্রাদ দানব প্রমথগণকে পরাভূত করিল। এই সমস্ত দানবগণ ও প্রমথগণ প্রধান। হে ব্রহ্মর্ষে! শম্ভু নামক দানবষর প্রজাপতি ব্রহ্মার সহিত ময়োময় কুজম্ভ বাণ দানব দৈত্যান্তকারি বিষ্ণুর সহিত দিব্যমানে ছয়শত বৎসর সংগ্রাম করিয়াছিল। এবং সূর্য্যেতে ও বাণাসুরেতে ত্রিশিরাতে বরুণেতে দ্বিমূর্দ্ধেতে অর্য্যমানেতে চন্দ্রেতে ও রাহুতে মিত্রতে বিরূপধারীতে এবং প্রসিদ্ধ বিখ্যাত নামা অষ্টাবসু অতি বলবান অষ্ট দানবকে সংগ্রামে পরাভূত করিল। শরফ শলভ পাক বিপৃথু পৃথু

বিশ্বেদেব গণান্‌সর্ব্বান্‌ বিশ্বকেন্দ্র পুরোগমান্‌।
একত্রবরুণেরৌদ্রঃ কালনেমি র্মহাসুরঃ।
একাদশৈব যেরুদ্রাস্তানে কোপিরণোৎকটঃ।
যোধয়ামাস তেজস্বী বিদ্যুন্মালী মহাসুরঃ।
দ্বাবশ্বিনৌ চ নরকে ভাস্করানেব সম্বরঃ।
সাধ্যামরুদ্গণাশ্চৈব নিবাতকবচাহ্বয়ঃ।
এবংদ্বন্দ্ব সহস্রাণি প্রমথা মরদানবৈঃ।
সংজাতানি সুশব্দানাং দশতীবন্মহামুনে।
যদা ন শকিতাযোদ্ধুং দৈবতৈ রমরারয়ঃ।
তদামায়াং সমাশ্রিত্য গ্রসন্তঃ ক্রমশোমরান্‌।
ততোভব চ্ছৈলপৃষ্ঠং প্রাবৃড়ভ্র সমপ্রভৈঃ।

অনুবাদ।

বাতাপী বিহ্বল প্রভৃতি দানবগণ বিবিধ অস্ত্র ধারণপূর্ব্বক বিশ্বে-দেবগণে ও জনার্দ্দনের সহিত অতি ভয়ঙ্কর সংগ্রাম করিল। সেই ভয়ঙ্কর সংগ্রামে এক কালনেমি ও বিদ্যুন্মালী দানব একাদশ রুদ্রের সহিত সংগ্রাম করিল। নরকাসুর অশ্বিনী কুমারদ্বয়ের সহিত এবং সম্বর আদিত্যগণের সহিত ঘোরতর সংগ্রাম করিতে লাগিল। সাধ্যগণ ও মরুদগণের সহিত নিবাতকচের ভয়ঙ্কর সংগ্রাম হইল। এইরূপে প্রমথগণ অমরগণ ও দানবগণে দেব পরিমাণে দুয়শত বৎসর অতি ভয়ঙ্কর সংগ্রাম হইল। দানবগণ যে সময়ে দেবগণের সহিত সংগ্রামে পরাভূত হইল, সেই সময়ে দানব গণ এক ভয়ঙ্কর মায়াজাল কল্পনা করিয়া দেবগণকে শঙ্কিত করিবার অভিপ্রায় করিল সকল দানবগণ বর্ষকালীন নিবীড় ধারাধর সদৃশ এক পর্ব্বতরূপ ধারণ করিল তখন অমর ও প্রমথগণ পুনর্ব্বার

আবৃতং বর্জ্জিতং সর্ব্বৈ প্রমথৈ রমরৈরপি।
দৃষ্ট্বাশূন্যং গিরিপ্রস্থং তৈশ্চৈব প্রমথামরৈঃ।
ক্রোধাদুৎপাতয়ামাস রুদ্রোজম্ভাদিকংবলী।
তয়াসৃষ্ট্যা দনুপুত্রা মনসা মন্দভাষিণঃ।
বদনং বিকৃতংকৃত্বা মুক্তাশস্ত্রং জিজৃম্ভিরে।
জৃম্ভমানেষু চ তদা দানবেষু গণেশ্বরাঃ।
সুরাশ্চনৈর্যযুস্তূর্ণং দৈত্যদেহেভয়াকুলাঃ।
মেঘপ্রভেভ্যো দৈত্যেভ্যো নির্গচ্ছন্তোঽমরোত্তমাঃ।
শোভন্তে পদ্মপত্রাক্ষা মেঘেভ্যইব বিদ্যুতঃ।
গণেশ্বরেষু চ সমং নির্গতেষু তপোধন।
অযুধ্যন্ত মহাত্মান স্ত্রযত্রবাতিকোপিতাঃ।
ততস্তুদেবৈঃ সগণৈ দানবাঃ শম্ভুপালিতৈঃ।
পরাজয়ন্তঃ সংগ্রামে ভূয়োভূয়স্ত্বহর্নিশং।
ততস্ত্রিনেত্রঃস্বাংসন্ধ্যাং সপ্তবিংশতিকে গতে।

অনুবাদ।

আবৃত গিরিপ্রস্থ অবলোকন করিয়া সমস্তই বৃত্তান্ত অবগত হইবার উৎসুক হইল। তখন অতি বলবান রুদ্র ক্রোধপূর্ব্বক জৃম্ভ প্রভৃতি দানবকে মহীতলে পাতিত করিলেন, সেই মায়াসৃষ্ট কটুভাষী দানবগণ বদন বিস্তারপূর্ব্বক দেবগণ ও প্রমথগণের অস্ত্র শস্ত্র গ্রাস করিতে লাগিল। তাহাতে দেবগণ ও গণেশ্বর প্রভৃতি প্রমথগণ অতিশয় ত্রাসিত হইয়া দানব দেহে প্রবেশ করিলেন, পরে দেবগণ দানব দেহ হইতে বহির্গত হইয়া মেঘ নিসৃত সৌদামিনী সদৃশী শোভা ধারণ করিলেন। গণেশ্বর প্রভৃতি তিনজন দানবদেহ হইতে বহির্গত হইয়া অতি ভয়ঙ্কর সংগ্রাম করিতে লাগিল। এইরূপ সংগ্রামে দেবগণের নিকট দানবগণ বারম্বার পরাজিত

কালেভ্যুপাগতে তদা অষ্টাদশ ভুজোহব্যয়ঃ।
সংস্পৃশ্যাপঃ সরস্বত্যা স্নাংবাচং বিধিনাহরঃ।
পূত্বাত্মাভক্তিমাম্নূর্দ্ধ্নি পুষ্পাঞ্জলি মবাক্ষিপৎ।
ততো ননাম শিরসা ততশ্চক্রে প্রদক্ষিণং।
হিরণ্য গর্ব্ভেত্যাদিত্য মুপতস্থে জজাপচ।
স্বষ্ট্রেনমো নমস্তেতু সম্যগুচ্চার্য্যশূলধৃক্।
ননর্ত্ত ভাবগম্ভীরং দোর্দ্দণ্ড ভ্রাময়ন্‌বলাৎ।
সন্ধ্যামুপাস্থদেবেশঃ পরিনৃত্য যথেচ্ছয়া।
যুদ্ধায়দানবৈঃসার্দ্ধং মতিংভূয়ঃ সমাদদে।
ততোহমরগণৈঃসর্ব্বৈ স্ত্রিনেত্র ভুজপালিতৈঃ॥
দানবা নির্জ্জিতাঃসর্ব্বে বলিভি র্ভয়বর্জ্জিতৈঃ।
স্ববলং নির্জ্জিতংদৃষ্ট্বা জ্ঞাত্বাজেয়ঞ্চ শঙ্করং।
অন্ধকঃ সুন্ধমাহূয়ইদং বচনমব্রবীৎ।
সুন্দভ্রাতাসি মে বীর বিশ্বাস্যঃ সর্ব্ববস্তুষু।

অনুবাদ।

হইল। অনন্তর অষ্টাদশ বাহুধারী নিরঞ্জন শঙ্কর সপ্তবিংশতি কাল অতিবাহিত হইলে সরস্বতীর পবিত্র বারিস্পর্শনে পবিত্র হইয়া ভক্তিপূর্ব্বক বেদোক্ত বিধিদ্বারা পুষ্পাঞ্জলি প্রদান করিলেন এবং ভক্তি সহকারে নমস্কার ও প্রদক্ষিণ করিয়া, হিরণ্ময়গর্ভ ইত্যাদি পুরুষোক্তমন্ত্রদ্বারা আদিত্য উপাসনা জপ করিতে লাগিলেন। স্বষ্ট্রেনম এই কথা বলিয়া বল পূর্ব্বক দণ্ড ঘূর্ণিত করিয়া অতি গম্ভীরভাবে নৃত্য করিতে লাগিলেন। ভগবান শঙ্কর সন্ধ্যা উপাসনা করিয়া সানন্দে নৃত্যকরতঃ পুনর্ব্বার দানবগণের সহিত সংগ্রাম করিবার অভিলাষ করিলেন। অনন্তর শঙ্করের ভুজপালিত নির্জ্জরগণের ও শঙ্করের [illegible]

যদ্ব দাম্যদ্যরবলক্ষয়ং তৎশ্রুত্বা কুরুযৎক্ষমং।
দুর্জ্জয়োঽসৌ রণপটু র্দ্ধর্ম্মাত্মা কারণান্তরৈঃ।
সমাসন্তেদ্রিহস্তরে পদ্মাক্ষী শৈলনন্দিনী।
তদুত্তিষ্ঠস্ব গচ্ছাবো যত্রাস্তে চারুহাসিনী।
তত্রৈণাং মোহয়িষ্যামি হররূপেণ দানব।
ভবান্ ভবস্যানুচরো ভবনন্দী গণেশ্বরঃ।
ততোগত্বাথভুক্ত্বাতাং ক্রব্যামি প্রমথান্ সুরান্।
ইত্যেব মুক্তেবচনে বাঢ়ং সুন্দোভ্যভাষত।
সমজায়ত শৈলাদি রন্ধকশ্চ শঙ্করোভবৎ।
নন্দিরুদ্রো ততোভূত্বা মহাসুর চমূপতী।
সংপ্রাপ্তৌমন্দরগিরিং প্রহারৈঃ ক্ষতবিগ্রহৌ।
হস্তমালম্ব্য সুন্দস্যচান্ধকো হরমন্দিরং।

অনুবাদ।

পরাজিত দানববর অন্ধক মনে মনে চিন্তা করিল, আমাদিগের বল-ক্ষয় হইয়াছে এবং শঙ্কর অজেয় অতএব ভ্রাতা সুন্দের নিকট গমন করিব এই স্থির করিয়া সুন্দকে আহ্বান করিয়া বলিল, হে বীর! তুমি আমার ভ্রাতা সকল বস্তুতে তুমি বিশ্বাস যোগ্য অতএব আমি অদ্য তোমাকে যাহা বলি তাহা শ্রবণান্তর যে রূপ কর্ত্তব্য হয় কর। কোন কারণান্তরে রণপটু ধর্ম্মাত্মা শঙ্কর সং-গ্রামে অতি দুর্জ্জয়। শঙ্কর এক্ষণে রণক্ষেত্রে উপস্থিত আছে এই মন্দর গিরিমধ্যে রাজীব লোচনা নগনন্দিনী আছে অতএব তুমি গাত্রোত্থান কর, চল, সেই চারুহাসিনী নগনন্দিনী যেস্থানে আছেন সেই স্থানে গমন করি। আমি শঙ্করের মূর্ত্তি ধারণ করিয়া সেই চারুহাসিনী অদ্রিনন্দিনীকে মুগ্ধ করিব, তুমি শঙ্করের অনুচর নন্দির রূপ ধারণপূর্ব্বক আমার সমভিব্যাহারে আগমন কর।

বিবেশ নির্বিশঙ্কেন চিত্তেনাসুরপুঙ্গবঃ।
ততো গিরিসুতা দূরা দায়ান্তং বীক্ষ্য চান্ধকং।
মহেশ্বর বপুশ্চন্নং প্রহারৈর্জর্জরীকৃতং।
স্কন্দশৈলাদিরূপস্থ মবষ্টভ্যাবিশ ত্ততঃ।
তং দৃষ্ট্বা মানিনীং প্রাহ সুজয়াং বিজয়াং জয়াং।
জয়ে পশ্যস্ব দেবেশং মদর্থে ক্ষতবিগ্রহং।
শক্রভি র্দানববরৈ স্তদুত্তিষ্ঠস্ব সত্বরং।
ঘৃতমানয় পৌরাণং বীটঞ্চলবণং দধি।
ব্রণভঙ্গং করিষ্যামি স্বয়মেব পিনাকিনঃ।
কুরুস্ব শীঘ্রং সুভগে স্বভর্ত্তু ব্রণনাশনং।
ইত্যেব মুক্ত্বা বচনং সমুত্থায় বরাননা।

অনুবাদ।

এইরূপে সেই সরোজনয়না কামিনীকে আনিতে পারিলে দেবগণ ও প্রমথগণকে জয় করা হইবে। অন্ধকাসুর এই কথা বলিলে সুন্দ নন্দীর রূপধারণ করিল এবং অন্ধক শঙ্করের মুর্ত্তিধারণ করিল। পরে দানববর অন্ধক সংগ্রামে ক্ষত বিক্ষত কলেবর এইরূপ শঙ্করের মূর্ত্তি ধারণপূর্ব্বক সুন্দের সহিত অন্ধকাসুর মন্দর পর্ব্বতে উপস্থিত হইল। শৈলনন্দিনী দূর হইতে অন্ধকাসুর আসিতেছে অবলোকন করিলেন। কিঞ্চিৎ নিকটবর্ত্তী হইলে দেখিলেন প্রহারে জর্জ্জরীকৃত দেহ শঙ্কর এবং নন্দীরূপধারী সুন্দকে অবলোকন করিয়া মানিনী জয়া সুজয়া ও বিজয়াকে বলিলেন জয়ে দেখ দেখ শঙ্কর আমার নিমিত্ত দানব শস্ত্রাঘাতে ক্ষতদেহ ধারণ করিয়াছেন অতএব তুমি শীঘ্র গাত্রোত্থান কর এবং পুরাতন ঘৃত পান বিট লবণ দধি আনয়ন কর আমি শঙ্করের গাত্রের ব্রণভঙ্গ করিব। তোমরা শীঘ্র শঙ্করের ব্রণভঙ্গ কর। জয়া ও বিজয়াদি সখীদিগকে এই কথা বলিয়া উমাদেবী

অভ্যাদ্রবৌ তদাভক্ত্যা মন্যমানা বৃষধ্বজং।
শূলপাণি স্ততঃস্থিত্বা ভূয়শ্চৎ জ্ঞানিযত্নতঃ।
অগ্নিয়েবজ্ঞতোপশ্য স্নোভৌপার্শ্ব স্থিতাবুভৌ।
সা জ্ঞাত্বাদানবং রৌদ্রং মায়াচ্ছাদিত বিগ্রহং।
অপ্রযাণং তদাচক্রে গিরিরাজ সুতামুনে।
দেব্যা শ্চিন্তিতমাজ্ঞায়সুন্দং ত্যক্তান্ধকাসুরঃ।
সমাদ্রবত বেগেন হরকান্তাং বিভাবরীং।
সমাদ্রবত দৈত্যেয়ো যেন মার্গেণসাগমৎ।
অয়স্কারান্তরং ভঞ্জৎ পাদপ্লুতিরিবাকুলং।
তমাপতন্তং দৃষ্টৈব গিরিজা প্রাদ্রবদ্ভয়াৎ।
গৃহংত্যক্ত্বাহ্যুপবনং সখীভিঃ সহিতাতদা।
তত্রাপ্যন্ধুজগাগাসৌ মন্দধী মুনিপুঙ্গব।

অনুবাদ।

নন্দিনী গাত্রোত্থানপূর্ব্বক শঙ্কর বিবেচনায় ভক্তিপূর্ব্বক কিঞ্চিৎ অগ্রসর হইলেন। অনন্তর শূলপাণি রূপধারী দানব তথায় কিঞ্চিৎকাল অবস্থিতি করিলে যত্নপূর্ব্বক তাহার গাত্রের ক্ষত অবলোকন করিতে করিতে পার্শ্বস্থিত দুইটি দানবকে অবলোকন করিলেন। শঙ্কররূপধারী অতিভয়ঙ্কর দানব বিবেচনায় সেই স্থান হইতে দেবী পলায়ন করিলেন। দেবীর নিমিত্ত সুন্দকে বাঞ্ছিতার ক্লিষ্ট দেখিয়া তৎক্ষণাৎ সুন্দকে পরিত্যাগ করিয়া হরগৃহিণীর প্রতি বেগে ধাবিত হইল। শৈলসুতা যে পথ দিয়া গমন করিয়াছেন দানব সেই পথে বেগে গমন করিল। দানব বেগে ধাবিত হইতেছে দেখিয়া গিরিজা দেবী ভয়ে স্বভবন পরিত্যাগপূর্ব্বক সখীগণের সহিত উপবনে প্রবেশ করিলেন। তখন সেই মূঢ় দানব তাঁহার পশ্চাৎ গমন করিল কিন্তু দানবের [illegible] অবলোকন মাত্রেই দেবী

তথাপি ন শশাপৈনং তপসা গোপনীয়ভু।
তদ্ভয়াদবিশদ্গৌরী শ্বেতার্ক কুসুমংশুচিঃ।
বিজয়াদ্যা মহাগুল্মং সংপ্রযাতালয়ংমুনে।
নষ্টায়ামথপার্ব্বত্যাং ভূয়োহৈরণ্য লোচনিঃ।
স্কন্দং হস্তে সমাদায় স্বসৈন্যং পুনরাগতঃ।
অন্ধকে পুনরায়াতে স্ববলং মুনিসত্তম।
প্রাবর্ত্তত মহাযুদ্ধং প্রমথাসুরয়োরপি।
ততোঽমরগণশ্রেষ্ঠো বিষ্ণু শ্চক্রগদাধরঃ।
নিজঘানাসুরবরং শঙ্করপ্রিয়কাম্যযা।
শার্ঙ্গ চাপচ্যুতৈর্বাণৈঃ সংমৃতাদানবর্ষভাঃ।
পঞ্চষট্ সপ্তচাষ্টৌচ ব্রধ্নপাদৈ র্ঘনাইব।
গদয়া কাংশ্চিদবধীচ্চক্রেণান্যান্ গদাধরঃ।

অনুবাদ।

তাহাকে অভিসম্পাত করিতে পারিলেন না। কিন্তু সেই দানবের ভয়ে দেবী শ্বেতার্কপুষ্পমধ্যে প্রবেশ করিলেন। সখীগণ গুল্মমধ্যে প্রবেশ করিল, দানববর দেবীকে দেখিতে না পাইয়া মনে স্থির করিল দেবীর বিনাশ হইয়াছে তখন অন্ধকাসুর স্কন্দের হস্ত ধারণ করিয়া স্বীয় সৈন্যগণের সহিত পুনর্ব্বার সমরক্ষেত্রে গমন করিল। অন্ধকাসুর পুনর্ব্বার সমরক্ষেত্রে আসিয়াছে দেখিয়া দানব সৈন্যগণ প্রমথগণ দেবগণের সহিত মহাযুদ্ধে প্রবৃত্ত হইল। এই সময়ে দেববর চক্রধারী গদাধর শঙ্করের সন্তোষার্থে সেই মহাসংগ্রামে অসংখ্য দানবসৈন্য সংহার করিলেন। ভগবান্ নারায়ণের শার্ঙ্গচাপ নির্মুক্ত বাণদ্বারা এবং পঞ্চ ষষ্ঠ সপ্তম অষ্টমবার সংক্ষিপ্ত পাদদ্বারা দানব সকল মেঘজাল সদৃশ চূর্ণীকৃত হইল। তখন কাহাকে গদাঘাতে বিনাশ করিলেন [illegible]

খড়্গেন বিচকর্ত্তান্যান্ দৃষ্ট্যান্যান্ ভস্মসাৎকরোৎ।
হলেনা কৃষ্যচৈবান্যান্ মূষলেন ব্যচূর্ণয়ৎ।
গরুড়ঃ পক্ষপাতাভ্যাং তুণ্ডেনাপ্যুরসানয়ৎ।
সচাদি পুরুষো ধাতা পুরাণঃ প্রপিতামহঃ।
ভ্রাময়ন্নির্ম্মলং পদ্মমভ্যষিঞ্চত বারিণা।
সংস্পৃষ্টা ব্রহ্মতোয়েন সর্ব্বতীর্থময়েন হি।
গণমেব গণাঃশ্চাসন্ বলান্নাগবলাধিকাঃ।
দানবাস্তেন তোয়েন সংস্পৃষ্টা শ্চাঘহারিণা।
সবাহনাঃ ক্ষয়ংজগ্মুঃ কুলিশেনেব পর্ব্বতাঃ।
দৃষ্ট্বাব্রহ্মহরীযুদ্ধে ঘাতয়ন্তৌ মহাসুরান্।
শতক্রতুশ্চ দুদ্রাব প্রগৃহ্যকুলীশংবলী।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য বলীদানবসত্তমঃ।

অনুবাদ।

খণ্ড খণ্ড করিলেন। কাহাকে ক্রোধ দৃষ্টিতে ভস্মীভূত করিলেন এবং বিনতানন্দন পক্ষীরাজ গরুড় কাহাকে পক্ষদ্বয়াঘাতে কাহাকে তুণ্ডাঘাতে যমসদনে প্রেরণ করিল। এবং আদিপুরুষ ধাতা পিতামহ ব্রহ্মা নির্ম্মল পদ্ম ঘূর্ণিত করিয়া সর্ব্বতীর্থ সম্ভূত তোয়াভিসিঞ্চন করাতে প্রমথগণ ও দেবগণ শত শত মত্তহস্তীর বলধারণ করিল, দানবগণ ক্রমশঃ বাহনগণের সহিত পুরন্দরের কুলিশাঘাতে ভূধর সদৃশ বিনাশ প্রাপ্ত হইল। ব্রহ্মা ও হরির যুদ্ধে অসংখ্য দানব সংহার হইল দেখিয়া পুরন্দর এক কুলিশ ধারণপূর্ব্বক সংগ্রামে ধাবিত হইল পুরন্দর যুদ্ধে সমাগত হইয়াছে দেখিয়া সহস্র সহস্র দানব সৈন্য তাহার মার্গ আবরণ করিল। তখন পুরন্দর কুলিশ ঘূর্ণিত করিয়া দানব সেনানীর মস্তকে নিক্ষেপ করিয়া বলিলেন, রে মূঢ় তুই এখনি বিনাশ হইবি। সেই দানববরের মস্তকে শতক্রতুর বজ্র পতিত

ইত্থাদেবং চক্রপাণিং বিমানস্থঞ্চপদ্মজং।
শক্রমভ্যদ্রবদ্দৈত্যোদ্ধুং মুষ্টিমুদ্যম্যদানবঃ।
বলবান্ দানবপতিঃ রজেয়ো দেবদানবৈঃ।
তমাপতন্তং ত্রিদশেশ্বরস্তু দোর্ভ্যাং সহস্রেণ যথা বলেন।
বজ্রং পরিভ্রাম্য বলস্য মূর্দ্ধ্নি চিক্ষেপ হে মূঢ়হতোস্যদীর্য্য।
সতস্যমূর্দ্ধ্নি প্রবরোপি বজ্রোজগামতূর্ণং হি সহস্রধামুনে।
বলোদ্রবদ্দেবপতিং সুভীমঃ পরাঙ্মুখোভূৎ সমরান্মহর্ষে।
তঞ্চাপিজম্ভোবিমুখং নিরীক্ষ্য ন রাজধর্ম্মোগদিতং পলায়নং।
তুম্বাগ্রতঃ প্রাহ ন যুক্ত মেতদুত্তিষ্ঠ রাজাসি চরাচরস্য।
সহস্রাক্ষো জম্ভবাক্যং নিশম্যভীতস্তূর্ণং বিষ্ণুমাগান্মহর্ষে।
উপেত্যাহশ্রূয়তাং বাক্যমস্য ত্বং মেনাথোভূতভব্যেনবিষ্ণো।
জম্ভস্তর্জ্জবতেত্যর্থং মাং নিরায়ুধমীক্ষ্যহি।
আয়ুধং দেহিভগবং ত্বামহং শরণং গতঃ।

অনুবাদ।

হইয়া সহস্র খণ্ড হইল। তখন দানবপতি ইন্দ্রের প্রতি বেগে ধাবিত হইল, দেবপতি ইন্দ্র দানব সমরে পরাঙ্মুখ হইয়া পলায়ন করিল। বলবান দানববর জম্ভ ইন্দ্রকে পলায়ন করিতে দেখিয়া বলিল এ রাজধর্ম্ম নহে, পরে কিঞ্চিৎ অগ্রসর হইয়া বলিল তুমি গাত্রোত্থান কর, তুমি চরাচরের রাজা, অতএব পলায়ন সংগ্রামে করা কর্ত্তব্য নহে। পুরন্দর জম্ভের বাক্য শ্রবণ করিয়া মনে মনে চিন্তা করিল আমি বিষ্ণুমায়ায় মুগ্ধ হইয়া ভীত হইয়াছি। তখন ইন্দ্র কিঞ্চিৎ অগ্রসর হইয়া বিষ্ণুকে বলিলেন আপনি শ্রবণ করুন্ আপনি ভূত ভবিষ্যত সকলি বিদিত আপনি আমার নাথ জম্ভাসুর আমাকে বিশস্ত্র অবলোকন করিয়া অতিশয় দর্প করিতেছে অতএব হে ভগবন্! আমাকে আয়ুধ প্রদান করুন্ আমি আপনার শরণা-

তমুবাচ হরিঃ শক্রং ত্যক্ত্বা দর্পং ব্রজাধুনা।
প্রার্থয়স্বায়ুধং বহ্নিং স তে দাস্যত্য সংশয়ং।
জনার্দ্দন বচঃ শ্রুত্বা শক্রস্ত্বরিত বিক্রমঃ।
শরণং পাবক মগাদিদং চোবাচ নারদ।

শক্র উবাচ।

নিযুতোমে বলং বজ্রং কৃশানো শতধাগতং।
এষচাহ্বয়তে জম্ভ স্তস্মাদ্দেহ্যায়ুধং মম।

পুলস্ত্য উবাচ।

তমাহ ভগবান্ বহ্নিঃ প্রীতোস্মিতব বাসব।
যত্ত্বং দর্পং পরিত্যজ্য মামেব শরণং গতঃ।
ইত্যুচ্চার্য্য স্বশক্ত্যাস্তু শক্তিং নিষ্ক্রাম্য পাবকঃ।
প্রাদাদিন্দ্রায় ভগবান্ পাবকঃ স দিবং গতঃ।
তা মাদায় তদা শক্তিং শতঘণ্টাং সুদারুণাং।

অনুবাদ।

গত। তখন ভগবান নারায়ণ ইন্দ্রকে বলিলেন তুমি এক্ষণে অহঙ্কার পরিত্যাগ পূর্ব্বক গমন কর। এবং হুতাশনের নিকট আয়ুধ প্রার্থনা কর অবশ্যই তিনি তোমাকে আয়ুধ প্রদান করিবেন। এইরূপ ভগবান চক্রধারীর বাক্য শ্রবণ করিয়া পুরন্দর অতি দ্রুতবেগে হুতাশনের নিকট গমনপূর্ব্বক তাহার শরণাপন্ন হইয়া প্রার্থনা করিলেন। হে হুতাশন আমার বল বিনষ্ট হইয়াছে এবং কুলিশ শতধা প্রাপ্ত হইয়াছে তথাপি জম্ভাসুর স্পর্দ্ধা করিতেছে অতএব আমাকে আয়ুধ প্রদান কর। পুলস্ত্য বলিলেন। ভগবান হুতাশন পুরন্দরের প্রতি সন্তোষ হইয়া বলিলেন, হে বাসব! তুমি দর্প পরিত্যাগ করিয়া আমার শরণাগত হইয়াছ এই কথা বলিয়া পাবক স্বীয় শক্তি হইতে শক্তি নিষ্ক্রামন করিয়া ইন্দ্রকে প্রদান

প্রত্যুদ্যযৌ তদা জম্ভং হন্তুকামোরিমর্দ্দনঃ।
তেনাতিযশসাদৈত্যঃ সহসৈবাভিসং দ্রুতঃ।
ক্রোধশ্চক্রেতদাজম্ভো নিজঘান গজাধিপং।
গজং মুষ্টিনিপাতেন ভগ্নকুম্ভ স্তদাগজঃ।
নিপপাত যথা শৈলঃ শক্র বজ্র হতঃ পুরা।
পতমানাদ্গজেন্দ্রাত্তু শক্রশ্চোৎপ্লুত্যবেগবান্।
ত্যক্তৈব মন্দরগিরং নিপপাত ধরাতলে।
পতমানং হরিং সিদ্ধাশ্চারণাশ্চ তথা ব্রুবন্।
মামাশক্রপতস্বাদ্য ভুতলে তিষ্ঠ বাসবং।
সতেষাং বচনং শ্রুত্বা যোগীতস্থৌক্ষণং তদা।
প্রাহচৈনান্ কথং যোৎসে অপত্রঃ শক্রভিঃ সহ।

অনুবাদ।

পূর্ব্বক সুরলোকে গমন করিলেন। তখন পুরন্দর অতি ভয়াবহ শতঘণ্টা সংযুতা হুতাশনের শক্তি গ্রহণ করিয়া জম্ভাসুরকে নিধন করিবার মানসে পুনর্ব্বার সমরাঙ্গনে গমন করিলেন। অতিশয় বল বিক্রমশালী জম্ভাসুর ইন্দ্রকে সমরাঙ্গনে অবলোকন করিয়া সাতিশয় ক্রোধপূর্ব্বক দ্রুতবেগে ইন্দ্রকে বিনাশ করিতে গমন করিল। এবং দৃঢ় মুষ্টি প্রহারে ঐরাবত মাতঙ্গের কুম্ভ ভঙ্গ করিল তাহাতে মাতঙ্গবর ইন্দ্রের কুলীশাঘাতে পর্ব্বত সদৃশ ভূমিতলে পতিত হইল। ঐরাবত মাতঙ্গ পতিত হইতেছে পুরন্দর তৎক্ষণাৎ লম্ফপ্রদান পূর্ব্বক মন্দর পর্ব্বত হইতে মহীতলে পতিত হইতে লাগিলেন সিদ্ধচারণগণ পুরন্দরকে পতিত হইতে দেখিয়া বলিলেন, হে পুরন্দর! তুমি পতিত হইও না। তুমি ভূতলে অবস্থান কর। সিদ্ধচারণগণের বাক্য শ্রবণ পূর্ব্বক পুরন্দর ক্ষণকাল তথায় অবস্থিতি করিলেন। তখন সিদ্ধগণ বলিলেন

তমুচুর্দ্দেবগন্ধর্ব্বা মা বিষাদং ব্রজেশ্বর।
যুধ্যস্বত্বং সমারুহ্য প্রেষয়িষ্যাম তদ্রথং।
ইত্যেব মুক্ত্বাবিমলং রথং স্বস্তিকলক্ষণং।
বানরধ্বজ সংযুক্তং হরিদ্ভির্হরিভির্যুতং।
শুদ্ধ জাম্বুনদময়ং কিঙ্কিণী জালমণ্ডিতং।
শক্রায়প্রেষযামাসু বিশ্বাবসুপুরোগমাঃ।
তমাগত মুদীক্ষ্যাথ হীনং সারথিনা হরিঃ।
প্রাহযোৎস্থে কথং যুদ্ধে সংযমিষ্যে কথং হয়ান্।
যদি কশ্চিদ্ধি সারথ্যং করিষ্যতি মমাধুনা।
ততোঽহং ঘাতয়েশত্রুং নান্যথেতি কথঞ্চন।
ততো ব্রুবন্তো গন্ধর্ব্বানাস্মাকং সারথির্ব্বিভো।
বিদ্যতে স্বয়মেবাশ্বাং স্তং সংযন্তুমিহার্হসি।

অনুবাদ।

ইন্দ্র তুমি অপত্র অতএব কিরূপে শত্রুর সহিত সংগ্রাম করিবে। এবং দেব গন্ধর্ব্বগণ ইন্দ্রকে বলিলেন, হে বাসব! তুমি বিষাদ করিও না। অতএব তোমাকে আমরা রথ প্রদান করিতেছি তুমি সংগ্রাম কর। এই কথা বলিয়া স্বস্তিকাদি চিহ্নাঙ্কিত বিমল বানরধ্বজ সংযুক্ত এবং বিশুদ্ধ সুবর্ণ ময় কিঙ্কিনীজাল মণ্ডিত হরিদ্বর্ণ হয় সংযুক্ত রথ বিশ্বাবসু গন্ধর্ব্ব প্রভৃতি সকলে ইন্দ্রকে প্রদান করি- লেন এবম্বিধ লক্ষণাক্রান্ত রথ প্রদান করিলে,বাসব রথের প্রতি দৃষ্টি নিক্ষেপ করতঃ দেখিলেন সারথি বিহীন রথ। তখন গন্ধর্ব্বগণকে বলিলেন আমি কিরূপে অশ্ব সঞ্চালন পূর্ব্বক সংগ্রাম করিব। যদি কেহ আমার সারথ্য কার্য্য কর তবে আমি নিশ্চয় সংগ্রামে শত্রু বিনাশ করিব। তখন গন্ধর্ব্বগণ বলিলেন আমাদিগের সারথি নাই ঘোটক উপস্থিত আছে আপনি ঘোটক সঞ্চালন পূর্ব্বক

ইত্যেবমুক্তোভগবাং স্ত্যক্ত্বা স্যন্দনমুত্তমং।
ক্ষ্মাতলেনিপপাতৈব পরিভ্রষ্টায়ুধাম্বরঃ।
চলন্মৌলীং মুক্তকচং পরিভ্রষ্টস্রগম্বরং।
পতমানং সহস্রাক্ষং দৃষ্ট্বাভূঃ সমকম্পত।
পৃথিব্যাং কম্পমানায়াং সমীকর্ণে তপস্বিনী।
ভার্য্যাব্রবীৎ প্রভোবালং বহিঃ কুরু যথাসুখং।
সসুশীলাবচঃ শ্রুত্বা কিমর্থ মিতি চাব্রবীৎ।
সা চাহশ্রূয়তাং নাথ দৈবজ্ঞ পরিভাষিতং।
যদেয়ং কম্পতেভূমি স্তদা প্রাক্ষিপ্যতেবহিঃ।
যদ্বাহ্যতো মুনিশ্রেষ্ঠ তদ্ভবেদ্দ্বিগুণঃ সদা।
এতদ্বাক্যং তদা শ্রুত্বা বালমাদায় পুত্রকং।
নিরাশঙ্কো বহিঃশীঘ্রং প্রাক্ষিপৎ ক্ষ্মাতলেদ্বিজঃ।

অনুবাদ।

সংগ্রাম কর। এই কথা বলিয়া অস্ত্র শস্ত্র বিহীন ভগবান পুরন্দর স্যন্দন পরিত্যাগ করিয়া অবনীতলে পতিত হইলেন। তাহার পরিভ্রষ্টশিরোমুকুট মুক্তকেশ এবং স্খলিত স্রগাম্বর এই রূপে পতিত হওয়াতে অবনীমণ্ডল কম্পিত হইল। পৃথিবী কম্পিত হইলে তপস্বিনী ভার্য্যা শমীকংক বলিলেন, হে প্রভো! এক্ষণে বালককে বহির্গত কর। তখন তাপস শমীক সুশীলার বাক্য শ্রবণ করিয়া বলিলেন তুমি কি নিমিত্ত এ কথা বলিতেছ। সুশীলা বলিল, হে প্রভো! শ্রবণ করুন্ কোন দৈবজ্ঞ বলিয়াছিল যখন এই অবনীমণ্ডল কম্পিত হইবে তখন তোমার গর্ভস্থ বালক বহির্নিসৃত হইলে যেরূপ বালক একটি বহির্গত হইবেক, ভূমিস্পর্শে তাহার দ্বৈগুণ্য হইবে। এই কথা শ্রবণান্তে শমীক নিঃশঙ্কচিত্তে সেই গর্ভস্থ বালক পুত্রকে গ্রহণ করিয়া বহি

ভূয়োগোযুগলার্থায় প্রবিষ্টো ভার্য্যয়াদ্বিজঃ।
নিবারিতোথব্রাহ্মণ্যা অর্থহানির্ভবিষ্যতি।
ইত্যেব মুক্তোদেবর্ষে বহির্নিঃক্ষিপ্যবেগবান্।
দদর্শ বালদ্বিতয়ং সমরূপমবস্থিতং।
তং দৃষ্ট্বাদেবতাঃ পূজ্য ভার্য্যাঞ্চাদ্ভূত দর্শণাং।
প্রাহতত্ত্বং ন বিন্দামি যৎ পৃচ্ছামি বদস্ব তৎ।
বালস্যাস্য দ্বিতীযস্য কিং ভবিষ্যো গুণোবদ।
ভাব্যানিচাস্য যচ্চোক্তং কর্ম্ম তৎ কথয়াধুনা।
সাব্রবীন্নাথ তেবক্ষ্যে বদিষ্যামি পুনঃ প্রভো।
সোহব্রবীদ্বদমেহদ্যৈবনোচেন্নাশ্নামি ভোজনং।
সাপ্রাহ শ্রুয়তাং ব্রহ্মন্ বদিষ্যে বচনং হিতং।
কারণেনাদ্যযৎপৃষ্টং ভাব্যঃ কারুরয়ং কিল॥

অনুবাদ।

পূর্ব্বক বহিনিঃসৃত করিয়া মহীতলে নিক্ষেপ করিল। পুনর্ব্বার গো-যুগল আনয়নার্থে সুশীলা ভার্য্যার সহিত ব্রাহ্মণ গৃহে প্রবেশ করিতে-ছেন পথিমধ্যে সুশীলা ব্রাহ্মণকে বলিল আপনার অর্থ হানি হই-বেক ব্রাহ্মণী এই কথা বলিলে পর ব্রাহ্মণ অতিশয় ক্রোধে বলপূ-র্ব্বক সেই বালককে বহির্নিক্ষেপ করিল। পরে দেখিলেন সমরূপ ও সমবয়স্ক দুইটি বালক তথায় অবস্থিতি করিতেছে। তখন দেব পূজ্য সেই ব্রাহ্মণ ভার্য্যাকে বলিল, আমি ইহার বিশেষ মর্ম্ম অবগত হইতে পারি নাই, অতএব যাহা জিজ্ঞাসা করি তুমি বল। এই যে দ্বিতীয় বালক, এই বালকের কি গুণ তাহা বল? এবং ঐ বালকের যে কার্য্য তাহাও বল। ব্রাহ্মণী বলিল অদ্য তোমাকে বলিব তখন ব্রাহ্মণ ভার্য্যাকে বলিল তুমি এক্ষণে বল, নতুবা আমি ভোজন করিব না, ব্রাহ্মণী বলিল আমি তোমার

ইত্যুক্তবতি বাক্যেন্দু বালএব সুকেতনঃ।
জগাম স্বস্থং শক্রস্য কর্ত্তুং সৈন্য বিশারদঃ।
তং ব্রজন্তিং হি গন্ধর্ব্বা বিশ্বাবসু পুরোগমাঃ।
কুরু বাসবসাহায্যং তেজসাসমবর্দ্ধয়ন্।
গন্ধর্ব্বতেজসাযুক্তঃ শিশুঃ শক্রং সমেত্যাহি।
প্রোবাচেহ্যেহি দেবেশ প্রিয়োযন্তাভবামি তে।
তং শ্রুত্বাসুহরিঃ প্রাহ কস্য পুত্রোসিবালকঃ।
সংযন্তাসিকথং চাস্মান্ সংশয়ঃ প্রতিভাতিমে।
সোব্রবীদৃষিতেজোংশং স্মাভবং বিদ্ধিবাসব।
গন্ধার্ব্বতেজসাযুক্তং বাজিয়ান বিশারদং।
তংশ্রুত্বা ভগবানশক্রঃ খংস্তেজেযোগিনাং বরঃ।

অনুবাদ।

হিতকর বাক্য বলিতেছি। অদ্য তুমি যে সকল কারণে আমাকে জিজ্ঞাসা করিতেছ শ্রবণ কর, পরে যাহা হইবেক তাহার বিধান তুমি কর। এই কথা যে সময়ে ব্রাহ্মণকে বলিল সেই সময়ে সৈন্য বিশারদ ঐ দ্বিতীয় বালক ঐ পুরন্দরের সমীপে গমন করিল। পথিমধ্যে বিশ্বাবসু প্রভৃতি গন্ধর্ব্বগণ তাহাকে অবলোকন করিয়া বলিল, তুমি পুরন্দরের সাহায্য কর, আমরা স্বীয় তেজ দ্বারা তোমাকে বর্দ্ধিত করিতেছি, তখন গন্ধর্ব্ব তেজযুক্ত সেই বালক ইন্দ্রের নিকট উপস্থিত হইয়া বলিল, হে পুরন্দর! তুমি শীঘ্র আগমন কর আমি তোমার সারথ্য কার্য্যার্থে আসিয়াছি। তখন পুরন্দর সেই বালককে অবলোকন করিয়া বলিলেন তুমি বালক কাহার তনয় কিরূপে অশ্ব সঞ্চালন করিবে এই বিষয়ে আমার অতিশয় সন্দেহ উপস্থিত হইতেছে। সেই বালক বলিল আমি ঋষি তেজে মহীতল হইতে সম্ভূত এবং গন্ধর্ব্বতেজে বর্দ্ধিত ও অশ্বের

সচাপিবিপ্রতনয়োমাতলি র্নামবিশ্রুতঃ।
ততোবিরূঢস্তু রথং শক্র স্ত্রিদশপুঙ্গবঃ।
বাশ্মীলশাম্মীকতনয়োমার্তালঃ প্রগৃহীতবান্।
ততোমন্দরমাগম্য বিবেশ রিপুবাহিনীং।
প্রবিশন্ দদৃশে ধীমান্ পতিতং কার্ম্মুকংমহৎ।
সশরং পঞ্চবর্ণন্তু সিতরক্তাসিতারুণং।
পাণ্ডুচ্ছায়ং সুরশ্রেষ্ঠ স্তং জগ্রাহ সমার্দ্ধনং।
ততস্তু মনসা দেবো রজঃ সত্ত্বতমোময়ান্।
নমস্কৃত্য শরঞ্চাপি সোধিজ্যবিনিযোজয়ৎ।
ততোনিশ্চেরু রত্যুগ্রাঃ শরাবর্হিণ বাসসঃ।
ব্রহ্মেশ বিষ্ণুনামাঙ্কাঃ সূদয়ন্তোহ সুরান্ রণে।
আকাশং বিদিশঃ পূর্ব্বংদিশশ্চ শরবোংকরৈঃ।

অনুবাদ।

কার্য্যে বিশেষ নিপুণ আমাকে জান। বালকের এববিধ বাক্য শ্রবণ করিয়া পুরন্দর তৎক্ষণাৎ আকাশ মার্গে উত্থিত হইলেন। ঐ বিপ্রতনয় তদবধি মাতুলি নামে বিখ্যাত হইল। অনন্তর বাসব স্বীয় রথে আরোহণ করিলে শমীক তনয় মাতুলি সারথ্য গ্রহণ করিলেন। পরে পুরন্দর মন্দর পর্ব্বতে গমনপূর্ব্বক শত্রু সৈন্যমধ্যে প্রবিষ্ট হইলেন। দেখিলেন তথায় এক অতি বৃহৎ কার্ম্মুক পতিত রহিয়াছে এবং শুক্ল রক্ত কৃষ্ণ অতিশয় রক্ত ও পাণ্ডুবর্ণ পঞ্চবাণ রহিয়াছে তখন বাসব অতিশয় ব্যস্ত সমস্ত হইয়া সেই ধনুর্ব্বাণ গ্রহণ করিলেন। পুরন্দর সত্ত্ব রজ তমো গুণাত্মক ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরকে নমস্কার করিয়া কার্ম্মুকেবাণ সংযোগ করিলেন। তখন ময়ূর পক্ষ রঞ্জিত ব্রহ্মা বিষ্ণু ও শঙ্করের নামাঙ্কিত সেই অতি ভয়ঙ্কর বাণবহির্গত করিলে দানবগণ চতুর্দ্দিগ হইতে

সহস্রাক্ষোঽহতি পটুভিঃ ছাদয়ামাস নারদ।
গজোবিদ্ধো হয়োভিন্নঃ পৃথিব্যাং পতিতোরথঃ।
মহামাত্রোধরাংপ্রাপ্তঃ সোঽসীদ শরাতুরঃ।
পদাতিঃ পতিতোভূম্যাং শক্রমার্গণ তাড়িতঃ।
হতঃপ্রধানভূয়িষ্ঠং বলং তদভবদ্রিপোঃ।

তং শক্রবাণাতিহতং দুরাসদং সৈন্যং সমালক্ষ্য তদাকুজম্ভঃ।
জম্ভাসুর শ্চাপি সুরেশমব্যয়ং প্রজগ্মতুর্গৃহ্যগদেষুঘোরে।
তাবাপতন্তৌ ভগবান্ নিরীক্ষ্য সুদর্শনেনারি বিনাশনেন।
বিষ্ণুঃ কুজম্ভং নিজঘানবেগাৎ সস্যন্দনা দগা মগমদ্গাতাসুঃ।
তস্মিন্হতেভ্রাতরি মাংবেণ জম্ভস্ততঃ ক্রোধবশং জগামঃ।
ক্রোধান্বিত স্তং সমুপাদ্রবদ্রণে সিংহং যথৈনোতি বিপন্ন বুদ্ধিঃ।
তমাপতন্তং প্রসমীক্ষ্য শক্র স্ত্যক্তেব চাপং সশরং মহাত্মা।

অনুবাদ।

শরজাল নিক্ষেপ করিয়া আকাশমার্গ ও অষ্টদিগ এবং ইন্দ্রকে আচ্ছাদিত করিল। তাহাতে পুরন্দরের ঐরাবত ও অশ্বগণ বিদ্ধ হইল এবং রথ মহীতলে পতিত হইল এবং মহামাত্র ধরাতলে পতিত হইয়া ভয়ে অতিশয় শীর্ণ হইল। পদাতি ভূমিতলে পতিত হইল এবং পুরন্দর দানবাস্ত্রে বিদ্ধ হইলেন। তখন কুজম্ভও জম্ভ দানবদ্বয় শরতাড়িত ইন্দ্র এবং সমস্ত শক্র বলহতপ্রায় অবলোকন করিয়া সেই ঘোর সংগ্রামে অতি ভয়ঙ্কর গদা ও বাণগ্রহণ পুর্ব্বক দানবদ্বয় পুরন্দরের প্রতি ধাবিত হইল। তখন ভগবান চক্রপাণি সমাগত দানবদ্বয় অবলোকন করিয়া সুদর্শন চক্রদ্বারা কুজম্ভকে বিনাশ করিলেন তাহাতে দানব তৎক্ষণাৎ রথের সহিত মহীতলে পতিত হইল। চক্রপাণি মাধব কুজম্ভকে বিনাশ করিলে ভ্রাতৃ নিধন অবলোকন করিয়া জম্ভাসুর সাতিশয় ক্রুদ্ধ হইল।

জগ্রাহশক্তিং যমদণ্ডকল্পাং তামগ্নিকল্পাং রিপবেসসর্জ্জ।
শক্তিঞ্চ ঘণ্টাকুল নিস্বনাং বৈ দৃষ্ট্বাপতন্তীংগদয়া জঘান।
গদাঞ্চহত্বা সহসৈবভস্মসা বিভেদ জম্ভং হৃদয়েচতুর্ণং।
শক্ত্যা সভিন্নো হৃদয়েসুরারিঃ পপাত ভূম্যাং বিগতাসুরেব।
তংবীক্ষ্য ভূমৌপতিতং বিসঙ্গোদৈত্যাস্ত ভীতা বিমুখা বভূবুঃ।
জম্ভেহতে দৈত্যবলেচভগ্নে গণাস্তু হৃষ্টা হরিমর্চ্চয়ন্তঃ।
বীর্য্যংপ্রশংসন্তি শত ক্রতোশ্চ সগোত্রভিৎ শর্ব্বমুপেত্যতস্থৌ।
ইতি শ্রীবামনপুরাণে চত্বারিংশ ত্তমোঽধ্যায়ঃ ॥ ৪০ ॥

অনুবাদ।

দুর্ব্বুদ্ধি বশতঃ ক্রুদ্ধ মৃগ যাদৃশ সিংহের প্রতি ধাবিত হয় তাদৃশ ঐ ক্রুদ্ধ দানব বাসবের প্রতি ধাবিত হইল। তখন সমাগত দানবকে অবলোকন করিয়া পুরন্দর ধনুর্ব্বাণ পরিত্যাগ পূর্ব্বক প্রজ্জ্বলিত হুতাশন সদৃশ যমদণ্ড তুল্য হুতাশন প্রদত্ত শক্তিঅস্ত্র নিক্ষেপ করিলেন। দানব শতঘণ্টা নিনাদ শালিনী সেই শক্তি সম্মুখে উপস্থিত দেখিয়া গদাদ্বারা আঘাত করিল সেই শক্তি তখন সহসা সেই গদা ভস্মীভূত করিয়া দানবের হৃদয় ভেদ করিল। জম্ভাসুর শক্তি ভিন্ন হৃদয় হইয়া জীবন বিসর্জ্জন পূর্ব্বক মহীতলে পতিত হইল। দানব বিসঙ্গ হইয়া মহীতলে পতিত হইতেছে দেখিয়া অন্যান্য দানবগণ ভয়ে পলায়ন করিল। জম্ভাসুর বিনষ্ট হইল দানব সৈন্যগণ ভয়ে পলায়ন করিল অব-লোকন করিয়া প্রমথগণ হৃষ্টচিত্তে ভগবান চক্রপাণিকে পূজা করিতে লাগিল এবং পুরন্দরের বলবীর্য্যের প্রশংসা করিতে লাগিল। তখন পুরন্দর সেই স্থান হইতে শঙ্করের নিকট গমন করিলেন।

ইতি বামনপুরাণে চত্বারিংশ অধ্যায় সমাপ্ত।

একচত্বারিংশ অধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

তস্মিংস্তদা দৈত্যবলে চ ভগ্নে শুক্রো ব্রবীদন্ধক মাসুরেন্দ্রং।
এহ্যেহি বীরাপগতা মহাসুরা যোৎস্যামি ভূয়ো হরমেত্য শৈলং॥

তমুবাচান্ধকো ব্রহ্মন্ সম্যগ্ভগবতোদিতং।
রণান্নৈবাপযাস্যামি কুলংব্যপদিসন্ স্বকং।
পশ্যংশ্চ দ্বিজশার্দ্দূল মমবীর্য্যং সুদুর্দ্ধরং।
দেবদানব গন্ধর্ব্বান্ জেষ্যে সেন্দ্রমহেশ্বরান্।
ইত্যেবমুক্তবচনং হৈরিণ্যাক্ষি সুতোহন্ধকঃ।
সমাশ্বাস্যাহব্রবীদ্‌হৃষ্টঃ সারথিং মধুরাক্ষরং।
সারথে বাহয়রথং হরাভ্যাসে মহাবলং।
যাবন্নিহন্মি বাণৌঘৈঃ প্রমথামরবাহিনীং।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। যে সময়ে দানবসৈন্য সকল নিধন হইল তখন শুক্রাচার্য্য অন্ধককে বলিলেন। হে বীরবর! সংগ্রামে তোমার ক্লিষ্ট জীবন হইয়াছে! অতএব তুমি আইস এই মন্দর পর্ব্বতে পুনর্ব্বার শঙ্করের সহিত সংগ্রাম করিব। আচার্য্যের এতাদৃশ উৎসাহ বাক্য শ্রবণে প্রফুল্লচিত্তে শুক্রাচার্য্যকে বলিলেন আপনি উপযুক্ত কথা বলিয়াছেন সংগ্রাম হইতে কখনই পরাঙ্মুখ হইব না সংগ্রামে পরাঙ্মুখ হইলে আমার বংশে কলঙ্ক হইবে। হে বিপ্রবর! আপনি আমার পরাক্রম অবলোকন করুন্ আমি অদ্য দেব দানব গন্ধর্ব্ব এবং পুরন্দরের সহিত শঙ্করকে জয় করিব। হিরণ্যাক্ষ তনয় অন্ধক দানবাচার্য্যকে এই কথা বলিয়া মধুরাক্ষরনামা সারথিকে অনুমতি করিল হে সারথে! রথে ঘোটক সংযোজিত করিয়া সত্বর মন্দর পর্ব্বতে শঙ্করের নিকট গমন কর, যে পর্য্যন্ত বাণ

ইত্যন্ধকবচঃশ্রুত্বা সারথি স্তুরগাং স্তদা।
হৃষ্টবেগোমহাবেগান্ ভৃশমভ্যহন মুনে।
তে যত্নতোঽপিতুরগাঃ প্রেষ্যমানা হরং প্রতি।
জঘানেষু চ সীদন্তঃ কৃচ্ছে ণাহুশ্চ তংরথং।
বহন্ত স্তুরগা দৈত্যং প্রাপ্তাঃ প্রমথ বাহিনীং।
সংবৎসরেণ সাগ্রেণ বায়ুবেগ সমাঅপি।
ততঃ কার্ম্মুক মালম্ব্য বাণজালৈর্গণেশ্বরান্।
সুরাংশ্চাছাদয়ামাস সেন্দ্রোপেন্দ্রমহেশ্বরান্।
বাণৈশ্ছাদ্যংতানীক্ষ্যেব বলং ত্রৈলোক্য রক্ষিতা।
সুরান্প্রোবাচ ভগবাং শ্চক্রপাণি র্গদাধরঃ।

বিষ্ণুরুবাচ।

কিংতিষ্ঠধ্বং সুরশ্রেষ্ঠা হতেনানেন বৈজযঃ।
তস্মান্মদ্বচনং শীঘ্রং ক্রিয়তাং বৈজযেঽন্ধকঃ।

অনুবাদ।

বর্ষণদ্বারা প্রমথগণ ও অমরগণকে বিনাশ না করিব সে পর্য্যন্ত আমার রথ প্রত্যাবর্ত্তন করিও না। দানববর অন্ধক এই কথা বলিলে সারথি তৎক্ষণাৎ রথে বেগশালী দ্রুতগামী ঘোটক সংযোজিত করিল। ঘোটকগণ রথে যুক্ত হইলে পর সারথি অতিবেগে শঙ্করের নিকট রথ সঞ্চালিত করিল ঘোটকগণ সাতিশয় ক্লান্ত হইয়া সারথিকে বলিল। এবং দৈত্যবরের সহিত বেগে রথ লইয়া প্রমথ সৈন্যমধ্যে উপস্থিত হইল। অনন্তর দানববর কার্ম্মুকে জ্যারোপণ করতঃ বাণজালবর্ষণদ্বারা প্রমথগণ ইন্দ্র বিষ্ণু ও মহেশ্বরকে আচ্ছাদন করিল। তখন ভগবান চক্রপাণি বাণ সমাচ্ছাদিত সৈন্যগণ অবলোকন করিয়া দেবগণকে বলিলেন। হে অমরারিগণ! তোমরা কি নিশ্চিন্ত রহিয়াছ। এই দানবকে বিনাশ না করিলে জয় লাভ হইবে না। অতএব তোমরা জয়া-

শাম্যন্তীঅস্ত্তুরগাঃ সমংরথ কুটুম্বিনা।
হন্যতাংস্যন্দনশ্চায়ং বিরথঃ ক্রিয়তাং রিপুঃ।
বিরথং তংকৃতং পশ্চাদেনং ধক্ষ্যতিশঙ্করঃ।
নোপেক্ষ্যঃ শত্রুরুদ্দিষ্টো দেবাগ্রেণতু দেবতাঃ।
ইত্যেব মুক্তাপ্রমথা বাসুদেবেন সামরাঃ।
চক্রুর্বেগং মহেন্দ্রেণ সমংচক্র ধরেণ চ।
তুরগানাং সহস্রন্তু মেঘাভানাং জনার্দ্দনঃ।
নিমেষান্তর মাত্রেণ গদয়াসমপোথয়ৎ।
সহতঃস্যন্দনাংসুন্দং প্রগৃহ্য রথসারথিং।
শক্ত্যাবিভিন্ন হৃদয়োগতাসুঃন্যপতদ্ভুবি।
বিনায়কাদ্যাঃ প্রমথাঃসমং শক্রেণ দৈবতৈঃ।
সধ্বজাক্ষং রথংতূর্ণ মভঞ্জত তপোধন।

অনুবাদ।

কাঙ্ক্ষী হইয়া আমার বাক্য শ্রবণ কর। তোমরা অগ্রে এই দানব রথের সারথির সহিত ঘোটকগণ সংহার কর। পরে রথ ভঙ্গ কর তাহা হইলে দানব বিরথ হইবে এইরূপ করিতে পারিলেই শঙ্কর তাহাকে বিনাশ করিবেন। শঙ্কর প্রবল শত্রুকে কখনই পরিত্যাগ করিবেন না এইরূপ ভগবান গদাধর পুরন্দরের সহিত অমরগণকে বলিলেন। তখন পুরন্দর চক্রপাণি গদাধরের সহিত দেবগণ অতিশয় পরাক্রম প্রকাশ করিলেন এবং ভগবান গদাধর এক নিমেষকালমধ্যে দানবের সহস্র ঘোটক গদাঘাতে পোথিত করিলেন। এবং সারথির সহিত রথ হইতে সুন্দ দানবকে প্রহার করিয়া ত্রিশূলদ্বারা তাহার হৃদয় ভেদ করিলেন তাহাতে দানব ধরাশায়ী হইল। দানববর ধরাশায়ী হইলে পুন্দরের সহিত বিনায়ক প্রভৃতি প্রমথগণ তৎক্ষণাৎ দানবের ধ্বজাক্ষ রথ ভঙ্গ

সহসা সমহাতেজা বিরথস্ত্যক্ত কার্ম্মুকঃ।
গদানাদায় বলবানভিদুদ্রাব দৈবতান্।
ততঃ সোগ্রপদাগত্বা মেঘগম্ভীরয়াগিরা
নাদেনোবাচ দৈত্যেন্দ্রো মহাদেবং সহেতুমৎ
ভিক্ষোভবান্সহানীকঃ সসহায়োসি সাম্প্রতং।
তথাপিত্বাংবিজেষ্যামি পশ্যমেদ্য পরাক্রমং।
তদ্বাক্যং শঙ্করং শ্রুত্বা সেন্দ্রান্ সুরগণান্ গণান্।
ব্রহ্মণা সহিতান্ সর্ব্বান্ স্বশরীরে স্থবেশয়ৎ।
শরীরসংস্থান্ প্রমথান্ কৃত্বাদেবাংশ্চ শঙ্করঃ।
প্রাহএহেহি দুষ্টাত্মন্ রণেকোস্মি সংস্থিতঃ।
ত্বংদৃষ্ট্বা মহদাশ্চর্য্যং সর্ব্বামরগণক্ষয়ং।

অনুবাদ।

করিল। হে তপোধন! তৎকালে সহসা সেই বিরথ ও ত্যক্ত কার্ম্মুক বলবান দানব এক গদা গ্রহণ পূর্ব্বক দেবগণের প্রতি ধাবমান হইল। অনন্তর সেই বলবান দানববর অন্ধক কিঞ্চিৎ অগ্রসর হইয়া জীমুত সদৃশ গম্ভীরস্বরে শঙ্করকে সহেতুক বাক্য বলিল। হে ভিক্ষো! এক্ষণে তুমি বিস্তর দেবগণ ও প্রমথগণ সংগ্রহ করিয়া সাতিশয় বলবান হইয়াছ তথাপি তোমাকে আমি পরাজয় করিব এক্ষণে অদ্য আমার পরাক্রম অবলোকন কর। শঙ্কর দানবের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মা ইন্দ্র প্রভৃতি দেবগণ ও প্রমথগণকে স্বীয় কলেবরে লীন করিলেন। শঙ্কর দেবগণ ও প্রমথগণকে স্বশরীরে সংস্থাপিত করিয়া দানবকে বলিলেন, রে দুষ্টাত্মন! আইস এক্ষণে আমি সমরক্ষেত্রে একাকী অবস্থিতি করিতেছি। তখন দানব দেবগণ ও প্রমথগণের এককালীন তিরোভাব অবলোকনে সাতিশয় চমৎকৃত হইয়া গদা গ্রহণপূর্ব্বক দ্রুতবেগে

দৈত্যঃ শঙ্করমভ্যাগাদ্‌গদামাদায়বেগবান্‌।
তমাপতন্তং ভগবান্‌ দৃষ্ট্বাত্যক্ত্বা বৃষোত্তমং।
শূলপাণি গিরিপ্রস্থে পদাতিঃ প্রত্যাতিষ্ঠত।
বেগেনৈবাপতন্তঞ্চ বিভেদো রসিভৈরবঃ।
দারুণং সুমহদ্রূপং কৃত্বাত্রৈলোক্য ভীষণং।
কৃত্বাকরালং রবিকোটিভীষণং।
মৃগাজিন চর্ম্মাভিবৃতং জ টাধরং
ভুজঙ্গহারা মলকণ্ঠসুন্দরং।
বিংশার্দ্ধ বাহুং সমউর্দ্ধলোচনং।
এতাদৃশেন রূপেণ ভগবান্‌ ভূতভাবনঃ।
বিভেদ শক্রুংশূলেন শুভদঃ শাশ্বতঃ শিবঃ।
সশূলং ভৈরবং গৃহ্য ভিন্নেঽপ্যরসিদানবঃ।
বিজহারাতিবেগেন ক্রোশ মাত্রং মহামুনে।

অনুবাদ।

শঙ্করের সমীপে উপস্থিত হইল। তখন গদাহস্ত দানব বেগে ধাবিত হইতে দেখিয়া শঙ্কর বৃষভ পরিত্যাগ পূর্ব্বক ত্রিশূল ধারণ করতঃ সেই গিরিপ্রস্থে দণ্ডায়মান রহিলেন। দানববেগে শঙ্করের সম্মুখবর্ত্তী হইলে শঙ্কর ত্রিশূলদ্বারা দানবের হৃদয় ভেদ করিয়া ত্রিলোক ভয়ঙ্কর অতি আশ্চর্য্য ভীষণমূর্ত্তি ধারণ করিলেন। তাঁহার বক্ত্র অতি ভয়ঙ্কর, কোটি সূর্য্য সদৃশ তেজঃপুঞ্জ কলেবর, কটীতে ব্যাঘ্রচর্ম্ম, মস্তকে জটাভার, কণ্ঠদেশে নির্ম্মল ভুজঙ্গ হার, ললাটে অগ্নি সদৃশ নেত্র এবং দশবাহু এতাদৃশ ভয়ঙ্কর কলেবর ধারণ করিয়া ভূতভাবন ভগবান শুভদাতা শঙ্কর ত্রিশূলদ্বারা দানবের হৃদয় ভেদ করিলেন। দানবের হৃদয় ভেদ হইলেও তথাপি সেই দানববর ত্রিশূলের সহিত দানবগণকে পুনর্ব্বার ত্রিশূলদ্বারা আস্ফালন

ততঃ কথঞ্চিদ্ভগবান্ সংস্তভ্যাত্মানমাত্মনা।
তূর্ণমুৎপাবয়ামাস শূলেন সগদং রিপুং।
দৈত্যাধিপশ্চাপি গদাং হরমূর্দ্ধ্নি ন্যপাতয়ৎ।
করাভ্যাং গৃহ্য শূলঞ্চ সমুৎপতত দানবঃ।
সংস্থিতশ্চ মহাযোগী সর্ব্বাধারঃ প্রজাপতিঃ।
গদাপাত ক্ষতভুরি চতুর্দ্ধা স্থগথাপতৎ।
পূর্ব্বধারা সমুদ্ভূতো ভৈরবোগ্নিসমপ্রভঃ।
সোমরাজেতি বিখ্যাত শ্চন্দ্রমালাবিভূষিতঃ।
তথা দক্ষিণ ধারোত্থো ভৈরবঃ প্রেতমণ্ডিতঃ।
কলরাজেতি বিখ্যাতঃ কৃষ্ণাঞ্জনসমপ্রভঃ।
পুণ্যঃ প্রতীচীধারোত্থো ভৈরবঃ পত্রভূষিতঃ।
অতসীকুসুমপ্রখ্যঃ কালরাজেতি বিশ্রুতঃ।
উদগ্ধারা ভবশ্চান্যো ভৈরবঃ শূলভূষিতঃ।

অনুবাদ।

করিলেন তখন দানববর অন্ধক হস্তস্থিত গদাদ্বারা শঙ্করের মস্তকে আঘাত করিয়া দুইহস্তে ত্রিশূলধারণপূর্ব্বক হৃদয় হইতে উৎপাটিত করিতে চেষ্টা করিল, জগতের আধারস্বরূপ শঙ্কর সেই সমরক্ষেত্রে তখন অবস্থিতি করিলে তাহার গদা বিদ্ধ ক্ষতস্থান হইতে চতুষ্টয় শোণিতধারা বহির্গত হইল, তাহার পূর্ব্ব শোণিতধারা হইতে হুতাশনসদৃশ ভৈরব সম্ভূত হইল। তাঁহার গলদেশে চন্দ্রহার এবং তাঁহার নাম সোমরাজ। তাহার দক্ষিণ ধারা হইতে প্রেতমণ্ডিত ভৈরব বহির্গত হইল, তাহার শরীর অঞ্জনসদৃশ কৃষ্ণবর্ণ তাহার নাম কলরাজ। পশ্চিমধারা হইতে পত্রভূষিত ভৈরব উৎপন্ন হইল, অতসীকুসুম সদৃশ বর্ণ তাঁহার নাম কালরাজ। উত্তর ধারা হইতে শূলধারী ভৈরব সম্ভূত হইল অঞ্জন সদৃশ তাহার বর্ণ।

খ্যাতোনলিতক্রান্তিকৃতি শোভাঞ্জন সমপ্রভঃ।
এবং হি সপ্তরূপোহসৌ কথ্যতে ভৈরবো মুনে।
বিঘ্নরাজোহষ্টমঃপ্রোক্তঃ ভৈরবাষ্টক মুচ্যতে।
এবং মহাত্মনা দৈত্যঃ শূলপোতো মহাসুরঃ।
ছত্রবদ্ধারিতো ব্রহ্মন্ ভৈরবেণ চ শূলিনা।
তস্যাস্বক্ষ্মণং ব্রহ্মন্ শূলপাতাদপাপতৎ।
যেনাকণ্ঠং মহাদেবো নিমগ্নঃ সপ্তমূর্ত্তিমান্।
ততঃ স্বেদোহভবদ্ভূরি শ্রমজঃ শঙ্করস্যহি।
ললাটফলকে তস্মাজ্জাতাকন্যা স্বগাপ্লুতা।
ভূম্যাং তৎস্যপতত্তদ্বৎ স্বেদবিন্দুশিবাননাৎ।
তস্মাদঙ্গার পুঞ্জাভোবালকঃ সমজায়ত।
সবালস্তৃষিতোহত্যর্থং পপৌ রুধিরমান্ধকং।

অনুবাদ।

এইরূপ শঙ্কর সপ্তধা ভৈরব মূর্ত্তি ধারণ করিলেন বিঘ্নরাজ তাহার অষ্টম মূর্ত্তি। এবম্বিধ প্রভাবশালী ভৈরবগণ শূলদারিত দানবকে ছত্র সদৃশ ধারণ করিলে তাহার শূলবিদ্ধ ক্ষতস্থান হইতে এতাদৃশী শোণিতধারা বহির্গত হইতে লাগিল তাহাতে সপ্তধা ভৈরবগণের কণ্ঠদেশ নিমগ্ন হইল। অনন্তর শঙ্করের স্বেদবিন্দু হইতে ভৈরবগণ সমুত্থিত হইল। তাহার ললাট হইতে যে ঘর্ম্মবিন্দু পতিত হইল তাহাতে রক্তবর্ণা এক কন্যা সম্ভূতা হইল এবং তাঁহার বক্ত্র হইতে যে ঘর্ম্মবিন্দু মহীতলে পতিত হইল তাহাতে রাশীকৃত অঙ্গারের সদৃশ তেজঃপুঞ্জ এক বালক সম্ভূত হইল। সেই বালক অতিশয় পিপাসু হইয়া অন্ধকাসুরের শোণিতপান করিতে লাগিল। তখন সেই স্বেদসম্ভূতা কন্যা বালকের মুখ হইতে শোণিত অপসারিত করিয়া স্বয়ং পান করিতে লাগিল। এই সময়ে সেই স্বেদ

কন্যাচোৎ কৃত্যসংজাতা সাহখিলিলিহেত্বুক্তা।
ততস্তামাহ বালার্কপ্রভাং ভৈরবমূর্ত্তিমান্।
শঙ্করোবরদোলোকে শ্রেয়োর্থায় বচোমহৎ।
ত্বাং পূজয়িষ্যামি সুরা ঋষয়ঃ পিতরো নগাঃ।
যক্ষবিদ্যাধরাশ্চৈব মানবাশ্চ শুভঙ্করি।
ত্বাংস্তোষ্যন্তি ন সন্দেহো বলিপুষ্পোৎকরৈঃ করৈঃ।
চর্চ্চিকেতি শুভংনাম যস্মাদ্রুধিরচর্চ্চিতা।
ইত্যেবং মুক্ত্বাবরদেন চর্চ্চিকা ভূতানুজাতা হরিচর্ম্মবাসিনী।
মহীং সমস্তা দ্বিচচারসুন্দরী স্থানং গতাহিঙ্গুল মাদ্যমুত্তমং।
তস্যাং গতায়াং বরদঃ কুজস্য প্রাদাদ্বরং স বরোত্তমং যৎ।
গ্রহাধিপত্যং জগতঃ শুভাশুভং ভবিষ্যতিত্বদ্বশগংমহর্ষে।
হরোপ্যকং বর্ষ সহস্রমাত্রং দিব্য স্বনেত্রার্ক হুতাশনেন।

অনুবাদ।

সম্ভূত ভৈরব বালার্ক সদৃশ প্রভাবশালিনী সেই কন্যাকে বলিল। বরদাতা শঙ্কর এই জগতে মঙ্গলময় রহিয়াছেন, হে শুভঙ্করি! আমি তোমাকে পূজা করিব, তখন শঙ্কর বলিলেন, দেবগণ ঋষিগণ যক্ষ বিদ্যাধরগণ পিতৃগণ ও মানবগণ তোমাকে বলি ও পুষ্পাঞ্জলিদ্বারা স্তব করিবেক। তোমার রুধিরাক্ত কলেবর এজন্য তোমার নাম চর্চ্চিকা হইল। বরদ শঙ্কর এইরূপ চর্চ্চিকাকে বলিলে চর্চ্চিকাদেবী এক সিংহচর্ম্ম পরিধান পূর্ব্বক সমস্ত অবনী-মণ্ডল ভ্রমণ করতঃ হিংলাটে অবস্থিতি করিলেন। চর্চ্চিকাদেবী হিংলাটে গমন করিলে বরদশঙ্কর মঙ্গলকে অতি উৎকৃষ্ট বর প্রদান করিয়া বলিলেন। তুমি অদ্যাবধি গ্রহাধিপতি ও জগতের শুভা-শুভপ্রদ হইবে এবং জগত তোমার অধীন হইবে। পরে ভগবান শঙ্কর সেই দানববরের শোণিতরাশি ক্রমশঃ দিব্য পরিমাণে সহস্র বর্ষ পর্যন্ত স্বীয় নেত্রার্কহুতাশন দ্বারা শুষ্ক করিতে লাগিলেন।

চকার সংশুষ্ককলং বিশোণিতং ত্বগস্থিশেষং ভগবান্ সভৈরবঃশ্চ
নেত্রাগ্নিনা নেত্রভবোবিশুদ্ধো বিমুক্তপাপোঽসুররাড়্‌বভূব।
ততস্ত্বজানদ্বহুরূপমীশং নাথং হি সর্ব্বস্য চরাচরস্য।
জ্ঞাত্বা চ সর্ব্বেশ্বরমীশমব্যয়ং ত্রৈলোক্যনাথং বরদংবরেণ্যং।
সর্ব্বৈঃ সুরাদ্যৈর্ব্বরমীড্যমানস্ততোঽন্ধকঃ স্তোত্রমিদং চকার।
নমোস্তুতে ভৈরবভীমমূর্ত্তে ত্রৈলোক্যগোপ্ত্রে শিতশূলপাণে।
বিংশার্দ্ধবাহোভুজগেশহার ত্রিনেত্রমাং পাহিবিপন্নবুদ্ধিং।
জয়স্ব সর্ব্বেশ্বর বিশ্বমূর্ত্তে সুরাসুরৈর্ব্বন্দিতপাদপীঠ।
ত্রৈলোক্যমাতুর্গুরবে বৃষাঙ্ক ভীতঃ শরণ্যং শরণাগতোস্মি।
ত্বং নাথদেবাঃ শিবমীড়য়ন্তি সিদ্ধাহরং স্থাণু মহর্ষয়শ্চ।
ভীমঞ্চ যক্ষা মনুজামহেশ্বরং ভূতাশ্চ ভূতাধিপ মর্চ্চয়ন্তি।
নিশাচরা স্তুগ্রমুপার্চ্চয়ন্তি ভবেতি পুণ্যাঃ পিতরো নমস্তে।

অনুবাদ।

শঙ্করের নেত্রাগ্নি দ্বারা নেত্রসম্ভূত সেই দানববর পাপ হইতে মুক্ত হইল। তখন দানব ত্রিলোকনাথ ভগবান শঙ্কর বহুরূপী অব্যয়-বরদাতা অবগত হইয়া সমস্ত দেবগণকে ও ভগবান শঙ্করকে স্তব করিতে লাগিল। অমরতাপিত অন্ধকাসুর ভগবান শঙ্করকে বলিল। হে ভৈরব ভীমমূর্ত্তে ত্রিশূলপাণে ত্রৈলোক্যগোপ্ত্রে! তোমাকে নমস্কার করি। হে দশবাহো! হে ভুজঙ্গহার ত্রিনেত্র ধারিন্! বিপন্নবুদ্ধিযুক্ত আমাকে রক্ষা কর। হে সর্ব্বেশ্বর বিশ্বমূর্ত্তে! তুমি ত্রিলোকজয়ী এবং দেবদানবগণ তোমার পাদপীঠ বন্দনা করে, হে বৃষাঙ্ক! তুমি ত্রিলোক জননী ভগবতীর গুরু, আমি অতি ভয়প্রযুক্ত শরণাগত হইলাম। হে নাথ! দেবগণ তোমাকে শিব নামে পূজা করেন। সিদ্ধগণ হর, ঋষীগণ স্থাণু, যক্ষগণ ভীম, মানবগণ মহেশ্বর, ভূতগণ ভূতাধিপ বলিয়া তোমার পূজা করেন এবং নিশাচরগণ

দাসোঽস্মি ভুত্যং হরপাহিমহং পাপক্ষয়ং মে কুরু লোকনাথ।
ভবাং স্ত্রিদেব স্ত্রিযুগ স্ত্রিধর্ম্মা পুরান্তকস্ত্বাসি বিভো ত্রিনেত্র।
ত্রয়ারুণি স্ত্রিশ্রুতি রব্যয়াত্মা পুনীহি মাং ত্বাং শরণাগতোঽস্মি।
ত্রিণাচিকেত স্ত্রিপদং প্রতিষ্ঠিতঃ ষড়ঙ্গবিত্তং বিষয়েষু লব্ধঃ॥
ত্রৈলোক্যনাথোসি পুনীহি শম্ভো দাসোঽস্মি ভীতঃ শরণাগত স্তে।
কৃতং মহচ্ছঙ্কর তেঽপরাধং ময়া মহাভূতপতে গিরিশ।
কামারিনা নির্জ্জিত মানসেন প্রসাদয়ে ত্বাং শিরসানতোঽস্মি।
পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহিমাং দেব ঈশান সর্ব্বপাপহরো ভব।
ত্রাহিমাং ক্রুদ্ধদেবেশ ত্বাং যাচেত্তাদৃশোঽপ্যহং।

অনুবাদ।

উগ্র, পিতৃগণ ভব বলিয়া পূজা করেন অতএব তোমাকে আমি নমস্কার করি। হে লোকনাথ! আমি তোমার দাস আমাকে রক্ষা কর এবং পাপ হইতে মুক্ত কর। আপনি ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ত্রিযুগ ত্রিধর্ম্ম ও ত্রিপুরান্তক ত্রিশ্রুতি অব্যয়াত্মা আমাকে পবিত্র কর, আমি তোমার শরণাগত। তুমি ত্রিপদ ধারণ করিয়া ত্রিলোক মধ্যে প্রতিষ্ঠিত হইয়াছিলে, তুমি ষড়ঙ্গবেত্তা, তুমি বিষয়াসক্ত, তুমি ত্রিলোকনাথ অতএব হে শম্ভো! আমাকে পবিত্র কর, আমি তোমার দাস শঙ্কাপ্রযুক্ত তোমার শরণাগত হইয়াছি। তুমি কন্দর্পকে জয় করিয়াছিলে, তুমিই মনকে বশীভূত করিয়াছ, তোমার এতাদৃশ শক্তি, অতএব আমি তোমাকে সন্তোষ করিবার মানসে নমস্কার করিতেছি। আমি পাপস্বরূপ, আমি পাপকারী, আমি পাপাত্মা, আমি পাপসম্ভূত, অতএব হে দেব! হে ঈশান! আমাকে রক্ষা কর এবং দুষ্কৃতি হইতে পরিত্রাণ কর। হে ক্রোধরূপী! হে দেবেশ! আমি প্রার্থী, তোমার নিকট প্রার্থনা করিতেছি। আমি দুরাচারী,

সৃষ্টঃ পাপ সমাচারো মে প্রসন্নোভবেশ্বর।
ত্বং কর্ত্তা চৈবধাতা চ ত্বং জপস্ত্বং মহাজপঃ।
ত্বং মাঙ্গল্যস্ত্বমোঙ্কারস্ত্বমীশান ধ্রুবঃ পরঃ।
ত্বং ব্রহ্মা সৃষ্টিকৃন্নাথ ত্বং বিষ্ণুস্ত্বং মহেশ্বরঃ।
ত্বমিন্দ্রস্ত্বং বষট্কারোধর্ম্মস্ত্বং ত্বং বিভুক্রমঃ।
সূক্ষ্মস্ত্বং ব্যক্তরূপস্ত্বং ত্বমব্যক্তশ্চ পাবনঃ।
ত্বয়াসর্ব্বমিদংব্যাপ্তং জগৎস্থা বরজঙ্গমং।
ত্বমাদিরন্তোমধ্যঞ্চ ত্বমনাদি সহস্রপাৎ।
বিজয়স্ত্বং সহস্রাক্ষো বিরূপাক্ষো মহাভুজঃ।
অনন্তঃ সর্ব্বগোব্যাপী হংসঃ প্রাণাধিপোঽচ্যুতঃ।
গীর্ব্বাণপতিরব্যগ্রো রুদ্রঃপশুপতিঃ শিবঃ।
ত্রৈবিদ্যস্ত্বং জিতক্রোধো জিতারাতির্জ্জিতেন্দ্রিয়ঃ।

অনুবাদ।

আমাকে তুমি সৃষ্টি করিয়াছ, অতএব হে ঈশ্বর! আমার প্রতি প্রসন্ন হও। তুমি কর্ত্তা, তুমি ধাতা, তুমি জপ ও মহাজপ, তুমি মঙ্গল-কারক, তুমি শঙ্কর, তুমি ঈশান, তুমি নিত্য। হে নাথ! তুমি সৃষ্টি কর্ত্তা ব্রহ্মা, তুমি বিষ্ণু ও মহেশ্বর। তুমি ইন্দ্র, তুমি বষট্কার, তুমি [illegible] তুমি বিভু, তুমি সূক্ষ্ম, তুমি অব্যক্ত, তুমি ব্যক্ত, তুমি পবিত্র-কারক, তুমি এই ত্রিজগদ্ব্যাপ্ত রহিয়াছ, তুমি এই স্থাবর ও জঙ্গম সং-স্থাপন করিয়াছ। তুমি আদি, তুমি অন্ত, তুমি মধ্য, তুমি অনাদি, তুমি সূর্য্য, তুমি বিজয়, তুমি ইন্দ্র, তুমি বিরূপাক্ষ, তুমি মহাভুজ, তুমি অনন্ত, তুমি সর্ব্বগামী ও সর্ব্বব্যাপী; তুমি তেজোরাশি, তুমি প্রাণাধিপতি তুমি অচ্যুত, তুমি বাক্‌পতি, তুমি স্থির, তুমি রুদ্র, তুমি পশুপতি, তুমি শিব, তুমি ত্রৈবিদ্য, তুমি জিতক্রোধী, তুমি শত্রুজয়ী, তুমি জিতেন্দ্রিয়,বিভু জয়রূপ! হে শূলপাণে! আমি

জয়স্ব শূলপাণেত্বং পাহিমাং শরণাগতং।

পুলস্ত্য উবাচ।

ইত্থং মহেশ্বরো ব্রহ্মন্ স্তুতো দৈত্যাধিপেন তু।
প্রীতিযুক্তঃ পিঙ্গলাক্ষো হৈরণ্যাক্ষি মুবাচহ।
সিদ্ধো সি দানবপতে পরিতুষ্টোস্মি তে নঘ।
বরং বরয় মত্তস্ত্বং যমিচ্ছসি বিনাম্বিকাং।

অন্ধক উবাচ।

অম্বিকা জননী মহ্যং ভবাংস্তুতত্ততঃ পিতা।
বন্দামি চরণৌ মাতু র্মাননীয়া মমাম্বিকা।
বরার্হোঽহং যদীশান তৎপাপং বিলয়ং মম।
শারীরং মানসং বাগ্‌জং দুষ্কৃতং দুর্বিচিন্তিতং।
তথা মে দানবো ভাবো ব্যাপয়াতু মহেশ্বর।
স্থিরাস্তু ত্বয়ি ভক্তিস্তু বরমেতৎ প্রয়চ্ছ মে॥

অনুবাদ।

শরণাগত আমাকে রক্ষা কর। পুলস্ত্য বলিলেন। হে ব্রহ্মন্! দানবনাথ অন্ধকাসুর মহেশ্বরকে এবম্বিধ স্তব করিলে তাহাতে শঙ্কর সাতিশয় সন্তুষ্ট হইয়া দানবরাজ অন্ধককে বলিলেন, হে দানবপতে! তোমার পূর্ণ মনোরথ হইবে, হে অনাথ! তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি অতএব তুমি আমার নিকট বর যাচ্‌ঞা কর, কিন্তু অম্বিকা ব্যতীত যাহা প্রার্থনা করিবে তাহাই দিব। তখন অন্ধক বলিল, হে ঈশান! অম্বিকা ধর্ম্মতঃ আমার মাতা, আপনি পিতা, অম্বিকাদেবী আমার সাতিশয় মান্যা, অতএব তাঁহার চরণযুগল বন্দনা করি। হে দেব! যদি আমি বরার্হ হইয়া থাকি তবে আমার শারীরিক মানসিক ও বাচনিক পাপ সকল ক্ষয় হউক। হে মহেশ্বর! আমার দানবভাব তিরোহিত হউক। মহাদেব বলিলেন, হে দানব-

মহাদেব উবাচ।

এবং ভবতু দৈত্যেন্দ্র পাপং তে যাতু সংক্ষয়ং।
মুক্তো হি দৈত্যভাবাচ্চ ভৃঙ্গী গণপতির্ভব।
ইত্যেবমুক্ত্বা বরদঃ শূলাগ্রাদবতারয়ৎ।
নির্মার্জ্জয়িত্বা হস্তেন চক্রে নিব্র্ণমন্ধকং।
ততঃ স্বদেহতোদেবান্ ব্রহ্মাদীনাজুহাব সঃ।
তে নিশ্চেরুর্মহাত্মানো নমস্যন্তং ত্রিলোচনং।
গণান্ সনন্দীনাহূয় সাতু বেশ্ম তথাঙ্গতঃ।
ভৃঙ্গিনং দর্শয়ামাস ব্রুবন্নেষোহন্ধকেত্যপিচ।
তে দৃষ্ট্বা দানবপতিং সংশুষ্ক পিশিতং রিপুং।
গণাধিপত্বমাপন্নং শশংসুর্বৃষভধ্বজং।
ততস্তানাহ ভগবান্ সংপরিত্যজ্য দেবতাঃ।
গচ্ছধ্বং স্বানি ধিষ্ঠানি ভুঞ্জধ্বং ত্রিদিবং সুখং।

অনুবাদ।

দৈত্যেন্দ্র! তোমার এই সমস্ত অভিলাস পূর্ণ হইবে তোমার পাপ সকল বিনাশ হউক এবং তুমি দৈত্যভাব পরিত্যাগ করিয়া আমার পার্ষদ-গণপতি ভৃঙ্গী হইবে। বরদশঙ্কর এই কথা বলিয়া দানবের হৃদয় হইতে ত্রিশূল উত্তোলন করিয়া হস্তদ্বারা ক্ষতস্থান মার্জ্জন করতঃ অক্ষত দেহ করিলেন। অনন্তর শঙ্কর স্বীয় কলেবর হইতে ব্রহ্মাদি দেবগণকে আহ্বান করিলেন। দেবগণ শঙ্করের কলেবর হইতে বহির্গত হইয়া ত্রিলোচনকে নমস্কার করিলে নন্দীর সহিত প্রমথ গণকের আহ্বান করিলেন। দেবগণ শঙ্করের দেহ হইতে বহি-র্গত হইলে শঙ্কর ভৃঙ্গীকে দেবগণকে দেখাইয়া (এ অন্ধক) এই কথা বলিলেন। দেবগণ শুষ্কমাংস ক্ষীণ কলেবর দানবপতি অন্ধককে গণাধিপতিত্ব প্রাপ্ত দেখিয়া শঙ্করকে প্রশংসা করিতে

সহস্রাংশোপি [illegible] পর্ব্বতে [illegible]ভং।
তত্র স্বকার্য্যং কৃত্বৈব [illegible] ত্রিপিষ্টপং।
ইত্যেবমুক্ত্বা ত্রিদশান্ সমাভাষ্য বিসর্জ্জয়ন্।
পিতামহং নমস্কৃত্য পরিষজ্য জনার্দ্দনং।
তে বিসৃষ্টাঃ সুরেশেন সুরা জগ্মু ত্রিপিষ্টপং।
মহেন্দ্রো মলয়ং গত্বা কৃত্বা কার্য্যং দিবং গতঃ।
গতেষু শক্রমুখ্যেষু দেবেষু ভগবান্ শিবঃ।
বিসর্জ্জয়ামাস গণান্ সংমান্য চ যথার্হতঃ।
গণাশ্চ শঙ্করং নত্বা স্বংস্বং বাহনমাস্থিতাঃ।
জগ্মুস্তে শুভলোকানি মহাভোগানি নারদ।
যত্রকামদুঘাগাবঃ সর্ব্বকাম ফলাদ্রুমাঃ।
নদ্যস্ত্বমৃতবাহিন্যোহ্রদাঃ পায়স কর্দ্দমাঃ।

অনুবাদ।

লাগিলেন। দেবগণ তোমরা স্বকীয় আবাসে গমন কর এবং স্বর্গ সুখভোগে পরিতৃপ্তি লাভ কর। পুরন্দর তুমি মলয়পর্ব্বতে গমন করিয়া স্বকার্য্য সাধন পূর্ব্বক অমরলোকে গমন কর। শঙ্কর দেবগণকে এবম্বিধ উপদেশ প্রদান করিয়া পিতামহ ব্রহ্মাকে নমস্কার করতঃ জনার্দ্দনকে আলিঙ্গন করিলেন। দেবগণ ক্রমশঃ শঙ্করের দেহ হইতে বহির্গত হইয়া সুরলোকে গমন করিলেন, এবং পুরন্দর মলয় পর্ব্বতে গমন করতঃ তথাকার কার্য্য সমাধা করিয়া অমর পুরিতে গমন করিলেন। পুরন্দর প্রভৃতি দেবগণ স্ব স্ব স্থানে গমন করিলে ভগবান্ শঙ্কর প্রমথগণকে যথা-যোগ্য সম্বর্দ্ধনা করিয়া গমনে অনুমতি করিলেন, তখন [illegible] শঙ্করকে নমস্কারকরতঃ স্বীয় স্বীয় বাহনে আরোহণ করিয়া [illegible] [illegible]

স্বাং স্বাং গতিং প্রয়াতেষু প্রমথেষু মহেশ্বরঃ।
সমাদায়ান্ধকং হস্তে সনন্দী শৈলমাগমৎ।
দ্বাভ্যাং বর্ষসহস্রাভ্যাং পুনরাগান্দরোগৃহং।
দদৃশে চ গিরেঃপুত্রীং শ্বেতার্ক কুসুমৈস্থিতাং।
সমায়ান্তং নিরীক্ষ্যৈব সর্ব্বলক্ষণ সংযুতং।
ত্যক্ত্বার্কপুষ্পং নির্গত্য সখ্যস্তাঃ সমুপাহ্বয়ৎ।
সমাহুতাশ্চদেব্যা স্তা জয়াদ্যাঃ স্তূর্ণমাগমন্।
তাভিঃ পরিবৃতাতস্থৌ হরদর্শন লালসা।
তত্র ত্রিনেত্রো গিরিজাং দৃষ্ট্বা প্রেম্না চ দানবং।
নন্দিনঞ্চ তথা হর্ষাদালিঙ্গ্যচ গিরেঃ সুতাং॥
অনোবাচৈষ দাসস্তে কৃতোদেবি মরান্ধকঃ।
পশ্যস্বপ্রণতিং যাতং স্বসুতং চারুহাসিনি।

অনুবাদ।

প্রবাহিনী নদী, ক্ষীরকর্দ্দম হ্রদ বিদ্যমান আছে সেই সেই স্থানে গমন করিলে নন্দীর সহিত শঙ্কর ভৃঙ্গীরূপী অন্ধকের হস্ত ধারণ করিয়া পর্ব্বতবর মন্দরে গমন করিলেন। দ্বি সহস্র বর্ষ অতিবাহিত হইলে শঙ্কর পুনর্ব্বার স্বভবনে প্রত্যাগত হইয়া দেখিলেন শৈলসুতা পার্ব্বতী শ্বেতার্ককুসুমমধ্যে অবস্থিতি করিতে-ছেন। পার্ব্বতী দেবী দেখিলেন, শঙ্কর নিকটবর্ত্তী হইয়াছেন, তখন শ্বেতার্ক কুসুম পরিত্যাগ করতঃ সখীগণকে আহ্বান করিয়া স্বয়ং বহির্গতা হইলেন। দেবী সখীগণকে আহ্বান করিলে সখী-গণ তৎক্ষণাৎ সমীপে উপস্থিতা হইল। তখন দেবী সখীগণ বেষ্টিতা হইয়া শঙ্করের দর্শন মানসে অবস্থিতি করিলেন। পরে ত্রিশূলী শৈলনন্দিনীকে অবলোকন করতঃ অনুপম হর্ষপ্রযুক্ত দানবভৃঙ্গী ও নন্দীকে আলিঙ্গন পূর্ব্বক নগনন্দিনীকে আলিঙ্গন

ইত্যুচ্চার্য্যাহান্ধকংবৈ পুত্রএহ্যেহি সত্বরং।
ব্রজস্বশরণং মাতুরেষা শ্রেয়স্করীতব।
ইত্যুক্তে বিভুনানন্দী অন্ধকশ্চ গণেশ্বরঃ।
সমাগম্যাম্বিকাপাদৌ ববন্দতু রুভাবপি।
অন্ধকোপি তদাগৌরীং ভক্তিনম্র মহামুনে।
স্তুতিংচক্রে মহাপুণ্যাং পাপঘ্নীং শ্রুতিসম্মিতাং।

ওঁ নমস্যে ভবানীং ভূতভব্যপ্রিয়াং লোকধাত্রীং জননীং স্কন্দমাতরং মহাদেবপ্রিয়াং ধরণীং বন্ধনীং চেতনাং ত্রৈলোক্যমাতরং ধরিত্রীং দেবমাতরং মহিষ্ঠাং শ্রুতিংস্মৃতিং দয়াংলজ্জাং কান্তিমগ্র্যামসূয়াং সতীং সদাপাবনীং দৈত্যসৈন্য ক্ষয়ঙ্করীং। মায়াময়ীং মহামায়াং বৈজয়ন্তীংশুভাং কালরাত্রীং গোবিন্দভাবিনীং শৈলরাজপুত্রীং। সর্ব্বদেবার্চ্চিতাং বিদ্যাং

অনুবাদ।

করিয়া বলিলেন হে দেবি, আমি অন্ধককে তোমার দাস করিয়াছি। এক্ষণে হে চারুহাসিনি! ভক্তিভাবে প্রণত স্বীয় তনয়কে অবলোকন কর এই কথা বলিয়া অন্ধককে আহ্বান করিলেন। হে পুত্র! সত্বর এই স্থানে আইস। তোমার মাতার শরণাগত হও, এই দেবী তোমার মঙ্গল সাধন করিবেন। শঙ্কর এই কথা বলিলে স্বর্গাধিপ নন্দী ও অন্ধক নিকটে গমন করিয়া ভক্তিভাবে অম্বিকার চরণদ্বয় বন্দনা করিলেন। পরে অন্ধক বিনয় নম্রভাবে অম্বিকাকে বেদপ্রসিদ্ধ পাপনাশক পবিত্রজনক স্তব করিতে লাগিল। তুমি ভবানী ভূতভব্যপ্রিয়া লোকজননী স্কন্দমাতা মহাদেবী পৃথ্বীরূপা চৈতন্যরূপিনী। ত্রিলোকজননী ধরিত্রী বেদমাতা মহিষ্ঠা শ্রুতি স্মৃতিপ্রসিদ্ধা দয়ালজ্জাকান্তিরূপা শ্রেষ্ঠা অসূয়ারূপিণী তোমাকে নমস্কার করি। তুমি সতী পবিত্রকারিণী এবং দানবসৈন্য বিনাশ-

সরস্বতীং সর্ব্বভূতার্চ্চিতাং ত্রিনয়নমহিষীং নমস্তেভৃড়ানীং শরণমুপগতোহং ওঁ নমস্তে ইত্থংস্তোমাম্বাকেন পরিতুষ্টা-বিভাবরী। প্রাহপুত্রপ্রসন্নাস্মি বৃণুস্ব বরমুত্তমং॥

ভৃঙ্গিরুবাচ।

পাপং প্রশমনং যাতু ত্রিবিধং ত্বয়িপার্ব্বতি।
তবেশ্বরে চ সততং ভক্তিরস্তু মমাম্বিকে।

পুলস্ত্য উবাচ।

বাঢ়মিত্য ব্রবীদ্গৌরী হিরণ্যাক্ষ সুতাংপ্রতি।
সচাপ্যে পূজয়ন্‌সর্ব্বাং গণানামধিপোভবৎ।
এবং পুরাদানবসত্তমং তং মহেশ্বরেনাথ বিরূপাদৃষ্ট্যা।
হুত্বেবরূপং ভবাস্তুভৈরবং ভৃঙ্গীত্বমীশেনকৃতং স্বশক্ত্যা॥

অনুবাদ।

কারিণী মায়ারূপা ও মায়াযুক্তা বৈজয়ন্তীরূপা শান্তরূপিণী গোবিন্দভাবিনী শৈলরাজতনয়া তুমি সর্ব্ব... বিদ্যা-রূপিণী সরস্বতী। ত্র্যম্বকগৃহিনী তোমাকে নমস্কার করি, তুমি মৃড়ানী ও রক্ষাকর্ত্রী তোমাকে নমস্কার করি, আমি তোমার শরণা-গত। তোমাকে নমস্কার করি। অন্ধক অম্বিকাকে এবম্বিধ স্তব করিলে দেবী সাতিশয় সন্তুষ্ট হইয়া বলিলেন। হে পুত্র! আমি তোমার প্রতি প্রসন্না হইয়াছি অতএব আমার নিকট অভীষ্টবর প্রার্থনা কর। ভৃঙ্গীরূপী অন্ধক বলিল। হে দেবি! আমি কায়িক মানসিক ও বাচনিক অব্যক্ত দুরবসন্ধিতে তোমার প্রতি যে পাপাচরণ করিয়াছিলাম সে সকল পাপ এক্ষণে বিনাশ প্রাপ্ত হউক এবং তোমার ঈশ্বর শঙ্করের প্রতি আমার ভক্তি হউক। পুলস্ত্য বলিলেন। হিরণাক্ষতনয় অন্ধক এতাদৃশী প্রার্থনা করিলে দেবী তাহাতে অনুমোদন করিলেন। অনন্তর অন্ধক সর্ব্বেশ্বর প্রমথ-

এতত্তবোক্তং হরকীর্ত্তিবর্দ্ধনং
জাতং পবিত্রং শুভদং মহর্ষে।
সংকীর্ত্তনীয়ং দ্বিজসত্তমেন
ধর্ম্মায়ুরারোগ্য ধনৈর্বিণাপি॥
ইতি শ্রীবামনপুরাণে ভৈরবপ্রাদুর্ভাব নাম
একচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ॥ ৪১॥

দ্বিচত্বারিংশত্তমোধ্যায়ঃ।

নারদ উবাচ।

মলয়েহি মহেন্দ্রেন যৎকৃতং ব্রহ্মণর্ষভ।
নিষ্পাদিতং স্বকং কার্য্যং তন্মে ব্যাখ্যাতু মর্হসি।

পুলস্ত্য উবাচ।

শ্রূয়তাং যন্মহেন্দ্রেন মলয়েপর্ব্বতোত্তমে।
কৃতং লোকহিতং ব্রহ্মন্নাত্মনশ্চ তথাহিতং।

অনুবাদ।

দিপকে পূজা করিয়া গণাধিপ হইলেন। এইরূপ পূর্ব্বকালে বৈরূপ্য দৃষ্ট ইহারা শঙ্কর দানববর অন্ধককে স্বীয় শক্তিতে ভৃঙ্গীত্ব প্রদান করিয়াছিলেন আমি তোমাকে এই সমস্ত শঙ্করের কীর্ত্তিবাহুল্য পুণ্যজনক পবিত্র উপাখ্যান বলিলাম। হে মহর্ষে! বিপ্রগণ কীর্ত্তন করিলে ধর্ম্ম আয়ু আরোগ্য ও ধন বিশেষরূপে লাভ হইবে।

ইতি বামনপুরাণে একচত্বারিংশত্তম অধ্যায় সমাপ্ত।

নারদ বলিলেন। হে দ্বিজ শার্দ্দূল! পুরন্দর মলয় পর্ব্বতে গিয়া স্বীয় কার্য্য নিষ্পন্ন করিয়াছিলেন তাহা বিস্তাররূপে বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন। হে ব্রহ্মন্! পুরন্দর পর্ব্বতবর মলয়ে গমন করিয়া এবং আত্ম ও লোকহিতার্থে যে কষ্ট করিয়া-

অন্ধাসুরস্যানুচরা ময়তার পুরোগমাঃ।
বিনির্জ্জিতাঃ সুরগণৈঃ পাতালগমনোৎসুকাঃ ॥
দদৃশুর্ম্মলয়ংশৈলং সিদ্ধাধ্যুষিতকন্দরং।
লতাবিতান সংছন্নং মহাগন্ধসমাকুলং।
চন্দনৈরুরগাক্রান্তৈঃ সুশীতৈ রূপশোভিতং।
মাধবী কুসুমামোদ ঋষ্যর্চ্চিতহরংগিরিং।
তংদৃষ্ট্বা শীতলছায়ং শ্রান্তব্যায়ামকর্ষিতাঃ।
ময়তারপুরোগাস্তে নিবাসং সমরোচয়ন্।
তেষু তত্রোপবিষ্টেষু প্রাণতৃপ্তিপ্রদোঽনিলঃ।
ববাতিশীতঃ শনকৈর্দক্ষিণো গন্ধসংযুতঃ।
তত্রৈব চরিতং চক্রুঃ সর্ব্বএব মহাসুরাঃ।

অনুবাদ।

ছিলেন তাহা শ্রবণ কর। অন্ধকাসুর দেবগণের নিকট সমরে পরাজিত হইলে তাহার অনুচর ময়তার প্রভৃতি দানবগণ পাতালপুরী গমনে কৃতসঙ্কল্প হইল। পরে নাগলোকে গমন করিতে করিতে পথিমধ্যে এক রমণীয় মলয় পর্ব্বত অবলোকন করিল তাহার গুহাপ্রদেশে সিদ্ধগণ অবস্থিতি করিতেছেন এবং তাহার কন্দর লতাজাল দ্বারা চন্দ্রাতপ সদৃশ আচ্ছন্ন ও প্রাণিসঙ্কুল সেই পর্ব্বতে বন্য পশুগণ চন্দনবৃক্ষে গাত্র ঘর্ষণ করাতে চন্দনের সৌগন্ধে পর্ব্বতবর মলয় অতি রমণীয় এবং মাধবী কুসুমের সৌগন্ধে তাপসগণ যে স্থানে শঙ্করকে পূজিত করিয়াছিলেন সেই মনোহর পর্ব্বতে সুশীতল ছায়াতে সংগ্রামশ্রান্ত দানবগণ শ্রান্তি দূর করিবার জন্য সেই ছায়াতে উপবেশন করিল। দানবগণ সেই মনোহর শীতল ছায়াতে উপবেশন করতঃ সুমন্দ মলয়ানিলে শারিরীক ক্লান্তি দূর করিতেছে। এই সময়ে ক্রমশঃ সুগন্ধ দক্ষিণানিল মন্দগতিতে

কুর্ব্বন্ত্রৈলোক সংপূজ্যে বিদ্বেষং দেবতাগণে।
তান্মত্বা শঙ্করঃশক্রং প্রেষয়ন্মলয়েসুরান্।
সচাপিদদৃশেগচ্ছন্ পথিগাংমাতরংহরিঃ।
তস্যাঃ প্রদক্ষিণং কৃত্বা দৃষ্ট্বা শৈলঞ্চ সুপ্রভং।
দদৃশে দানবান্ সর্ব্বান্ সংহৃষ্টান্ ভোগসংযুতান্।
যথাজুহাব চ বলাৎ সর্ব্বানেব মহাসুরান্।
তেচাপ্যায়যু রব্যগ্রা বিকিরন্তঃ শরোৎকরান্।
তানাগতান বাণজালৈ রথস্থোদ্ভুতদর্শনঃ।
ছাদয়ামাস বিপ্রর্ষে গিরীন্বৃষ্ট্যা যথাঘনঃ।
ততোবাণৈ রবচ্ছাদ্য ময়াদীন্ দানবান্ হরিঃ।
পাকংজঘানতীক্ষ্ণাগ্রৈ র্মার্গণৈঃ কঙ্কবাসসৈঃ।

অনুবাদ।

সঞ্চালিত হইতে লাগিল। তখন দানবগণ সেই পর্ব্বতে সুগন্ধ মলয়ানিলে সানন্দে ক্রীড়া কৌতুক করিতেছে। ত্রিলোকপূজ্য দেবগণের সহিত দানবগণ সর্ব্বদা বিরোধ করে এজন্য ভগবান শঙ্কর বাসবকে সেই দানব সঙ্কুল পর্ব্বতে প্রেরণ করিয়াছিলেন। বাসব শঙ্করের আদেশানুসারে সেই পর্ব্বতে গমন করিতেছেন পথি-মধ্যে জননীকে অবলোকন করিয়া তাহাকে প্রদক্ষিণ ও পাদবন্দনাদি করতঃ পর্ব্বতের মনোহারিণী শোভা অবলোকন করিলেন। এবং সেই পর্ব্বতে সেই সময়ে দানবগণ হর্ষচিত্তে পান ও ভোজন করিতেছে দেখিলেন তখন পুরন্দর সেই স্থানে উপস্থিত হইয়া দানবগণের প্রতি বলপূর্ব্বক আস্ফালন করিয়া শরজাল নিক্ষেপ করিতে লাগিলেন দানবগণ পুরন্দরকে অবলোকন করিয়া সচকিতভাবে ব্যস্ত হইয়া ধাবিত হইল, তখন পুরন্দর সমাগত দানবগণকে অবলোকন করিয়া বৃষ্টি সমাচ্ছন্ন মেঘ-সদৃশ বাণ দ্বারা সমাচ্ছন্ন করিলেন ময়াদি দানবগণকে এবং

তত্র নাম বিভুর্লেভে শাশনস্তাচ্ছরৈর্দৃঢৈঃ।
পাকশাসনতাং প্রাপ্তঃ সমুরাধিপতি র্বিভুঃ।
ততোঽস্য পুরনামানং বাণাসুরসুতং শরৈঃ।
সুপুঙ্খৈর্দারয়ামাস ততোঽভূৎ স পুরন্দরঃ।

পুলস্ত্য উবাচ।

শ্রূয়তাং গোত্রভিচ্ছক্রঃ কীর্ত্তিতো হি যথাময়া।
হতেহিরণ্যকশিপৌ যচ্চকারোরিমর্দ্দনঃ।
দিতির্বিনষ্ট পুত্রাপি কশ্যপং প্রাহ নারদ।

অনুবাদ।

রণজীর্ণ দানবগণকে কাকপক্ষরঞ্জিত তীক্ষ্ণাস্ত্র ও মার্গণদ্বারা আঘাত করিলেন। পুরন্দর পাক (অর্থাৎ রণ জীর্ণ) দানবগণ সংহার করিয়াছিলেন এবং সমরোৎসুক দানবগণকে তীক্ষ্ণ বাণ দ্বারা শাসন করিয়াছিলেন এজন্য অমরাধিপতি পুরন্দর পাকশাসন নামে বিখ্যাত হইলেন। এবং বাণাসুরের তনয় পুরনামক দানবকে সংহার করিয়া পুরন্দর নাম পাইয়াছেন। পুরন্দর সংগ্রামে দানব সৈন্য বিনাশ করিয়া সমরে জয়ী হইয়াছিলেন। পরে সেই সকল পরাজিত দানবসৈন্য পাতালপুরিতে গমন করিল। হে তাপসবর! ভগবান্ শঙ্কর এই নিমিত্ত পাকশাসন ইন্দ্রকে মলয়াচলে প্রেরণ করিয়াছিলেন। তখন তাপসবর পুলস্ত্য বলিলেন তোমরা কি অন্যান্য বিষয় শ্রবণ করিতে অভিলাষ করিয়াছ তাহাতে নারদ জিজ্ঞাসা করিলেন। অমরপতি পুরন্দর কি নিমিত্ত গোত্রভিৎ নাম ধারণ করিয়াছিলেন এই বিষয় শ্রবণ করিতে মনে সাতিশয় কৌতুহল জন্মিয়াছে। পুলস্ত্য বলিলেন। তাপসগণ পুরন্দরকে গোত্রভিৎ বলিয়া যে নিমিত্ত আমি সম্বোধন করিয়াছিলাম তাহার কারণ বলিতেছি। পূর্ব্বকালে দানববর হিরণ্য-

বিভোনাথোসি মেদেহি শত্রুহন্তার মাত্মজং।
কশ্যপস্তামুবাচাপি যদিত্বমসিতেক্ষণঃ।
শৌচাচার সমাযুক্তা স্থাস্যসে দশতীর্দ্দিশ।
সম্বৎসরাণাং দিব্যানাং তত্রত্রৈলোক্য নায়কং।
জনয়িষ্যসিতেপুত্রং শক্রঘ্নং নান্যথা প্রিয়ে।
ইত্যেব মুক্তাসা ভর্ত্রাদিতি নিয়মমাস্থিতা।
গর্ভাধানমৃষিঃকৃত্বা জগামোদয় পর্ব্বতং।
গতেতস্মিন্ মুনিশ্রেষ্ঠে সহস্রাক্ষোপি সত্বরং।
মাত্রান্তরাং সমাগম্য দিতিং বচনমব্রবীৎ।

অনুবাদ।

কশিপু নিধন হইলে অরিমর্দ্দন পুরন্দর যাহা করিয়াছিলেন শ্রবণ কর। হিরণ্যকশিপু নিধন হওয়াতে নষ্টপুত্রা দিতি কশ্যপের নিকট প্রার্থনা করিলেন। হে বিভো হে নাথ আমাকে একটী ইন্দ্র জয়ী তনয় প্রদান করুন। তখন কশ্যপ দিতিকে বলিলেন হে অসিতেক্ষণে! যদি তুমি এতাদৃশ তনয় প্রার্থনা কর, তবে তুমি দেবপরিমাণে সহস্র বর্ষ শৌচাচারে অতিবাহিত কর, তাহা হইলে তোমার ইন্দ্রহন্তা ত্রিলোকপতি তনয় হইবে, কদাচ অন্যথা হইবে না। কশ্যপ প্রিয়াদিতিকে এবম্বিধ উপদেশ প্রদান করিলে দিতিও যথাকালে শৌচাচার নিয়ম অবলম্বন করিলেন। অনন্তর কশ্যপ পত্নীর গর্ভাধানকরতঃ সঙ্গে লইয়া উদয়াচলে গমন করিলেন। তাপসবর কশ্যপ পর্ব্বত হইতে প্রত্যাগমন করিলে সহস্রাক্ষ পুরন্দর সত্বর মাতার নিকট গমন করিয়া মাতা দিতিকে বলিলেন। মাতঃ যদি তোমার ইচ্ছা হয় তবে অদ্যাবধি আমি তোমার শুশ্রুষা করিব। দেবী তখন ভবিষ্যতে যাহা হয় হইবে এইরূপ মনে ধারণা করিয়া অঙ্গীকার করিলেন। তদবধি পুরন্দর

বিনীতাত্মা স্বকার্য্যার্থে ছিদ্রান্বেষী ভুজঙ্গবৎ।
একদা সা তপোযুক্তা শৌচে মহতিসংস্থিতা॥
দশবর্ষশতান্তে তু শিরঃ স্নাতাতপস্বিনী।
জানুভ্যামুপরিস্থাপ্য মুক্তকেশী নিজংশিরঃ।
সুস্বাপকেশপত্রৈস্তু সংশ্লিষ্ট চরণাভবৎ।
তমন্তরমসৌতস্মাজ্‌জ্ঞাত্বাদেবঃ সহস্রদৃক্।
প্রবিশ্য মাতুরুদরে নাশাশ্রোত্রেণ নারদ।
প্রবিশ্যজঠরং ক্রুদ্ধোদৈত্যমন্তঃ পুরন্দরঃ।
দদর্শোর্দ্ধমুখং বালং কটিন্যস্তকরংমহৎ।
তস্যৈবাস্যেথ দদৃশে পেশীংমাংসস্য বাসবঃ।
শুদ্ধস্ফটিক সংকাশং করাভ্যাংজগৃহে স তাং।

অনুবাদ।

মাতার সমিৎপুষ্পাদি আহরণ করিতে লাগিলেন। পুরন্দর মাতার নিকট স্বকার্য্য সাধনের নিমিত্ত বিনীতভাবে ভুজঙ্গ সদৃশ ছিদ্রান্বেষণে তৎপর হইলেন। একদা দিব্যপরিমাণে সহস্র বর্ষ অতিবাহিত হইবার কিঞ্চিৎ পূর্ব্বে তপযুক্তা সেই তপস্বিনী দিতি মহৎ শৌচাচারে অবস্থিতি করিয়া শিরঃস্থান করতঃ জানুনোপরি কেশকলাপ রাখিয়া মুক্তকেশে অবস্থিতি করিতেছিলেন এই অবস্থায় নিদ্রিতা থাকাতে তাঁহার কেশপাশ দ্বারা চরণদ্বয় সংশ্লিষ্ট হইল। তখন সহস্রাক্ষ এই অবস্থায় মাতার নাসিকা ও কর্ণদ্বার দিয়া উদর মধ্যে প্রবেশ করিলেন। দৈত্যান্তকারী পুরন্দর মাতার জঠরে প্রবিষ্ট হইয়া সাতিশয় ক্রোধপূর্ব্বক দেখিলেন উর্দ্ধমুখে একটি বালক রহিয়াছে তাহার শরীর অতি কঠিন এবং তাহার হস্তদ্বয় কটিদেশে ন্যস্ত রহিয়াছে। পরে দেখিলেন সেই বালকের বদনে এক মাংসপেশী রহিয়াছে তখন শুদ্ধ স্ফটিক বর্ণা সেই মাংসপেশীকে বাসব হস্তদ্বয়ে গ্রহণপূর্ব্বক সক্রোধে

হতঃ কোপসমাধ্মাতো মাংসপেশীং শতক্রতুঃ।
করাভ্যাং মর্দ্দয়ামাস ততঃ সা শকলাভবৎ।
উর্দ্ধেণার্দ্ধঞ্চ ববৃধে অধোর্দ্ধং ববৃধেতদা।
শতপর্ব্বা সকুলিশঃ সংজাতো মাংসপেশিতঃ।
তেনগর্ভং দিতিভবং বজ্রেণ শতপর্ব্বণা।
চিচ্ছেদ সপ্তধা ব্রহ্মন্ সরুরোদ সুবিস্বরং।
ততোবিবুধ্যত দিতি রজানচ্ছক্রচেষ্টিতং।
সুশ্রাবরাবং পুত্রস্য রুদ্যমানস্য নারদ।
শক্রোপি প্রাহমামূঢ রুদস্বেতি সুবিস্বরং।
ইত্যেব মুক্ত্বাচৈকৈকং ভূয়শ্চিচ্ছেদ সপ্তধা।
তে জাতামারুতোনাম দেবাভৃত্যাঃ শতক্রতোঃ॥

অনুবাদ।

গর্জ্জন করিয়া বিনষ্ট করিল। এবং হস্তদ্বয়ে বলপূর্ব্বক দৃঢ়তর মর্দ্দন করিতে লাগিল তাহাতে সেই মাংসপেশী দুই খণ্ডে বিভক্ত হইল। উর্দ্ধের অর্দ্ধাংশ বৃদ্ধি হইতে লাগিল এবং নিম্নের অর্দ্ধভাগ বৃদ্ধি হইতে লাগিল। যে সময়ে বজ্রের সহিত শতপর্ব্বা সেই মাংসপেশী হইতে বহির্গত হইল তখন পুরন্দর বজ্রদ্বারা সেই দিতি গর্ভসম্ভূত শতপর্ব্বাকে সপ্তধা করিল তাহাতে গর্ভমধ্যে সেই বালক সাতিশয় রোদন করিতে লাগিল। তাহার সেই রোদন ধ্বনি দিতির কর্ণগোচর হওয়াতে ইন্দ্র চেষ্টিত কার্য্য বলিয়া তাহার বোধ হইল। হে নারদ! তখন দিতি বালকের রোদন ধ্বনি শ্রবণ করিয়া চমকিত হইলেন। এই সময়ে পুরন্দর সেই সপ্তধা ছিন্ন বালককে বলিলেন তোমরা কি জন্য রোদন করিতেছ, এই কথা বলিয়া সেই সপ্তখণ্ড বালকের এক এক খণ্ড সপ্তধা ছেদন করি-

মাতুরেবোপচারেণ বলবীর্য্য পুরস্কৃতাঃ।
ততঃ সকুলিশঃ শক্রো নির্গম্য জঠরাত্তথা।
দিতিং কৃতাঞ্জলিপুটঃ প্রাহভীতস্তু শাপতঃ।
মমাম্বনাপরাধোঽয়ং যস্মাত্তু তনয়স্তব।
তবৈবাপনয়েচ্ছাস্তি তন্মে ন ক্রোদ্ধুমর্হসি।

দিতিরুবাচ।

নভবতোঽপরাধোঽস্তি মন্যে দৃষ্টমিদং পুরা।
সংপূর্ণেস্বপিকালেবৈ যদ্ভবেয়ং সমাগতা।
ইত্যেব মুক্ত্বা তান্ বালান্ পরিশান্ত্য দিতিঃস্বয়ং।
দেবরাজ সহৈতাংস্তু প্রেষয়ামাস ভামিনী।

অনুবাদ।

লেন। তাহাতে উনপঞ্চাশৎ বায়ু জন্ম গ্রহণ করিল। সেই মারুত সকল দেবত্ব প্রাপ্ত হইল এবং পুরন্দরের অনুচর ভৃত্য হইল। পুরন্দর মাতার উপচার আহরণচ্ছলে স্বীয় বলবীর্য্য প্রকাশপূর্ব্বক বজ্রের সহিত মাতার জঠর হইতে বহির্গত হইল। তখন মাতার নিকট শাপগ্রস্ত হইবেন এই ভয়ে মাতার সমীপে কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান হইয়া বলিলেন মাতঃ আমি অতিশয় শঙ্কিত হইয়াছি। হে মাতঃ! এ অপরাধ আমার হইতে পারে না কারণ আমি তোমার শিশু সন্তান এক্ষণে ক্রোধ পরিত্যাগপূর্ব্বক শাপ হইতে পরিত্রাণ করুন্। দিতি বলিলেন তোমার অপরাধ নাই আমি পূর্ব্বে জানিয়াছি পূর্ণকালে যাহা ঘটনা হইত এক্ষণে তাহা হইল এই সমস্ত কথা পুরন্দরকে বলিয়া দিতি সেই ছিন্ন বালক সকলকে শান্ত্বনা করিলেন। পরে দিতি সেই বালক সকলকে পুরন্দরের সহিত গমন করিতে অনুমতি করিলেন। এইরূপে

এবং পুরা তানপিসোদরান্ যতঃ গর্ভস্থিতান্সুৎপততো ভয়ার্ত্তান্।
বিভেদ বজ্রেণ ততঃ সগোত্রভিৎ খ্যাতো মহর্ষে ভগবান্মহেন্দ্রঃ।
ইতি শ্রীবামনপুরাণে ভৈরব প্রাদুর্ভাবে
দ্বাচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ ॥ ৪২ ॥

ত্রিচত্বারিংশত্তমো অধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

এতদর্থং বলি দৈত্যাঃ কৃতো রাজা কলিপ্রিয়ঃ।
মন্ত্রপ্রদাতা প্রহ্লাদঃ শুক্রশ্চাসীৎ পুরোহিতঃ।
শ্রুত্বাভিষিক্তং দৈত্যেয়া বিরোচন সুতংবলিং।
নির্দ্দুদ্রুবঃ সমায়াতাঃ সমরাঃ সর্ব্বতশ্চহি।
তান্ সমাগতান্ সর্ব্বাংস্তৈক্যেব পূজয়িত্বা যথাক্রমং।

অনুবাদ।

পূর্ব্বকালে পুরন্দর গর্ভস্থিত ভয়ার্ত্ত ভ্রাতৃগণকে বজ্রদ্বারা ভেদ করিয়াছিলেন এজন্য ভগবান পুরন্দর গোত্রভিৎ নাম ধারণ করিলেন।

ইতি বামনপুরাণে দ্বিচত্বারিংশ অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য বলিলেন। কলিপ্রিয় দানবগণ সংগ্রামে পরাজিত হইয়া বিরোচনাত্মজ বলিকে রাজ্যে অভিষিক্ত করিল। তাহার মন্ত্রদাতা প্রহ্লাদ, পুরোহিত শুক্রাচার্য্য বিরোচনাত্মজ বলি রাজ্যে অভিষিক্ত হইয়াছে, অবগত হইয়া অন্যান্য দানবগণ বলির সহিত দর্শন করিবার মানসে সমীপে উপস্থিত হইল। তখন রাজা বলির, সহিত সাক্ষাৎ করিবার জন্য যে সকল আত্মীয়বর্গ আসিয়াছিল, দানববর তাহাদিগকে যথাযোগ্য সম্মান না করিয়া উপবেশন

পপ্রচ্ছ কুলজান্ সর্ব্বান্ কিমুশ্রেয়স্করং মম।
তে উচুঃ সর্ব্বত্রবৈনং শৃণুস্ব সুরমর্দ্দনঃ।
যত্তেশ্রেয়স্করং কর্ম্ম যদস্মাকং হিতংতথা।
পিতামহ স্তববলী আসীদ্দানব পালকঃ।
ত্বমাগম্য সুরশ্রেষ্ঠো বিষ্ণুঃ সিংহবপুর্দ্ধরঃ।
প্রত্যক্ষং দানবেন্দ্রানাং নখরৈঃ শকলীকৃতং।
অপকৃষ্ট সুরাদ্যাশ্চ অন্ধকশ্চ মহাত্মনা।
তেষামর্থে মহাবাহো শঙ্করেণ ত্রিশূলিনা।
তথাতব পিতৃব্যোপি জম্ভঃ শক্রেণঘাতিতঃ।
কুজম্ভো বিষ্ণুনাচাপি প্রত্যক্ষং পশুবত্তথা।
শম্ভুঃপাকো মহেন্দ্রেণ ভ্রাতাতব সুদর্শনাঃ।
বিরোচন স্তবপিতা নিহতঃ কথয়ামিতে।

অনুবাদ।

করাইলেন। তখন দানবরাজ বলি সকলে জিজ্ঞাসা করিলেন। এক্ষণে কোন্ কার্য্য করিলে আমাদিগের মঙ্গল হইবে। দানবগণ বলিল; এক্ষণে তুমি মনোযোগপূর্ব্বক শ্রবণ কর। তোমার পিতামহ হিরণ্যকশিপু সাতিশয় বলবান্ ও যোদ্ধা এবং দানবকুল প্রপালক ছিলেন। একদা দেববর বিষ্ণু তাহার নিকট আসিয়া এক ভয়ঙ্কর সিংহমূর্ত্তি ধারণ করতঃ তীক্ষ নখরদ্বারা তোমার প্রপিতামহের বক্ষ বিদারণ পূর্ব্বক দ্বিখণ্ড করিল এবং হে মহাবাহো! মহাত্মা ত্রিশূলী শঙ্কর অন্ধকাসুরকে রাজ্যচ্যুত করিয়াছেন, তাহার নিমিত্ত তোমার পিতৃব্য-জম্ভকে সুরপতি উপেন্দ্র বিনাশ করিয়াছেন এবং বিষ্ণু কুজম্ভকে পশুবৎ বিনাশ করিয়াছেন, কিন্তু পাক ও সুদর্শন প্রভৃতি ভ্রাতৃগণকে পুরন্দর বিনাশ করিয়াছেন এবং তোমার পিতা বিরোচন যেরূপে নিধন হইয়াছেন তাহা বলিতেছি শ্রবণ কর। তখন

শ্রুত্বাগোত্রক্ষয়ং কুর্ব্বন্ কৃতং শক্রেণ দানবঃ ।
উদ্যোগং কারয়ামাস সহসর্ব্বৈ র্মহাসুরৈঃ ।
রথৈরন্যে গজৈরন্যে বাজিভিশ্চাপরেসুরাঃ ।
পদাতয় স্তথৈবান্যে জগ্মু র্যুদ্ধায় দানবাঃ ।
সমাশ্রয়োভিবলবান স বাণশ্চ ভয়ঙ্করঃ ।
সৈন্যস্ত মধ্যেতুবলিঃ কালনেমিশ্চ পৃষ্ঠতঃ ।
বামপার্শ্ব মবস্টভ্য শাল্বপ্রথিত বিক্রমঃ ।
প্রয়াতিদক্ষিণংঘোরং তারকাক্ষো ভয়ঙ্করঃ ।
দানবানাং সহস্রাণি অযুতাণ্যর্ব্বুদানি চ ।
সম্প্রয়াতানি যুদ্ধায়দেবৈঃসহ কলিপ্রিয়ং ।
শ্রুত্বাহসুরাণামুদ্যোগং শক্রঃ সুরপতিঃ সুরান্ ।
উবাচ য়ামদৈত্যাং স্তান্যোদ্ধুং স্ববলমাস্থিতাঃ ।

অনুবাদ ।

দানববর বলি পুরন্দর আমাদিগের বংশ বিনাশ করিয়াছেন শ্রবণ করিয়া দেবগণের সহিত যুদ্ধ করিবার উদ্যোগ করিতে অনুমতি করিলেন। এবং দানবরাজ স্বয়ং রথ হস্তী ঘোটক ও পদাতিক সৈন্যগণের সহিত যুদ্ধার্থে বহির্গত হইল। দানববর স্বয়ং বলবান ও ভয়ঙ্কর প্রধান দানবগণের মধ্যে অবস্থিত করিল। তাহার পৃষ্ঠদেশে অতি ভয়ঙ্কর কালনেমি বামপার্শ্বে বিখ্যাত বলবান শাল্ব, দক্ষিণপার্শ্বে ভয়ঙ্কর তারকাক্ষ এবং অন্যান্য অসংখ্য দশসহস্র অর্ব্বুদ দানবগণ সঙ্গে লইয়া দেবগণের সহিত যুদ্ধার্থে গমন করিল। এই সময়ে সুরপতি পুরন্দর দানবগণের এতাদৃশ যুদ্ধাড়ম্বর অবগত হইয়া দেবগণকে বলিলেন। দানবগণ সসৈন্যে যুদ্ধার্থে আসিয়াছে এই কথা বলিয়া বাজীয়োজিত মাতলি সংরক্ষিত রথে আরোহণ করিলেন। পুরন্দর রথে আরোহণ করিলে দেবগণ

ইত্যেবমুক্তা বচনং সুররাট্ স্যন্দনং বলী।
সমারুরোহ ভগবান্ যুক্তং মাতলিনাজিভিঃ।
সমারূঢ়ে সহস্রাক্ষে স্যন্দনং দেবতাগণাঃ।
স্বং স্বং বাহনমারুহ্য নির্জগ্মুর্যুদ্ধকাঙ্ক্ষিণঃ।
আদিত্যা বসবো রুদ্রাঃ সাধ্যা বিশ্বেশ্বিনৌ তথা।
বিদ্যাধরা গুহ্যকাশ্চ যক্ষ রাক্ষস পন্নগাঃ।
রাজর্ষয়স্তপঃসিদ্ধা নানাভূতাশ্চ সংহতাঃ।
গজানন্যে হয়ানন্যে রথানন্যে সমারুহন্ ॥
বিমানানি চ শুভ্রাণি পক্ষিবাহ্যানি নারদ।
সমারুহ্য দ্রবন্তুগর্ব্বে যতো দৈত্যবলং স্থিতং।
এতস্মিন্নন্তরে শ্রীমান্ বৈনতেয়ঃ সমাগতঃ।
তস্মিন্নবিষ্ণুঃ সুরশ্রেষ্ঠঃ স্থিতিমুক্তা সমভ্যগাৎ।
তমাগতং সহস্রাক্ষঃ ত্রৈলোক্যপতিরব্যয়ঃ।
ববন্দ মূর্দ্ধাবনতঃ সহ সর্ব্বৈঃ সুরোত্তমৈঃ।

অনুবাদ।

স্বস্ব বাহনে আরোহণ করিয়া দানবগণের সহিত যুদ্ধার্থ গমন করিলেন। তখন দ্বাদশ রুদ্র অষ্টবসু একাদশরুদ্র সাধ্যগণ বিশ্বে দেবগণ, অশ্বিনী-কুমারদ্বয়, বিদ্যাধর, গুহ্যক, যক্ষ, রক্ষ ও পন্নগগণ, তপসিদ্ধগণ রাজর্ষিগণ ও অন্যান্য প্রাণিগণ সকলে কেহ বা রথে কেহ গজে কেহ অশ্বে আরোহণ করিল। কেহ বা পক্ষিযোজিত বিমানে আরোহণ করতঃ যেস্থানে দানব সৈন্য সন্নিবেশিত রহিয়াছে, সেই স্থানে গমন করিল। এই সময়ে শ্রীমান্ পক্ষিরাজ বৈভনেয় সেই স্থানে সমাগত হইল। সেই খগেন্দ্র আরোহণে ভগবান বিষ্ণু তথায় উপস্থিত হইলেন। তখন সহস্রাক্ষ পুরন্দর ত্রিলোকেশ্বর অব্যয় বিষ্ণুকে অবলোকন করিয়া

ততোগ্রেদেবসৈন্যস্য কার্ত্তিকেয়ো গদাধরঃ।
পালয়ন্‌জঘনংবিষ্ণুঃ যাত্তিমধ্যে সহস্রদৃক।
বামপার্শ্বমবষ্টভ্য জয়ন্তোপি ব্রজন্মুনে।
দক্ষিণং বরুণঃপার্শ্বমবষ্টভ্য ব্রজদ্বলী।
ততোমরাণাং পৃতনা যশস্বিনী স্কন্দেন্দ্র বিষ্ণুপ সূর্য্যপালিতা।
নানাস্ত্রশস্ত্রোদ্যতদোঃ সমূহং সমাসসাদারিবলং মহর্ষে।
উদয়াদ্রিতটেরম্যে শুভেসমশিলাতলে।
নির্ব্বৃক্ষপক্ষিরহিতে স্বাস্তোদে।। সুরোরণঃ।
সন্নিপাত স্তয়োরৌদ্রং সেনয়োরুভয়োরপি।
মহীধরোত্তমেপূর্ব্বং যথাধানর পক্ষিণোঃ।
রজোরুথোঙ্খিতঃ পিঙ্গলো রণমূর্দ্ধনি।
সন্ধ্যাইভ্র রক্তসদৃশোমেঘঃ শস্ত্রতাপসঃ।

অনুবাদ।

আমি নম্রভাবে দেবগণের সহিত তাহার চরণদ্বয় বন্দনা করিলাম। অনন্তর সেই সকল বিবুধ সৈন্যের অগ্রে গদাধর কার্ত্তিকেয়, মধ্যে ভগবান বিষ্ণু তাহার জঘনদেশ রক্ষক ইন্দ্র, বামপার্শ্বে জয়ন্ত, দক্ষিণপার্শ্বে বরুণ রক্ষা করিতে লাগিলেন। অনন্তর কার্ত্তিকেয় পুরন্দর বিষ্ণু চন্দ্র সূর্য্য প্রভৃতি দেবগণ দেব সৈন্যগণকে রক্ষা করিতে লাগিলেন। হে মহর্ষে! দেবগণ বিবিধ অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক সমর ক্ষেত্রে নিরন্তর ধাবিত হইতে লাগিলেন উদয়গিরির সুরম্য শুভ্রবর্ণ শিলাতলে বৃক্ষ ও পক্ষি রহিত স্থানে দেব দানবের সংগ্রাম হইয়াছিল। সেই উভয় সৈন্যের অতি ভয়ঙ্কর সংগ্রাম হইল। পূর্ব্বে এই পর্ব্বতবরে যাদৃশ পক্ষি বানরে সংগ্রাম হইয়াছিল। সেই সমর-ক্ষেত্র হইতে শোণিতাক্তধূলি উত্থিত হইয়া সমস্ত পিঙ্গলবর্ণ হইল। যাদৃশ সন্ধ্যাকালীন মেঘমালা

তদা সংস্তুমলংযুদ্ধং ন প্রজ্ঞায়ত কিঞ্চন।
শ্রূয়তেত্বনিশং শব্দ শ্ছিন্ধি শ্ছিন্ধীতি সর্ব্বতঃ।
ততোবিশনসোরৌদ্রো দৈত্যানাং দৈবতানপি।
জাতোরুধির বিস্পন্দীরজসঃ সমতাস্বকঃ।
শান্তেরজসি দেবাদ্যা স্তদ্দানব বলংমহৎ।
অভিদ্রবন্তঃ সহিতাঃ সমং স্কন্দেন ধীমতা।
নিজঘ্নুর্দানবান্ দেবাঃ কুমারভুজপালিতাঃ।
দেবান্নিজঘ্নু র্দিতিজা ময়গুপ্তাঃ প্রহারিণঃ।
ততোঽমৃত রসা স্বাদাৎ বিনাভূতাঃ সুরোত্তমাঃ।
নির্জ্জিতাঃ সমরেদৈত্যৈঃ সমং স্কন্দেন নারদ।
বিনির্জ্জিতান্ সুরা দৃষ্ট্বা বৈনতেয়ধ্বজোরিহ।
শার্ঙ্গমালম্ব্য বাণৌঘৈর্নিজঘান ততস্ততঃ।

অনুবাদ।

রক্তিমাবর্ণ ধারণ করে। তখন দেব দানবের যে অতি ভয়ঙ্কর সংগ্রাম হইয়াছিল তাহা বর্ণনাতীত কেবল মাত্র চতুর্দ্দিগ হইতে ছিন্দি ছিন্দি এই মাত্র ভয়ঙ্কর গভীর ধ্বনি উত্থিত হইতে লাগিল। অনন্তর দানবগণের প্রধান বিশনস দেবগণের প্রতি ধাবিত হইল দেবগণের কলেবর দানবের শোণিতে আর্দ্র এবং ধূলিসিক্ত হওয়াতে সাতিশয় কষ্টদায়ক হইয়াছিল। পরে কিঞ্চিৎ ধূলি নিবর্ত্ত হইলে দেবগণ ধীমান কার্ত্তিকেয়কে সঙ্গে লইয়া অতি বলবান দানব সৈন্যের প্রতি ধাবমান হইলেন। কার্ত্তিকেয় রক্ষিত দেবগণ দানবগণকে সংহার করিতে লাগিলেন। এবং ময়দানব রক্ষিত দানবগণ দেবগণকে প্রহার করিতে লাগিল। দেবগণ অমৃতরস পান করিয়া কিঞ্চিৎ মুক্ত হইলে দানবগণ কার্ত্তিকের সহিত দেবগণকে পরাজিত করিল। দেবগণ সংগ্রামে পরাজিত হইলে অরিহন্তা ভগবান চক্রপাণি বিষ্ণু গরুড়ধ্বজ-রথে আরোহণপূর্ব্বক শার্ঙ্গ ধনুতে কারো:

তে বিষ্ণুনা হন্যমানাঃ পতত্রিভি রনুক্রমৈঃ।
দৈতেয়াঃ শরণংজগ্মুঃ কালনেমিং মহাসুরং।
তেভ্যস্তচাভয়ংদত্বা জ্ঞাত্বাজেয়ঞ্চ মাধবং।
বিবৃদ্ধিমগমদ্ব্রহ্মন্ যথাব্যাধি রুপেক্ষিতঃ।
যং যং করেণস্পৃশতি দেবং যক্ষং সকিন্নরং।
তন্তমাদায় চিক্ষেপ বিস্তৃতে বদনেঽসুরঃ।
সংরম্ভাদ্দানবেন্দ্রেবিমৃদতি দিতিজে সংযুগে দেবসৈন্যং।
সেন্দ্রঞ্চার্কং সচন্দ্রং করচরণ মুখৈরস্ত্র হীনৈপিবেগাৎ।
চক্রেবৈশ্বানরাভৈস্তু বর্নিগণরস্তির্য্যগর্ব্বাপ্যিচেরুঃ।
প্রাপ্তেহস্তে কালবৃত্তে জগদখিলমিদং রূপমাসীদ্বিধুক্ষোঃ।

অনুবাদ।

পান করতঃ দানবগণের প্রতি শরজাল বর্ষণ করিয়া দানবগণকে সংহার করিতে লাগিলেন। ভগবান বিষ্ণু নিরন্তর অমোঘবাণ বর্ষণে দানবগণ সংহার করিলে অন্যান্য দানবগণ দানববর কাল-নেমির শরণাগত হইল। তখন দানববর কালনেমি দানব সৈন্য-গণকে অভয় প্রদান পূর্ব্বক ভগবান মাধব অজেয় বিবেচনা করতঃ আত্মবদন অতি বিস্তৃত করিল। হে ব্রহ্মন্! যাদৃশ রোগগ্রস্থ বুভুক্ষু ব্যক্তি সম্মুখে ভক্ষ্যবস্তু প্রাপ্তিমাত্রে আত্মবদনে নিক্ষেপ করে। তাদৃশ সেই দানব সম্মুখে দেব যক্ষ কিন্নরকে প্রাপ্তিমাত্রেই ধারণ করিয়া স্বীয় করলাস্যে নিক্ষেপ করিতে লাগিল। দানববর সাতিশয় বেগে সমর-ক্ষেত্রে দেবগণের সম্মুখে দেব সৈন্যগণকে আত্মবদনে নিক্ষেপ করতঃ নিরস্ত্র হইয়া হুতাশন সদৃশ হস্তচরণ ও মুখদ্বারা ও অরনি সদৃশ ইন্দ্র চন্দ্র প্রভৃতি দেবগণকে আকর্ষণ করতঃ বক্র-ভাবে ও অগ্রভাগে বিচরণ করিতে লাগিল। কাল বশতঃ অন্তকাল প্রাপ্ত হইলেই সমস্ত জগমণ্ডলকে দগ্ধ করিবার জন্য ভয়ঙ্কর

তং দৃষ্ট্বা বর্দ্ধমানং রিপুমতিবলিনং দেবগন্ধর্ব্বমুখ্যাঃ।
সিদ্ধাঃ সাধ্যাশ্চ মুখ্যা ভয়তরলদৃশঃ প্রাদ্রবন্ দিক্ষু সর্ব্বে ॥
দোর্দ্ধুয়ন্তশ্চ দৈত্যা হরিমমরগণৈরর্চ্চিতং চারুমৌলিং।
নানাশস্ত্রাস্ত্রপাতৈর্বিগলিতযশসং চক্রুরুৎসিক্তদর্পাঃ।
তানিত্থং প্রেক্ষ্য দৈত্যান্ ময়বলিপুরগান্ কালনেমিপ্রধানান্ ॥
বাণৈরাকৃষ্য শার্ঙ্গমনবরতমুরোর্ভেদিভির্বজ্রকল্পৈঃ।
কোপাদারক্তদৃষ্টিঃ সরথহয়গজান্ দৃষ্টিবিধ্বস্তবীর্য্যান্।
নারাচাখ্যৈঃ সুপুঙ্খৈর্জলদ ইব গিরিং ছাদয়ামাস বিষ্ণুঃ।
পশ্চাৎ কোপসমন্বিতো দিতিসুতঃ প্রধ্বংসকারী হরিঃ।
শীঘ্রং চাপমপাস্য সত্বরমথো জগ্রাহ চক্রং করে।
সোহপ্যেনং প্রসমীক্ষ্য দৈত্যবিটপপ্রচ্ছেদনং মালিনং।
প্রোবাচাথ বিহস্য তং কুসুমিনং মেঘস্বনো দানবঃ।

অনুবাদ।

রূপ ধারণ করে। দানববরের সেই ভীষণ করলাস্য দর্শনে ভীত হইয়া দেব যক্ষ গন্ধর্ব্ব সিদ্ধ ও সাধ্যগণ ইতস্ততঃ দৃষ্টি করতঃ পলায়ন করিলেন। উৎসিক্তদর্পা দানবগণ বারম্বার ধাবমান হইয়া বিবুধার্চ্চিত কিরীট মৌলী ভগবান মাধবকে বিবিধ অস্ত্র শস্ত্র বর্ষণ করিয়া যশোহীন করিল। ভগবান চক্রধারী মাধব কালনেমি ও প্রধান ময় বলি প্রভৃতি দানবগণকে এতাদৃশ উৎসাহযুক্ত অবলোকন করতঃ সত্বর শার্ঙ্গধনুতে জ্যারোপণ করিয়া দানবগণের প্রতি বজ্র সদৃশ শর নিক্ষেপ করিলেন। এবং সক্রোধ নয়নে রথ গজ ও অশ্বের প্রতি দৃষ্টি করতঃ বীর্য্যহীন করিয়া ধারাধর পর্ব্বতশিখরে যাদৃশ জলধারা বর্ষণ করেন তাদৃশ দানবগণের প্রতি বাণ বর্ষণ করিতে লাগিলেন। অনন্তর ভগবান দানবারি মধুসূদন অতিশয় ক্রোধে শার্ঙ্গধনু পরিত্যাগ পূর্ব্বক চক্র গ্রহণ করিলেন, তখন দানববর

অয়ং স দনুপুত্র সৈন্যবিনাশনঃ রিপুঃ পরমকোপিতঃ
মমধোর্বিঘাতকৃৎ হিরণ্যনয়নান্তকঃ।
কুসুম পুঞ্জরতিঃ ক্বযাতি মমদৃষ্টিগোচরে নিপতিতঃ খলঃ।
তেবাণৈশ্ছাদ্যমানাঃ করিকরমুদিতৈঃ কালদণ্ডপ্রকাশৈঃ।
নারাচৈরর্দ্ধচন্দ্রে রমরগণরণাদ্ভীরবন্তে সুরৌঘাঃ।
প্রারম্ভে দানবেন্দ্রঃ শতবদন মথপ্রেরয়ন্ কালনেমিং।
সম্প্রায়াদ্দেবসৈন্যং প্রভুমমৃতবলং কেশবং লোকনাথং।
তং দৃষ্ট্বা শঙ্কশীর্ষ মুদ্যতগদং শৈলেন্দ্রশৈলাবৃতং।
বিষ্ণুং প্রাহ স মামুপেত্যনিলয়ং কোযাতিনৈর্জংজনঃ।
মমু ষ্টিপিষ্টশিখনাঙ্গমং যমভস্ম
সংদ্রক্ষ্যতেশ্চ সুরজনোভয়কাতরাক্ষঃ।

অনুবাদ।

চক্রধারী মধুসূদনকে অবলোকন করিয়া বাণদ্বারা আচ্ছন্ন করিল এবং কিঞ্চিৎ হাস্য করিয়া মেঘগম্ভীর স্বরে মধুসূদনকে বলিল। তুমি দানব সৈন্য নিধনকারী পরম শত্রু মধুহন্তা হিরণ্যাক্ষ বিনাশকারী কোথা খল এক্ষণে আমার দৃষ্টিপথে পতিত হইয়াছ অতএব কোথায় পলায়ন করিবে। দানবের এতাদৃশ গর্ব্বিত বাক্য শ্রবণ করিয়া দানবারি মধুসূদন কালদণ্ড সদৃশ তীক্ষ্ণবাণ ও অর্দ্ধচন্দ্র বাণদ্বারা দানবগণকে আচ্ছাদন করিল, দানবগণ অমরগণের সংগ্রাম হইতে ভীত হইয়া স্তব করিতে লাগিল। অনন্তর দানবেশ্বর শতবদন কালনেমিকে প্রেরণ করিল। দানবাগ্রগণ্য কালনেমি সমর-ক্ষেত্রে আসিয়া দেবসৈন্য ও অমিত তেজস্বী গোলোকনাথ কেশবকে অবলোকন করতঃ এক শৈলেন্দ্র সদৃশী গদা গ্রহণপূর্ব্বক শঙ্কশীর্ষ উত্তোলন করিয়া কেশবকে বলিল এক্ষণে আমার সম্মুখে পতিত হইয়াছ অতএব নিজালয়ে এক ব্যক্তিও প্রত্যাগমন

ইত্যেবমুক্ত্বা মধুসূদনং বৈ সকালনেমি স্ফুরিতাধরৌষ্ঠঃ।
গদাং খগেন্দ্রোপরি জাতকোপো মুমোচ শৈলেন্দ্র কালশংখগেন্দ্রঃ।
তামাপতন্তীং প্রসমীক্ষ্য বিষ্ণু র্ঘোরাং গদাং দানব বাহুমুক্তাং।
চক্রেণ চিচ্ছেদ সদুর্গতস্য মনোরথং পূর্ব্বকৃতং হি কর্ম্ম।
গদাং ছিত্ত্বা দানবাভ্যাসমত্যপীনৌ ভুজৌ সংপ্রচিচ্ছেদ বেগাৎ।
ভুজাভ্যাং কৃত্তাভ্যাং দগ্ধশৈলপ্রকাশঃ
সংদৃশ্যেতাপ্যপরঃ কালনেমিঃ।
ততোহস্য মাধবঃ কোপাচ্ছিরশ্চক্রেণ ভূতলে।
ছিত্ত্বা নিপাতয়ামাস পক্বতাল ফলং যথা।
তথা বিবাহু র্বিশিরা মুক্ত বাহু র্যথা রণে।
তস্থৌ মেরু শিরঃকম্পঃ কবন্ধঃ স্মামরেশ্বরঃ।

অনুবাদ।

করিবেক না। ক্রোধে কম্পিত ওষ্ঠাধর কালনেমি ভগবান মধুসূদনকে এইরূপ গর্ব্বিত বাক্য বলিল। এবং অতিশয় ক্রোধ-প্রযুক্ত পুরন্দর যাদৃশ শৈলেন্দ্রোপরি বজ্র নিক্ষেপ করেন তাদৃশ হস্তস্থিত ভয়ঙ্করী গদা খগেন্দ্রোপরি নিক্ষেপ করিল। তখন ভগবান কৈটভারি সেই দানবের হস্তনির্মুক্তা ভয়ঙ্করী গদা সমীপবর্ত্তি না হইতেই চক্রদ্বারা ছেদন করিলেন। অনন্তর পূর্ব্বকৃত কর্ম্মফলে দানবের অতি কঠিন বাহুযুগল তৎক্ষণাৎ ছেদন করিলেন। দানবের বাহুদ্বয় ছিন্ন হইলে অতি ভয়ঙ্কর পর্ব্বতকল্প অপর কালনেমি সদৃশ প্রকাশ হইল। তখন ভগবান নারায়ণ চক্রদ্বারা তাহার মস্তক ছেদন করিয়া পক্বতালফল সদৃশ ভূতলে নিক্ষেপ করিলেন। বিবাহু হইলে সমরক্ষেত্রে যাদৃশ শোভা পায় তাদৃশ বিশিরা মুক্তবাহু কবন্ধ হইয়া উচ্চতর গিরিবর সদৃশ সেই সংগ্রামক্ষেত্রে দণ্ডায়মান থাকিল।

তং বৈনতেয়োপ্যুরগা খগেশ্বরো নিপাতয়ামাস মুনেধরণ্যাং।
যথাসুরাদ্রাহুশিরঃপ্রণষ্টং বলংমহেন্দ্রঃ কুলিশেনভূম্যাং।
তস্মিনহতে দানবসৈন্যপালে সংসাধ্যমানাস্ত্রিদশৈস্তুদৈত্যাঃ।
বিমুক্তকেশ্যালক বর্ম্মশস্ত্রাঃ সম্প্রাদ্রবন্ বাণমৃতেক্ষুরেন্দ্রাঃ॥

ইতি শ্রীবামনপুরাণে বামনপ্রাদুর্ভাব নাম
ত্রিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ॥ ৪৩॥

চতুশ্চত্বারিংশত্তমোধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

সংনিবৃত্তে ততোবাণে দানবাঃ সত্বরংপুনঃ।
নিবৃত্তামেবতাংস্কেনাং সমস্তাদযুদ্ধলালসাঃ।

অনুবাদ।

তখন বৈনতেয় পক্ষিরাজ গরুড় কবন্ধরূপী সেই কবন্ধকে অবনী-তলে নিক্ষেপ করিল। অনন্তর মধুসূদন হইতে দানবের বাহু ও মস্তক ছিন্ন হইল যেরূপ রাহুর মস্তক ছিন্ন হইয়াছিল পুরন্দর তাদৃশ দানবসৈন্য বিনষ্ট করিলেন। তখন সৈন্যগণ বিনষ্ট অন্যান্য দানবগণ দেবগণ কর্ত্তৃক সংতাড়িত হইলে এবং বাণাসুর সমরে শায়ী হইল দেখিয়া দানবগণ বস্ত্র অলঙ্কার বর্ম্ম ও শস্ত্র পরিত্যাগ পূর্ব্বক পলায়ন করিল।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে ত্রিচত্বারিংশ
অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য কহিলেন।, সংগ্রামে বাণাসুর নিবর্ত্ত হইলে অন্যান্য দানবগণ সত্বর সমরে নিবৃত্ত হইল এই সময়ে বলবান দানবনায়কগণ সৈন্যগণের সহিত চতুর্দ্দিগ হইতে যুদ্ধার্থ উৎসুক্য হইল। তখন ভগবান বিষ্ণু দানববর বলির তনয় অতি বলবান অজেয় বিবেচনা করিয়া সমস্ত বিবুধগণকে আহ্বান করতঃ যুদ্ধার্থ অনুমতি করিলেন।

বিষ্ণুরপ্যাগিতৌজসং জ্ঞাত্বাজেয়ং বলেস্সুতং।
প্রাহামন্ত্র্য সুরান্সর্ব্বান্ যুধ্যধ্বং বিগতজ্বরাঃ।
বিষ্ণুনা থ সমাদিষ্টাদেবাঃ শক্রপুরোগমাঃ।
যুযুধুর্দানবৈঃসার্দ্ধং বিষ্ণুস্ত্বন্তর ধীয়ত।
মাধবং গতমাজ্ঞায় শুক্রোবলি মুবাচ হ।
গোবিন্দেন সুরাস্ত্যক্ত্বাশুং জয়স্বাধুনা বলে।
স পুরোহিত বাক্যেন প্রীতোয়াতি জনার্দনে।
গদামাদায় তেজস্বী দেবসৈন্য মভিদ্রব[illegible]
বাণোবাহু সহস্রেণ [illegible]করণানযথা।
দৈত্যসৈন্য মভিদ্রুত্য [illegible]শঃ।
ময়োপিমা[illegible]নে।
যোধয়ামাসবলবা[illegible]
বিদ্যুজ্জিহ্বঃ পারিভদ্রো [illegible]ক্ষণঃ॥

অনুবাদ।

ভগবান বিষ্ণুর অনুমতি প্রাপ্ত হইয়া ইন্দ্রাদি দেবগণ দানবগণের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলে। ভগবান বিষ্ণু তথা হইতে অন্তর্হিত হইলেন। ভগবান মাধব অন্তর্হিত হইয়াছেন অবগত হইয়া ভার্গব দানববর বলিকে বলিল। গোবিন্দ দেবগণকে পরিত্যাগ করিয়া গমন করিয়াছেন অতএব তুমি সংগ্রামে জয়ী হইবে। তখন তেজস্বী দানববর পুরোহিতের বাক্যে অতিশয় সন্তোষ লাভ করিয়া এক ভয়ঙ্করী গদা গ্রহণপূর্ব্বক সংগ্রামাভিমুখে দ্রুতবেগে ধাবমান হইল। বাণাসুর বাহু সহস্রদ্বারা বিবিধ অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক দেবসৈন্যের প্রতি ধাবিত হইল এবং সহস্র সহস্র দেবসৈন্যকে আঘাত করিল। এবং ময়দানব মায়াবলে নানাবিধ রূপ ধারণ পূর্ব্বক দেবসৈন্যের সহিত সংগ্রাম করিল॥

বিপাকো বিহ্বলঃ স্থৈল্য স্তেপি দেবানুপাদ্রবন্ ।
তেজস্বানাদিভিস্তৈর্দেবাঃ শক্রপুরোগমাঃ ।
গতে জনার্দ্দনে দেবাঃ প্রায়শো বিমুখাভবন্ ।
ভগ্নান্ সুরগণান্ দৃষ্ট্বা বলি বাণপুরোগমাঃ ।
পৃষ্ঠতস্ত্বাদ্রবন্ সর্ব্বে ত্রৈলোক্যং বিজিগীষবঃ ।
সংশাস্যমানা দৈতেয়ৈর্দেবাঃ শক্রপুরোগমাঃ ।
ত্রিপিষ্টপং পরিত্যজ্য ব্রহ্মলোকমুপাগতাঃ ।
ব্রহ্মলোকগতেষ্বেবং সেন্দ্রেষেব সুরেষু বৈ ।
স্বর্গভোক্তা বলির্জাতঃ সভৃত্যপুত্রবান্ধবঃ ।
শক্রোভূদ্ভগবান্ ব্রহ্মন্ বলির্বাণো যমোভবৎ ।
বরুণো ভূন্ময়ঃ সোমো রাহুর্হ্লাদো জলেশ্বরঃ ।
স্বর্ভানুরভবৎ সূর্য্যঃ শুক্রশ্চাসীদ্বৃহস্পতিঃ ।

অনুবাদ।

বিদ্যুৎজিহ্বা, পারিভদ্র, বৃষপর্ব্বা, শতেক্ষণ, বিপাক, বিহ্বল, স্থৈল প্রভৃতি দানব নায়কগণ দেবগণের প্রতি ধাবিত হইল। এই সমস্ত দিতিজগণ সংগ্রামে দেবগণের প্রতি অস্ত্র শস্ত্র বর্ষণ করিলে ইন্দ্রাদি দেবগণ ভগবান জনার্দ্দন অন্তর্হিত হইয়াছেন দেখিয়া ভয়ে প্রায়ই সকলে পরাঙ্মুখ হইলেন, ত্রিলোকজিগীষু বলি ও বাণ প্রভৃতি দিতিজগণ দেবগণের পশ্চাৎ ধাবমান হইলে তখন ইন্দ্রাদি দেবগণ দানবগণের নিকট পরাজিত হইয়া অমরলোক পরিত্যাগপূর্ব্বক ব্রহ্মলোকে গমন করিলেন। দেবগণ পলায়ন করিয়া ব্রহ্মলোকে গমন করিলে বাণপ্রভৃতি দানবগণ সভৃত্য সবান্ধবে স্বর্গভোগ করিতে লাগিল। তখন অমরলোকে দানববর বলি ইন্দ্র হইল। বাণাসুর যম হইল ময়দানব বরুণ হইল, রাহু চন্দ্র হইল, হ্লাদ জলেশ্বর হইল, স্বর্ভানু সূর্য্য হইল, শুক্রাচার্য্য

যেঽন্তেপ্যপিকৃতা দেবা স্তেষু জাতাসুরারয়ঃ।
পঞ্চমস্ত কলেরাদৌ দ্বাপরান্তেষু দারুণঃ।
দেবাসুরো ভূৎসংগ্রামো যত্রশক্রোঽপ্যভূদ্বলী।
পাতালান্ সপ্ততস্থাসন্ বলির্লোকত্রয়ং তথা।
ভূর্ভুবঃ স্বঃ পরিখ্যাতং দশলোকাধিপোবলঃ।
স্বর্গে স্বয়ং নিবসতি ভুঞ্জান্ ভোগান্ সুদুর্ল্লভান্।
তত্রোপাসন্তুগন্ধর্ব্বো বিশ্বাবস্বপুরোগমাঃ।
তিলোত্তমাদ্যাপ্সরসো নৃত্যন্তি সুরনাগমঃ।
বাদয়ন্তি চ বাদ্যানি যক্ষ বিদ্যাধরাদয়ঃ।
ত্রিবিধানপিভোগান্ স ভুঞ্জান্ দৈত্যেশ্বরোবলিঃ।
সস্মার মনসা ব্রহ্মন্ প্রহ্লাদং স পিতামহং।
সংস্মৃতো নপ্তৃকা চাসৌ মহাভাগবতোঽসুরঃ।

অনুবাদ।

বৃহস্পতি হইলেন এবং অন্যান্য দেবগণের আধিপত্যে অন্যান্য দানব হইল। পঞ্চম কলির অগ্রে এবং দ্বাপরের অন্তে দেবাসুরের সংগ্রাম হইয়াছিল তাহাতে দানবগণ দেবগণকে পরাজয় করিয়া অমরলোকে বলি স্বয়ং ইন্দ্র হইয়াছিল। দানববর বলি সপ্তপাতাল ত্রিলোক এবং ভূর্ভুবাদি দশলোক স্বয়ং অধিকার করিয়াছিল। দানববর স্বর্গলোকে স্বয়ং অবস্থিতি করিয়া বিবিধ ভোগ ও উপভোগে সুখানুভব করিল। সেই সময়ে বিশ্বাবসু প্রভৃতি গন্ধর্ব্বগণ তাহার গুণগান করিতে লাগিল। তিলোত্তমা প্রভৃতি অপ্সরাগণ নৃত্য করিতে লাগিল। এবং যক্ষ বিদ্যাধরগণ বাদ্য করিতে লাগিল। দানববর বলি এইরূপ ত্রিবিধ ভোগে সুখানুভব করিয়া মনে মনে পিতামহ প্রহ্লাদকে স্মরণ করিলেন। পরে মহাভাগবত দানববর প্রহ্লাদ পৌত্র বলিকর্ত্তৃক সংস্মৃত হইয়া

সমভ্যাগাদ্ত্বরাযুক্তঃ পাতালাৎ স্বর্গমব্যয়ং।

তমাগতং সমীক্ষ্যৈব ত্যক্ত্বা সিংহাসনং বলিঃ।

কৃতাঞ্জলিপুটো ভূত্বা ববন্দ চরণাবুভৌ।

পাদয়োঃ পতিতং বীরং প্রহ্লাদ স্ত্বরিতো বলী।

সমুত্থাপ্য পরিষ্বজ্য বিবেশ পরমাসনে।

তং বলিঃ প্রাহ ভো তাত ত্বৎপ্রসাদাৎ সুরা ময়া।

নির্জ্জিতাঃ শক্ররাজ্যঞ্চ হৃতং বীর্য্যবলাম্বরা।

তদিদং তাত মদ্বীর্য্য বিনির্জ্জিত্য সুরোত্তমং।

ত্রৈলোক্যং রাজ্যং ভুঙ্ক্ষ্বময়িভৃত্যে পুরঃস্থিতে।

এতাবতা পুণ্যযুক্তঃ স্থানকং তাত যৎ স্বয়ং।

ত্বদংঘ্রি পূজাভিরত স্তুচ্ছিষ্টান্ন ভোজনঃ।

সদাপালয়তো রাজ্যং গুরুভির্ব্বর্ত্তিতং মম।

অনুবাদ।

নাগলোক হইতে অমরলোকে গমন করিলেন। দানবরাজ বলি পিতামহ প্রহ্লাদকে সমাগত দেখিয়া সিংহাসন পরিত্যাগপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে চরণদ্বয় বন্দনা করিয়া এবং পিতামহের চরণে পতিত হইল, তাহাতে দানববর প্রহ্লাদ সাতিশয় ব্যস্তপূর্ব্বক উত্থিত করিয়া আলিঙ্গন করতঃ বরাসনে উপবেশন করাইলেন। তখন দানবরাজ বলি প্রহ্লাদকে বলিলেন, হে তাত! আপনার প্রসাদে দেবগণকে পরাজয় করিয়া বলপূর্ব্বক অমরাবতীপুরী গ্রহণ করিয়াছি। অতএব হে তাত! বাহুবলে পুরন্দরকে পরাজয় করিয়াছি। এক্ষণে আপনি স্বর্গ মর্ত্ত্য ও পাতালের আধিপত্য ভোগ করুন্ আমি সম্মুখে ভৃত্যের ন্যায় অবস্থিতি করিব। যে হেতুক আপনি স্বয়ং এস্থানে আগমন করিয়াছেন আপনার চরণ সেবায় নিয়ত কালাতিপাত করিব এবং আপনার উচ্ছিষ্ট ভোজনে জীবন ধারণ করিব অতএব আমি

যা ধৃতির্গুরুশুশ্রূষাং কুর্ব্বতে জায়তে বিভো।
অতস্তদুক্তং বলিনা শ্রুত্বা বাক্যং দ্বিজোত্তম।
প্রহ্লাদঃ প্রাহবচনং ধর্ম্মকামার্থ সাধনং।
ময়াক্রান্তং রাজ্যমকণ্টকং পুরাপ্রশাসিতাভূঃ সুহৃদোহপ্যপূজিতঃ।
দত্তং তথেষ্টং জনিতা তথাত্মজাঃ স্থিতোবলে সম্প্রতিযোগসাধকঃ॥
গৃহীতং পুত্রবিধিবৎ ময়ার্পিত মিদং তব।
এবং ভবগুরুণাত্বং সদা শুশ্রূষণেরতঃ।
ইত্যেব মুক্ত্বা বচনং করেণাদায় দক্ষিণে।
শাক্রে সিংহাসনে ব্রহ্মন্ বলিং তূর্ণ মবেশয়ৎ।
সোপবিষ্টো মহেন্দ্রস্য সর্ব্বরত্ন ময়েদ্ভুতে।
সিংহাসনে দৈত্যপতিঃ শুশুভে মঘবানিব।

অনুবাদ।

অতি পুণ্যবান। হে সত্তম! আমার রাজ্য পালনের ইচ্ছা হয় না কেবল মাত্র গুরু শুশ্রূষার রত থাকিতে সর্ব্বদা অভিলাষ। অনন্তর দানববর প্রহ্লাদ বলির এতাদৃশ বাক্য শ্রবণপূর্ব্বক ধর্ম্মার্থযুক্ত বাক্য বলিলেন। আমি পূর্ব্বে অকণ্টক রাজ্য করিয়া অবনীমণ্ডল শাসন করিয়াছিলাম তাহাতে বান্ধবগণের অভিলাষ পূর্ণ করিয়াছি সন্তান জন্মিয়াছে অতএব এক্ষণে যোগাশ্রয় করিয়া জীবন ধারণ করিতেছি। তুমি পুত্র সদৃশ তোমার প্রদত্ত রাজ্য গ্রহণ করিয়া তোমাকে অর্পণ করিলাম তুমি সর্ব্বদা গুরু শুশ্রূষায় রত হইবে। প্রহ্লাদ দানবরাজ বলিকে এতাদৃশ উপদেশ প্রদানপূর্ব্বক বলির দক্ষিণ হস্ত ধারণ করিয়া ইন্দ্রের সিংহাসনে উপবেশন করাইলেন। তখন বিবিধ রত্নে সমুজ্জ্বল অতি অদ্ভুত পুরন্দরের সিংহাসনে দৈত্যপতি বলি উপবেশন করিলে ইন্দ্রের সদৃশ শোভা পাইলেন। সেই পুরন্দরের রত্নময় সিংহাসনে উপবিষ্ট হইয়া

তত্রোপবিষ্টশ্চৈবাসৌ কৃতাঞ্জলিপুটো বলিঃ।
প্রহ্লাদ বচনং প্রাহ মেঘগম্ভীরয়া গিরা।
যন্ময়াতাত কর্ত্তব্যং ত্রৈলোক্যং পরিরক্ষতা।
ধর্ম্মার্থ কামমোক্ষেভ্য স্তদাদিশতু মে ভবান্।
তদ্বাক্য সমকালঞ্চ শুক্রঃ প্রহ্লাদমব্রবীৎ।
যদুক্তং তন্মহাবাহো বদস্বার্থোত্তরং বচঃ।
বচনং বলি শুক্রাভ্যাং শ্রুত্বা ভাগবতোত্তমঃ।
প্রাহধর্ম্মার্থ সংযুক্তং প্রহ্লাদো বাক্যমুত্তমং।
যদায়ত্ত্যাং ক্ষমং রাজন্ হিতং ত্রিভুবনস্যতু।
অবিরোধে চ ধর্ম্মস্য অর্থস্যোপার্জ্জনং ভবেৎ।
সর্ব্বসত্ত্বানুগমনং কামং বহুফলঞ্চ যৎ।
পরত্রেহ চ বংশ্রেয়ঃ পুত্র তৎকর্ম্ম আচর।

অনুবাদ।

দানব সত্তম বলি কৃতাঞ্জলিপুটে জলদ সদৃশ গম্ভীরস্বরে প্রহ্লাদকে বলিলেন। হে তাত! আমি এই ত্রৈলোক্য রাজ্য পালন করিব অতএব আপনি ধর্ম্ম অর্থ কাম মোক্ষ এই চতুর্ব্বর্গ সাধনের উপায় কি আমাকে উপদেশ প্রদান করুন্। বলির এই বাক্য সমকালে শুক্রাচার্য্য প্রহ্লাদকে বলিলেন। হে মহাবাহো! আপনি স্বার্থযুক্ত উপদেশ বাক্য প্রদান করুন্। তখন ধার্ম্মিকবর প্রহ্লাদ বলিকে ধর্ম্মার্থযুক্ত উপদেশ বাক্য প্রদান করিলেন। হে রাজন! ত্রিভুবনের আধিপত্য থাকা প্রযুক্ত কোন কার্য্য অহিতজনক হইলে তাহা তুমি ক্ষমা করিবে এবং যাহাতে ধর্ম্মের হানি না জন্মে এরূপ কার্য্যদ্বারা ধন উপার্জ্জন করিবে। যে কার্য্য করিলে সকল প্রাণির উপকার হয় এরূপ বহু ফলজনক কার্য্য করিবে, হে পুত্র! পরকালের যে কার্য্য মঙ্গল বিধান হইবে, সেই রূপ কার্য্যের

যথাশ্লাঘ্যং প্রয়াস্তদ্য যথা কীর্ত্তির্ভবেত্তব।
যথানায়শসো যোগ স্তথা কুরু মহাদ্যুতে।
এতদর্থং শ্রিয়ং দীপ্তাং কাঙ্ক্ষন্তে পুরুষোত্তমাঃ।
যেনৈতেনৈব গৃহেহস্মাকং নিবসন্তি মুনির্ব্রতাঃ।
কুলজোব্যসনেমগ্নঃ স্বরাজ্যাত্তু বহিষ্কৃতঃ।
বৃদ্ধোজ্ঞানী ধনা বিপ্রঃ কীর্ত্তিশ্চযশসাসহ।
তস্মাদবথানিবসন্তি পুত্র রাজ্যন্তিতস্তেহ কুলোদ্ভবাদ্যাঃ।
তথায়ত স্বামলসত্ত্বচেষ্ট যথাযশস্বি ভবিতা চ লোকে।
ভূম্যাং সদা ব্রহ্মণ ভূষিতায়াং ক্ষত্রান্বিতায়াং দৃঢ়বাপিতায়াং।
শুশ্রূষণাসক্ত সমুদ্ভবায়ামৃদ্ধিং প্রয়ান্তীহ নরাধিপেন্দ্রাঃ।
তস্মাদ্দ্বিজাগ্র্যাঃ শ্রুতিশাস্ত্রযুক্তা নরাধিপাস্তে প্রতিযাজয়ন্তু।

অনুবাদ।

অনুষ্ঠান কর। এক্ষণে যেরূপ শ্লাঘনীয় হইবে তাদৃশ কীর্ত্তিলাভ করিবে, অতএব হে তেজস্বিন্! যাহাতে অযশাস্পদ না হও এরূপ কার্য্য কর। এজন্য উত্তম পুরুষগণ উজ্জ্বলা লক্ষ্মীলাভ করিতে অভিলাষ করেন। যে কার্য্যদ্বারা সাধুগণ মদীয় ভবনে অবস্থিতি করেন, তাহা যত্নপূর্ব্বক করিবে। সৎকুলোদ্ভব ব্যক্তি যদি ব্যসনে মগ্ন হন তবে তিনি রাজ্য হইতে বহিষ্কৃত হইবেন। বৃদ্ধ, জ্ঞানী, ধনী ও ব্রাহ্মণকে সমাদর করিলে যশের সহিত কীর্ত্তিলাভ করে। অতএব হে পুত্র! অস্মদীয় কুলসম্ভূত দেবাদিগণ যে যেস্থানে আছেন তাহাদিগকে নির্ব্বিঘ্নে সংরক্ষণে যত্ন করিবে তাহা হইলে ইহলোকে যশস্বী হইবে। নৃপেন্দ্রগণ রাজ্যমধ্যে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রগণকে বাস করাইলে প্রশংসা লাভ করেন। ব্রাহ্মণগণ বেদ পারগ হইবেন এবং নৃপতিগণ সেই বেদ পারগ ব্রাহ্মণকে যজ্ঞকার্য্যে নিযুক্ত করিবেন। বেদ পারগ ব্রাহ্মণগণ

অনন্তিদেবৈঃ ক্রতুভির্দ্বিজেন্দ্রা যজ্ঞাগ্নিধূমেন নৃপস্তথাগ্নিঃ।
তপোধ্যয়ন সম্পান্না যজনাধ্যয়নে রতাঃ।
সন্তু বিপ্রা বলে পূজ্যা স্তত্তোনুজ্ঞা ময়াপ্যগি।
সাধ্যায় যজ্ঞনিরতা দাতারঃ কৃষিকারিণঃ।
পাশুপাল্যং প্রকুর্ব্বন্তু বৈশ্যা বাণিজ্যজীবিনঃ॥
ব্রাহ্মণ ক্ষত্রিয়বিশাং সদাশুশ্রূষণেরতাঃ।
শূদ্রাঃ সন্ত্বসুরশ্রেষ্ঠ তবাজ্ঞাকরিণঃ সদা।
যদা বর্ণাঃ স্বধর্ম্মস্থা ভবন্তি দিতিজেশ্বরাঃ।
ধর্ম্মবৃদ্ধি স্তদাস্থাদ্বৈ ধর্ম্মবৃদ্ধৌ নৃপোদয়ঃ।
তস্মাদ্বর্ণাঃ স্বধর্ম্মস্থাঃ কর্ত্তব্যা দিতিজেশ্বর।
তদ্বৃদ্ধৌ ভবতো বৃদ্ধি স্তদ্ধানৌ হানিরুচ্যতে॥

অনুবাদ।

বেদোক্ত বিধিদ্বারা যজ্ঞ করিবেন সেই যজ্ঞকার্য্যে হুতাশনে যে আহুতি প্রদত্ত হইবে তাহা হইতে যে ধূম উত্থিত হইবে তাহাতে রাজার মঙ্গল সাধন হইবে। হে দানববর বলে! যে সকল ব্রাহ্মণগণ তপস্যা বেদাধ্যয়ন যজন ও যাজন কার্য্যে সর্ব্বদা রত তাহারা পূজ্য তাহাদিগের নিকট অনুমতি গ্রহণ করিবে। ক্ষত্রিয়গণ স্বাধ্যায়সম্পন্ন যজ্ঞনিরত ও দাতা হইবে। বৈশ্যগণ কৃষি বাণিজ্য ও পশু পালন করিবে এবং শূদ্রগণ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যকে সর্ব্বদা সেবা করিবে, শূদ্রগণ সর্ব্বদা তোমার আজ্ঞানুবর্ত্তী হইবে। হে দানবেশ্বর! যে সময়ে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রগণ স্বধর্ম্মে নিরত হইবে, তখন স্বধর্ম্ম সংস্থাপনদ্বারা নৃপতিগণ উন্নতি লাভ করিবেন। অতএব রাজা প্রজাগণকে স্বধর্ম্মে স্থাপিত করিবেন। এইরূপ সুচারুরূপ ধর্ম্মসম্পন্ন হইলে রাজার উন্নতি লাভ হইবে এই নিয়মের ব্যতিক্রম হইলে উন্নতির হানি

ইত্থং বচঃ শ্রাব্য মহাসুরেন্দ্রো মৌনে স্থিতে স বভূব কুবীরঃ।
তদা বদাজ্ঞাপয়সে করিষ্যে ইত্থং বচঃ প্রাহ বলির্মহর্ষে॥

ইতি শ্রীবামনপুরাণে বামন প্রাদুর্ভাবে
চতুশ্চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ ॥৪৪॥

পঞ্চচত্বারিংশত্তমো অধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততো গতেষু দেবেষু ব্রহ্মলোকং প্রতি দ্বিজ।
ত্রৈলোক্যং পালয়ামাস বলির্ধর্ম্মান্বিতঃ সদা॥
কলিস্তদা ধর্ম্মযুতং জগদ্দৃষ্ট্বা কৃতে যথা।
ব্রহ্মাণং শরণং ভেজে স্বভাবস্য নিরোধনাৎ।

অনুবাদ।

হইবে। দানবেন্দ্র প্রহ্লাদ বলিকে এতাদৃশ ধর্ম্মোপদেশ শ্রবণ করাইয়া মৌনভাব অবলম্বন করিলেন, তখন দানবেশ্বর বলি বলিলেন হে ধর্ম্মাত্মন্! আপনি যেরূপ অনুমতি করিলেন তাহাই করিব।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে ত্রিচত্বারিংশত্তম
অধ্যায় সমাপ্ত।

পুলস্ত্য বলিলেন। হে বিপ্রবর! দানববর বলির নিকট ত্রিদশগণ পরাজিত হইয়া ব্রহ্মলোকে গমন করিলে ধর্ম্মাত্মা দানব-পতি বলি প্রহ্লাদের উপদেশানুসারে ত্রৈলোক্য রাজ্য পালন করিতে লাগিলেন। এই সময়ে মহাত্মা কলি সত্যযুগের ন্যায় [illegible] ধর্ম্মযুক্ত অবলোকন করিয়া স্বভাবের [illegible] প্রজা ব্রহ্মার শরণাপন্ন হইলেন। [illegible]

ইত্যেবমুক্তে দেবেন ব্রহ্মণা কলিরব্যয়ঃ।
দীনানিন্দ্রাংশ্চ শক্রাদীন্ বিভীতকবনং গতঃ।
কৃতং প্রাবর্ত্তত তদা কলির্নাশীজ্জগত্রয়ে।
ধর্ম্মোভবচ্চতুষ্পাদশ্চাতুর্ব্বর্ণোপি নারদ।
তপোহিংসা চ সত্যঞ্চ শৌচমিন্দ্রিয় নিগ্রহঃ।
দয়াদানং ত্বানৃশংস্যং শুশ্রূষা যজ্ঞকর্ম্ম চ।
এতানি সর্ব্বজগতঃ পরিব্যাপ্য স্থিতানি হি।
স্বধর্ম্মে ক্ষত্রিয়া বৈশ্যাঃ হ্যাশ্রমাংশ্চ বিশন্দ্বিজাঃ।
প্রজাপালন ধর্ম্মস্থাঃ সদৈব মনুজর্ষভাঃ।
ধর্ম্মোত্তরে বর্ত্তমানে এতস্মিন্ জগত্রয়ে।
ত্রৈলোক্য লক্ষ্মীদাতুং বৈ প্রাপ্তা দানবেশ্বরং।
তামাগতাং নিরীক্ষ্যৈব সহস্রাক্ষশ্রিয়ং বলিঃ।
পপ্রচ্ছ কাসি মাং ক্ষিপ্রং যেন চাভ্যাগতাধুনা।

অনুবাদ।

ব্রহ্মা এই কথা বলিলে কলি ইন্দ্রপ্রভৃতি দেবগণকে অতিদীন স্বভাব অবলোকন করিয়া বিভীতক অরণ্য মধ্যে প্রবেশ করিল। পুনর্ব্বার সত্যযুগপ্রারম্ভ হইলে কলি এই ত্রিলোক পরিত্যাগ করিল। হে নারদ! সত্যকালে চতুষ্পাদ ধর্ম্ম, চাতুর্ব্বর্ণ্যভেদ ছিল এবং তপস্যা অহিংসা সত্যতা, শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, দয়া, দান, স্নেহতা, শুশ্রূষা এবং যজ্ঞানুষ্ঠান এই সমস্ত কার্য্য জগতের সর্ব্বস্থানে ব্যাপ্ত ছিল, এই কালে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রগণ স্বধর্ম্মে রত এবং ব্রাহ্মণগণ আশ্রমে অবস্থিতি করিয়া তপস্যা করিতেন, নৃপতিগণ স্বধর্ম্মে প্রজা পালন করিতেন। এইরূপ ধর্ম্ম ত্রিলোকব্যাপ্ত হইলে ত্রৈলোক্য-লক্ষ্মী আপনার আধিপত্য প্রদান করিতে দানবেশ্বর বলির নিকট উপস্থিত হইলেন। তখন দানবেশ্বর বলি সহস্রাক্ষ ভগবানের

সাতিশ্চন্দনার্কীর্ণ্য প্রাহতং পদ্মমালিনী।
বলেশ্বং শৃণুষ্বাস্মিন্ত্বা যাগতা মহিষী বলাৎ।
অপ্রমেয় বলো দেবো যোহসৌ চক্রগদাধরঃ।
সা নির্ম্মমে সুরেশস্তু চতুর্দ্ধারূপসংযুতাং।
শ্বেতাম্বরধরা চৈব শ্বেতস্রগনুলেপনা।
শ্বেতবৃন্দারকারূঢ়া সত্ত্বাঢ্যা শ্বেতবিগ্রহাঃ।
রক্তাম্বরধরা চান্যা রক্তস্রগনুলেপনা।
রক্তবাজিসমারূঢ়া রক্তাঙ্গী রাজসী হি সা।
পীতাম্বরা পীতবর্ণা পীতমাল্যানুলেপনা।
সৌবর্ণস্যন্দনচরা তামসং গুণমাশ্রিতা।
নীলাম্বরা নীলবর্ণা নীলগন্ধানুলেপনা।
নীলবৃষং সমারূঢ়া ত্রিগুণা সা প্রকীর্ত্তিতা।

অনুবাদ।

ত্রৈলোক্য লক্ষ্মীকে অবলোকন করিয়া জিজ্ঞাসা করিল, তুমি কে, কোন কার্য্যসাধনোদ্দেশে আমার নিকট আসিয়াছ, আমাকে বল। তখন পদ্মমালা সুশোভিনী সেই লক্ষ্মী দানবেশ্বরকে বলিলেন, হে দানবেশ্বর! তুমি শ্রবণ কর, আমি তোমার নিকট হইতে গমন করিব, আমি ভগবান্ চক্রধারী গদাধরের মহিষী লক্ষ্মী শ্বেতবস্ত্র পরিধানা শ্বেতমাল্যে সুশোভিতা শ্বেতবৃন্দারকে আরূঢ়া আমাকে ভগবান গদাধর চাতুর্বর্ণে বিভক্ত করিয়াছেন। শ্বেতবর্ণ বিগ্রহধারিণী আমার প্রথমামূর্ত্তি। দ্বিতীয়া মূর্ত্তি, রক্তবস্ত্র পরীধানা রক্তমাল্যে সুশোভিতা রক্তবর্ণ অশ্বে আরূঢ়া রক্তবর্ণা রাজসী মূর্ত্তি। তৃতীয়মূর্ত্তি পীতবস্ত্র পরিধানা পীতমাল্যে সুশোভিতা সৌবর্ণ রথোপরি আরূঢ়া তামসগুণ সংযুক্তা তামসী-মূর্ত্তি। চতুর্থীমূর্ত্তি, নীলবস্ত্র পরিধানা নীলগন্ধে অনুলিপ্তাঙ্গী এবং

যা সা শ্বেতাম্বরা শ্বেতা শঙ্খাঢ্যা কুঞ্জরাস্থিতা।
সা ব্রহ্মাণং সমায়াতা চন্দ্রং চন্দ্রানুগানপি।
যা রক্তাম্বরবসনা বাজিস্থা রাজসান্বিতা।
তাং প্রাদাদ্দেবরাজায় মনবে তৎসমেষু চ।
পীতাম্বরা যা সুভগা রথস্থা কাঞ্চনপ্রভা।
প্রজাপতিভ্যস্তাং প্রাদাৎ শক্রায়ৈব কেশবঃ।
নীলবস্ত্রাণি সদৃশী যা চতুর্থী বৃষস্থিতা।
সা দানবান্নৈর্ঋতাংশ্চ শূদ্রান্ বিদ্যাধরানপি।
বিপ্রাদ্যাঃ শ্বেতরূপাং তাং স্তুবন্তি সরস্বতীং।
স্তুবন্তি ব্রহ্মণা সার্দ্ধং মখে মন্ত্রাদিভিঃ সদা।
ক্ষত্রিয়া রক্তবর্ণাভাং জয়শ্রীমভিসংশ্রিরে।
সা চন্দ্রেণ সুরশ্রেষ্ঠ মনুনা চ যশস্বিনী।

অনুবাদ।

শ্বেতবস্ত্রে আবৃতা ত্রিগুণাত্মমূর্ত্তি। শ্বেতবর্ণ পরিধানা শঙ্খাঢ্যা কুঞ্জরস্থিতা চন্দ্রানুগা যে মূর্ত্তি তিনি ব্রহ্মাকে আশ্রয় করিলেন। যিনি রক্তবস্ত্র পরিধানা রক্তাঙ্গী ঘোটকারূঢ়া, তাহাকে ভগবান মাধব দেবরাজকে ও মনুকে প্রদান করিলেন। পীতবস্ত্র পরিধানা কাঞ্চনপ্রভা রথারূঢ়া যে মূর্ত্তি সেই মূর্ত্তি প্রজাপতিগণ ও ইন্দ্রকে প্রদান করিলেন। নীলবস্ত্র পরিধানা নীলবর্ণ বৃষোপরি আরূঢ়া চতুর্থী মূর্ত্তি দানব নিশাচর শূদ্র ও বিদ্যাধরগণকে আশ্রয় করিল। ব্রহ্মাদি দেবগণের সহিত ব্রাহ্মণগণ যজ্ঞে বেদমন্ত্রাদি দ্বারা শ্বেতবর্ণা সরস্বতী মূর্ত্তিকে স্তব করিলেন। ক্ষত্রিয়গণ রক্তবর্ণা জয়শ্রী নাম্নী মূর্ত্তিকে স্তব করিল। ঐ যশস্বিনী দেবশ্রেষ্ঠামূর্ত্তি চন্দ্র

সত্যশৌচাভি সংযুক্তা যজ্ঞদানোৎসবৈর্যুতাঃ।
ভবন্তি দানবপতে মহাপদ্মাশ্রিতা নরাঃ।
যজিনং শুভগাহ্বয়া মানিনো বহুদক্ষিণাঃ।
সর্ব্বসম্মান সুখিনো নরাঃ পদ্মাশ্রিতাঃ স্মৃতাঃ।
সত্যানৃত সমাযুক্তা দানাহরণ যজ্ঞিনঃ।
আয়োপেতা ব্যয়োপেতা মহানীলাশ্রয়া নরাঃ।
নাস্তিক্যাশৌচ রহিতাঃ কৃপণাঃ ভোগবর্জ্জিতাঃ।
স্তেয়ানৃত কথাযুক্তা নরাঃ শঙ্খাশ্রিতা বলে।
ইত্যেবং কথিতং তুভ্যমেষো দানবনির্ণয়ঃ।
অহংনারাগিণী নাম জয়শ্রীস্ত্বামুপাগতা।
মমাস্তি দানবপতে প্রতিজ্ঞা সাধুসম্মতা।
নরাশ্রয়ামি শৌচাঢ্যং নচক্লীবং কথঞ্চন।

অনুবাদ।

আশ্রয় করিল। এই সকল মূর্ত্তির যেরূপ যে অবস্থা পুরুষের সেইরূপ অবস্থা ও মূর্ত্তি হইবে, এই বিষয় তোমাকে বলিতেছি শ্রবণ কর। মহাপদ্মনিধিস্থিত মানবগণ সত্য শৌচযুক্ত যজ্ঞদানোৎসবে রত হইবে। পদ্মাশ্রিত মানবগণ যাগশীল ঐশ্বর্য্যশালী হর্ষযুক্ত মানী অমিত দানশীল এবং সকল প্রকার সম্মানে সুখী হইবে। মহানীলপদ্মাশ্রিত মানবগণ সত্য ও মিথ্যাযুক্ত, দান ও হরণশীল এবং ব্যয়যুক্ত এবং যাগশীল হইবে। শঙ্খাশ্রিত প্রাণিগণ নাস্তিকতা অশুচি কৃপণ ভোগবিহীন চৌর্য্যতা মিথ্যা বাক্যযুক্ত হইবে। হে দানববর! এই সকল বৃত্তান্ত তোমাকে বিস্তারিতরূপে কীর্ত্তন করিলাম। আমার নাম জয়শ্রী রাগিণী তোমার নিকট আসিয়াছি। হে দানবপতে! আমার একটী সাধুসম্মত প্রতিজ্ঞা আছে, অশুচি ও ক্লীবকে কখনই আমি আশ্রয় করিব না। এই ত্রিলোক মধ্যে তোমার সদৃশ লোক

ন চাস্তি তব যত্তুল্যং ত্রৈলোক্যেঽপি বলান্বিতঃ ।
তস্মাদ্বল বিভূত্যাহি প্রীতির্মে জনিতাধুনা ।
যত্ত্বয়াযুধিবিক্রম্য দেবরাজো বিনির্জ্জিতঃ ।
অতো মেঽপরমা প্রীতির্জ্জাতা দানবশাশ্বতী ।
দৃষ্ট্বা ত্বৎপরমং সত্ত্বং দেবেভ্যোঽপি বলাধিকং ।
শৌর্য্যঞ্চালিনংবীর ততোঽহং স্বয়মাগতা ।
নাশ্চর্য্যং দানবশ্রেষ্ঠ হিরণ্যকশিপোঃ কুলে ।
প্রসূতস্যাসুরেন্দ্রস্য তৎকর্ম্ম যদীদৃশং ।
বিশেষিতস্ত্বয়া রাজন্ দৈতেয়ঃ প্রপিতামহঃ ।
বিজিতং বিক্রমাদ্যেন ত্রৈলোক্যং বৈপরিস্থিতং ।
ইত্যেবমুক্ত্বা বচনং দানবেন্দ্রং জগন্ময়া ।
জয় শ্রীচন্দ্রবদনা প্রবিষ্টাভ্যাতি বংশজাং ।
তস্যাঃপ্রাণ প্রবিষ্টায়াং বিধবা ইতি চ স্ত্রিয়ঃ ।

অনুবাদ।

কেহই নাই, তোমার বীর্য্য ও শৌর্য্যগুণে আমি অতিশয় সন্তুষ্টা হইয়াছি। তুমি সংগ্রামে পরাক্রম প্রকাশ করিয়া ইন্দ্রকে পরাজয় করিয়াছ, এজন্য হে দানববর! তোমার প্রতি আমার সাতিশয় প্রীতি জন্মিয়াছে। হে বীর! দেবগণ হইতে তোমার দেহ বলিষ্ঠ এবং বীরত্ব অবলোকন করিয়া আমি স্বয়ং তোমার নিকট আসিয়াছি কিন্তু দানববর হিরণ্যকশিপুর বংশে এ আশ্চর্য্যের বিষয় নহে। তোমার পিতার কার্য্য এইরূপ বিশেষতঃ দানববর হিরণ্যকশিপু তোমার প্রপিতামহ এই নিমিত্ত তুমি স্বীয়পরাক্রমে ত্রিলোক অধিকার করিয়াছ। সেই জগন্ময়ী চন্দ্রবদনা জয়লক্ষ্মী দানববর বলিকে এই কথা বলিয়া দানববরের সভামধ্যে গমনপূর্ব্বক বলিকে আশ্রয় করিলেন। দৈত্যপতির সভামধ্যে সেই দেবী প্রবিষ্ট হইলে বিধবা-

যা যাশ্রয়ন্ত বলিনং হ্রীঃ কীর্ত্তির্দ্যুতিরেব চ।
প্রভা গতিঃ ক্ষমা ভূতি ক্রিয়া নীতির্দয়া মতিঃ।
শ্রুতিঃ স্মৃতি স্তথা কান্তি মূর্ত্তিঃ শান্তির্বলান্বিতা।
পুষ্টিস্তুষ্টি রুচিশ্চান্যাঃ সত্ত্বাশ্রিয় মনুগাঃ।
তাঃ সর্ব্বা বলিমাশ্রিত্য ব্যশ্রয়ন্ত যথাসুখং॥

এবং গুণোদানব পুঙ্গবোঽসৌ বলির্মহাত্মা শুভবুদ্ধিরাত্মবান্।
যজ্বী তপস্বী শুচিরেব সত্যবাক্‌দাতা বিভর্ত্তা স্বজনাভিগোপ্তা।
ত্রিবিষ্টপে শাসতি দানবেন্দ্রে নাসীৎ ক্ষুধার্ত্তো মলিনোঽদীনঃ।
সদোজ্জ্বলো ধর্ম্মরতো ভোগযুক্ত দানবান্ কামোপভোক্তা মনুজোপি জাতঃ॥

ইতি শ্রীবামনপুরাণে বামন প্রাদুর্ভাবে
পঞ্চচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

সদৃশী কয়েকটী কামিনী দানববরকে আশ্রয় করিল, তাহাদিগের নাম লজ্জা, কীর্ত্তি, দ্যুতি, প্রভা, গতি, ক্ষমা, ভূতি, ক্রিয়া, নীতি, দয়া, মতি, শ্রুতি, স্মৃতি, কান্তি মূর্ত্তি, শান্তি, পুষ্টি, তুষ্টি ও রুচিপ্রভৃতি অন্যান্য লক্ষ্মীর অনুগামী যে সকল গুণ ছিল সে সমস্তই বলিকে আশ্রয় করিয়া যথা সুখে ভোগ করিতে লাগিল। বুদ্ধিমান দানববর বলি যজ্ঞ, তপস্যা, পবিত্রতা, সত্যবাদীতা দাতৃত্ব বিভর্ত্তৃত্ব ও স্বজনপালকতা প্রভৃতি সকল গুণে ভূষিত হইলেন। দানবেন্দ্র বলি স্বর্গ মর্ত্ত্য ও রসাতল শাসন সময়ে কোন প্রাণি ক্ষুধার্ত্ত বা মলিন কিম্বা দুঃখিত ছিল না। কেবল মাত্র উজ্জ্বল ধর্ম্মরত্নে ভূষিত থাকিয়া দানবগণের অভীষ্টভোগ প্রদান করিয়াছিলেন এবং মানবগণও অভীষ্টভোগে বঞ্চিত হয় নাই।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে পঞ্চচত্বারিংশ অধ্যায়।

ষড়চত্বারিংশত্তমো অধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

এবং গতেষু ত্রৈলোক্যং দানবেষু পুরন্দরঃ।
জগাম ব্রহ্মসদনং সহদেবৈঃ শচীপতিঃ॥
তত্রাপশ্যত দেবেশং ব্রহ্মাণং কমলোদ্ভবং।
ঋষিভিঃ সার্দ্ধমাসীনং পিতরং স্বঞ্চ কশ্যপং।
ততো ননাম শিরসা শক্রঃ সুরগণৈঃ সহ।
ব্রহ্মাণং কশ্যপঞ্চৈব তাংশ্চ সর্ব্বাং তপোধনান।
প্রোবাচ শক্রঃ সুরৈঃ সার্দ্ধং দেবনাথঃ পিতামহং।
পিতামহ হৃতং রাজ্যং বলিনা বলিনাধিকং।
ব্রহ্মা প্রোবাচ শক্রৈতদ্ভুজ্যতে স্বকৃতং ফলং।
শক্রোঽপৃচ্ছদ্বিভো ব্রূহি কিং ময়া দুষ্কৃতং কৃতং।
কশ্যপোঽপ্যাহ দেবেশং ভ্রূণহত্যা কৃতা ত্বয়া।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। এই ত্রিলোক দানবের অধিকার হইলে পুরন্দর দেবগণের সহিত ব্রহ্মলোকে গমন করিলেন তথায় কমলোদ্ভব ব্রহ্মা এবং কশ্যপ তাপসগণের সহিত উপবেশন করিয়াছেন অবলোকন করিয়া বাসব দেবগণের সহিত তাঁহাকে নমস্কার করিলেন, পরে ইন্দ্র ব্রহ্মাকে ও স্বীয় জনক কশ্যপকে বলিলেন। হে পিতামহ! অতি বিক্রমশালী দানবরাজ বলি আমাদিগের অধিকার হরণ করিয়াছে, পুরন্দরের এবম্বিধ খেদবাক্য শ্রবণান্তে ব্রহ্মা বলিলেন পুরন্দর! তুমি খেদ করিও না সে দানব নহে স্বকৃতফলে দুঃখানুভব করিতেছ, তখন পুরন্দর ব্রহ্মাকে জিজ্ঞাসা করিল, হে বিভো! আমি কি অপরাধ করিয়াছি। কশ্যপ বলিলেন তুমি, পূর্ব্বে দিতির গর্ভে প্রবেশ করিয়া বলপূর্ব্বক গর্ভস্থ বালককে খণ্-

দিত্যুদরাত্ত্বয়াগর্ভং কৃন্তোহি বহুধাবলাৎ।
পিতরঃ প্রাহ দেবেন্দ্রো ন মাতুর্দোষতোবিনা।
কৃন্তনং প্রাপ্তবান্ গর্ভো যদাশৌচাহি সা ভবৎ।
ততোঽব্রবীত্তং কশ্যপস্ত মাতুর্দোষেণ দাসতাং।
গতস্ততো বিনিহতো দাসোপি কুলিশেন ভোঃ।
তচ্ছ্রুত্বা কশ্যপবচঃ প্রাহ শক্রঃ পিতামহং।
বিনাশং পাপ্মনোব্রূহি প্রায়শ্চিত্তং বিভো মম।
ব্রহ্মা প্রোবাচ দেবেশং বশিষ্ঠঃ কশ্যপস্তথা।
হিতং সর্ব্বস্য জগতঃ শক্রস্যাপি বিশেষতঃ।
শঙ্খ চক্র গদাপাণি র্মাধবঃ পুরুষোত্তমঃ।
তং প্রপদ্যস্বশরণং সতেশ্রেয়ো বিধাস্যতি।
সহস্রাক্ষোপিবচনং গুরূণাং সংনিশম্য চ।

অনুবাদ।

পঞ্চাশৎ খণ্ডে বিভক্ত করিয়াছ। তখন পুরন্দর বলিলেন আমি মাতার দোষ ব্যতীত এরূপ কার্য্য করি নাই যে সময়ে মাতা শৌচ বিহীনা ছিলেন তখন আমি তাঁহার গর্ভে প্রবেশ করতঃ বালককে খণ্ড খণ্ড করিয়াছি দেবপতি পুরন্দরের এরূপ কথা শ্রবণান্তে পুনর্ব্বার কশ্যপ পুরন্দরকে বলিলেন, হে পুরন্দর! পরে তাহারা স্বীয় জননীর অপরাধে তোমার দাসত্ব স্বীকার করিল। কিন্তু সেই দাসকে কি নিমিত্ত বজ্রাহত করিলে। তখন কশ্যপের বাক্য সমাপনান্তে পুরন্দর বলিলেন, হে বিভো! আমি অতিশয় পাপ সঞ্চয় করিয়াছি এক্ষণে তাহার কি রূপ প্রায়শ্চিত্ত অনুমতি করুন্। পুরন্দর এইরূপ বলিলে ব্রহ্মা এবং বশিষ্ঠ ও কশ্যপ প্রভৃতি তাপসগণ ইন্দ্রকে বলিলেন দানববর এই ত্রিলোকের বিশেষতঃ তোমার আধিপত্য হরণ করিয়াছে অতএব এক্ষণে

প্রোবাচ স্বল্পকালেন কস্মিন্ পুণ্যো মহোদয়ঃ।

তমুচুর্দেবতামর্ত্যে স্বল্পকালে মহোদয়ঃ॥

ইত্যেবমুক্তঃ সুরব্রহ্মর্ষিভিরঙ্গিরসা মরীচিপুত্রেণ চ কশ্যপেন চ।

তত্রৈবমিত্রাবরুণাত্মজেন বেগান্মহী পৃষ্ঠমথোপগতস্তে।

কালঞ্জরাদ্যোত্তরতঃ সুপুণ্যস্তথাহিমাদ্রেরপি দক্ষিণস্থঃ।

কুশস্থলাৎ পূর্ব্বত এবহিশ্রুতোবসোঃ পুরাৎ পশ্চিমতোপগতস্তে।

পূর্ব্বং গয়েনাসুরপুঙ্গবেন যষ্টোহশ্বমেধঃ শতক্রুৎ সদক্ষিণঃ।

মনুষ্যমেধঃ শতক্রুৎ সহস্রকৃৎ নরেন্দ্রসূয়শ্চ সহস্রকৃৎস্বঃ।

তথ পুরাত্ত্বার্য্যজনঃ সুবাহিঃ খ্যাতো মহাদেব ইতিপ্রসিদ্ধঃ।

যত্রাপ্যচক্রে ভগবান্মুরারি বাস্তব্যমব্যক্ত তনুস্বমূর্ত্তিং।

অনুবাদ।

তুমি শঙ্খচক্রধারী সেই পুরুষোত্তম মাধবের শরণাগত হও সেই ভগবান মাধব তোমার মঙ্গল বিধান করিবেন। তখন পুরন্দর ব্রহ্মা প্রভৃতি গুরুজনের বাক্যশ্রবণপূর্ব্বক ব্রহ্মাকে বলিলেন মহাত্মন্! অল্পকাল মধ্যে এতাদৃশ কি মহৎ পুণ্য সঞ্চয় হইবে, তখন ব্রহ্মা প্রভৃতি দেবগণ বলিলেন মর্ত্ত্যলোকে অল্পকাল মধ্যে অতি মহৎ পুণ্য সঞ্চয় হইবে। ব্রহ্মা ও মরীচী পুত্র কশ্যপ ইন্দ্রকে এই কথা বলিলে মিত্রাবরুণাত্মজের সহিত পুরন্দর অতি দ্রুতবেগে মর্ত্ত্য-লোকে উপস্থিত হইলেন। পরে অবনীমণ্ডল ভ্রমণ করতঃ কাল-ঞ্জরের উত্তর হেমাদ্রির দক্ষিণ কুশস্থলের পূর্ব্ব এবং বসুপুরের পশ্চিম বিশ্রুতপুণ্যভূমি, সেই স্থানে অবস্থিতি করতঃ ভগবান মাধবকে প্রসন্ন করিবার জন্য উপাসনা করিতে গমন করিলেন।পূর্ব্ব-কালে গয়াসুর দক্ষিণার সহিত শত অশ্বমেধ যজ্ঞ শত সহস্র মনুষ্য-মেধ যজ্ঞ এবং সহস্র সহস্র রাজসূয় যজ্ঞ করিয়াছিল নিরাকার অব্যক্ত মূর্ত্তি ভগবান গদাধর সেই দানবকে নির্জ্জিত করিয়া এই

খ্যাতিং জগন্নাথ গদাধরেতি সংসার বৃক্ষ মহাকুঠারং।
যস্মিন্দ্বিজেন্দ্রাঃ শ্রুতিশাস্ত্রবর্জ্জিতাঃ সমত্বমায়ান্তি পিতামহেন।
সকৃৎপিতৄন্ যত্র চ সম্প্রপূজ্য ভক্ত্যাত্বনন্যেন চ চেতসৈব।
ফলং মহামেধমখস্য মানবা লভন্ত্যনন্ত্যং ভগবৎ প্রসাদাৎ।
মহানদী যত্র সুরর্ষিকন্যা চাগীর দেশাদ্ধিমশৈলমেত্য।
চক্রেজগৎপাপবিনষ্টমগ্র্যং তং দর্শনপ্রাশনমজ্জনেন।
তত্র শক্রঃ সমভ্যেত্য মহানদ্যাস্তটেশুভে।
আরধনায় দেবস্য কৃত্বাশ্রম মবস্থিতঃ।
প্রাতঃস্নায়ী ধরাশায়ী একভক্তোপ্যুপোষিতঃ।
তপস্তেপে সহস্রাক্ষঃ স্তুবন্ দেবং গদাধরং।
তস্যৈবতপ্যতঃ সম্যগ্ যতঃ সর্ব্বেন্দ্রিয়স্য চ।
কামক্রোধ বিহীনস্য সাগ্রঃ সংবৎসরোগতঃ।

অনুবাদ।

ত্রিলোক মধ্যে গদাধর নাম ধারণ করিয়াছিলেন, এই সংসারবৃক্ষ, কুঠারস্বরূপ ধারণ পূর্ব্বক ছেদন করিতেছেন। যে মহানদীতে বেদ-শাস্ত্র পরিত্যাগ পূর্ব্বক তপস্যা করিয়া পিতামহের এবং তোমার সমত্ব প্রাপ্ত হইয়াছিল। এবং মানবগণ যে মহানদী তীরে এক-বার অনন্য চিত্তে পিতৃগণকে পূজা করিয়া ভগবানের অনুগ্রহে মহামেধ যজ্ঞের ফললাভ করে। সেই সুরর্ষি কন্যা মহানদী অগ্নীদেশ হইতে হিমালয়ে আগমনপূর্ব্বক দর্শন ও জলপান এবং অবগাহন দ্বারা জগতের উগ্র পাপ সকল বিনষ্ট করিয়াছেন, পুরন্দর সেই মহানদী তীরে ভগবান গদাধরের উপাসনার জন্য এক আশ্রম নির্ম্মাণ পূর্ব্বক তাহাতে অবস্থিতি করিলেন। বিবুধাগ্রগণ্য পুরন্দর সেই মহানদীতে প্রাতঃস্নান ও ভূমি শয্যায় শয়ন এবং একাহারেও কাম ক্রোধ প্রভৃতি ইন্দ্রিয় সংযম পূর্ব্বক

ততো গদাধরঃ প্রীতো বাসবং প্রাহ নারদ।
গচ্ছ প্রীতোহস্মি ভবতো মুক্তপাপোসি সাংপ্রতং।
নিজরাজ্যঞ্চ দেবেশ প্রাপ্স্যসে ন চিরাদিব।
যতিষ্যামি শক্র তথা যথা শ্রেয়ো ভবিষ্যতি।
ইত্যেবমুক্ত্বাথ গদাধরেণ বিসর্জ্জিতঃ স্নাপ্য মনোহরায়াং।
স্নাতস্তুদেবস্য তদৈনসোনরাস্তং প্রোচুরস্মাননুশাসয়স্ব।
প্রোবাচ তান ভীষণ কর্ম্মকারান্ নানা পুলিন্দানমম পাপসম্ভবাঃ।
বসধ্বমেবান্তর মদ্রিরাজয়োর্হিমাদ্রি কালাঞ্জরয়োঃ পুলিন্দাঃ।
ইত্যেবমুক্ত্বা সুররাট্ পুলিন্দান বিমুক্তপাপোমরসিদ্ধযক্ষৈঃ।
সংপূজ্যমানো নিজগামচাশ্রমং মাতুস্তথাধর্ম্ম নিবাসমাষং।

অনুবাদ।

ভগবান নারায়ণের স্তব করতঃ উৎকট তপস্যা করিয়াছিলেন এই রূপে দেবমানে এক বৎসর কাল অতিবাহিত হইলে ভগবান গদাধর প্রীতি প্রফুল্লচিত্তে পুরন্দরকে বলিলেন। হে পুরন্দর! তুমি এক্ষণে নিষ্পাপ হইয়াছ তোমার উৎকট তপস্যায় আমি সাতিশয় সন্তুষ্ট হইয়াছি অতএব তুমি গমন কর, অনতি বিলম্বে স্বরাজ্য প্রাপ্ত হইবে। এক্ষণে তোমার মঙ্গল সাধনের জন্য গমন করিব। গদাধর এইরূপ বলিলে বাসব সেই মনোহর নদীতে অবগাহন পূর্ব্বক সেই স্থান পরিত্যাগ করিলেন। পরে পাপরূপী মানবগণ সেই নির্ধৃত কল্মষ স্নানকারী ইন্দ্রকে জিজ্ঞাসা করিল। মহাত্মন আপনি নিষ্পাপ হইয়াছেন এক্ষণে আমাদিগকে মুক্ত করুন। তখন সহস্রাক্ষ সেই ভীষণ কর্ম্মকারী মদীয় পাপসম্ভূত পুলিন্দা নামধারী মানবগণকে বলিলেন তোমরা হেমাদ্রি ও কালাঞ্জরের মধ্যে বাস কর। পুরন্দর পুলিন্দাগণকে এই কথা বলিলে দেব সিদ্ধ ও যক্ষগণ সেই স্থানে গমন পূর্ব্বক নদীর নির্ম্মল সলিলে

দৃষ্ট্বাদিতিং মূর্দ্ধ্নি কৃতাঞ্জলিস্তু বিনম্রমৌলিঃ সমুপাজগাম।
প্রণম্যপাদৌ কমলোদরাভৌ নিবেদয়ামাস তপস্তদাত্মনঃ।
পপ্রচ্ছসাকারণমীশ্বরং তমাঘ্রায় চালিঙ্গ্য সহাশ্রুদৃষ্ট্যা।
সচাচচক্ষে বলিনাবলেন জয়ন্তদাত্মনো দেবগণৈশ্চসার্দ্ধং।
শ্রুত্বৈব সাকোপপরিপ্লুতাঙ্গী জ্ঞাত্বাজিতৈর্দ্দিত্যসুতৈঃ সুতং তং।
দুঃখান্বিতা দেবমনাদ্যমীড্যং জগামবিষ্ণুং শরণং বরেণ্যং॥

নারদ উবাচ।

কস্মিন্ জনিত্রী সুরসত্তমানাং স্থানে হৃষীকেশ মনন্তমাদ্যং।
চরাচরস্য প্রভবং পুরাণমারাধয়ামাস শুভে বদস্ব॥

অনুবাদ।

অবগাহন পূর্ব্বক নিষ্পাপ হইলেন পরে পুরন্দর বিবুধগণ ও যক্ষগন্ধর্ব্বগণ দ্বারা পূজিত হইয়া নিজালয়ে গমন পূর্ব্বক অদিতির ধর্ম্মালয়ে গমন করিলেন। অনতি দূরে অদিতিকে অবলোকন করতঃ বিনম্র মস্তকে কৃতাঞ্জলিপুটে নিকটবর্ত্তী হইয়া প্রফুল্ল রাজীব সদৃশ চরণদ্বয়ে প্রণিপাত পুরঃসর আত্মতপস্যার বিষয় সমস্ত কীর্ত্তন করিলেন, দেবী অদিতি পুরন্দরকে কারণ জিজ্ঞাসা করিয়া স্নেহাশ্রু নয়নে পুরন্দরের মস্তক আঘ্রাণ করতঃ আলিঙ্গন করিলেন। তখন সহস্রাক্ষ বলিলেন দেবগণের সহিত আমরা বলবান দানববর বলির নিকট পরাজিত হইয়াছি, তখন অদিতি মনে মনে চিন্তা করিলেন। দিতির সন্তানগণ আমার তনয়গণকে পরাজিত করিয়াছে এইরূপ দুঃসহ কঠোর বাক্য শ্রবণে সাতিশয় দুঃখিতমনে ত্রিজগৎপূজ্য ভগবান নারায়ণের নিকট গমন করিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন। দেবমাতা অদিতি অনন্ত আদিপুরুষ চরাচরস্রষ্টা হৃষীকেশকে আরাধনা কোন্ স্থানে করিয়াছিলেন তাহা আপনি বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন।

পুলস্ত্য উবাচ।

সুরারিভিঃশক্রমুখীক্ষ্যদীনং পরাজিতং দানবনায়কেন।
সিতেথপক্ষে মকরর্ক্ষগেহর্কে ঘৃতার্চ্চিষস্থাপ্য থ সপ্তমেহনি।
দৃষ্ট্বৈব দেবং ত্রিদশাধিপং তং মহোদরে শক্রদিশাধিরূঢ়ং।
নীরাশনাসংযত বায়ুভক্ষ্যা তদোপতস্থে শরণংসুরেন্দ্রং।
জয়স্ব দেবাম্বুজ কোষচৌরে। জয়স্ব সংসারতরোঃ কুঠারঃ।
জয়স্ব পাপেন্ধনজাতবেদ স্তমো বিনাশায় নমোনমস্তে।
নমোস্তুতে ভাস্করদিব্যমূর্ত্তে ত্রৈলোক্য লক্ষ্মীপতয়ে নমোনমঃ।
ত্বংকারণং সর্ব্বচরাচরস্য নাথোসি মাং পালয়বিশ্বমূর্ত্তে।
ত্বয়া জগন্নাথ জগন্ময়েন নাথেনশক্রো নিজরাজ্যহানিং।
অবাপ্তবান্ শক্রপরাভবঞ্চ ততো ভবন্তং শরণং প্রপন্না॥

অনুবাদ।

দেবজননী অদিতি দানববর বলির নিকট পরাজিত ইন্দ্রকে অব-লোকন করিয়া মাঘমাসের শুক্লপক্ষে সপ্তমদিনে (অর্থাৎ সপ্তমী তিথিতে থরাসনে আসীনা, বায়ুভক্ষ্যা ও সংযতচিত্তে ত্রিদশাধিপতি ভগবান নারায়ণের উপাসনার জন্য তাঁহার শরণাগত হইয়া বলিলেন। দেব ! তুমি দেবগণের অম্বুজ কোষ অপহরণ করিয়াছ, তোমার জয় হউক, তুমি সংসার মহীরুহের কুঠার স্বরূপ হইয়াছ, তোমার জয় হউক, তুমি অগ্নিরূপ ধারণ পূর্ব্বক পাপরূপ ইন্ধনকে ভস্মীভূত করিতেছ, তোমার জয় হউক, তুমি তমোবিনাশকারি তোমাকে নমস্কার করি। হে ভাস্কর দিব্যমূর্ত্তে ! তোমাকে নমস্কার করি, তুমি ত্রৈলোক্যলক্ষ্মী-পতি তোমাকে নমস্কার করি। তুমি এই চরাচর জগতের [illegible], হে বিশ্বমূর্ত্তে ! তুমি আমার প্রভু অতএব আমাকে রক্ষা কর। হে জগন্নাথ ! তুমি জগন্ময়, ত্রিলোকপতি ইন্দ্র দানববর বলির নিকট পরাজিত [illegible] হইয়াছে, অতএব আমি তোমার শরণাগত

ইত্যেবমুক্তা সুরপূজিতেন আলিপ্যরক্তেন হি চন্দনেন ।
সংপূজয়িত্বা করবীরপুষ্পৈঃ সুগন্ধধূপৈঃ ফলযুক্তভোজ্যৈঃ ।
নিবেদ্যচৈবাজ্যযুতং মহার্হমন্নং মহেন্দ্রস্য হিতায় দেবী ।
যথোক্তপূর্ব্বেণ চ সংস্তবন্তী স্থিতা নিরাহার যথোপদিষ্টং ।
ততো দ্বিতীয়েহহ্নি কৃতপ্রণামা স্নাত্বা বিধানেন চ পূজয়িত্বা ।
দত্ত্বা দ্বিজেভ্যঃ কনকানি তিলাংশ্চ ততো বভূব প্রযতা [illegible] ॥

ততঃ প্রীতো ভগবান্ ঘৃতার্চ্চিঃ সূর্য্যমণ্ডলাৎ ।
বিনিঃসৃত্যাগ্রতঃ স্থিত্বা ইদং বচনমব্রবীৎ ।
ব্রতেনানেন সুপ্রীতস্তবাহং দক্ষনন্দিনি ।
প্রাপ্স্যসে দুর্ল্লভং কামং মৎপ্রসাদাদসংশয়ঃ ।
রাজ্যন্তত্তনয়ানাং বৈ দেবি দাস্যে সুদারুণং ।
দানবং ধ্বংসয়িষ্যামি সম্ভূয়োদরে তব ॥

অনুবাদ।

হইয়াছি, অনন্তর দেবী সুরপূজিত রক্তচন্দন অনুলেপন করতঃ করবীর পুষ্প ও গন্ধ ধূপদ্বারা পূজা করিয়া ফলযুক্ত ভোজ্য ও ঘৃতযুক্ত মহামূল্য খাদ্য দ্রব্য পুরন্দরের হিতের জন্য প্রদান করিলেন। পরদিন যথা বিধানে নমস্কারানন্তর ভগবানকে পূজা করিয়া ব্রাহ্মণগণকে স্বর্ণ ও তিল প্রদান পূর্ব্বক তথা অবস্থিতি করিলেন। অনন্তর ভগবান অদিতির স্তবে প্রসন্ন হইয়া সূর্য্যমণ্ডল হইতে অদিতির সম্মুখে উপস্থিত হইয়া এই কথা বলিলেন। হে দক্ষনন্দিনি! তোমার স্তবে আমি অতিশয় সন্তোষ হইয়াছি অতএব আমার প্রসাদে তোমার মনোভীষ্ট সিদ্ধ হইবে তোমার [illegible] পুত্রদের আমি রাজ্য প্রদান করিব এবং তোমার গর্ভে [illegible] দানবকে [illegible] বিনাশ করিব। [illegible]

অদিতিরুবাচ।

যস্মিন্ দেবে জগৎসর্ব্বং বসতে স্থাণুজঙ্গমং।
কথ্যং ধারয়িতুং নাথ শক্তস্ত্রৈলোক্য ধারিণম্।
যস্ত সপ্তার্ণবাঃ কুক্ষৌ নিবসন্তি সহাদ্রিভিঃ।
তস্মাদ্যথা সুরপতিঃ শক্রঃ স্যাৎ সুররাড্ভিং।
যথা চ ন মনক্লেশ স্তথা কুরু জনার্দ্দন॥

বিষ্ণুরুবাচ।

সত্যমেতন্মহাভাগে দুর্দ্ধরোস্মি সুরাসুরৈঃ।
তথাপিসংভবিষ্যামি অহংদেব্যুদরে তব।
আত্মানং ভুবনান্ শৈলাং স্ত্বাঞ্চ দেবিসকশ্যপাং।
ধারয়িষ্যামি যোগেনমাবিষাদং কৃতাহ্নিকে।
তবোদরে হং দাক্ষেয়ি সংভবিষ্যামি বৈযদা।
তদানিস্তেজসোদৈত্যাঃ সম্ভবিষ্যন্ত্য সংশয়ং।

অনুবাদ।

বাক্য শ্রবণে অদিতি বলিলেন। যে ভগবানের শরীরে এই স্থাবর জঙ্গম ও পর্ব্বতের সহিত সপ্ত মহাসমুদ্র বাস করিতেছে, হে নাথ! তুমি এই ত্রিলোক ধারণ করিতেছ তোমাকে কি রূপে গর্ভে ধারণ করিব। হে জনার্দ্দন! যেরূপে সুরপতি ইন্দ্র স্বরাজ্য প্রাপ্ত হন এবং আমার ক্লেশ না হয় তাহা করিবেন। তখন ভগবান বিষ্ণু বলিলেন, হে মহাভাগে। আপনি সত্য বলিয়াছেন, সুরাসুর কেহই আমাকে ধারণ করিতে পারে না। তথাপি আমি সূক্ষ্ম রূপে তোমার উদরে জন্ম গ্রহণ করিব। আমি আত্মাকেও সর্ব্বলোক চতুর্দ্দশ ভুবনকে এবং কশ্যপের সহিত তোমাকে যোগবলে ধারণ করিতেছি অতএব, হে অদিতে। বিষাদ করিও না। হে দক্ষ তনয়ে। এই সময়ে, আমি তোমার উদরে জন্ম গ্রহণ করিব তখ-

বিবেশ দানবপতিং দ্রষ্টুং মধুসূদনং।
সদৃষ্টবান্ জগন্নাথং মাধবং বামনাকৃতিং।
সর্ব্বভূত বরেণ্যায়া দেবমাতুরথোদরে।
তং দৃষ্ট্বা পুণ্ডরীকাক্ষং শঙ্খচক্রগদাধৃতং।
সুরাসুরগণৈঃসর্ব্বৈঃ সর্ব্বতো ব্যাপ্তবিগ্রহং।
তে নৈবক্রমযোগেন দৃষ্ট্বা বামনতাং গতং।
দৈত্যতেজোহরং বিষ্ণুং প্রহৃষ্টো ভবত্তদা।
অথোবাচ মহাবুদ্ধিং বিরোচন সুতং বলিং।
প্রহ্লাদো মধুরং বাক্যং প্রণম্য মধুসূদনং॥

প্রহ্লাদ উবাচ।

শ্রূয়তাং সর্ব্বমাখ্যাস্যে যতো বো ভয়মাগতং।
যেন নিস্তেজসো দৈত্যা জাতা দৈত্যেন্দ্র হেতুনা।
ভবতা নির্জ্জিতা দেবাঃ সেন্দ্ররুদ্রার্কমারুতাঃ।

অনুবাদ।

সর্ব্বাধিক তেজশালিনী দেবমাতা অদিতিকে অবলোকন করিয়া বৈকুণ্ঠনাথ মধুসূদনকে অন্বেষণ করিবার জন্য তথায় প্রবেশ করিয়া দেখিলেন ভগবান মধুসূদন বামনরূপ ধারণপূর্ব্বক দেবজননী অদিতির গর্ভে অবস্থিতি করিতেছেন। তখন শংখ চক্র গদাধারী সর্ব্বময় ভগবান্ জগন্নাথ দৈত্যতেজ বিনাশ করিবার জন্য বামনরূপ ধারণ করিয়াছেন দেখিয়া আপনি সমাধি ভঙ্গ করতঃ প্রফুল্লিত হইলেন। অনন্তর সাতিশয় ধীশক্তিসম্পন্ন দানব-বর প্রহ্লাদ ভগবান মধুসূদনকে নমস্কার করিয়া বিরোচনাত্মজ বলিকে মধুর বাক্যে বলিলেন। দানববর যাহাতে তোমাদিগের এতাদৃশী শঙ্কা উপস্থিত হইয়াছে সেই সমস্ত বিষয় আমি বলিতেছি মনোযোগপূর্ব্বক শ্রবণ কর। তুমি ইন্দ্র রুদ্র ও দিবাকর প্রভৃতি

প্রযাতাঃ শরণং দেবং বিষ্ণুং ত্রিভুবনেশ্বরং।
স তেষামভয়ং দত্ত্বা শক্রাদীনাং জগদ্গুরুঃ।
অবতীর্ণো মহাবাহুরদিত্যা জঠরে হরিঃ।
হৃতানিব যেন বলেস্তেজাংসীতি মতির্মম।
নালং তমো বিনিহন্তুং শক্তং সূর্য্যোদয়ং বলে।।

পুলস্ত্য উবাচ।

প্রহ্লাদ বচনং শ্রুত্বা ক্রোধবিস্ফুরিতাধরঃ।
প্রহ্লাদ মাহাথবলির্ভাবিকর্ম্ম প্রচোদিতঃ।।

বলিরুবাচ।

তাতকোয়ং হরির্নাম যতো নোভয় মাগতং।
সন্তি মে শতশো দৈত্যা বাসুদেববলাধিকাঃ।
সহস্র সধ্যেরমরাঃ সেন্দ্ররুদ্রার্কমারুতাঃ।
নির্জ্জিতাস্ত্যজিতাঃ স্বর্গং ভগ্নদর্পা রণাজিরে।

অনুবাদ।

দেবগণকে সংগ্রামে পরাজয় করিয়াছ। দেবগণ সেই ত্রিভুবনেশ্বর ভগবান বিষ্ণুর শরণাগত হইলে ভগবান্ অদিতির জঠরে বামন-রূপে জন্ম গ্রহণ করিয়াছেন। সেই ভগবান আমাদিগের বলবীর্য্য হরণ করিতেছেন আমার এই অনুভব হয়। প্রগাঢ় অন্ধকার আদিত্যের কীরণজাল কখনই সহ্য করিতে পারে না। পুলস্ত্য বলিলেন, পিতামহ প্রহ্লাদের এবম্বিধ বাক্য শ্রবণে দানববর বলির ক্রোধে ওষ্ঠাধর কম্পিত হইতে লাগিল। তখন দানবনাথ বলি ভাবিকার্য্য অন্যথা হইবে না। নিশ্চয় করিয়া পিতামহকে বলিলেন। হে তাত! হরি কে? যাহার আবির্ভাবে আমাদিগের এতাদৃশী দশা হইয়াছে, আমাদিগের সেই হরি হইতে বলবান শত শত বীর পুরুষ আছে। ইন্দ্র রুদ্র দিবাকর প্রভৃতি সহস্র সহস্র দেবগণ [illegible]

যেন কৃষ্টং রথাদ্বেগাচ্চক্রং ক্লৃপ্তং মহৎস্ফুটং।
সোঽপ্রচিত্তিস্তু বলবান্ মৎসৈন্যে পুরঃসরঃ।
অজঃ শঙ্কুঃ শিবিঃ শম্ভুরসিলোমা মহাসুরঃ।
ত্রিশিরা মকরাক্ষশ্চ বৃষপর্ব্বা শতেক্ষণঃ।
এতে চান্যে চ বলিনো নানায়ুধবিশারদাঃ।
যেষামেকৈকশো বিষ্ণুঃ কলাং নার্হতি ষোড়শীং॥

পুলস্ত্য উবাচ।

পৌত্রস্যৈতদ্বচঃ শ্রুত্বা প্রহ্লাদঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
ধিগ্ধিগিত্যাহ বলিং বৈকুণ্ঠাক্ষেপবাদিনং।
ধিক্ত্বাং পাপসমাচারং দুষ্টবুদ্ধে সুরাধিপ।
হরিং নিন্দয়তো জিহ্বা কথং ন পতিতা তব।
শোচ্যস্ত্বমসি দুর্ব্বুদ্ধে নিন্দনীয়শ্চ সাধুভিঃ।

অনুবাদ।

পরাজিত হইয়া অমরপুরী পরিত্যাগ করিয়াছে। যে বিপ্রচিত্তি আদিত্যের বেগশালী রথ হইতে চক্র আনয়ন করিয়াছিল সেই বিপ্রচিত্তি আমার সৈন্যমধ্যে অবস্থিতি করিতেছে। এবং অজ, শঙ্কু, শিবি, শম্ভু, অসিলোমা, ত্রিশিরা, মকরাক্ষ, বৃষপর্ব্বা, শতেক্ষণ প্রভৃতি অতি বলবান সৈন্যনায়ক ও অন্যান্য অসংখ্য অস্ত্রশস্ত্রধারী বীর পুরুষ আছে এই সকল বীর পুরুষের মধ্যে এক ব্যক্তিকে কেবল পরাজয় করিতে সমর্থ হন না। পুলস্ত্য বলিলেন। পৌত্র বলির এতাদৃশ সাহঙ্কার বাক্য শ্রবণে বার্দ্ধিবর এককালে ক্রোধে অধীর হইয়া বলিকে বলিলেন। বলি তোমাকে ধিক্‌ তুমি বৈকুণ্ঠনাথের প্রতি নিন্দা বাক্য প্রয়োগ করিতেছ। অতএব পাপাচারি দুষ্টবুদ্ধে তোমাকে ধিক্। বৈকুণ্ঠনাথ হরিকে নিন্দা করিতে তোমার জিহ্বা খসিয়া পড়িল না। হে দুর্ব্বুদ্ধে, তুমি সাধু-

ত্রৈলোক্য গুরুং বিষ্ণুং যদ্বিনিন্দসি দুর্ম্মতে।
শোচ্যশ্চাস্মি ন সন্দেহো যেনজাতঃ পিতা তব।
যস্ত্বং কর্কশঃ পুত্রো জাতোদেবাবমন্যকঃ।
ত্বয়া কিল বিজানাতি যথা চামী মহাসুরাঃ।
যথাচান্যঃ প্রিয়ঃ কশ্চিন্নাম তস্মাজ্জনার্দনাৎ।
জানন্নপি প্রিয়তরং প্রাণেভ্যোপি হরিং মম।
সর্ব্বেশ্বরেশ্বরং দেবং কথং নিন্দিতবানসি।
বিরোচন স্তব গুরুঃ পূজ্য তস্যাপ্যহং গুরুঃ।
মমাপিপূজ্যো ভগবান্ গুরুর্লোক গুরুর্হরিঃ।
গুরোর্গুরোর্গুরুং মূঢ় পূজ্যাৎপূজ্যং ক্রমস্ত চ।
পূজ্যং নিন্দয়সে পাপ কথং নিপতিতোহস্যসৎ।
শোচনীয়া দুরাচারা দানবাগী দুরাত্মনা।

অনুবাদ।

যদি তুমি সাধুলোকের নিকট শোচ্য ও নিন্দনীয় হইলে। অতএব হে দুর্ম্মতে! ত্রিলোক গুরু ভগবান বিষ্ণুকে নিন্দা করিতেছ। অতএব আমি শোচ্য কারণ তোমার পিতা বিরোচন আমা হইতে জন্ম গ্রহণ করিয়াছে সেই বিরোচন হইতে দেবগণের অপমানকারী কটুভাষী পুত্র জন্মিয়াছ। তুমি কি জান না জনার্দন হইতে এই সকল বীর্য্যবন্ত মহাসুর আমার প্রিয় কখনই নয়। আমার জীবন হইতে সর্ব্বেশ্বরেশ্বর ভগবান হরি অতি প্রিয়তর তাহা জানিয়াও কি নিমিত্ত সেই ভগবান হরিকে নিন্দা করিলে। তোমার পিতা বিরোচন তোমার পূজ্য, আমি বিরোচনের পূজ্য সেই ভগবান লোকগুরু হরি আমার পূজ্য, হে মূঢ়! তোমার গুরু বিরোচন, বিরোচনের গুরু আমি, আমার গুরু সেই ভগবান অতএব তিনি সকলের পূজ্য, হে পাপাচারিন্! হে মূঢ়! তুমি সেই পূজ্য লোকগুরুকে নিন্দা করিতেছ

ধনক্ষয়ে ন মুহ্যন্তি ন হৃষ্যন্তি ধনাগমে ।
ধীরাঃ কার্য্যেষু চ তথা ভবন্তি পুরুষোত্তমাঃ ।
এবং বিদিত্বা দৈত্যেন্দ্র বিবাদং ন কথঞ্চন ।
কর্ত্তুমর্হসি বিদ্বাংস্ত্বং পণ্ডিতো নাবসীদতি ।
তথান্যচ্চ মহাবাহো হিতং শৃণু মহার্থকং ।
ভবতোহথ তথান্যেষাং শ্রুত্বা তচ্চ সমাচর ।
শরণ্যং শরণং গচ্ছ তমেব পুরুষোত্তমং ।
স তে ত্রাতা ভয়াদস্মাৎ দানবেন্দ্র ভবিষ্যতি ।
যে সংশ্রিতা হরিমনন্তমনাদিমধ্যং
বিষ্ণুং চরাচরগুরুং হরিমীশিতারং ।
সংসারগর্ত্তপতিতস্য করাবলম্বং
নূনং ন তে তু বিশন্তি বিশোক[illegible] ।
তস্মাদ্দানবশ্রেষ্ঠ তদ্ভক্তশ্চ ভবাধুনা ।
স এব ভবতঃ শ্রেয়ো বিধাস্যতি জনার্দ্দনঃ ।

অনুবাদ।

অন্য প্রকার তোমার হিতোপদেশ বলিতেছি শ্রবণ কর। তুমি এই সকল হিতোপদেশ অন্যান্য দানবগণকে শ্রবণ করাইয়া এইরূপ আচরণ কর। সেই পুরুষোত্তম ভগবানের শরণাগত হও। হে দানবেন্দ্র! অবশ্যই সেই ভগবান তোমাকে এই শঙ্কা হইতে রক্ষা করিবেন। যে প্রাণিগণ অনন্ত অনাদিমধ্য চরাচরগুরু সেই ভগবান হরিকে আশ্রয় করে যে সংসার গর্ত্তে পতিত হইয়াও ভগবানের করাবলম্ব আশ্রয় করে। এবং নিশ্চয়ই সেই মানবগণের নির্ম্মল চক্ষু হয়। অতএব হে দানবেশ্বর! তুমি সেই ভগবানের আশ্রয় গ্রহণ কর। সেই ভগবান তোমার মঙ্গল বিধান করিবেন। এক্ষণে আমি পাপোপশমনের জন্য [illegible] তীর্থে ভগবান

অহঞ্চ পাপোপশমায় দেবমারাধয়িষ্যাম্যথ তীর্থযাত্রাং।
বিমুক্তপাপশ্চ ততোঽসি নিত্যং যত্রাচ্যুতো লোকপতির্নৃসিংহঃ॥

পুলস্ত্য উবাচ।

এবং সমাশ্বাস্য বলিং মহাত্মা সংস্মৃত্য যোগাধিপতিঞ্চ বিষ্ণুং॥
আমন্ত্র্য সর্ব্বান্ দনুযূথপালান্ জগাম কর্ত্তুং ত্বথ তীর্থযাত্রাং॥

ইতি শ্রীবামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে প্রহ্লাদ সন্দেশং নাম সপ্তচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

অষ্টচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

কানি তীর্থানি বিপ্রেন্দ্রঃ প্রহ্লাদোঽনুজগাম হ।
প্রহ্লাদ তীর্থযাত্রাং মে সম্যগাখ্যাতুমর্হসি॥

পুলস্ত্য উবাচ।

শৃণুষ্ব কথয়িষ্যামি পাপকর্ম্ম প্রণাশিনীং।

অনুবাদ।

লোকপতি নৃসিংহ বিদ্যমান রহিয়াছেন একণে সেই তীর্থবরে গমন করিয়া নির্দ্ধূত কিল্বিষ হইব। পুলস্ত্য বলিলেন। এই রূপে মহাত্মা প্রহ্লাদ বলিকে আশ্বাস প্রদান পূর্ব্বক যোগাধিপতি ভগবান বিষ্ণুকে স্মরণ করতঃ প্রবর দানবগণকে সম্বর্দ্ধনা করিয়া অনুমতি গ্রহণ পূর্ব্বক তীর্থে গমন করিলেন।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে সপ্তচত্বারিংশ অধ্যায় সমাপ্ত।

নারদ জিজ্ঞাসা করিলেন। হে দ্বিজবর! দানবকুলপতি প্রহ্লাদ বলির নিকট বিদায় হইয়া কোন কোন তীর্থে গমন করিয়াছিলেন, তাহা ক্রমশঃ বর্ণন করিয়া মনস্তোষ করুন। পুলস্ত্য বলিলেন।

প্রহ্লাদ তীর্থযাত্রাং তাং সর্ব্বপাতকনাশিনীং।
সংত্যজ্য মেরুং কনকাচলস্তং তীর্থং জগামাহ্যমরু সংপ্রজুষ্টং।
খ্যাতং পৃথিব্যাং শুভদং হি মানসং যত্রাস্থিতোমৎস্যরূপী হি সুরেশঃ॥
তস্মিং তীর্থবরেস্নাত্বা সন্তর্প্য পিতৃদেবতাঃ।
সংপূজ্য চ জগন্নাথ মচ্যুতং শ্রুতিভির্যুতঃ।
উপোষ্যভূয়ঃ সংপুজ্য দেবর্ষি পিতৃমানবান্।
জগাম কচ্ছপং দ্রষ্টুং কৌশিকীং পাপনাশিনীং।
তস্যাংস্নাত্বা মহানদ্যাং সংপূজ্য চ জগৎপতিং।
সমুপোষ্য শুচিভূত্বা দত্ত্বাবিপ্রেষু দক্ষিণাং।
নমস্কৃত্য জগন্নাথং গোবিন্দং চক্রপাণিনং।
স্নাত্বাসংপূজ্য বিধিবৎ জগাম যমুনানদীং।

অনুবাদ।

তোমরা সর্ব্বপাপবিনাশকারিণী প্রহ্লাদের তীর্থযাত্রা কথা শ্রবণ কর, আমি বিশেষরূপে বর্ণন করিব। দানববর প্রহ্লাদ সেই স্বর্ণাচল পরিত্যাগপূর্ব্বক দেবপূজ্য তীর্থে গমন করিলেন। তখন সেস্থান হইতে অবনীতলে অতি পবিত্র মঙ্গলময় মানসসরোবরে গমন করিলেন যেস্থানে ভগবান চক্রপাণি মৎস্যরূপ ধারণ করিয়াছিলেন, সেই তীর্থবরে স্নান ও পিতৃগণ দেবগণের তর্পণ করিয়া ভগবান গদাধরের বেদবিহিত মন্ত্রদ্বারা আরাধনা করিলেন। পরে পুনর্ব্বার নিরাহারে অবস্থিতি করিয়া পিতৃগণ ও দেবগণকে পূজা করিয়া তথা হইতে কচ্ছপমূর্ত্তি ভগবানকে দর্শন করিবারজন্য পাপবিনাশিনী কৌশিকী নদীতে গমন করিলেন। সেই মহানদীতে অবগাহনপূর্ব্বক জগৎ-পতি ভগবানকে পূজনান্তর পবিত্র হইয়া ব্রাহ্মণগণকে দক্ষিণা প্রদানপূর্ব্বক জগন্নাথকে নমস্কার করিলেন। পরে সেই মহা-নদীতে পুনর্ব্বার স্নান করিয়া যথাবিধানে ভগবান্‌কে পূজনানন্তর

তত্র স্নাত্বা শুচির্ভূত্বা সন্তর্প্যর্ষিসুরান্ পিতৄন্।
দদর্শ দেবদেবেশং লোকনাথং ত্রিবিক্রমং ॥

নারদ উবাচ।

সা প্রোক্তং ভগবান্‌বিষ্ণুঃ ত্রৈলোক্যং ক্রমণং বপুঃ।
করিষ্যতি জগৎস্বামী বলিবন্ধনমীশ্বরঃ।
তৎকথং পূর্ব্বকালেহপি বপুরাসী ত্রিবিক্রমঃ।
কস্তু বা বন্ধনং নীতঃ হ্যেতবাং তত্ত্ববেদন ॥

পুলস্ত্য উবাচ।

শ্রূয়তাং কথয়িষ্যামি যোহং প্রোক্ত ত্রিবিক্রমঃ।
যস্মিন্‌কালে সমুদ্ভূব যস্য বন্ধিতবানসৌ।
আসীদ্ধুন্ধুরিতিখ্যাতঃ কশ্যপস্যৌরসঃ সুতঃ।
দনুগর্ভ সমুদ্ভূতো মহাবল পরাক্রমঃ।

অনুবাদ।

যমুনানদীতে গমন করিলেন। সেই যমুনানদীতে স্নান এবং দেব-ঋষি ও পিতৃগণকে পূজা করিয়া দেবদেব চক্রপাণি ভগবানকে দর্শন করিলেন। নারদ জিজ্ঞাসা করিলেন, ভগবান চরাচর ত্রিলোক ব্যাপ্ত দেহধারণ করিয়াছেন। এই জগৎস্বামী ভগবান বলিকে বন্ধন করিয়াছিলেন। কিন্তু পূর্ব্বকালে কি নিমিত্ত ত্রিবিক্রমমূর্ত্তি ধারণ করিয়া কোন ব্যক্তিকে বন্ধন করিয়াছিলেন এই সকল বিষয় বিস্তারপূর্ব্বক বর্ণন করুন্। পুলস্ত্য বলিলেন, ভগবান ত্রিবিক্রম-মূর্ত্তি যে নিমিত্ত ধারণ করিয়াছিলেন তাহা বলিতেছি তোমরা শ্রবণ কর। যে সময়ে ভগবান জন্ম গ্রহণ করতঃ যাহাকে বন্ধন করিয়াছিলেন তাহা বলিতেছি। কোন সময়ে কশ্যপের ঔরসে মহাবল পরাক্রম এক দানব জন্ম গ্রহণ করিয়াছিল। সেই দানব বিষ্ণু তপস্যাবলে আপনার প্রকাশে [illegible]

সমারাধ্য বরদং ব্রহ্মাণং তপসাঽর্চিতৈঃ।
অবধ্যত্বং সুরৈঃসেন্দ্রৈঃ প্রার্থয়ামাস দানবঃ।
তস্য তদ্বচনং প্রাদাত্তপসঃ পঙ্কজোদ্ভবঃ।
পরিতুষ্টঃ স চ বলী নির্জ্জগাম ত্রিপিষ্টপং।
চতুর্থস্য কালস্যাদৌ জিত্বা দেবান্ সবাসবান্।
ধুন্ধুঃ শক্রত্বমকরোদ্ধিরণ্যকশিপৌ সতি।
তস্মিন্‌কালে মহাবলবান্ হিরণ্যকশিপোঃ সুতঃ।
চচার মন্দরগিরৌ দৈত্যধুন্ধু সমাশ্রয়ঃ।
ততোঽসুরা যথাকামং বিচরন্তি ত্রিপিষ্টপে।
ব্রহ্মলোকে চ ত্রিদশাঃ সংস্থিতা দুঃখসংযুতাঃ।
ততোঽসুরান্ ব্রহ্মলোকনিবাসিনঃ শ্রুত্বা ধুন্ধুর্দিতিজানুবাচ।
গচ্ছাম দৈত্যাবরা সত্বরং সদাবিজেতুং ত্রিদশান্ সশক্রান্।

অনুবাদ।

পরে ব্রহ্মার নিকট বর প্রার্থনা করিল আমি দেবগণের অবধ্য হইব
কমলোদ্ভব ব্রহ্মা তাহার অভিমত বর প্রদান করিলেন। তখন
দানব বরলাভে সন্তুষ্ট হইয়া অমরলোকে গমন করিল। চতুর্থ
কলির আদিতে সেই দানববর ইন্দ্রপ্রভৃতি দেবগণকে পরাভূত
করিয়া ইন্দ্রত্ব লাভ করিল। তৎকালে হিরণ্যকশিপু বিদ্যমান ছিলেন।
এই সময়ে অতি বলবান হিরণ্যকশিপুর তনয় মন্দর পর্ব্বতে অবস্থান
করিতে করিতে ধুন্ধুর সহিত সমাগম হইল। এই সময়ে দানবগণ
যথেচ্ছাচারে স্বর্গসুখ ভোগে সুখানুভব করিতে লাগিল। এবং দেবগণ
সাতিশয় দীনভাবে ব্রহ্মলোকে অবস্থিতি করিতে লাগিলেন। অনন্তর
ধুন্ধু ব্রহ্মলোকে বিবুধগণ বাস করিতেছে শ্রবণান্তে অসুর
দানবগণকে বলিল। হে দিতিজগণ! আমরা পুরন্দর প্রভৃতি
দেবগণকে পরাজয় করিতে ব্রহ্মলোকে গমন করিব। তখন

তস্মাত্ত্বং মহাবাহো গন্তুং নৈতাং সমর্হসি।
বৈরাজভবনং ধুন্ধো দুরাপোয়ং সদানুভিঃ।
তেষাং বচনমাজ্ঞায় ধুন্ধুঃ প্রোবাচ দানবান্।
শক্রকামং সভবনং ব্রহ্মণো জেতুমীশ্বরান্।
কথঞ্চ কর্ম্মণা কেন দৃশ্যতে দানবর্ষভ।
সুখং তত্র সহস্রাক্ষঃ সংপ্রাপ্তঃ সহদৈবতৈঃ।
[illegible] দানবেন্দ্রাঃ স্পৃষ্টবা প্রোচুর্বচোধিপং।
ন বয়ং বিদ্ম তৎকর্ম্ম শুক্রস্তদ্বেত্ত্য সংশয়ং।
দৈত্যানাং বচনং শ্রুত্বা ধুন্ধুর্দৈত্যঃ পুরোহিতং।
পপ্রচ্ছ শুক্রং কিং কর্ম্ম কৃত্বা শক্রস্তপোগতঃ।
তত্তোহস্মৈ কথয়ামাস দৈত্যাচার্য্যঃ কবিপ্রিয়ঃ।

অনুবাদ।

যাহার বেদধ্বনি শ্রবণে বিবুধগণ পুলোকিত হন, এবং দানবগণ সঙ্কুচিত হয়, অতএব হে মহাবাহো! সেস্থানে গমন করা উপযুক্ত নহে, হে ধুন্ধো! ব্রহ্মলোকে গমন করা দানবগণের পক্ষে অতি সুকঠিন। তখন ধুন্ধু দানবগণের এই বাক্য শ্রবণান্তে অন্যান্য দানবগণকে বলিল। সেই পুরন্দর প্রভৃতি দেবগণকে জয় করিবার জন্য আমি ব্রহ্মলোকে গমন করিতে অভিলাষ করি। অতএব কোন কার্য্য করিলে আমি সেই ব্রহ্মলোকে গমন করিতে পারিব। পুরন্দর কোন কার্য্য করিয়া দেবগণের সহিত সেই ব্রহ্মলোকে অবস্থিতি করিতেছে। দানববর ধুন্ধু দানবগণকে এই কথা বলিলে দানবগণ তখন ধুন্ধুকে বলিল। আমরা ইহার কিছু জানি না, তুমি শুক্রাচার্য্যকে জিজ্ঞাসা কর, তিনি সমস্তই অবগত আছেন। দানবগণের এবম্বিধ বাক্য শ্রবণ করিয়া ধুন্ধু শুক্রাচার্য্যকে জিজ্ঞাসা করিল, হে আচার্য্য! দেবরাজ কোন কার্য্য

শক্রস্যচরিতং শ্রীমান্ পুরাবৃত্ররিপোঃ কিলঃ।
শক্রঃ শতং সংপুণ্যানাং যজ্ঞানা মজয়ৎপুরা।
দৈত্যেন্দ্র বাজিমেধানাং তেন ব্রহ্মসদোগতঃ।
তদ্বাক্যং দানবপতিঃ শ্রুত্বা শুক্রস্য বীর্য্যবান্।
যজ্ঞে তুরঙ্গমেধানাং চকার মতিমুত্তমাং।
অথামন্ত্র্য সুরগুরুং দানবাং শ্চাপ্যনুত্তমান্।
প্রোবাচ যজ্ঞে যক্ষ্যেহ মশ্বমেধৈঃ সদক্ষিণৈঃ
তদাগচ্ছধ্বমধুনা গচ্ছামোবসুধাধিপান্।
বিজিত্য হয়মেধান্ বৈ যক্ষ্যে কামগুণান্বিতান্।
আহূয়ন্তাঞ্চ নিধয়শ্চাজ্ঞাপ্য তাশ্চ গুহ্যকাঃ।
আমন্ত্র্যতাশ্চ ঋষয়ঃ প্রযাম্যো দেবিকাতটে।
সাহিপুণ্যা সরিৎশ্রেষ্ঠা সর্ব্বসিদ্ধি করীশুভা।

অনুবাদ।

করিয়া ব্রহ্মলোকে অবস্থিতি করিতেছে। তখন কবিশ্রেষ্ঠ দানবাচার্য্য শুক্র দানববর ধুন্ধুকে বৃত্ররিপু পুরন্দরের পূর্ব্ববৃত্তান্ত সমস্ত বলিলেন, পুরন্দর পূর্ব্বকালে অতি পুণ্যতম শত বাজিমেধ যজ্ঞ করিয়াছিলেন, সেই পুণ্যবলে এক্ষণে ব্রহ্মলোকে বাস করিতেছেন। দানবপতি পুরোহিতের এবম্বিধ বাক্যে বাজিমেধ যজ্ঞ করিতে অভিলাষ করিল। অনন্তর দানববর ধুন্ধু ভার্গবের মন্ত্রণা গ্রহণ পূর্ব্বক দানবগণকে বলিল, আমি দক্ষিণার সহিত অশ্বমেধ যজ্ঞে দীক্ষিত হইব। এক্ষণে তোমরা গমন কর, আমিও সমস্ত বসুধাপতিকে পরাজয় করিয়া অতিগুণশালী বাজিমেধ যজ্ঞ করিব। এই কথা বলিয়া গুহ্যকগণকে আহ্বান করতঃ দ্রব্য আনয়ন করিতে অনুমতি করিল। এবং তাপসগণকে আহ্বান করিয়া দেবিকা নদীতটে গমন করিতে অনুমতি করিয়া বলিল, সেই পুণ্যজলা সরিৎশ্রেষ্ঠা নদী

জলংপ্রাচীনমাসাদ্য বাজিমেধান্ যজামহে।
ইত্থং সুরারি বচনং নিশম্যাসুরযাজকাঃ।
বাঢ়মিত্য ব্রবীৎ হৃষ্টো নিধয়ঃ সন্দিদেশহ।
ততো ধুন্ধুর্দ্দেবিকায়াঃ প্রাচীনে পাপনাশনে।
ভার্গবেন্দ্রেন শুক্রেন বাজিমেধায় দীক্ষিতঃ।
সদস্যাঋত্বিজশ্চাপি তত্রাসন্ ভার্গবাদ্বিজাঃ।
শুক্রস্যানুমতে ব্রহ্মন্ শুক্রশিষ্যাশ্চ পণ্ডিতাঃ।
যজ্ঞভাগ ভুজস্তত্র স্বর্ভানুসুরগামুনে।
কৃতাশ্চা সুরনাথেন শুক্রস্যানুমতেঽসুরাঃ।
ততঃ প্রবৃত্তো যজ্ঞস্তু সমুৎসৃষ্ট যথা হয়ঃ।
হয়স্যানুযযৌ শ্রীমানসিলোমানহাসুরঃ॥
ততোঽগ্নিধূমেন মহীনশৈলব্যাপ্তা চ গন্ধেন দিশশ্চ পূর্ণাঃ।
ততোগ্রগন্ধেন দিবস্পৃশেন মরুদ্বরো ব্রহ্মপুরে তদাগ্রঃ।

অনুবাদ।

সকলকার্য্য সিদ্ধি করেন, সেই নদীর পূর্ব্বভাগে জল সমীপে আমি বাজিমেধ যজ্ঞ করিব, দানববরের এই বাক্য শ্রবণান্তে দানবাচার্য্য ভার্গব সন্তোষপূর্ব্বক অনুমোদন করিলেন। পরে শুক্রাচার্য্য তাহাতে অনুমোদন করিলেন। অনন্তর দানববর ধুন্ধু সেই দেবিকা নদীর পূর্ব্বভাগে পাপনাশিনী নির্ম্মল সলিল সমীপে শুক্রাচার্য্যের নিকট রাজিমেধ যজ্ঞে দীক্ষিত হইল। সেই রাজিমেধ যজ্ঞে সদস্য ও পুরোহিতের কার্য্যে ভার্গববংশীয় ব্রাহ্মণগণ ব্রতী হইল এবং শুক্রাচার্য্যের অভিমতে শুক্রশিষ্য পণ্ডিতগণ ও রাহু দেবভাগ গ্রহণ করিল। এইরূপ শুক্রাচার্য্যের মতে দানবগণ বিস্তৃত হয়মেধ যজ্ঞে প্রবৃত্ত হইয়া সুলক্ষণাক্রান্ত ঘোটক মোচন করিল, ঐ ঘোটকের পশ্চাৎ অসিলোমা মহাসুর গমন করিল। যজ্ঞভূমিতে হুতাশনে

শুক্রস্য মতমাস্থায় সোঽশ্বমেধায় দীক্ষিতঃ।
শতক্রতুনামিষ্টাসৌ ব্রহ্মলোকং মহাসুরঃ।
আরোঢুমিচ্ছতি বলী বিজেতুং ত্রিদশানপি।
তস্মাদকালহীনস্তু চিন্তয়স্ব জগদ্গুরো।
উপায়ং মখবিধ্বংসে যেনস্যামঃ সুনির্বৃতাঃ।
শ্রুত্বাসুরাণাং বচনং ভগবান্ মধুসূদনঃ।
দত্ত্বাভয়ং মহাবাহুঃ প্রেষয়ামাস সাত্বতান্।
বিসৃজ্য দেবতাঃ সর্ব্বা জ্ঞাত্বাজেয়ং মহাসুরং।
বঞ্চনায় মতিংচক্রে ধুন্ধোর্ধর্ম্মধ্বজস্য বৈ।
ততঃ কৃত্বাস ভগবান্ বামনং রূপমীশ্বরঃ।
দেহং ত্যক্ত্বা নিরালম্বং কাষ্ঠবদ্দেবিকাজলে।
ক্ষণংমজ্জং স্তথোন্মজ্জন্ মুক্তকেশো যদৃচ্ছয়া।

অনুবাদ।

বের পরামর্শে হয়মেধ যজ্ঞে দীক্ষিত হইয়াছে। পুরন্দর শত বাজি-
মেধ যজ্ঞফলে ব্রহ্মলোকে গমন করিয়াছে অতএব সেই রূপ শত
বাজিমেধ যজ্ঞ করিয়া ব্রহ্মলোকে গমনপূর্ব্বক দেবগণকে পরাজয়
করিবে। অতএব এই দানবের অকালমৃত্যু বিধানের চিন্তা করুন।
যেরূপে দানবের যজ্ঞ বিনাশ হয় এবং আমরা সুস্থাবস্থায় ধর্ম্মচিন্তনে
কালাতিপাত করিতে পারি তাহার উপায় করুন। ভগবান্ মধু-
সূদন দেবগণের কাতরোক্তি শ্রবণে দেবগণকে অভয়প্রদান করিয়া
সাত্বতদিগকে প্রেরণ করিলেন। তখন ভগবান্ মধুসূদন বিবুধগণকে
বিদায় দিয়া চিৎশক্তি দ্বারা জানিলেন, দানববর অতিবলবান আছেন
অতএব এই ধর্ম্মধ্বজ ধুন্ধুকে বঞ্চনা করিব এই মনে কল্পনা
করিলেন। অনন্তর ভগবান খর্ব্বাকৃতি বামনরূপ ধারণ করিয়া দেহ
পরিত্যাগপূর্ব্বক নিরালম্ব দেবিকা নদীর জলে কাষ্ঠবৎ ভাসমান

দৃষ্টাথ দৈত্যপতিনা দৈত্যৈশ্চান্যৈ স্তবর্দ্ধিভিঃ।
ততঃ কর্ম্মপরিত্যজ্য যজ্ঞীয়ং ব্রাহ্মণোত্তমাঃ।
সমুত্তারয়িতুংবিপ্র মাদ্রবন্তঃ সমাকুলাঃ।
সদস্যা যজমানাশ্চ সত্বিজোথ মহৌজসঃ।
নিমজ্জমান মুজ্জত্র ঃ সার্ব্বতং বামনং দ্বিজং।
সমুত্তীর্য্য প্রযত্নাত্তে পপ্রচ্ছুঃ সর্ব্বত্রবহি।
কিমর্থং পতিতো পীহ কেন ক্ষিপ্তোঽসি নারদ।
তেষামাকর্ণ্য বচনং কম্পমানো মুহুর্মু হুঃ।
প্রাহ ধুন্ধুঃ পুরোগাংস্তান্ শ্রূয়তামত্র কারণং।
ব্রাহ্মণো গুণবানাসী দিতিহাসেতি বিশ্রুতঃ।
সর্ব্বশাস্ত্রার্থবিৎপ্রাজ্ঞো গোত্রশ্চাপিতু চারণঃ।

অনুবাদ।

হইলেন। একবার সেই জলে মগ্ন হন একবার ভাসমান হন এইরূপে যদৃচ্ছাক্রমে গমন করাতে দানববর ধুন্ধু ও অন্যান্য দানব এবং আচার্য্য ঋষিগণের দৃষ্টিপথে পতিত হইলেন। যজ্ঞীয় ব্রাহ্মণ সকলেই দর্শনমাত্রেই বলিল এই যজ্ঞীয় অতি উত্তম ব্রাহ্মণ। তখন ব্রাহ্মণগণ ব্যস্তসমস্ত হইয়া তৎক্ষণাৎ বামনরূপী ভগবানকে সেই দেবিকা জল হইতে উত্তীর্ণ করিবার উদ্যোগ করিল। সদস্য ও যাগকারি তেজস্বী ব্রাহ্মণগণ সকলেই সেই বামনরূপধারী ভগবানকে জল হইতে উত্তীর্ণ করিবার জন্য জলে মগ্ন হইল। সকলে জল হইতে ভগবানকে উত্তীর্ণ করিয়া জিজ্ঞাসা করিল। তুমি কি নিমিত্ত এই সলিলে নিমগ্ন হইয়াছ অথবা কোন ব্যক্তি তোমাকে এই জলে নিক্ষেপ করিয়াছে। তখন ভগবান তাহাদিগের কথা শ্রবণ করিয়া বারম্বার কম্পিত হইতে লাগিলেন। কিঞ্চিৎ পরে ভগবান্ ধুন্ধু প্রভৃতি সকলকে বলিলেন তোমরা ইহার কারণ শ্রবণ কর।

তস্যপুত্র দ্বয়ং জাতং মন্দপ্রজ্ঞং সুদুঃখিতং।
তত্রজ্যেষ্ঠো মমভ্রাতা কনীয়ানবরস্ত্বহং।
নেত্রহাস ইতিখ্যাতো জ্যেষ্ঠোভ্রাতা মহাসুর।
মমনাম পিতাচক্রে গতিহাসেতি কৌতুকাৎ।
রম্যশ্চাবসথোধুন্ধো শুভআসীৎ পিতুর্মম।
ত্রিপিষ্টপে গুণযুতঃ স্বর্গবাসোপমঃ শুভঃ।
ততঃ কালেন মহতা আবয়োঃ সপিতামৃতঃ।
তস্যোর্দ্ধ দৈহিকং কৃত্বা গৃহমাবাং সমাগতৌ।
ততোময়োক্তঃ সভ্রাতা বিভজাম গৃহং বয়ং।
তেনোক্তং নৈবভবতোবিদ্যতে ভাগইত্যহং।
কুব্জ বামন খঞ্জানাং ক্লীবানাং শ্বিত্রিণামপি।
উন্মত্তানাং তথান্ধানাং ধনভাগো ন বিদ্যতে।
শয্যাশনং স্থানমাত্রং যাবদন্নং ভুক্তিক্রিয়া।

অনুবাদ।

দেশবিখ্যাত গুণবান চারণগোত্রসম্পন্ন এক ব্রাহ্মণ ছিলেন। সেই মহাত্মার মন্দ প্রজ্ঞ ও সুদুঃখিত দুই পুত্র ছিল। নেত্রহাস নামা আমার জ্যেষ্ঠ, আমি তাঁহার কনিষ্ঠ, পিতা কৌতুকপ্রযুক্ত আমার নাম গতিহাস রাখিয়াছিলেন। হে ধুন্ধো! আমার পিতার একটি রমণীয় আশ্রম ছিল। স্বরলোকে স্বর্গবাসীর ন্যায় তাহাতে অতিশয় পিতা সুখী ছিলেন। কিঞ্চিৎকাল পরে আমারদিগের পিতা কালগ্রাসে পতিত হইলেন আমরা পিতার ঔর্দ্ধদেহিকাদি কার্য্য সমাধা করিয়া গৃহে প্রত্যাগমন করিলাম। অনন্তর আমার জ্যেষ্ঠ আমাকে বলিলেন, আমরা আমাদিগের সম্পত্তি বিভাগ করিব, কিঞ্চিৎ পরে জ্যেষ্ঠ বলিলেন তোমার ভাগ নাই, কারণ কুব্জ, বামন, খঞ্জ, ক্লীব, উন্মত্ত, অন্ধ ও শ্বিত্রী এই সকল ব্যক্তি ধনভাগ পায় না, অতএব তুমি বিভবাংশ

একাবন্দীয়তে তেভ্যো নার্থভাগহরাস্মিতে।
এবমুক্তোময়াসোহং কিমর্থং পৈতৃকাদ্ধনাৎ।
ধনার্দ্ধভাগ মর্হামি নাহং ন্যায়েনকেন [illegible]।
ইত্যুক্তবতিবাক্যেসৌ ভ্রাতামে কোপ[illegible]যুতঃ।
সঙ্গৃহ্য ক্ষিপ্যা ক্ষিপন্নদ্যা মস্যাং মাগিতিকারণং।
সমাস্থনিম্নগায়াস্তু মধ্যেচ প্লবতোগতঃ।
কালঃ সংবৎসরাখ্যস্তু যুষ্মাভিরিহচোদ্ধৃতঃ।
কে ভবন্তোত্র সংপ্রাপ্তাঃ স্নেহার্দ্রাবান্ধবাইব।
কোয়ঞ্চ শক্র প্রতিমো দীক্ষিতো যো মহাভুজঃ।
তন্মেসর্ব্বং সমাখ্যাতং যথা তথ্যং তপোধনাঃ।
সহার্দ্দসংযুতাযূয়ং সানুকম্পাশ্চ মে ভৃশং।
তে বামন বচঃশ্রুত্বা ভার্গবা দ্বিজসত্তমাঃ।

অনুবাদ।

প্রাপ্ত হইবে না। কেবল শয্যা, অশন এবং ভোজনক্রিয়া [illegible] হয়, এরূপ মাত্র স্থান পাইবে, তোমাকে এই মাত্র দিব, ধনভাগ দিব না। অগ্রজ এইরূপ বলিলে আমি তাঁহাকে বলিলাম কি নিমিত্ত পৈতৃক সম্পত্তিতে বঞ্চিত হইব। আমি পৈতৃক সম্পত্তির অর্দ্ধাংশ গ্রহণ করিব, কোন ন্যায় বা অন্যায় কিছুতেই শুনিব না, আমি এই কথা বলিলে আমার জ্যেষ্ঠ সাতিশয় ক্রুদ্ধ হইয়া আমাকে গ্রহণ পূর্ব্বক এই নদীর তোয়ে নিক্ষেপ করিলেন, আমার জলমগ্নের এই কারণ। আমি এই নদীতোয়ে ভাসমান হইয়া এক বৎসরকাল অতিবাহিত করিয়াছি, এক্ষণে তোমরা আমাকে উদ্ধৃত করিলে এস্থানে সস্নেহদৃষ্টি বান্ধবের ন্যায় তোমরা কে? পুরন্দর সদৃশ মহাবাহু যজ্ঞে দীক্ষিত হইয়াছেন ইনিই বা কে? হে তপোধনগণ! এই সকল বিষয় বিশেষ করিয়া আমাকে যথার্থ বল। তখন

প্রোচুর্দৈত্যপতিং সর্ব্বে বামনার্থকরং ধুন্ধুং ।
প্রাহ দ্বিজেন্দ্র তে দদ্মি যাবদিচ্ছসি বৈ ধনং ।
দাস্যে গৃহং হিরণ্যঞ্চ বাজিনঃ স্যন্দনানহং ।
প্রযচ্ছাম্যেষ ভাগন্তে প্রীয়তামীপ্সিতং প্রভো ।
তদ্বাক্যং দানবপতেঃ শ্রুত্বা দেবোহথ বামনঃ ।
প্রাহাসুরপতিং ধুন্ধুং স্বার্থসিদ্ধিকরং বচঃ ।
সোদরেণাপি হি ভ্রাত্রা হ্রিয়ন্তে মম সম্পদঃ ।
তস্মা ক্ষমস্তমদ্বিত্তং কিমন্যেন হরিষ্যতে ।
দাসী দাস মলঙ্কারং গৃহং রত্ন পরিচ্ছদাঃ ।
সমর্থেষু দ্বিজেন্দ্রেষু প্রযচ্ছস্ব মহাভুজ ।
মৎপ্রমাণমালোক্য মমভূমিপদত্রয়ং ।
তাং প্রযচ্ছস্ব দৈত্যেন্দ্র নাধিকং রক্ষিতুং মম ॥

অনুবাদ।

সকলে বামনরূপী ব্রাহ্মণকে অর্থ প্রদানের নিমিত্ত দানবপতি ধুন্ধুকে অনুরোধ করিল। দানববর সেই ক্ষুদ্ররূপী ব্রাহ্মণকে বলিল, হে দ্বিজেন্দ্র! আপনি প্রার্থনা করুন্ আমি তোমাকে ধন, দাস, গৃহ, হিরণ্য, ঘোটক ও রথ প্রভৃতি দান করিতে অভিলাষ করিয়াছি অতএব আপনি যে অভিলাষ ব্যক্ত করিবেন তাহাই তোমাকে প্রদান করিব। দানববরের এইরূপ বাক্য শ্রবণ করিয়া বামনরূপী ভগবান দানবপতি ধুন্ধুকে আপনার কার্য্যসিদ্ধির জন্য বলিলেন। আমার সোদর আমার সম্পত্তি হরণ করিয়াছে, আমি অক্ষম প্রযুক্ত তাহার ভাগপ্রাপ্ত হই নাই, দাস দাসী অলঙ্কার, গৃহ, রত্ন ও পরিচ্ছদ প্রভৃতি সমস্ত সক্ষম ব্রাহ্মণকে দান কর, হে মহাভুজ! কেবল মাত্র আমার প্রমাণ [illegible] তুমি আমাকে দান কর। অধিক ভূমি রক্ষা করিতে আমি

ইত্যেব মুক্তেবচনে মহাত্মা বিহস্য দৈত্যাধিপতিঃ স ঋত্বিক্।
প্রাদাদ্দ্বিজেন্দ্রায় পদত্রয়ং যদা তদাসনাম্ভং প্রগৃহেতি কিঞ্চিৎ।
পদত্রয়েতোয়মবেক্ষ্যদত্তং মহাসুরেন্দ্রেণ বিভুর্যশস্বী।
চক্রে ততো লঙ্ঘয়িতুং ত্রিলোকীং ত্রিবিক্রমং রূপ মনন্তশক্তিঃ।
কৃত্বাচ রূপং দিতিজাংশ্চহত্বা প্রক্রম্যচোর্ব্বীং প্রথমক্রমেণ।
মহীং মহীধ্রৈঃ সহিতাং সহার্ণবাং জহার রত্নাকরপত্তনৈর্যুতাং।
ভুবঃসনাকং ত্রিদশাধিবাসং সোমার্ক ঋক্ষৈরভিমণ্ডিতং নভঃ।
দেবোদ্বিতীয়েন জহার বেগাৎ ক্রমেণদেবঃ প্রিয়ণীপ্সুরীশ্বরঃ।
ক্রমং তৃতীয়ং ন যদাস্য পূরিতং দদাতি কোপাদনুপুঙ্গবস্য।
পপাতপৃষ্ঠে ভগবাং স্ত্রিবিক্রমো মেরু প্রমাণেন তু বিগ্রহেণ॥

অনুবাদ।

সমর্থ হইব না। এই কথা বামনরূপী ভগবান বলিলে আচার্য্যগণের সহিত দানববর উচ্চৈঃস্বরে হাস্য করিয়া বলিল তোমাকে এইরূপ পদত্রয় ভূমি প্রদান করিব, অন্য কোন বস্তু গ্রহণ করিতে অভিলাষ কর নাই। অনন্তর দানববর ধুন্ধু পদত্রয় ভূমি দান করিয়া, বামনরূপী ভগবানের হস্তে তোয় প্রদান করিলে তাহা অবলোকন করিয়া ত্রিলোকলঙ্ঘন করিবার জন্য ত্রিবিক্রম রূপ ধারণ করিলেন। অনন্ত-শক্তি ভগবান এবম্বিধ ভয়ঙ্কর রূপ ধারণপূর্ব্বক অন্যান্য দানবগণকে বিনাশ করিয়া একপদে মহীধরের সহিত মহী এবং অর্ণবের সহিত রত্নাকর ও গ্রাম নগর সমস্ত হরণ করিলেন। অনন্তর দেবগণের প্রিয়-কারী ভগবান দ্বিতীয়পদে ভুবঃ স্বর্গলোক এবং চন্দ্র, সূর্য্য ও গ্রহ নক্ষত্রমণ্ডিত নভোমণ্ডল হরণ করিলেন। যখন দানববর ভগবানের তৃতীয় পদ পূরণ করিতে অসমর্থ হইল তখন ত্রিবিক্রম রূপ-ধারী ভগবান ক্রোধে অধীর হইয়া দানবের পৃষ্ঠে পর্ব্বত সদৃশ

পততা বাসুদেবেন দানবোপরি নারদ।
দশযোজনসাহস্রী ভূমের্গর্ত্তা দৃঢ়ীকৃতা।
ততো দৈত্যং সমুৎপাত্য তস্যাং প্রক্ষিপ্য বেগতঃ।
অবর্ষৎ সিকতাবৃষ্ট্যা তঞ্চ গর্ত্তমপূরয়ৎ।
ততঃ স্বর্গং সহস্রাক্ষো বাসুদেবপ্রসাদতঃ।
ভগবানপি দৈত্যেন্দ্রং প্রক্ষিপ্য সিকতার্ণবে।
কালিন্দ্যাং রূপমাদায় তত্রৈবান্তরধীয়ত॥

এবং পুরা বিষ্ণুরভূৎ স বামনো
ধুন্ধুং বিজেতুঞ্চ ত্রিবিক্রমোঽভূৎ।
যস্মিন্ স দৈত্যেন্দ্রসুতো জগাম
মহাশ্রমে পুণ্যযুতে সর্বদা॥

ইতি শ্রীবামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে ধুন্ধুবিজয়ো নাম
অষ্টচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

স্বীয় কলেবর নিক্ষেপ করিলেন। ভগবান ত্রিবিক্রম দানববরের উপরি পতিত হইলে ভূমিতলে দশসহস্র যোজন পরিমিত এক দৃঢ়তর গর্ত্ত প্রস্তুত হইল। তখন ভগবান সেই গর্ত্তমধ্যে দানবকে বেগে পাতিতকরিয়া বালুকাময় বৃষ্টিদ্বারা সেই গর্ত্ত পূরণ করিলেন, তাহাতে দানবকুল এককালে নিধন হইল। অনন্তর ভগবান বাসুদেবের অনুগ্রহে পুরন্দর ও অন্যান্য দেবগণ নিরুপদ্রবে ত্রিলোক লাভ করিলেন। ভগবান বাসুদেব দানবকে সিকতার্ণবে মগ্ন করিয়া কালিন্দীতীরে সেই ভয়ঙ্কর রূপ সম্বরণ করিয়া তিরোহিত হইলেন। এইরূপ পূর্ব্বকালে বামনরূপী ভগবান ধুন্ধুকে জয় করিবার নিমিত্ত ত্রিবিক্রমরূপ ধারণ করিয়াছিলেন অনন্তর দৈত্যেন্দ্র তনয় প্রহ্লাদ এইরূপ মহাপুণ্যজনক সেই মহাশ্রমে গমন করিলেন।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে অষ্টচত্বারিংশ
অধ্যায় সমাপ্ত।

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

গতে চ তীর্থযাত্রায়াং প্রহ্লাদে দানবেশ্বরে।
কুরুক্ষেত্রং সমভ্যাগাদ্যষ্টুং বৈরোচনির্বলিঃ।
তস্মিন্মহাধর্ম্মযুতে তীর্থে ব্রাহ্মণপুঙ্গবঃ।
শুক্রোঽদ্বিজাতিপ্রবরানামন্ত্রয়ত ভার্গবান্।
ভৃগূনামন্ত্র্যমাণান বৈ শ্রুত্বাত্রেয়াঃ সগৌতমাঃ।
কৌশিকাঙ্গিরসশ্চৈব আযযুঃ কুরুজাঙ্গলান্।
উত্তরায়াং প্রজগ্মুস্তে নদীমনুশতদ্রবাং।
শাতদ্রবে জলেস্নাত্বা বিপাশাং প্রযযুস্ততঃ।
বিজ্ঞায় তত্রাপ্যরাত্রিস্নাত্বার্চ্চ্য পিতৃদেবতাঃ।
প্রজগ্মুঃ কিরণং পুণ্যাং দিনেশং কিরণাচ্যুতং।
তস্যাং স্নাত্বা চ দেবর্ষে সর্ব্বত্রৈব মহর্ষয়ঃ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। দানববর প্রহ্লাদ তীর্থযাত্রায় গমন করিলে দৈত্যরাজ বিরোচনাত্মজ বলি যজ্ঞ করিবার জন্য কুরুক্ষেত্রে গমন করিলেন। সেই মহাধর্ম্মযুত তীর্থ প্রবরে দানবাচার্য্য ভার্গব অন্যান্য ভার্গববংশীয় ব্রাহ্মণগণকে আহ্বান করিলেন। ব্রাহ্মণগণ শুক্রাচার্য্য আবাহন করিয়াছেন শ্রবণ করিয়া অত্রি, গৌতম, কৌশিক, আঙ্গিরা প্রভৃতি তাপসগণকে সঙ্গে লইয়া তাঁহাদের নিকট গমন করিলেন। ব্রাহ্মণগণ তথা হইতে উত্তরদিগে কুরুজাঙ্গলে গমন করিলেন। পরে তথা হইতে শতদ্রুতে গমনপূর্ব্বক শতদ্রুর পুণ্যসলিলে অবগাহন করতঃ বিপাশা নদীতে গমন করিলেন। সেই বিপাশানদীর অবস্থিতি দেখে স্নান ও পিতৃতর্পণাদি করতঃ কিরণ পুণ্যে সেখানে দিবাকরের কিরণজাল অক্ষয় কীর

ঐরাবতীং সুপুণ্যোদাং আজগ্মু র্যথেশ্বরীং।
দেবিকায়া জলেস্নাত্বা পয়োষ্ণ্যাঞ্চৈব তাপসাঃ।
অবতীর্ণা মুন স্নাত্বা আত্রেয়াশ্চাপিতাং নদীং।
ততো নিম্নগা দদৃশুঃ প্রবিচিন্তিত মানসং।
অন্তর্জ্জলে দ্বিজশ্রেষ্ঠ মহদাশ্চর্য্যকারকং।
উন্মজ্জন্নেব দদৃশুঃ পুনর্বিস্মিত মানসাঃ।
তত্র স্নাত্বা সমুত্তীর্ণা ঋষয়ঃ সর্ব্বতশ্চহি।
জগ্মু স্ততোপিহি ব্রহ্মন্ কথয়ন্তঃ পরস্পরং।
চিন্তয়ন্তশ্চ সততং কিমেতদিতি বিস্মিতাঃ।
এতে দূরাদপশ্যন্ত বনষণ্ডং সুবিস্তৃতং।
ঘনাভং ভগবৎ শ্যামং খগধ্বনি নিনাদিতং।
অতিতুঙ্গ ইয়াব্যোম আবৃণ্বানং নগোত্তমান্।
বিস্তৃতাভির্জ্জটাভিস্তু অন্তভু মিঞ্চ নারদ।

অনুবাদ।

হে ব্রহ্মা সেই পুণ্যক্ষেত্র হইতে ঐরাবতী নদীতে গমন করিলেন সেই ঐরাবতীতে অবগাহন করতঃ দেবিকা নদীতে গমন করিলেন। তাপসগণ দেবিকার উষ্ণজলে অবগাহন করিয়া আত্রেয়ী নদীতে গমন করিলেন। অনন্তর আচার্য্যগণ চিন্তিত মনে আত্রেয়ীর নির্ম্মল সলিল দর্শন করতঃ সেই নদীর জলমধ্যে নিমগ্ন হইয়া এক আশ্চর্য্য দর্শন করতঃ পুনর্বিস্মিত হইলেন। সেই তাপসগণ দূর হইতে বিস্তৃত জলদ মেঘবর্ণ ভগবান কৃষ্ণের ন্যায় শ্যামবর্ণ খগধ্বনি নিনাদিত বনখণ্ড অবলোকন করিলেন। অতিশয় উচ্চপ্রযুক্ত পর্ব্বতের ন্যায় নভস্থল স্পর্শ করিয়াছে। বিস্তৃত জটাদ্বারা অধোভূমি পূর্ণ হইয়াছে চতুর্দ্দিগ প্রফুল্ল প্রসূনদ্বারা কানন অতি মনোহর হইয়াছে নক্ত পর্য্যন্ত নকোমলা সম্পূর্ণ মাধুর্য্য প্রসূনদ্বারা অতি সুখদ হইয়াছে

কাননং পুষ্পিতৈর্বৃক্ষৈ রক্তজাতি সমন্ততঃ ।
দশার্দ্ধবর্ণৈঃ সুখদৈ র্নভো স্তারাগণৈরিব ।
তং দৃষ্ট্বা কমলৈর্ব্যাপ্তং পুণ্ডরীকৈশ্চ শোভিতং ।
তদ্বৎ কোকনদৈর্ব্যাপ্তং বনং পদ্মবনং যথা ।
প্রজগ্মু স্তুষ্টিমতুলাং প্রমোদং পরমং যযুঃ ।
বিবিশুঃ প্রীতিমনসো হংসা ইব মহৎসরঃ ।
তন্মধ্যে দদৃশুঃ পুণ্যমাশ্রমং লোকপূজিতং ।
চতুর্ণাং লোকপালানাং বর্ণানাং মুনিসত্তম ।
বর্ণাশ্রমং প্রাঙ্মুখন্তু পলাশ বিটপাবৃতং ।
দক্ষিণাভিমুখং চাপি সর্ব্বকাম প্রসাধকং ।
পশ্চান্মুখঞ্চ মোক্ষস্য শুদ্ধস্ফটিক বর্চ্চসং ।
কৃতান্তে ত্বাশ্রমে মোক্ষঃ কামস্ত্রেতাং ততোশ্রমী ।
আশ্রমোদ্বাপরান্তে তিষ্ঠাদৌ ধর্ম্মআশ্রমী ।
তান্যাশ্রমানি মুনয়ো দৃষ্ট্বা ত্রয়াদয়োহব্যয়া ।
তত্রৈবচরতিশ্চক্রুরখণ্ডে সলিলাপ্লুতে ।

অনুবাদ ।

তাপসগণ এইরূপ মনোহর কাননের শোভা অবলোকন করতঃ এবং কোমল প্রফুল্ল পুণ্ডরীকদ্বারা বিরাজিত এবং কোকনদ পূর্ণ জলাশয় দর্শন করিয়া সাতিশয় সন্তোষ লাভ করিয়া সেই বিস্তৃত সরোবরে সন্তুষ্ট চিত্তে হংস সদৃশ গমন করিলেন। তন্মধ্যে লোক-পূজিত এক পুণ্যাশ্রম দর্শন করিলেন। হে মুনি সত্তম ! তথায় চতুর্লোকপালগণের পলাশ বিটপাবৃত প্রাঙ্মুখ বর্ণাশ্রম, দক্ষিণমুখে সর্ব্বকাম প্রদায়ক আশ্রম। পশ্চিমভাগে স্ফটিক সদৃশ নির্ম্মল মোক্ষাশ্রম সত্যযুগান্তে সেই আশ্রম মোক্ষপ্রদ, দ্বাপরান্তে ধর্ম্মপ্রদ ছিল অত্রিপ্রভৃতি তাপসগণ এইরূপ আশ্রম সকল অবলোকন করিয়া

ধর্ম্মার্থে ভগবান্ বিষ্ণুরখণ্ড ইতিবিশ্রুতঃ।
চতুর্মূর্ত্তির্জগন্নাথ পূর্ব্বমেব প্রতিষ্ঠিতঃ।
তমর্চ্চয়ন্তি ঋষয়ো যোগাত্মানো বহুশ্রুতাঃ।
শুশ্রূষয়াথ তপসা ব্রহ্মচর্য্যেণ নারদ।
এবং তেষ্ববসং স্তত্র সমেতা মুনয়োবনে।
অসুরেভ্যস্তদাভীতাস্ত্বাশ্রিত্যাখণ্ড পর্ব্বতং।
তথান্যে ব্রাহ্মণা ব্রহ্মন্নশ্মকুট্টা মরীচিপাঃ।
স্নাত্বাজলেহি কালিন্দ্যাঃ প্রজগ্মু দক্ষিণামুখাঃ।
তেচান্তে বিষয়ংপ্রাপ্য বিষ্ণু মাসাদ্য সংস্থিতাঃ।
বিষ্ণোরপি প্রসাদেন দুষ্প্রবেশং মহাসুরৈঃ।
বালিখিল্যাদয়োজগ্মুরবস. দানবাদ্ভয়াৎ।
রুদ্রকোটিং সমাশ্রিত্য স্থিতাস্ত ব্রহ্মচারিণঃ।

অনুবাদ।

সেই আশ্রমের অখণ্ড পর্ব্বত সলিলে অবগাহন করিলেন। ভগবান বিষ্ণুধর্ম্ম সংস্থাপনের নিমিত্ত অখণ্ড নাম ধারণ করিয়াছিলেন। সেই পর্ব্বতে পূর্ব্বকালে ভগবান জগন্নাথ কৃষ্ণ মূর্ত্তি ধারণ করিয়াছিলেন। সর্ব্বশাস্ত্রবেত্তা যোগশীল অত্রি প্রভৃতি তাপসগণ সেই স্থানে যথা বিধানে ভগবানকে পূজা করতঃ শুশ্রূষার জন্য ব্রহ্মচর্য্য তপস্যা আচরণ করিলেন। এইরূপে তাপসগণ পরস্পর মিলিত হইয়া সেই স্থানে অবস্থিতি করিয়া দানবগণের ভয়ে ভীত হইয়া অন্যান্য মরীচি গোত্রসম্পন্ন ব্রাহ্মণগণ কালিন্দীর নির্ম্মল সলিলে অবগাহন পূর্ব্বক দক্ষিণামুখে গমন করিলেন। তাপসগণ পরে তপস্যা করতঃ ভগবান বিষ্ণুকে লাভ করিয়া তথায় অবস্থিতি করিলেন। সেস্থানে ভগবান্ বিষ্ণুর অনুগ্রহে দানবগণ প্রবেশ করিতে পারিল না। বালিখিল্য প্রভৃতি তাপসগণ দানবের ভয়ে অবসাদ

এবং গতেষু বিপ্রেষু গৌতমাঙ্গিরসাদিষু ।
শুক্রস্তু ভগবান্ সর্ব্বান্নিন্যে যজ্ঞবিধৌ মুনে ।
আধিষ্ঠিতে ভার্গবৈস্তু মহাযজ্ঞে নিতম্বকে ।
যজ্ঞদীক্ষাং বলিং শুক্রশ্চকার বিধিনান্বয়ঃ ।
শ্বেতাম্বর ধরো দৈত্যঃ শ্বেতমাল্যানুলেপনঃ ।
মৃগাজিনাস্তৃতঃ পৃষ্ঠে বর্হিপত্র বিচিত্রিতঃ ।
সমাস্তে বিততে যজ্ঞে সদস্যৈরভি সংবৃতঃ ।
হয়গ্রীব কুলাদাদ্যৈর্ময়বাণপুরোগমৈঃ ।
পত্নী বিন্ধ্যাবলী চাস্য দীক্ষিতা যজ্ঞকর্ম্মণি ।
ললনানাং সহস্রস্য প্রধানা গিরিকন্যকা ।
শুক্রেণাশ্বঃ শ্বেতবর্ণো মধুমাসি সুলক্ষণঃ ।
মহাবিচারী উৎসৃষ্ট স্তারকাক্ষোন্বগাচ্চতং ।

অনুবাদ ।

হইয়া রুদ্র কোটি আশ্রয় করতঃ দানবের ভয় হইতে ত্রাণ হইয়া গমন করিলেন। এইরূপে গৌতম ও আঙ্গিরা প্রভৃতি তাপসগণ গমন করিলে। ভগবান শুক্র সেই সকল তাপসগণকে দানব রাজ বলির যজ্ঞে ব্রতী করিলেন। ভার্গব প্রভৃতি তাপসগণ সেই যজ্ঞ স্থানে উপস্থিত হইলে দানবাচার্য্য ভার্গব দানবরাজ বলিকে যজ্ঞে দীক্ষিত করিলেন। শ্বেতবস্ত্র পরীধান শ্বেতমাল্যধারী সুশোভিত এবং বর্হিপত্র সুশোভিত মৃগাজিনে আসীন। এইরূপে বলির যজ্ঞ আরম্ভ হইলে হয়গ্রীব কুলসম্ভূত ব্রাহ্মণগণ সদস্য কার্য্যে নিযুক্ত হইলেন। বলির সহস্র ললনার মধ্যে প্রধান গিরিতনয়া বৃন্দাবলী সেই যজ্ঞে দীক্ষিতা হইলেন। অনন্তর শুক্রাচার্য্য চৈত্রমাসে সুলক্ষণাক্রান্ত এক শ্বেতবর্ণ ঘোটক মুক্ত করিলেন, ঐ ঘোটক রক্ষার্থ মহাপরাক্রম দানবরাজ তারকাক্ষ তাহার

এবমশ্বে সমুৎসৃষ্টে দিবসে যজ্ঞকর্মণি।

গতে চ মাসত্রিতয়ে দনুমানে চ পাংকে।

পূজ্যমানেষু দৈত্যেষু মিথুনস্থে দিবাকরে।

সুষুবে দেবজননীমাধবং বামনাকৃতিং।

তং জাতমাত্রং ভগবন্তমীশং নারায়ণং লোকপতিং পুরাণং।

ব্রহ্মা সমভ্যেত্যসমং মহর্ষিভিস্তোত্রং জগাদাথসমং মহর্ষে।

নমোস্তুতে মাধব সত্ত্বমূর্ত্তে নমোস্তুতে শাশ্বতদিব্যরূপ।

নমোস্তুতে শত্রুবলেন্ধনাগ্নে নমোস্তুতে পাপমহাদবাগ্নে।

নমস্তে পুণ্ডরীকাক্ষ নমস্তে বিশ্বভাবন।

নমস্তে জগদাধার নমস্তে পুরুষোত্তম।

নারায়ণ জগদ্ধাত জগন্নাথ গদাধর।

অনুবাদ।

অগ্নুগামী হইল। এইরূপে অশ্বযুক্ত করিয়া হুতাশনে আহুতি প্রদানপূর্ব্বক বিস্তৃত যজ্ঞ কার্য্য মাসত্রয় অতিবাহিত হইলে দানবগণের ক্রমশঃ উৎসাহ বর্দ্ধন হইল। এই সময়ে মিথুনস্থ ভাস্করে অর্থাৎ আষাঢ়মাসে দেবজননী অদিতি বামনাকৃতি মধুসূদনকে প্রসব করিলেন। হে মহর্ষে! ভগবান মাধব জন্ম গ্রহণ করিলে মহর্ষিগণের সহিত ভগবান ব্রহ্মা সেই স্থানে গমন পূর্ব্বক দিব্যাকৃতি বামনরূপী ভগবান ঈশ্বরকে স্তব করিলেন। হে সত্ত্বমূর্ত্তে, হে মাধব, তোমাকে নমস্কার করি। হে শাশ্বত দিব্যমূর্ত্তে! তুমি শত্রুগণের বলরূপইন্ধন অগ্নিরূপে দগ্ধ করিয়াছ, তুমি পাপাত্মক কার্য্য অগ্নিরূপে ভস্মীভূত করিতেছ অতএব তোমাকে নমস্কার করি। হে পুণ্ডরীকাক্ষ, হে বিশ্বভাবন, হে পুরুষোত্তম, হে জগদাধার, তোমাকে নমস্কার করি। তুমি জগতের

পীতবাসং প্রিয়কান্ত জনার্দ্দন নমোহস্তুতে।
ভবান্ ত্রাতা চ গোপ্তা চ বিশ্বাত্মা সর্ব্বগো হরিঃ।
সর্ব্বাধারী ধরাধারী রূপধারি নমোহস্তুতে।
বর্দ্ধস্ব বর্দ্ধিতাশেষ ত্রৈলোক্য সুরপূজিতঃ।
কুরুস্ব দেবতপতে মহাজ্বলক্রমার্জ্জনং।
ত্বং ধাতা চ বিধাতা চ সংহর্ত্তা ত্বং মহেশ্বর।
মহালয় মহাযোগিন্ যোগশায়িন্নমোহস্তুতে।
ইত্থং স্তুতো জগন্নাথঃ সর্ব্বাত্মা সর্ব্বগোহরিঃ।
প্রোবাচ ভগবান্মহ্যং কুরূপনয়নং বিভো।
ততশ্চকার দেবস্য জাতকর্ম্মাদিকাঃক্রিয়াঃ।
ভরদ্বাজো মহাতেজা বার্হস্পত্য স্তপোধনঃ।
ব্রতবন্ধং তথেশস্য কৃতবান্ সর্ব্বশাস্ত্রবিৎ।

অনুবাদ।

নাথ তুমি জগৎধারণ করিতেছ, হে গদাধর, তুমি কমলার পতি তুমি পীতাম্বরধারী তুমি সকলের ত্রাতা তুমি সকলের রক্ষক তুমি বিশ্বময় তোমাতে সমস্ত লয়পায় তুমি সকলের আধার তুমি বিশ্বের আধার তুমি অসংখ্য রূপধারণ করিয়াছ তোমাকে নমস্কার করি। হে ত্রৈলোক্য সুরপূজিত তুমি বর্দ্ধিত হও এবং পুরন্দরের অঙ্ক মার্জ্জন কর। তুমি ধাতা তুমি বিধাতা তুমি সংহারকারী মহেশ্বর। তুমি মহালয়কারী তুমি মহাযোগকারী তুমি যোগশায়ী তোমাকে নমস্কার করি। এইরূপ ভগবানকে স্তব করিলে সর্ব্বাত্মা সর্ব্বময় ভগবান্ হরি ব্রহ্মাকে বলিলেন, হে ব্রহ্মন্! আমার উপনয়নাদি সংস্কার বিধান কর। তখন মহাতেজস্বী ভরদ্বাজ [illegible] ভগবানের জাতকর্ম্মাদি ক্রিয়া সমস্ত নির্ব্বাহ [illegible] সর্ব্বশাস্ত্রবেত্তা [illegible] ভগবানের উপনয়ন [illegible]

ততো দদুঃ প্রীতিযুক্তা সর্ব্বএবতান্ ক্রমাৎ।
যজ্ঞোপবীতং পুলহ স্ত্বহঞ্চসিতবাসসী।
মৃগাজিনং কুম্ভযোনি র্ভরদ্বাজস্তু মেখলাং।
পালাশমদদং দণ্ডং মরীচি র্ব্রহ্মণঃ সুতঃ।
অক্ষসূত্রং বারুণিস্তু কৌশস্তদেবো প্যথাঙ্গিরাঃ।
ছত্রং প্রাদাদ্রঘুরাজ উপানদ্যুগলং নৃপঃ।
কমণ্ডলুং বৃহত্তেজাঃ প্রাদাদ্দ্বিজো বৃহস্পতিঃ।
এবং কৃতোপনয়নো ভগবান্ ভূতভাবনঃ।
সস্তূয়মান ঋষিভির্ব্বেদং সাঙ্গমধীয়ত।
ভরদ্বাজাদাঙ্গিরসাৎ সামবেদং মহাধ্বনিং।
মহদাখ্যানসংযুক্তং গান্ধর্ব্বসহিতং মুনে।
মাসেনৈকেন ভগবান্ জ্ঞান শ্রুতিভির্মহার্ণবঃ।
লোকাচার প্রবৃত্ত্যর্থ সর্ব্বশ্রুতিবিশারদঃ।

অনুবাদ।

করিলেন। পরে তাপসগণ সন্তুষ্ট চিত্তে এই সমস্ত দ্রব্যাদি দান করিয়াছিলেন। পুলহ যজ্ঞসূত্র দিলেন পুলস্ত্য শুক্লবস্ত্র যুগল দিলেন। অগস্ত্য মৃগচর্ম্ম, ভরদ্বাজ মেখলা, মরীচী পলাশদণ্ড, বারুণি অক্ষসূত্র, অঙ্গিরা ছত্র, রঘুরাজ উপানৎযুগল বৃহস্পতি কমণ্ডলু, প্রদানপূর্ব্বক ভূতভাবন ভগবানের উপনয়নাদি কার্য্য নির্ব্বাহ করিলে, ভগবান্ ঋষির নিকট সাঙ্গবেদ অধ্যয়ন করিলেন। এবং ভরদ্বাজ ও আঙ্গিরা মুনির নিকট হইতে সুললিত গানযুক্ত সামবেদ অধ্যয়ন করিলেন। এইরূপে এক মাস অধ্যয়ন করিয়া ভগবান্ সর্ব্বশাস্ত্রে পারদর্শিতা লাভ করিয়াছিলেন। লোকাচার প্রবৃত্ত শাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন। পরে ভগবান্ সর্ব্বশাস্ত্রে নৈপুণ্য লাভ করিয়া [illegible] বলিলেন। আপনি অনুমতি [illegible]

সর্ব্বশাস্ত্রেষু নৈপুণ্যং যস্যাদ্দেবোঽথ চাব্যয়ঃ ।
প্রোবাচ ব্রাহ্মণশ্রেষ্ঠং ভরদ্বাজমিদংবচঃ ॥

বামন উবাচ ।

ব্রহ্মন্ ব্রজামি দেহ্যাজ্ঞাং কুরুক্ষেত্রং মহোদয়ং ।
তত্র দৈত্যপতিঃ পুণ্যো হয়মেধঃ প্রবর্ত্ততে ।
মম বিষ্টানি চেষ্টানি পশ্যন্তু পৃথিবীতলে ।
যে সন্নিধানাঃ সততং মদংশাঃ পুণ্যবর্দ্ধনাঃ ।
যুষ্মাকং প্রতিজানামি কুরুক্ষেত্রং গতোবলিঃ ॥

ভরদ্বাজ উবাচ ।

স্বেচ্ছয়াগচ্ছবাতিষ্ঠ নাহমাজ্ঞাপয়ামিতে ।
গমিষ্যামো বয়ং বিষ্ণো বলেরধ্বরমাশ্রিতং ।
যত্তুবন্ত মহং দেব পরিপৃচ্ছামি তদ্বদ ।
কেষুকেষু বিভোনিত্যং স্থানেষু পুরুষোত্তম ।
সান্নিধ্যং ভবতোব্রুহি জ্ঞাতুমিচ্ছামিতান্যহং ॥

অনুবাদ ।

প্রদান করুন্ আমি কুরুক্ষেত্রে গমন করিব। সেই স্থানে দানব-পতি বলি অশ্বমেধ যজ্ঞে দীক্ষিত হইয়াছে, আমি সেই যজ্ঞস্থলে প্রবেশ করিব আপনারা এই অবনীতলে আমার চেষ্টা অবলোকন করুন। আমার অংশ সম্ভূত ও সতত সন্নিহিত পুণ্যবর্দ্ধনকারক যে সকল মূর্ত্তি বিদ্যমান আছে তোমাদিগকে অবগত করিতেছি তাহাদিগকে বলিবে দানবর বলি কুরুক্ষেত্রে গমন করিয়াছে। ভরদ্বাজ বলিলেন, আপনি যদৃচ্ছাক্রমে গমন করুন বা এই স্থানে অবস্থিতি করুন্ আমি তোমাকে অনুমতি করিব না। আমরা সকলে বলির যজ্ঞে গমন করিব। আমি আপনাকে একটী কথা জিজ্ঞাসা করি আপনি বলুন, হে পুরুষোত্তম! হে বিভো!

বামন উবাচ।

শ্রূয়তাং কথয়িষ্যামি যেষুযেষু গুরোহ্যহং।
নিবসামি সুপুণ্যেষু স্থানেষু বহুপুণ্যবান্।
মদাবতারৈর্বসুধা নভস্থলং পাতালমম্ভোনিচয়ং দিবঞ্চ।
দিশঃ সমস্তাগিরয়োহম্বুদাশ্চ ব্যাপ্তা ভরদ্বাজ মহানরূপৈঃ।
যেদ্দিব্যা যে চ ভৌমাজলগগনচরাঃ স্থাবরাযেচসত্বাঃ।
সেন্দ্রাঃ সার্কাঃ সচন্দ্রা যমবসুবরুণাঃ সাগ্নয়ঃ সানুপালাঃ॥
ব্রহ্মাদ্যাঃ স্থাবরান্তা দ্বিজখগসহিতা মূর্ত্তয়োবেপ্যমূর্ত্তাঃ।
তে সর্ব্বেমৎপ্রসূতা বহুবিধগণাঃ পূরণার্থং পৃথিব্যাং।
এতেহিমুখ্যাঃ সুরসিদ্ধদানবৈঃ পূজ্যাস্তথা সন্নিহিতামহীতলে।
যৈদৃষ্টমাত্রৈঃ সহসৈবনাশং প্রয়াতিপাপং দ্বিজবর্য্যকীর্ত্তিতৈঃ॥

ইতি শ্রীবামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে বামনব্রহ্ম
ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

কোন কোন স্থানে আপনার সান্নিধ্য মূর্ত্তি আছে তাহা জানিতে ইচ্ছা করি আপনি ব্যক্ত করুন্। বামনরূপী ভগবান বলিলেন, হে গুরো! আপনি শ্রবণ করুন্ আমি সে যে স্থানে বাস করিয়া থাকি আমার অবতারদ্বারা পৃথিবী নভোমণ্ডল পাতাল, সমুদ্র, স্বর্গ, দিঙ্মণ্ডল পর্ব্বত সকল এবং মেঘ সকল ব্যাপ্ত আছে। অতএব স্বর্গীয় বস্তু সকল এবং অবনীতল স্থিত ও সমুদ্রস্থিত সকল বস্তু এবং গগনচর স্থাবর ইন্দ্র আদিত্য এবং চন্দ্র যম বরুণ অগ্নি ও লোকপাল-গণ ব্রহ্মাপ্রভৃতি যে কোন স্থাবর বিমানচারী প্রভৃতি সাকার বা নিরাকার যে সকল বস্তু আছে হে দ্বিজেন্দ্র! এই সকল বিবিধ প্রাণিগণ ও বস্তুগণ জগৎ পূরণের জন্য অবনীতলে সৃষ্ট করিয়াছি। এই সকল সুরসিদ্ধ দানবগণের পূজ্য, আমার সন্নিহিত, তোমার নিকট কীর্ত্তন করিলাম যাঁহার দৃষ্টি বা কীর্ত্তনমাত্রে পাপ সকল বিনষ্ট হয়।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে ঊনপঞ্চাশত্তম
অধ্যায় সমাপ্ত।

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

শ্রীভগবান্ উবাচ।

আদ্যং মৎস্যং মহদ্রূপং সংস্থিতং মানসেহ্রদে।
সর্ব্বপাপক্ষয়করং কীর্ত্তনস্পর্শনাদিভিঃ।
কৌর্ম্মমন্ত্যং সন্নিধানং কৌশিক্যাং পাপনাশনং।
হয়শীর্ষঞ্চ কৃষ্ণাঙ্গং গোবিন্দং হস্তিনাপুরে।
ত্রিবিক্রমঞ্চ কালিন্দ্যাং লিঙ্গভেদে ভবংবিভুঃ।
কেদারে মাধবেশৌচং কুব্জাম্রে কৃষ্ণমূর্দ্ধজং।
নারায়ণং বদর্য্যাঞ্চ বরাহে গরুড়ধ্বজং।
জয়েশং ভদ্রসরসি বিপাশায়াং দ্বিজপ্রিয়ং।
রূপধারমিরাবত্যাং কুরুক্ষেত্রে জনার্দ্দনং।
কৃতশৌচে নৃসিংহঞ্চ গোকর্ণে বিশ্বধারিণং।
প্রাচীনে কামপালঞ্চ পুণ্ডরীকং মহাম্ভসি।
বিশাখযূপে অজিতং হংসং হংসপদে তথা।

অনুবাদ।

ভগবান্ বলিলেন। প্রথম আমি মানসহ্রদে মৎস্যরূপে অবস্থিতি করি যাহার কীর্ত্তন বা স্পর্শমাত্রেই সকল পাপ বিনষ্ট হয়। কৌশিকী নদীতে সর্ব্বাঘ বিনাশকারী কূর্ম্ম মূর্ত্তি, হস্তিনাপুরে কৃষ্ণবর্ণ হয়শীর্ষ গোবিন্দ মূর্ত্তি। কালিন্দী নদীতীরে ত্রিবিক্রম মূর্ত্তি, লিঙ্গভেদে ভবমূর্ত্তি, কেদার মাধবে শৌচমূর্ত্তি, কুব্জাম্রে কৃষ্ণ মূর্দ্ধজ, বদর্য্যাশ্রমে নারায়ণ, বরাহে গরুড়ধ্বজ, ভদ্রসরসি জয়েশ, বিপাশাতে দ্বিজপ্রিয়, ইরাবতীতে রূপধারী, কুরুক্ষেত্রে জনার্দ্দন, কৃতশৌচ নৃসিংহ, গোকর্ণে বিশ্বধারী, প্রাচীনে কামপাল, মহাসমুদ্রে পুণ্ডরীক, বিশাখযূপে অজিত, হংসপদে হংস, [illegible]

স্বয়ম্ভুবং মধুবনে অয়োগন্ধিঞ্চ পুষ্করে।
তথৈব বিপ্রপ্রবর বারানস্যাঞ্চ কেশবং।
অবিমুক্তকমত্রৈব লোলমর্কেন গীয়তে।
পদ্মায়াং পদ্মকিরণং সমুদ্রে বড়বামুখং।
কুমারধারে বাহ্নীশং কার্ত্তিকেয়ঞ্চ বর্হিণং।
তৈজসে শম্ভুমনঘং স্থাণুঞ্চ কুরুজাঙ্গলে।
বনমালিনমাহুর্মাং কিষ্কিন্ধ্যাবাসিনো জনাঃ।
বীরং কুবলয়ারূঢ়ং শঙ্খ চক্র গদাধরং।
শ্রীবৎসং সমুদারাঙ্গং নর্ম্মদায়াং শ্রিয়ঃপতিং।
মাহিষ্মত্যাং ত্রিনয়নং তত্রৈব চ হুতাশনং।
অর্ব্বুদে চাত্রসৌবর্ণং ক্ষ্মাধরং শূকরাচলে।
ত্রিনাচিকেতুং ব্রহ্মর্ষে প্রভাসে সকপর্দ্দিনং।
তত্রৈব মাং পরিখ্যাতং দ্বিতীয়ং শশিশেখরং।
উদয়ে শশিনং সূর্য্যং ধ্রুবঞ্চ দ্বিতীয়ং স্থিতং।

অনুবাদ।

তেছি। মহোদরে হয়গ্রীব প্রয়াগে যোগশায়ী, মধুবনে স্বয়ম্ভু, পুষ্করে অয়োগন্ধি, হে দ্বিজবর! বারানসীতে কেশব, যাহাকে মানবগণ অবিমুক্তক লোল বলিয়া থাকে। পদ্মাতে পদ্মকিরণ, সমুদ্রে বড়বামুখ, কুমারধারে বাহ্নীশ, কার্ত্তিকেয় ও বর্হিণ তৈজসে অনঘ শম্ভু, কুরুজঙ্গলে স্থাণু এবং কিষ্কিন্ধ্যাবাসীগণ আমাকে বনমালী বলিয়া থাকে। নর্ম্মদাতে শঙ্খচক্র গদাধারী শ্রীবৎস সুদার কৌস্তুভ বক্ষিত কুবলয়ারূঢ় বীর শ্রীপতি, মাহিষ্মতীতে ত্রিনয়ন হুতাশন, অর্ব্বুদে সৌবর্ণ, শূকরাচলে ক্ষ্মাধর হে ব্রহ্মর্ষে! প্রভাসে ত্রিনাচিকেতু ও কপর্দ্দী এই স্থানে মানবগণ আমাকে দ্বিতীয় শশিশেখর বলিয়া থাকে, উদয়াচলে শশি সূর্য্য ও ধ্রুব এই তিনকে

হেমকূটে হিরণ্যাক্ষং স্কন্দং শরবনেষু চ।
মহালয়ে স্মৃতং রৌদ্রং চত্বরেষু কুরুধ্বজ।
পদ্মনাভং মুনিশ্রেষ্ঠ সর্ব্বসৌখ্য প্রদায়িনং।
সপ্তগোদাবরে ব্রহ্মন্ বিখ্যাতং হাটকেশ্বরং।
শোণেচ রুক্মকবচং স্কন্ধে চ প্রাণতর্পণং।
বৃন্দাবনে মহাযোগি মোহেষু পুরুষোত্তমং।
প্লক্ষাবতরণে বিষ্ণুং শ্রীনিবাসং দ্বিজোত্তম।
সূর্য্যারকে চতুর্বাহুং মগধে চ সুরাধিপং।
গিরিব্রজে পশুপতিং শ্রীকণ্ঠং যমুনাতটে।
বনস্পতিং সমাখ্যাতং দণ্ডকারণ্য বাসিনং।
কালঞ্জরে নীলকণ্ঠং সরস্বন্ত মনুত্তমং।
হংসযুক্তং মহাকাশ্যাং সর্ব্বপাপ প্রণাশনং।
গোকর্ণে দক্ষিণে শর্ব্বং বাসুদেবং প্রজামুখে।
বিন্ধ্যপাদে মহাশৌরীং কথায়াং মধুসূদনং।
ত্রিকূট শিখরে ব্রহ্মং শ্চক্রপাণিন মাত্মবৎ।
লোহদণ্ডে হৃষীকেশং কোশলায়াং মনোহরং।

অনুবাদ।

অবস্থিতি করিয়া থাকি, হেমকূটে হিরণ্যাক্ষ, শরবনে স্কন্দ, মহালয়ে রৌদ্র হে তাপসবর! কুরুচত্বরে সর্ব্বসুখদাতা পদ্মনাভ, হে ব্রহ্মন্! সপ্ত গোদাবরে বিখ্যাত হাটকেশ্বর শোণে রুক্মকবচ, স্কন্ধে প্রাণতর্পণ, বৃন্দাবনে মহাযোগী, মোহে পুরুষোত্তম, প্লক্ষাবতরণে শ্রীনিবাস বিষ্ণু, সূর্য্যারকে চতুর্ব্বাহু, মগধে সুরাধিপ, গিরিব্রজে পশুপতি, যমুনাতটে শ্রীকণ্ঠ, দণ্ডকারণ্যে বনস্পতি, কালঞ্জরে নীলকণ্ঠ, মহাকাশীতে সকলপাপ বিনাশকারী হংসযুক্ত, দক্ষিণ গোকর্ণে শর্ব্ব, প্রজামুখে বাসুদেব, বিন্ধ্যপাদে মহাশৌরী

মহাবাহুং সুরাষ্ট্রে চ নবরাষ্ট্রে যশোধরং।
ভূধরং দেবিকানদ্যাং মহোদয়াং কুশপ্রিয়ং।
গোমত্যাং ছাদিতগদং শঙ্খোদ্ধারে চ শঙ্খিনং।
সুনেত্রং সৈন্ধবারণ্যে শূরং শূরপুরেস্থিতং।
অশ্রাক্ষঞ্চ হিরণ্নদ্যাং বীরভদ্রং ত্রিপিষ্টপে।
শঙ্কুকর্ণঞ্চ ভীমায়াং ভীমং শালবনেবিদুঃ।
বিশ্বামিত্রঞ্চ গদিতং কৈলাসে বৃষভধ্বজং।
মহিষং মহি[illegible]রণ্যে কামরূপে শশিপ্রভং।
বলদ্যামপিগোমিত্রং কটাহে পঙ্কজপ্রিয়ং।
উপেন্দ্রং সিংহলদ্বীপে শক্রাঙ্কে কুন্দমালিনং।
রসাতলে চ বিখ্যাতং সহস্রশিরসংমুনে।
কালাগ্নিরুদ্রং তত্রৈবতথান্যং কৃত্তিবাসসং
সুতলে কূর্ম্মমচলং নিতলে পঙ্কজাসনং।
মহাতলে চ বিখ্যাতং দেবেশং ছাগলেশ্বরং।

অনুবাদ।

কহিলেন মধুসূদন, হে ব্রহ্মন্! ত্রিকূট শিখরে চক্রপাণি, লৌহ দণ্ডে হৃষীকেশ, কোশলাতে মনোহর, সুরাষ্ট্রে মহাবাহু, নবরাষ্ট্রে যশোধর, দেবিকানদীতে ভূধর, মহোদাতে কুশপ্রিয়, গোমতীতে ছাদিতগদ, শঙ্খোদ্ধারে শঙ্খী, সৈন্ধবারণ্যে সুনেত্র, শূরপুরে শূর, হিরণ্নদীতে অশ্রাক, ত্রিপিষ্টপে বীরভদ্র, ভীমাতে শঙ্কুকর্ণ, শালবনে ভীম, কৈলাসে বিশ্বামিত্রাখ্য বৃষভধ্বজ, মহিষারণ্যে মহিষ, কামরূপে শশিপ্রভ, বলদীতে গোমিত্র, কটাহে পঙ্কজপ্রিয়, সিংহল দ্বীপে উপেন্দ্র, শক্রাঙ্কে কুন্দমালী, রসাতলে বিখ্যাত সহস্রশীর্ষ, এবং সেই স্থানে কালাগ্নি রুদ্র ও কৃত্তিবাস, সুতলে অচল কূর্ম, নিতলে পঙ্কজাসন, মহাতলে [illegible]

অনন্ত সহস্র চরণং সহস্র ভুজমীশ্বরং।
সহস্রাক্ষং পরিখ্যাতং মুষলা কৃষ্টদানবং।
পাতালে যোগিনামীশং স্থিতঞ্চ হরিশঙ্করং।
ধরাতলে কোকনদং মেদিন্যাং চক্রপাণিনং।
ভুবর্লোকে চ গরুড়ং স্বর্লোকে বিষ্ণুমব্যয়ং।
মহর্লোকে তথাগস্ত্যং কপিলঞ্চ জলেস্থিতং।
ব্রহ্মাণং ব্রহ্মলোকে চ সপ্তমেবৈ প্রতিষ্ঠিতং।
সনাতনং তথাশৌরে পরংব্রহ্ম চ বৈষ্ণবে।
অপ্রতর্ক্যং নিরালম্বে নিরাকাশে তপোময়ং।
জম্বুদ্বীপে চতুর্বাহুং কুশদ্বীপে কুশেশয়ং।
প্লক্ষদ্বীপে দ্বিজশ্রেষ্ঠ খ্যাতং গরুড়বাহনং।
পদ্মনাভং তথাক্রৌঞ্চে শাল্মলে বৃষভধ্বজং।
সহস্রাংশুঃ স্থিতঃশাকে ধর্ম্মরাট্ পুষ্করেস্থিতঃ।
তথা পৃথিব্যাং ব্রহ্মর্ষে শালগ্রামে স্থিতোস্ম্যহং।
সজল স্থলপর্য্যং চরেষু স্থাবরেষু চ॥

অনুবাদ।

সহস্রবাহু ও সহস্রাক্ষ মুষলাকৃষ্ট দানব পাতালে যোগীশ হরি-শঙ্কর, ধরাতলে কোকনদ, মেদিনীতে চক্রপাণি, ভুবর্লোকে গরুড়, স্বর্লোকে অব্যয় বিষ্ণু, মহর্লোকে অগস্ত্য জলে কপিল, তপোলোকে সপ্ত বাহুময় অগস্ত্য, ব্রহ্মলোকে ব্রহ্মা, সূর্য্যলোকে সনাতন, বিষ্ণুলোকে পরংব্রহ্ম, নিরালম্ব আকাশ মণ্ডলে তপোময় অপ্রতর্ক্য, জম্বুদ্বীপে চতুর্ভুজ, কুশদ্বীপে কুশেশয়, হে দ্বিজবর! প্লক্ষদ্বীপে গরুড়-বাহন, ক্রৌঞ্চদ্বীপে পদ্মনাভ, শাল্মলিদ্বীপে বৃষভবাহন, শাকদ্বীপে সহস্রাংশু, পুষ্করদ্বীপে ধর্ম্মরাজ হে ব্রহ্মর্ষে! পৃথিবীতে শালগ্রামে আমি অবস্থিত রহিয়াছি। জলে কিম্বা স্থলে ও স্থাবর এবং

এতানি পুণ্যানি মহালয়ানি ব্রহ্মপুরাণানি সনাতনানি।
ধর্ম্মপ্রদানীহ মহৌজসানি সংকীর্ত্তনীয়ান্যঘনাশনানি।
সংকীর্ত্তনাৎ সংস্মরণাচ্চস্পর্শাৎ সম্যক্ প্রদানাদপি দেবতায়াঃ।
ধর্ম্মার্থ কামাদ্যপবর্গমেবলভন্তি দৈত্যামনুজাঃ সমাধ্যাঃ।
এতানিতুভ্যং বিনিবেদিতানি মহালয়ানীহ মমানিজানি।
উত্তিষ্ঠগচ্ছাম মহাসুরস্তযজ্ঞং সুরাণাঞ্চ হিতায়বিপ্র॥

পুলস্ত্য উবাচ।

ইত্যেব মুক্ত্বাবচনং মহর্ষে বিষ্ণুর্ভরদ্বাজ মৃষিং মহাত্মা।
বিলাসলীলাগমনো গিরীন্দ্রাৎ সমভ্যগচ্ছৎ কুরুজঙ্গলংহি॥

ইতি বামনপুরাণে বামন প্রাদুর্ভাবে স্থানোক্তিঃ
পঞ্চাশত্তমোঽধ্যায়।

অনুবাদ।

চরাচরে এই সকল আমার সনাতন পুরাতন ধর্ম্মপ্রদ পুণ্যালয় বিদ্যমান আছে। এই সকল পুণ্যপ্রদ সমালয় কীর্ত্তন বা স্মরণ অথবা স্পর্শন করিলে এবং আমার মূর্ত্তি প্রদানে সাধ্য মানব ও দৈত্যগণ ধর্ম্মার্থ কামাদি অপবর্গ সমস্ত লাভ করিবেক। এই সকল আমার নিজালয় স্থান তোমাকে ব্যক্ত করিলাম এক্ষণে গাত্রোত্থান কর, মহাসুরের যজ্ঞে দেবগণের হিতার্থে গমন করিব। পুলস্ত্য বলিলেন মহাত্মা ভগবান বামনরূপী বিষ্ণু ভরদ্বাজ ঋষিকে এই কথা বলিয়া সেই পর্ব্বতবর হইতে বিলাস গমনে বলির যজ্ঞে কুরুজাঙ্গলে গমন করিলেন।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে পঞ্চাশৎ অধ্যায় সমাপ্ত।

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

ততঃ সমাগচ্ছতি বাসুদেবে মহী চ কম্পে গিরয়শ্চ চেলুঃ।
ক্ষুব্ধাঃ সমুদ্রাদিবিঋক্ষমণ্ডলাবভৌ বিপর্য্যস্তগতির্মহর্ষে।
যজ্ঞঃ সমাগাৎ পরমাকুলত্বং নবেদ্মি কিংমে মধুহা করিষ্যতি।
যথাপ্রদগ্ধোহি মহেশ্বরেণ কিংমামযং ধক্ষ্যতি বাসুদেবঃ।
ঋক্সামমন্ত্রাহুতিভিহুতাস্তি বিতানকীয়ান জ্বলনাঃ স্বভাগশঃ।
ভক্ত্যাদ্বিজেন্দ্রৈরপি সংপ্রপাদিতান নৈবপ্রতীচ্ছন্তি দ্বিভোর্ভয়েন॥
তান্ দৃষ্ট্বা ঘোররূপাশ্চ নিমিত্তান্দানবেশ্বরঃ।
পপ্রচ্ছোশনসংশুক্রং প্রণিপত্য কৃতাঞ্জলিঃ॥
কিমর্থ মাচার্য্য মহীসশৈলারস্তেব বাতাভি হতাচচাল।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। ভগবান বাসুদেব সেই স্থান হইতে বলির যজ্ঞে গমন করিলে পদভরে মহীমণ্ডল কম্পিত হইল এবং মহীধরগণ প্রচলিত হইল পয়োধি সকল ক্ষুব্ধ হইল গগণমণ্ডলে চন্দ্র সূর্য্যপ্রভৃতি খেচরগণ কি পর্য্যন্ত রূপে গমন করিতে লাগিল। তখন যজ্ঞদেব আকুল হইয়া স্বয়ং তথায় গমন পূর্ব্বক চিন্তা করিলেন মধুহা ভগবান্ বিষ্ণু আমাকে কিরূপ দুরবস্থা করিবেন তাহা জানি না, বোধ হয় ভগবান শঙ্কর দক্ষালয়ে যেরূপ দগ্ধ করিয়াছিলেন বাসুদেব কি আমাকে সেইরূপ দগ্ধ করিবেন। তখন ঋক্ সাম যজুর্ব্বেদোক্ত মন্ত্রদ্বারা ব্রাহ্মণগণ ভক্তিপূর্ব্বক হুতাশনে আহুতি প্রদান করিতেছিল ভগবান্ হুতাশন ভগবান্ বিষ্ণুর শঙ্কা প্রযুক্ত স্বীয়াংশ গ্রহণ করিলেন না। তখন দানবেশ্বর বলি এই সকল ভয়ঙ্কর নিমিত্ত অবলোকন পূর্ব্বক দানবাচার্য্য ভার্গবকে প্রণতি পুরঃসর কৃতাঞ্জলিপুটে জিজ্ঞাসা করিলেন, হে আচার্য্য! কি নিমিত্ত

কিমাসুরীয়ান মহত্মনলাহ ভাগান্ গৃহ্নাতিহুতাশনোপি।
ক্ষুব্ধাঃ কিমর্থং মকরালয়শ্চ ঋক্ষানধোকিং বিচরন্তি পূর্ব্ববৎ।
দিশঃ কিমর্থং তমসাপরিপ্লুতা দোষেনকেনাদ্য বদস্বমে গুরোঃ॥

পুলস্ত্য উবাচ।

শুক্রস্তদ্বাক্য মাকর্ণ্য বিরোচন সুতোরিতং।
অথধ্যাত্বা কারণঞ্চ ততোবচন মব্রবীৎ॥

শুক্র উবাচ।

শৃণুষ্ব দৈত্যেশ্বর যেনভাগান্ ন চ প্রতীচ্ছন্তি মহাসুরীয়ান্।
হুতাশনোমন্ত্রহুতস্ত্বয়া হি যস্ন্যূনং সমাগচ্ছতি বাসুদেবঃ।
তদঙ্ঘ্রি বিক্ষেপ মপারয়ন্তীমহীসশৈলা চলিতাদিতীশঃ।
তস্যাংচলন্ত্যাং মকরালয়াসী দুর্দ্ধূতবেগাদিতি জাহুজ্ঞাতাঃ॥

অনুবাদ।

কদলীবৃক্ষ সদৃশী সশৈল মহী অভিহত ও চালিত হইতেছে। কি নিমিত্ত হুতাশন আসুরী ভাগ গ্রহণ করিতেছেন না কি নিমিত্তই বা সমুদ্র সকল ক্ষুব্ধ এবং গগণ মণ্ডলে গ্রহ নক্ষত্রগণ বিপর্য্যস্ত রূপে গমন করিতেছে দিক্ সকল ধুমপ্লুত হইতেছে কি নিমিত্ত এতাদৃশ অদ্য অদ্ভুত ঘটনা হইতেছে হে গুরো! আমাকে শীঘ্র বল, পুলস্ত্য বলিলেন। বিরোচনাত্মজ বলি এববিধ শুক্রাচার্য্যকে জিজ্ঞাসা করিলে ভার্গব ক্ষণকাল চিন্তান্তরে মগ্ন থাকিয়া কারণ সমস্ত অবগত হইয়া বলিকে বলিলেন, হে দৈত্যেশ্বর! তুমি শ্রবণ কর, যে নিমিত্ত আপনি হুতাশনে আহুতি প্রদান করিলে হুতাশন আসুরী ভাগ গ্রহণ করিতেছেন না ইহাতে নিশ্চয় বোধ হইতেছে ভগবান বাসুদেব স্বয়ং এই যজ্ঞে আগমন করিতেছেন, হে দানবরাজ! সেই ভগবান বাসুদেবের চরণ বিক্ষেপন সহ্য করিতে অসমর্থ হইয়া সশৈল মহী চলিত হইতেছে হে নিষ্কল! সেই ভগবান [illegible]

পুলস্ত্য উবাচ।

শুক্রস্য বচনং শ্রুত্বা বলির্ভার্গব মব্রবীৎ।
ধর্ম্ম্যং সত্যং যশস্যঞ্চ সর্ব্বোৎসাহ সমীরিতং॥

বলিরুবাচ।

আয়াতে বাসুদেবেবদ মমভগবন্ধর্ম্মকামার্থতত্ত্বং
কিং কার্য্যং কিঞ্চদেয়ং মণিকনক মথোভূগজাশ্বাদিকং বা।
ক্রিয়াবোচ্যং মুরারের্নিজহিতমথ বাতদ্ধিতং বা প্রযুঞ্জে
তথ্যং পথ্যংপ্রিয়ন্তো মমবদশুভদং তৎকরিষ্যে ন চান্যৎ॥

পুলস্ত্য উবাচ।

তদ্বাক্যং ভার্গবঃশ্রুত্বা দৈত্যনাথে রিতংবচঃ।
বিচিন্ত্য কারণ প্রাহ ভূতভাব্য বিদীশ্বরঃ॥

অনুবাদ।

মহীমণ্ডলে পাদ বিক্ষেপ করিতেছেন তাহাতে সমুদ্র সকল বর্দ্ধিত হইয়া প্লবিত হইতেছে। পুলস্ত্য বলিলেন। শুক্রাচার্য্যের এবম্বিধ বাক্য শ্রবণে দানবরাজ বলি শুক্রাচার্য্যকে পুনর্ব্বার ধর্ম্মযুক্ত সত্যতা, যশস্য, উৎসাহ যুক্ত বাক্য বলিলেন। হে ভগবন্! আমাকে বল বাসুদেব আমার এই যজ্ঞালয়ে আগমন করিলে ধর্ম্মার্থ কামের নিমিত্ত কি করিব মণিরত্ন অশ্বগজ ভূমি প্রভৃতি কোন বস্তু প্রদান করিব আমার কিম্বা তোমার হিতার্থে কি বলিব তথ্য পথ্য প্রিয় বা কি করিব হে গুরো! যাহা আমার মঙ্গল প্রদ হয় সেইরূপ উপদেশ প্রদান করুন্ আমি তাহা ব্যতীত কিছুই করিব না। পুলস্ত্য বলিলেন। ত্রিকালজ্ঞ দানবাচার্য্য তাঁহার যজমান বলির এতাদৃশ বাক্য শ্রবণে কালাকাল চিন্তিত হইয়া বলিকে বলিলেন হে দানবেন্দ্র! তুমি দেবতাদের সকল যজ্ঞ ভাগ

শুক্র উবাচ।

স্বয়াহৃতা যজ্ঞভুজো সুরেন্দ্র র্ব্বাহ্ণকৃতাস্তে শ্রুতিদৃষ্টমার্গে।
শ্রুতিপ্রামানাস্মখভোজিনোবাহিঃ সুরাস্তবেৎ হরিমভ্যুপেতি।
তস্মাধ্বরং দৈত্যসমাগতস্তকার্য্যং হিকিংমাং পরিপৃচ্ছসেয়ৎ।
কার্য্যংনদেয়ংহি বিভোস্তৃণাগ্রং যদধ্বরেজুঃকনকাদিকংত্বা।
বাচং তথাসাম নিরর্থকং প্রভোকস্তস্য কিন্দাতুমলং হি শক্রয়াৎ।
তস্যোদরং ভূভু র্বলোকপাল রসাতলেশা নিবসন্তিনিত্যশঃ॥

বলিরুবাচ।

ময়াতবোক্তং বচনং হি ভার্গব নচাস্তিমহ্যং ন চ দাতুমুৎসহে।
সমাগতেপ্যর্থ বিহীনবৃত্তে জনার্দ্দনেলোক পতৌকথঞ্চ।

এবং ন শ্রূয়তেশ্লোক পুরাণঃ শ্রুতিসম্মতঃ।
সত্যাকো ব্রাহ্মণস্থৈব কর্ত্তব্যো ভূতিমিচ্ছতা।
দৃশ্যতেহিতথাতস্চ সত্যং ব্রাহ্মণসত্তম।

অনুবাদ।

হরণ করিয়াছ বেদোক্ত মার্গে শ্রুতি প্রমাণে মখভোজী দেবগণ যজ্ঞ ভাগ না পাইয়া ভগবানের নিকট গমন করিয়াছেন এজন্য ভগবান্ তোমার যজ্ঞে আগমন করিতেছেন ভগবানের কি করিব কি দিব আমাকে যাহা জিজ্ঞাসা করিতেছ। আমার অভিপ্রায় এই যজ্ঞে ভগবানকে তুমি রজতাদির কথাই বা কি তৃণাগ্র পর্য্যন্ত দিবেন না। কেবল মাত্র বেদার্থযুক্ত বাক্যে সন্তোষ করিবে। এবং এই মাত্র বলিবে হে ভগবন্! তোমাকে কোন বস্তু দান করিতে সমর্থ হইব? তোমার উদরে রসাতল প্রভৃতি ভূর্ভুবাদি চতুর্দ্দশলোক বিদ্যমান রহিয়াছে। তখন দানবরাজ বলি শুক্রাচার্য্যকে বলিলেন, হে ভার্গব! আপনি আমাকে যাহা বলিলেন তাহা [illegible] [illegible] কিন্তু অর্থ বিহীন কোন ব্যক্তি কিম্বা [illegible] ভগবান [illegible]

পূর্ব্বাভ্যাসেন কর্ম্মাণি সম্ভবন্তি নৃণাং ধ্রুবং ।
বাক্কায়মানসানীহ যোন্যন্তরগতান্যপি ।
কিংবা ত্বয়া দ্বিজশ্রেষ্ঠ পৌরাণী ন শ্রুতা কথা ।
যা বৃত্তা মলয়ে পূর্ব্বং কোষকারসুতাশ্রয়া ॥

শুক্র উবাচ ।

কথয়স্ব মহাবাহো কোষকারসুতস্য চ ।
কথাং পৌরাণিকীং পুণ্যাং মহৎকৌতূহলং মম ॥

বলিরুবাচ ।

শৃণুষ্ব কথয়িষ্যামি কথামেতাং পুরাতনীং ।
পূর্ব্বাভ্যাস নিবন্ধাং হি সত্যাং ভৃগুকুলোদ্ভব ॥

অনুবাদ ।

হইলে কিরূপে তাহাকে অর্থ প্রদান করিতে উৎসাহী হইব না। আপনি যাহা বলিলেন এরূপ কথা কোন শাস্ত্রে শুনি নাই। ধনবান ব্যক্তিগণ দরিদ্র ব্রাহ্মণের অভাব পূরণ করিবে। হে ব্রাহ্মণ সত্তম! সর্ব্বত্র এইরূপ দেখিতে পাওয়া যায় কিন্তু মানবগণ জন্মান্তরের অভ্যাসপ্রযুক্ত কার্য্য করিয়া থাকে। মানবগণ যোন্যন্তর প্রাপ্ত হইলে কায়মনবাক্যে তাহার পূর্ব্বাভ্যাস হইতে নিবর্ত্ত হয় না। হে বিপ্রবর! তুমি কি পৌরাণিক ইতিহাস শ্রবণ কর নাই। পূর্ব্বকালে মলয়পর্ব্বতে কোষকারের পুত্র যাহা করিয়াছিল। তখন শুক্রাচার্য্য দানববর বলিকে বলিলেন, হে মহাবাহো! মলয়পর্ব্বতে কোষকারের সন্তান যাহা করিয়াছিল তাহা বর্ণন করুন। আমার সেই পৌরাণিক ইতিহাস শুনিতে অত্যন্ত কৌতূহল জন্মিয়াছে, তখন দানবরাজ বলি তাঁহাকে বলিলেন, হে ভার্গব! পূর্ব্বাভ্যাস প্রযুক্ত পৌরাণিকী পুরাতনী কথা যথার্থ বলিতেছি শ্রবণ কর। [illegible] [illegible] [illegible] কোষ-

পুলস্ত্যস্য মুনেঃ পুত্রো জ্ঞানবিজ্ঞানপারগঃ।
কোষকার ইতিখ্যাত স্ত্বাসীদ্বিদ্বান্ তপোরতঃ॥
তস্যাসীদ্দয়িতা সাধ্বী ধর্ম্মিষ্ঠা নামতঃ শ্রুতা।
সত্যাবাৎস্যায়নসুতা ধর্ম্মশীলা পতিব্রতা।
তস্যামস্য সুতো জাতঃ প্রকৃত্যৈব জড়াকৃতিঃ।
মূকবন্নপ্রলপতি ন চ পশ্যতি চান্ধবৎ।
তং জাতং ব্রাহ্মণী পুত্রং জড়ং মূকং হ্যচক্ষুষং।
সন্তানানা গৃহদ্বারি ষষ্ঠেঽহনি সমুৎসৃজন্।
ততোঽভ্যাগাদ্দুরাচরা রাক্ষসী জাতহারিণী।
স্বশিশুং সাসমাদায় সূর্য্যাক্ষী নামনামতঃ।
তত্রোৎসৃজ্য স্বপুত্রং সা জগ্রাহ দ্বিজনন্দনং।
তমাদায় জগামাথ ভোক্তুং শৈলোদরে গৃহে।

অনুবাদ।

কোষকার নামীয় বিখ্যাত পুলস্ত্য মুনির এক সন্তান ছিল। সেই কোষকারের বাৎস্যায়নের কন্যা সতী সাধ্বী পতিব্রতা সুশোভিনী ধর্ম্মিষ্ঠা নাম্নী ধর্ম্মিকা পত্নী ছিল, কোষকারের সেই পত্নীতে জড়াকৃতি এক সন্তান জন্ম গ্রহণ করিল। মূকের ন্যায় বাক্যনিষ্পত্তি করেনা এবং অন্ধের ন্যায় কোন বস্তু দৃষ্টিগোচর করে না। তখন ব্রাহ্মণী জড়াকৃতি মূক ও নেত্রবিহীন সন্তানকে অবলোকন করিয়া ষষ্ঠ দিবস তাহাকে পরিত্যাগ করিল। এই সময়ে দুরাচারিণী জাতহারিণী নাম্নী রাক্ষসী তথায় উপস্থিত হইল। সেই রাক্ষসী শ্মশান ভূমিতে অনাথ বালককে অবলোকন করিয়া সূর্য্যাক্ষী নাম্নী স্বীয় সন্তানকে তথায় রাখিয়া ঐ ব্রাহ্মণের ঐ শিশু তনয়কে লইয়া পর্ব্বতোপরি ভোজন করিবার জন্য গমন করিতেছে, এই সময়

ততস্তামাগতাং বীক্ষ্য তস্যা ভর্ত্তা ঘটোদরঃ।
নেত্রহীনঃ প্রত্যুবাচ কিমানীতং ত্বয়া প্রিয়ে।
সা ব্রবীদ্রাক্ষসপতে ময়াস্থাপ্যং শিশুং নিজং।
কোষকার দ্বিজগৃহে তস্যানীতঃ সুতঃ প্রভো।
স প্রাহ ন ত্বয়া ভদ্রে ভদ্রমাচরিতং ত্বিতি।
মহাজ্ঞানী স দ্বিজেন্দ্রোঽনলঃ শপ্স্যতি কোপনঃ।
তস্মাচ্ছীঘ্র মিমং ত্যক্ত্বা মনুজং ঘোররূপিণং।
অন্যস্য কস্যচিৎ পুত্রং শীঘ্রমানয় সুন্দরি।
ইত্যেব মুক্তা সা তেন রাক্ষসী কামচারিণী।
সমাজগাম ত্বরিতা সমুৎপত্য বিহায়সং।
স চাপি রাক্ষসহৃতো বিস্রস্তো গৃহবাহ্যতঃ।
রুরোদ সুস্বরং ব্রহ্মন্ প্রক্ষিপ্যাঙ্গুষ্ঠমাননে।

অনুবাদ।

তাহার স্বামী ঘটোদর নামা অন্ধ রাক্ষস ঐ রাক্ষসীকে জিজ্ঞাসা করিল। হে প্রিয়ে! তুমি কি আনিয়াছ তখন রাক্ষসী স্বামীকে বলিল। হে রাক্ষসপতে! আমি নিজ সন্তান রাখিয়া কোষকারের গৃহ হইতে তাহার অন্ধ সন্তান আনিয়াছি। তখন ঘটোদর বলিল, তুমি ভাল কার্য্য কর নাই, সে ব্রাহ্মণ অতি জ্ঞানী এক্ষণে ক্রোধপূর্ব্বক অভিসম্পাত করিবে। অতএব তুমি শীঘ্র সেই ব্রাহ্মণের গৃহে এই বিকৃতাকার ভয়ঙ্কর শিশুকে রাখিয়া অন্য স্থান হইতে একটি শিশু আনয়ন কর। রাক্ষসেশ্বর ঘটোদর রাক্ষসীকে এই কথা বলিলে কামচারিণী সেই রাক্ষসী অকস্মাৎ বিমানমার্গে গমনপূর্ব্বক সেই ব্রাহ্মণ-বালককে বহির্দ্দেশে রাখিয়া গমন করিল। তখন সেই ব্রাহ্মণ তনয় বদনে স্বীয় অঙ্গুলি প্রক্ষেপপূর্ব্বক সুস্বরে রোদন করিতে লাগিল। [illegible]-

সা শঙ্কিতং চিরাক্রুন্দ্য ধর্ম্মিষ্ঠা পতিমব্রবীৎ।
পশ্য স্বয়ং মুনিশ্রেষ্ঠ সশব্দ স্তনয়স্তব।
ত্রস্তা সা নির্জগামাথ গৃহমধ্যাত্তপস্বিনী।
স চাপি ব্রাহ্মণশ্রেষ্ঠঃ সো পশ্য ত্বরিতং শিশুং।
বর্ণরূপাদি সংযুক্তং যথা স্বতনয়ং তথা।
ততো বিহস্য প্রোবাচ কোষকারো নিজাং প্রিয়াং।
এতেনাবশ্যং ধর্ম্মিষ্ঠে ভাব্যং ভূতেন সাম্প্রতং।
কোপ্যস্মাকং ছলয়িতুং স্বরূপী ভুবিসংস্থিতঃ।
ইত্যুক্ত্বা বচনং মন্ত্রী মন্ত্রৈ স্তং রাক্ষসাত্মজং।
ববন্ধোলিখ্যাবসুধাং সদুশেনাথ পাণিনা।
এতস্মিন্নন্তরে প্রাপ্তো সূর্য্যাক্ষী বিপ্রবালকং।
অন্তর্দ্ধান গতা ভূমৌ চিক্ষেপ গৃহদূরতঃ।

অনুবাদ।

শের রোদনধ্বনি শ্রবণ মাত্রে ব্রাহ্মণী পতিকে বলিল। হে তাপসবর! শ্রবণ কর, তোমার তনয় রোদন করিতেছে এই কথা বলিয়া সেই বিপ্রপত্নী ভীতা হইয়া গৃহ হইতে বহির্গতা হইল। তখন ব্রাহ্মণ শিশুর ব্যবহার এবং স্বীয় তনয় সদৃশ রূপ ও বর্ণ অবলোকন করতঃ ঈষৎ হাস্য পূর্ব্বক পত্নীকে বলিল। এই সন্তান অবশ্যই অন্যের হইবেক একণে কোন অধার্ম্মিক আমাকে বঞ্চনা করিবার জন্য এই তুল্য রূপ বর্ণযুক্ত অন্য ব্যক্তির সন্তান রাখিয়াছে। এই কথা বলিয়া সেই কোষকারক ব্রাহ্মণ মন্ত্র-দ্বারা ভূমিতলে কুশসংযোগে পাণিদ্বারা অঙ্কিত করিয়া সেই বালক তনয়কে বন্ধন করিল। এই সময়ে সেই আকাশচারিণী অন্তর্দ্ধানী রাক্ষসী অলক্ষিতরূপে গৃহের নিকটবর্ত্তিনী হইয়া বিপ্রবালকে দূরে নিক্ষেপ করিল। রাক্ষসী সেই বালককে নিক্ষেপ করিবার

ছত্রং ক্ষিপ্তমাত্রং জগ্রাহ কোষকারঃ স্বকং শিশুং।
সচাপ্যেত্য সংগৃহীতুং নাশকদ্রাক্ষসী সুতং।
ইতশ্চেতশ্চ বিভ্রষ্টা সা ভর্ত্তারমুপাশ্রিতা।
কথয়ামাস তদ্বৃত্তং সদ্বিজাত্মজ হারণাৎ।
এবং গতায়াং রাক্ষস্যাং ব্রাহ্মণেন মহাত্মনা।
সরাক্ষস শিশুর্ব্রহ্মন্ ভার্য্যায়াং বিনিবেদিতঃ।
তস্যাশ্চ তনয়ং পিত্রা কপিলায়াঃ সবৎসরং।
দধ্না সংযোজিতোত্যর্থং ক্ষীরেণেক্ষুরসেনচ।
দ্বাবেব বর্দ্ধিতৌ বালৌ সংজাতৌ সপ্তবার্ষিকৌ।
পিত্রাচ কৃতনামানৌ দিবাকর নিশাকরৌ।
নৈশাচরির্দিবাকীর্ত্তি র্নিশাকীর্ত্তিঃ স্বপুত্রকঃ।
তয়োশ্চকার বিপ্রেন্দ্রো ব্রতবন্ধাদিকং ক্রমাৎ।
ব্রতবন্ধে কৃতং বেদং পপাঠাসৌ দিবাকরঃ।

অনুবাদ।

অত্র কোষকারক ব্রাহ্মণ স্বীয় তনয়কে গ্রহণ করিল। কিন্তু রাক্ষসী আসিয়া ব্রাহ্মণ গৃহ হইতে স্বীয় সন্তানকে গ্রহণ করিতে সমর্থ হইল না। তখন সেই রাক্ষসী স্বামীর সহিত ইতস্ততঃ ভ্রমণ করিয়া বিপ্রতনয় অপহরণের বিষয় সমস্ত স্বামীর নিকট কীর্ত্তন করিল। এইরূপে রাক্ষসী গমন করিলে মহাত্মা কোষকার সেই রাক্ষস তনয় পত্নীকে প্রদান করিল। এবং স্বীয় তনয়কে এক বৎসর কপিলার দুগ্ধ দধি ও ইক্ষুরস পান করাতে লাগিলেন। ক্রমশঃ ঐ দুই বালক বর্দ্ধিত হইয়া সপ্তম বর্ষ বয়ঃক্রম হইল। তখন কোষকার ব্রাহ্মণ ঐ দুই বালকের দিবাকর ও নিশাকর নামকরণ করিলেন কিন্তু রাক্ষসতনয়ের নাম দিবাকর ও স্বীয় পুত্রের নাম নিশাকর রাখিয়া উভয়ের উপনয়নাদি সমস্ত কার্য্য নির্ব্বাহ করতঃ বেদপাঠ

নিশাকরো জড়তয়া ন পপাঠেতি ন শ্রুতং ।
ততং বান্ধবাঃ সপিতরো মাতামহো গুরুস্তথা ।
পর্য্যনিন্দং তথা যেচ জনা মলয়বাসিনঃ ।
ততঃ স্বপিত্রা ক্রুদ্ধেন শিশুঃ কূপে নিরুদকে ।
মহাশিলাক্ষেপবিধৌ পিধান মবরোপয়ং ।
এবং ক্ষিপ্ত স্তদা কূপে বহূন্ বর্ষ গণাং স্তথা ।
তত্রাস্যামলকীগুল্মো পোষায় ফলিতোভবৎ ।
ততো দশসু বর্ষেষু সমতীতেষু ভার্গব ।
তস্য মাতা গতা কূপং তমস্যং শিলয়াবৃতং ।
সা দৃষ্টানি চিতং কূপং শিলয়া গিরিকম্পয়া ।
উচ্চৈঃ প্রোবাচ কেনেয়ং কূপোপরি শিলাকৃতা ।

অনুবাদ ।

করাইলেন । দিবাকর বেদপাঠে অধিকারী হইল, জড়তা ও বধির্য্য প্রযুক্ত নিশাকর বেদপাঠে অধিকারী হইল না । তখন পিতা মাতা বান্ধব ও মাতামহ গুরুজন এবং মলয়পর্ব্বত বাসি অন্যান্য সকলে সেই বালককে নিন্দা করিতে লাগিল । তাহাতে কোপকার সাতিশয় ক্রুদ্ধ হইয়া জড়াকৃতি বধির সন্তানকে এক নির্জ্জলা কূপ মধ্যে নিক্ষেপ করিয়া উপরি এক বৃহৎ প্রস্তর আচ্ছাদন করিল । এইরূপে সেই কূপমধ্যে বহুকাল অবস্থিতি করিল । কিন্তু কূপ মধ্যে যে সকল আমলকী বৃক্ষ ছিল তাহারা ঐ বালকের পোষণের জন্য ফলিত হইল । তাহার ফল ভোজনে ঐ বালক জীবন ধারণ করিল । এইরূপে দশ বৎসর অতীত হইলে এক দিবস তাহার জননী সেই কূপ সমীপে গমন করিয়া কূপমধ্যে পীড়িত সন্তান কূপোপরি পর্ব্বত সদৃশ এক শিলাচ্ছাদিত অবলোকন করিয়া উচ্চৈঃস্বরে বলিল কোন ব্যক্তি তোমাকে এই কূপমধ্যে রাখিল

কূপান্মধ্যে সুতাং বাণীং শ্রুত্বা মাতুর্নিশাকরঃ।
প্রাহ স্বদত্তা তাতেন কূপোপরি শিলাদ্বিজঃ।
শান্তিভীতা ব্রবীৎকোপি কূপান্তর্ম্মোক্তুমুস্বরঃ।
যোপ্যাহ ভুভ্যং তনয়ো নিশাকরেতি বিশ্রুতঃ।
সা ব্রবীত্তনয়োমহ্যং নাম্নাখ্যাতো দিবাকরঃ।
নিশাকরেতি নাম্নাহো নকশ্চিত্তনয়োস্তিমে।
স চাহ পূর্ব্বং চরিতং মাতুর্নিবেদ্যেত্ততঃ।
তাংশ্রুত্বাচ শিলাংস্থুত্রঃ সমুৎক্ষিপ্যান্যতোক্ষিপৎ।
সোত্তীর্য্যকূপাদ্ভগবান্ মাতুঃপাদাববন্দত।
সাসুরূপঞ্চ তনয়ংদৃষ্ট্বা স্বজনহর্ষিতঃ।
ততস্তমাদায়সুতং ধর্ম্মিষ্ঠা পতিমেত্যথ।
কথয়ামাস তৎসর্ব্বং চেষ্টিতং স্বসুতস্য চ।

অনুবাদ।

শিলাচ্ছাদিত করিয়াছে। তখন অন্ধক নিশাকর কূপমধ্য হইতে স্বীয় জননীর সস্নেহ বাক্য শ্রবণ করিয়া বলিল। আমার পিতা এই কূপমধ্যে আমাকে নিক্ষেপ করিয়া এই শিলাচ্ছাদিত করিয়াছেন। তখন কোষকারপত্নী কূপমধ্য হইতে অদ্ভুতস্বর শ্রবণে শান্তিশয় ভীতা হইলে সেই বালক কূপমধ্য হইতে বলিল আমি তোমার সন্তান আমার নাম নিশাকর। তখন বিপ্রপত্নী বলিল আমার সন্তান দিবাকর, নিশাকর নামীয় আমার সন্তান নাই। তখন বালক মাতার নিকট আপনার পূর্ব্ববৃত্তান্ত সমস্ত বর্ণন করিল। নিশাকরের বৃত্তান্ত অবলোকন পূর্ব্বক সেই শীলা উৎক্ষেপন করিয়া অন্যত্র নিক্ষেপ করিল। তখন ভগবান অন্ধক কূপমধ্য হইতে উত্থিত হইয়া মাতার চরণদ্বয় বন্দনা করিল। বিপ্রপত্নী স্বজন সেইরূপ রূপবান তনয় অবলোকন পূর্ব্বক তাহাকে গ্রহণ করিয়া

ততোহভ্যগচ্ছদ্বিপ্রোসৌ কিমিদং তাত কারণং।
নোক্তবান্ ভূত্বান্ পূর্ব্বং মহৎকৌতূহলং মম।
তচ্ছ্রুত্বাবচনং ধীমান্ কোষকারং দ্বিজোত্তমং।
প্রাহপুত্রোদ্ভুতংবাক্যং মাতরং পিতরংতথা॥

নিশাকর উবাচ।

শ্রূয়তাং কারণং তাত যেন মূকত্ব মাশ্রিতং।
ময়াজড়ত্বমনঘস্তথান্ধত্বং সুচক্ষুষঃ॥
পূর্ব্বমাসং মহাবিপ্র কুলেবৃন্দারকস্যতু।
বৃষাকপেশ্চ তনয়োমালাগর্ভসমুদ্ভবঃ।
ততঃ পিতা পাঠয়ন্মাং শাস্ত্রং ধর্ম্মার্থকামদং।
মোক্ষদানং পরং তাতসেতিহাস শ্রুতং তথা।

অনুবাদ।

পতিকে প্রদান করতঃ স্বীয় তনয়ের আচরিত সমস্ত আবেদন করিল। অনন্তর কোষকার ব্রাহ্মণ সেই সন্তানের নিকট গমন পূর্ব্বক পূর্ব্ব বৃত্তান্ত সমস্ত জিজ্ঞাসা করিল, হে তাত! ইহার কারণ কি সমস্ত বল। তুমি পূর্ব্বে বাক্যনিষ্পত্তি কর নাই এক্ষণে যে বাক্যবিন্যাস করিতেছ তাহাতে আমার সাতিশয় আনন্দ জন্মিয়াছে। তখন কোষকার বিপ্রের বাক্য শ্রবণপূর্ব্বক পিতা ও মাতাকে অদ্ভুত বাক্য সমস্ত বর্ণন করিল। হে তাত! হে মাতঃ! আমি যে নিমিত্ত মূক হইয়াছিলাম এবং যে নিমিত্ত জড় ও অন্ধ হইয়াছিলাম এক্ষণে নেত্রবিশিষ্ট হইয়াছি তাহার কারণ শ্রবণ কর। আমি পূর্ব্বকালে বিপ্রকুলে বৃন্দারক নামীয় বৃষাকপির ঔরসে এবং মালা নাম্নী তাহার পত্নীর গর্ভে জন্ম গ্রহণ করিয়াছিলাম। বয়ঃপ্রাপ্ত হইলে পিতা আমাকে ধর্ম, অর্থ, কাম, মোক্ষজ্ঞানপ্রদায়ক শাস্ত্র এবং ইতিহাস অধ্যয়ন করাইয়াছিলেন। হে তাত! তাহাকে আমি

সোঽহং তাত মহাজ্ঞানী পরাপর-বিশারদঃ।
যাতো মদশ্চ তাতোঽহং দুষ্কর্ম্মাভিরতোঽভবং।
মদাৎ মম ভবল্লোভ স্তেন নষ্টা প্রগল্ভতা।
বিবেকো নাশমগমৎ মূঢ় ভাব মুপাগতঃ।
মূঢ়ভাবতয়াচাথ জাতঃ পাপরতোঽস্ম্যহং।
পরদারাভিমর্ষত্বাৎ পরার্থ হরণাদপি॥
মৃতশ্চোদ্বন্ধনেনাহং রৌরবং নরকং গতঃ।
অরণ্যে মৃগহা পাপঃ সংজাতোঽহং মৃগাধিপঃ।
ব্যাঘ্রত্বে সংস্থিত স্তাবদ্বদ্ধঃ পঞ্জরগঃ কৃতঃ।
নরাধিপেন বিভুনা নীতশ্চ নগরং নিজং।
বদ্ধস্য পঞ্জরস্থস্য ব্যাঘ্রত্বেপি গতস্য চ।
ধর্ম্মার্থ কামশাস্ত্রাণি প্রত্যভায়ন্ত সর্ব্বতঃ।

অনুবাদ।

পরমজ্ঞানী হইয়াছিলাম। হে তাত! অনন্তর এই সকল ধর্ম্মশাস্ত্রে পারদর্শিতা লাভ করিয়া সাতিশয় অহঙ্কার জন্মিল, সেই অহ-ঙ্কার হইতে লোভ জন্মিল, লোভ হইতে আমার প্রাগল্ভতা ও বিবেক নষ্ট হইয়া মূঢ়ভাব প্রাপ্ত হইলাম। সেই মূঢ়ভাবপ্রযুক্ত সাতিশয় পাপকার্য্যে রত হইলাম। তখন আমি সর্ব্বদা পর-দারাতে গমন এবং পরদ্রব্য অপহরণ করিতে লাগিলাম, কিয়ৎ-কাল পরে আমি উদ্বন্ধনে প্রাণত্যাগ পূর্ব্বক রৌরব নরকে গমন করিলাম। অনন্তর বহুকাল পরে অরণ্যে মৃগহা পাপমতি ব্যাঘ্র-রূপে জন্ম গ্রহণ করিলাম, পরে এক নরপতি আমাকে পিঞ্জর-বদ্ধ করিয়া নিজালয়ে রাখিলেন, আমি ব্যাঘ্ররূপে পিঞ্জরবদ্ধ থাকিলে সকলেই আমাকে ধর্ম্মশাস্ত্রের কথা জিজ্ঞাসা করিত।

ততে ভূপতি শার্দ্দূলো গদাপাণিঃ কদাচন।
একবস্ত্র পরিধানো নগরান্নির্যযৌবহিঃ।
তস্তভার্য্যা নিজানাম রূপেণা প্রতিমাভুবি।
সা নির্গতে ভর্ত্তরিতু মমান্তিক মুপাগতা।
তাং দৃষ্ট্বা বর্দ্ধেনদ্যং পূর্ব্বাভ্যাসান্মনোভবং।
যথৈব ধর্ম্মশাস্ত্রাদ্যা স্তথাহ মবদঞ্চতাং।
রাজপুত্রিচ কংগ্যাণি রূপযৌবন শালিনি।
চিত্তং হরা সা মে ভীরু কোকিলধ্বনিনা যথা।
সা মদ্বচনমাকর্ণ্য প্রোবাচ তনুমধ্যমা।
কথমেবাবয়োর্ব্যাঘ্র রতির্যোগ মুপৈষ্যতি।
ততো মামব্রবীত্তাত রাজপত্নী সুমধ্যমা।
তস্মাদ্রাত্রৌ মহাবীর্য্যাৎ পঞ্জরদ্বারমায়সং।
উদ্ঘাটয়িষ্যামি ততো রময় স্বেচ্ছয়ানিশি।

অনুবাদ।

অনন্তর সেই নরপতি একবস্ত্র পরিধানপূর্ব্বক গদাহস্তে নগর হইতে বহির্গত হইল, তাহার নিরুপম রূপশালিনী পত্নী ছিল, স্বামী গৃহ হইতে বহির্গত হইলে সেই রূপবতী রাজপত্নী আমার নিকট উপস্থিত হইল, সেই কামিনীকে অবলোকন করিয়া পূর্ব্বাভ্যাস-ক্রমে আমার মানসিক দুষ্প্রবৃত্তি বৃদ্ধি হইতে লাগিল। আমি ধর্ম্ম-শাস্ত্রানুসারে তাহাকে উপদেশ দিতে লাগিলাম, কিন্তু সেই রূপ যৌবনশালিনী ভীরু কামিনী কোকিলতুল্য মধুরস্বরে আমার চিত্ত হরণ করিল। সেই ক্ষীণাঙ্গী কামিনী আমার বাক্য শ্রবণ করিয়া বলিল, তুমি ব্যাঘ্র, অতএব কিরূপে আমাদিগের রতিকার্য্য সম্পাদন হইবে। অনন্তর সেই ক্ষীণাঙ্গী রাজপত্নী আমাকে বলিল, আমি রজনীতে অতি দৃঢ় লৌহময় পিঞ্জরদ্বার উদ্ঘাটন করিব তুমি

তামেবাহমবোচং বৈ কালক্ষেপেহহমক্ষমঃ ।
তস্মাদুদ্ঘাট যদ্বারং যাবত্তস্থা নিরাশ্রয়ঃ ।
ততঃ স্বয়ং বরশ্রেণী দ্বারমুদ্ঘাটয়ন্মুনে ।
উদ্ঘাটিতে ততো দ্বারে নির্গতোহহং বহিঃক্ষণাৎ ।
পাশানি নিগড়াদীনি ছিত্ত্বানিহি বলান্ময়া ।
সা গৃহীতা চ নৃপতের্ভার্য্যা রমিতুমিচ্ছতা ।
ততো দৃষ্টো নৃপতের্ভৃত্যৈরতুলবিক্রমৈঃ ।
শস্ত্রহস্তৈশ্চ সর্ব্বত্রতৈরহং পরিবেষ্টিতঃ ।
মহাপাশৈঃ শৃঙ্খলাভিঃ সমাহত্য চ দুর্দ্ধরৈঃ ।
বেষ্টিত্বা মক্রবঞ্চাহং মমাহিংসত বান্ধবাঃ ।
তে মদ্বচনমাকর্ণ্য মত্বৈব রজনীচরং ।
মাঞ্চ পাশৈঃ সম্বদ্ধ্য ঘাতয়ন্তি তপোধন ।

অনুবাদ ।

রজনীযোগে ইচ্ছাপূর্ব্বক আমাকে রমণ কর। তখন আমি তাহাকে বলিলাম, আমার কালবিলম্ব সহ্য হয় না, অতএব পিঞ্জরদ্বার উদ্ঘাটনপূর্ব্বক আমার বন্ধন মোচন কর। অনন্তর সেই নিতম্বিনী রাজপত্নী পিঞ্জরের দ্বার মোচন করিল, আমি তৎক্ষণাৎ বহির্গত হইয়া বলপূর্ব্বক পাশ সকল ছেদন করিলাম, তখন রাজপত্নীকে রমণ ইচ্ছায় অবিলম্বে গ্রহণ করিলাম। এই সময়ে একটি সাতিশয় বলবিক্রমশালি রাজভৃত্যের দৃষ্টিপথে পতিত হইলাম, সেই ভৃত্য সকল অস্ত্র শস্ত্র গ্রহণপূর্ব্বক আমার চতুর্দ্দিক বেষ্টন করিল, তখন আমি তাহাদিগকে বলিলাম, তোমরা আমাকে বিনাশ করিও না। তাহারা আমার কথা শ্রবণান্তর রজনীচর বিবেচনায় দৃঢ়তররূপে পাশবন্ধন করিয়া বিনাশ করিল, তাহাতে আমি শবরনারী গর্ভে [illegible] পুনর্ব্বার নিরাশ্রয় হইলাম।

ভূয়োগতশ্চ নরকং পরদার নিষেবনাৎ।
ততো বর্ষসহস্রান্তে জাতোহং শ্বেতগর্দ্দভঃ।
ব্রাহ্মণ স্যাগ্নিবেশস্য গৃহে বহুকলত্রিনঃ।
তত্রাপি সর্ব্বে বিজ্ঞানাঃ প্রত্যভাষন্ত তে মম।
তত্র বাহ্যকৃতশ্চাস্মি দ্বিজপত্নীভিরাদরাৎ।
একদা বররাষ্ট্রীয়া ভার্য্যা তস্য মহাত্মনঃ।
বিমতির্নামতঃ খ্যাতা গন্তু মৈচ্ছৎপিতৃগৃহং।
তামুবাচ পতির্গচ্ছ আরুহ্য শ্বেতগর্দ্দভং।
মাসেনাগমনং কার্য্যং ন স্থেয়ং পরতস্ততঃ।
ইত্যেব মুক্তা সা তত্রা তন্বী মামধিরুহ্য চ।
রক্ষনাদবমুচ্যাথ জগাম ত্বরিতা মুনে।
ততোঽর্দ্ধপথি সা তন্বী মৎপৃষ্ঠাদবরুহ্য বৈ।
অবতীর্ণা নদীং স্নাতুং সুরূপা চার্দ্রবাসসা।

অনুবাদ।

অনন্তর এইরূপে সহস্রবর্ষ অতিবাহিত হইলে পুনঃ এক শ্বেতবর্ণ গর্দ্দভরূপে জন্ম গ্রহণ করিয়া বহুভার্য্য এক সাগ্নিক ব্রাহ্মণের গৃহে অবস্থিতি করিলাম, সেই বিপ্রগৃহে সকলে জ্ঞানী, তাহারা আমাকে সর্ব্বদা শাস্ত্রকথা জিজ্ঞাসা করিত, আমি যত্নপূর্ব্বক বিপ্র-পত্নীকে বহন করিয়া থাকি। এক দিবস সেই মহাত্মা বিপ্রের বিমতি নাম্নী ভার্য্যা পিত্রালয়ে গমন করিতে অভিলাষ করিয়া স্বা-মীকে বলিল, তাহাতে ব্রাহ্মণ বলিল, তুমি আমার শ্বেতগর্দ্দভে আরোহণপূর্ব্বক গমন কর এবং এক মাস মধ্যে গৃহে প্রত্যাগমন করিবে, পরাধীন বাস কখনই করিও না। ব্রাহ্মণ এই কথা বলিলে সেই বিপ্রপত্নী আমার [illegible] পূর্ব্বক পৃষ্ঠে আরোহণ করিয়া [illegible] গমন করিল। অর্দ্ধপথ গমন করিয়া সেই বিপ্রপত্নী

সর্ব্বোপাঙ্গাং রূপবতীং দৃষ্ট্বা তাং মহন্মথং।
ময়া চাভিদ্রুতং তূর্ণং পতিতা ধরণীতলে।
তস্যা উপরি ভো তাত পতিতোহং শাতুরঃ॥
দৃষ্টোভর্ত্তানুসৃষ্টেন নৃপাতদনুসারিণা।
প্রোৎক্ষিপ্য যষ্টিং মাং ব্রহ্মন্ সমধাবত্ত্বরান্বিতঃ।
ততস্তাস্তং পরিত্যজ্য বিদ্রুতো দক্ষিণামুখঃ
ততোভিদ্রবত তূর্ণং খলীন বসনোমুনে।
সমাংসরাশিঃ পতিতঃ সংপ্রাপ্তে প্রাণনাশনে।
তত্রাশক্তস্য মে তাত সমাসীজ্জীবিতুং ক্ষমঃ।
ততোস্মি নরকে ভূয় স্তস্মান্মুক্তোহভবং শুকঃ।
মহারণ্যাস্তথাবদ্ধঃ শবরেণ দুরাত্মনা।

অনুবাদ।

আমার পৃষ্ঠ হইতে নামিয়া স্নানার্থ নদীর তোয়ে গমন করিল, পরে সেই নদীর সলিলে অবগাহন করিয়া আর্দ্রবস্ত্রে পুনর্ব্বার আমার পৃষ্ঠে আরোহণ করিল, তাহাতে তাহার সর্ব্বাঙ্গ অব-লোকন করিয়া আমার মন সাতিশয় আর্দ্র হইল, তখন আমি অতি দ্রুত গমন করিয়া ঐ নারীর উপরি পতিত হইয়া আমার ইন্দ্রিয় পরিতৃপ্ত করিতে অভিলাষী হইলাম। তখন ঐ অবলার স্বামী প্রেরিত অপর যে ব্যক্তি ঐ নারীর সঙ্গে ছিল সে আমার এরূপ ব্যবহার অবলোকনপূর্ব্বক ক্রুদ্ধ হইয়া এক যষ্টি গ্রহণপূর্ব্বক দ্রুতবেগে আমার প্রতি ধাবিত হইল। আমি সেই অবলাকে পরিত্যাগ করিয়া দ্রুতবেগে দক্ষিণমুখে পলায়ন করি-লাম, ক্রমশঃ তাহাতে অসমর্থ হইয়া জীবন ধারণে অক্ষম। হইলাম। পুনর্ব্বার পরনারী আক্রমণ জন্য নরকে পতিত হইলাম কিয়ৎ কাল পরে এক শুকপক্ষী হইয়া জন্ম গ্রহণ করতঃ মহারণ্যে

পঞ্জরেঽক্ষিপ্য বিক্রীতো বণিকপুত্রায়কামিনে।
তেনাপ্যন্তঃ পুরচর যুবতীনাং সমীপতঃ।
সর্ব্বশাস্ত্র বিদিত্যেব দোষজ্ঞশ্চেত্যবস্থিতঃ।
তত্রাসতুন্তরুণস্থা ভুঙ্গান্নপুষ্কলাদিভিঃ।
ভক্ষ্যৈশ্চ দাড়িম্বফলৈঃ পোষয়ন্ত্যহরহঃক্রতুঃ।
একদা পদ্মপত্রাক্ষী শ্যামা পীনপয়োধরা।
সুশ্রোণী তনুমধ্যাচ বণিকপুত্রপ্রিয়া শুভা।
নাম্না চন্দ্রাবলী নাম সমুদ্ঘাট্যাথ পিঞ্জরং।
মাং জগ্রাহ সুচার্ব্বঙ্গী করাভ্যাং চারুহাসিনী।
চকারোপরি পীনাভ্যাং স্তনাভ্যাং তাত সা মম।
ততোঽহং কৃতবান্ ভাবং তস্যাং বিলসিতুং প্রভুন্।
ততোঽনুপ্রবত স্তত্র দ্বারে মর্কট বন্ধনং।

অনুবাদ।

অবস্থিতি করিলাম সেই অরণ্যে এক দুরাত্মা ব্যাধ আমাকে বন্ধন করিল। ঐ ব্যাধ আমাকে পিঞ্জরেবদ্ধ করিয়া এক বণিকপুত্রের নিকট বিক্রয় করিল, সেই বণিকপুত্র আমাকে লইয়া অন্তঃপুরচারিণী বনিতার নিকট রাখিল। আমি সর্ব্বশাস্ত্রের পারদর্শিতা লাভ করিয়াছি এবং নির্দ্দোষী, কামিনীগণ আমাকে অন্তঃপুরে রাখিয়া অন্ন ও জল এবং দাড়িম্ব প্রভৃতি উত্তম ফল সমস্ত আমাকে আহার দিয়া পোষণ করিতে লাগিল। এক দিবস শ্যামবর্ণা রাজীবলোচনা ক্ষীণাঙ্গী সুশ্রোণী চন্দ্রাবলী নাম্নী বণিকপুত্রের বনিতা পিঞ্জরের দ্বার উদঘাটনপূর্ব্বক আমাকে লইয়া আপনার পীন পয়োধরের উপরি রাখিল তাহাতে আমার মনের আহ্লাদ প্রায় গ্লানি উপস্থিত হইল, আমি তখন স্বীয় অভিলাষ পূর্ণ করিবার জন্য তাহার কটিদেশে গমন করিলাম, তাহাতে ঐ বণিকভার্য্যা

বদ্ধোহহং পাপসংযুক্তো মৃতশ্চ তদনন্তরং।
ভূয়োপি নরকং ঘোরং প্রপন্নোস্মি সুদুর্গতিঃ।
তস্মান্মুক্তো বৃষত্বঞ্চ গতশ্চাণ্ডাল বেশ্মনি।
সচৈকদা মাং শকটে নিযোজ্য তাং বিলাসিনীং।
সমারোপ্য মহাতেজা গন্তুং কৃতমতি র্বলং।
ততোগ্রতঃ সচাণ্ডালো গতস্তেবাস্য পৃষ্ঠতঃ।
গায়ন্তী সাপি তচ্ছ্রুত্বা জাতোহহং প্রসৃতেন্দ্রিয়ঃ।
পৃষ্ঠতস্তাং সমালোক্য বিপর্য্যস্ত স্ততোপ্লুতঃ।
যোক্ত্রে সুবদ্ধ এবাস্মি পঞ্চত্বমগমং ততঃ।
ভূয়োনিমগ্নে নরকে দশবর্ষ শতান্যহং।
জাত স্তব গৃহে তাত ত্বহং জাতিমনুস্মরন্।

অনুবাদ।

আমাকে এক শাখামৃগের সহিত পিঞ্জরে বদ্ধ করিয়া রাখিল, বিজাতীয় প্রাণির সহিত বদ্ধ থাকাতে ক্রমশঃ আমার জীবন সংশয় হইল তাহাতে অল্পকাল মধ্যে জীবন বিসর্জ্জন করিলাম। পুনর্ব্বার দুরতিসন্ধিপ্রযুক্ত ঘোরতর নরকে পতিত হইলাম, বহু কাল অতিবাহিত হইলে ঐ ঘোরনরক হইতে মুক্ত হইয়া এক বৃষরূপে চণ্ডালগৃহে জন্মগ্রহণ করিলাম। একদা ঐ চণ্ডাল আমাকে শকটে যোজিত করতঃ ঐ শকটে স্বীয় ভার্য্যাকে আরোহণ করাইয়া স্বয়ং ঐ শকটের অগ্রে গমন করিল। কিন্তু ঐ চণ্ডালপত্নী পৃষ্ঠদেশে সুস্বরে গান করিতে লাগিল আমি তাহার গান শ্রবণে মুগ্ধ হইয়া আমার ইন্দ্রিয় বিকল হইল। পৃষ্ঠভাগে ঐ কামিনীকে অবলোকন করিবার জন্য বিপর্য্যস্তভাবে পতিত হইলাম, যোক্ত্রে নিবদ্ধ থাকাপ্রযুক্ত আমি পঞ্চত্ব প্রাপ্ত হইলাম। পুনর্ব্বার ঘোর নরকে পতিত হইয়া দশসহস্রবর্ষ [illegible] নরক যন্ত্রণা ভোগ করতঃ

তান্যস্মানি স্মরাম্যদ্য জাতিং যোহনুপূর্ব্বিশঃ।
পূর্ব্বাভ্যাসাচ্চ শাস্ত্রাণি বন্ধনং চাগতং মম।
তদহং জ্ঞানবিজ্ঞানেনাকরিষ্যে কথঞ্চন।
পাপানি ঘোররূপাণি কর্ম্মণা মনসা গিরা।
শুভং বাপ্যশুভং বাপি স্বাধ্যায়ং শাস্ত্রজীবিকা।
বন্ধনং বা ধনং বাপি পূর্ব্বাভ্যাসেন জায়তে।
জাতিং যদা পূর্ব্বিকান্তু স্মরতে তাত মানবঃ।
তদা স তেভ্যঃ পাপেভ্যো নিবৃত্তিংহি করিষ্যতি॥
তস্মাদ্গমিষ্যে শুভবর্দ্ধনায় পাপাপনোদায় মুনে হরণ্যে।
ভবানদিবাকীর্ত্তিমমুং স্বপুত্রং গার্হস্থ্যধর্ম্মে বিনিয়োজয়স্ব॥

বলিরুবাচ।

ইত্যেবমুক্তেব নিশাকর স্তদা প্রণম্য মাতাপিতরৌ তদা মুনে।
জগামপুণ্যং সদনং মুরারেঃ খ্যাতং বদর্য্যাশ্রম মাদ্যমীশঃ।

অনুবাদ।

মুক্ত হইয়া তব গৃহে জন্ম গ্রহণ করিয়াছি, হে তাত! আমি পূর্ব্ব সংস্কার বলে জাতিস্মর হইয়াছি। অদ্য সেই সকল ও অন্যান্য জাতির বিষয় স্মরণ করিলাম, পূর্ব্বজন্মকৃত অভ্যাস গুণে আমার শাস্ত্রে জ্ঞান ছিল, এক্ষণে আমি জ্ঞান বিজ্ঞানদ্বারা কায়মনবাক্যে ভয়ঙ্কর পাপকার্য্যে নিবর্ত্ত হইলাম। পূর্ব্বাভ্যাসপ্রযুক্ত শুভ অশুভ স্বাধ্যায় ও শাস্ত্রজ্ঞান বন্ধন ধনপ্রভৃতি জন্মায়। হে পিতঃ! যখন মানবগণের জন্মান্তরীয় জাতির বিষয় স্মরণ হয় তখন সে মানব পাপ হইতে নিবর্ত্ত হয়। অতএব আমি শুভ বর্দ্ধনের ও পাপ বিনাশের নিমিত্ত অরণ্যে গমন করিব। আপনি দিবাকীর্ত্তিকে স্বীয় তনয় বিবেচনায় তাহাকে গার্হস্থ্য ধর্ম্মে নিয়োগ করুন। নিশাকীর্ত্তি এই কথা পিতাকে বলিয়া পিতা ও মাতার চরণে নমস্কার

এবং পুরাভ্যাসরতস্য পুংসো ভবন্তি দানাধ্যয়নাদিকানি।
তস্মাদপূর্ব্বং দ্বিজবর্য্যনস্ময় ত্বভ্যস্তমাশীস্তু তে দদামি।
দানং তপো বাধ্যয়নং মহর্ষে স্তেয়ং মহাপাতকমগ্নিদাহং।
জ্ঞানানিচৈবাভ্যাসনাস্তিপূর্ব্বং ভবন্তি ধর্ম্মার্থ যশাংসি নাথ।
ইত্যেবমুক্ত্বা বলবান্ মহত্ক্রং দৈত্যেশ্বরঃ স্বং গুরুমাংশিতারং।
শ্যায়ং তদাস্তে মধুকৈটভারিং নারায়ণং চক্রগদাসিপাণিং॥

ইতি শ্রীবামনপুরাণে বলি শুক্র সম্বাদে
একপঞ্চাশত্তমোঽধ্যায়।

অনুবাদ।

পূর্ব্বক ভগবানের প্রধান পুণ্যসদন বদর্য্যাশ্রমে গমন করিল। এইরূপ মানবগণের পূর্ব্বাভ্যাস প্রযুক্ত দান ও অধ্যয়নাদি কার্য্য হইয়া থাকে। হে বিপ্রবর! এই নিমিত্ত পূর্ব্বাভ্যাস যদি না থাকে তবে তোমাকে দান করিতে পারিব না। দান তপস্যা অধ্যয়ন চৌর্য্য, মহাপাতক, অগ্নিদাহ, জ্ঞান, ধর্ম্ম, অর্থ, যশ এই সমস্ত কার্য্য অভ্যাস প্রযুক্ত হইয়া থাকে। অতি বলবান দানববর বলি শুক্রাচার্য্যকে এই কথা বলিয়া মধুকৈটভারি নারায়ণকে স্মরণ করিতে লাগিলেন।

ইতি বামনপুরাণে বামনপ্রাদুর্ভাবে একপঞ্চাশৎ
অধ্যায় সমাপ্ত।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

এতস্মিন্নন্তরে প্রাপ্তো ভগবান্ বামনাকৃতিঃ।
যজ্ঞবাট মুপাগম্য উচ্চৈর্বচন মব্রবীৎ।

ওঁকারপূর্ব্বাঃ শ্রুতয়োমখেস্মিন্ তিষ্ঠন্তি রূপেণ তপোধনানাং।
যজ্ঞাশ্বমেধঃ প্রবরং ক্রতুনাং মুখ্যস্তথাসত্যসি দৈত্যনাথ॥

ইত্থং বচনমাকর্ণ্য দানবাধিপতি র্বলী।
সার্ঘ্যপাত্রং সমভ্যাগাৎ যত্র দেব স্থিতোঽভবৎ।
ততোঽর্চ্চ্য দেবদেবেশ মর্চ্চ্যমর্ঘ্যাদিনা সুরঃ।
ভরদ্বাজর্ষিণাসার্দ্ধং যজ্ঞবাটং প্রবেশয়েৎ।
প্রবিষ্টমাত্রং দেবেশং প্রতিপূজ্যাবিধানতঃ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। এই সময়ে বামনরূপী ভগবান্ দানবরাজ বলির যজ্ঞভূমিতে গমন পূর্ব্বক উচ্চৈঃস্বরে বলিলেন। এই যজ্ঞে প্রণবপ্রভৃতি বেদ সকল তাপসগণের রূপধারণপূর্ব্বক অবস্থিতি করিতেছে। অতএব এই যজ্ঞপ্রবর অশ্বমেধ সকল যজ্ঞের প্রধান, হে দৈত্যনাথ! তুমি এই যজ্ঞে ব্রতী হইয়াছ। ভগবানের এই বাক্য শ্রবণ পূর্ব্বক দানবপতি বলি অর্ঘ্যপাত্র গ্রহণপূর্ব্বক যে স্থানে ভগবান অবস্থিতি করিতেছেন তথায় গমন করিলেন। অনন্তর দানবনাথ বলি সেই ত্রিলোক পূজ্য ভগবানের যথাযোগ্য পূজনানন্তর ভরদ্বাজ ঋষির সহিত ভগবানকে যজ্ঞভূমিতে আনয়ন করিলেন। ভগবান কৈটভারি যজ্ঞভূমিতে গমন করিবামাত্র যথাবিধানে পূজা করিয়া ভগবানকে বলিল, হে ভগবন্ যে

প্রোবাচ ভগবন্ ব্রূহি কিং দাস্যে তব মানদ।
ততো ব্রবীন্মুরারিপু দৈত্যরাজান মব্যয়ঃ।
বিহস্য সুচিরং কালং ভরদ্বাজ মুদীক্ষ্য চ।
গুরোর্ম্মহীয়শো গুরু স্তস্যাস্ত্যগ্নি পরিগ্রহঃ।
ন স ধারয়তে ভূম্যাং পারক্যাং জাতবেদসং।
তদর্থ মপি যাচেয়ং মম দানব পার্থিব।
মৎশরীর প্রমাণেন দেহি রাজন্ পদত্রয়ং।
মুরারি বচনং শ্রুত্বা বলির্ভার্য্যা মুদীক্ষ্য চ।
বালঞ্চ তনয়ং বীক্ষ্য ইদং বচন মব্রবীৎ।
ন কেবলং প্রমাণেন বামনত্বং কলি প্রিয়।
যস্যঃ ক্রমত্রয়ং মৌখ্যাদ্যাচতে বুদ্ধিতোপি বা।
প্রিয়োবিধাতাপ্যধিয়াং নরাণাং বহিস্কৃতানাঞ্চ মহানুভাবৈঃ।
ধনাধিকং ভূরিনবৈদদাতি যথৈববিষ্ণৌ ন বহুপ্রয়াসঃ।

অনুবাদ।

মানদ! আপনি অনুমতি করুন, আপনাকে কি দান করিব। দানবরের এই কথা শ্রবণ করিয়া ভগবান্ অতি উচ্চহাস্যপূর্ব্বক ভরদ্বাজের প্রতি কটাক্ষ করিয়া দানবরাজকে বলিলেন। হে দানবরাজ! আমার গুরু পরকীয় ভূমিতে অগ্নি রক্ষা করিবেন না এজন্য আমার নিকট প্রার্থনা করিয়াছেন অতএব সেই মহাত্মা গুরুর নিমিত্ত মৎপরিমাণ ত্রিপদ ভূমি প্রদান করুন। ভগবান কৈটভারির এবম্বিধ বাক্য শ্রবণে দানবরাজ বলি বৃন্দাবলী ভার্য্যার প্রতি কটাক্ষপাত করতঃ শিশু তনয়কে অবলোকন করিয়া এই কথা বলিলেন, হে ভার্য্যে! কেবল এই ক্ষুদ্রকলী বামন বিবেচনা করিও না, যে নিমিত্ত বুদ্ধিপূর্ব্বক এই অবনী মধ্যে ত্রিপাদভূমি মাত্র প্রার্থনা করিতেছে। অতএব বিধাতা অল্পবুদ্ধি মানবগণের

ন দদাতি বিধিস্তস্য যস্য ভাগ্যবিপর্য্যয়ঃ।
ময়ি দাতরি যষ্কায় মত্তো যাচং ক্রমত্রয়ং।
ইত্যেব মুক্ত্বা বচনং মহাত্মা ভূয়ো ভুবা চাভি বিষ্ণুবলেষ্টং।
যাচস্ব বিষ্ণো গজবাজি ভূমি দাসী হিরণ্যং যদভীপ্সিতং তব।
ত্বঞ্চ যাচয়িতা বিপ্র অহং দাতা জগৎপতিঃ।
দাতুর্যাচয়িতুর্লজ্জা কথং ন স্যাৎ পদত্রয়ে।
রসাতলং বা পৃথিবীং ভুবনং ত্রুমধ্যাপি বা।
এতেভ্যঃ কতমং দদ্যাং স্থানং যাচস্ব বামন॥

বামন উবাচ।

গজাশ্বভূহিরণ্যাদি তদার্থস্য প্রদীয়তে।
এতাবতা স্বহং চার্থী দেহি রাজন্ পদত্রয়ং॥

অনুবাদ।

অধীন সম্পদ প্রদান করেন না যেরূপ এই বিষ্ণুর অধিক বস্তুতে অভিলাষ নাই। যাহার ভাগ্য বিপর্য্যয় হয় বিধাতা তাহাকে কখনই সম্পদ প্রদান করেন না, কারণ আমি দাতা আমার নিকট কেবল মাত্র পদত্রয় ভূমি প্রার্থনা করিতেছেন। মহাত্মা বলি বিষ্ণুকে এই কথা বলিয়া পুনর্ব্বার বলিলেন, হে বিষ্ণো! তুমি হস্তী ঘোটক ভূমি দাসী হিরণ্য প্রভৃতি যাহা তোমার ইচ্ছা হয় প্রার্থনা কর। হে বিপ্র! তুমি প্রার্থী আমি ত্রিজগৎপতি দাতা এরূপ দাতার নিকট পাদত্রয় ভূমি প্রার্থনা করিতে দাতা ও যাচয়িতার কি লজ্জা হয় না। অতএব হে বামন! তুমি রসাতল বা পৃথিবী অথবা ভুবন ইহার মধ্যে কোন স্থান তোমাকে দিব, প্রার্থনা কর। তখন বামন রূপধারী ভগবান বলিলেন। হস্তী অশ্ব ভূমি হিরণ্যাদি যাহার আবশ্যক হয় তাহাকে প্রদান কর, আমি এ [illegible] বস্তুর প্রার্থনা করি নাই, হে রাজন্! আমাকে তুমি [illegible]

ইত্যেবমুক্তে বচনে বামনেন মহাসুরঃ ।
বলিস্তু ভৃঙ্গামাদায় প্রাদাদ্বিষ্ণোঃ ক্রমত্রয়ং ।
পাণৌতু পতিতে তোয়ে দিব্যরূপং চকার হ ।
ত্রৈলোক্য ক্রমণার্থায় বহুরূপো জগন্ময়ঃ ।
পদ্ভ্যাং ভূমি স্তথা জঙ্ঘে নভস্ত্রৈলোক্য বন্দিতঃ ।
সত্যং তপো জানুযুগ্মে উরুভ্যাং মেরুমন্দরৌ ।
বিশ্বেদেবাঃ কটীভাগে মনবো বস্তি শীর্ষগাঃ ।
লিঙ্গেস্থিতো মন্মথশ্চ বৃষণাভ্যাং প্রজাপতিঃ ।
কুক্ষিভ্যামর্ণবাঃ সপ্ত জঠরে ভুবনাং স্তথা ।
স্থিতা বলিষু নদ্যশ্চ জজ্ঞাস্তু জঠরেস্থিতাঃ ।
ইষ্টাপূর্ত্তাদয়ঃ সর্ব্বাঃ ক্রিয়া স্তত্র ব্যবস্থিতাঃ ।
পৃষ্ঠস্থাবসবোদেবা স্কন্ধোরুদ্রৈরধিষ্ঠিতৈঃ ।
বাহবশ্চ দিশঃ সর্ব্বা বসবোষ্ট করাঃ স্মৃতাঃ ।
মুখেতু সাগ্নয়োবিপ্রা সংস্কারা দশনচ্ছদাঃ ।

অনুবাদ ।

প্রদান কর। বামনরূপী ভগবান এই কথা বলিলে দানবরাজ বলি এক ভৃঙ্গার গ্রহণপূর্ব্বক পদত্রয় ভূমি দান করিয়া বামনরূপী ভগবানের হস্তে তোয় প্রদান করিলেন, ভগবান্ তৎক্ষণাৎ ত্রিলোক আক্রমণের জন্য অপূর্ব্ব বিরাট মূর্ত্তি ধারণ করতঃ একপাদে ভূমি অন্য পাদে আকাশমণ্ডল আক্রমণ করিলেন। জানুদ্বয়ে সত্য-লোক ও তপলোক, উরুদ্বয়ে মেরু ও মন্দর, কটিভাগে বিশ্বে-দেবগণ, বস্তিভাগে চতুর্দ্দশ মনু, লিঙ্গে কন্দর্প, বৃষণদ্বয়ে প্রজা-পতি, কুক্ষিভাগে সপ্তসমুদ্র, উদরে চতুর্দ্দশ ভুবন, এবং বলিদেশে নদী সকল, জঠরে যজ্ঞ, সেই স্থলে ইষ্টাপূর্ত্তি কার্য্য সকল ব্যবস্থিত আছে। পৃষ্ঠভাগে বসুগণ, স্কন্ধদেশে একাদশ রুদ্র, বাহুভাগে

ধর্ম্মার্থ কামমোক্ষীয়াঃ শাস্ত্রাঃ শৌচ সমন্বিতাঃ।
সন্ধ্যাসন্ধ্যা ললাটস্থা শ্রবণাভ্যাং সথাশ্বিনৌ।
শ্বাসস্থো মাতরিশ্বাচ মরুতঃ সর্ব্বসন্ধিষু।
সর্ব্বসূক্তানি দশনা জিহ্বাদেবী সরস্বতী।
চন্দ্রাদিত্যৌ লোচনে চ পক্ষস্থাঃ কৃত্তিকাদয়ঃ।
শিখায়াং দেবদেবস্য ধ্রুবোত্রজত্যসীদতঃ।
তারকা রোমকূপেভ্যো রোমানিচ মহর্ষয়ঃ।
গুণৈঃ সর্ব্বময়োভূত্বা ভগবান্ ভূতভাবনঃ।
ক্রমেণৈকেন জগতাং জহার সচরাচরাং।
ভুবি বিক্রমমাণস্য মহারূপস্য তস্যবৈ।
দক্ষিণোভূজনোশ্চন্দ্রঃ সূর্য্যোভূদথচোত্তরঃ।
নভস্যাক্রমতেনাভৌ সূর্য্যেন্দুসব্য দক্ষিণৌ।
দ্বিতীয়েন ক্রমেণাথ স্বর্ম্মহর্জ্জনতাপসাঃ।
ক্রোধাদুক্তশ্চ বৈ রাজন্ অর্দ্ধমাপূর্য্যতাস্য চ।

অনুবাদ।

দিক্ সকল, হস্তে অষ্টাবসু, মুখে অনল, দশন পংক্তিতে সংস্কারযুক্ত ব্রাহ্মণ ও শৌচযুক্ত ধর্ম্মার্থ কাম মোক্ষ প্রয়োজনক শাস্ত্র সকল। ললাটে সন্ধ্যাদ্বয়, কর্ণযুগলে অশ্বিনীকুমার দ্বয়, পার্শ্বে মাতরিশ্বা, সর্ব্বসন্ধিতে পবন, জিহ্বাতে সরস্বতীদেবী, লোচনদ্বয়ে চন্দ্র ও সূর্য্য, পক্ষস্থ কৃত্তিকাদি নক্ষত্রগণ, দেবদেবের শিখাতে ধ্রুব, রোমকূপে নক্ষত্রপুঞ্জ, এইরূপ ভূতভাবন ভগবান্ গুণদ্বারা সর্ব্বময় হইয়া একপদে চরাচর জগন্মণ্ডল হরণ করিলেন। এবম্বিধ বিক্রমে মহা ভগবানের শরীরের দক্ষিণ ভাগে চন্দ্র, উত্তর ভাগে সূর্য্য, দ্বিতীয় পদে ভূভুর্ব জনলোক প্রভৃতি আক্রমণ করিলেন। পরে ক্রোধ-পূর্ব্বক দানবরাজকে বলিলেন, হে রাজন্। এক্ষণে আমার তৃতীয়

ততঃ প্রতাপিতা ব্রহ্মন্ বৃহদ্বিষ্ণুস্ত্রিধা মুনে।
ব্রহ্মাণ্ডোদরসাবৃতা নিরালোকং জগাম হ।
বিষ্ণুস্ত্রিধা প্রসরতা কটাহোদ্ভেদিতোম্বরাং।
কুটিলা বিষ্ণুপাদস্ত সমেত্যা কুটিলা ততঃ।
তস্যা বিষ্ণুপদীত্যেবং নাম্না খ্যাতং মহামুনে।
তথা সুরনদীত্যেব তামসেবন্ত তাপসাঃ।
ভগবানপ্য সংপূর্ণে তৃতীয়ে বিক্রমে প্রভুঃ।
সমভ্যেত্য বলিং প্রাহ ঈষৎ প্রস্ফুরিতাধরঃ।
ঋণাদ্ভবতি দৈত্যেন্দ্র বন্ধনং ঘোরদর্শনং।
তং পূরয়স্বৈকদাস্বং নচেদ্বন্ধং প্রতীচ্ছভো।
তং মুরারিবচঃ শ্রুত্বা বিহস্যাথ বলেঃসুতঃ
বাণঃ প্রাহামরপতিং বচনং হেতুসংযুতং॥

বাণ উবাচ।

হৃত্বা মহীমল্পতরাং জগৎপতে স্বায়ম্ভুবাদীন্ ভুবনাং স্ত্বদেবচ।

অনুবাদ।

চরণের স্থান পূরণ কর। এই কথা বলিয়া ভগবান্ নাভিদেশ হইতে তৃতীয় চরণ বহির্গত করিয়া ব্রহ্মকটাহপর্য্যন্ত প্রবেশ করতঃ ঐ চরণ কুটিলভাবে রাখিলেন এজন্য তাহার নাম বিষ্ণুপদী হইল। অনন্তর তাপসগণ স্বর্ণদীতে গমন করিলেন, ভগবানের তৃতীয় চরণ পূরণে দানববর অসমর্থ হইলে ঈষৎ কম্পিত ওষ্ঠাধর ভগবান ক্রোধ পূর্ব্বক দানবকে বলিলেন হে দৈত্যেন্দ্র! তুমি প্রতিজ্ঞাপূরণে অসমর্থ হইলে এজন্য তুমি ঋণ হইতে ভয়ঙ্কর বন্ধনপ্রাপ্ত হইবে, অতএব তুমি শীঘ্র প্রতিজ্ঞাপূরণ কর, এককালীন পূরণ করিতে যদি না পার তবে তুমি বন্ধন ইচ্ছা কর। তখন ভগবান মুরারির বাক্য শ্রবণান্তে বলির তনয় বাণ হাস্যপূর্ব্বক ভগবানকে হেতুযুক্ত

কথংবলেঃ প্রার্থয়সেত্ত্বমিহত্বাং প্রাগুক্তবাংশে বিপুলাস্থথাবয়োস্তু
বিভোমহীং যাবদিয়ং স্বয়াদ্যস্বক্তাসমেতা ভুবনান্তবালে।
দত্তাহিতাতেন তু তাবতীয়ং কস্মাচ্ছলেনাদ্য বিবধ্যতে নঃ।
যদেবশক্ত্যা ভবতাহিপূরিতং কথঞ্চিদদ্যাপিতজ্জেশ্বরোহস্মৌ।
শক্তস্ত্বসংপূরয়িতুং মুরারে প্রসীদমাবন্ধনমাদিশস্ব।
প্রোক্তংশ্রুতৌ ভবতাপীশবাক্যংদানং পাত্রেভবতো সৌখ্যদায়ি
দেশেপুণ্যে স্বদেবাপি কালেতচ্চাশেষং দৃশ্যতেচক্রপাণে।
দানংভূমিঃ সর্ব্বকামপ্রদেয়ং ভবানপাত্রং দেবদেবোজিতাত্মা।
কালেজ্যেষ্ঠা মূলযোগেমৃগাঙ্কঃ কুরুক্ষেত্রং পুণ্যদেশং প্রসিদ্ধং।

অনুবাদ।

বাণ বলিল। হে জগৎপতে! আপনি ক্ষুদ্র বামনরূপধারণপূর্ব্বক অল্পতর স্থান প্রার্থনা করিয়া ক্রমশঃ স্বয়ম্ভুবাদি ভুবন বলির নিকট প্রার্থনা করিতেছ, একণে আপনি পূর্ব্ব রূপধারণ করতঃ যেরূপ স্থান হয় গ্রহণ করুন্। হে বিভো! আপনি এই জগৎ সৃষ্টি করিয়া আমার পিতার আধিপত্য প্রদান করিয়াছিলেন একণে ছলপূর্ব্বক সেই জগৎ গ্রহণ করিতেছেন। দানবরাজ আমার পিতা আপনার প্রার্থনা পূরণ করিতে যে পর্য্যন্ত শক্ত ছিলেন তাহা প্রদান করিতে অঙ্গীকার করিয়াছিলেন আপনি পূর্ব্বে যাহা প্রার্থনা করিয়াছিলেন তাহাতে আমার পিতা শক্ত ছিলেন না, অতএব হে মুরারে। আপনি প্রসন্ন হউন্ এবং বলিকে বন্ধন করিতে আদেশ করিবেন না, হে ঈশ! আপনি শ্রুতিতে বলিয়াছেন উপযুক্ত গুণশালি পাত্রে দান করিলে আপনি তাহার সম্ভ্রম বর্দ্ধন করেন। পবিত্র স্থানে পুণ্যকালে দান করিলে এইরূপ ফল দৃষ্ট হয়, অতএব হে চক্রপাণে! ভূমিদান করিলে সর্ব্বাভীষ্ট লাভ হয় বিশেষতঃ দেবদেব আপনি জিতেন্দ্রিয় [illegible]

কিম্বাদেবস্বমানুষৈঃ সত্ত্বহীনৈঃ কিম্বাপনীয়ং সাধুভির্বাসাধু।
ত্বং শ্রুতীনাং মুখিতাদিকর্ত্তা ব্যাপ্যস্থিতঃ নভিসন্মোথপাদৈঃ।
কৃত্বাপ্রমাণং স্বমেবহীনং পদত্রয়ং যাচিতবাননুবাচ।
সূক্ষ্মাণিবিষ্ণোর্মহতাজগত্রয়ং রূপেণলোক প্রতিবন্দিতেন।
নাত্রাশ্চর্য্যং যজ্জগদ্বৈসমগ্রং ক্রমস্ত্রয়ং নৈবপূর্ণস্তবাদ্য।
ক্রমেণত্বং লঙ্ঘয়িতুং সমর্থোলীলামেতাং কৃতবাল্লোকনাথ।
প্রমাণহীনাং স্বয়মেবরক্ষ বসুন্ধরাং শ্রীবরপদ্মনাভ।
বিষ্ণোনবধ্যাপ্যবলিং বিদূরেপ্রভুর্যদেবেচ্ছসি তৎকরোতু॥

পুলস্ত্য উবাচ।

ইত্যেব মুক্তে বচনে বাণেন বলিসূনুনা।
প্রোবাচ ভগবান্ বাক্যং চাদিকর্ত্তা জনার্দ্দনঃ॥

অনুবাদ।

কুরুক্ষেত্র প্রসিদ্ধ পুণ্যভূমি এইস্থানে সত্ত্বহীন মানবের কি অপেক্ষা আছে এবং এইস্থানে সাধু অসাধু কিছুই বিবেচনা হয় না। আপনি বেদের আদি কর্ত্তা হইয়া পদদ্বারা আকাশ মণ্ডল পর্য্যন্ত আক্রমণ করিয়া অবস্থিতি করিতেছ। আপনি অগ্রে ক্ষুদ্র রূপধারণ পূর্ব্বক পদত্রয় ভূমি প্রার্থনা করিয়াছিলে একণে ত্রিলোক বন্দিত মহৎ রূপধারণ পূর্ব্বক ত্রিজগৎ গ্রহণ করতঃ পদদ্বারা এই ত্রিলোক আক্রমণ করা তোমার পক্ষে আশ্চর্য্য কি কিন্তু অদ্য তাহাও পূর্ণ হইল না। আপনি সমস্ত জগন্মণ্ডল লঙ্ঘন করিতে সক্ষম, হে লোকনাথ! এ তোমার লীলামাত্র। হে শ্রীধর! হে পদ্মনাভ! হে বিষ্ণো! আপনি প্রমাণহীনা বসুন্ধরা প্রার্থনা করিয়া একণে ছলক্রমে বলিকে দূরদেশে বন্ধন করিও না, আমার কথাতে কি হইবে, একণে আপনার যাহা ইচ্ছা তাহাই করুন। পুলস্ত্য বলিলেন, এইরূপে বলির তনয় বাণ ভগবানকে বলিলে

ত্রিবিক্রম উবাচ।

বচনানি যানিচোক্তানি ত্বয়া বাণেয় সাম্প্রতং।
তেষান্তু হেতু সংযুক্তং শৃণু প্রত্যুত্তরং মম।
পূর্ব্বমুক্ত স্তব পিতা ময়া রাজন্ পদত্রয়ং।
দেহিমহ্যং প্রমাণেন তদেতৎসমনুষ্ঠিতং।
কিং নবেত্তিপ্রমাণং মে বলি স্তব পিতাসুরঃ।
প্রায়চ্ছদ্যেননিঃশঙ্কং মমানং তৎক্রমত্রয়ং।
সত্যংক্রমেণৈকেন ক্রমেয়ং ভূর্ভুবাদিকং।
বলেরপি হিতার্থায় কৃতমেতৎ ক্রমত্রয়ং।
তস্মাদ্দত্তমবাণেষ তৎপিতা মৎকরেমহৎ।
দত্তশ্চলাঘবে তস্য কল্পং যাবদ্ভবিষ্যতি।
গতে মন্বন্তরেবাণ শ্রাদ্ধদেবস্য সাম্প্রতং।
সাবর্ণিকে চ সম্প্রাপ্তে বলিরিন্দ্রো ভবিষ্যতি।

অনুবাদ।

ভগবান্ ত্রিবিক্রম বলি নন্দন বাণকে বলিলেন, হে বলি নন্দন! তুমি আমাকে যাহা বলিলে তাহার সহেতুক প্রত্যুত্তর শ্রবণ কর। আমি পূর্ব্বে তোমার পিতাকে বলিয়াছিলাম হে রাজন্! আমাকে মৎপ্রমাণ ত্রিপদ ভূমি প্রদান করুন। তোমার পিতা দানববর বলি আমার প্রমাণ কি বিশেষ জিজ্ঞাসা না করিয়া নিঃশঙ্ক চিত্তে পদত্রয় ভূমি প্রদান করিয়াছেন। আমি এক পদে ভূর্ভুবাদি সমস্ত আক্রমণ করিতে পারি সত্য কিন্তু হে বলিনন্দন! দানববর বলি লঘুতর বিবেচনায় আমার করে দান করিয়াছিলেন, এজন্য তাহার হিতার্থে বলিতেছি দানববর বলির এক কল্প পর্য্যন্ত এরূপ অবস্থায় থাকিতে হইবে, এক্ষণে শ্রাদ্ধদেব মন্বন্তর এই মন্বন্তর অতীত হইলে সাবর্ণিক মন্বন্তরে দানববর বলি ইন্দ্র হইবেন। ভগবান ত্রিবিক্রম

ইত্থং প্রোক্ত্বা বালসুতং বাক্যং বাণং ত্রিবিক্রমঃ।
প্রোবাচ বলিমভেত্য বচনং মধুরাক্ষরং॥

শ্রীভগবানুবাচ।

আপূরণাদ্দক্ষিণায়া গচ্ছ রাজন্ মহীতলং।
সুতলং নাম পাতালং বসতত্র নিরাময়ঃ॥

বলিরুবাচ।

সুতলে বসতোনাথ মমভোগাঃ কুতোব্যয়াঃ।
ভবিষ্যন্তিচ যেনাহং নিবৎস্যামি নিরাময়ঃ॥

ত্রিবিক্রম উবাচ।

সুতলস্থস্য দৈত্যেন্দ্র যানি ভোগ্যানিতেঽধুনা।
ভবিষ্যন্তি মহার্হানিতানিবক্ষ্যামি সর্ব্বশঃ।
দানান্য বিধিবদত্তা শ্রাদ্ধান্য শ্রোত্রিয়ানি চ।

অনুবাদ।

বলি নন্দন বাণকে এইরূপ বলিয়া বলির নিকট গমন পূর্ব্বক সাতিশয় প্রীতিজনক মধুর বাক্যে বলিলেন। হে রাজন্! তুমি প্রতিজ্ঞা পূরণ করিতে পারিলে না এজন্য সুতল নামীয় পাতাল পুরীতে নিরাময়ে বাস কর। তখন ভগবানের বাক্য শ্রবণান্তে দানবরাজ বলিল, হে নাথ! আমি সুতল নামক পাতালে বাস করিব কিন্তু আমার একপ ভোগের কিছুই হানি হইবেক না। কারণ আপনি আমাকে নিরাময়ে বাস করিতে বলিয়াছেন। তখন ভগবান ত্রিবিক্রম বলিকে বলিলেন, হে দৈত্যেন্দ্র! আপনি এক্ষণে যেরূপ ভোগে কালাতিপাত করিতেছ সুতল পাতালে সেইরূপ ভোগে কালাতিপাত করিবে এবং তুমি অজর অমর হইবে তাহা বলিতেছি শ্রবণ কর। যে যে সময়ে তোমার পূজা হইবে অবিধি পূর্ব্বক দান করিলে অশ্রোত্রিয় শ্রাদ্ধ করিলে এবং অযোগ্য পাত্রে অধ্যয়ন

তথাধীতাশ্চ প্রতিজ্ঞাশ্চাপি ভবতঃ ফলং।
তথাশ্বদ্বৎসরং পুণ্যং বৃত্তে শক্র মহোৎসবে।
দ্বাতপ্রতিপদানাম ভবভাবী মহোৎসবঃ।
তত্রত্বাং নরশার্দ্দূল হৃষ্টাঃপুষ্টাঃ স্বলঙ্কৃতাঃ।
পুষ্পধূপ প্রদানেন অর্চ্চয়িষ্যন্তি যত্নতঃ।
তবোৎসবো মুখ্যতরো ভবিষ্যতি দিবানিশং।
ইত্যেবমুক্ত্বা মধুহা দিতীশ্বরং বিসর্জ্জয়িত্বা সুতলং সভার্য্যং।
যজ্ঞং সমাদায় জগাম তূর্ণং সশক্রপদ্মাকর সংবজুষ্টং।
দত্ত্বা মঘোনেত্ত্ব বিভুস্ত্রিবিষ্টপং কৃত্বা চ দেবান্ মখভাগভোক্তৃন্।
অন্তর্দ্দধে বিশ্বপতি র্মহর্ষে সংপশ্যতামেব সুরাধিপানাং।
স্বর্গং গতে ধাতরি বাসুদেবে শাম্বোঽসুরাণাং মহতাবলেন।
কৃত্বা পুরং শৌভমতিপ্রসিদ্ধং তদান্তরীক্ষে বিচচারকামান্।

অনুবাদ।

করিলে তাহার ফল তুমি পাইবে। এক বৎসর কাল পুণ্যতম শক্র মহোৎসব অতীত হইলে কার্ত্তিকী শুক্লপ্রতিপদে তোমার মহোৎসব হইবে, হে রাজন্! তাহাতে তুমি সাতিশয় আনন্দিত হইবে এই তিথিতে তোমার মুখ্যতর মহোৎসব হইবেক মানবগণ দিবা রাত্রি যত্নপূর্ব্বক পুষ্পাদি দ্বারা তোমাকে পূজা করিবেক। ভগবান্ মাধব দানবনাথকে এইকথা বলিয়া সভার্য্য দানববর বলিকে সুতল নামক পাতালে বাস করিবার অনুমতি প্রদান পূর্ব্বক যজ্ঞ পুরুষকে গ্রহণ করিয়া দ্রুতবেগে ইন্দ্র ব্রহ্মাপ্রভৃতি দেবগণযুক্ত অমরলোকে গমন করতঃ ইন্দ্রকে অমরালয় এবং দেবগণকে যজ্ঞ ভাগ প্রদান পূর্ব্বক দেবগণের দৃষ্টিপথ হইতে অন্তর্দ্ধান হইলেন। বিধাতা বাসুদেব অমরালয়ে গমন করিলে দানবের প্রধান শাম্বদানব বল পূর্ব্বক অন্তরীক্ষে শৌভমতি নামক প্রসিদ্ধ এক পুরী নির্ম্মাণ করিয়া

মযস্তত্রকৃত্বাত্রিপুরং মহাত্মা সুবর্ণতাম্রায়সমগ্র্যসৌখ্যং ।
সতারকাক্ষঃ সহবৈদ্যুতেন সংতত্রতস্থেভৃত্যকলত্রবালকৈঃ ।
বাণোপি দেবেন্দ্রকৃতে ত্রিপিষ্টপে বদ্ধেবলৌচাপি রসাতলংস্থে ।
কৃত্বাসুগুপ্তং ভুবিশোণিতাখ্যং পুরংসচাস্তে সহদানবেন্দ্রৈঃ ।
এবং পুরাচক্রধরেণ বিষ্ণুনাবদ্ধো বলি বামন রূপধারিণা ।
শক্রপ্রিয়ার্থং সুরকার্য্যসিদ্ধয়ে হিতায় বিপ্রর্ষভগোদ্বিজানাং ।
প্রাদুর্ভবস্তে কথিতোমহর্ষেপুণ্যং শুচিবামনস্যাঘহারী ।
শ্রুতেযস্মিন্ কীর্ত্তিতেসংশ্রুতেচ পাপংযাতিসংক্ষয়ংবর্দ্ধতেপুণ্যমত্র
এবংপ্রোক্তোভবতেপুণ্যকীর্ত্তেঃ প্রাদুর্ভাবো বলির্বদ্ধোহস্যযস্তু ।
যচ্চান্যং শ্রোতুকামোসি বিপ্রপ্রোচ্যতাং কথয়াম্যদ্যশেষঃ ॥
ইতি শ্রীবামনপুরাণে বলিবন্ধনোনাম দ্বিপঞ্চাশত্তোহধ্যায় ।

অনুবাদ ।

যথেচ্ছাক্রমে গমন করিতে লাগিল । মহাত্মা ময়দানব সুবর্ণ তাম্র ও লৌহদ্বারা সাতিশয় দৃঢ় ও সুখপ্রদ ত্রিপুর নামক পুরী প্রস্তুত করিয়া তাহাতে তারকাক্ষ ও বৈদ্যুত এবং ভৃত্য কলত্র ও বালকের সহিত বাস করিতে লাগিল । ভগবান্ বৈকুণ্ঠনাথ অমরলোকে গমন করিলে এবং দানববর বলি বন্ধনযুক্ত হইয়া সুতলে গমন করিলে দানববর বাণ অবনীতে শোণিতাখ্য নামক অতিশয় গুপ্ত পুরী প্রস্তুত করিয়া তাহাতে দানবেন্দ্রের সহিত বাস করিল । এইরূপ পূর্ব্বকালে চক্রধারী ভগবান্ বিষ্ণু বামনরূপ ধারণ পূর্ব্বক পুরন্দরের হিতার্থে দেবগণের কার্য্যসিদ্ধির জন্য এবং ব্রাহ্মণগণের উপকারার্থে বলিকে বন্ধন করিয়াছিলেন । এই সকল পুণ্যজনক পাপহারী বামনরূপী ভগবানের প্রাদুর্ভাব স্মরণ করিলে পাপ বিনাশ হয় এবং সন্তুতি বর্দ্ধন হয় । এই সকল পুণ্য কীর্ত্তি ভগবানের প্রাদুর্ভাব এবং দানববর বলির বন্ধন তোমাকে বলিলাম যদি অন্য কোন বিষয় তোমার শ্রবণ করিতে অভিলাষ হয় তবে তুমি জিজ্ঞাসা কর আমি তাহা বিস্তাররূপে বর্ণন করিব ।

ইতি বামনপুরাণে বলিবন্ধন নামক দ্বিপঞ্চাশৎ অধ্যায় সমাপ্ত ।

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

শ্রুতং যথা ভগবতা বলির্বদ্ধো মহাত্মনা।
ভগবন্ দেবরাজায় বিষ্ণুর্দত্ত্বা ত্রিপিষ্টপং।
অন্তর্দ্ধায় গতঃ ক্বাসৌ সর্ব্বাত্মা তাত কথ্যতাং।
সুতলস্থশ্চ দৈত্যেন্দ্রঃ কিং কুর্ব্বন্ কথমাসতে।
কা চেষ্টা তস্য বিপ্রর্ষে তন্মে ব্যাখ্যাতু মর্হসি॥

পুলস্ত্য উবাচ।

অন্তর্দ্ধায় সুরাবাসং পদ্মভূর্ভূতভাবনঃ।
আগতো দেব দেবেশং দ্রষ্টুমিচ্ছন্ সনাতনং।
পরিষ্বজ্যার্চ্চ্য বিধিনা অর্ঘ্যপূজাদিনা হরিং।
পপ্রচ্ছ কিং চিরেণেহ ভবতা গমনং কৃতং।
দেবদর্শন হর্ষেণ ততোঽগ্রে প্রণতোঽভবৎ॥

অনুবাদ।

নারদ জিজ্ঞাসা করিলেন। ভগবান বলিকে বন্ধন করিয়াছিলেন আপনার নিকট শ্রবণ করিলাম, হে ভগবন্! সর্ব্বাত্মা ভগবান্ বিষ্ণু পুরন্দরকে অমর পুরী প্রদানপূর্ব্বক কোথায় অন্তর্দ্ধান হইয়াছিলেন তাহা বর্ণন করুন। হে বিপ্রর্ষে! দানববর বলি সুতলে গমন পূর্ব্বক কোন কার্য্যে অবস্থিতি করিয়াছিলেন তাহা বর্ণন করুন। পুলস্ত্য বলিলেন, ভগবান অন্তর্দ্ধান হইয়া সুরলোকে গমন করিলে ভূতভাবন পদ্মযোনি ব্রহ্মা, ভগবান দেবেশ সনাতনকে দর্শন করিবার মানসে গমন করিলেন। সুরলোকে ভগবানকে দর্শন করতঃ আলিঙ্গন পূর্ব্বক যথা বিধানে অর্ঘ্যাদি দ্বারা পূজা করিলেন। তখন ভগবান ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন আপনি বহুকালের পর আসিয়াছেন। দেব দর্শন জন্য সর্ব্ব

ততঃ প্রণম্য শুচিরং তুষ্টাব জগদীশ্বরং।
ভক্তিনম্রো মহাদেবং পদ্মজং স্তোত্রৈরেবং॥

ব্রহ্মোবাচ।

ওঁ নমস্তে দেবাদিদেব বাসুদেব একশৃঙ্গ বহুরূপ বৃষাকপে ভূতভাবন সুরাসুরমথন শ্রীনিবাস সুরপতি বাস সুরভিনির্ম্মিত অনিমিত্তক কপিল মহাকপিল বিশ্বক্সেন নারায়ণ ধ্রুবধ্বজতালধ্বজবৈকুণ্ঠপুরুষোত্তম বরেণ্যবিষ্ণো। অমরাজিত জয়জয়ভূবিজয় কৃতাবর্ত্ত মহাদেব অনাদি অনন্ত আদ্যন্তমধ্যনিধন পুরঞ্জয় ধনঞ্জয় শুচিশ্রবহ্বশ্নিগর্ভ কমলায়তাক্ষ কমলনাভ কমলালয়া-বৃক্ষিমূলমূলাধিবাস ধর্ম্মাবাস ধর্ম্মাধ্যক্ষ গদাধর শ্রীধর শ্রুতিধর বনমালাধর লক্ষ্মীধর ধরণীধর পদ্ম-

অনুবাদ।

পদ্ম হর্ষপ্রযুক্ত প্রণতি পুরঃসর ভক্তি নম্রভাবে ভগবানের স্তব করিলেন। হে দেবাদিদেব বাসুদেব! হে এক শৃঙ্গ! বহুরূপ, বৃষকপে ভূতভাবন, হে সুরাসুরমথন শ্রীনিবাস! তুমি ইন্দ্রালয়ে সুরভি সৃষ্টি করিয়াছ হে অনিমিত্তক, হে কপিল, মহাকপিল, হে বিশ্বক্সেন নারায়ণ, হে ধ্রুবধ্বজ, হে তালধ্বজ, নীলধ্বজ, হে বৈকুণ্ঠ, পুরুষোত্তম, হে বরেণ্য, হে বিষ্ণো, তোমাকে নমস্কার করি। হে অমরাজিত হে জয়রূপ তোমার জয় হউক, হে ভূবি-জয়, হে কৃতাবর্ত্ত মহাদেব তুমি অনাদি তুমি অনন্ত তুমি আদি তুমি অন্ত তুমি মধ্য তুমি নিধনকারী তুমি পুরঞ্জয় তুমি ধনঞ্জয় তুমি শুচিশ্রব, বহ্নিগর্ভ, তুমি কমলায়তাক্ষ, তুমি কমলনাভ তুমি লক্ষ্মীপতি তুমি বৃক্ষসকলের মূল, তুমি জগতের মূল, তুমি ধর্ম্মের আবাস, তুমি ধর্ম্মাধ্যক্ষ, গদাধর, তুমি শ্রীধর, শ্রুতিধর, বনমালাধর,

লাভ বিরিঞ্চিপাক্ষিসেন সেনাধ্যক্ষ পারিপ্লুত বহুকল্প কল্পনামুখ অনিরুদ্ধ সর্ব্বগ সর্ব্বাত্মন দ্বাদশাত্মক ভূতাত্মক পরমাত্মক সনাতন মুঞ্জকেশ হরিকেশ হৃষীকেশ গুড়াকেশ কেশব নীল সূক্ষ্মস্থূল পীত রক্ত শ্বেত শ্বেতবাস রক্তাম্বর প্রিয়প্রীতিকর পীতবাস হংস নীলবাস নীলাঞ্জন সর্ব্বলোকাধিবাস কুশেশয় অধোক্ষজ গোবিন্দ জনার্দ্দন মধুসূদন বামন নমস্তে ॥

ওঁ সহস্রশীর্ষোঽসি সহস্রদৃগসি সহস্রপাদসি অধোমুখোঽসি সহস্রবাহুরসি সহস্রমূর্ত্তিরসি ত্বাংবেদাঃ প্রাহুঃ সহস্রবদনং নমস্তে। ওঁ নমস্তে বিশ্বদেব বিশ্বভূর্বিশ্বাত্মক বিশ্বরূপ বিশ্বসম্ভবত্বত্তো বিশ্বমিদম্ভবৎ ব্রাহ্মণা স্তবমুখেভ্যোঽভবন। ক্ষত্রিয়াবাহ্বোঃ

অনুবাদ।

হে লক্ষ্মীধর, ধরণীধর, হে পদ্মনাভ, তুমি বিরিঞ্চি, তুমি পাক্ষিসেন, সেনাধ্যক্ষ পারিপ্লুত, তুমি বহুকল্প, কল্পনামুখ, অনিরুদ্ধ, তুমি সর্ব্ব, তুমি সর্ব্বাত্মা দ্বাদশাত্মক, ভূতাত্মক, পরমাত্মক, তুমি সনাতন, মুঞ্জকেশী, তুমি হরিকেশ, তুমি গুড়াকেশ কেশব, নীল, তুমি সূক্ষ্ম, তুমি স্থূল তুমি পীত, তুমি রক্ত, তুমি শ্বেত, হে শ্বেতবাস, হে রক্তাম্বর, হে প্রিয় প্রীতিকর, পীতবাস, হে হংস, হে নীলবাস, হে নীলাঞ্জন, সর্ব্বলোকাধিবাস, কুশেশয়, হে অধোক্ষজ, গোবিন্দ, জনার্দ্দন, হে মধুসূদন, হে বামন! তোমাকে নমস্কার করি। তুমি সহস্র শীর্ষ, তুমি সহস্রাক্ষ, তুমি সহস্রপাৎ তুমি অধোমুখ, তুমি সহস্রবাহু, তুমি সহস্রমূর্ত্তি বেদ সকল তোমার সহস্র বদন কীর্ত্তন করিয়াছেন তোমাকে নমস্কার করি। হে বিশ্বদেব, হে বিশ্বভূ বিশ্বাত্মক, বিশ্বরূপ, হে বিশ্বসম্ভব তোমা হইতে এই বিশ্ব সম্ভব হইয়াছে

সমুদ্ভবন্ ঊরুযুগ্মাদ্বিশোভবন্ শূদ্রাশ্চরণ কমলেভ্যঃ।
নাভ্যাং ভবতোঽন্তরীক্ষ মজায়ত ইন্দ্রিয়াণি বক্ত্রান্নেত্রা-
দ্ভানুর্ মনসঃ শশাঙ্কঃ অহং প্রাণাদজায়ত। ক্রোধা-
ত্র্যম্বকঃ প্রাণাজ্জাতো ভবতোমাতরিশ্বা শিরসো-
দ্যৌরজায়ত। ভূরিয়ং চরণজা শ্রোত্রাদ্ভবা দিশো ভ-
বতঃ রোমজানক্ষত্রাঃ স্বেদজোদ্ভিদাঃ। মূর্ত্তয়শ্চা
মূর্ত্তয়শ্চ সর্ব্বে ভবত্তঃ সমুদ্ভূতাঃ অতোবিশ্বাত্মাসি।
ওঁ নমস্তে পুষ্পহাসো মহাহাসোসি পরমোসি।
ওঁ কারোসি বষট্কারোসি স্বাহাকারোসি স্বধাময়োসি
বেদময়োসি ব্রহ্মময়োসি তীর্থময়োসি যজ্ঞময়োসি
যজ্ঞপুরুষোসি যজ্ঞশ্চভোক্তাসি। শতধারোসি ভূদোসি

অনুবাদ।

ব্রাহ্মণগণ তোমার মুখ হইতে বহির্গত হইয়াছে, তোমার বাহু হইতে ক্ষত্রিয়, ঊরুযুগল হইতে বৈশ্য, চরণ কমল হইতে শূদ্র জন্মিয়াছে। তোমার নাভি হইতে অন্তরীক্ষ, বক্ত্র হইতে ইন্দ্রিয় সকল নেত্র হইতে সূর্য্য, মন হইতে চন্দ্র, প্রাণ হইতে অহং জন্মিয়াছে। তোমার ক্রোধ হইতে ত্র্যম্বক প্রাণ হইতে বায়ু, মস্তক হইতে আকাশ সৃষ্টি হইয়াছে। এই জগৎ তোমার চরণ হইতে সৃষ্টি হইয়াছে। তোমার কর্ণ হইতে দশদিক্ রোমাবলি হইতে নক্ষত্রগণ ঘর্ম্ম হইতে উদ্ভিদ সকল সৃষ্টি হইয়াছে শরিরী অশরিরী পদার্থ সকল তোমা হইতে সৃষ্টি হইয়াছে অতএব তুমি বিশ্বাত্মা তুমি পুষ্পহাস, তুমি মহাহাস, তুমি পরম তোমাকে নমস্কার করি। তুমি প্রণব, তুমি বষট্কার, তুমি স্বাহা, তুমি স্বধাময়, তুমি বেদময়, তুমি ব্রহ্মময়, তুমি তীর্থময়, তুমি যজ্ঞময়, তুমি যজ্ঞপুরুষ এবং তুমি যজ্ঞভোক্তা, তুমি শতধার, তুমি ভূদ, তুমি [illegible], তুমি [illegible],

ভবনোসি সুবর্ণদোসি অমৃতদোসি ব্রহ্মদিরসি
ব্রহ্মময়োসি বৈদ্যোসি মাতরিশ্বাসি যজ্ঞধারোসি মহা-
মানোসি নৃকেশর্য্যসি বরাহোসি হোতাসি হব্যোসি
হব্যমানোসি পাতাসি পরিপাতাসি পূতোসি হন্তাসি
হন্যমানোসি ক্রিয়মাণোসি কর্ত্তাসি নীতিরসি প্র-
ধানোসি বিশ্বধামসি আর্য্যোসি পরধামাসি শ্রুগ্ভা-
ণ্ডোসি ধ্রুবোসি অরণিজোসি উত্তানোসি ধ্যানোসি
ধ্যেয়োসি যষ্টাসি পশুরসি যূপোসি ব্রহ্মোসি উদ্গা-
তাসি যজমানাসি মতিমতাংমতিরসি জ্ঞানিনাংজ্ঞান-
মসি যোগিনাং-যোগোঽসি মোক্ষগামিনাং-মোক্ষোসি
শ্রীমতাং-শ্রীরসি গুহ্যোসি ধাতাসি পরমসি সোমোসি
যূপোসি দীক্ষোসি দক্ষিণাসি নরোসি ত্রিনয়নোসি
মহানয়োসি আদিত্যপ্রভবোসি সুরোত্তমোসি শুচি-

অনুবাদ।

তুমি অমৃতদ, তুমি ব্রহ্মদ, তুমি ব্রহ্মময়, তুমি বৈদ্য, তুমি বায়ু,
তুমি যজ্ঞধর, তুমি মহামান, তুমি নৃসিংহ, তুমি বরাহ, তুমি হোতা,
তুমি হব্য, তুমি হব্যমান, তুমি পাতা, তুমি পরিপাতা, তুমি পূত,
তুমি হন্তা, তুমি হন্যমান, তুমি ক্রিয়মাণ, তুমি কর্ত্তা, তুমি নীতি,
তুমি প্রধান, তুমি বিশ্বধাম, তুমি আর্য্য, তুমি পরধাম, তুমি
শ্রুগ্ভাণ্ড, তুমি ধ্রুব, তুমি অরণিজ, তুমি উত্তান, তুমি ধ্যান, তুমি
ধ্যেয়, তুমি যষ্টা, তুমি পশু, তুমি যূপকাষ্ঠ, তুমি ব্রহ্ম, তুমি উদ্গাতা,
তুমি যজমান, তুমি বুদ্ধিমান্ প্রাণিগণের বুদ্ধি, জ্ঞানিগণের জ্ঞানস্বরূপ,
যোগিদিগের যোগ, মোক্ষগামী ব্যক্তিগণের মোক্ষ, ধনীগণের ধন-
স্বরূপ, তুমি অতিগুহ্য, তুমি ধাতা, তুমি পরম, তুমি সোম, তুমি
যূপ, তুমি দীক্ষা, তুমি দক্ষিণা, তুমি নরস্বরূপ, তুমি ত্রিনয়ন, তুমি

রসি শুক্রোসি নভোসি ইষোসি ঊর্জ্জোসি সহোসি সহস্যোসি তপোসি তপস্যোঽসি মধুরসি মাধবোসি কালোসি সংক্রমোসি বিক্রমোসি পরাক্রমোসি অশ্ব-গ্রীবোসি মহামেধোসি শঙ্করোসি হরীশ্বরোসি শম্ভু-রসি ব্রাহ্মণোসি সূর্য্যোসি মিত্রাবরুণোসি প্রাগ্বংশ-কায়োসি ভূতাদিরসি ঊর্দ্ধকর্ম্মান্তকর্ত্তাসি ব্যাপ্তাসি সর্ব্বপাপকর্ম্ম-বিমোচনোসি ত্রিবিক্রমোসি।

ওঁ নমস্তে ইত্থং স্তুতঃ পদ্মভবেন বিষ্ণুস্তপস্বিভিশ্চাদ্ভুতকর্ম্মকারী।
প্রোবাচ চেদং প্রপিতামহন্তং বরং বৃণীষ্বামলসত্ত্বহস্তে।
তমব্রবীৎ প্রীতিযুতঃ পিতামহো বরং মমেহাদ্য বিভো প্রযচ্ছ।
রূপেণ পুণ্যেন বিভো বলেন সংস্থারীতাং মন্তবনে পুরেচ।
ইত্থং স্তুতে দেববরৈর্বরন্তং বিভুর্দ্দদৌ চিন্তিতমব্যয়াত্মা।

অনুবাদ।

মহাশয়, তুমি আদিত্যপ্রভব, তুমি পুরোত্তম, তুমি শুচি, তুমি শুক্র, তুমি নভঃ, তুমি ইষ, তুমি ঊর্জ্জ, তুমি সহ, তুমি সহস্য, তুমি তপ, তুমি তপস্য, তুমি মধু, তুমি মাধব, তুমি কাল, তুমি সংক্রম, তুমি বিক্রম, তুমি পরাক্রম, তুমি অশ্বগ্রীব, তুমি মহামেধ, তুমি শঙ্কর, তুমি হরীশ্বর, তুমি শম্ভু, তুমি ব্রহ্মা, তুমি সূর্য্য, তুমি মিত্রাবরুণ, তুমি প্রাগ্বংশকায়, তুমি ভূতাদি, তুমি ঊর্দ্ধকর্ম্মকর্ত্তা, তুমি ব্রহ্মাণ্ডব্যাপ্ত, তুমি সর্ব্বপাপকর্ম্মবিনাশক, তুমি ত্রিবিক্রম, তোমাকে নমস্কার করি। পদ্মযোনি ব্রহ্মা তপস্বীগণের সহিত এইরূপ স্তব করিলে অদ্ভুতকর্ম্মা ভগবান্ বিষ্ণু পিতামহকে এই কথা বলিলেন। হে অমলসত্ত্বে! তুমি বর গ্রহণ কর, তখন প্রীতিযুক্তমনা ভগবান্ পিতামহ বিষ্ণুকে বলিলেন হে বিভো! আমাকে এই বর প্রদান কর, রূপ পুণ্য ও বলযুক্ত আপনি আমার পুত্র ও

তস্মৈহপি রূপেণ চ বামনেন সংপূজ্যমানঃ সদনে স্বয়ংভোঃ।
নৃত্যন্তি তত্রাপ্সরসাং সমূহা গায়ন্তি গীতানি সুরেন্দ্রগায়নাঃ।
বিদ্যাধরাস্তূর্য্যবরাণ্যবাদয়ন্ স্তুবন্তি দেবাঃ সুরসিদ্ধসংঘাঃ।
ততঃ সমারাধ্য বিভুং সুরাধিপঃ পিতামহো ধৌতমনাঃ সুকল্কঃ।
স্বর্গং বিরিঞ্চিস্তু সদনাৎ স্বপুণ্যা দানীয় পূজাং বিচচার বিষ্ণোঃ।
স্বর্গে সহস্রং শতযোজনানাং বিষ্ণুপ্রমাণেন হি বামনোহভূৎ।
তত্রাস্য শক্রঃ প্রচচার পূজাং স্বয়ম্ভুবস্তুল্যগুণাং মহর্ষে।
এতত্তবোক্তং ভগবান্ ত্রিবিক্রমশ্চকার যৎ গোমক্রতং মহাত্মা।
রসাতলস্থো দিতিজশ্চকার শৃণুষ্ব তচ্চাপ্যবদামি বিপ্র॥

ইতি শ্রীবামনপুরাণে ব্রহ্মস্তবো নাম
ত্রিপঞ্চাশত্তমোহধ্যায়ঃ।

অনুবাদ।

ভবনে নিত্য অবস্থিতি করিবেন। ভগবান্ এবম্বিধ বর প্রার্থনা করিলে অব্যয়াত্মা ভগবান বিষ্ণু চিন্তিত হৃদয়ে ব্রহ্মাকে বর প্রদান করিলেন। তখন কমলযোনি ব্রহ্মা বামন রূপধারী ভগবানকে স্বীয় ভবনে স্বয়ং অতি মহোৎসবে পূজা করিলেন অপ্সরাগণ নৃত্য করিতে লাগিল দেবগায়ক গন্ধর্ব্বগণ গান করিতে লাগিল, বিদ্যাধরগণ বাদ্য করিতে লাগিল, এবং সুরসিদ্ধগণ স্তব করিতে লাগিল। এইরূপ দেববর পিতামহ নির্ম্মল বিশুদ্ধ মনে স্বপুণ্য গ্রহণের জন্য ভগবান বিষ্ণুকে যথাবিধানে পূজা করিয়াছিলেন। স্বর্গলোকে শত সহস্র যোজন পরিমাণ ভগবান বিষ্ণু বামনরূপ ধারণ করিয়াছিলেন। সুরাধিপতি পুরন্দর স্বয়ম্ভু সদৃশ এই ভগবানের পূজা প্রচার করিয়াছিলেন। হে মহর্ষে! মহাত্মা ভগবান্ ত্রিবিক্রম গোমক্রত যাহা করিয়াছিলেন তোমাকে বলিলাম। দানব বর রসাতলে গমন পূর্ব্বক যাহা করিয়াছিলেন তৎসমুদয় এক্ষণে বলিতেছি শ্রবণ কর।

ইতি বামনপুরাণে ব্রহ্মস্তব ত্রিপঞ্চাশৎ
অধ্যায় সমাপ্ত।

চতুঃপঞ্চাশত্তমোধ্যায়ঃ।

পুলস্ত্য উবাচ।

গত্বা রসাতলং দৈত্যো মহার্হমণিচিত্রিতং।
শুদ্ধস্ফটিকসোপানং কারয়ামাস বৈ পুরং।
তত্র মধ্যেষু বিস্তীর্ণঃ প্রাসাদো বজ্রবেদিকঃ।
মুক্তাজালান্তরদ্বারো নির্ম্মিতো বিশ্বকর্ম্মণা।
তত্রাস্তে বিবিধান্ ভোগান্ ভুঞ্জন্ ভোগানমানুষান্।
নাম্না বিন্দাবলীত্যেব ভার্য্যাস্য দয়িতাভবৎ।
যুবতীনাং সহস্রস্য প্রধানা শীলমণ্ডনা।
তয়াসহ মহাতেজা রেমে বৈরোচনির্মুনে॥
ভোগাশক্তস্য দৈত্যস্য বসতঃ সুতলে তদা।
দৈত্যতেজোহরঃ প্রাপ্তঃ পাতালে বৈ সুদর্শনঃ।
চক্রপ্রবিষ্টে পাতালে দানবানাং পুরেমহৎ।
বভৌ হলহলাশব্দঃ ক্ষোভিতার্ণব সন্নিভঃ।

অনুবাদ।

পুলস্ত্য বলিলেন। দানববর বলি রসাতলে গমন পূর্ব্বক বিশ্বকর্ম্মা নির্ম্মিত মহারত্নমণ্ডিত বিশুদ্ধস্ফটিকসোপানযুক্ত তন্মধ্যে মুক্তাজালমণ্ডিতদ্বার হীরকনির্ম্মিত সুবিস্তীর্ণপ্রাসাদে অবস্থিতি করিয়া অমানুষিক নানাবিধ ভোগে সুখানুভব করিতে লাগিলেন। যুবতী সহস্র মধ্যে বিন্দাবলী নাম্নী তাহার প্রধানা প্রিয়তমা, দানববর বলি সেই প্রিয়তমা ভার্য্যাতে সর্ব্বদা আসক্ত থাকিতেন। দানববর সুতল পুরীতে পরম সুখে অবস্থিতি করিতেছেন। এই সময়ে দৈত্যতেজহারী ভগবানের সুদর্শনচক্র দানবের পুরে প্রবেশ করিল। তখন দানবগণ চতুর্দ্দিগ হইতে প্রলয়কালীন ক্ষোভিত বারিধি সদৃশ অতি ভয়ঙ্কর (হল, হল) শব্দ

তচ্ছ্রুত্বা সুমহচ্ছব্দং বলিঃ খড়্গং সমাদদে।
আঃ কিমেতদিতীত্থং কম্পমানঃ সুরপুঙ্গবং।
ততো বিন্ধ্যাবলিং প্রাহ ভর্ত্তারং পরিশাম্য চ।
কোষে খড়্গং সমারোপ্য ধর্ম্মপত্নী শুচিব্রতা।
এতদ্ভগবতশ্চক্রং দৈত্যচক্রক্ষয়ঙ্করং।
সংপূজনীয়ং দৈত্যেন্দ্র বামনস্য মহাত্মনঃ।
ইত্যেবমুক্ত্বাচার্ব্বঙ্গী সার্ঘ্যপাত্রোবিনির্যযৌ।
অথাভ্যগাৎ সহস্রারং বিষ্ণোশ্চক্রং সুদর্শনং।
ততো সুরপতিঃ প্রাজ্ঞঃ কৃতাঞ্জলিপুটোঽসুরে।
সংপূজ্য বিধিবচ্চক্রং ইদং স্তোত্র মুদীরয়ৎ॥

বলিরুবাচ।

নমস্যামি হরেশ্চক্রং দৈত্যচক্রবিদারণং।
সহস্রাংশুং সহস্রাভং সহস্রারং সুনির্ম্মলং।

অনুবাদ।

করিতে লাগিল। দানববর বলি এই ভয়ঙ্কর শব্দ শ্রবণমাত্রে অসি চর্ম্ম ধারণ পূর্ব্বক সচকিতভাবে উত্থিত হইয়া জিজ্ঞাসা করিল (এ কি) তখন বিন্ধ্যাবলী দানবরাজ বলিকে শান্তনা করিয়া বলিল। তখন দানববর কোষে খড়্গ রাখিলে বিন্ধ্যাবলী বলিল, এ দানব-ভেদ ক্ষয়কারী ভগবানের চক্র অতএব হে দৈত্যেন্দ্র! মহাত্মা বামনের চক্র আপনি যথাবিধানে পূজা করুন। বৃন্দাবলী এই কথা বলিলে দানববর বলি তৎক্ষণাৎ অর্ঘ্যপাত্র গ্রহণ পূর্ব্বক বহির্গত হইল। দানবেন্দ্র বলি যেস্থানে সেই ভগবানের চক্র বিদ্যমান রহিয়াছে সেই স্থানে গমন পূর্ব্বক ভক্তিভাবে কৃতাঞ্জলিপুটে সেই বিষ্ণু চক্রকে এই স্তব করিলেন। তুমি ভগবানের চক্র তুমি দৈত্যকুল বিনাশকারী তুমি নির্ম্মল তোমাকে নমস্কার

নমস্যামি হরেশ্চক্রং যস্য নাভ্যাং পিতামহঃ।
তুণ্ডে ত্রিশূলধৃক্ শর্ব্ব মারামূলে মহাদ্রিভুঃ।
আরাস্থ সংস্থিতাদেবাঃ সেন্দ্রাঃ সার্কাঃ সপাবকাঃ।
জঙ্ঘে যস্য স্থিতোবায়ু রাপোগ্নিঃ পবনোনভঃ।
আরাপ্রান্তেষু জীমূতা সৌদামীন্যৃক্ষতারকাঃ।
বাহ্যতো মুনয়ো যস্য বালিখিল্যাদয় স্তথা।
তমায়ুধবরং বন্দে বাসুদেবস্য ভক্তিতঃ।
যন্মে পাপং শরীরোত্থং বাগ্জং মানস মেব চ।
তন্মেদহস্ব দীপ্তাংশো বিষ্ণুচক্র সুদর্শন।
যন্মেকুলোদ্ভবং পাপং পৈতৃকং মাতৃকং তথা।
তন্মে হরস্ব তরসা নমস্তে অজিতায়ুধঃ।
আধয়ো মম নশ্যন্তু ব্যাধয়ো যান্তু সংক্ষয়ং।
ত্বন্নামকীর্ত্তনাচ্চক্র প্রয়াতুদুরিতক্ষয়ং।
ইত্যেব মুক্ত্বা মতিমান্ সমভ্যর্চ্চ্যাথ ভক্তিতঃ।

অনুবাদ।

করি। হে ভগবচ্চক্র! তোমার মধ্যদেশে ব্রহ্মা অবস্থিতি করিতে-ছেন এবং অগ্রভাগে ত্রিশূলধারী মহেশ্বর বাস করিতেছেন যাহে ইন্দ্র রবি অগ্নি প্রভৃতি দেবগণ বাস করিতেছেন। যাহার কটি-দেশে বায়ু, অগ্নি, জল ও আকাশ অবস্থিতি করিতেছে। যাহার প্রান্তভাগে ঘনাবলী সৌদামিনী ও তারকাবলী অবস্থিতি করিতেছে তুমি ভগবানের এতাদৃশ বীর্য্যবন্ত আয়ুধ, তোমাকে ভক্তিপূর্ব্বক বন্দনা করি। হে দীপ্তাংশো! হে বিষ্ণুচক্র সুদর্শন! তুমি আমার বাচিক ও মানসিক দেহোদ্ভব পাপ সকল দগ্ধ কর। এবং হে অজিতায়ুধ! তুমি মৎকুলোদ্ভব পৈতৃক ও মাতৃক পাপ সকল হরণ কর, এবং আমার আধি ব্যাধি সকল বিনাশ কর, হে ভগবন্

সংস্মরন্ পুণ্ডরীকাক্ষং সর্ব্বপাপ বিনাশকং।
পূজিতং বলিনা চক্রং কৃত্বা নিস্তেজসোঽসুরান্।
নিশ্চক্রমথপাতালাদ্বিষুবে দক্ষিণায়নে।
সুদর্শনে নির্গতেতু বলির্বিহ্বলতাঙ্গতঃ।
আপদং পরমং প্রাপ্য সম্মার স্বং পিতামহং।
স চাপি সংস্মৃতঃ প্রাপ্তঃ সুতলং স্বং কলেবরং।
দৃষ্টোত্তিষ্ঠন্মহাতেজাঃ সার্ঘ্যপাত্রো বলি স্তদা।
তমর্চ্চ্যবিধিনা ব্রহ্মন্ পিতুঃ পিতরমীশ্বরং।
কৃতাঞ্জলিপুটো ভূত্বা ইদং বচন মব্রবীৎ।
সংস্মৃতোসি ময়া তাত সুবিষণ্ণেন চেতসা।
তন্মে হিতঞ্চ পুণ্যঞ্চ শ্রেয়োগ্র্যং ত্বং বদস্ব মে।

অনুবাদ।

চক্র! তোমার নাম কীর্ত্তন করিলে কলুষ বিনষ্ট হইবে। এই রূপে সেই বুদ্ধিমান্ বলি ভগবচ্চক্রকে ভক্তিপূর্ব্বক পূজা করিয়া সর্ব্বাব বিনাশকারী পুণ্ডরীকাক্ষকে স্মরণ করিলেন। তখন দানব-বর বলি কর্ত্তৃক পূজিত হইয়া ভগবচ্চক্র দানবগণের বীর্য্য হরণ পূর্ব্বক বিষুব দক্ষিণায়নে পাতাল পুরী হইতে গমন করিল। সুদর্শন গমন করিলে দানববর বলি সংজ্ঞা হীন হইলেন। কিঞ্চিৎ-কাল পরে সংজ্ঞালাভ করতঃ সাতিশয় বিপদ বিবেচনায় [illegible] পিতামহ প্রহ্লাদকে স্মরণ করিলেন। ধর্ম্মাত্মা দানববর [illegible] পৌত্রকৃত সংস্মৃত হইয়া সুতলে গমন পূর্ব্বক এতাদৃশ অবস্থাপন্ন বলিকে অবলোকন করিলেন। তখন দানবেন্দ্র বলি পিতামহকে অবলোকন করতঃ তৎক্ষণাৎ গাত্রোত্থান পূর্ব্বক অর্ঘ্যপাত্র গ্রহণ করিয়া পিতামহকে যথাবিধানে পূজা করতঃ কৃতাঞ্জলিপুটে এই কথা জিজ্ঞাসা করিলেন। হে তাত! আমি সাতিশয় চিন্তিত

কিং স্বয়ং তাত সংসারে বসতা পুরুষেণহি।
কৃতেন যেন বৈনাশং বন্ধং সমুপজায়তে।
সংসারার্ণব মগ্নানাং নরাণামল্পচেতসাং।
তরণে যো ভবেৎ পোত স্তন্মে ব্যাখ্যাতু মর্হসি॥

পুলস্ত্য উবাচ।

এতদ্বচন মাকর্ণ্য তং পৌত্রাদ্দানবেশ্বরঃ।
বিচিন্ত্য প্রাহ বচনং সংসারে যদ্ধিতং পরং।

প্রহ্লাদ উবাচ।

সাধু দানবশার্দ্দূল যত্তে জাতামতিস্ত্বিয়ং।
প্রবক্ষ্যামিহিতং তেভ্য স্তথান্যেষাং নৃণামপি।
ভবজলধিগতানাং তন্দ্ব বাতাহতানাং
সুতদুহিতৃকলত্রত্রাণভারার্দ্দিতানাং।

অনুবাদ।

হৃদয়ে আপনাকে স্মরণ করিয়াছি। অতএব আমার যাহাতে হিত পুণ্য ও মঙ্গল বর্দ্ধন হয় তাহার উপদেশ প্রদান করুন। হে তাত! এই সংসারে বাস করিতেছে যে প্রাণিগণ তাহারা কি স্বয়ং বদ্ধ ও বিনাশ প্রাপ্ত হইতেছে কিম্বা অন্য কর্ত্তৃক বদ্ধ ও বিনষ্ট হইতেছে। এই সংসার রূপ সমুদ্রে পতিত মানবগণের উদ্ধারের উপায় কি আমাকে কীর্ত্তন করুন। পুলস্ত্য বলিলেন। দানবেশ্বর প্রহ্লাদ পৌত্রের এতাদৃশ বাক্য শ্রবণ পূর্ব্বক কিঞ্চিৎ চিন্তান্তরে মগ্ন থাকিয়া সংসারের হিতজনক উপদেশ বলিতে লাগিলেন। হে দানববর! তুমি সাধু, কারণ তোমার এরূপ মতি জন্মিয়াছে, অতএব অন্যান্য প্রাণিগণের হিতার্থে তোমাকে বলিতেছি শ্রবণ কর। সংসার রূপ মহাসমুদ্রে পতিত ও বিপর্য্যস্ত বাতাহত সন্তান সন্ততি কলত্র ভার পীড়িত এবং

বিষয়বিষমতোয়েমজ্জতামপ্লবানাং
ভবতিশরণমেকো বিষ্ণুপোতো নরাণাং ।
যে সংশ্রিতাস্তেহরিমনন্তমনাদিমাদ্যং
নারায়ণং সুরগুরুং শুভদংবরেণ্যং ।
শুদ্ধং খগেন্দ্রগমনং কমলালয়েশং
তে ধর্ম্মরাজকরণং ন বিশন্তিধীরাঃ ।
স্বপুরুষমভিবীক্ষ্যপাশহস্তং বদতি যমঃ কিলতস্য কর্ণমূলে ।
পরিহর মধুসূদন প্রপন্নান্ প্রভুরহমন্যনৃণাম বৈষ্ণবানাং ।
তেষাং যদুক্তং নরসত্তমেন ইক্ষাকুনাভিক্ষিত্যুতেন নূনং ।
যে বিষ্ণুভক্তাঃ পুরুষাঃ পৃথিব্যাং যমস্য তেনিবিষয়াভবন্তি ।
সা জিহ্বা যা হরিং স্তৌতি তচ্চিত্তং যত্তদর্পিতং ।
তাবেব কেবল শ্লাঘ্যৌ যৌ তৎ পূজাকরৌ করৌ ।

অনুবাদ ।

বিষম বিষয় রূপে মগ্ন ও পরিত্রাণের উপায় রহিত মানবগণের এক মাত্র বিষ্ণুরূপ পোত আশ্রয় করা কর্ত্তব্য । যে মানবগণ অনন্ত অনাদি আদ্য কমলাপতি খগেন্দ্রবাহন নারায়ণ বিষ্ণুকে আশ্রয় করে তাহারা কখনই কৃতান্তের আলয়ে বাস করে না । পাশহস্ত স্বীয় পুরুষের কর্ণমূলে কৃতান্ত এই কথা বলেন যে ব্যক্তি ভগবান মধুসূদনকে আশ্রয় করিয়াছে তাহাকে পরিত্যাগ করিয়া অবৈষ্ণব অন্যান্য প্রাণিগণকে আনয়ন করিবে । এবং ভক্তিমান নরসত্তম ইক্ষাকু প্রাণিগণের প্রতি এই কথা বলিয়াছিলেন । অবনীমণ্ডলে যে মানবগণ বিষ্ণুভক্ত তাহাদিগের প্রতি কৃতান্তের অধিকার থাকে না । যে জিহ্বা হরিগুণানুকীর্ত্তন করে সেই জিহ্বা. যে চিত্ত হরিপাদপদ্মে লীন হয়, সেই চিত্ত, যে হস্ত হরিপূজা করে, সেই কর অতি শ্লাঘনীয় । যে বাহু হরিপাদপদ্ম পূজনে অক্ষম হয়

নূনং নতৌ করৌ প্রোক্তৌ বৃক্ষশাখাগ্রপল্লবৌ ।
ন যৌ পূজয়িতুং শক্তৌ হরিপাদাম্বুজদ্বয়ং ।
নূনং তৎকণ্ঠশালূক মথবা প্রতিজিহ্বিকা ।
রোগবত্তোব সা জিহ্বা যা ন স্তৌতি হরেগুর্ণান্ ।
শোচনীয়ং সবন্ধুনাং জীবন্নপি মৃতোবরঃ ।
যঃ পাদপঙ্কজে বিষ্ণোঃ ন পূজয়তি ভক্তিতঃ ।
যে নরা বাসুদেবস্য সততং পূজনেরতাঃ ।
মৃতা অপি ন শোচ্যাস্তে সত্যংসত্যং ময়োদিতং ।
শারীরং মানসং বাগ্জং মূর্ত্তামূর্ত্তং চরাচরং ।
দৃশ্যংদৃশ্য মদৃশ্যঞ্চৈব তৎসর্ব্বং কেশবাত্মকং ।
যেনার্চ্চিতোহি ভগবান্ চতুর্দ্ধা বৈ ত্রিবিক্রমঃ ।
তেনার্চ্চিতা ন সন্দেহো লোকাঃ সামরদানবাঃ ।
যথারত্নানি জলধেঃ অসংখ্যেয়ানি পুত্রক ।
তথা গুণানি দেবস্য হ্যসংখ্যেয়ানি চক্রিণঃ ।

অনুবাদ।

সে কেবল বৃক্ষশাখা সদৃশ। যে কণ্ঠশালূকা অথবা জিহ্বা হরিগুণানুকীর্ত্তন না করে সে জিহ্বা নয়, সে কেবল রোগ মাত্র। যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক হরিচরণ সেবা না করে সে কেবল বান্ধবগণের শোচনীয় তাহার জীবন অপেক্ষা মৃত্যু বরং ভাল। যে ব্যক্তি সর্ব্বদা বাসুদেবের পূজায় রত থাকে তাহার জীবনান্ত হইলে বান্ধবগণের শোচনীয় হয় না, আমি তোমাকে সত্য বলিলাম। শারিরীক বাচনিক ও মানসিক মূর্ত্তি, অমূর্ত্তি, চরাচর, দর্শন দৃশ্য অদৃশ্য সমস্ত বস্তুই কেশবাত্মক। যে মানব ভগবান্ ত্রিবিক্রমকে পূজা করে সে নিঃসন্দেহ অমর ও দানবের সহিত চতুর্দ্দশলোক পূজা করে। যাদৃশ জলধিতে বিবিধ রত্ন আছে নির্ণয় করা যায় না, তাদৃশ

যে শঙ্খচক্রাব্জকরং সশার্ঙ্গিনং খগেন্দ্রকেতুং বরদংশ্রিয়ঃপতিং।
সমাশ্রয়ন্তে ভবতীতি নাশনং সংসারগর্ত্তে ন পতন্তি তে পুনঃ।

যেষাং মনসি গোবিন্দো নিবাসী সততং বলে।
ন তে পরিভবং যান্তি ন মৃত্যোরুদ্বিজন্তি চ।
দেবং শার্ঙ্গধরং বিষ্ণুং যে প্রপন্নাঃ পরায়ণং।
ন তেষা মযশোলোকে নচ তে নরকৌকসঃ।
গতাগতিং প্রাপ্নুবন্তিং শ্রুতিস্মৃতিবিচারকাঃ।
বিপ্রা দানব শার্দ্দূল বিষ্ণুভক্তা ব্রজন্তিয়াং।
যাং গতিং দৈত্যশার্দ্দূল সংগ্রামাভিমুখেহতা।
ততোধিকাং গতিং যান্তি বিষ্ণুভক্তা নরোত্তমাঃ।
যা গতির্ধর্ম্মশীলানাং শান্তিকানাং মহাত্মনাং।
সা গতির্গদিতাদৈত্য ভগবৎসেবিনামপি।

অনুবাদ।

ভগবান চক্রধারীর গুণ কীর্ত্তন করা যায় না। যে ব্যক্তি শঙ্খচক্র গদাপদ্মধারী খগেন্দ্রকেতু রমাপতিকে আশ্রয় করে তাহারা জীবনান্তে পুনর্ব্বার এই সংসার গর্ত্তে পতিত হইবেক না। হে বলে! যাহার হৃদয়ে সতত গোবিন্দ বাস করেন কুত্রাপি তাহার পরাভব নাই, এবং মৃত্যুহইতে উদ্বেজিত হয় না। যে ব্যক্তি শার্ঙ্গধর বিষ্ণুকে আশ্রয় করে সে ইহলোকে অযশাস্পদ এবং নিরয়-গামী হইবেক না। হে দানব শার্দ্দূল! বিষ্ণুভক্ত যে গতি লাভ করেন শ্রুতি স্মৃতি বিচারক ব্রাহ্মণগণ সেই গতি লাভ করেন। হে দানববর! যোদ্ধাগণ সংগ্রামাভিমুখে হত হইলে যে গতি লাভ করে, বিষ্ণুভক্ত তাহা হইতে উত্তম গতি লাভ করে। ভগবৎ সেবির ন্যায় মহাত্মা শান্তিশীল ধার্ম্মিকগণের গতি লাভ হয়। যে ব্যক্তি অনন্ত চিত্তে ভগবানকে ভক্তি করে সে সূক্ষ্ম অব্যক্তবিগ্রহ সর্ব্বা-

সর্ব্বাবাসং বাসুদেবং সূক্ষ্মমব্যক্ত বিগ্রহং।
প্রবিশন্তি মহাত্মান স্তদ্ভক্তা নান্যচেতসঃ।
অনন্যমনসো ভক্ত্যা যে নমস্যন্তি কেশবং।
শুচয়স্তে মহাত্মান স্তীর্থপূতা ভবন্তি তে।
তিষ্ঠন্ গচ্ছন্ স্বপন্ জাগ্রন্ পিবন্ন শ্নন্ ভীক্ষ্ণশঃ।
ধ্যায়েন্নারায়ণং যস্তু ন ততোঽস্তি সপুণ্যবান্।
বৈকুণ্ঠং খণ্ডপরশুং ভগবন্তং ভবং শিবং।
প্রণিপত্য যথান্যায়ং সংসারে ন পুনর্ভবেৎ।
ক্ষেত্রেষু চ ততো নিত্যং ক্রীড়ন্নাস্তে মিতদ্যুতিঃ।
আশীনঃ সর্ব্বদেহেষু কর্ম্মভি র্ন স বধ্যতে।
তেষাং বিষ্ণুঃ প্রিয়োনিত্যং তে বিষ্ণোঃ সততং প্রিয়াঃ।
ন তো পুনঃ সংভবন্তি তদ্ভক্তা স্তৎপরায়ণাঃ।
ধ্যায়েদ্দামোদরং যস্তু ভক্তিনম্রোর্চ্চয়েত বা।

অনুবাদ।

ধীর বাসুদেবে প্রবেশ করে। যে ব্যক্তি অনন্যচিত্তে ভক্তিপূর্ব্বক ভগবানকে নমস্কার করে সে মহাত্মা পবিত্র তীর্থপুত হয়। যে ব্যক্তি অখণ্ড ভগবান বৈকুণ্ঠনাথকে যথাবিধানে নমস্কার করে বসিতে গমন করিতে নিদ্রায় জাগ্রতাবস্থায় এবং পান ও ভোজন করিতে যে সর্ব্বদা ভগবানকে ধ্যান করে তাহার হইতে সে অতি পুণ্যবান্। সে কখনই সংসারে প্রত্যাবর্ত্তন করে না। যিনি সকল বস্তুতে ক্রীড়া করেন এবং সর্ব্বদেহে বাস করেন অসিতদ্যুতি ভগবান্‌কে কর্ম্মদ্বারা কখনই জানা যায় না। যাহাদিগের প্রিয় ভগবান্ তাহারা ভগবানের প্রিয়, হে দানববর! বিষ্ণু পরায়ণ ভক্তগণ কদাচ পুনর্ব্বার জন্ম গ্রহণ করে না। হে দানবেশ্বর! যে মানবগণ ভক্তি নম্রভাবে দামোদরকে ধ্যান ও পুজা করে তাহারা

ন চ সংসার পঙ্কেস্মিন্মজ্জতে দানবেশ্বর।
কল্যমুত্থায় যে ভক্ত্যা স্মরন্তি মধুসূদনং।
অর্চ্চয়ন্ত্যপি শৃণ্বন্তি দুর্গাণ্যতিতরন্তি তে।
হরিগাথামৃতং পীত্বা বিমলাশ্রোত্রভাজনৈঃ।
প্রহৃষ্যন্তি মনো তেষাং দুর্গাণ্যতিতরন্তি তে।
যে যান্তু নিয়তং স্থানং যত্র যোগেশ্বরো হরিঃ।
বিষ্ণুকর্ম্ম প্রসক্তানাং যা নরাণাং পরাগতিঃ।
সাতু জন্ম সহস্রেণ ন তপোভি রবাপ্যতে।
কিং জপ্যৈ স্তস্য মন্ত্রৈর্বা কিন্তপোভি কিমাশ্রয়ৈঃ।
যস্য নাস্তি পরা শক্তিঃ সততং মধুসূদনে।
বৃথাতপশ্চ কীর্ত্তিশ্চয়োদ্বেষ্টি মধুসূদনং।
কিন্তস্য বহুভির্মন্ত্রৈ র্ভক্তির্যস্য জনার্দ্দনে।

অনুবাদ।

কখনই সংসাররূপ পঙ্কে মগ্ন হয় না। যাহারা প্রাতঃকালে ভগবান্ মধুসূদনকে স্মরণ ও পূজা অথবা নাম শ্রবণ করে তাহারা উৎকট বিপদ্ হইতে পরিত্রাণ পায়। যে মানবগণ গদাধরে অচলা ভক্তি করে তাহারা যেস্থানে ভগবান যোগেশ্বর বাস করেন সেই স্থানে নিয়ত বাস করে। ভগবৎকার্য্যে অনাসক্ত মানবগণ যে গতি লাভ করেন সহস্র তপস্যাদ্বারা সে গতি লাভ হয় না। বিমল হরি গানামৃত শ্রোত্রদ্বারা পান করিয়া যাহাদিগের হৃদয় প্রফুল্ল হয় তাহাদিগের দুর্গতি হয় না, বিপদ উপস্থিত হইলেও তাহা হইতে পরিত্রাণ পায়। যাহার ভগবানে নিগূঢ় ভক্তি থাকে তাহার মন্ত্র জপ, তপস্যা, অথবা আশ্রম অবলম্বন করিলে অধিক কি হইবে যে ব্যক্তি ভগবান মধুসূদনে বিদ্বেষ প্রকাশ করে তাহার তপস্যা বা নামকীর্ত্তনে কিছুই ফল হইবেক না। যাহারা জনার্দ্দনে

নমো নারায়ণায়েতি মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ।
বিষ্ণুরেব গতির্যেষাং কুতস্তেষাং পরাজয়ঃ।
যেষামিন্দীবরশ্যামো হৃদয়স্থো জনার্দ্দনঃ।
সর্ব্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং প্রভুং।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ।
বিষ্টয়োব্যতীপাতাদ্যা যেন্যে দুর্নীতিসম্ভবাঃ।
তে নাম স্মরণাদ্বিষ্ণো র্নাশং যান্তি মহাসুর।
তীর্থ কোটি সহস্রাণি তীর্থ কোটি শতানি চ।
নারায়ণ প্রণামস্য কলাং নার্হন্তি ষোড়শীং।
পৃথিব্যাং যানি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
তানি সর্ব্বাণ্য বাপ্নোতি বিষ্ণুনামানুকীর্ত্তনাৎ।
প্রাপ্নুবন্তি ন তাল্লোকান্ ব্রতিনো ন তপস্বিনঃ।

অনুবাদ।

ভক্তি প্রকাশ করে তাহাদিগের মন্ত্রে কি ফল। (নমো নারায়ণায়) এইটি সর্ব্বার্থ সাধক মন্ত্র এই মন্ত্র জপ করিলে চতুর্ব্বর্গ ফললাভ হয়। যাহাদিগের একমাত্র বিষ্ণুই গতি, অথবা ইন্দীবর শ্যাম জনার্দ্দন যাহাদিগের হৃদয়ে বাস করেন তাহাদিগের কোন স্থানে পরাজয় নাই। সকল মঙ্গল হইতে মঙ্গলদায়ক শ্রেষ্ঠ বরদাতা নারায়ণ প্রভুকে নমস্কার করিয়া সকল কার্য্য আরম্ভ করিতে হয়। হে দানবেন্দ্র! বিষ্টিভদ্রা ব্যতীপাতযোগ প্রভৃতি অনিষ্টদায়ক যে সকল যোগ আছে ভগবান বিষ্ণুর নাম স্মরণ করিলে সে সমস্ত বিনষ্ট হয়। ভগবানের নমস্কারে যে ফল হয় কোটি সহস্র তীর্থে গমন করিলে তাহার ষোড়শাংশ ফল লাভ হয় না। একবার ভগবান নারায়ণের নাম কীর্ত্তন করিলে পৃথিবীস্থ সমস্ত তীর্থের ফললাভ হয়। কৃষ্ণ-প্রণামী মানবগণ যে স্থান লাভ করেন ব্রতী ও তপস্বীগণ তাহা

প্রাপ্যন্তে যানি কৃষ্ণস্য নমস্কার পরৈর্নরৈঃ।
যোপ্যন্য দেবতাভক্তো মিথ্যার্চ্চয়তি কেশবং।
সোপি গচ্ছতি সাধুনাং স্থানং পুণ্যকৃতাং মহৎ।
সত্যত্বেন হৃষীকেশং পূজয়িত্বা চ যৎফলং।
সুতীর্ণ তপসাং নৃণাং তৎফলং ন কদাচন।
ত্রিসন্ধ্যং পদ্মনাভস্য যে স্মরন্তি সুমেধসঃ।
তে লভন্ত্যুপবাসস্য ফলং নাস্ত্যত্র সংশয়ঃ।
শশ্বত্তং শাস্ত্রদৃষ্টেন কর্ম্মণা হরিমর্চ্চয়েৎ।
তৎপ্রসাদং পরাং সিদ্ধিং বলেপ্রাপ্স্যসি শাশ্বতীং।
তন্মনাভব তদ্ভক্ত স্তদ্যাজীতং নমস্কুরু।
তমেবাশ্রিত্যদেবেশং সুখমাপ্স্যসি পুত্রক।
অনাদ্যন্তমজরামরং হরিং যে স্মরন্ত্যহরহোনরা ভুবি।
সর্ব্বত্রগং ব্রহ্মপরং পুরাণং তে যান্তি বৈষ্ণবপদং ধ্রুবমক্ষয়ঞ্চ।

অনুবাদ।

লাভ করিতে পারে না। যে ব্যক্তি অন্য দেবতা উপাসক হইয়া রাজিবলোচন কেশবে ভক্তি প্রকাশ করে সে অতি পবিত্র সাধুগণের মহৎ স্থানে গমন করে। যে ব্যক্তি আন্তরীক ভক্তিপূর্ব্বক কেশবকে পূজা করিয়া যে ফল লাভ করে বহুকাল তপস্যা করিলে তাহাদিগের তাদৃশ ফল কদাচ হয় না। যে সুবুদ্ধিমান মানবগণ ত্রিসন্ধ্যা কালীন ভগবান মধুসূদনকে স্মরণ করে তাহারা নিঃসন্দেহ অহোরাত্র উপবাসের ফললাভ করে, হে দানববর! যে ব্যক্তি সর্ব্বদা শাস্ত্রানুসারে কেশবকে পূজা করে। তাহারা ভগবানের অনুগ্রহে পরা শাশ্বতীসিদ্ধি লাভ করে। হে পুত্রক! সেই ভগবানে ভক্তিপূর্ব্বক মন অর্পণ কর এবং নমস্কার কর তবে সেই ভগবানের আশ্রয় সুখলাভ করিবে। যে মানবগণ

যে মানবা বিগতরাগ পরাপরজ্ঞা

নারায়ণং সুরগুরুং সততং স্মরন্তি।

তে ধৌত পাণ্ডুর পটা ইব রাজহংসাঃ

সংসারসাগরজলস্য তরন্তি পারং।

ধ্যায়ন্তি যে সতত মচ্যুতমীশিতারং

নিষ্কল্মষং প্রবরপদ্মদলায়তাক্ষং।

ধ্যানেনকৃৎস্ন বিগতকিল্বিষ বেদনাস্তে

মাতুঃ পয়োধররসং ন পুনঃ পিবন্তি।

যেকীর্ত্তয়ন্তিবরদং বরপদ্মনাভং

শঙ্খাব্জচক্রশরচাপগদাসিহস্তং।

পদ্মালয়াবদনপঙ্কজ ষট্‌পদাক্ষং

নূনং প্রয়ান্তি সুপুরং মধুঘাতিন স্তে।

শৃণ্বন্তি যে ভক্তিপরা মনুষ্যাঃ সংকীর্ত্ত্যমানং ভগবন্তমাদ্যং।
তে মুক্তপাপাঃ সুখিনোভবন্তি যথামৃতপ্রাশনতর্পিতাস্তে।

অনুবাদ।

এই অবনীমণ্ডলে প্রতিদিন অনাদি অনন্ত অজর ও অমর ভগবানকে স্মরণ করে তাহারা অক্ষয় বৈষ্ণবপদ লাভ করে। যে মানবগণ ইন্দ্রিয় সংযম পূর্ব্বক নির্ম্মলান্তঃকরণে সুরগুরু ভগবানকে স্মরণ করে। তাহারা ধৌত পাণ্ডুর পটা রাজহংসের ন্যায় এই সংসার সমুদ্রের পারে গমন করিতে পারে। যে মানবগণ সর্ব্বদা অচ্যুত নিষ্কল্মষ রাজীবলোচন মধুসূদনকে স্মরণ করে তাহারা বিধুত পাপ হয় এবং মাতার স্তন্যরস পান করে না। যাহারা শঙ্খচক্রগদাপদ্মধারী রমাপতি মাধবকে ধ্যান করে তাহারা বৈকুণ্ঠপুরে গমন করে। যে মানবগণ ভক্তিপূর্ব্বক ভগবানের নাম শ্রবণ বা কীর্ত্তন করে তাহারা পাপ হইতে মুক্ত হইয়া অমৃতপায়ী

তস্মাৎ ধ্যানং স্মরণং কীর্ত্তনং বা
থনাম্নাশ্রবণং প্রপঠতাং সজ্জনানাং।
কার্য্যংবিষ্ণোঃ শ্রদ্ধধানৈর্ম্মনুষ্যৈ
স্তুল্যং পূজ্যাস্তে প্রসংশান্তিদেবাঃ।
বাহ্যস্তথান্তঃকরণৈ রবিক্রবৈর্যো নার্চ্চয়েৎ কেশবমীশিতারং।
পুষ্পৈশ্চপত্রৈর্জলপল্লবাদিভির্ম্মূলং সমৃত্যোর্বিধৃতস্করেণ॥

ইতি বামনপুরাণে শ্রীভগবৎপ্রশংসা নাম
চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

অনুবাদ।

দেবগণ সদৃশ সুখী হয়। অতএব শ্রদ্ধাবান মানবগণ ভগবানের ধ্যান, স্মরণ, কীর্ত্তন বা নাম শ্রবণ করিলে এই সংসারে পূজ্য এবং দেবগণের নিকট প্রসংশা ভাজন হয়। যে মানবগণ বাহ্যিক ও আন্তরিক ভক্তি সহকারে পুষ্প, পত্র, জল অথবা পল্লবাদি দ্বারা ভগবানকে পূজা না করে তাহারা কৃতান্তের হস্তে পতিত হয়।

ইতি বামনপুরাণে শ্রীভগবৎপ্রসংশা নামক চতুপঞ্চাশৎ
অধ্যায় সমাপ্ত।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

বলিরুবাচ।

ভবতাকথিতং কামং সমারাধ্য জনার্দ্দনং।
যাগতিঃ প্রাপ্যতেলোকে সমারাধ্যঃ কথঞ্চ সঃ।
কেনার্চ্চিতেন দেবস্য প্রীতিঃ সমুপজায়তে।
কানিদানানি শস্তানি প্রীণনায় জগদ্গুরোঃ।
উপবাসাদিকংকার্য্যং কস্যাং তিথ্যাং মহোদয়ং।
কানি পুষ্পানি শস্তানি বিষ্ণুতুষ্টিপ্রদানি চ।
যচ্চান্যদপিকর্ত্তব্যং হৃষ্টরূপে রনালসৈঃ।
তদপ্যশেষং দৈত্যেন্দ্র সমাখ্যাতু মিহার্হসি॥

প্রহ্লাদ উবাচ।

শ্রদ্ধধানৈর্ভক্তিপরৈ র্যান্যুদ্দিশ্য জনার্দ্দনং।
বলে দানানি দীয়ন্তে তান্যুচুর্মুনয়োঽক্ষয়ং।

অনুবাদ।

বলি জিজ্ঞাসা করিলেন। আপনি বলিলেন মানবগণ ভক্তি-পূর্ব্বক জনার্দ্দনকে আরাধনা করিলে সৎগতি লাভ করে তাহা কোন দ্রব্যদ্বারা কি রূপে আরাধনা করিলে ভগবান বাসুদেব প্রীতি হইবেন এবং সেই ভগবানের প্রীতির জন্য কোন দ্রব্য দান করিবে কোন তিথিতে উপবাস করিবে কোন পুষ্প প্রশস্ত এবং আলস্যবিহীন শ্রদ্ধাবান মানবগণের যাহা যাহা কর্ত্তব্য তাহা বিস্তাররূপে কীর্ত্তন করুন্। তখন প্রহ্লাদ বলি-লেন, তাপসগণ বলিয়াছেন, ভক্তি ও শ্রদ্ধাযুক্ত মানবগণ ভগবানের উদ্দেশে যাহা দান করে তাহা অক্ষয় হয়। এবং

তা এব তিথয়ঃ শস্তা যাস্বভ্যর্চ্চ্য জগৎপতিং।
তচ্চিত্তস্তন্ময়োভূত্বা উপবাসী নরোভবেৎ।
পূজিতেষু দ্বিজেন্দ্রেষু পূজিতশ্চ জনার্দ্দনঃ।
যস্তান্ বিদ্বেষ্টি মূঢ়াত্মা সজাতি নরকং ধ্রুবং।
তানর্চ্চয়েন্নরোভক্ত্যা ব্রাহ্মণান্ বিষ্ণুতৎপরঃ।
এবমাহ হরিঃ পূর্ব্বং ব্রাহ্মণা মামকীতনুঃ।
ব্রাহ্মণো নাবমন্তব্যো বুধোবা প্যবুধোপি বা।
সহি দিব্যতনুর্বিষ্ণো স্তস্মাত্তামর্চ্চয়েদ্বুধঃ।
তাস্বেবচ প্রশস্তানি কুসুমানি মহাসুর।
যানি সদ্বর্ণযুক্তানি রসগন্ধযুতানি চ।
বিশেষতঃ প্রবক্ষ্যামি পুষ্পাণি তিথয় স্তথা।

অনুবাদ।

যে তিথিতে ভগবানকে পূজা করে সেই তিথি প্রশস্ত, ভগবানে চিত্ত অর্পণ করিয়া তন্ময় হইলে উপবাসের ফল লাভ হয়। ব্রাহ্মণগণকে পূজা করিলে জনার্দ্দন পূজিত হন। যে ব্যক্তি ব্রাহ্মণগণকে বিদ্বেষ করে সে মূঢ়াত্মা নরকে গমন করে। যে ব্যক্তি ব্রাহ্মণগণকে ভক্তি পূর্ব্বক পূজা করে সেই মানব বিষ্ণু তৎপর, ভগবান বাসুদেবে পূর্ব্বে এই কথা বলিয়াছিলেন ব্রাহ্মণ আমার দেহ, অতএব বিদ্বান্ হউন বা মূর্খ হউন্ ব্রাহ্মণকে কখনই অবমানিত করিবে না। ব্রাহ্মণ ভগবানের শরীর, অতএব ব্রাহ্মণকে পূজা করিবে। হে মহাসুর! যে সমস্ত কুসুম সুবর্ণ এবং সদগন্ধ ও রসযুক্ত তাহাই প্রশস্ত। বিশেষতঃ যে যে পুষ্পে ও তিথিতে ভগবানের প্রীতি জন্মে তাহা বিস্তার রূপে কীর্ত্তন করিব এবং ভগবান মাধবের প্রীতির জন্য যে যে দান প্রশস্ত

দানানি চ প্রশস্তানি মাধব প্রণনায়চ।
জাতিঃ শতাক্ষী সুমনাঃ কুন্দং বহুজটস্তথা।
বাণঞ্চ চম্পকাশোকং করবীরং যযূথিকং।
পারিভদ্রং পাটলাচ বকুলং গিরিশাল্মলী।
তিলকঞ্চ জবাতার্জং পীতলং নাগরং ত্বপি।
এতানি চ প্রশস্তানি কুসুমান্যচ্যুতার্চ্চনে।
সুরভীনি তথান্যানি বর্জ্জয়িত্বা চ কেতকীং।
বিল্বপত্রং সমীপত্রং পত্রঞ্চ ভৃঙ্গরাজকং।
তমালামলকীপত্রং শস্তং কেশব পূজনে।
যেষাং ন সন্তি পুষ্পাণি প্রশস্তান্যর্চ্চনে বিভোঃ।
পল্লবানপি তেষাং স্যুঃ পত্রান্যর্চ্চা বিধৌহরেঃ।
বীরুধানাং প্রধানেন বর্হিবেণার্চ্চিতে নচ।
নানারূপৈশ্চাম্বুভবৈঃ কমলেন্দীবরাদিভিঃ।
প্রবালৈশ্চ শুচিঃ শুক্লৈর্জলপ্রক্ষালিতৈর্বলে।

অনুবাদ।

তাহাও বলিব। জাতি, শতাক্ষী, সুমনা, কুন্দ, বহুজটা, বাণ, চম্পক, অশোক, করবীর, যূথিক, পারিভদ্র, পাটলা, বকুল, গিরিশাল্মলী, তিলক, জবা, তার্জ, পীতল, নাগর এই সকল পুষ্প ভগবানের পূজায় প্রশস্ত। এবং কেবল কেতকীপুষ্প ব্যতীত অন্যান্য সমস্ত সুগন্ধযুক্ত পুষ্প দিয়া ভগবানকে পূজা করিবে। বিল্বপত্র সমীপত্র এবং ভৃঙ্গরাজপত্র তমাল ও আমলকীপত্র ভগবানের পূজায় প্রশস্ত, যে সকল বৃক্ষের পুষ্প নাই এবং কেশবার্চ্চনে প্রশস্ত তাহার পল্লব এবং পত্রদ্বারা পূজা করিবে। প্রধান লতা ও ময়ূরপুচ্ছ বিবিধ অম্বুজ কমলেন্দীবর পবিত্র প্রবাল এবং আরাম মধ্যস্থিত প্রধান বৃক্ষের পল্লব, পবিত্রজলে ধৌত …মে করিয়া চন্দন ও কুঙ্কুমলিপ্ত করিয়া

বনস্পতীনামর্চ্চ্যানা মারামৈকাগ্র্য পল্লবৈঃ।
চন্দনে নানুলিপ্তেন কুসুমেন প্রযত্নতঃ।
উশীরপদ্মকাভ্যাঞ্চ তথা কালীয়কাদিনা।
মহিষাখ্যং কনংদারুং সিংহলং সাগুরুং মদং।
শঙ্খংজাতিফলংচৈভি ধূপাণিস্যুঃ প্রিয়াণিবৈ।
হবিষা সংস্কৃতায়েত্তু যবগোধূমশালয়ঃ।
তিলমুদ্গাদয়োমাষা ব্রীহয়শ্চ প্রিয়াহরেঃ।
গোদানানি পবিত্রাণি ভূমিদানানি বা নঘ।
বস্ত্রান্নস্বর্ণদানানি প্রীতয়ে মধুঘাতিনঃ।
মাঘেমাসি তিলাঃ শস্তাস্তিলধেনুশ্চ দানব।
ইধ্মন্ধনাদয়শ্চান্যে মাধব প্রীণনায় তু।
ফাল্গুণে ব্রীহয়োমুদ্গা বস্ত্রং কৃষ্ণাজিনাদিকং।
গোবিন্দ প্রীণনার্থায় দাতব্যং পুরুষর্ষভ।
চৈত্রে চিত্রাণি বস্ত্রাণি শয়নান্যশনানি চ।

অনুবাদ।

ভগবানের প্রীতির জন্য প্রদান করিবে। এবং বেণারমূল, পদ্মকাষ্ঠ, কালীয়ক, মাহিষাখ্য, কন, দারু, সিংহল, অগুরু, কস্তূরী, শঙ্খ, জাতিফল, প্রভৃতি ভগবানের প্রীত্যর্থ ধূপ প্রদান করিবে। ঘৃতদ্বারা পাক করিয়া পবিত্র যব গোধূম, শালি, তিল, মুদ্গ প্রভৃতি ভগবানের প্রীতির জন্য প্রদান করিবে। গো, ভূমি, বস্ত্র, অন্ন, স্বর্ণ প্রভৃতি ভগবানের প্রীত্যর্থ দান করিবে। মাঘমাসে তিলদান অতি প্রশস্ত, তিল, ধেনু, হুতাশনে শমিৎপ্রক্ষেপ এবং ধনাদি মাধবের তুষ্টির জন্য প্রদান করিবেক। ফাল্গুনমাসে ব্রীহি সকল মুদ্গ, বস্ত্র ও কৃষ্ণাজিন ভগবানকে প্রদান করিবে। চৈত্রমাসে চিত্রিত বস্ত্র

বিষ্ণোঃ প্রীত্যর্থমেতানি দেয়ানি ব্রাহ্মণেষ্বথ।
গন্ধমাল্যানিচ তথা বৈশাখে সুরভীনি চ।
দেয়ানি দ্বিজমুখ্যেভ্যো মধুসূদন তুষ্টয়ে।
উদকুম্ভাম্বুদেয়ঞ্চ তালবৃন্তং সচন্দনং।
ত্রিবিক্রমস্য তৃপ্ত্যর্থং দাতব্যং সাধুভিঃ সদা।
উপানদদ্যুগলং ছত্রং নবকম্বলকানি চ।
আষাঢ়ে বামনপ্রীত্যৈ দাতব্যানি তু ভক্তিতঃ।
ঘৃতঞ্চ ক্ষীরকুম্ভঞ্চ ঘৃতধেনুং ফলানি চ।
শ্রাবণে শ্রীধরপ্রীত্যৈ দাতব্যানি বিপশ্চিতঃ।
মাসি ভাদ্রপদে দদ্যাৎ পায়সং মধুসর্পিষঃ।
হৃষীকেশ প্রীণনার্থং লবণং সগুড়োদকং।
তিলাস্তু অশ্ববৃষভ দধিতাম্রায়সাদিকং।
প্রীত্যর্থং পদ্মনাভস্য দেয়াচাশ্বযুজে নরৈঃ।
রজতং কনকং দীপা মণিমুক্তাফলাদয়ঃ।

অনুবাদ।

শয্যা ও ভোজনীয় দ্রব্য বিষ্ণুর প্রীত্যর্থ ব্রাহ্মণকে প্রদান করিবে। বৈশাখমাসে গন্ধমাল্য এবং সুগন্ধ দ্রব্য মধুসূদনের তুষ্টির জন্য ব্রাহ্মণকে প্রদান করিবে। জ্যৈষ্ঠমাসে জলপূর্ণ কুম্ভ ও শীতল সুবাসিত জল তালবৃন্ত চন্দন প্রদান করিবে। আষাঢ়মাসে উপানৎ যুগল, ছত্র, নূতন কম্বল প্রদান করিবে। শ্রাবণমাসে ঘৃত ক্ষীরপূর্ণ কুম্ভ ঘৃত ধেনু এবং বিবিধ ফল প্রদান করিবে। ভাদ্রমাসে ঘৃতযুক্ত মধুর পরমান্ন এবং লবণ ও গুড়োদক প্রদান করিবে। আশ্বিনমাসে তিল, ঘোটক, বৃষ, দধি তাম্র ও লৌহ প্রভৃতি ধাতু ও বস্ত্র সকল প্রদান করিবে। কার্ত্তিকমাসে রৌপ্য, স্বর্ণ, প্রদীপ, মণি ও মুক্তাফল দামোদরের প্রীত্যর্থ প্রদান করিবেক। অগ্র-

দামোদরস্থ তুষ্ট্যর্থং প্রদেয়ং সার্ব্বকালিকং।
যদ্‌যদিষ্টতমং কিঞ্চিদমুত্রাপি গৃহেষ্বপি।
তত্তঙ্গিদেয়ং প্রীত্যর্থং দেববেদায় চক্রিণে॥
যঃ কারয়েন্মন্দিরং কেশবস্থ পুণ্যাল্লোকান্ সজয়েচ্ছাস্বতান্বৈ।
কৃতারামান্ পুষ্পফলাভিপন্নান্ ভুক্তে কামান্‌স্বর্গতঃ শ্লাঘনীয়ান্।
পিতামহস্থ পুরতঃ কুলান্যষ্টৌ তু যানিচ।
তারয়েদাত্মনাসার্দ্ধং বিষ্ণোর্ম্মন্দিরকারকঃ।
ইমাশ্চ পিতরোদৈত্য গাথাগায়ন্তি যোগিনঃ।
পুরতো যন্নৃসিংহস্থ হ্যমোঘস্থ তপস্বিনঃ।
হরিমন্দির কর্ত্তা যো ভবিষ্যতি শুচির্ব্রতঃ।
বর্ণ্মার্জ্জনঞ্চ ধর্ম্মাত্মা সকরিষ্যতি ভক্তিতঃ।
দাস্যতে দেবদেবায় দীপং পুষ্পানুলেপনং।

অনুবাদ।

অগ্রহায়ণমাসে ও পৌষমাসে যে দ্রব্য আপনার প্রিয় ও যাহা গৃহে থাকে তাহাই ভগবানের প্রীত্যর্থ প্রদান করিবে যে ব্যক্তি কেশবের মন্দির প্রস্তুত করে সে পুণ্যজনক শাশ্বতলোক জয় করে। যে ব্যক্তি পুষ্পফলযুক্ত আবাস প্রস্তুত করে সে স্বর্গলোকে অভীষ্ট ফল ভোগ করে। এবং যে ভগবানের মন্দির প্রস্তুত করে সে আপনার সহিত অষ্টকুল উদ্ধার করে। হে দৈত্যবর! পিতৃগণ ও তপস্বিগণ অমোঘ তপস্বি ভগবান নৃসিংহের অগ্রে ভগবানের গুণানুগান করিয়া থাকেন তাহারা বিষ্ণুভক্ত, যে ব্যক্তি বিষ্ণুমন্দিরকারক ও বিষ্ণ্বায়তন লেপক শুচি হইয়া দেবগৃহ মার্জ্জন করে, যে ধর্ম্মাত্মা ভক্তিপূর্ব্বক দেবায়তন অথবা বিষ্ণুগৃহ চিত্রিত ও মার্জ্জন করে এবং দেবদেব ভগবানকে দীপ ও পুষ্প অনুলেপন প্রদান করে সে মহাপাতকী বা পাতকী কিম্বা উপপাতকী

মহাপাতকযুক্তো বা পাতকীচোপপাতকী।
বিমুক্তোপাপোভবতি বিষ্ণুবসথ চিত্রকৃৎ।
ইত্থং পিতৃভ্যো বচনং শ্রুত্বা নৃপতিসত্তমঃ।
দেবতায়তনং ভূমিং স্বয়ঞ্চালিম্পতানিশং।
বিভূতিভিঃ কেশবস্য কেশবায়তনং বশী।
চিত্রার্পয়ামাসশুচিঃ পঞ্চবর্ণৈশ্চ চিত্রকৈঃ।
দদৌদীপাংশ্চ বিধিবদ্বাসুদেবালয়ে বলিঃ।
সুগন্ধিতৈলপূর্ণাংশ্চ ঘৃতপূর্ণাং তথাস্বয়ং।
নানাবর্ণা রাজয়ন্ত্যো মহারঞ্জন রঞ্জিতাঃ।
কারিতাঞ্চ মহামঞ্চা বিশিষ্টা কুশলৈর্জলৈঃ।
পৌরোগব বিধানান্নৈ রনুসৎকরণৈদৃঢ়ৈঃ।
তেষু নিত্যং প্রপূজ্যন্তে যতয়ো ব্রহ্মচারিণঃ।
শ্রোত্রিয়া জ্ঞানসম্পান্না দীনা নির্বিকলাদয়ঃ।
ইত্থং সনৃপতিঃ কৃত্বা শ্রদ্ধধানো জিতেন্দ্রিয়ঃ।

অনুবাদ।

হইলেও সেই উৎকট পাপ হইতে মুক্ত হইবে এই রূপ পিতামহের বাক্য শ্রবণপূর্ব্বক দানবসত্তম বলি স্বয়ং দেবায়তন ভূমি নিত্য মার্জ্জন করিতে লাগিলেন। যে জিতেন্দ্রিয় মানব বিভূতিদ্বারা অথবা পঞ্চবর্ণদ্বারা কেশবের আয়তন চিত্র করে এবং কেশবায়তনে সুগন্ধি তৈলপূর্ণ অথবা ঘৃতপূর্ণ দীপ দান করে ও মঞ্জিষ্ঠাবর রঞ্জেয়া পাটলিকা সিতা এই পঞ্চবর্ণে রঞ্জিত ফলপুষ্পযুক্ত আবাস এবং লতাপল্লবদ্বারা আচ্ছন্ন ও দেবদারু বেষ্টিত এবং পবিত্র সলিলদ্বারা ধৌত ও পৌরোগমদ্বারা অতিথি সৎকারযুক্ত দৃঢ় মহামঞ্চপ্রস্তুত করতঃ তাহাতে জ্ঞানসম্পন্ন ব্রহ্মচারী শ্রোত্রিয়গণ এবং জিতেন্দ্রিয় নৃপতিগণ শ্রদ্ধাপূর্ব্বক বিষ্ণু উপাসনা করিয়া

হ্যামোঘো বিষ্ণুনিলয়ং গত ইত্যনু শুক্রমঃ।
ত্বমেবাদ্যাচর বলে মার্গং হ্যামোঘকারিতং।
ব্রজন্তি নরশার্দ্দূল বিষ্ণুলোকং জিগীষবঃ।
তস্মাত্ত্ব মপি দৈত্যেন্দ্র কারয়স্বালয়ং হরেঃ।
তমর্চ্চয়স্ব দৈত্যেন্দ্র ব্রাহ্মণাংশ্চ যতব্রতান্।
বাসোভির্ভূষণৈরত্নৈ র্গোভির্ভূষণকারিভিঃ।
বিভবে সতি দেবস্থ প্রীণনং কুরু চক্রিণঃ।
ইত্থং ক্রিয়াযোগরতস্থ তেন নূ্যনং মুরারিঃ শুভদোভবিষ্যতি।
নরা ন সীদন্তি বলে সমাশ্রিতাঃ বিভুং জগন্নাথ মনন্তমচ্যুতং।

পুলস্ত্য উবাচ।

ইত্যেব মুক্ত্বাবচনং দিতীশ্বরো বিরোচনে সত্যমনুত্তমং হিতং।
সংপূজিত স্তেন বিভক্তিনা যযৌ সংপূর্ণকামো হরিপাদযুক্তঃ।

অনুবাদ।

বিষ্ণুনিলয়ে গমন করিয়াছেন তাহা শ্রবণ করিলে। হে বলে! হে নরশার্দ্দূল! অদ্যাবধি তুমি এইরূপ আচরণ কর, বিষ্ণুলোকজিগীষু যোগীগণ যেরূপ পথ লাভ করেন তুমিও সেই পথ লাভ করিবে। অতএব হে দৈত্যেন্দ্র! তুমি কেশবের আলয় প্রস্তুত কর এবং কেশবের প্রীতির জন্য বস্ত্র অলঙ্কার, রত্ন, গাভী প্রভৃতি যেরূপ দান তোমার সম্ভব হয় তদ্দারা ব্রাহ্মণগণকে সন্তোষ কর। তুমি এইরূপ ক্রিয়াযোগে রত হও তাহাতে ভগবান মুরারি তোমার প্রতি শুভপ্রদ হইবেন। অনন্ত অচ্যুত ভগবান জগন্নাথকে আশ্রয় করিলে মানবগণ কখনই অবসন্ন হন না। পুলস্ত্য বলিলেন। দানবেন্দ্র প্রহ্লাদ বলিকে এইরূপ সত্য ও হিতজনক উপদেশ প্রদান করিলেন অনন্তর দানববর বলি ভক্তিপূর্ব্বক প্রহ্লাদকে পূজা করিলেহরিপাদভক্ত পূর্ণ মনোরথ ধর্ম্মাত্মা প্রহ্বাদ

গতে তস্মিন্ যদি তে পিতামহে৺বভৌ তদা মন্দির মিন্দুবর্ণং।
মহেন্দ্রশিল্পপ্রবরায় কেশবং স কারয়ামাস মহামহীয়ান্।
স্বয়ং স্বভার্য্যাসহিতশ্চকার দেবালয়ে মার্জ্জনলেপনাদিকাঃ।
ক্রিয়ামহাত্মা চ সুভূষণাদ্যৈ রলঞ্চকারা প্রতিমং মধুঘ্নঃ।
দীপপ্রধানং স্বয়মায়তাক্ষী বিন্দ্যাবলী বিষ্ণুগৃহে চকার।
গেয়ং স্বধর্ম্ম শ্রবণঞ্চ ধীমান্ পৌরাণিকৈ র্বিপ্রবরৈ রকারয়ৎ।
তথাবিধস্যাসুরপুঙ্গবস্য ধর্ম্মার্থমার্গে প্রতিসংস্থিতস্য।
জগৎপতির্দ্দেববপুর্জ্জনার্দ্দন তস্থৌ ধৃতাত্মা বলিরক্ষণায়।
সূর্য্যোন্নতাভো মুষলং প্রগৃহ্যনিঘ্নন সত্রুটান্ রিপুংস্থপালান্।
দ্বারিস্থিতো ন প্রদদৌ প্রবেশং প্রাকারগুপ্তে বলিনো গৃহেতু।
দ্বারিস্থিতে ধাতরি চক্রপাণৌ নারায়ণে সর্ব্বগুণাভিরামে।

অনুবাদ।

তথা হইতে গমন করিলেন। অনন্তর পিতামহ প্রহ্লাদ গমন করিলে দানবেন্দ্র বলি মহেন্দ্রপুরী প্রস্তুতকারী বিশ্বকর্ম্মাদ্বারা সৌধ-বর্ণ কেশবের মন্দির প্রস্তুত করাইলেন। পরে বিবিধ রত্ন ভূষণ-দ্বারা সেই ভগবানের মন্দির নিরুপম শোভিত করিয়া সভার্য্য আপনি সেই মন্দির মার্জ্জন ও লেপনাদি কার্য্য করিতে লাগিলেন। বিন্দাবলী স্বয়ং সেই দেব মন্দিরে সুগন্ধি তৈল কিম্বা ঘৃতদ্বারা দীপ প্রদান করিতে লাগিলেন। দানববর বলি পণ্ডিত ব্রাহ্মণ-দ্বারা পৌরাণিক ভগবদ্গুণানুকীর্ত্তন গান ও শ্রবণ করিতে লাগি-লেন। ধর্ম্মাত্মা প্রহ্লাদের উপদেশে দানববর বলি এইরূপ ধর্ম্মার্থ সোপানে সংস্থিতি করিলেন। জগৎপতি দেবাদিদেব জনার্দ্দন সেই ধৃতাত্মা বলিকে রক্ষা করিবার জন্য সুতলে অবস্থিতি করিলেন, সূর্য্যসদৃশ উন্নত দীপ্তিমান ভগবানমুরারি মুষল গ্রহণ করিয়া দ্বারে অবস্থানপূর্ব্বক শত্রু সংহার করতঃ অন্যান্য ব্যক্তিকে বলির পুরমধ্যে

প্রাসাদমধ্যে হরিমীশিতার মভ্যর্চ্চয়ামাস সুরর্ষিমুখ্যঃ।
সএকমাস্তেহসুরবাড় বলস্তু সমর্চ্চয়ন্ বৈ হরিপাদপঙ্কজৌ।
সস্মার নিত্যং হরিভাষিতানি সতস্য জাতো বিনয়াঙ্কুশস্তু।
ইদঞ্চ বৃত্তং স পপাঠদৈত্যরাট্ স্মরণ্ সবাক্যানি গুরোঃ শুভানি।
তথানি পথ্যানি পরত্রচেহ পিতামহস্যেন্দ্রসমস্য ধীরঃ।
যে বৃদ্ধাবাক্যানি সমাচরন্তি শ্রুতানুরক্তাণ্যপি পূর্ব্বতস্তু।
দুগ্ধানি পশ্চান্নবনীত শুদ্ধা মোদন্তি তে নাত্র বিচারমস্তি॥

আপদ্ভুজঙ্গদষ্টস্য মন্ত্রহীনস্য সর্ব্বদা।
বৃদ্ধবাক্যৌষধীনূনং কুর্ব্বন্তি কিলনির্বিষং।
বৃদ্ধবাক্যামৃতং পীত্বা তদুক্তং সমনুদৃশ।
যা তৃপ্তি জাতয়তে পুংসাং সোমপানে কৃত স্তথা।
আপজ্জলধিমগ্নানাং বৃদ্ধা ন সন্তি শাস্তবঃ।

অনুবাদ।

প্রবেশে নিবারণ করিতে লাগিলেন। এবং গুণাভিরাম ভগবান নারায়ণ বলির দ্বারে অবস্থিতি করিলেন অনন্তর সুরর্ষি মুখ্য দানববর বলি প্রাসাদ মধ্যে সর্ব্বনিয়ন্তা ভগবানকে ভক্তিভাবে পূজা করিতে লাগিলেন। এইরূপে দানবেন্দ্র বলি হরিপাদ পঙ্কজ পূজা করিয়া নিরন্তর হরিনামামৃত পান করিতে লাগিলেন তাহাতে তাঁহার বিনয়াঙ্কুর জন্মিল এই হরির গুণানুবাদ কীর্ত্তন করিয়া এবং পিতামহের হিতোপদেশ স্মরণ করতঃ ইহকালের ও জন্মান্তরের মঙ্গলের নিমিত্ত ইন্দ্রতুল্য পিতামহের আদিষ্ট কার্য্য সকল করিতে লাগিলেন। যে ব্যক্তি বৃদ্ধজনের স্নিগ্ধ বাক্য শ্রবণপূর্ব্বক সেই রূপ আচরণ করেন সে পশ্চাৎ নবনীতদ্বারা যাদৃশ তৃপ্তি জন্মে তাদৃশ তৃপ্তি লাভ করে। ভুজঙ্গ দংশনে মন্ত্রবিহীন হইয়া আপদ-গ্রস্ত হইলে নিশ্চয় তাহার বৃদ্ধবাক্যরূপ ঔষধিতে বিষক্ষয় হইবেক।

তে শোচ্যা প্রিয়বন্ধূনাং জীবন্তোপি মৃতস্তুল্যাঃ।
আপদগ্রহ গৃহীতানাং বৃদ্ধাঃ সন্তি ন পণ্ডিতাঃ।
তেষাং মোক্ষায় তাবেব তেষাংশান্তি র্ন বিদ্যতে।
আপজ্জলধি মগ্নানাং ক্রিয়তাং ব্যসনে রতিঃ।
বৃদ্ধবাক্যৈর্বিনালোকা নৈবোদ্ধারং লভন্তিবৈ।
তস্মাদ্যোবৃদ্ধবাক্যানাং শৃণুয়াদ্বিদধাতি চ।
সসদ্যঃ সিদ্ধিমাপ্নোতি যথাবৈরোচনির্বলিঃ॥

ইতি শ্রীবামনপুরাণে ত্রিবিক্রমচরিতং
পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়।

সমাপ্তশ্চায়ং গ্রন্থঃ।

অনুবাদ।

বৃদ্ধবাক্যরূপ অমৃত পানে যাদৃশী তৃপ্তি জন্মে সোমরস পান করিলে তাহা জন্মে না, যে ব্যক্তি জলধিমগ্ন হইয়া আপদগ্রস্ত হয় এবং যদি তাহাদিগের মধ্যে বৃদ্ধ না থাকে তবে তাহারা বান্ধবগণের শোচনীয় মাত্র হন, তাহারা জীবিত থাকিলে মৃত সদৃশ হয়। বিপদ-গ্রস্ত মানবগণের নিকট যদি বৃদ্ধ পণ্ডিত নাথাকে তবে তাহারা সে বিপদ হইতে কখনই পরিত্রাণ হইতে পারে না। জলধিমগ্ন মানবগণের বিপদ ব্যসনে প্রবৃত্তি জন্মায় কিন্তু বৃদ্ধবাক্য ব্যতীত সেই বিপদ হইতে উদ্ধার হইতে পারে না। অতএব যে ব্যক্তি বৃদ্ধের বাক্য শ্রবণ ও বাক্যানুযায়ী কার্য্য করে সে অবশ্যই অবিলম্বে বিরোচনাত্মজ বলির ন্যায় সিদ্ধ মনোরথ হয়।

ইতি বামনপুরাণে ত্রিবিক্রমচরিত নামক পঞ্চপঞ্চাশৎ
অধ্যায় সমাপ্ত।

গ্রন্থঃ সম্পূর্ণঃ।

Babu.

Annada prasad Bagchi —

13. Shikdar bagan Street.

— Calcutta.

24/5-/1903